Then, Sir, a great deal of misgivings and bitterness of feeling has been caused about the Iron Curtain which seems to have been drawn over the activities and the composition of this corporation. Normally in a House which has a Congress majority it is the duty of the Chief Minister to bring forward a Bill in which the majority of the members will be satisfied that they can exercise reasonable control over the activities of this new body, but, Sir, even the members of the majority party have not been taken into confidence about essential items—constitution of the corporation, the personnel, the experience of the people who will run such an important undertaking, and the business ability which they are expected to display. Sir, the names ought to have been there or at any rate the qualifications of the persons who ought to form the corporation—the Chairman and the members thereof. These ought not to have been left to the rule-making power of the Government. Sir, I fail to see why in such an obvious matter where taking the Assembly into confidence would have conciliated opposition and would have dispelled misgivings, the Chief Minister should have persevered in this course of drawing the Iron Curtain upon the composition and the functions of the corporation and the board.

Then, Sir, the next question relates to the provisions for audit and financial check. Sir, we have been told as a belated measure of amendment that the financial transactions of this corporation would be laid before the Assembly. I do not know whether laying before the Assembly also carries with it the right on the part of the Assembly to debate upon it. I think if any member gives a notice that he wants to discuss the financial estimates of the corporation placed before the House, then I think it is the duty of the Speaker to allow a discussion of the proceedings and of the financial estimates. So if that point is clarified, then one of the objections should be withdrawn that the Assembly will have an effective voice in debating upon the financial transactions of the corporation and in exercising such amount of check upon it as may be feasible and reasonable.

Sir, the question of audit has raised other misgivings. Sir, we know that Government departments which work under some severe limitations of rules sometimes are guilty of technical breaches and sometimes

breaches of more or less serious character. As members of the Public Accounts Committee we have come across various instances of violation, either minor or major, on the part of the Government departments about the rules of procedure which have got to be followed in cases of all financial transactions. Sir, if such is the case even in Government departments which are severely regulated, severely controlled, which are subject to strict rules of procedure, check and supervision at every turn, I do not think, Sir, that it would be wise not to appoint an auditor in whom the public of the State will have full confidence. A Government-appointed auditor may not carry the same amount of confidence, may not dispel suspicion and misgiving to the same extent as the Accountant-General. I am told the name of the Auditor-General cannot be mentioned, because of the fact that the undertakings relate to the State Government and are not a part of the duties of the Central Legislature, but I think the Auditor-General exercises a general control even over the finances of the State not merely in those cases where the finances are supplemented by the grant of money from the Centre, but where the State spends its own income, the expenditure is subject to the general control of the Auditor-General. So I do not think that law would have stood in the way of the mention of the Auditor-General as the person competent to exercise financial check and control upon the operation of the corporation.

[5-45—5-55 p.m.]

These are very grave doubts that cloud in our mind the brightness of the prospect which the Bill is expected to usher in. Here is a Bill which is introduced in the teeth of opposition, which is a Bill of an unprecedented character, a Bill which sets up a semi-autonomous corporation entrusted with functions which are analogous to the functions of the State; and yet we are left in the dark, we are left to guess wildly about the capital, the share capital, about the composition of the board and of the committee of the corporation, about the exact agency of the financial check which has to be imposed upon its activities and upon the total value of its financial actions. Guaranteed profit and guaranteed interest add further to the confusion of the scene. We do not know of any trade where dividends can be glibly guaranteed. Trade and commerce are risky business; there is an element of speculation, an element of uncertainty about all trades and commerce even of the most reasonable kind But here we are placed in a very curious position that whatever the nature of the trade, whatever the nature of the uncertainty, whatever the speculative character of the operation, the profits are to be guaranteed and interests to the shareholders are also to be guaranteed. We do not know whether we possess Alladin's Lamp by which we can convert a losing concern into a gaining concern. At any rate such tremendous risks ought not to have been taken in a matter of such magnitude.

Sir, the Bill is soon going to be placed on the statute book, and after the Bill is passed we have all to co-operate to make it a success. But I would again appeal to the Chief Minister and to the members on the Congress benches to realise that public opinion is decidedly against this Bill. Public opinion is deeply perturbed because of the element of uncertainty contained in the Bill and I suggest that in the practical implementation of the Bill as much of the public misgivings, as much of the public confusion may be remedied as is possible.

**Sj. Subodh Banerjee:**

মিঃ স্পীকার, স্যার, ওয়েষ্ট বেঙ্গল ডেভেলপমেণ্ট কর্পোরেশন বিল গোড়া থেকেই আমরা বাধা দিয়ে আসছি। সংখ্যাগরিষ্ঠতার জোরে সরকার পক্ষীয়রা সেই বিলকে আইনে পরিণত করলেন, কিন্তু আমরা মনে করি যে এই

বিল কার্য্যকরী হলেও বাংলাদেশের উপকার তার মধ্যে দিয়ে কিছুই হবে না, হতেও পারে না। প্রথম কথা ওয়েষ্ট বেঙ্গল ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন এই নামটা একটা "মিসনোমার"—ভুল নাম। যদি একটা ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন প্রতিষ্ঠা করাই এই আইনের উদ্দেশ্য হয়ে থাকে তাহলে এই বিলের নাম ঠিক হয়েছে। কিন্তু সেই কর্পোরেশন বাংলাদেশের ডেভেলপ্‌মেণ্ট—উন্নয়ন করতে পারবে কিনা এটা যদি বিবেচনা করা হয় তাহলে বলবে এই কর্পোরেশন তা করতে পারবে না, এবং সেই দিক থেকে এই ডেভেলপ্‌মেণ্ট উন্নয়ন কথাটা "মিসনোমার"—ভুয়া নাম। উন্নয়নের কথা বলতে গেলে বোঝা দরকার আজ বাংলাদেশের সমস্যা কি এবং সেই সমস্যা দূর করতে হলে কোন্ পথ ধরা দরকার। পশ্চিমবাংলার অর্থনীতির দিকে তাকালে দেখতে পাবো, সারা বিশ্বের পুঁজীবাদী দেশে যে অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে বাংলাদেশে তার ধাক্কা চূড়ান্ত ভাবে লেগেছে, ফলে ছোট খাট শিল্প বাণিজ্য লালবাতি জ্বেলে উঠে যাচ্ছে এবং তার পরিণতি হিসাবে বেকারের সংখ্যা বেড়ে চলেছে। তাছাড়া তার সাথে সাথে শ্রমিক বিরোধী শ্রম-নীতি সরকার পক্ষ থেকে চলেছে। র‍্যাশনালাইজেশন-এর নাম করে সর্বত্র ছাঁটাই চলেছে। ফলে কাজের অভাবে অসংখ্য লোক বেকারত্ব প্রাপ্ত হচ্ছে। বাংলার উন্নয়ন করতে হলে এই কর্মহীন জনসম্পদকে ফলপ্রসূ কাজে লাগাতে হবে। বাংলাদেশে প্রাকৃতিক সম্পদের অভাব নেই, জনশক্তিরও অভাব নেই। অভাব হল সঠিক পরিকল্পনার যার মাধ্যমে বাংলাদেশের জনসম্পদ ও তার প্রাকৃতিক সম্পদকে সুষ্ঠুভাবে গিয়ার আপ অর্থাৎ সংযোগ করা যায় যার দ্বারা ব্যক্তিগত আয় সর্বোত্তম এবং জাতীয় আয় সর্বোচ্চ হয়। এ যদি করা না যায় তাহলে কোন দিক দিয়েই বাংলাদেশের উন্নতি হতে পারে না। এই বিলের মধ্যে সেসব কিছুই ভাবা হয় নি, ডেভেলপ্‌মেণ্ট স্কিম উন্নয়ন পরিকল্পনা বলতে যা বোঝায় তা এই বিলের মধ্যে নেই। অবশ্য এটা ঠিক যে, এই বিলে কতকগুলি পরিকল্পনা গৃহীত হয়েছে, যেগুলি পশ্চিমবাংলা সরকারের উন্নয়ন বিভাগের অন্তর্ভুক্ত। আমরা জানি এই সমস্ত পরিকল্পনা নিয়ে কাজ করার জন্য সরকারের একটা বিভাগ আছে সুতরাং সেই কাজগুলিই যদি ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন করে তাহলে সরকারের এই বিভাগের কি কাজ থাকবে তা আমরা বুঝতে পারলাম না।

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী যে কাজ সরকারের করণীয়, দেখা যাচ্ছে ঘুরিয়ে ফিরিয়ে এই ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন-এর করণীয় কাজের মধ্যেই সেগুলিকে ঢুকিয়ে দেওয়া হয়েছে। আমাদের দেশের উন্নয়ন যদি কর্পোরেশন-কে দিয়েই করান হয়, তাহলে গভর্ণমেণ্টের অধীনে একজন ডেভেলপ্‌মেণ্ট কমিশনার, যিনি খুব উপযুক্ত ব্যক্তি বলে নাম করেছেন শোনা যায়, তাঁকে বহাল রাখবার কি যুক্তি থাকতে পারে তা আমি বুঝি না। এর একটা কারণ হতে পারে কিছু টাকা ওড়ান গরীব বাঙ্গালীর। ডাঃ রায়ের দুর্ণাম আছে যে, তিনি সাধারণের টাকাকে টাকা বলেই জ্ঞান করেন না, পরের টাকা কি না! এটা আমার কথা নয়, এটা কংগ্রেসেরই বক্তব্য। এই সেদিন দেখেছি কেন্দ্রীয় সরকারের অর্থ দপ্তর থেকে সংবাদ বেরিয়েছে যে স্বয়ং দেশমুখের মত প্রতিক্রিয়াশীল লোকও ডাঃ রায়ের পরিকল্পনাকে উদ্ভট বলতে বাধ্য হন এবং তিনি এই সমস্ত বাজে রিয়্যাক্‌শেনারি স্কিম-এর কাজে টাকা ওড়াতে দিতে রাজী নন বলে জানিয়েছেন।

(Question from the Government benches)

এ কথা সকলেই জানেন এবং ডাঃ রায় তিনি নিজেও স্বীকার করবেন। এই কারণে তিনি একদিন আপশোষ করে বলেছিলেন যে, এই রকম করে যদি কেন্দ্রীয় সরকার বলে তাহলে কি করে কাজ করা যায়। ডাঃ রায় তাঁর নীতি হিসাবে সেদিন বলেছিলেন যে, পশ্চিম বাংলার জনসাধারণের মধ্যে টাকা ছড়িয়ে দাও তাহলে তাদের পারচেজিং পাওয়ার—ক্রয় ক্ষমতা বেড়ে যাবে। তাঁর একটা থিওরি আছে। তাহল

"Pump the money in"—

টাকা ছড়াও। তার দ্বারা তিনি মনে করেন জনসাধারণের ক্রয় ক্ষমতা বেড়ে যাবে এবং আমাদের দেশের শিল্প হুড় হুড় করে বেড়ে যাবে। এ নীতি ভুল কারণ টাকা যদি প্রোডাক্‌টিভ পারপজ-এ নিয়োজিত না হয় তাহলে শিল্প গড়ে উঠতে পারে না; ক্যাপিটাল ফর্মেশন পুঁজির গঠণ হতে পারে না। তাই "টাকা ছড়াও" নীতি টাকা ওড়ানর পরিকল্পনা ছাড়া আর কিছুই নয় এবং এই ধরণের টাকা ওড়ানর পরিকল্পনা কোন দিন কোন কাজে লাগতে পারে না। ডাঃ রায়ের ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন বিল আনবার আর একটি উদ্দেশ্য তাহলে হচ্ছে প্ল্যানিং কমিশন-ও যে পরিকল্পনাগুলিকে খারাপ বলেছেন কমিশনকে পাশ কাটিয়ে সেই পরিকল্পনাগুলিতে টাকা ওড়ান। অডিটার জেনেরাল ডাঃ রায়ের বে-হিসাবী, খেয়াল, খুসীমত টাকা নষ্ট করার তীব্র সমালোচনা করেছেন। এই ধরণের সমালোচনা থেকে মুক্তি পাবার জন্য ডাঃ রায় এই কর্পোরেশন গঠন করছেন এবং তার মাধ্যমে তাঁর নিজের পেটোয়া লোক দিয়ে, পরিকল্পনাহীন বলবো না, শয়তানী পরিকল্পনা অনুযায়ী কাজ করবেন। এই কর্পোরেশন সে উদ্দেশ্যেও গঠিত হয়েছে।

আমি শুনেছি ডাঃ রায় যে পরিকল্পনাগুলি গ্রহণ করেছেন তার কন্‌টিনুয়িটি রক্ষা করার জন্যই এই রকম একটা প্রতিষ্ঠানের প্রয়োজন হয়েছে। তিনি মনে করেন যদি তিনি ক্ষমতায় অধিষ্ঠিত না থাকেন তাহলে তখন তিনি যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করেছেন সেগুলি যাতে বানচাল হয়ে না যায়, তারজন্য এই রকম একটা প্রতিষ্ঠানএর দরকার, এবং তার জন্য কর্পোরেশনের হাতে ক্ষমতা দেওয়া হচ্ছে। কিন্তু, এ জিনিষ জনসাধারণ লোকে চায় না। তাদের ঘাড়ের উপর জোর করে কতকগুলি ক্ষতিকর জিনিষ চাপিয়ে দেওয়া হচ্ছে। এই ভাবে এই ধরণের কর্পোরেশন গঠণ করা অত্যন্ত নিন্দনীয়। তাছাড়াও আমরা আর কি দেখছি? এই আইনের মধ্যে উন্নয়ন পরিকল্পনার কি কি বিষয় আছে? যদি তাকিয়ে দেখেন তাহলে দেখবেন তাঁরা জমি রিক্লামেশন থেকে আরম্ভ করে জমির ইম্প্রুভমেণ্ট, হাউজিং স্কিম প্রভৃতি কিছু কিছু করবেন। কিন্তু এগুলি করবার জন্য গভর্ণমেণ্টের ত একটা বিভাগ আছে। কি প্রয়োজন হল এই ধরণের সমস্ত কাজ একটা কর্পোরেশন-এর হাতে দেওয়া? ওয়াটার-সাপ্লাই পাব্লিক হেল্থ বিভাগের কাজ। তাকেও কর্পোরেশনের হাতে দেওয়া হয়েছে।

[5-55—6-5 p.m.]

তাহলে কি ডাঃ রায় বলেন যে, সরকারের যেসব দপ্তর এত দিন এসব কাজ করে আসছিল তারা এসব কাজ ভালভাবে করতে পারছে না? যদি করতে পারে তাহলে কেন তাদের হাত থেকে এ কাজ ছাড়িয়ে নেওয়া হয়? পরিকল্পনার সব চেয়ে বড় কাজ হল সিউয়েজ গ্যাস তৈরী করা। কিন্তু কে এই গ্যাস ব্যবহার করবে? এই গ্যাস কত পরিমাণ ব্যবহৃত হবে তার হিসাব নেওয়া হয়েছে? কোটি কোটি টাকা খরচ করে গ্যাস শিল্প তৈরী হল কিন্তু সেই গ্যাস ব্যবহার করার মত বাজার যদি দেশে না থাকে তাহলে সে জিনিষ তৈরী করার প্রয়োজন নাই। বাংলাদেশের যদি সত্যিকারের উন্নতি করতে হয় তাহলে গোড়ার দৃষ্টিভঙ্গী বদ্‌লাতে হবে; দেশকে শিল্পোন্নত করতে হবে। শিল্পোন্নত করার জন্য মূল শিল্পের উন্নতি ও প্রতিষ্ঠা করতে হবে। তার সঙ্গে ছোটখাট ব্যবসা যতগুলো বেঁচে আছে তাদের সাহায্য দেবার জন্য ইন্‌ডাষ্ট্রীয়াল ব্যাঙ্ক প্রভৃতির সাহায্য দেওয়া দরকার। কিন্তু এদিক থেকে এই বিলের মধ্যে কিছুই নাই এক ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন নামে একটা প্রতিষ্ঠান গঠণ ছাড়া। কাজেই এই ধরণের বিল কার্য্যকরী হ'লে এই বাংলাদেশের উন্নতি হবে না। আর কর্পোরেশনও কতখানি কার্য্যকরী হবে তাতেও আমাদের সন্দেহ আছে। আমি মনে করি অন্যান্য সেমি অটোনোমাস্ প্রতিষ্ঠানের যা দশা হয়েছে এরও সেই দশা হবে, মাঝ থেকে গরীব বাংলাদেশের কোটি কোটি টাকা নষ্ট হবে।

**Sj. Koustuv Kanti Karan:**

মাননীয় স্পীকার মহাশয়, নানা উত্তাপ ও উত্তেজনার মধ্যদিয়ে এই ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন বিল শেষ পর্য্যায়ে উপনীত হয়েছে। আমাদের বন্ধু যাঁরা এই বিলের প্রধান বিরোধী তাঁদের যুক্তি এক ধারার। প্রধান ধারা হ'ল যে যদি সরকারী বিভাগ থেকে থাকে তবে ডেভেলপমেণ্ট কর্পোরেশন এর প্রয়োজন কি? দ্বিতীয় কথা হ'ল এই যে তাহলে সরকারী বিভাগ সমস্ত তুলে দেওয়া হবে। এই বিলের অব্‌জেক্টস্ এ্যাণ্ড রিজ্‌নস্‌-এ পরিষ্কার বলা আছে যে

"such a body which will be free from the normal routine and procedure of departmental administration."

কাজেই দৈনন্দিন সরকারী কাজের যে বাঁধাধরা নিয়ম আছে সেই বাঁধাধরা নিয়ম থেকে মুক্ত হয়ে আমাদের ইউনিয়নের পরিকল্পনাগুলো কার্য্যকরী এবং ত্বরান্বিত করবার পথে যাতে আমরা অগ্রসর হতে পারি আমাদের অভিজ্ঞতা থেকে, এবং শুধু আমাদের অভিজ্ঞতা নয় অন্যান্য সমস্ত দেশেও যে নীতি গ্রহণ করেছে সেই নীতি থেকে এবং আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে প্ল্যানিং-এর রিপোর্ট দেখেছি তাতেও একথা আছে যে এইসব কাজকে ত্বরান্বিত করতে হ'লে আমাদের এই কর্পোরেশনের মধ্যদিয়ে করতে হবে। দৈনন্দিন সরকারী বাঁধাধরা নিয়মের মধ্যদিয়ে আমাদের যেতে হবে না। সেদিক দিয়ে লক্ষ্য করলে আমরা মনে করি যে ডেভেলপমেণ্ট কর্পোরেশন বিলের এখন প্রয়োজন এবং আমাদের সমস্ত কার্য্য ত্বরান্বিত করবার জন্য এই কর্পোরেশন আমরা করতে চাই, এবং বর্ত্তমান সময়ে তার বিশেষ প্রয়োজনীয়তাও অনুভব করছি।

এই বিলের বিরুদ্ধে একটা কথা উৎথাপিত হয়েছে যে এতে অডিটর-জেনারেল দিয়ে অডিট্ করবার কোন বিধান নাই; আর একটা কথা বলা হয়েছে যে আমাদের আইনসভার সভ্যেরা এর প্রত্যেকটা ব্যয় বরাদ্দের উপর কোন আলোচনা করতে পারবেন না। এ সম্বন্ধে বলতে চাই আমাদের যে দামোদর ভ্যালি কর্পোরেশন হয়েছে, সেই দামোদর ভ্যালি কর্পোরেশনের দিকে যদি চাই তাহলে দেখি যে দ্রুতগতিতে তার কাজ এগিয়ে চলেছে।

যেভাবে সাফল্যের সঙ্গে তার কাজ কর্ম্ম চলেছে তাতে আমাদের অভিজ্ঞতা থেকে বলতে পারি যে এই কর্পোরেশনের মাধ্যমে যদি আমরা আমাদের পরিকল্পনাগুলি রূপায়িত করতে চাই তাহলে এগুলোকে আরও সুষ্ঠু এবং শীঘ্র করতে পারব। তার পরে সরকার পক্ষ থেকে যে সব সংশোধন প্রস্তাব করা হয়েছে তাতে মৌলিক পরিবর্ত্তন করা হয়েছে। এই বিলে য়্যানুয়েল রিপোর্ট ও অডিটর রিপোর্ট কেন, বাজেট ও উপস্থাপিত করবার ব্যবস্থা হয়েছে, এবং ডিভিডেণ্ড ও ইন্টারেষ্টের সর্বোচ্চ হার নির্ধারণ করা হয়েছে। তাছাড়া যদি কখন কর্পোরেশনকে তুলে দেওয়া হয় তার যে এসেট্ থাকবে সেগুলো সমস্তই গভর্ণমেণ্ট ভোগ করবে এ কথাও বলা আছে। কাজেই এই সব মৌলিক পরিবর্ত্তনের ফলে বিলের বিরুদ্ধে যে সব কথা বলার অবকাশ ছিল সে অবকাশ দূর হ'ল। অধিকাংশেরই সমাধান করা হয়েছে। বন্ধুবর সুবোধ বাবু অধিকাংশ শোনা কথাই বলেছেন। আইনের ছাত্র হিসাবে বলি যে শোনা কথা সম্পূর্ণ অগ্রাহ্য করতে হয়; তাই সুবোধ বাবুর বক্তৃতার জবাব দেওয়া আমি আদৌ প্রয়োজন মনে করি না। যাঁরা বলেছেন এই বিলে ধনিকদের সুবিধা দেওয়া হচ্ছে আমি তাঁদের বলি যে যদি আমাদের এই রাজ্যের আর্থিক সঙ্গতির দিকে আমরা লক্ষ্য করি তাহলে দেখতে পাই যে আমাদের বর্ত্তমানে যে আর্থিক সঙ্গতি আছে তাতে আমরা সমূহ পরিকল্পনা সরকারী অর্থের উপর নির্ভর কোরে কার্য্যকরী করে তুলতে পারব না। গত কল্য আমাদের সামনে যেসব পরিবর্ত্তন উপস্থাপিত করা হয়েছে তাতে দেখেছি অতি সত্বর রাজ্যের উন্নতি করবার জন্য অনুরোধ আছে এবং বিশেষ কোরে দুর্গাপুরের কাজ ত্বরান্বিত করতে বলা হয়েছে। সেই শিল্পোন্নতি করবার জন্য এবং দুর্গাপুরের উন্নতির জন্য সে সব কাজ রূপায়িত করবার জন্য আজ এই কর্পোরেশন সৃষ্টি করতে চাই, এবং এ দেশের সকলেই জানেন যে দুর্গাপুরকে প্রধান শিল্প কেন্দ্র কোরে তোলায় আমাদের প্রধান মন্ত্রীমহাশয়ের আগ্রহ কত বেশী। আমি বলব যদি সেই জিনিসটা ত্বরান্বিত করতে হয় তাহলে এই ডেভেলপমেণ্ট কর্পোরেশনের আমাদের বিশেষ প্রয়োজন। যাঁরা বলেছেন পুঁজিপতিদের প্রশ্রয় দেবার জন্য এটা খোলা হচ্ছে সেটা তাঁদের চিরন্তন বুলি এবং সে বুলির জবাব দেবার কোন প্রয়োজন নাই। কিন্তু যাঁরা এই বিলকে ব্যবসায়ের চক্ষে দেখেন অর্থাৎ কর্পোরেশনের হাতে যে সব জিনিষ যাবে উন্নয়ন পরিকল্পনা কার্য্যকরী করবার জন্য, তাতে সম্পূর্ণ লাভ যাদের হাতে আসবে তাঁদের বলব যে তাঁরা এই বিলের মর্ম্ম উপলব্ধি ক'রে দেখুন যে ব্যবসাদারের লক্ষ্য লাভ, আর সেটা আমাদের হাতেই আসবে, আর সেইজন্য এই বিলের নাম হয়েছে ডেভেলপমেণ্ট কর্পোরেশন বিল, সেই জন্য এটা ব্যবসাদারের কর্পোরেশন যে সম্পূর্ণভাবে নয় একথা পরিষ্কার ভাবেই বলা হয়েছে। যাঁরা এইটুকু উপলব্ধি করতে না পারেন তাঁদের ব'লব তাঁরা এই বিল বোঝবার চেষ্টা করেন নি। একথা বলা হয়েছে যে ডিভিডেণ্ড বা ইন্টারেষ্ট গ্যারান্টিড্ কেন? সেটা এজন্য যে যদি বেসরকারী প্রতিষ্ঠান বা ব্যক্তির কাছ থেকে আমাদের আর্থিক সঙ্গতি বাড়িয়ে কর্পোরেশনকে কার্য্যকরী করবার জন্য তার মূলধন স্ফীত করতে হয় তাহলে সেই গ্যারাণ্টী না দিলে অর্থ পেতে পারব না। তাছাড়া আমরা এই বিলে মৌলিক পরিবর্ত্তন করেছি যে শতকরা অন্ততঃ ৫১ ভাগ শেয়ার গভর্ণমেণ্টের থাকবে। কাজেই যে দিক দিয়েই দেখি যদি আমরা উন্নয়ন পরিকল্পনা সত্যই কার্য্যকরী করতে চাই এবং অভিজ্ঞতা সঞ্চয় কোরে তা থেকে শিক্ষালাভ করতে চাই, যদি স্বাধীনতার পরে আমাদের সর্বপ্রকার উন্নতি অব্যাহত রাখতে চাই তাহলে এই ডেভেলপমেণ্ট কর্পোরেশন বিলের আমাদের প্রয়োজন আছে এবং তার দ্বারাই আমরা আমাদের দেশকে আর্থিক সঙ্গতি এবং সর্বাঙ্গীন উন্নতির পথে অগ্রসর করতে পারব।

[6-5—6-15 p.m.]

**Dr. Narayan Chandra Ray:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা ডেভেলপমেণ্ট কর্পোরেশন বিল-এ কেন বাধা দিচ্ছি তা পূর্ববর্ত্তী বক্তা দু-একটি কথায় বোঝাতে পারেননি বলে মনে হল। তাই সেই কথাটা আর একবার আমি বলতে চাই। এই বিল প্রথম পড়ে ওঁর যে ভুল হয়েছে সেই ভুল আমাদেরও প্রথমে হয়েছিল। আমরা কাগজের উপর ডেভেলপমেণ্ট কথাটা দেখেছিলাম। আমাদের দেশে ডেভেলপমেণ্ট-এর প্রয়োজন আছে তাই তখন যা ভেবেছিলাম বিলটা আসলে দেখলাম তা নয়। প্রথমে লেখা হয়েছে ডেভেলপমেণ্ট কর্পোরেশন বিল এবং এই আইনের একটা সেক্সন-এ বলা হয়েছে "টু রান অন বিজনেস্ লাইন" -এই কথাটা বলেছেন—এই কথাটা যখন আছে তখন কেমন করে এটাকে বলি ডেভেলপমেণ্ট বিল। ডেভেলপমেণ্ট-এর কথা আমরা ১০০ বছর ধরে শুনে আসছি। ইংরেজ সাম্রাজ্যবাদীরা, আমেরিকানরা যখন অনুন্নত দেশের ডেভেলপমেণ্ট করতে যেত তার যে চিত্র সেটা আমাদের চোখের সামনে থেকে মুছে যায়নি। যেমন আফ্রিকার ডেভেলপমেণ্ট দেখতে পাচ্ছি। কাজেই ডেভেলপমেণ্ট কথাটা থাকলেই কি সত্যিকার ডেভেলপমেণ্ট হয়, না হচ্ছে; ডেভেলপমেণ্ট বলতে গেলে একটা দেশের দ্রব্য সম্পদের কথা থাকে, খনির কথা থাকে, জল ও বিদ্যুতের কথা থাকে এছাড়া আর একটা সম্পদ আছে সেটাকে সম্পদ বলে মনে হয়না

সেটা হচ্ছে মানুষ—সব সম্পদের চেয়ে বড় সম্পদ। আগের দিনে সাম্রাজ্যবাদীরা ডেভেলপ্‌মেণ্ট বলতে যা যা মনে করতেন এর ভিতরেও ঠিক তাই তাই লেখা আছে। নূতন যুগের নূতন ভাবে নূতন পৃথিবীর অন্য রকম ডেভেলপ্‌মেণ্ট দেখতে পাচ্ছি সেখানে ডেভেলপ্‌মেণ্ট বলতে বড় করে দেখা হচ্ছে মানুষকে। (লাফটার) হাসির কথা নয়। ডেভেলপ্‌মেণ্ট-এর যে প্রকৃত জিনিষ সেটা এই বিলে আছে কিনা সেটাই দেখতে হবে। এই ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন-এ কারবারীদের লাভ আছে বটে কিন্তু সাধারণ মানুষের লাভ কোথায়? এই লাভ কাদের হবে আমার বন্ধুরা পূর্বে তা বলে গিয়েছেন। কেমন করে তারা লভ্যাংশ নেবে তাও বলে গিয়েছেন। কিন্তু একটা দরকারী কথা সেটা মুখ্য মন্ত্রীমহাশয় দুবারেই এড়িয়ে গিয়েছেন সেটা আর একবার তুলছি। প্রথম অডিট-এর কথা—অডিট-এর কথা বলবার সময় সংশোধনী প্রস্তাবের উত্তরে মুখ্য মন্ত্রীমহাশয় বলেছিলেন অডিট-এর কথা থাকলে এভিডেন্স কল করতে পারা যায়; একথাতো সকলেই জানে। আমি মনে করিনা যে মুখ্য মন্ত্রীমহাশয় এক রকম ভাবছেন আর স্বায়ত্তশাসন মন্ত্রী আর এক রকম ভাবছেন; আমি মনে করি এক জায়গা থেকেই চিন্তা আসছে। দুটো দৃষ্টিভঙ্গী আছে বলেতো মনে করিনা। এরা মিউনিসিপ্যালিটি বিল, এত বড় একটা প্রকাণ্ড বিল করতে যাচ্ছেন, আমরা জানতে চাই সেখানে অডিট-এর কথা এত স্পষ্ট করে লেখা হচ্ছে কেন? সরকার কি তবে অবিশ্বাস করছেন? সেখানে সরকারকে মোকাবিলা করতে হচ্ছে সাধারণের নির্বাচিত প্রতিনিধিদের, সেজন্য তাতে অডিট-এর কথা থাকলেও আবার নূতন করে লেখা হবে কত পার্সেণ্ট ফেরৎ দিতে হবে তাও পর্যান্ত লেখা আছে। আর এখানে ইলেক্টেড কি সিলেক্টেড না কি সরকারের জানা লোক যাবে তাই অডিট-এর কথা এত করে লেখার দরকার নাই। তাই আমাদের মুখ্যমন্ত্রী যে শান্তির বাণী, স্বস্তির বাণী শুনিয়েছেন তাতেতো আমরা বিশ্বাস রাখতে পাচ্ছি না। এই মিউনিসিপ্যালিটিতে সাধারণ মানুষের প্রতিনিধির উপর বিশ্বাস না রাখতে পারলে বাইরে থেকে যাঁরা আসবেন তাদের কেমন করে বিশ্বাস করবো? নির্বাচিত সাধারণ মানুষকে রাস্তাঘাটে ধরা যায় দরকার হলে চোখের আড়ালে অন্ধকারে খানায় ফেলে দুধা দিয়ে দিতে পারে শাস্তি হিসাবে কিন্তু হোমরা চোমরা যাদের নিয়ে ডেভেলপ্‌মেণ্ট করবেন সেই সমস্ত লোককেতো সাধারণ মানুষ নাগালই পাবে না? তাই আমরা চেয়েছিলাম মিউনিসিপ্যালিটি বিলের বেলায় যেমন করে অডিট-এর কথা বিবেচনা করেছিলেন তেমন করে এখানেও করুন।

এখানে আর একটা প্রশ্ন উঠেছে। আমার আগেকার বক্তা বলে গিয়েছেন যে মিনিষ্টার-এর কাজ কিছু হাল্কা করা অর্থাৎ কঠিন কাজের বাইরে ডেভেলপ্‌মেণ্ট-কে ফেলে দেওয়া—এজন্যই নাকি এটা দরকার। এখানে সেই পুরাণো সন্দেহ আবার উঠেছে। মন্ত্রীর হাতে যদি এই ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন দেওয়া হয় তাহলে তাঁকে মন্ত্রী হিসাবে এখানে জবাবদিহী করতে হয়। কিন্তু তা যদি না করা হয়, স্ক্রুটিনীর বাইরে যদি এই কর্পোরেশন-কে রাখা হয়, বিচারের বাইরে যদি একে রাখা হয় তাহলে যা খুসী তাই করবার অধিকার থাকে। এরা ভাবছেন বড় আলোচনা, সমালোচনা বহুন—রাস্তায় সকলের সামনে দিয়ে চলতে গেলে দেরী হয় কিন্তু আমি বলবো অসুবিধা হয়। তাই সাধারণ মানুষের চোখকে যাতে এড়িয়ে চলা যায় তারই পথ করা হচ্ছে। এতে মনে হয়না ডেভেলপ্‌মেণ্ট কিছু এগিয়ে যাবে। সাধারণের প্রতিনিধি এই বিধানসভা কোন কিছু যে নজর রাখবে সেটা গেল আজ হাতের বাইরে। ডি, ভি, সি-র মত সত্যিকার যেসব ডেভেলপ্‌মেণ্ট তা আমরা চাই। জ্যোতিবাবুও একথা বলেছেন সারা বাংলাদেশে এমন কে আছে যে দেশের উন্নতি হোক ডেভেলপ্‌মেণ্ট হোক এটা চায়না? কিন্তু ডেভেলপ্‌মেণ্ট বলতে যদি দুরকমের ভাষা হয় দুরকম অর্থ হয় তাহলে আমি বলবো আমি কোন পার্টি-র কথা বলছিনা যাতে সাধারণ মানুষের কোন উন্নতি হয়না—মাইক্রসকপিক উন্নতি উন্নতিই নয় সেরকম ডেভেলপ্‌মেণ্ট আমরা চাইনা। তাই ডি ভি সি এবং দুর্গাপুর স্কিম সেদিনই পূর্ণ সমর্থন করবো যখন বুঝবো যে এতে সাধারণ মানুষের সত্যিকার উন্নতি হচ্ছে।

আর একটা কথা আমার পূর্ববর্ত্তী বক্তা রণেনবাবু বলে গিয়েছেন যে, যে ডেভেলপ্‌মেণ্ট করতে যাচ্ছেন তাতে সত্যিকার কোন ডেভেলপ্‌মেণ্ট হচ্ছে কিনা সে সম্বন্ধে সাধারণের যদি বক্তব্য না থাকে, বিজনেস প্রফিট এণ্ড ডিভিডেণ্ড সম্বন্ধে যদি বিধান সভার নজর না থাকে সাধারণের চোখকে এড়িয়ে যাবার যদি চেষ্টা হয় এবং যা খুসী তাই চলতে থাকে তাহলে সাধারণের অভিশাপ এই মন্ত্রীসভার উপর পড়বেই পড়বে। সারা বাংলাদেশের টাকা নিয়ে এই যে ডেভেলপ্‌মেণ্ট স্কিম করা হচ্ছে এই বিধান সভা উপলব্ধি করতে পাচ্ছে না বাংলাদেশ এবং তথা ভবিষ্যৎ বংশধরদের কতটা উন্নতি হবে; তাই বলি এখনও সময় আছে ইচ্ছা করলে এটাকে স্থগিত রাখতে পারেন।

[6-15—6-25 p.m..]

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

মাননীয় স্পীকার মহোদয়, এই বিল সম্পর্কে ইতিপূর্বে বহু আলোচনা করা হয়েছে। এই আলোচনার পরে এই ধারণা আমাদের মনে বদ্ধমূল হয়েছে যে অরাজকতা রাজ যারা বাংলাদেশে আজ চলছে। বাংলায় একটা কথা আছে "এলোমেলো করে দে মা লুটেপুটে খাই"। এই যে বিলটা এতে আমাদের দেশের যা কিছু সম্পদ তাকে এলোমেলো করে লুটেপুটে খাবার জন্য এই ওয়েষ্ট বেঙ্গল ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন বিল আনা হয়েছে। আগেই বলেছি এই বিল আনবার পিছনে এদের কোন কিছু নেই, এর পিছনে আছে যাদের কথাতে এরা চলেন তাদেরই কর্তৃত্ব। এখানে দলিল দিয়ে দেখিয়েছিলাম যে কোলোম্বো প্ল্যান-এর প্রভাবেই এটা এসেছে। পাঁচশালা যে পরিকল্পনা তাও এই কোলোম্বো প্ল্যান-এর মধ্যে রয়েছে। যুদ্ধের জন্য সাম্রাজ্যবাদীরা যে চেষ্টা করছে তারই একটা অংশ হিসাবে এই দেশকে নিয়ে যাবার জন্য এই সমস্ত বিল আনবার প্রয়োজনীতা রয়েছে। সেদিক থেকে আমাদের বক্তব্য হচ্ছে যে আমরা যখন এই বিলটা পেলাম সেখানে দেখতে পেলাম প্রধান মন্ত্রী মহাশয় বিজনেস করবার জন্যে, ব্যবসা করবার জন্য এই বিলের প্রয়োজনীতা আছে দেখাচ্ছেন। তিনি এমন সব ব্যবসা করতে চান যা এক এক করে বলব। ব্যবসায়ের জন্য নির্দ্দিষ্ট হচ্ছে তার মধ্যে আছে ম্যানুফ্যাক্‌চার অফ সল্ট। যে লবণ তৈরী করবার জন্যে ভারতের মানুষ গান্ধীজীর নেতৃত্বে ব্রিটিশ সাম্রাজ্যবাদের সঙ্গে লড়েছিল, যে ব্যবসায়ের মাধ্যমে তারা তাদের জীবিকা অর্জ্জন করেছিল আজ কংগ্রেসীরা এখানে মন্ত্রীসভা গঠন করে সেই সমস্ত ঐতিহ্য ভুলে গিয়ে বিদেশীর কাছে আবার তাদের মাথা বিকিয়ে দেবার জন্য ব্যবস্থা করছেন। আমি জানি লবণ তৈরী করবার জন্য এখানকার অনেক মানুষ, আমার বাড়ীর কাছে মহিষবাথানের অনেক মানুষ আন্দোলন করেছিল। আজ যারা মন্ত্রীসভায় বসে আছেন তাদের অনেকেই সেদিন ছিলেন না। অনেক ভলেনটিয়ার ছিলেন, আজ এখানে যারা আছেন সেদিন তাদের অনেককেই পাওয়া যায়নি। গান্ধীজীর নেতৃত্বে যে সুযোগ সুবিধা পেয়েছি তার কণ্ঠরোধ করবার জন্য আজ এরা লবণ ম্যানুফ্যাক্‌চার করবার চেষ্টা করছেন। নির্লজ্জতার এর চেয়ে বড় উদাহরণ আর কি হতে পারে? তারপর দেখা যাবে যে সমস্ত ডিপার্টমেণ্ট তারা গঠন করছেন মন্ত্রীসভায় বসবার সময় সেখানে আবার যখন উপমন্ত্রীদের বসান হয় তখন বিধান রায় বলেছিলেন এদের দিয়ে জনতার সঙ্গে যোগাযোগ রক্ষা করা হবে। কিন্তু আমি জানি তাঁদের কাজ শুধু মন্ত্রীদের, কোন কোন ব্যক্তিবিশেষের পিছনে ঘোরা। যখন ডাঃ রায় দেখলেন যে কাজ হ'লনা তখন তিনি এদের অবিশ্বাস করতে লাগলেন এবং আমলাতন্ত্রের সাহায্যে কি করা যায় তার চেষ্টা করতে লাগলেন। সেক্রেটারিরা অঙ্গুলিহেলনে এই সব মন্ত্রীদের চালান। আজ তাদের সঙ্গে ষড়যন্ত্র করে দেশকে মর্টগেজ দেওয়া হচ্ছে। আজ ওয়াটার-সাপ্লাই বিভাগ, ফিসারিজ বিভাগ সমস্ত জিনিষ তুলে দেওয়া হচ্ছে এমন একটা সংগঠণের হাতে যার হেড হচ্ছে য়্যাডমিনিষ্ট্রেটার-জেনারেল। আমরা জানি আজকের দিনে ভাগ্যবিধাতা ফাইন্যান্স সেক্রেটারি--তার কথামত মন্ত্রীসভা চলেন। একদিকে ফাইন্যান্স সেক্রেটারির রাজত্ব আর অন্যদিকে ডেভেলপ্‌মেণ্ট বিলের রাজত্ব। এই দুই রাজত্বের মধ্যে দেশ মহাশ্মশানের মধ্যে এগিয়ে যাবে।

**Sj. Tarapada Bandopadhyay:** Mr. Speaker, Sir, I sincerely believe that this Bill as so far passed by this Assembly, is ill-timed and unhappy. I think this should not be passed into law so summarily and so stubbornly. Of course, personally I cannot believe that Dr. Roy has any bad motive in the shape of any personal aggrandisement or party aggrandisement in the matter of passing this Bill. I know he is a man of intrepid and dynamic action; more properly, he can be called a restless dreamer. He wants to build his Bengal according to his dream. He may have good motive, that is one thing; but he has to devise ways and means by which that good motive may be translated into action, and that is another thing. We are not concerned with whether there is good or bad motive behind the Bill, but we are concerned to see whether this Bill, as it is now framed, can achieve the ostensible purpose. My belief is that it cannot achieve the purpose for which it has been framed. In giving thought to the Bill what comes uppermost in my mind is that this development corporation will very soon be dominated by big capitalists most of whom would be non-Bengalis. Sir, already Bengali capital is very shy, it is small, and the greater part of the business of Bengal is being

controlled by the non-Bengali capitalists. Of course, I am not a hater of capitalists. I know and I feel that in the present scheme of things the capitalists should have their legitimate place, but I hate those capitalists who place their self above the country and above the nation. I speak of those capitalists who, we know, do not play the game well and have put their own interest always above the interest of the country. I think the little business that is now under the control of the Bengali capitalists will soon go to the hands of the non-Bengali capitalists, and Government will be helpless spectators of the ugly spectacle because under the protecting wings of the Government, those non-Bengali people will loot and ruin Bengal. Sir, Bengal is very poor in resources; we have very small capital; the Government funds are very small. Therefore, we should not embark upon a venture like this now.

[6-25—6-35 p.m.]

Even if Dr. Roy calmly, dispassionately and impartially feels that the chances of success of this corporation are only 50-50, then also he should think thrice before passing this Bill into law, but my idea is that the chances of failure and success are almost 90-10. Therefore regard being had to the possible balance of convenience and inconvenience, we should not embark upon this venture. Government has no business experience. Dr. Roy in the past embarked upon similar ventures in the matter of State Transport, in the matter of Deep Sea Fishing, and if Dr. Roy seeks his heart I could say he would also himself not feel happy over the results of those ventures. So why should he undertake a risky venture like this at such an odd time? Therefore I should seriously and most ardentely appeal to him not to proceed with this Bill, any more. I shall ask him to stop this Bill. Although you say you are a democratic Government, you are acting as a communist Government. If you want to go red and turn communist, then take in your hands all the business of the country and do whatever you like. But you would not do like that. Why should you take to via media? Your duty would be to give a fillip to all sorts of private enterprises but you should be there to see that bigger industries should not crush the smaller industries. This should be your role and you should be satisfied with that role for the present until and unless a better state of things comes in the country when we should see whether we should take to something else. This is my submission.

**Sj. Bankim Mukherjee:**

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের দ্বারা গভর্ণমেণ্ট পরিষ্কার স্বীকৃতি দিচ্ছেন যে তাদের কার্যে অক্ষমতা, অকর্মন্যতা ও দায়িত্বগ্রহণে অনিচ্ছা, এটা তাদের পরিপূর্ণ স্বীকৃতি কনফেসং। এই গভর্ণমেণ্ট নিজেকে বলেন তাঁরা ওয়েল-ফেয়ার ষ্টেট্, অর্থাৎ জনসাধারণের কল্যান তাঁরা করে থাকেন। জনসাধারণের কল্যান পৃথিবীর সমস্ত দেশের সরকার করেন না, পৃথিবীর অধিকাংশ সরকারের প্রধান কাজ হ'ল ধনসম্পত্তি রক্ষা করা যাদের ধনসম্পত্তি আছে এবং সেই হিসেবে গভর্ণমেণ্টের প্রথম কর্তব্য হচ্ছে ল অ্যাণ্ড অর্ডার রক্ষা করা। ওয়েলফেয়ার ষ্টেটের ধারণা এখন পরবর্তী যুগে মাত্র উনবিংশ শতাব্দীর শেষে বিংশ শতাব্দীর গোড়াতে কোন কোন রাষ্ট্রে এসেছে এবং বিশেষ করে সমাজতন্ত্র রাষ্ট্রগুলির পরিপূর্ণ ওয়েলফেয়ার ষ্টেটের মধ্যথেকে অন্যান্য ধনতন্ত্র রাষ্ট্রে কিছু কিছু অনুকরণের ইচ্ছা এসেছে এবং সেই হিসেবে রাষ্ট্রকে ওয়েলফেয়ার ষ্টেট্ ব'লে প্রমাণ করবার চেষ্টা করছে। কিন্তু ওয়েলফেয়ার ষ্টেট্ করতে গেলে পর তার পরিপূর্ণ দায়িত্ব গ্রহণ করতে হয়। তার দায়িত্ব গ্রহণ করতে গেলে সেই ষ্টেটের কর্মকর্তাদের মেণ্টালী ও সেইভাবে শিক্ষিত করে তুলতে হয় যাতে করে কম-খরচে বিনা মুনাফায় এবং ভালভাবে কার্য্যদক্ষতার ভিতরে অল্প পয়সায় জনসাধারণের কল্যান করা যায়। এই ওয়েল ফেয়ার ষ্টেট্ কথাটা কেন আসে? এই জন্য যে মুনাফাখোরী থেকে যদি জনসাধারণকে বাঁচান যায়। ধনবাদীদের প্রফিট্

থেকে জনসাধারণকে বাঁচাতে গেলে পর অনেক কাজই ষ্টেটের নিজের হাতে নিতে হয়। এই হ'ল এক মাত্র ষ্টেট্ যেখানেতে এই সমস্ত প্রডাক্সন ও ডিষ্ট্রীবিউসন অর্থনৈতিক উৎপাদন বা বিতরণে নিজেদের নিয়োগ করেন। তার একমাত্র কারণই হ'ল এই যে তাঁরা মুনাফা থেকে জনসাধারণকে মুক্তি দিবেন। ধরুন যদি আজ কর্পোরেশন করে ধনিকদের হাতে ছেড়ে দিতে হয়, তাহলে পরে তার প্রকৃষ্ট উদাহরণ হচেছ আমেরিকা, সব চাইতে যেখানে ধনতন্ত্র বিকশিত—অবাধ ধনতন্ত্রের দেশ,—সেখানে প্রায় প্রত্যেকটা অধিকাংশ জনপ্রতিষ্ঠান সরকার দ্বারা পরিচালিত নয়, সেখানে কোম্পানীর দ্বারা পরিচালিত বা ধনবাদীদের দ্বারা পরিচালিত। সেখানে স্কুল কলেজ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান বা যা আমাদের ধারণা ইংরেজদের দেখে পাব্লিক স্কুল প্রভৃতি দেখে ধারণায় বুঝি গভর্ণমেণ্টের কাজ। সেই দেশে সেই সমস্ত জিনিষগুলো ব্যক্তিগত নির্দেশে পরিচালিত। এমন কি সে সব জিনিষ সম্বন্ধে আমাদের ধারণা এই সমস্ত সরকারী ব্যাপার। যেমন রেলওয়ে এমন কি পাব্লিক ধরোফেয়ার, টেলিভিশান, রেডিও, ব্রড-কাষ্টিং এই সমস্ত আমরা জানি অধিকাংশ দেশের সরকার এগুলি নিয়ন্ত্রণ করেন, পরিচালিত করেন। আমেরিকায়ও এগুলি কোম্পানীর দ্বারা পরিচালিত। ব্যক্তিগত মুনাফা তা থেকে আসে, তার লাভ লোকসানের দায়িত্ব সম্পূর্ণ তাদের। যদি গভর্ণমেণ্ট মনে করেন আজও তাদের কার্য্যকুশলতা আসেনি, যে আমলাদের নিয়ে তাঁরা কাজ করবেন, তারা ঠিক বিজনেস্ প্রিন্সিপ্‌লে জনকল্যানকর কার্য্য পরিচালনা করতে অক্ষম, তাঁদের তেমন শিক্ষিত কর্মকর্ত্তা নাই, এই ধারণা যদি তাঁদের হয়, তাহলে তাঁদের পক্ষে সত্যিকার সরলভাবে উচিত ছিল পরিষ্কার স্বীকার করা। আমরা এই সব ব্যাপার নিজেদের হাতে নেবনা। এই সব কাজ কোম্পানী ব্যক্তিগত যৌথ কারবার। ধনিকদের হাতে সম্পূর্ণ তুলে দেব। যেমন দেখতে পাই বিদ্যুৎ সরবরাহ। এই বিদ্যুৎ সরবরাহ এখন পর্য্যন্ত কলিকাতার সবচেয়ে বড় বিদ্যুৎ সরবরাহ, সেটা হল এইরকম প্রাইভেট্ কোম্পানী। কলিকাতার যানবাহন এতদিন পর্য্যন্ত চলেছে সম্পূর্ণ প্রাইভেটভাবে। আজকে সেখানেতে গভর্ণমেণ্ট সেই যানবাহনের ব্যাপারে কিছুটা হস্তক্ষেপ করেছেন এবং বোধ হয় বর্ত্তমান গভর্ণমেণ্টের যে অভিজ্ঞতা জন্মেছে এই যানবাহনের ব্যাপারে ষ্টেট্ ট্রান্সপোর্ট ব্যাপারে আমার মনে হয় সেই অভিজ্ঞতা প্রতিফলিত হয়েছে এই বিলে। এই ষ্টেট্ ট্রান্সপোর্ট ব্যাপারে দেখছি ব্যক্তিগত ধনিকরা ট্রান্সপোর্টে যে পরিমাণ মূলধন লাগায় ও লাভজনকভাবে যানবাহন চালায়, তার তুলনায় ষ্টেট্ ট্রান্সপোর্টের বেশী মূলধন লাগিয়েও বছরে বছরে ক্ষতি হয়েছে, লোকসান দিয়ে এখন পর্য্যন্ত তা সামলে উঠতে তাঁরা পারেন নি। বোধহয় এই অভিজ্ঞতা থেকে তাঁরা এটা ভাবছেন ও দেখছেন এখনো বড় বড় পরিকল্পনা হাতে নেবার ক্ষমতা তাদের নাই বা হয় নাই। তাই যদি তাঁদের ধারণা হয়ে থাকে, তাহলে ষ্ট্রেটফরওয়ার্ড কন্‌ফেসন তাদের তরফ থেকে আসা উচিত ছিল। আমরা ওয়েলফেয়ার ষ্টেট্ হতে পারিনা, হবার সাধ্য আমাদের ঘটে নাই এখন পর্য্যন্ত। সেই রকম কর্মকুশলী কর্মকর্ত্তামণ্ডলীও তৈরী করতে পারি নাই, সেই রকম আমরা আমাদের নাই যাঁরা অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে এই সমস্ত ব্যাপার পরিচালনা করবেন।

[6-35—6-45 p.m.]

এবং সেই স্বীকৃতির পর তাঁদের উচিত ছিল পরিপূর্ণভাবে এই সমস্ত ব্যাপার ব্যক্তিগত কারবারীর হাতে তুলে দেওয়া। এইটা হোত যথাযথ এবং যথোপযুক্ত তাঁদের হিসাবে। আর তা না হলেপর এর পরিপূর্ণ দায়িত্ব গভর্ণমেণ্টের নেওয়া উচিত। অর্থাৎ যখন তাঁরা বলেছেন যে আমরা দায়িত্ব গ্রহণ করেছি জনকল্যাণে তখন সে জনকল্যাণ করবার দায়িত্ব নেওয়া মানে জনকল্যাণের শুধু এমনি কতকগুলো পরিকল্পনা করলে হবে না। এ পরিকল্পনা ত সব সময়েই হতে পারে। কেননা যদি কোন বদান্য ধন-কুবের আসতেন দান করে দিয়ে লোকের কল্যাণ করতে তাহলে আমাদের আপত্তি করবার কিছুই ছিল না। যদি বর্ত্তমান সময়ে সরকার কোন কোটীপতিদের সংগ্রহ করে আনতে পারতেন, যাঁরা সমস্ত জিনিসগুলো দান করতে চাচেছন এবং তার ভিতর দিয়ে রাস্তাঘাট ইত্যাদি তৈয়ার কোরতেন যেমন দানের টাকা থেকে হাঁসপাতাল ইত্যাদি তৈয়ার হয় তেমনি কোরে যদি ড্রেনেজ, ইরিগেসান প্রভৃতি হোত তাহলে নিশ্চয়ই আমাদের বক্তব্য কিছু ছিল না। একমাত্র আমাদের বক্তব্য হোত যে আমাদের ভিক্ষার ঝুলি কেন সারা দেশের কাঁধে তুলে দেওয়া হোল? তাহলে বুঝতে পারতাম যে জনকল্যাণের এও একটা পদ্ধতি। এই যে জনকল্যাণ, এই জনকল্যাণের অর্থ জনসাধারণ জোগাবে। জনসাধারণ ট্যাক্সের মারফত এই সমস্ত জনকল্যাণ কোরবে। যদি অপরের অর্থেতে এই জিনিষ হোত তাহলে বলবার কিছু ছিল না কিন্তু জনসাধারণের অর্থ দিয়ে, জনসাধারণের ট্যাক্সেসানের ভিতর দিয়ে এই জনকল্যাণ হবে এবং সেইজন্য এই ওয়েলফেয়ার ষ্টেট্-এর একটা বিশেষ রকম কর্ত্তব্য এসে পড়ে। জনসাধারণ যে অর্থ দেবে সেচের জল পাওয়ার জন্য, সুলভে ও সহজে স্বাস্থ্যের উন্নতি করবার জন্য, রাস্তাঘাট সাফাইয়ের জন্য—এই সবের জন্য তারা যে অর্থ দেবে সেই অর্থ যাতে সম্পূর্ণ এবং সুষ্ঠুভাবে প্রয়োগ করা হয়, একেবারে ম্যাক্সিমাম এফিসিয়েন্সি এবং মিনিমাম

এক্সপেরিমেন্টও সবচেয়ে শ্রেষ্ঠতর কার্য্য কুশলতার ভিতর দিয়ে এই জিনিষগুলো হয়। বিগত যুগ ধরে পৃথিবীর যে সব উন্নতি, বিশেষতঃ পাশ্চাত্য দেশে অধিকাংশ ক্ষেত্রে জনসাধারণের প্রয়োজনীয় জিনিষ সরবরাহ করা ইত্যাদি ধনতন্ত্রের মারফতেই হয়েছে—এ সমস্ত কাজ ধনীরাই কোরেছে। তারা দিনের পর দিন টেক্‌নিক-এর উন্নতি সাধন কোরে, কর্ম্মকুশলতার উন্নতি সাধন কোরে, বিজ্ঞানের সাহায্যে প্রতিযোগিতার ক্ষেত্রে আর সস্তায় জিনিষ-পত্র দেবার চেষ্টা কোরেছে। এর ভিতর দিয়ে এবং এই প্রতিযোগিতার মারফত ধনতন্ত্রে গোড়ার দিকে সত্য সত্যই জনসাধারণের কিছুটা কল্যাণ সাধন কোরেছে। আজ ধনতন্ত্রের মুমূর্ষু অবস্থা; সেখানে আর তাদের হাত দিয়ে কল্যাণের সুযোগ নাই। আজ মুমূর্ষু ধনতন্ত্র কোনরকমে জনসাধারণের কাছ থেকে মুনাফা আহরণের কাজে ব্যস্ত। এইজন্য আজ পৃথিবীর জনসাধারণের ভিতর থেকে এই আহ্বান এসেছে যে আজকে আমাদের যে সমস্ত প্রয়োজনীয় বস্তু, সেই সব প্রয়োজনীয় বস্তু আজ ব্যক্তিগত মণ্ডলীর হাতে থাকা উচিত নয়। এই সমস্ত প্রয়োজনীয় বস্তু আজ আমরা রাষ্ট্র বা কর্পোরেশনের মারফত ঢের সুলভে, ঢের সুচারুভাবে কোরতে পারব। এই হোল আজকের আহ্বান। যে কোন সরকার আজকে নিজেকে ওয়েলফেয়ার ষ্টেট্ বলতে চান, তাঁকে সেই দায়িত্ব গ্রহণ কোরতে হবে। সে দায়িত্ব গ্রহণ করতে অস্বীকৃত হোলে চল্‌বে না। এদের সম্পূর্ণ কাজ হবে সেই রকম আমলা, সেই-রকম কর্ম্মকর্ত্তা প্রভৃতি তৈরী কোরে নেওয়া যাঁরা জনসাধারণের কল্যাণের জন্য ঠিক বিজনেস প্রিন্সিপল্-এ অথচ কোন রকম ব্যয়বাহুল্য না কোরে সবচেয়ে অল্পব্যয়ে সুচারু এবং সুষ্ঠুভাবে সর্বোত্তম যে সমস্ত টেক্‌নিক্ তারই সাহায্যে সমস্ত জিনিষগুলো কোরবেন। এইরকম কর্ম্ম কর্ত্তৃমণ্ডলী সৃষ্টি করাই হবে যে কোন ওয়েলফেয়ার ষ্টেট্-এর প্রথম কর্ত্তব্য। এই করার দিকে ঝোঁক দিয়ে তাঁরা একটির পর একটি কাজ হাতে নিতে পারেন। যাঁরা তা না কোরতে পারেন এবং আমরা দেখেছি এই ষ্টেট্ ট্রান্সপোর্ট প্রভৃতির অভিজ্ঞতা থেকে আমাদের এই ধারণা হোয়েছে যে তাঁরা সে কাজে অপারগ; আর সেই জন্যেই বলছি তাঁদের সেই অক্ষমতার জন্য এই সমস্ত কাজ ধনতান্ত্রিক বা ধনীদের হাতে সমস্ত ছেড়ে দেওয়া উচিত। তারাই আলাদা কর্পোরেশন কোরে সম্পূর্ণ দায়িত্ব নিক্—যেমন ইলেক্‌ট্রিক সাপ্লাই কর্পোরেশন করেছে। তবে তাদের কতকটা সুবিধা আছে যে তাদের সেটা মনোপলি কন্‌সার্ন। আইনের দ্বারা একচেটিয়া অধিকার পাওয়ার ফলে তাঁরা চার আনা রেট কন্‌জিউমার-এর কাছ থেকে নিয়ে থাকে যেখানে এক আনা বা দুআনা রেটে ইলেক্‌ট্রিক ইউনিট দিতে পারত এবং সেই দেওয়ার ফলে আরও ভালভাবে বিদ্যুৎ সরবরাহ হোতে পারত। কিন্তু সেখানে খানিকটা একচেটিয়া অধিকার তারা গোড়ায় গ্রহণ কোরে-ছিল, সেই সময়কার ব্রিটিস রাজত্বের মারফত যেহেতু তারা তাদের নিজেদের জাতভাই, এদের কিছু মুনাফা দরকার। তাহলেও তার যে রেট-এর মনোপলি আছে তা থাকা সত্ত্বেও বাকী লাভলোকসানের দায়িত্ব তাদের। এখানকার এই সমস্ত ইলেক্‌ট্রিক বা ট্রামের কম্পানীর, তাদের প্রায় মনোপলি অধিকার ছিল। সেই মনোপলি প্রথম ক্ষুন্ন হয় প্রথম মহাযুদ্ধের পর, যখন বাস প্রভৃতি যানবাহনের কাজে লেগে যায়। তারপর থেকে দেখা যায় নানা সংঘর্ষের জন্য এই বাস প্রভৃতি সমস্ত জিনিষ যারা ব্যক্তিগতভাবে চালাচ্ছিলো, তারা গোড়ার দিকে অনেক লোকসান দিয়েছে। অনেক ধনী বাস চালাতে এসে অপারগ হয়ে ফেল হোয়েছে, কিন্তু তারপরে দেখা গিয়েছে আরও উন্নততর প্রণালী অবলম্বন কোরে আরও কর্ম্মকুশল লোকেরা এসে এই বাস চালিয়েছে এবং মোটামুটি চীপ রেটই চালিয়েছে। যদিও তাদের সম্বন্ধে নানা অভিযোগ আছে কিন্তু এ অভিযোগ নাই যে তারা অত্যন্ত বেশী ভাড়া বৃদ্ধি কোরেছে। বরং ভাড়ার চাপ এসেছে এই একচেটিয়া মনোপলি অধিকার যার আছে, সেই ট্রামের থেকে। এই রকমভাবে তাঁরা যদি মনে করেন যে তাঁরা অপারগ তাহলে তাঁদের পরিষ্কারভাবে এই ব্যক্তিগত বা যৌথ কোম্পানীর হাতে ছেড়ে দেওয়া উচিত। সে তার লাভ লোকসানের পরিপূর্ণ দায়িত্ব গ্রহণ কোরবে এবং তার রেভিনিউ ও এক্সপেণ্ডিচার সম্বন্ধে ষ্টেট্ থেকে গ্যারান্‌টি দেওয়ার কোন প্রয়োজন নাই। যদি কোন কোম্পানী মনে করে যে বাংলাদেশের অমুক অমুক জায়গায় ড্রেন, ইরিগেশন প্রভৃতির দ্বারা সাফ করবে এবং সাফ করলে পর সে জায়গায় ভ্যালুয়েশন বাড়বে এবং সেই মূল্যবৃদ্ধি হ'লে সেখানকার লোকের কাছ থেকে হিসাব খতিয়ে দর ঠিক কোরে নেবে; অবশ্য তাদের কিছু লাভ থাকা উচিত, লোকেরও যদি তাতে মুনাফা হয় বা সুবিধা কিছু হয় তাহলে তারা নিশ্চয় আসবে। আর সেখানে গভর্ণমেণ্টের উচিত হবে তাদের সব সুযোগ সুবিধা কোরে দেওয়া। তারা যতক্ষণ পর্য্যন্ত একচেটিয়া অধিকার না পায় ততক্ষণ এইরকম কোম্পানী করবার পরিপূর্ণ সুযোগ দেওয়া উচিত। তাহলে প্রাইভেট ধনিকগোষ্ঠির বা কোম্পানীর হাতে সম্পূর্ণ দায়িত্ব ছেড়ে দিলে তারাই লাভলোকসানের সমস্ত দায়িত্ব গ্রহণ করবে। জনসাধারণ তাদের জিনিষ গ্রহণ করবে কি না করবে তার সম্পূর্ণ অধিকার জনসাধারণের থাকবে কোন একচেটিয়া দাবী সেখানে চলবেনা। জনসাধারণ যদি মনে করে তাদের পক্ষে এটা সুলভ এবং তারা যদি

গ্রাহক হতে চায় তারা গ্রাহক হবে এবং কোম্পানী যদি সহজে ও সুলভে সেই জিনিস সাপ্লাই করতে পারে তাহলে তারা তা করবে--সেই ভাবে ডেভেলপ্‌মেণ্ট স্কীম যদি হ'ত তাহলে মনে করতাম ধনতন্ত্রের দিক থেকে খানিকটা সুরাহা হচ্ছে।

[6-45—6-55 p.m.]

কিন্তু সব চেয়ে আশ্চর্য্যের বিষয় বিগত সেসন-এ যখন বিল নিয়ে এসেছিলেন তখন কংগ্রেস পার্টির কোন প্রকার পরিকল্পনা ছিলনা; কিন্তু আজকে অন্ততঃ গত অধিবেশনের পরে কংগ্রেসের পরিকল্পনা পরিবর্ত্তিত হয়েছে এবং সেদিক থেকে কংগ্রেস গভর্ণমেণ্টের উচিত ছিল এই বিল ড্রপ করা। এখন যে পরিকল্পনা তারা করতে চাইছেন সেটা হচ্ছে সোসিয়ালিষ্টিক প্যাটার্ন অফ সোসাইটি সমাজতান্ত্রিক ছাঁচে সমাজ গড়ে তুলতে চাইছেন কিন্তু সেই ছাঁচ কিরূপ হবে তার নমুনা যদি এই ডেভেলপ্‌মেণ্ট কর্পোরেশন হয়, তাহলে সেই ছাঁচে শুধু বাংলা নয় সারা ভারতবর্ষের জনসাধারণের আতঙ্কিত হবার কারণ আছে। এই ছাঁচ না ধনতান্ত্রিক না সমাজতান্ত্রিক। এই উভয়ের সংমিশ্রনে একটি অদ্ভুত জিনিষ হচ্ছে এই ডেভেলপমেণ্ট কর্পোরেশন এই কি সেই আদর্শ যা বহু কণ্ঠে প্রচারিত হয়েছে ভারতবর্ষে এবং দেশের বাইরে সমাজতান্ত্রিক ছাঁচ বা প্যাটার্ন। এই সমাজতান্ত্রিক ছাঁচ হচ্ছে দেশের রাষ্ট্র তার সর্ববিধ ক্ষমতা মারফৎ জনসাধারণের কাছ থেকে অর্থ অপহরণ করবে, ট্যাক্স বসাবে, সার্টিফিকেট জারী করবে এবং এইভাবে যত রকম তার ক্ষমতা আছে তা প্রয়োগ করে দেশের অর্থ সংগ্রহ করবে এবং তা গ্রহণ করে তা নিজস্ব পার্টির হাতে ছেড়ে দেবে। তারা এই সমস্ত কাজ করবে। এই কর্পোরেশন-এও তারা এই সমস্ত কাজই করবে। অর্থাৎ এই অর্থ সংগ্রহ করবার দায়িত্ব এই গভর্ণমেণ্ট নিয়েছেন নিজেদের পকেটের থেকে নয়, জনসাধারণের পকেট থেকে এই অর্থ সংগৃহীত হবে। এবং তার দায়িত্ব জনসাধারণের নির্বাচিত গভর্ণমেণ্ট-এর হত তাহলে গণতান্ত্রিক মর্য্যাদা কিছুটা থাকত। কিন্তু অর্থ গ্রহণ করে সেই অর্থ সেই পরিকল্পনা কাজে লাগাবার দায়িত্ব সম্পর্ণ ছেড়ে দেওয়া হচ্ছে অন্যান্য পার্টির উপর। যার উপর বিশেষ কণ্ট্রোল থাকছেনা। এই যে পদ্ধতি এই পদ্ধতির ভিতর দেখা যাচ্ছে যারা আসছে তাদের কোন দায়িত্ব থাকছেনা তাদের কোন বিষয়ে আশঙ্কা থাকছেনা যে পরিকল্পনা করতে যাচ্ছেন যে কাজ হাতে নিচ্ছেন তা হবে কি হবেনা সে সম্বন্ধে কোন ভয় ভাবনাই থাকছেনা। পরিষ্কার গ্যারান্‌টি রয়েছে যে ৫ পার্সেণ্ট ডিভিডেণ্ড তারা পেয়ে যাবে এই বিষয়ে তাদের কোন আতঙ্ক নেই। অর্থাৎ মুনাফা যদি বেশী কিছু হয় ভালই আর যদি না হয় তাহলে ৫ পার্সেণ্ট গ্যারান্‌টিড তো আছেই। এই যদি গভর্ণমেণ্ট-এর পরিকল্পনা হয় তাহলে তাদের বেশী সুবিধা ছিল যদি সমস্ত টাকাটা তারা বাজার থেকে লোন হিসাবে তুলতেন। ৫ পার্সেণ্ট ইণ্টারেষ্ট এই যদি তারা লোন তুলতেন তাহলে আমাদের একমাত্র অভিযোগ হত কেন এত হাই ইণ্টারেষ্ট দিচ্ছেন যেখানে ৩ পার্সেণ্ট অর ৩ ১/২ পার্সেণ্ট ইণ্টারেষ্ট কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকা তুলছেন সেখানে কেন ৫ পার্সেণ্ট ইণ্টারেষ্ট এরা তুলছেন এটাই একমাত্র অভিযোগ হত। কিন্তু সেখানে এই গভর্ণমেণ্ট হয়ত মনে করতেন তাদের যে প্রচুর অর্থের প্রয়োজন সেটা তুলতে হলে আর একটা রেট অফ ইণ্টারেষ্ট দিতে হবে। কিন্তু কার্য্যতঃ যা হচ্ছে গ্যারান্‌টি দেওয়া হচ্ছে ৫ পার্সেণ্ট প্রফিট অথচ এ বিষয়ে তারা কোন দায়িত্ব নিচ্ছেননা। তাদের টাকা তারা ফিরে যাবেন কিন্তু আসলে সেই তাদের দেওয়া টাকা ব্যয় হচ্ছে কি অপব্যয় হচ্ছে সেই বিষয়ে কোন দায়িত্ব তাদের নাই। এবং যদি ভালভাবে চলে তাহলে তারা ৫ পার্শেণ্ট-এর বেশীও কিছু পেতে পারেন। এই যে অদ্ভুত ব্যাপার তা করবার গভর্ণমেণ্ট-এর কি অধিকার আছে? এই রকম কোন ম্যানডেট তারা পাননি? গত নির্বাচনের সময় তারা কি এরকম কথা কখনও বলেছেন যে আমাদের যদি নির্বাচিত করেন তাহলে সমস্ত কাজ এই রকম একটা কর্পোরেশন-এর হাতে বা কোম্পানীর হাতে তুলে দেবেন—এর নজির বর্ত্তমানে পৃথিবীর কোথাও দেখা যাচ্ছেনা। একমাত্র নজির পাওয়া যায় উনবিংশ শতাব্দীতে। যখন সমস্ত পশ্চিম দেশগুলি, টার্কি, চীন প্রভৃতি সেই সমস্ত দেশের রাজার কথা—রাজা, সুলতান হেভেনলি কিংস অফ ইজিপ্ট তারা যখন তাদের নবাবী, বিলাসিতার জন্য টাকা চাইতেন তখন ফ্রান্স এবং লণ্ডন মার্কেট থেকে কোটি কোটি টাকা নিয়ে আসতেন। এবং সেই টাকাটা দিয়ে রাজা মহারাজাকে তোষামোদ করতেন যাতে তারা অবাধে মুনাফালাভ করতে পারেন। যার জন্য আজও দেখছি ইরাণ আরবে তৈলখনি নিয়ে সংঘর্ষ চলেছে। এবং শেষ পর্য্যন্ত এত টাকা যা নিয়ে এসে ছিলেন এইসব সলতান এবং ডিভাইন কিংস তারা ইণ্টারেষ্ট পর্য্যন্ত দেননি, তখন তাদের বলা হলো কাষ্টমস আদায় করবে, ট্যাক্সেশন আদায় করবেন, রেভেনিউ পুল করবেন এবং তার ভেতর দিয়ে তাদের ইণ্টারেষ্ট তারা নেবে। ডাঃ রায় এখানে সেই উনবিংশ শতাব্দীর রাজা এবং সুলতানদের পদাঙ্ক অনুসরণ করতে চান। আজ

এই ট্যাক্সেশন প্রভৃতির অধিকার এই সমস্ত কোম্পানীকে দিতে চান। বিদেশীরা এই সুযোগ নেবার জন্যই হাঁ করে বসে থাকবে এবং তারা টাকা লাগাবে যাতে এখানে থেকে তারা ট্যাক্সেশন সংগ্রহ করবার অধিকার পেতে পারে। এই বিলে যেটা সবচেয়ে বড় ত্রুটি এবং যার জন্য আমাদের আশঙ্কা হয় এবং সেটাই আমাদের একমাত্র আশা যে শেষ পর্যন্ত এই বিলটা কোর্ট-এ গিয়ে নাকচ হয়ে যাবে।

(THE HON'BLE DR. BIDHAN CHANDRA ROY:
আর কি সব নিরাশা।)

হাঁ একমাত্র আশার বর্ত্তিকা হচ্ছে যে এই সমস্ত জিনিষ কোর্ট-এ টিকবেনা। তার কারণ হচ্ছে অন্তত: এই দেশের সৌভাগ্যের বিষয় যে সিস্টেম আছে তাতে জনগণ একমাত্র সবচেয়ে বেশী বিশ্বাস স্থাপন করতে পারে এই দেশের কোর্ট, ফেডারাল কোর্ট-এর উপর।

রেটস্ সম্বন্ধে এই বিলে কোন আলোচনা নেই কোন কথা নেই। বিলে লেখা আছে যে কর্পোরেশন বিজনেস প্রিন্সিপল্ চালান হবে কিন্তু সেক্সন-এর মধ্যে কোথাও নেই তাদের যে রেভেনিউ তার এক্সপেণ্ডিচার সম্বন্ধে তারা কি করবে। কাজেই রেভেনিউ কোথা থেকে আসতে পারবে সে সম্বন্ধে কিছুই নেই একেবারে ব্ল্যাঙ্ক, অর্থাৎ আমাদের আশঙ্কা হচ্ছে যে এই গভর্ণমেণ্ট নিজের হাতে এমন ক্ষমতা রাখছেন যে এর পর সমস্ত ডেভেলপ্মেণ্ট রেট, ট্যাক্স মুনাফার মারফৎ ঠিক করবেন। অর্থাৎ এটা মনোপলি-র চেয়েও সাংঘাতিক। গভর্ণমেণ্ট ট্যাক্স মনোপলি করবেন। তাই আমাদের আশঙ্কা সুলতান হেভেন্ন্রি কিংস ইত্যাদি বিদেশীদের যে অধিকার দিয়েছিল সেই দেশের রাজস্ব সংগ্রহ করবার, কাষ্টমস সংগ্রহ করবার, শেষ পর্যন্ত দেশের শভারেন্টি পর্যন্ত বিলিয়ে দেবে বিদেশীর কাছে আমাদের গভর্ণমেণ্ট কি সেই রকম দেওলিয়া হয়ে গেছে? তাই অনুরোধ করবো লিডার অফ দি হাউস আজও একটু চিন্তা করে দেখুন, এইভাবে আমাদের দেশের সার্বভৌমত্ব শভারেন্টি তিনি বিসর্জন করবেন কিনা। এবার আমি শেষ করবো। স্বর্গীয় শরৎ চন্দ্র মহাশয় লিখেছিলেন যে ডাক্তারেরা বৈজ্ঞানিক বটে কিন্তু তাদের বুদ্ধি কিছুটা ঘোলাটে হয়ে যায়। তাই বলছি জনকল্যাণ তারা করতে চান চিকিৎসার মাধ্যমে, কিন্তু সে যা জনকল্যাণ তা তো আমরা ভাল করে জানি। আসলে জনকল্যাণ করব মুনাফার ভিতর দিয়ে। আজকের দিনে সেটা একেবারে অচল।

[6-55—7-5 p.m.]

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I will be brief in my reply. Let me first of all take the statements made by different members of the House before I take the general question. Shri Ranen Sen said

"বাংলাদেশের সমস্ত পত্রিকা এই বিলের তীব্র সমালোচনা করেছে।"

Within the last year or so, we have had six elections. The Opposition party had enough chance to go and criticize the Corporation Bill. Have they succeeded? Whose opinion are we gonig to stand by? Is it the opinion of the electorate or of a few handful men who shout here and say they form the State, I cannot understand. (Interruption from Opposition benches) I did not interrupt anybody, why do you interrupt me.

My friend Dr. Srikumar Banerjee said, we are afraid. What are we afraid of? We have placed our cards on the table. Those who have no eyes to see will never see and I do not want—I cannot pretend—to make them see if they do not want to see. He said the moment is not propitious. When is it propitious? Do you never realise that unless Bengal develops, Bengal dies? Is it not the time to go in for development? My friend here laughs because he knows nothing of what is happening today. Let him look around. The whole of Bengal today is a bit of development project. What about the Community Development Project? What about National Extension Development Project? What about the Social Development Project and so on? Why are these taken up by the Government? Why are the Government of India and the Government of Bengal anxious to see that developments proceed because we know that unless the country develops, the country perishes. Therefore, I say those who are opposed to the Bill have got a static mind. They have got minds which go back to the old scheme of things. They cannot see forward. They do not see what is happening today in this world.

Sir, my friend Shri Chatterjee said that I am a dreamer. Yes, I am a dreamer, but I do claim that I am a builder also and when the time comes the man who wants to see will see what things are being built not in clay and mortar only but in building up the psychology of the human being and, in spite of the opposition and in spite of the obstruction that might be put forward, the building will go on. That is my hope and that is my faith.

Sir, my friend Shri Bankim Mukherji has made an initial mistake. This is not a scheme for nationalisation. We are not here going to nationalise any particular industry or industries. This is not an industrial Bill. This is a Bill—again I repeat with all the emphasis I can command—this is a Bill for the purpose of development of the country. I shall explain to you presently. It is true Shri Bankim Mukherji has in his lucid moments praised the question of leaving something to the private sector. I thought, being a follower of a totalitarian State, he does not believe in private sector—he believes only in the public sector. But, Sir, the recent decision of the Congress—about which he has said—has been that we have to recognise in this country two sectors—the private sector and the public sector—and it is only by the united efforts of both sectors, no one displacing the other, that we can progress. Sir, he makes a fun of the fact that the socialistic pattern of society, which has been accepted as the creed of the Congress, is not reflected in the Bill. Has he read the Bill, I wonder? If he had done so, he would have known that this is an attempt to bring together the private and the public sectors for the purpose of developing this State.

It has been suggested why should there be arrangement for taking money and giving 5 per cent. interest when we could have taken a loan at 4 per cent. My friends are great economists, but they forget this important fact that when we take a loan, we have got to provide not merely for interest but also for sinking fund, whereas the provision that we have made in this Bill is that although we pay 5 per cent. interest, we do not provide for any sinking fund because they are shareholders in the business. That is the advantage in the procedure which has been adopted in this Bill, that is to say, you associate the private sector to the extent it is possible and ask them to contribute. They would not expect to get back the capital so long as it is not necessary for us to give back the capital unless we can do so without difficulty. But they expect that they will get a return which will enable us to utilise the capital which the private sector will give us.

Sir, a great deal has been said by my friend Shri Narayan Roy. He says, why do you say business principles? I hope and trust, Sir, that all members of the Assembly, when they speak, they also speak on the basis of business principle. Business principle is a principle which is applicable to every branch of social life, to every individual. It means this that we do not spend too much, we do not waste anything and try to find out what is the best method of getting a suitable return either in psychology or in profits. Therefore, there is no harm done by saying that the work will be done on business principles. He has also mentioned the question of audit and why did we not insert the same provision as was done in the case of the Calcutta Corporation. I wonder, if he had seen the provisions of the Damodar Valley Corporation Act, he would have seen that there the Financial Adviser is appointed by the Government of India—not by the Auditor-General, not by the Accountant-General or anybody, but by the Government of India. He would also have seen, if he had time, that there is no question there of providing for punishment if any harm was found out after audit. The reason is quite simple. The Calcutta Corporation is not a body under

the Government, but this corporation under this Bill is a body under the Govrenment. Government can issue directions from time to time as to the methods of working. Government will ask them to submit accounts and so on and Government can in the ultimate issue withdraw the corporation, as the case may be. So, the two pictures are entirely different. It is not, as I have been trying to make out, that we are nervous or afraid of the Accountant-General or the Auditor-General. All public funds should be above suspicion. But the difficulty of having the Auditor-General or the Accountant-General is, as I have already explanied, that I was told by the authorities of the Government of India that we cannot provide in a provincial Act for any action that is to be taken by the Accountant-General.

[7-5—7-15 p.m.]

দেশের সামগ্রিক পরিস্থিতির কথা চিন্তা করে দেশকে সম্যকরূপে জেনে রাজ্যপালের ভাষণের প্রতি যদি দৃষ্টি দেন তাহলে মাননীয় সভ্যরা আমার সঙ্গে একমত হবেন যে দেশ যে এগিয়ে চলেছে সেকথা স্বীকার করতে কারোই দ্বিধা থাকে না। কিন্তু অগ্রগতি স্বীকার করতে তাঁর মনে দ্বিধা আছে। অগ্রগতির স্থলে দেশ পিছনের দিকে যাচ্ছে বলে তিনি মানসিক সুখ অনুভব করতে চান।

রাজ্যপালের ভাষণে দেশের খাদ্য সমস্যা দূর হয়েছে বলে বলা হয়েছে, দেশ খাদ্য সম্বন্ধে স্বয়ংসম্পূর্ণ হয়েছে সে সম্পর্কে বলতে উঠে তিনি বলেছেন যে বিষয়ে সরকারের কোন কৃতিত্ব নাই প্রকৃতি সাহায্য করাতে হয়েছে। আমাদের সরকার এ বিষয়ে সমস্ত কৃতিত্বের দাবী করেন না, প্রকৃতি যদি এ বিষয়ে সাহায্য না করে তাহলে কোন সরকারই এটার সমাধান করতে পারেন না। আমি তাঁকে অনুরোধ করব বিষয়টা স্থির মস্তিষ্কে ভাবুন। আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুসারে দেশকে একটু একটু করে এগিয়ে নেবার যে ইঙ্গিত রাজ্যপালের ভাষণের মধ্যে রয়েছে তাঁকে তারদিকে দৃষ্টি দিতে বলি। কমিউনিটি ডেভলপমেন্ট সম্বন্ধে তিনি যা বলেছেন তার সম্বন্ধে বলি, বাংলাদেশে যে ১১টা ব্লক আছে, মাননীয় সদস্য মহাশয় সেই ১১টা ব্লকের কথা জানেন কিনা জানিনা। তিনি মাত্র তিনটে ব্লকের কথা, তাদের দোষ ত্রুটির কথা বলেছেন। আমি আপনাদের সামনে এই হাউসে দাঁড়িয়ে বলছি ঘুরে আসুন ঘুষকুড়ায়, ঘুরে আসুন মহম্মদপুরে, ঘুরে আসুন শক্তিগড়ে, শুধু কাগজে পড়ে তার সম্বন্ধে সমস্ত তথ্য জানা যায় না। আমাদের গ্রামের সঙ্গে পরিচয় আছে আমরা জানি। দেখে আসুন গিয়ে সে সব মানুষ আগে কি ছিল এখন কি হয়েছে। সে সব অঞ্চলে গ্রামগুলির চেহারা বদলে গিয়েছে, যান ঘুষকুড়ায় সমস্ত দায়ীত্ব নিয়ে বলছি তিনি মত বদলাতে বাধ্য হবেন যদি তিনি সহযোগিতার মনোভাব নিয়ে যান। ফাইভ ইয়ার্স প্ল্যান

সম্পর্কে তিনি বলেছেন যে প্ল্যান আমাদের শিখিয়েছে রাশিয়া। দু'বছরের মধ্যে আনএমপ্লয়মেণ্ট দূর হয়েছে এই উক্তির কোথায় ভিত্তি আছে জানি না। এই উক্তির প্রতিবাদ করবার মত্তন সময় পাওয়া এ হাউসে সম্ভব নয়। তাঁর এই উক্তি অসত্য এর মূলে কোন ভিত্তি নাই। রাশিয়ায় গণতান্ত্রিক গভর্ণমেণ্ট প্রতিষ্ঠিত হবার পর ১৬ বছর লেগেছিল পরিকল্পনা প্রস্তুত করতে। এবং সেই পরিকল্পনা কার্য্যকরী হবার আগে লক্ষ লক্ষ মানুষ দুর্ভিক্ষে প্রাণ দিয়েছে, সেখানে বন্যা হয়েছে ৩০ লক্ষ লোকের কাছে বন্যার কোন সাহায্য পর্য্যন্ত দিতে পারে নাই।

এখন আমি শিক্ষা ব্যবস্থার দিকদিয়ে বলছি। শিক্ষা ব্যবস্থার কথা তিনি উল্লেখ করেন নি, বাংলাদেশের গ্রামাঞ্চলে আজ হাজার হাজার বিদ্যালয় আছে; প্রাথমিক শিক্ষা মাধ্যমিক শিক্ষা ও বেসিক এডুকেশন ছড়িয়ে দেবার জন্য সরকারের যে প্রচেষ্টা—বাজেটের দিকে চেয়ে দেখলেই দেখবেন ১৯৪৮ সালে আড়াই কোটি টাকা শিক্ষার খাতে ব্যয় কিন্তু ১৯৫৪-৫৫ সালে দেখছি ৭ কোটি টাকা ব্যয় হচ্ছে শিক্ষার খাতে। গ্রামের বিদ্যালয়ের সংখ্যা উদ্ধৃত করে আপনাদের সময় নিতে চাইনে। এইটুকু বলাই যথেষ্ট যে প্রত্যেক গ্রামেই আজ বিদ্যালয় হয়েছে। মাধ্যমিক শিক্ষা, কলেজি শিক্ষার ব্যবস্থা পর্য্যন্ত যে উন্নতি বিধান হয়েছে সেদিকে তিনি দৃষ্টি দিতে পারলেন না।

তারপর রাস্তাঘাটের যে উন্নতি সাধন হয়েছে মাননীয় বন্ধু তারকথা একবারও বলেন নি। গ্রামাঞ্চলে তিনি ত বাস করেন না, তিনি কলকাতায় সুখে স্বচ্ছন্দে থাকেন, আমরা যাঁরা গ্রামে থাকি তারা দেখেছি গ্রাম থেকে গ্রামান্তরে যেতে হলে কাপড় তুলে জুতা খুলে যেতে হত, আর আজ কলকাতা থেকে বীরভূমের মধ্যদিয়ে মুর্শিদাবাদ সোজা ঘুরে আসতে পারেন, এখান থেকে বেরিয়ে বাঁকুড়া, মেদিনীপুর, সকালে বেরিয়ে সন্ধ্যায় ঘুরে আসতে পারেন, যেখানে যেতে আসতে মানুষ ভয় পেত সেখানে সকালে বেরিয়ে সন্ধ্যায় ঘুরে আসতে পারেন।

[5-10—5-35 p.m.]

তার হাজার দৃষ্টান্ত তাঁরা জানেন কিন্তু তাঁরা চোখ বুজে থাকেন। এবং তাঁরা সব সময় ইণ্ডাষ্ট্রীয়াল ডেভেলপমেণ্ট সম্বন্ধে ইঙ্গিত করেন। আজ দুর্গাপুরে ডাঃ রায় যা করতে যাচ্ছেন এবং যেটা তার স্বপ্ন তাই হচ্ছে বাংলাদেশের আশা ভরসা এবং সেটা কার্য্যকরী করবার জন্য ডাঃ রায় যেভাবে এগিয়ে চলেছেন তাই আজ তাদের চক্ষুশূল হয়েছেন। কিন্তু আজ কেবলমাত্র তারা ছাড়াই আর সবাই এতে আশার আলো দেখতে পাচ্ছেন। সেই আলো থেকে যাতে জনসাধারণের মনকে সরিয়ে নেওয়া যায় তারই জন্য তাদের অপচেষ্টা চলেছে। এজন্যই তাঁরা বলছেন যে কংগ্রেসের ভিতর দুর্নীতি দলাদলি থাকার ফলেই কোন ডেভেলপমেণ্ট হচ্ছে না, দুর্গাপুরের স্কীম এগিয়ে যেতে পাচ্ছে না। কিন্তু তারা ভালই জানেন যে কংগ্রেসের মধ্যে দলাদলি সম্বন্ধে বলবার কোন স্কোপ নাই। এ সম্পর্কে তাদের জিজ্ঞাসা করি তারা যাদের দিকে চেয়ে থাকেন সেই রাশিয়ায় ষ্টালিনের মৃত্যুর মধ্যে কি কোন রহস্য নাই। আজকে বেরিয়া কোথায়, মালেনকোভ কোথায়, কই সেখানকার দলাদলি সম্বন্ধে কিছু বলেন না? এই দলাদলির জন্যই দেখছি আজ শাসনদণ্ড যাদের হাতে আছে কাল তারা তলিয়ে যাচ্ছেন।

**Mr. Speaker:** Do not bring in foreign politics in this discussion.

**Sj. Ananda Gopal Mukherjee:**

পলিটিক্সের যে বিরাট রহস্য সেখানে রয়েছে তার দিকে চেয়ে দেখতে বলি। গ্রুপ পলিটিক্স থেকে তারাও যে মুক্ত নন সেদিকেই তাদের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সরকার যেভাবে এগিয়ে চলেছেন এবং যেভাবে জনসাধারণের আস্থা সরকারের প্রতি দিন দিন গড়ে উঠেছে তাতেই ওরা আতঙ্কিত হয়ে উঠেছেন। এই বলেই আমি শেষ করছি।

(At this stage the House was adjourned till 5-35 p.m.)

*(After adjournment.)*

[5-35—5-45 p.m.]

**Sj. Jyoti Basu:** Mr. Speaker, Sir, before we start the business, I would like to refer to something. You remember the other day when I raised the point about the proceedings in this House being taken outside through some means to Dr. Roy's room, you said that you want to follow Parliament and that in Parliament the Ministers sit in their room and work and that such arrangements have been made. I did not

know about it; since then I have been enquiring and I have been told today that there is no such arrangement in Parliament. Only for the President some arrangement has been made like that, but as far as Ministers are concerned no such arrangements have been made. So my only point is again to make it clear. I would not object, because Dr. Roy is ill, if he sits there and listens but the point is this information which you gave must be, I think, wrong.

**Mr. Speaker:** I will enquire but it came out in the papers.

**Sj. Bankim Mukherji:** Moreover, such a move was made in the Parliament and Parliament did not permit it.

**Mr. Speaker:** This came out in the paper; I will make enquiries.

Yes, Mr. Hemanta Kumar Basu.

**Sj. Hemanta Kumar Basu:**

স্পীকার মহোদয়, গভর্নরের স্পীচের মধ্যে অনেক কিছুই আছে, বাংলাদেশে অনেক রকম উন্নতিমূলক কর্মপন্থা গ্রহণ করা হয়েছে এবং বাংলাদেশ উন্নতির দিকে এগিয়ে চলেছে তিনি এরকম একটা উজ্জ্বল চিত্র আমাদের সামনে উপস্থিত করেছেন। কম্যুনিউটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট এবং এক্সটেনশন বুক দ্বারা দেশের সর্ববিধ উন্নতি-সাধন হচ্ছে এই চিত্র তিনি এঁকেছেন এবং এ বিষয়ে তিনি আমাদের সহযোগিতা কামনা করেছেন। কিন্তু আমরা যদি দেশের অবস্থা পুংখানুপুংখরূপে আলোচনা করি তাহলে দেখব যে দেশময় দেশের জনতার দুঃখ দারিদ্র্য এবং দুর্দ্দশা বেড়েই চলেছে। বেকার সমস্যা বেড়েই চলেছে। কৃষকরা জমিহীন হয়ে পড়ছে; শ্রমিকরা ছাটাই হচ্ছে। হাজার হাজার লোক যক্ষ্মা ম্যালেরিয়ায় প্রাণ দিচ্ছে। দরিদ্রের ওপর পুলিশী জুলুম বেড়েই চলেছে, চুরি ডাকাতি খুব বেড়েই চলেছে। আমাদের যে বেকারের সমস্যা যে পরিসংখ্যান কমিটি সরকারের পক্ষ থেকে বাংলাদেশের জন্য হয়েছিল তারা ঠিক পরিসংখ্যা দিতে পারেনি। সর্বভারতীয় ভিত্তিতে আন্‌এমপ্লয়েড বেকারদের যে পরিসংখ্যা পাওয়া যায় তাতে দেখা যায় যে ১৯৫১ সালে ৩ লক্ষ ২৯ হাজার সর্বভারতীয় বেকার ছিল, সেটা বেড়ে ১৯৫২ সালে ৪ লক্ষ ৩৮ হাজার; ১৯৫৩ সালে ৫ লক্ষ ২২ হাজার এবং ১৯৫৪ সালের আগষ্ট মাসে ৫ লক্ষ ৯৯ হাজারে এসে দাঁড়িয়েছে।

যদি এই কম্যুনিটি ডেভেলপমেণ্ট প্রোজেক্ট এক্সটেনশন বুক তা দ্বারা দেশের শিল্প উন্নতির, দেশের বেকার সমস্যা সমাধানের প্রভৃতির কথা তারা বলেছেন কিন্তু দেখা যাচ্ছে যে বেকারের সংখ্যা কমছে না, বেড়েই চলেছে। কলকাতা সম্বন্ধে ইণ্ডিয়ান ষ্টাটিসটিক্যাল বোর্ড সোসাইটি যে রিপোর্ট দিয়েছেন তাতে ৩ লক্ষ ৭৮ হাজার কর্মপ্রার্থী, তার মধ্যে ১ লক্ষ ৯৬ হাজার ২০০ শত মধ্যবিত্ত আর বাকী ১ লক্ষ ২০ হাজার ২০০ শত। কাজেই এই তিন লক্ষ ৭৮ হাজার এক শুধু কলকাতায় সহরে বেকার রয়েছে। সারা পশ্চিমবাংলার যদি ধরি তাহলে বেকারের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। সাধারণ লোকের যে জীবিকার আয় তা ডাঃ ভি, কে, রাও বলেছেন ৩১-৩২ সালে মাথাপিছু ৬২৲ টাকা ছিল। এরা বলেছেন যে এখন ২৬৫৲ টাকায় বেড়েছে। এখন এই যে আয় বেড়েছে এই আয় যদি জিনিষ পত্রের দাম যেভাবে বেড়েছে এবং নেটিভ ষ্টেটগুলি তখন রাষ্ট্রের মধ্যে ছিল না এবং দেশ বিভক্ত ছিলনা সেদিক থেকে হিসাব করলে দেখা যায় ৩১-৩২ সালের হিসাব মত আজকের মাথাপিছু যা বেড়েছে সেটা বাদ দিয়ে যদি হিসাব করি এখনকার আয় তাহলে হবে মাথাপিছু ৬৪ ২। কাজেই এইভাবে লোকের আয় বাড়ছে না, বেকার সংখ্যা বেড়ে চলেছে। জমিদারী ব্যবস্থা বিলোপের জন্য ৮০ হাজার কর্মচারীর কাজের ব্যবস্থা নেই। গভর্ণমেণ্ট যেন তাদের দেখেন। কাজেই বলছিলাম দেশ যে বিশেষ উন্নতির পথে যাচ্ছে তা নয়, দেশের মুষ্টিমেয় ধনীর সুখ সুবিধার ব্যবস্থা গভর্ণমেণ্ট করেছেন। সরকার যে সমস্ত প্ল্যান করেছেন সেখানকার সরকারি কর্মচারীরা সুখ সুবিধা ভোগ করছেন। যেখানে কম্যুনিটি প্রোজেক্ট আছে সেখানে সুন্দর সুন্দর বাড়ী তৈরী হচ্ছে এবং তার পাশেই গ্রামের সাদের জমি নিয়ে সেই কম্যুনিটি প্রোজেক্ট তৈরী করা হচ্ছে তাদের দুঃখের সীমা নেই। তাদের যে জমি দেওয়া হয়েছে তাতে চাষ করা যায় না, তাদের কোন সাহায্য করাও হয়না। গভর্ণমেণ্ট যা তৈরী করে দিয়েছেন তা দেখতে সুন্দর বটে, কিন্তু বৃষ্টি হলে জল পড়ে। এদিকে দেশময় যক্ষ্মা। গভর্ণমেণ্টের উচিৎ যেভাবে তারা ডেভেলপমেণ্ট প্রোজেক্ট নিয়ে যেমন খুব কাজ করছেন, যেভাবে তারা বন্যা হলে

দুর্ভিক্ষ হলে ব্যবস্থা করেন, সেইভাবে এই যক্ষ্মা রোগ প্রতিরোধের ব্যবস্থা করা। তারপর যে জমিদারী বিল পাশ করা হয়েছে তাতে জমিদার মাত্রই কম্পেনসেসন পাবে। এতে বর্গাদারদের অধিকার, যে রাইট তাথেকে তাদের উৎখাত করা হয়েছে। গোসাবা ইউনিয়নএ প্রায় ২০ হাজার বিঘা জমিতে তাদের বর্গাপ্রথায় চাষের যে অধিকার তা স্বীকার করা হয়নি এবং তাদের দিন মজুরে পরিণত করা হয়েছে এবং ভাগচাষ বোর্ডের কাছে অনেক কেস রয়েছে। যামিনী রাইস মিল তাদের হিসাব ইনভেষ্টিগেট করে দেখা গেল যে প্রায় ৩ লক্ষ টাকা ঘাটতি আছে।

**Mr. Speaker:**

স্পেসেফিক কেস বাজেটের সময় বলবেন।

**Sj. Hemanta Kumar Basu:**

হ্যাঁ, তাই বলব। কোঅপারেটিভ ডিপার্টমেন্ট থেকে কোন ব্যবস্থা করা হচ্ছে না। তারপরে যে সমাজ ব্যবস্থা গড়ে তোলা হবে, কংগ্রেস যে সমাজ ব্যবস্থার কথা বলছেন, সোশালিষ্ট পেটার্ণ অব সোসাইটি কিন্তু কার্য্যত: যে প্রোগ্রাম তারা নেন তাতে তা সম্ভব নয়। যে প্রোগ্রাম রয়েছে তাতে দেশকে শোষণ করবার সুযোগই পাওয়া যাবে, যারা গরীব, সাধারণ শ্রমিক যারা মধ্যবিত্ত যারা তাদের অবস্থার কোনই উন্নতি হবে না। সোশালিষ্ট পেটার্ণ অব সোসাইটি যদি করতে হয় তাহলে বড় বড় কারখানা করতে হবে, জমি চাষীর হাতে দিতে হবে তবে সোশালিষ্ট পেটার্ণ অব সোসাইটি হবে।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

আমরা বরাবর বলেছি বিচার বিভাগ ও শাসন বিভাগ পৃথক করা হোক। ইংরাজ আমলে কংগ্রেস একথা বলতেন, বিচার বিভাগ শাসন বিভাগ থেকে আলাদা করে দেওয়া উচিৎ। কিন্তু এখন কংগ্রেস আমলে বিরোধী পক্ষ এবং জনসাধারণের দাবী হচ্ছে এই দুইটি পৃথক করা শাসন বিভাগের কৃতিত্ব বজায় রাখা যে উদ্দেশ্য এটা বুঝা যায়। ডা: রায় প্রতিশ্রুতি দিয়েছিলেন এ পর্য্যন্ত কোন কিছুই তার করা হ'লনা। অন্য অনেক ষ্টেট যেমন বিহারে—সেখানে অনেক জেলায় এটা হয়েছে, কিন্তু আমাদের ষ্টেটে একটাও হ'লনা। তারপরে বিহার এই উদ্দেশ্যে একটা কমিটি গঠন করেছে।

[5-45—5-55 p.m.]

সেখানে তাঁরা ইকনমিক কমিটি করেছেন। তাঁরা বিহারে এ্যাডমিনিষ্ট্রেটিভ কষ্ট কমিয়েছেন। আগেরবার আমি বলেছিলাম একটা ইকনমিক কমিটি করে আমাদের ব্যয় সংকোচ করা হোক, কিন্তু তা তাঁরা না করে কত কর্মচারী নিয়োগ করছেন তার ইয়ত্তা নেই। আমার মনে হয় এখানকার যে খরচ সেটা হচ্ছে ৩৬ কোটি আয়ের মধ্যে ২২ কোটি।

**Mr. Speaker:**

এইগুলি আপনি বাজেট ডিস্কাশনএর সময় বললে ভাল হত, এখন গভর্ণর স্পীচের উপর বলবেন না।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

বিহারে তারা এইসব লেজিসলেসন করছেন,

"the work of the reorganisation of the Secretariat and attached offices launched in 1950 has continued vigorously and the amalgamation of all departments was completed by January 1954."

তাহলে বুঝুন সেইসব কাজ তারা করছে। আমাদের ও একটা ইকনমিক কমিটি করা দরকার। কারণ, আমাদের এ্যাডমিনিষ্ট্রেটিভ কষ্ট হচ্ছে ২২ কোটি টাকা। আমাদের মোট আয় হচ্ছে ৩৬ কোটি টাকা, তার মধ্যে যদি ২২কোটি টাকা বেরিয়ে যায় তাহলে রইল কি? কি নিয়ে ভালভাবে কাজ হবে।

তারপর মধ্যবিত্ত সম্প্রদায়, যারা স্বাধীনতা সংগ্রামের পুরোভাগে ছিল তাদের আজ দুর্দশার সীমা নাই, তাদের দুর্দশা আজ চরমে উঠেছে। তাদের সম্বন্ধে কোন ব্যবস্থার উল্লেখ গভর্ণর বাহাদুরের স্পীচের ভিতর নাই। শ্রমিক সম্প্রদায়ের ভিতর স্ত্রী-পুত্র-পরিবার সকলেই কিছু না কিছু কাজ করে থাকেন, কিন্তু মধ্যবিত্ত সম্প্রদায়ের সকলে খাটতে পারছে না, ফলে তাদের দুরবস্থা চরমে উঠেছে। তাদের স্ত্রী-পুত্র সকলকে ভাল ব্যবসায়ে লাগাতে হবে এবং তাদের অন্যান্য কাজের সুযোগ দেওয়া উচিত। তাদের অর্থ সাহায্য দিতে হবে। তাদের ব্যবসা বিষয়ে শিক্ষার জন্য বন্দোবস্ত করতে হবে, যাতে তারা হাতে-কলমে কারিগরী শিক্ষা পায়। কারণ, এটা কখনও সম্ভব নয় যে যত লোক লেখাপড়া শিখছে তারা সবাই চাকরী পাবে। এটা কখনও কোনদিন কোথাও করতে পারেনি।

আর একটা জিনিষ সামান্য বলছি। গো-হত্যা বন্ধের জন্য আমরা পূর্বে একটা রেজলিউসন এনেছিলাম সেটাকে টক্ট আউট করা হ'ল। ইট ওয়াজ টক্ট আউট কিন্তু এটা কোন পলিটিক্যাল মুভমেণ্ট নয়, একে একটা পলিটিক্যাল টার্ণ্ট দেওয়া হল। আজ খবরের কাগজে বেরিয়েছে যুক্তপ্রদেশের গভর্ণর তাঁর গভর্ণরস স্পীচে বলেছেন সেখানে কাউ স্লটার বন্ধ করা হবে এবং তাঁর জন্য একটা লেজিসলেসন শীঘ্রই আসছে। মহাত্মা গান্ধী বলেছিলেন

"cow protection to me is one of the most wonderful phenomena in human evolution. Protection of the cow means the protection of the dumb creation of God".

গতবার আমি যে রেজলিউসন এনেছিলাম তাতে কালী মুখার্জী মহাশয় এর উপর একটা এ্যামেণ্ডমেণ্ট এনেছিলেন এই বলে যে—

"recommendation of the expert committee to prevent slaughter of cattle appointed by the Government of India be awaited before amendment is made."

কিন্তু এখনত সেই (গো-সর্দ্ধন) কমিটির রিপোর্ট বেরিয়েছে, সেই রিপোর্ট অনুসারে তাঁরা কি করছেন তার কোন আওয়াজ আজ পর্য্যন্ত পাইনি। পেপসু, রাজস্থান, ইষ্ট পাঞ্জাব প্রভৃতি জায়গায় গো-হত্যা বন্ধ করা হয়েছে, বর্ম্মাতেও গো-হত্যা বন্ধ করা হয়েছে এবং উত্তর প্রদেশে করতে যাচ্ছে। সুতরাং আমাদের বাংলাদেশে এটা করলে কোন ক্ষতি হবে বলে আমি মনে করি না। এটা আমাদের একটা ক্রাইং নিড, এরজন্য এ পর্য্যন্ত প্রায় তিন হাজার লোক জেলে গিয়েছে। কিন্তু বড়ই দুঃখের বিষয় এই বার্ণিং কোয়েশ্চেন সম্বন্ধে কোন কথার উল্লেখ এখানে নাই।

তারপর মেদিনীপুর, বাঁকুড়া, ঝাড়গ্রাম সবডিভিসনে এবং আরও অন্যান্য জায়গায় ভাল ধান জন্মায় নাই। জলের অভাবে এ-বছর আউস ধান একেবারে হয় নাই, কোন জমিতে বিঘা প্রতি এক মণ, আধমণের বেশী ফলে নি। আমার নিজের জমি আছে আমি জানি। ঝাড়গ্রামে আভা মাইতি গিয়েছেন এবং তিনিও নিজে স্বচক্ষে দেখে এসেছেন সেখানে কোথাও বিঘা প্রতি আধ মণের বেশী ধান হয়নি। সেখানকার প্রজাদের বাঁচাবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন তার কোন উল্লেখ এই গভর্ণর্স স্পীচেরএর মধ্যে নেই। সেখানকার কৃষকেরা গভর্ণমেণ্টের কাছ থেকে লোন নিয়েছিল সেই লোন শোধ করবার টাইম এক্সটেনসন চেয়েছিল, কিন্তু তা না দিয়ে তাদের মাল ক্রোক করা হয়েছে। বহু কষ্টে এখন এইটা করা হয়েছে যে যার ইচ্ছা সে তাই দিয়ে যাবে। তারপর এখানে গ্র্যাচুইটাস রিলিফ ও টেষ্ট রিলিফএর সে রকম কোন ব্যবস্থাই হচ্ছে না। সরকারী সাহায্যে দুস্থ লোকদিগকে টাকা ধার দেওয়া দরকার, এবং টেষ্ট রিলিফএর কাজ আরম্ভ করা দরকার ও ফাইভ ইয়ার্স প্লানএর কাজ এখানে আরম্ভ করা সত্বর দরকার। আজ যারা সাধারণ মজুর শ্রেণী তাদের খাটাবার মত অবস্থা সেখানে নাই। সুতরাং এইগুলির ব্যবস্থা যদি এক্ষণি না করা হয়, তাহলে শীঘ্রই সেখানে দুর্ভিক্ষ দেখা দেবে। বড়ই দুঃখের বিষয় গভর্ণর্স স্পীচের মধ্যে এর কোন উল্লেখই নাই।

আর একটা কথা উল্লেখ করতে চাই। এই মধ্যবিত্ত সম্প্রদায়, যাঁদের কথা একটু আগে বলেছি, যাঁরা ইংরাজ রাজত্বের সময় কংগ্রেসের আন্দোলনে সাহায্য করেছিলেন ও পুরোভাগে ছিলেন তাঁরা আজ কোথায়? আর যাঁরা ইংরাজ গভর্ণমেণ্টকে সাহায্য করেছিলেন তাঁরাই আজ কংগ্রেসের পৃষ্ঠপোষক, তাঁদের নাম করতে চাই না। (এ ভয়েস—নাম বলুন) নাম বললে অনেক নাম করতে পারি। যাদের অনেকে তখন আমাদের একখানা চেয়ার বা বেঞ্চে পর্য্যন্ত বসতে দেয়নি। আমিও তখন কংগ্রেসে ছিলাম; এমনও হয়েছে যে আমরা তখন একখানা গামছা পেতে কংগ্রেসের সিটিং করেছি। আজকে তাঁরাই গভর্ণমেণ্টের পুরোভাগে এসেছেন। আজ যদি এই গভর্ণমেণ্ট চলে গিয়ে অন্য গভর্ণমেণ্ট আসে তাহলে তাদেরই আবার দেখবেন সেই গভর্ণমেণ্টের পিছনে পিছনে ছুটছেন।

মেদিনীপুর ও বাঁকুড়া জেলায় যে আসন্ন দুর্ভিক্ষ দেখা যাচ্ছে, সেই আসন্ন দুর্ভিক্ষের হাত থেকে জনসাধারণকে ত্রাণের ব্যবস্থা করুন। সেখানে যাতে টেষ্ট রিলিফ এর কাজ যথাসম্ভব শীঘ্র আরম্ভ হয় তার ব্যবস্থা করুন। সেখানে ফাইভ ইয়ার্স প্লান ও কম্যুনিটি ডেভেলপমেণ্ট প্রোজেক্টএর কাজ সত্বর আরম্ভ করুন। সেখানে ভাল রাস্তা-ঘাট নির্ম্মাণের সত্বর ব্যবস্থা করুন। মেদিনীপুরের দাঁতন থানার মোহনপুর, গোপীবল্লভপুর প্রভৃতি অঞ্চলে এবং বর্দ্ধমানের কতক অংশ এবার অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়েছে, সেখানে এবার মোটেই ধান হয় নাই। এ বিষয়ে সত্বর ব্যবস্থা অবলম্বন করুন।

**Sj. Bijoylal Chatterjee:**

স্পীকার মহোদয়, আমি বিরোধী পক্ষের নানারূপ প্রতিকূল সমালোচনা শুনেছি। আমরা কংগ্রেস পক্ষের লোকরা এমন কথা কখনও বলিনি যে হিতব্রতী রাষ্ট্র বলতে যা বোঝায় তার স্বপ্নকে আমরা পুরাপুরি ফলবান করতে পেরেছি। কংগ্রেস গভর্ণমেণ্টের হাতে এমন কোন আলাদ্দিনের প্রদীপ নেই যে ইচ্ছামাত্র সব কিছু পূর্ণ হয়ে যাবে। আমরা জানি বৃটিশ গভর্ণমেণ্টকে ভাঙতে আমাদের যে তপস্যার প্রয়োজন হয়েছিল সাম্রাজ্যবাদের চিত্তাভস্মের উপর দেশকে নূতন করে গড়ে তুলতে তার চাইতে আরও অনেক তপস্যার প্রয়োজন আছে। আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের কথা শুনে আমার মনে হয়েছে—ড্রেন ইন্সপেক্টর্স রিপোর্ট যে কথা বলে ছিলেন মহাত্মা গান্ধী মিস্ ম্যায়োর "মাদার ইণ্ডিয়া" পড়ে, তঁদের কথা শুনে আমার সেই পুরাতন কথা মনে পড়ে গেল। তাঁরা এই স্বাধীন ভারতবর্ষে কংগ্রেস গভর্ণমেণ্ট যে সমস্ত গঠনমূলক কাজ করেছেন তার কোন পরিচয় আমাদের সামনে রাখলেন না। আমাদের যেখানে যেখানে কিছু কিছু ত্রুটী আছে, সেই ত্রুটী বিচ্যুতিগুলি আমাদের কাছে বড় করে তুলে ধরেছেন। (এ ভয়েস—তাহলে স্বীকার করছেন আপনাদের ত্রুটী বিচ্যুতি আছে।)

[5-55—6-5 p.m.]

ত্রুটী বিচ্যুতি স্বীকার করতে আমরা ভয় পাইনা। আমাদের পণ্ডিত জওহরলাল নেহেরু আবাদী কংগ্রেসে কংগ্রেসের ভিতরকার গলদের কথা সমস্তই প্রকাশ্যভাবে জগৎকে জানিয়ে দিয়েছেন। কারণ, আমরা জানি আমাদের অপূর্ণতা, আমাদের ত্রুটী বিচ্যুতি যদি আমরা স্বীকার করি তার দ্বারা আমাদের পরিকল্পনা ছোট হবে না, বরং আমাদের সেইসব গলদ-গুলো আমরা সংশোধন করবার সুবিধা পাব। আমরা একথা খুব ভাল কোরে জানি যে আমাদের পিছনে এত লোকবল আছে, ভারতবর্ষের জনসাধারণের এতখানি সহানুভূতি এই প্রতিষ্ঠান অজর্জন করেছে ফাঁকি দিয়ে নয়, স্লোগান দিয়ে নয়, শোভাযাত্রা বার কোরে নয়, বড় বড় বুলি ফাটিয়ে নয়, মার্কস্-বাদের বড় বড় কথা ব'লে নয়; তপস্যার দ্বারা, দুঃখবরণের দ্বারা, ব্রিটিস সাম্রাজ্যবাদের বিরুদ্ধে দীর্ঘকাল ধ'রে সংগ্রামের দ্বারা আমরা জনসাধারণের হৃদয়ে এমন একটা আসন প্রতিষ্ঠিত করতে পেরেছি যে যদিও আমরা আমাদেব দোষত্রুটী স্বীকার করি তবু আমরা জানি যে তাদের হৃদয় থেকে আমাদের আসন কেউ টলাতে পারবে না। আমাদের আসন এত ভঙ্গুর ভিত্তির উপর নয়। কিন্তু আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের মুখে শুনতে পাইনা যে তাঁদের দলেব বা তাঁদের কোন গলদ আছে। কারণ তাঁরা জানেন যে তাঁদের আসনের ভিত্তি সুদৃঢ় নয়, এবং তাঁরা তা স্বীকার করলে তাঁদের আসন টলমল কোরে উঠবে।

বন্ধুগণ। "ফাইভ-ইয়ারস্ প্ল্যান" আমরা আমেরিকার কাছ থেকে ধার করেছি একথা আমাদের বিবোধী পক্ষের এক বন্ধু বলেছেন। আমরা আমেরিকা থেকে এ প্ল্যান ধার করিনি। আমাদের রবীন্দ্রনাথ শ্রীনিকেতনে বহু-কাল পূর্বে গ্রামোন্নয়নের এই পরিকল্পনা গ্রহণ করেছিলেন, এবং যাঁরা রবীন্দ্রনাথের চিন্তাধারার এবং কর্ম্মধারার সঙ্গে ভালভাবে পরিচিত তাঁরা জানেন যে গ্রামকে পূর্ণ কববার পরিকল্পনা, গ্রাম্যজীবনকে সর্বতোভাবে পরিপূর্ণ করবার আদর্শ রবীন্দ্রনাথ শুধু নিজের কাব্যে নয়, গদ্যে এবং পদ্যে এবং নানা প্রকার লেখার ভিতর দিয়ে দিয়েছেন তা নয়, তিনি নিজের কাজের ভিতর দিয়েও একথা সপ্রমাণ কবেছেন। সুতরাং যারা বলেন আমরা আমেবিকা থেকে এই "ফাইভ-ইয়ারস্ প্ল্যান" ধার করেছি তাঁদের কথা একেবারেই ঠিক নয়। তবে এর মানে এই নয় যে আমরা রুশিয়া বা আমেরিকা বা চীন এদের কাউকে ছোট বা হেয় মনে করি। আমরা মনে করিনা যে এদের কাছ থেকে নেবার কিছু নেই, বরং আমরা বিশ্বাসকরি যে সত্যের রাজ্যের কোন সীমারেখা নাই, এবং সকল দিক থেকেই সত্যকে গ্রহণ করা যেতে পারে। সে জন্য আমরা পৃথিবীর কোন জাতির কাছ থেকে কোন কিছু গ্রহণ করতে কুণ্ঠিত নই। আমাদের জাতির পিতা মহাত্মা গান্ধীর জীবনের কথাগুলি যদি ভাল কোরে পড়ে থাকি তাহলে দেখতে পাব তাঁর জীবন দর্শনের ভিতর একদিকে যেমন রুশিয়ার টলষ্টয়, তেমনি আর একদিকে আমেরিকার থোরো এবং ইংলণ্ডের রাস্কিন রয়েছেন। তিনি পশ্চিম থেকে কোন কিছু গ্রহণ করতে ভয় পান নি। সেই রকম আমরাও ভয় পাইনা। আমাদের যে মন্দির সেখানে সত্যকে গ্রহণ করবার জন্য অনেক দরজা জানালা খোলা আছে; কিন্তু আমাদের বিরোধী পক্ষীয় বন্ধুদের মন্দিরে একটিমাত্র দরজা খোলা, এবং সেটা মার্কস্‌বাদের দরজা। তাঁরা গীতা-উপনিষদের শাশ্বত ভগবানকে পৃথিবী থেকে নির্বাসিত করেছেন বা করবার চেষ্টা করছেন। তাঁরা তাঁদের মন্দিরে আর এক নুতন ভগবানকে প্রতিষ্ঠিত করেছেন। দাড়িওয়ালা ইহুদী ভগবান। মিঃ স্পীকার আমরা শুনেছি ন্যাবা রোগ হ'লে সমস্ত কিছু হলদে দেখে। এই যে এখন বসন্তকালে গাছে গাছে নূতন শ্যামল পত্রোদ্গম হচ্ছে যাদের ন্যাবা হয়েছে তারা দেখে এ সবই হলদে। আমাদের বন্ধুগণ মনে করেন যে কংগ্রেস

গভর্ণমেণ্ট যা কিছু করছেন তার একমাত্র প্রেরণা হচ্ছে আগামী ইলেক্‌শন্ কি কোরে জয় করা যায়। এটা ওদেরই মনের কথা। কারণ, আমরা দেখতে পাচ্ছি যে আমরা গ্রামে যখনই কোন কাজ করতে যাই সে সময় কোন জায়গায় আমরা দেখ্‌তে পাইনা যে এই কমিউনিষ্ট বন্ধুগণ আমাদের গঠনমূলক কাজে কোথাও আমাদের সঙ্গে যোগ দিয়েছেন। বরং চেষ্টা করেছেন কি কোরে ঘোলা জলকে আরও ঘোলাটে করা যায়, ইংরাজীতে যাকে বলে "টু ফিস্ ইন ট্রাব্‌ল্ড ওয়াটার্স।" যেখানে মানুষের কোন রকম দুর্গতি বা বিপদ সেখানে তাঁরা সেই দুর্গতি বা বিপদের সুযোগ গ্রহণ করেন নিজেদের দলীয় নীতিকে ভালভাবে পরিপুষ্ট করবার জন্য।

মিঃ স্পীকার। আর একজন বন্ধু এই কথা বলেছেন যে তাঁরা শীঘ্রই কংগ্রেসকে হটিয়ে দেবেন এবং তাঁরা পাওয়ার ক্যাপচার করবেন। আমি কিন্তু মনে করিনা যে, যেপন্থা তাঁরা অবলম্বন করেছেন সেই পন্থায় একশ বৎসরেও তাঁরা নিজেদের প্রতিষ্ঠিত করতে পারবেন। এর বহু প্রমাণই আমরা দিনের পর দিন দেখতে পাচ্ছি। উপস্থিত এই শান্তিপুরের এবং কলিকাতার নির্বাচনে সেকথা বেশ ভাল বোঝা যাচ্ছে। এর কারণও আছে। কারণ এইযে তাঁরা সমস্ত জিনিষটাকে ভাল কোরে তলিয়ে দেখেন না। আমি একজন গ্রামবাসী, গ্রামেই বাস করি। আমি দেখেছি যে দুশ বছরের পরাধীনতার ফলে আমাদের গ্রামগুলি শ্মশান হয়ে আছে। আমাদের গ্রামে যে মানুষ আছে দীর্ঘকাল ধ'রে তারা সুসম খাদ্য পায়নি, দীর্ঘকাল ধ'রে তারা নানা রকম বন্ধনে শৃংখলিত হয়ে ছিল। এই শতাব্দীর পর শতাব্দী অনাহারে থাকার ফলে তাদের প্রাণশক্তি লোপ পাওয়ার মত; তাদের আবার সঞ্জীবিত করা তপস্যাসাপেক্ষ, সাধনা সাপেক্ষ। আমরা কখন একথা মনে করতে পারিনা যে কংগ্রেস গভর্ণমেণ্ট রাতারাতি সমস্ত পরিকল্পনাকে সফল কোরে তুলবেন। জনসাধারণের সক্রিয় সহযোগ অর্জন করতে হবে। তা নাহলে কোন পরিকল্পনাই—যত সুন্দর এবং যত ভালই সেটা হউক, সেই পরিকল্পনা কখনও ফলবতী হবে না। সেই জন্য আমাদের মস্তবড় কাজ জনসাধারণের শক্তিকে উদ্‌বুদ্ধ কোরে তোলা, আর সেটা কখন নিন্দা-বাদের দ্বারা সম্ভব নয়, সেটা সম্ভব তাদের মধ্যে কাজ কোরে। তারজন্য প্রয়োজন তাদের মধ্যে থাকা, এবং তাদের জীবনের সঙ্গে নিজেদের জীবনকে ওতঃপ্রোতঃভাবে মিলিয়ে দেওয়া। আমি জোরের সঙ্গে বলতে পারি যে যেসব জায়গায় গ্রামের মধ্যে আমরা কাজ করি সেখানে কোন কমিউনিষ্ট বন্ধুকে আমরা দেখলাম না। দেখলাম না তাঁরা কোন স্কুল করবার কাজে, কোন রাস্তা গড়বার কাজে, কোন হাঁসপাতাল গড়বার কাজে বা অন্য কোন রকম গঠনমূলক কাজে এগিয়ে এসেছেন; বরং দেখেছি যেখানে দেশবাসীর অসহায়তা এবং দুর্গতি সেইখানে তাঁরা তার সুযোগ নিচ্ছেন। তাঁদের একমাত্র লক্ষ্য কংগ্রেস গভর্ণমেণ্টকে নানাভাবে হেয় প্রতিপন্ন কোরে আগামী নির্বাচনে কেমন কোরে তাঁরা জয়লাভ করতে পারেন। সেই নির্বাচনে জয়লাভ তাঁদের মধ্যে আছে বোলেই তাঁরা সেটা আমাদের উপর চাপিয়ে দিচ্ছেন।

স্পীকার মহাশয়। আমি আমার এই সামান্য কয়েকটি বক্তব্য আপনার কাছে নিবেদন করলাম।

[6-5—6-15 p.m.]

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

মাননীয় স্পীকারমহাশয়, আমাদের কবিবর বিজয়লাল চট্টোপাধ্যায় মহাশয়ের বক্তৃতার উত্তরে কবির লড়াই করতে চাইনা। আমরা এখানে রাজ্যপালের বক্তৃতার সম্পর্কে আলোচনা করতে চাই। তিনি একদিকে তাঁর বক্তৃতায় সরকারের কয়েকটা পরিকল্পনার অতি চমৎকার রঙ্গীন দিক আমাদের সামনে তুলে ধরেছেন কিন্তু অন্য-দিকে আমাদের দেশের যে দুরবস্থা রয়েছে সে সম্পর্কে কোন উচ্চবাচ্য করেননি। তাঁর কতকগুলি আপনার মাধ্যমে সভার সামনে তুলে ধরতে চাই। আমাদের এই দেশের মধ্যে বেকার সমস্যা এমন ভয়াবহ রূপ নিয়েছে তার সমাধান করার জন্য যে হেভী ইণ্ডাষ্ট্রী গড়ে তুলে এই দেশকে এগিয়ে নেওয়া যায় সেই সম্পর্কে কোন ইঙ্গিত করেননি। তাছাড়া আমাদের দেশ দিনের পর দিন কিভাবে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে তার কয়েকটি চিত্র আপনাদের কাছে উপস্থিত করব। আমাদের দেশের যে ক্রাইম্‌স্ তার সংখ্যা আপনাদের সামনে উপস্থিত করছি। এই কলিকাতা সহরেই দেখা যাবে ১৯৫৩ সালের তুলনায় ক্রাইমের পজিশন এইরূপ। গত বছর হত্যাকাণ্ড সংঘটিত হয় এই সহরে ৬২টি। আগের বছর হয়েছিল ৫৭টি। গতবছর জালজুয়াচুরি হয়েছিল ১,৩১০, আগের বছর ১,৪০২ এবং এই সহরে ডাকাতি হয়েছিল ৫৮টি। ১৯৫৩ সালে হয়েছিল ৫৯টি। বড় চুরি হয়েছে গত বছরে ১,২৩০, ১৯৫৩ সালে হয়েছে ১,২২৩ অন্যান্য চুরি হয়েছে ৫,৩৪১। ১৯৫৩ সালে ৫,২২৩, পকেটমারা কেস্ ১৯৫৪ সালে ৬৪৬ তার আগের বছর হয়েছে ৬২৯। ১৯৫৪ সালে ছোট ছেলেদের কাছ থেকে গহনাচুরি কেস্ ৮৪টি গত বছর হয়েছে ৮৯টি। ১৯৫৪ সালে সাইকেল চুরির কেস্ হয় ৫১৬। ১৯৫৩ সালে হয়েছে ৫২৮।

**Mr. Speaker:** That is a very good Budget Speech.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

এইখানে দেখা যাবে আমাদের দেশ কোন উন্নতির দিকে এগুচ্ছেনা। এইসব ক্রাইম চেক্ করার ব্যাপারে যে ক্রাইম মানুষকে সন্ত্রস্ত করে তোলে সে সম্পর্কে আমাদের সরকার একেবারে নির্বাক। শুধু তাই নয়, আমি আর একটা জিনিষ তুলে ধরতে চাই সেটা হচ্ছে আমাদের দেশের লেবার মুভমেন্ট (শ্রমিক আন্দোলন) সেই সম্পর্কে। যুগ যুগ ধরে সংগ্রাম করে শত শত শহীদের রক্তের বিনিময়ে শ্রমিকরা কিছু কিছু অধিকার কর্তৃপক্ষের কাছ থেকে ট্রেড ইউনিয়ন মারফৎ আদায় করতে সক্ষম হয়েছে। যে অধিকার তারা এত সংগ্রাম করে পেয়েছে সেটা প্রয়োজনের তুলনায় খুব কম। এই অধিকার বিশ্বের গণতান্ত্রিক রাষ্ট্রের তুলনায় অত্যন্ত অকিঞ্চিৎকর। কিন্তু তথাপি আমাদের দেশের কর্তৃপক্ষের আক্রমনে সেই ন্যায় সঙ্গত দাবীরও আজ কণ্ঠরোধ হতে চলেছে।

**Sj. Anandagopal Mukherjee:** Somebody must have written it for you. (এ ভয়েস—চুপ কর।)

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

এই আক্রমনমূলক কতকগুলি ঘটনা একখানে দিচ্ছি। হাওড়ার ট্রেড ইউনিয়ন আন্দোলনে যা ঘটেছে সেই আন্দোলনকে বন্ধ করার জন্য কতকগুলি লোককে অভিযুক্ত করা হয়েছে—

**Mr. Speaker:**

ডিটেইলসে যাচ্ছেন কেন, গভর্ণরের স্পীচ সম্বন্ধে বলুন এইসব বাজেট স্পীচের সময় বলতে পারবেন।

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

আমি দেখাচ্ছি এরা কিভাবে দেশের ভিতর সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করছেন।

**Mr. Speaker:**

সে সবতো ১৪ দিন ধরে বলতে পাবেন।

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

আমি দেখাতে চাচ্ছি সরকার কি ভাবে দেশের মধ্যে আতঙ্ক সৃষ্টি করতে চাইছেন। সরকার কোথায় কি ছিটে ফোঁটা করেছেন, সেগুলি ফলাও করে রাজ্যপাল বলেছেন কিন্তু কোথায় সরকার লাঠি দিয়ে শ্রমিকদের মাথা ভাঙ্গছেন, ইউনিয়ন ভাঙ্গছেন তার সংখ্যা এত বেশী যে তা বাজেটের সময় বলেও শেষ করা যাবে না—(ভয়েস —এ যে দেখছি বাচ্চা ষ্ট্যালিন।)

**Sj. Nepal Chandra Roy:**

স্যার, একে আনন্দ বাচ্চা ষ্ট্যালিন বলে অভিহিত করছে। এটা উইথড্র করতে বলুন।

**Mr. Speaker:** Please sit down.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

তারপর ব্যারাকপুর ও হাওড়ায় কংগ্রেস বিরোধী শ্রমিক ইউনিয়ন যেখানে আছে সেগুলি ট্রেড ইউনিয়ন এ্যাফিলিয়েটেড্ হওয়া সত্ত্বেও সেখানে কংগ্রেস সভাপতি অতুল্য ঘোষ ও মজুর মন্ত্রী কালীপদ মুখার্জী মহাশয় শ্রমিক আন্দোলন দমন করার জন্য মালিকদের সঙ্গে ষড়যন্ত্র করছেন। এই রকম অনেক উদাহরণ আমার কাছে রয়েছে। মজুর মন্ত্রী শ্রীকালীপদ মুখার্জী তাঁর জনৈক আত্মীয়ের সাহায্যে মালিকদের সঙ্গে সহযোগিতা করে শ্রমিক আন্দোলনের মধ্যে বিভেদ আনতে চেষ্টা করছেন।

**Mr. Speaker:**

এখানে অতুল্য ঘোষের কথা বলছেন কেন? মন্ত্রীদের কথা বলতে পারেন।

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

এইরকম ভাবে দেখা যাচ্ছে যে শ্রমিকদের আন্দোলন ধ্বংস করবার জন্য, নিজেদের দলগত প্রতিষ্ঠার জন্য, মন্ত্রীদের আশ্রিত স্বজন পোষণের জন্য, মালিকদের সঙ্গে ষড়যন্ত্র করে এরা কাজ করছেন। ব্যারাকপুর

এস, ডিওর কার্য্যকলাপ সম্বন্ধে কিছু বল্‌তে হয়। সেখানে দেখা যায় যে শ্রমিক আন্দোলন দমন করবার জন্য কারখানার মালিক ও পুলিসের সঙ্গে হাতে হাত মিলিয়ে সেখানে টেরর সৃষ্টি করেছেন। আজকে দেখ্‌তে পাচ্ছি শ্রমিক বিভাগের সঙ্গে শাসন বিভাগ একত্র হয়ে মালিকদের সঙ্গে সহযোগিতা করে ত্রয়োস্পর্শ যোগে একটা সন্ত্রাসের রাজত্ব চালিয়েছে। কিন্তু এ সম্বন্ধে কোন উল্লেখও রাজ্যপালের ভাষণে দেখ্‌তে পাই না।

**Mr. Speaker:**

সেগুলি কি তিনি বল্‌বেন? সেগুলি ত আপনারা বল্‌বেন।

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

আমি সেই ত্রুটিগুলিই দেখাচ্ছি।

তারপর এত প্রমাণ আছে যে দেখা গেছে শ্রমিকরা যখনই আইনানুগতভাবে ষ্ট্রাইক করেছে মালিকের পক্ষ নিয়ে তাদের অনেককে পুলিশ গ্রেপ্তার করেছে এবং পুলিশ কাষ্টডিতে নিয়ে গেছে এবং পরে কোর্ট-এ উপস্থিত করা হলে তারা মুক্তি পেয়েছে। এইভাবে যে শাসনের নামে শ্রমিক দলনের একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি করা হচ্ছে সে সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই। তারপর রিফিউজি, শ্রমিক, বেকার সমস্যা, কুটীর-শিল্প, স্বাস্থ্য ও চিকিৎসা, শিক্ষা প্রভৃতি অন্যান্য যে কোন সমস্যা আছে সেখানেই দেখা যাবে এই কংগ্রেস সরকার সর্ব ক্ষেত্রেই ব্যর্থতার পরিচয় দিয়েছেন। সমস্ত জায়গায় এমন সমস্ত ব্যবস্থা করেছেন, যার ফলে দেশের অগ্রগতিতো হয়ইনি, এমন কি দেশকে যে কোথায় নিয়ে যাচ্ছেন সে সম্পর্কে তারা সচেতন পর্য্যন্ত নন। আমরা দেখতে পাচ্ছি যখনই সাধারণ মানুষ রুটির জন্য আন্দোলন করেছে, সেই সময় কংগ্রেস সরকার পুলিশ লেলিয়ে দিয়ে তাদের কণ্ঠরোধ করবার সাহায্য করেছে। শুধু তাই নয়, প্রলোভন দিয়ে জাতীয়তাবাদী কাগজ-গুলিকে পর্য্যন্ত হাত করে দেশের মানুষের উপর অত্যাচার করবার জন্য শয়তানী ষড়যন্ত্র চালিয়েছে।

[6-15—6-25 p.m.]

এখানে মন্ত্রীসভা যদি জাতির অগ্রগতিমূলক কোনও পরিকল্পনা নিয়ে আসতেন আমরা নিশ্চয়ই তাহলে তাঁকে ধন্যবাদ জানাতাম, কিন্তু গভর্ণরের স্পীচে যেটুকু পেয়েছি তাতে তার কোন আভাষ নেই। বৃটিশ সাম্রাজ্যবাদ যে পথ দেখিয়ে গেছে, সেই পূঁতিগন্ধময় পথে এই কংগ্রেস সরকার চলছেন এবং বিদেশী ধনিক-বণিকের স্বার্থে দেশকে বিদেশীদের কাছে বিকিয়ে দিচ্ছেন। রাজ্যপালের বক্তৃতার মধ্যে আছে শুধু তারই প্রশস্তি।

**Sj. Jyotish Joarder:**

মাননীয় স্পীকার মহোদয়, এখানে আমাদের এই বিতর্ক যেভাবে গড়ে উঠেছে, তাতে এমন একটা পরস্পর বিরোধী মনোভাব উগ্র হয়ে উঠেছে যে সমগ্র এসেম্বলী গৃহ যেন পোলারাইজড হয়ে গেছে। সারা ঘরটা যেন একটা উষ্ণ এ্যাটমোসফীয়ারে সারচার্জড হয়ে আছে। তাই গোড়াতেই বলি, যদি বিরোধী পক্ষের কথাবার্ত্তাকে শুধু বিরোধের জন্যই বিরোধ হিসাবে ধরে না নেওয়া হয় তাহলেই হাউসের মনোযোগ আকর্ষণ করতে প্রয়াসী হই। কেবলমাত্র ডেমোক্রেসী এর দাবীতে উত্তেজনা বৃদ্ধি করতে আমি চাইনে। যুক্তির অবতারণাই করতে চাই।

দেখতে পাচ্ছি রাজ্যপালের ভাষণে আমাদের রাজ্যের বর্তমান অবস্থার রূপ প্রকাশ পায়নি। সমস্যার একটা ফিরিস্তি দেয়া হয়েছে বটে। কিন্তু তা দেখে প্রথমেই যে জিনিষটি আমার চোখে পড়েছে সেটি এই। ভাষণের মূল কথা ও দৃষ্টিভঙ্গীর সঙ্গে দেশের যে বর্তমান সমস্যা তার বিরোধ প্রবল। সরকারপক্ষ যে মনোভাব নিয়ে এই সমস্যার সামনে দাঁড়াচ্ছেন সে-সম্বন্ধেই দুয়েকটি কথা আমি বলবো। আমি যা বলবো তা আপনার কাছে সত্য মনে হবে। শুধু বলার জন্য আমি বলবোনা। প্রথম কথা হচ্ছে, রাজ্য সরকারের কোন প্ল্যান আছে কিনা। আমি দেখছি প্ল্যান এর পর প্ল্যান টেনে যাওয়া হচ্ছে—পরিকল্পনার কোন অভাব নেই। নেই শুধু ন্যাশনেল প্ল্যান। দেশের মধ্যে আইসোলেটেড কতকগুলি প্ল্যান আছে। কতকগুলি বড় বড় কাজও করা হচ্ছে। তাতে হয়ত ভবিষ্যতে ফসলও ফলবে। কিন্তু সে ফসল কাদের জন্য ফলবে এবং কতদিনে ফলবে সে সম্বন্ধে কর্ত্তৃপক্ষ সচেতন নন। আমাদের দেশের বর্তমান দুর্দশা বেড়েই চলেছে। অথচ প্ল্যানও হচ্ছে; অর্থ-বরাদ্দও হচ্ছে। প্রয়োজনের সঙ্গে উৎপাদনের কোন সামঞ্জস্য নেই। এ যেন হিমালয়ের সঙ্গে বঙ্গোপসাগরের সম্বন্ধ। একদিকে সাধারণের স্বার্থ সাগরের তলায় মিলিয়ে যাচ্ছে আর অপর দিকে গুটিকয়েক স্বার্থ হিমালয়ের মাথায় চড়ে বসে আছে।

আমাদের জনসাধারণ গরীব মানুষ--তাদের হাতে পারচেজিং পাওয়ার কি আছে; আমাদের খাদ্য-শস্য নাকি এবার বাড়তি হয়েছে। অথচ কত মানুষ না খেয়ে মরছে। ভোগে না লাগলে যা কিছু উৎপন্ন হবে তাই নাস্তানাবুদ হয়ে যাবে। কারণ, তাদের কিনবার ক্ষমতা নেই। সাধারণের ক্রয়-ক্ষমতা কি তাই ভেবে যদি পরিকল্পনা হত তাহলে দেশের মানুষ আজ কি খাবে, কাল কি পরবে, তারই ব্যবস্থা পেত এবং তার সঙ্গে ভবিষ্যতের ভাবনাও ভাবতে পারত।

যদি স্বাস্থ্য ব্যবস্থার দিকে চাই, কি দেখতে পাই? না, নতুন ক'টি হাসপাতাল হয়েছে; গোটা কয় বেড বেড়েছে; দুয়েকটি হাসপাতাল নিয়ে হয়ত দুনিয়ার সামনেও গর্ব করা যায়। কিন্তু প্রয়োজনের তুলনায় তা কতটুকু; অল্পকয়েক জন হয়ত হাসপাতালে আশ্রয় পাচ্ছেন; আর অসংখ্য রোগী দূর থেকে হাসপাতাল দেখে মরছে। তাদের যেন জন্মই শুধু মৃত্যুযন্ত্রণার জন্য। তাদের চিকিৎসার কি আয়োজন? ম্যাজিকের দানে তাদের সব ব্যবস্থা হয়ে যায় তা আমি দাবী করছিনে। কিন্তু ট্রেণ্ডটা কি? আমাদের তেমন পরিকল্পনা কোথায় যাতে করে সাধারণের আশু চাহিদা মিটাবো, এই ভাবে এত দিনে তার স্থায়ী সমাধান করবো?

এই যে কম্যুনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট, তার মধ্যে কি দেখতে পাই? এতে প্রজেক্ট আছে, ডেভেলপমেণ্ট আছে কিন্তু কম্যুনিটি কথাটার তাৎপর্য খোঁজা বৃথা। ফুলিয়া রিফিউজি টাউনশিপ এর প্রথম এবং প্রধান মডেল। তার কি হাল বর্তমানে? কিছুদিন সরকারী নিয়ন্ত্রণে এক্সপেরিমেণ্ট করে করে বঙ্গ সরকার একে একে বেশ কতগুলি শিল্প-শাখার কাজ বন্ধ করে দিলেন আর কতকগুলি শাখা উপশাখা স্বার্থান্বেষী মহাজনদের কাছে বিক্রী করে দিলেন। আর যারা এ-ব্যাপারে বছরের পর বছর খেটে খেটে অভিজ্ঞতা অর্জন করলেন তাদেরকে হোলসেল রিট্রেঞ্চ করলেন। অবশ্য শেষ পর্যন্ত এক মিষ্টেরিয়াস কারণে তাদেরকে পুনর্বহাল করতে সরকার বাধ্য হয়েছিলেন। বাস্তুহারা কর্মীদেরকে লায়াবিলিটি মনে না করে যদি এ্যাসেট মনে করে অগ্রসর হতেন তাহলে সরকার খেয়াল খুশী মত এমন একটা হোলসেল রিট্রেঞ্চমেণ্ট-এর কথা ভাবতেও পারতেন না। সরকারের সত্যিকারের কোন পরিকল্পনা এদের সম্বন্ধে নেই। শুধু দায় এড়াবার প্ল্যান আছে। সরকার নিজেরা যা ম্যানেজ করতে পারলেন না, সেটাকে পুঁজিপতিদের হাতে ছেড়ে দিয়ে এলেন। এখন সেখানে প্রডাক্সন যা হবে, সেটা কাদের জন্য হবে? এই পুঁজিপতিদের জন্যই হবে, তাতে জনসাধারণের কোন লাভ নেই। শুধু তাঁরা হবেন শোষিত। আপন সামগ্রিক দৃষ্টিভঙ্গীর অভাববশেই দেশের লোকের সহানুভূতি পাননা সরকার।

বছরের পর বছর শুনে এলাম বাস্তুহারাদের সমস্যা এবারে মিটিবে। অথচ, এতাবৎ আনুষ্ঠানিক পুনর্বাসনের বেশী কিছু চেষ্টাও করা হয়নি। পূর্বে শুনেছি টাকা নেই। এবারে কেন্দ্র বলছে টাকার অভাব নেই; অভাব শুধু রাজ্য সরকারের খরচ করবার ইচ্ছার বা চেষ্টার। রাজ্য সরকার বলেন কনষ্টিটিউসন দাঁড়িয়েছে পথে। এই বাধাটা কি আগে জানা ছিলনা; না, তার প্রতিবিধান এর পূর্বে হতে পারতো না? সম্প্রতি সরকার রব তুলেছেন অর্থনৈতিক পুনর্বাসনের জন্য বাস্তুহারা এলাকায় স্মল এবং মিডিয়াম ইণ্ডাষ্ট্রী পত্তন হবে। কিন্তু তার ম্যানেজমেণ্টের ভার নেবার জন্য সেই পুঁজিপতিদেরকে আহ্বান জানান হয়েছে। মুনাফাই যাদের একমাত্র মোটিভ তাদেরকে দেয়া হচ্ছে বাস্তুহারা শোষণের চূড়ান্ত সুযোগ। সরকার নিজেহাতে কেন ম্যানেজমেণ্ট নিলেন না? সরকার হয়ত ভুল করতে পারেন। ভুল সকলেরই হতে পারে কিন্তু সিন্‌সিয়ারিটি অব এ্যাফোর্ট নিয়েই আসল কথা। সে দিকে সরকার যাবেন না। না জেনে বুঝে কাজে লাগবেন এবং মাঝখানে খেমে যাবেন। দুর্ভোগ ভুগবে জনসাধারণ।

[6-25—6-35 p.m.]

তারপর আসছে, বেকার সমস্যার কথা। এ-ব্যাপারে সারা ভারতে যে কথা উঠছে, এখানেও সেই কথা। এক্সটেনসন অব ফাইভ-ইয়ার প্ল্যানের ফলে সারা দেশে শিল্পের প্রসার হচ্ছে; উৎপাদন বেড়েই চলেছে। অথচ তার সঙ্গে সঙ্গেই বেকার সমস্যাও বেড়েই চলছে। আমাদের গভর্ণরও বলেছেন রাজ্যে আনএম্প্লয়মেণ্ট বেড়েই চলেছে অবশ্য তিনি মুষ্টিমেয় মধ্যবিত্তের বা কুটীর-শিল্পে দুচারজনের কর্মসংস্থানের কথা তুলে বৃহৎ সমস্যাকে ঘোলাটে করে ফেলেছেন। শিক্ষিত মধ্যবিত্তের যে বেকার সমস্যা তার সমাধান একান্ত দরকার; সন্দেহ নেই। কিন্তু বৃহত্তর বেকার সমস্যারই বা কি সমাধান? তার পিছনে এম্প্লয়মেণ্ট পোটেনসিয়াল-এর কথা তুলে নিছক একটা এ্যাকাডেমিক ডিসকাশান করা হয়েছে। শিল্প-সমৃদ্ধির যে সম্ভাবনার কথা বলা হয়েছে তাতে নাকি দুর্গাপুর রূঢ় অব ওয়েষ্ট বেঙ্গল হবে। সে কথা সবাই ভেবে খুশী--আমরাও খুশী। সেদিকে তেমন কোন পরিকল্পনা বা কোন

পথ তো দেখছিনে। হঠাৎ বলা হল্ল ফ্রু তৈরী হচ্ছে। কোথায় হবে, কেমন করে হবে? বিদেশী কর্তারা আমাদের কর্তৃপক্ষের সঙ্গে মিলে আলোচনা করছেন। ইণ্টার-ন্যাশন্যাল ব্যাঙ্ক থেকে পৃথিবীর বড় বড় পুঁজিপতিরা এসে আমাদের পুঁজিপতিদের সঙ্গে হাত মিলাবেন। এখানেও সেই ব্যক্তিগত মুনাফার লোভকেই প্রাধান্য দেয়া হবে। আর তারই আদান-প্রদানের ব্যাপারে গ্যারাণ্টার থাকবেন আমাদের সরকার। আর কিছু হোক, না হোক আমাদের দেশের সব সম্পদ তাতে মর্গেজ হয়ে থাকবে। কোন বিষয়ে আমাদের সরকার যথার্থ জাতীয় কল্যাণের কোন পরিকল্পনা নিয়ে নিজের দায়িত্বে কোন কাজ করতে পারছেন না। প্রকৃত ন্যাশন্যাল প্ল্যানিং সম্বন্ধে কোন কথা বলবার তার অধিকার নাই। সব কিছু প্রফিট মোটিভ-এর হাতে ঠেলে দেওয়াই তাদের প্ল্যান।

তারপর হচ্ছে ভাষাভিত্তিক প্রদেশ গঠনের কথা। প্রদেশ নির্বিশেষে ভারতবর্ষের মধ্যে সংস্কৃতিপ্রেমিক বা দেশপ্রেমিক এমন মানুষ নেই যিনি ভাষা ভিত্তিক প্রদেশ পুনর্গঠনের প্রয়োজনে বিশ্বাস বা গুরুত্ব আরোপ করেন না। এখানে এ্যাসেম্ব্লী থেকে আমরা শুনতে চেয়েছিলাম এই ভাষা ভিত্তিক ব্যাপারে কিছু বলবার আছে কিনা এই সরকারের। কিন্তু আশ্চর্য্য ব্যাপার একটি কথা সেখানে নেই। আজ আমাদের ভাষা ও কৃষ্টি বিপন্ন। অথচ তার সম্পর্কে একটি কথাও স্থান পেল-না বাংলার গভর্ণরের বক্তৃতার মধ্যে! অদ্ভূত!

গভর্ণরের ভাষণে সহযোগিতার কথা আছে। সম্ভবমত সহযোগিতা আমরা করতে চাই। আমরা যদিও বিরোধী পক্ষের--আমরা জানি--যা কিছু প্রস্তাব পাশ হয়ে যায় আমরা তার বিরুদ্ধে থাকলেও, তাতে ডেমক্রেশীর কল্যাণে আমাদেরও দায়িত্ব থেকে যায়। এটা সরকার পক্ষের দেশ, আমাদেরও দেশ বলে জনসাধারণের স্বার্থে একসঙ্গে হাত মিলাতে বাধ্য থাকি। কিন্তু সম্মানজনকভাবে সে সহযোগিতা দানের ব্যবস্থাও নেই, সে সহানুভূতিও নেই। একটা সরকারী দলগত নীতি যখন সমস্ত জাতির সম্পদকে বিপন্ন করছে, নষ্ট করছে, তখন মুখে সহ-যোগিতার কথা বলা মানে আমাদেরকে ঠাট্টা করা ছাড়া আর কিছুই নয়। এতে দলগত প্রচারই আসল কথা। উত্তর বঙ্গে এত বড় একটা সর্বনাশ হয়ে গেল --বন্যায় বাড়ীঘর লোক জন সব ভেসে গেল, কত মানুষ মরে গেল। আশুপরিত্রাণের ব্যবস্থা নেই; মন্ত্রীরা দেখলাম হাওয়াই জাহাজে চড়ে সার্ভের কাজে লেগে গেলেন। আমি অসুস্থ হয়ে পড়েছিলাম পত্রিকার গায় দেখলাম কেন্দ্র হতে রাজ্য পর্য্যন্ত মন্ত্রীদের ছবিতে বন্যা ঢেকে গেছে। এতে দুর্গত মানুষের দুঃখ আরো বাড়িয়ে দেয়া হল। যে মুহূর্তে এত বড় ক্যালামিটি দেখা দিয়েছিল, সেটা ডিটারমিন করতে হলে মন্ত্রীদের দরকার নাই তারা তো আর এক্স্‌পার্ট নন্--সেই মুহূর্তে তাঁদের উচিৎ ছিল বরং সৈন্য সামন্তদেরকে সেখানে সুইস করে দেয়া। তাদেরকে বলা উচিৎ ছিল তোমরা ঝাঁপিয়ে পড়ো--এ্যাণ্ড ফেস হোয়াটএভার বি দি ডেঞ্জার--আমরা পরিত্রাণের যাবতীয় মালমশলা জুটাবো। কিন্তু সেদিকে সরকার গেলেন না, তা তাঁরা করলেন না। তাঁরা সেখানে গেলেন পলিটিক্যাল উদ্দেশ্যে আত্মপ্রচার করবার জন্য। তাঁদের উচিত ছিল সেখানে অবিলম্বে রিলিফ পৌছে দেয়া--কোথায় বিপদ-আপদ হয়েছিল তাই জেনে। আমি তখন হাসপাতালে থেকে সমস্ত সংবাদ পেয়েছি। আমি ভাল থাকলে নিশ্চয়ই এর জন্য সরকারের দরজায় ধর্ণা দিতাম। যেখানে সমস্ত মানুষ ভেসে যায়, মরে যায় সেখানে তারা পরিত্রাণ চায় মন্ত্রীদেরকে দেখতে চায় না। তাঁরা বরং কন্ট্রোল রুমে বসে রিলিফের নির্দেশ চালাতেন। তাঁরা যদি দুঃস্থ দুর্দশাগ্রস্ত মানুষের হাতে রিলিফ, কাপড় চোপড়, চাল ডাল পৌছে দিতেন, সেই কাজের পেছনে যদি তাঁরা লেগে থাকতেন এবং যথাকালে নিজেরা গিয়ে দেখতেন, পরিদর্শন করতেন--যে স্থানে চাল-ডাল জিনিষপত্র পাঠান হচ্ছে সেখানে তা ঠিকমত যাচ্ছে কিনা, লোকে তা পাচ্ছে কিনা, তা হলে দেশের লোক তাঁদের দুহাত তুলে আশীর্বাদ করতো, তাঁদের ছবি পত্রিকায় বের করতে হত না। জনসাধারণ তাঁদের খুজে বার করত কৃতজ্ঞতা জানাবার জন্য।

আজ আমাদের দেশ নানা ভাবেই বিপন্ন; আজ যদিও আমরা সরকার পক্ষে না থাকি তবু দেশের বিপদের সময় হাতে হাত মিলাতে বাধ্য হতাম। কিন্তু সে সহযোগিতা নিতে সরকার চাননা। তারা সব সময় আমাদেরকে বাইরে ঠেলে রাখতে চান। কারণ আমরা বিরোধীপক্ষ।

আমি এত অসুস্থ যে আমার পক্ষে দাঁড়িয়ে এত কথা বলা উচিত নয়। তবু প্রাণের আবেগে তা না বলে পারলাম না, যদি আমার কথায় এতটুকু চৈতন্য, বা দেশের এতটুকু কাজ হয়। হয়ত হোল্ সেখানে আর একবার মাত্র বলবো। আমার একথায় সরকারী দৃষ্টিভঙ্গীর যদি সংশোধন হয় ভাল; না হলেও আমাদের চেষ্টা ব্যর্থ হবে না। অপজিসনে আছি, অপজিসনে না হয় চিরকাল থাকবো। দেশের প্রতি কর্তব্য আমরা করবই। জয়হিন্দ।

**Sj. Jogesh Chandra Gupta:** Mr. Speaker, Sir, the Governor in his speech has made a survey of the present condition and the measures undertaken by his Government to tackle the problems before the State. Nowhere has the Governor said that all that is desired has been done, nowhere has he pleaded for complacency. I was, therefore, surprised when criticism was made that the Governor simply complimented and one speaker went to the length of characterising his speech as hypocritical. The Governor says "There are big and even intractable problems before us. The reduction of unemployment is one, the problem of rural uplift is another and rehabilitation of refugees is yet another. In these matters my fervent appeal to all of you is that in placing before the House, your individual approach to the problems, you will not lose sight of the objective. It is only with the co-operative endeavour of you all that we shall win the battle against ignorance and poverty". After this, I should have expected that it would have been recognised that the Governor indicates that whatever his Government has done and may do, our object will not be achieved until the co-operation of the people and all-out effort of the people of the State are received. Can this be considered as hypocritical? I will only say that those who charge the speech as hypocritical only judge according to their own standard. He has also indicated the problems of unemployment, common uplift and refugee rehabilitation as looming large before us.

[6-35—6-45 p.m.]

And he has drawn particular attention to two things especially contemplated legislation out of many in the list, namely, (1) the Land Reforms Bill which is intended to ameliorate the condition of the common people, the tillers of the soil and (2) the *Gram Panchayet* Bill which in a revolutionary but peaceful manner would try to bring about a change in the administration and hand over the future administration to the people, for the people and by the people. These are the two measures to which he has invited attention; and I am sure that his object in drawing attention of the members to these measures was to obtain from them co-operation. May I ask: will the parties in this House co-operate in the speedy enactment of these two vital measures which have become necessary for the purpose of the common uplift as also for a change in the system of administration? You cannot possibly stop corruption; you cannot possibly do away with some of the ills attendant with this system of Government from top, unless and until you hand over the administration to the people, to the *gram panchayets* who will be under the constant surveillance of the people of the *panchayet*, and who will, I am sure, be removable by a vote of the people, if they go wrong. So, the Governor has indicated that these are the two measures which will be considered in this session.

Sir, I have heard some criticism about the community development project. There also because the machinery is not forthcoming, because full co-operation of the people is not available, the target has not been reached. But those of us who had an occasion to see the community development project at work, have seen that interest in village uplift is clearly shown by the people. This is not only shown theoretically, but they contribute by labour, by land and even by money a portion of the expenses that are being incurred. Is not that a real progress? The community development project will achieve its main object, if the attitude of the people, if the inactivity or the passive attitude of the people is changed into active work for the uplift of their village and of their neighbours.

Now I shall say that the Government is not at all unmindful to the need of the common people. I will invite my friends opposite to go and see one institution wihch is growing in Jhargram. You will remember our Constitution provided for doing away with the ban on criminal tribes. There were certain people who were regarded as criminal tribes, and they had to attend thana every week, and they lived in the forest. They had no fixed habitation of their own and were forced to resort to crime for their livelihood. Our Chief Minister was pleased to sanction a scheme, and the result of it has been that in a village where there were no huts previously, they have constructed very good huts. They are cultivating land and they have now given up theft and other questionable work. So, this is the kind of work that is being done. I do not claim that we have been able to do all that is necessary, but it requires your co-operation. The last speaker said that they wanted to offer co-operation, but that co-operation is not accepted. Sir, who can refuse, who can prevent them, if they take up a village and try to improve the lot of villages by introducing night schools? It is said that many night schools have been closed, and why? The night schools had been functioning before, and if they have been closed, it is because, the people are not yet alive to their duties and responsibilities. It is up to us to go to them and tell them that in order to share the heavy responsibilities that are coming upon them under the provisions of the *Gram Panchayet* Bill, they must go to schools. We cannot go on increasing indefinitely expenditure on education. Voluntary efforts are necessary. There are cases of voluntary efforts for educating the people. Can the Government, can Mr. Sen, the Relief Minister, prevent any of us from going and working among the villagers and trying to improve their lot?

Then with regard to crimes, as I have said, we need better organisation to stop crime, but here again we know that the police expenses are heavy. But we can always organise a vigilance party or village resistance party. Nobody can stop it. Some of us in our constituencies, who have oragnised vigilance parties, have been able to achieve results. There has been no night theft in an area which at any rate was a victim to many thefts. I, therefore, say that it is the approach, it is the outlook that we want. Let us realise our heavy responsibilities. The measures are there. It may be that the reform has not been as quick as we wish. There are many reasons, but we can accelerate our effort. I shall expect the Opposition to give proof of their earnestness regarding the uplift of the men by enacting these two measures as speedily as possible. Sir, as the red light is on, I shall not take more of your time.

**Sj. Rakhahari Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে সরকার পক্ষের এবং সরকারী মন্ত্রীবর্গের প্রশংসায় পঞ্চমুখ; তাতে তাঁদের গুণগান আমরা যথেষ্ট শুনতে পেয়েছি। কিন্তু যে কয়টা সর্বাপেক্ষা অত্যাবশ্যক জিনিষ সে সম্বন্ধে মহামান্য রাজ্যপালের দৃষ্টিপাত হয়নি বোলেই আমি মনে করি। আমি সত্যই সুখী হতাম যদি সত্যই জনকল্যাণমূলক রাষ্ট্রের যে রূপ সেটা তাঁর মুখে প্রতিধ্বনিত হয়ে উঠত যে

"ন মে জনপদে স্তেনো ন কদর্য্যো ন মদ্যপঃ
নানাহিতাগ্নির্ণাবিদ্বান্ স্বৈরী স্বৈরিণী কুতঃ।"

আমি এ রাজ্যের রাজ্যপাল; এরাজ্যে চোর থাকবেনা, প্রাচুর্য্যের ঢেউ বইবে, অভাব থাকবে না; এর মধ্যে কোন কৃপণ ব্যক্তি থাকবে না, কোন নিরক্ষর এবং মদ্যপ থাকবে না, কোন মূর্খ থাকবেনা, কোন স্বৈরী বা লম্পট থাকবেনা। এই হ'ল জনকল্যাণমূলক রাষ্ট্রের আদর্শ; কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোন চিহ্নই দেখতে পাইনা। বরং যে দুর্নীতির স্রোত আজ চলেছে বাহিরে এবং ভিতরে তারই যেন প্রতিধ্বনি শুনতে পেয়েছি। মহামান্য রাজ্যপালের ভাষণে ডাইরেক্টিভ প্রিন্সিপল-এর কথা শুনতে পাই নি।

[6-45—6-58 p.m.]

আর্টিক্যাল ৪০-তে যে গ্রাম পঞ্চায়েতের কথা আছে সে খুব ভাল কথা। গত জুলাই মাস থেকে এই কলকাতায় যে আন্দোলন চলেছে এবং যার ফলে দুহাজার লোক কারাবরণ করেছে সেই যে গোহত্যা আন্দোলন তার উপর সরকারের দৃষ্টি পড়েনি। বরং তারা আত্মপ্রসাদ লাভ করেছেন। সত্যই আমাদের এই সরকার গোহত্যার পক্ষপাতী এবং গোহত্যার সমর্থক। কিন্তু আর্টিক্যাল ৪০-৪৮ কি বলে? ভারতের উত্তর প্রদেশ বোম্বাই কংগ্রেস শাসিত প্রদেশ। সেখানে আমরা কি দেখতে পাই? সেখানে রাজ্যপাল মাননীয় মুন্সী মহাশয় তার যে ভাষণ দিয়েছেন তাতে তিনি বলেছেন "সমগ্র উত্তর প্রদেশে গোহত্যা নিবারণ করবো।" তাতে সকল দলের সদস্যই আনন্দ করেছেন, চিয়ার আপ করেছেন। সেটা কি ভারতবর্ষের মধ্যে নয়? আর এখানে দেখতে পাই পশ্চিমবঙ্গে--গত জুলাই মাসে যা দেখেছিলাম আজও দেখছি চিয়ারিং-এর পরিবর্ত্তে গ্রিয়ারিং। এর চেয়ে লজ্জার আর কিছু হতে পারেনা। সংবিধানের মর্য্যাদা যে সরকার দিতে পারেনা, তার জন্য তার লজ্জিত হওয়া উচিত। সেখানে তারা আনন্দ উৎসব করছেন আর এখানে আমাদের কথা শুনে উপমন্ত্রীমহাশয় হাসছেন --অতীব লজ্জার কথা। বৃটিশ আমলে হিন্দুর কোন কথা বলতে গেলেই দেশকে সাম্প্রদায়িকতাদোষে দুষ্ট বলা হত আর এখন গরুর কথা বলতে গেলেই এরা সাম্প্রদায়িকতা বলে আখ্যা দেন। আমি মন্ত্রীমহাশয়কে জানাতে চাই যে উত্তর প্রদেশে গোহত্যা নিবারণী যে সমিতি ছিল তাতে দুজন বিচক্ষণ মুসলমান সদস্যও ছিলেন তারা হলেন ছত্রির নবাব ও রামপুরের নবাব। তারা অগ্রণী হয়ে সমগ্র উত্তর ভারতে যে গোহত্যা হচ্ছে তা বন্ধ করবার জন্য রেকমেণ্ড করেন আর আমাদের পশ্চিমবঙ্গে এর ব্যতিক্রম করে এরা আনন্দ করছেন। আর এরা ষড়যন্ত্র করে বন্ধ করে দিয়েছিলেন গোহত্যা নিবারণী আন্দোলনকে। এবং কেউ কেউ বলেছিলেন যারা এই গোহত্যা নিবারণী আন্দোলন করে তাদের অনেকেই ভেজালের কারবার করে। কিন্তু জিজ্ঞাসা করি আমাদের এই বাংলাদেশকে ভেজাল থেকে মুক্ত রাখার জন্য কি আইন প্রণয়ন করছেন? আজ পর্য্যন্ত কিছুই দেখতে পাইনা। বরং যারা এই সরকারের পরিপোষক, যার কংগ্রেসের নির্বাচনে টাকা জোগায় তারাই হচ্ছে চোরাকারবারী এবং ভেজাল কারবারীর সমর্থক। তারাই আবার গোহত্যা আন্দোলনের নিন্দা করেন তার চেয়ে আর দুঃখের বিষয় কি হতে পারে? সেজন্য অনুরোধ করবো: রাজ্যপালকে আমরা সানন্দে অভিনন্দিত করবো, তার সরকার যদি ডাইরেক্টিভ্ ৪৮ আর্টিক্যাল-এর নির্দ্দেশ মেনে চলে। অতি দুঃখের কথা এবং আমি জানি মন্ত্রীদের হয়ত আমার এই কথা ভাল লাগবেনা। কিন্তু এটা অতি সত্য কথা। আমি একথা জোর করে বলতে পারি ভারতবাসী হিন্দুই হউক আর মুসলমানই হউন যারা গোহত্যার বিরোধী তারা সাম্প্রদায়িকতায় বিশ্বাসী নন। আমি আনন্দিত হয়েছি যে আজকে সংবাদপত্রে দেখলাম উত্তর প্রদেশের সদস্যবৃন্দ বিধানসভায় গোহত্যা নিরোধ আইনকে সানন্দে গ্রহণ করেছেন। কিন্তু এখানে মুস্কিল হচ্ছে হিন্দু বল্লেই ভীষণ বিপদ। সেকুলার ষ্টেট এই ভারতবর্ষে বাঙ্গালী কিছু বল্লেই সেটা হয় প্রদেশিকতা। কিন্তু আমাদেরই পাশে কি হচ্ছে দেখুন। আমার বাড়ী বাকুড়া জেলায় আর একটু গেলেই মানভূম ধলভূম পড়ে। সেখানে আজ যে অত্যাচার চলেছে তা সকলেই জানেন। কিন্তু বাংলাদেশে কি বলা হচ্ছে? তাতে সকলের মুখে চুণকালি দেওয়া হয়েছে, যখন আমরা দেখতে পেলাম যে আমাদের প্রধানমন্ত্রী ডাঃ রায় পাটনায় যেয়ে বল্লেন যে বাঙ্গালীর প্রতি কোন অত্যাচার করা হয়নি। তাই কমিসন-এর সামনে বিধানবাবুর এই যে সার্টিফিকেট যদি দেওয়া হয় তাতে সমগ্র বাংলাদেশের অধিবাসীদের লাঞ্ছিত ও অপমানিত করা যা হবে তাকে বাঙ্গালী কখনো ক্ষমা করবেনা। (শ্রীযুত আনন্দগোপাল মুখার্জ্জী--কোশ্চেন) এটা কোশ্চেন নয়, এর কোন প্রতিবাদ আমরা দেখতে পাইনি; প্রতিবাদ করুন সেটাই আমরা চাই। বহু পূর্ব্বেই এই জিনিষটি প্রকাশিত হয়েছে যে পশ্চিম-বাংলার মুখ্যমন্ত্রী একথা বলেছেন কিন্তু তার কি অধিকার এরকম কথা বাংলার পক্ষে বলবার? আমরা জানি তিনি এরকম কথা বলে থাকেন। আর ওদিকে কি হচ্ছে। সেই বিহারে শ্রীকৃষ্ণ সিংহ কি বলেছেন। তারা আমাদের মালদহ প্রভৃতি জায়গা দাবী করেছেন। আমরা জানি শ্যামাপ্রসাদের মৃত্যুর এনকোয়ারী দাবী করলে তিনি বলেছিলেন "ইট ইজ নট দি অপরচুন মোমেণ্ট।" তারপর কিছু দিন পরে বল্লেন হতে পারেনা। এইভাবে তিনি দুরকমই বলে থাকেন। এই ডুয়েল ব্যাপার আমরা আগেও দেখেছি। এখানেও সেই বক্ফাইটই চলছে। আর আমরা জানি বিহার সরকারের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার গোপন ষড়যন্ত্র চালাচ্ছে (ডেসিভ্ ফাক্টার) আবার এই কথা যদি সত্য না হয় তাহলে আমি আনন্দিত হব--ক্ষমা চাইব আপনাদের কাছে। এই ষড়যন্ত্র সত্য কথা। বাংলার মুখ্যমন্ত্রীর কি এরকম কথা বলতে লজ্জা করেনা? তার জন্য তাঁর ক্ষমা প্রার্থনা করা উচিত সমগ্র বাংলা-দেশের কাছে। আমি জানি বিহারীরা বলবে এক ইঞ্চি বাংলাকে দেবনা; আর এখানে আমরা বলবো আমাদের এই বাংলাদেশ সকলের জন্য।

**Sj. Ananda Gopal Mukherjee:**
আপনার এই সংবাদের ভিত্তি কি?

**Sj. Rakhahari Chatterjee:**
হা ভিত্তি আছে--

The statement of Sj. Atulya Ghosh appears in the *Hindusthan Standard* of today.

**Mr. Speaker:** Please do not make too much capital out of a newspaper 'eport.

**Sj. Rakhahari Chatterjee:**
স্যার এটা বেরিয়েছে অন দি হিন্দুস্থান ষ্টাণ্ডার্ড অব টু-ডে: এটা অত্যন্ত প্রাসঙ্গিক।

**Sj. Ananda Gopal Mukherjee:** He does not know how he is injuring :he cause of West Bengal by making such untrue statement.

**Sj. Sudhir Chandra Ray Chowdhury:**
ডা: রায় যখন খবরের কাগজ এখানে দাঁড়িয়ে দাঁড়িয়ে পড়েন তখন তা বলতে পারেন কি করে?

**Sj. Ananda Gopal Mukherjee:** I would ask my friends to come to their senses and not to say these things; at the cost of the Province they want to be popular.

**Sj. Rakhahari Chatterjee:** We are unpopular to the fullest extent because I belong to an organisation which is called Hindu Mahasabha, but still I am a Hindu Mahasabhaite. I do not want to be popular; I do not want office. I will carry on propaganda on what I think is right. Let me tell you that I went to Manbhum and I was externed by the Bihar Government. This Government did not save me. I was externed and I was prosecuted. This is the kind of Government we have.

আজ একদিকে মাননীয় রাজ্যপাল মহাশয় বলেছেন যে বেকারসমস্যা আংশিক সমাধান করার চেষ্টা হচ্ছে। আমরা স্বীকার করি যে প্রাথমিক বিদ্যালয় মারফৎ কিছু কিছু সমুদ্রে বারি বিন্দুর মত হচ্ছে। একদিকে বেকার সমস্যা সমাধানের কিছু কিছু চেষ্টা অপর দিকে বিরাট নূতন বেকারী সৃষ্টির আয়োজন। একদিকে কিছু শিক্ষক নিয়োগ করছেন, আর একদিকে জমিদারীস্বত্ব লোপের সঙ্গে সঙ্গে প্রায় ৪৫ লক্ষ কর্ম্মচারী যারা এই জমিদারীতে নিযুক্ত ছিল তাদের বেকার করে দেওয়া হচ্ছে কিন্তু এ সম্পর্কে রাজ্যপালের অভিভাষণে কিছুই নাই। সুতরাং এই সমস্ত কর্ম্মচারীদের যদি কোন ব্যবস্থা না হয় তাহলে বাংলাদেশের বিপদ বাড়বে, লোকের অবস্থা আরও দুর্দ্দশা-গ্রস্ত হবে কিন্তু এ সম্পর্কে কোন কিছুর উল্লেখ বা নীতি রাজ্যপালের ভাষণে দেখতে পেলামনা। তাছাড়া যে কথা শুনতে পাচ্ছি আই ওয়াণ্ট কো-অপারেশন ফ্রম দি পাব্লিক তারা কো-অপারেশন চান, পাব্লিক দেয়না। কো-অপারেশন সরকার চাইতে পারেন, কিন্তু মন্ত্রীবর্গ সত্যিই তো কো-অপারেশন চান না। মাননীয় সুধীর বাবু যা বলেছেন যে সিলেক্ট কমিটিতে যারা রয়েছেন শিক্ষক নিয়োগের ব্যাপারে, সেখানে একমাত্র সরকারী কর্ম্মচারী এবং কংগ্রেসের দলভুক্ত ছাড়া বাইরের একটি লোককেও নেওয়া হয়নি। এর ফলে কো-অপারেশন দেব কি করে? কো-অপারেশন দিন বলতে গেলে বলবেন লোকটা আমাদের খোসামোদ করছে--যোগ্য ব্যক্তির যোগ্য মর্য্যাদা দান। নিয়ম নির্দ্দেশ, রীতি বলতে এদের কিছু নেই। কনষ্টিটিউশন-এর ৪৮নং ডাইরেক্টিভ প্রিন্সিপল বাংলাদেশে চালু করছেন না। কোন ব্যক্তিবিশেষের আমরা নিন্দা করছিনা। সারা বাংলাদেশের স্বার্থে যা প্রয়োজন তার কিছুই দেখছিনা। আমরা দেখতে চাই এমন বাংলাদেশ যেখানে চোর নেই, লম্পট নেই, বেকার নেই, দুঃখ-দুর্দ্দশা নেই। উত্তর প্রদেশ সৌরাষ্ট্র প্রভৃতি স্থানের মত যখন এখানে গোহত্যা নিবারণ হবে তখন বুঝব সংবিধানের উপর সরকারের সত্যিই শ্রদ্ধা আছে।

**Mr. Speaker:** The House stands adjourned till 9-30 a.m. tomorrow. There will be no questions tomorrow.

## Adjournment.

The House was accordingly adjourned at 6-58 p.m. till 9-30 a.m. on Saturday, the 12th February, 1955, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 12th February, 1955, at 9-30 a.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble Saila Kumar Mukherjee) in the Chair, 15 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 180 Members.

[9-30—9-40 a.m.]

### Amendments to the motion of Address in reply to Governor's speech.

**Sj. Subodh Banerjee:**

মি: স্পীকার, স্যার, রাজ্যপালের ভাষণে আমরা অনেক আশার কথা শুনলাম। তিনি আশাবাদী নি:সন্দেহ। আশাবাদী হওয়া আমি অন্যায় মনে করি না। কিন্তু সেই আশাবাদ যদি বেশীদূর যায়, সমাজের যা বাস্তব অবস্থা, তার চিত্র যদি সেখানে ঠিকভাবে ফুটে না ওঠে, তাহ'লে বলতে হবে যে, আমাদের যা সমস্যা তা সমাধান করা দূরে থাকুক তার সম্মুখীন হওয়ার ঠিক পথই ধরা হ'ল না। আমরা জানি এমন কোন পরিকল্পনা কেহই গ্রহণ করতে পারে না যা রাতারাতি সব সমস্যার সমাধান করে দিতে পারে। এ কথা নিশ্চয়ই বিরোধী পক্ষ থেকে কেউ বলেননি, বলতেও কেউ পারেন না যে, কংগ্রেসের হাতে আলাদীনের প্রদীপ থাকতে হবে যা রাতারাতি সমস্ত কিছু পাল্‌টে দেবে। আমি শুধু এইটুকু বলতে চাই কংগ্রেসের সব পরিকল্পনা যদি সঠিক হ'তো, তাহ'লে যে সমস্ত সমস্যা দ্রুতগতিতে খারাপের দিকে এগিয়ে যাচেছ, সেই খারাপ দিকে যাওয়ার গতিটা অন্তত: বন্ধ হ'তো; সমস্যার সমাধান করতে পারুন আর না পারুন পরিকল্পনা ঠিক হলে অবস্থা অধিকতর খারাপের দিকে কখনই যেতে পারে না। পশ্চিম বাংলাদেশের দিকে তাকিয়ে দেখলে দেখবেন চূড়ান্ত বেকার সমস্যা সারা দেশকে গ্রাস করেছে। আমরা জানি পঞ্চ-বার্ষিক পরিকল্পনা দ্বারা কংগ্রেস, বেকারের সংখ্যা যা বেড়ে চলেছে তা বন্ধ করতে পারেননি। তাঁদের এই পরিকল্পনা যদি সুষ্ঠু ও সঠিক হ'তো তাহলে অন্তত: বেকারের সংখ্যা বাড়তো না। কিন্তু দেখা যাচেছ পরিকল্পনা চার বছর চালু হবার পরেও বেকার সমস্যার সমাধান হওয়া দূরে থাকুক, বেকার সমস্যা উত্তরোত্তর বেড়েই যাচেছ। এই বাস্তব ঘটনা হতে তাহলে নি:সন্দেহে বলতে পারা যায় যে, এই পরিকল্পনার দ্বারা বেকার সমস্যার সমাধান করা যাচেছ না। আমি মার্কসীয় অর্থনীতির ছাত্র। ঐ অর্থনীতির কথা বলবো না কারণ তাহলেই ওঁরা চেঁচাবেন। আমি বুর্জোয়া ইকনমির, ধনতন্ত্রবাদী অর্থনীতির কথাই বলব। "সোসালিষ্ট প্যাট্যার্ণ অব সোসাইটী" যাকে "মিক্সড্‌ ইকনমি" বলে কিন্‌স্‌ ও মিসেস রবিনসন বলেছেন দেখা যাক তাঁদের হিসাবমতে পশ্চিম বাংলায় বেকারের সংখ্যা কত। পশ্চিম বাংলার মোট ২ কোটী ৪৮ লক্ষ লোক সংখ্যার মধ্যে ১ কোটী ২ লক্ষ ২৪ হাজার ৮০৩ জন কর্মক্ষম ও কর্মেচ্ছুক বেকার ও আধাবেকার। কর্মক্ষম বেকারের সংখ্যা নিরুপণ করতে আমি ১৭ থেকে আরম্ভ করে ৫৫ বছরের যে সমস্ত লোক যারা কাজ করতে সক্ষম ও কাজ করতে ইচ্ছুক, তাদের সংখ্যা ধরেছি এবং তাদের সংখ্যা হচেছ ১ কোটী ২ লক্ষ ২৪ হাজার ৮০৩ জন। কলিকাতার হিসাব সম্প্রতি বেরিয়েছে। একেবারে সম্পূর্ণ বেকার যাকে ইনভলান্টারি আন্‌এম্‌প্লয়েড্‌ অর্থনীতি বলে তাদের সংখ্যা হচেছ ২ লক্ষ ৩৪ হাজার ১০০ জন, আর মোট বেকার এবং অর্দ্ধ বেকারের সংখ্যা কলকাতায় হচেছ ৪ লক্ষ ৪৯ হাজার ৩০০ জন। যদি ১৬ থেকে ৫৫ বছরের কর্মক্ষম ও কর্মে ইচ্ছুক লোকের সংখ্যা ধরা হয়, তাহলে দেখবো কলকাতায় যা কর্মক্ষম ও কর্মে ইচ্ছুক লোক সংখ্যা তাদের অর্দ্ধেকই হচেছ বেকার ও অর্দ্ধ বেকার। চার বছর আগেকার চেয়ে এখন এই সংখ্যা অনেক বেড়ে গিয়েছে। লোক সংখ্যার বৃদ্ধি বাদ দিয়েও কেন এমন অবস্থা? কেবলমাত্র লোক সংখ্যা বৃদ্ধির জন্যই তাহলে বেকার ও অর্দ্ধ বেকারের এই সংখ্যা বৃদ্ধি নয়। যদি সরকার এমন কোন পরিকল্পনা গ্রহণ করতে পারতেন যাতে করে এই বেকারের সংখ্যা বেড়ে যাওয়া বন্ধ হ'তো সংখ্যা ষ্ট্যাটিক অর্থাৎ স্থির থাকত তাহলে না হয় বুঝতাম পরিকল্পনায় কাজ হচেছ। কিন্তু তা তো হ'চেছ না। আগের আগের বছরের বেকারের সংখ্যার সঙ্গে পরের পরের বছরের সংখ্যা তুলনা করলে দেখবো প্রতি বছর উত্তরোত্তর

এই বেকারের সংখ্যা বেড়েই যাচ্ছে। এই বেকারত্ব বেড়ে যাওয়ার সাথে সাথে জীবন ধারণের মান নেমে যাচ্ছে এবং জীবন ধারণের ব্যয় বেড়ে যাচ্ছে। এই ঘটনা হতে এটা স্বাভাবিকভাবেই প্রমাণ হয় যে, সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তা গণপরিকল্পনা নিশ্চয়ই নয়, তার দ্বারা জনসাধারণের অবস্থা ভাল হওয়ার বদলে কেবলই খারাপের দিকে যাচ্ছে। এবিষয়ে কোন সন্দেহ নাই। সরকার বলছেন তাঁরা সোস্যালিষ্ট প্যাটার্ণ অব ইকনমি আনয়ন করবেন। কংগ্রেসের হোমরা চোমরা পণ্ডিত নেহরু, ডাঃ বিধান চন্দ্র রায় প্রভৃতি আরম্ভ করে চুণোপুঁটি পর্য্যন্ত সবাই এই কথা বলে আসছেন, আরাম হারাম হ্যায়। বাংলাদেশে এই যে ১ কোটী ২ লক্ষ ২৪ হাজার ৮০৩ জন লোক বেকার, এঁরা কি সব আরাম চেয়েছেন জিজ্ঞাসা করি? তাঁরা কথায় কথায় আওয়াজ তোলেন উৎপাদন কর নতুবা ধ্বংস হও। এই সমস্ত লোক কি উৎপাদন করতে অস্বীকার করেছেন? দিন না তাদের কাজ। তখন যদি তাঁরা কাজ না করেন, তাহলে তখনই কেবলমাত্র এই কথা বলতে পারেন "প্রডিউস অর পেরিশ," "উৎপাদন কর নতুবা ধ্বংস হও"। আমাদের বেলায় "প্রডিউস্ য়্যাণ্ড পেরিশ্" "উৎপাদন কর এবং ধ্বংস হও" হয়েছে। ঘটনার দিকে তাকিয়ে দেখুন। পাট কল, সওদাগরী অফিস, ব্যাঙ্কের দিকে তাকান। সেখানে শ্রমিক কর্মচারীরা আরও কাজ করতে চায়। কিন্তু র‍্যাশনাইলেজেসানের নামে তাদের কাজ হতে ছাঁটাই করে দেওয়া হচ্ছে। শুধু কি তাই, ক্যাপিটালিষ্ট ইকনমিক ক্রাইসিস্—পুঁজিবাদী সঙ্কট—দেশের অর্থনীতিকে চেপে ধরেছে। বেকারের সংখ্যা বৃদ্ধি, ট্যাক্সের বোঝা বৃদ্ধি, জীবন ধারণের ব্যয় বৃদ্ধির জন্য দেশের জনসাধারণের ক্রয় ক্ষমতা হ্রাস পেয়েছে ভীষণভাবে। এতে উৎপাদিত মালের আভ্যন্তরীণ বাজার সঙ্কুচিত হয়েছে।

Internal market for finished goods has contracted to a great extent due to pauperisation of the people.

বিদেশের বাজারে সাম্রাজ্যবাদী দেশগুলির প্রতিযোগিতায় এই সব মালের বাজারও সঙ্কুচিত হয়ে পড়েছে। তাহলে বর্ত্তমান অর্থনৈতিক অবস্থা হল—

Internal market has contracted due to fall in purchasing power of the people and the external market has contracted due to imperialist competition.

ফলে উৎপাদিত মাল বিক্রয়ের বাজার পাচ্ছে না মাল জমে যাচ্ছে। ফলে মালিক উৎপাদন কমাবার উদ্দেশ্যে শ্রমিকদের ছাঁটাইয়ের পর ছাঁটাই করছে। পাটকলে প্রায় শতকরা ২৫ জন শ্রমিক এমনি করে ছাঁটাই হয়েছে। তাহলে অবস্থা দাঁড়ায় "প্রডিউস অর পেরিশের" জায়গায় "প্রডিউস অ্যাণ্ড পেরিশ।" পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা পুঁজিবাদী অর্থনীতির ভিত্তিতে কংগ্রেসী শাসনের পরিকল্পনা। দেখা গেল এই পরিকল্পনা দিয়ে এর মাধ্যমে জনতার জীবনযাত্রার মান উন্নত করা যাচ্ছে না, বেকার সমস্যার সমাধান করা যাচ্ছে না, অর্থনৈতিক সঙ্কটও কাটান যাচ্ছে না। সরকারের ভাল করে জেনে রাখা দরকার যে, পুঁজিবাদ এ সব সমস্যা সমাধান করতে পারে না।

তারপর দ্বিতীয় কথা কেবলমাত্র কিছু কিছু শিল্প প্রতিষ্ঠান কিংবা কুটীরশিল্প গড়ে এই সব সমস্যার সমাধান হবে না, হতে পারে না। এমন কোন দেশ নাই যেখানে ভূমি ব্যবস্থা আমূল পরিবর্ত্তন না করে, পুঁজিবাদীদের কাছ থেকে সমস্ত মিন্স অব্ প্রডাক্সন উৎপাদনের উপায় কেড়ে না নিয়ে বেকার সমস্যার সমাধান করা গেছে, সরকার শিল্পকরণের দ্বারা বেকার সমস্যার সমাধান করবেন বলেছেন। কেবল শিল্পকরণের দ্বারাই যদি বেকার সমস্যার সমাধান করা যেতো তাহলে আমেরিকার মত এত বড় শিল্পোন্নত দেশে ১ কোটীর মত বেকার থাকতো না, ৬৭ লক্ষের মত লোক অর্দ্ধবেকার থাকতো না। আর যদি কেবল শিল্প ও কুটীরশিল্প দ্বারাই বেকার সমস্যার সমাধান করা যেত, তাহলে জাপানে আজ কোটী কোটী লোক আর বেকার থাকতো না। এই বেকার সমস্যার সমাধান তখনই হতে পারে যখন ক্যাপিট্যালিজম পুঁজিবাদের উৎখাত করে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা যাবে। কেন না পুঁজিবাদ নিজের স্বার্থেই বেকারের বাহিনী সৃষ্টি করে, যাতে চাহিদার তুলনায় শ্রমিকের যোগান বেশী হওয়ায় কম মজুরীতে শ্রমিকদের খাটিয়ে নিতে পারা যায় এবং তার মাধ্যমে সর্বোচ্চ লাভ করতে পারে। পুঁজিবাদ টিকিয়ে রেখে বেকার সমস্যার সমাধান করা যায় না একথা সরকার হয় জানেন না, নয় তাঁরা জনতাকে ধাপ্পা দেবার জন্য এ সত্য গোপন করছেন। কাজেই পঞ্চ-বার্ষিক পরিকল্পনার দ্বারা বেকার সমস্যার সমাধান করা যেতে পারে না—তাতে কণামাত্র সন্দেহ নেই, সরকার কথায় কথায় বলেন তাঁরা জনসাধারণের জীবনযাত্রার মান উন্নত করেছেন। একথা শুনে অবাক লাগে। কংগ্রেস সরকারেরই যে সমস্ত নথিপত্র আছে সেগুলিও মন্ত্রীরা একবার পড়েও দেখেন না কি? রাজ্যপাল মহাশয়কে আমি জিজ্ঞাসা করি সম্প্রতি যে আন-এম্প্লয়মেণ্ট্ সার্ভে হয়ে গেল পশ্চিম বাংলায়, তার দিকে তিনি তাকিয়ে দেখেছেন কি? সেখানে হিসাবে বলা হয়েছে যে, কলকাতায় যে সমস্ত লোক পুরা কাজ পেয়ে আছে, তার মধ্যে শতকরা ৭৩.৪ ভাগের আয় হচ্ছে মাসিক ১৲ টাকা থেকে ১০০৲ টাকা। আর শতকরা ১৭·২ ভাগের আয় হচ্ছে ১০১৲ টাকা থেকে ২০০৲ টাকা মাসে।

[9-40—9-50 a.m.]

কলকাতা বাংলাদেশের গলার হার। কলকাতা পশ্চিম বাংলাদেশের সবচেয়ে সমৃদ্ধিশালী জায়গা। সেই জায়গায় যাদের পুরা কাজ, ফুল এম্প্লয়মেণ্ট আছে, তাদের মধ্যেও শতকরা ৭৩·৪ জনের মাসিক আয় ১৲—১০০৲ টাকা, গড়ে পরিবারে ৪।৫ জন লোক। ৪ থেকে ৫ জনের পরিবার বর্ত্তমানের চড়া বাড়ী ভাড়া দিয়ে, উচ্চ মূল্যে জিনিষ কিনে ১ থেকে ১০০৲ টাকায় পরিবার প্রতিপালন করতে পারে কিনা মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে বলি। জনসাধারণ সুখে আছে এটা বলা মূর্খতা ছাড়া আর কিছুই নয়। আর যদি পাড়াগাঁয়ের কথা বলতে হয়, সে সম্বন্ধে না বলাই ভাল, তাহলে ন্যাশন্যাল সার্ভের রিপোর্ট দেখুন। সেখানে দেখি এক একটি পরিবারের বার্ষিক আয় ৬৫৪·০৯ টাকা অর্থাৎ মাসে ৫৪ টাকার মতন। ৫৪৲ টাকা যার মাসে আয় সেই চার থেকে পাঁচ জনের পরিবার কোন রকম কোরে দুমুঠো ভাতও প্রতিদিন খেতে পারে না, এক জোড়া কাপড়ও বছরে পরতে পায় না। এক জোড়া কাপড়ের দাম ১০৲ টাকা, চিনি, গুড়, তেল ইত্যাদির দাম এতদূর বেড়ে গিয়েছে সেখানে ৫৪৲ টাকা মাসিক আয়ে চলে না। কংগ্রেসের পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রগ্রেস রিপোর্টে দেখি যে, আমাদের দেশের লোকের গড় আয় জনপ্রতি ২৬৯৲ টাকা। হাসি লাগে সেই পরিসংখ্যান দেখে। তিন রকম মিথ্যা আছে। "লাই, ড্যাম-লাই এ্যাণ্ড ষ্ট্যাটিশটিকশ।" বিজ্ঞানসম্মতভাবে পরিসংখ্যান না দিলে তা হয় তৃতীয় জাতের মিথ্যা; এভারেজ গড় হিসাব কেমন করে করা হয়? টাটা বিবলার কোটি কোটি টাকা আয় বাড়ল, আর জনসাধারণের আয় কমে গেল। গড় আয় কষে দেখান হল জনপ্রতি আয় বেড়েছে। এবং এই কোরেই জনপ্রতি আয় বৃদ্ধি দেখান হচ্ছে। আমরা জানি গড় আয় বাড়ার মানে কি। বিজ্ঞানসম্মতভাবে পরিসংখ্যান করা হ'লে, আয় বিভাগ অনুসারে, ইনকাম গ্রুপ্ বেসিসে হিসাব করতে হত। পুঁজিপতি শ্রেণীর আয় বহু বেড়ে গেছে, পক্ষান্তরে জনতার আয় বহুগুণ কমে গেছে ফলে মোট আয়কে জনসংখ্যা দিয়ে ভাগ করে জনপ্রতি জাতীয় আয় বেড়ে গেছে বলে দেখান হচ্ছে। এর মানে জনতার ওয়েলফেয়ার হয়েছে তা নয়,

accumulation of wealth does not necessarily mean welfare of the people.

এ সত্য জানা দরকার। আমরা দেখি যে, ১৯৩৯ সালে যেখানে পুঁজিবাদীদের প্রফিট্ ইনডেক্স ছিল ১০০, ১৯৫১ সালে সেখানে তা হয়েছে ৩১০·৫ অর্থাৎ ৩·১ গুণ শিল্পপতিদের লাভ বেড়ে গেছে। অন্য দিকে জনতার আয়ের দিকে তাকিয়ে দেখুন, জনতার মুদ্রা আয়, ২৫০ পার্সেণ্ট অর্থাৎ ২৷৷০ গুণ বেড়েছে ১৯৩৯ সালের তুলনায়। কিন্তু জিনিষপত্রের দাম বেড়ে চলেছে। এখন মূল্যমান, ৩৩৬। যুদ্ধের সময় ১৯৩৯ সালে ছিল ১০০, তাহলে জিনিষপত্রের দাম ৩০৩৬ গুণ বেড়ে গেছে। একে কমাবার জন্য কোন চেষ্টা করেছেন? ইনফেশন নাই বলেছেন। ইনফ্লেশন আছে কি না বুঝি না, তবে বাস্তব ক্ষেত্রে মধ্যবিত্ত পরিবার দুধ ১ ফোঁটা পায় না আগে যা পেত। আজকে গব্য স্পর্শ বলতে একমাত্র গরুর চামড়ার জুতা ছাড়া আর কিছুই নেই। মাছের সঙ্গে এখন আমাদের সম্পর্ক কম। খাবার দাবার, কাপড় চোপড়ের সঙ্গে সম্পর্কও তাই। যুদ্ধের আগে যখন কাপড় জনপ্রতি ১৬ গজ ব্যবহৃত হত, আজ সেখানে ১১ গজের বেশী ব্যবহার করতে পারে না সাধারণ মানুষ। এর মানে জীবনধারণের খরচ মধ্যবিত্তের ক্ষেত্রে এবং গরীবের ক্ষেত্রে বেড়ে চলেছে? একে বন্ধ করার কি করেছেন? একে কমাবার কি ব্যবস্থা করেছেন সরকার? সাধারণ মানুষের জীবনধারণের উন্নতির জন্য কি ব্যবস্থা কোরেছেন? জীবনধারণের খরচ প্রায় ৩·৩৬ গুণ বেশী হয়েছে। তার ওপর রাজ্য সরকারের প্রত্যক্ষ এবং পরোক্ষ কর জনতার ওপর কিরকম বেড়েছে তার হিসাব দেখুন। ১৯৩৬ সালের তুলনায় ১৯৫৪ সালে মধ্যবিত্তের উপর ১৭·৫ গুণ অর্থাৎ ১৭৷৷০ গুণ কর বাড়িয়েছেন এই সরকার। ছেড়ে দিয়েছি এই হিসাব হতে লোক্যাল ট্যাক্স, স্থানীয় কর। ছেড়ে দিয়েছি সেণ্ট্রাল গভর্ণমেণ্টের ট্যাক্স, কেন্দ্রীয় সরকারের কর। ইউনিয়ন বোর্ডের ট্যাক্স, মিউনিসিপ্যাল ট্যাক্সের মত স্থানীয় কর ছেড়ে দিয়েছি। সেণ্ট্রাল গভর্ণমেণ্টের ইনকম্ ট্যাক্স তাও ছেড়ে দিয়েছি। কেবলমাত্র রাজ্য সরকারের ধরা কর মধ্যবিত্তের উপর ১৭৷৷০ গুণ, আর গরীবদের উপর ৮·৬ গুণ বেড়েছে। আয় বেড়েছে ২·৫ গুণ। আর ট্যাক্স ও জিনিষ পত্রের দাম গড়ে বেড়েছে ১৩ গুণ। তাহলে প্রকৃত আয় বাড়ল না কমল তা চিন্তা করা দরকার।

তারপরে সরকার বলেন মধ্যবিত্ত সমাজের জন্য তাঁরা অনেক কিছু করেছেন। চাষী মজুরের জন্য তাঁরা অনেক কিছু করেছেন। তাঁরা বলেছিলেন পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বারা তাঁরা দুধের নদীতে দেশকে ভাসিয়ে দেবেন! পাঁচ বছরের চার বছর পার হয়ে গিয়েছে। দুধের বদলে জল যা দিল তাই যে শুকিয়ে গেল। এই সত্য যাঁরা না দেখেন তাঁরা হয় অজ্ঞ, আর না হয় মিথ্যাবাদী—গালাগালি দেবার জন্য বলছি না। আপনারা বুঝতে চেষ্টা করুন গলদ কোথায়, সমাজের অবস্থাটা কি। এটা যদি ঠিকভাবে না বুঝি, রোগ কোথায় তা যদি না বুঝি

তাহলে রোগ সারান যাবে না। সদিচ্ছা থকতে পারে, কিন্তু কেবল সদিচ্ছা থাকলেই রোগ সারে না। বিজ্ঞান-সম্মতভাবে চিকিৎসার প্রয়োজন। মা ছেলেকে ভালবাসেন। ভালবেসে ঠাকুরের চরণামৃত খাইয়ে দেন তাতে রোগ সারে না। রোগ সারাবার জন্য বিজ্ঞানসম্মত চিকিৎসার দরকার। দেশের অর্থনৈতিক গতি, মানুষের দারিদ্র্য, বেকার সমস্যা যা জন জীবনকে আচ্ছন্ন কোরে রেখেছে যার চাপে দিনে দিনে মানুষ পিষ্ট হচেছ, শোষণের জাঁতা কলে মানুষ শ্বাস নিতে পারছে না, তা থেকে মুক্তি আপনাদের আন্তরিকতা এনে দিতে পারবে না। মানুষকে মানুষের মত বাঁচতে হলে এমন সামাজিক ব্যবস্থা করতে হবে যেখানে শোষণ থাকবে না, অত্যাচার থাকবে না, যেখানে মানুষের জীবনধারণের মান বাড়বে এবং সাধারণ মানুষের আয় বাড়বে জিনিষপত্রের দাম কমবে। সেই যদি করতে পারেন তবেই মানুষের মুক্তি মিলবে। মানুষের এই মুক্তি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আসবে না। পুঁজিবাদী শোষণ ব্যবস্থা অক্ষুণ্ন রেখে বিরলা টাটাকে কণ্ট্রোল করার নামে তাদের কিছু কিছু নিয়ে বোর্ড অব্ ডিরেক্টর্সগণ কোরে শিল্প পরিচালনা করলে যা ব্রিটেন প্রভৃতিতে রয়েছে জনতার জীবনের সমস্যার সমাধান হবে না। পুঁজিপতিদের শাসন ও শোষণ ব্যবস্থা ভাঙ্গা দরকার। সে আপনারা করতে পারেন না, সে জিনিসটা বোঝা দরকার।

(At this stage the red light was lit.)

আর এক মিনিট, স্যার। আসল যে সমস্যা সে দিকে তাকাবার দরকার আছে। সুতরাং ঐ কথা বোলে লাভ হবে না যে আমরা কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্টএ এই করেছি কো-অপারেটিভ করেছি ইত্যাদি। এই কোরে বেকার সমস্যার সমাধান করা যায় না। জনতার জীবনধারণের মানে যা অবনমিত হচেছ তাকে বন্ধ করা যাবে না; এতে এই যে জীবনধারণের ব্যয় বেড়ে চলেছে তাকে রুদ্ধ করা যাবে না। এসব যদি ক্ষণিকভাবেও ঠেকাতে চান তাহলে সামগ্রিকভাবে শিল্পপতিদের কাছ থেকে সমস্ত শিল্প পরিচালনার ক্ষমতা কেড়ে নিতে হবে। জমিদার, জোতদারদের জমি কেড়ে নিয়ে ভূমিহীন চাষীদের ও মজুরদের মধ্যে বিলিয়ে দিয়ে তাদের বেকার সমস্যার সমাধান করতে হবে। রাষ্ট্র থেকে সাহায্য কোরে রুর্যাল ব্যাংকিংএর জাল বিস্তার কোরে এবং তার মাধ্যমে নাম-মাত্র সুদে টাকা ধার দিয়ে তাদের জীবনধারণের মান উন্নত করবার সর্বপ্রকার সুবিধা কোরে দিতে হবে। কো-অপারেটিভ ফার্মিং, কলেক্টিভ ফার্মিং প্রভৃতি কোরে বিজ্ঞানসম্মতভাবে চাষ বাস করবার ব্যবস্থা করতে হবে এবং সাথে সাথে যত দিন না সহরে গ্রামের লোককে কাজ দেওয়া সম্ভব হচেছ ততদিন বেকার ভাতা দিতে হবে। যদি সে ব্যবস্থা না করেন তবে জেনে রাখবেন জনতা আপনাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে কাগজের টুকরার মত ফেলে দেবে। চীনাজনতা চীনা সরকারকে সর্বরকমে সমর্থন করে, ভারতীয় জনতা তা করে না এ অনুযোগ পণ্ডিত নেহেরু করেছেন, এখানে জনতা কেন সরকারের সঙ্গে সহযোগিতা করবে? জানেন কি ৩ বছরের মধ্যে চীন কি করেছে, এবং কেমন কোরে কোরেছে? সামান্য যা কিছু বেকার সেখানে আছে তাদের চীনা সরকার বেকার ভাতা দেন। চীনা চাষী জমি পেয়েছে, তাদের খাজনা কমেছে, শ্রমিকের উন্নতি হয়েছে তাই চীনের জন-সাধারণ চীনা সরকারের পিছনে। কিন্তু ভারতীয় জনসাধারণ ভারতীয় বা রাজ্য সরকারের পিছনে নেই। কেন? তার কারণ এই নয় যে আমাদের দেশের লোকের স্বদেশপ্রেম নেই। একথা যারা বলে তারা নিজেরা ভণ্ড, তারাই দেশদ্রোহী। এ দেশের সরকার পুঁজিপতি ও জমিদারদের প্রতিপালন করেন আর সাধারণ মানুষকে শোষণ করেন। তাই সাধারণ মানুষ সরকারের পিছনে নেই। (Noise.)

[9-50—10 a.m.]

পণ্ডিত নেহেরু এবং কংগ্রেসের সকলকে একথাই জানাতে চাই যে, যদি আমাদের দেশের জনতা চীনের জনতার ন্যায় সুসংগঠিত হত, তাহলে তারা শুধু সরকারের সমালোচনা করেই ক্ষান্ত থাকত না চিয়াং কাইশেককে যেমন করে চীনা জনসাধারণ প্রশান্ত মহাসাগরে দূর করে দিয়েছে তেমনি করে এই সরকারকেও দূর করে দিত—সেদিন আসছে।

**Dr. Atindra Nath Bose:** Mr. Speaker, Sir, every year His Excellency acts as the High Priest for his Government and performs this ritual before the commencement of the session. But it is not the priest who prompts the *mantras* to his clients, it is the clients who prepare the *mantras* for the priest and the priest has to chant it before the House. I do not object if the Ministers choose to prepare the homily of their own praise and listen to it from the mouth of His Excellency, nor do I grudge the compliments and commendations where they are due. I do agree that the

Ministry have achievements to their credit. (Laughter from Congress Benches.) Yes, this is a fit subject to laugh at; when I say that the Ministry have achievements to their credit they laugh. I do agree that there is quite a number of competent officers in the departments. There is also another side of the story. There is a fly in every ointment and the achievements of the Government are vitiated by the chronic corruption, nepotism, wastage of public money, inefficiency and abuse of power in the various departments of the administration. It would have been graceful if His Excellency had admitted at least a few of these faults and shortcomings.

The Civil Supplies Department still remains a paradise for blackmarketeers. Wheat is a controlled commodity but it is not available at controlled price at Asansol because it is not distributed there through the Government department nor through *bona fide* dealers in wheat; it is not distributed through co-operative societies or through small local dealers. It is the big people who have connections with the Ministers or with the bosses of the Congress party who get permit for distribution of wheat. A few weeks ago in Asansol one Shri Nepal Dutt from Calcutta got a permit for 2,000 maunds of wheat and immediately he sold it to local merchants.

**Mr. Speaker:** Mr. Bose, I told you yesterday, in the Governor's speech this should be avoided—the details.

**Dr. Atindra Nath Bose:** I agree, but how can I substantiate the charges? I simply mention, I do not describe them—I simply mention a few cases.

**Mr. Speaker:** Detailed references should be avoided in the Governor's speech, because you will have following 18 days for discussion of Budget.

**Dr. Atindra Nath Bose:** I shall keep myself within my time limit.

**Mr. Speaker:** You cannot do it. That is not the precedent. I will follow the precedent. You have enough to speak on the principles.

**Dr. Atindra Nath Bose:** Principles have no meaning if I do not cite at least a few instances.

He immediately made a profit of Rs. 10,000 by selling it outright to a merchant of Barakar. This is how black-marketing is going on. We see that this is also practised in the distribution of cement. As for medical relief and hospitals we have been presented with the list of beds and extension scheme of hospital facilities. These are insignificant when compared with the magnitude of the problem. While the Government have no measures to stop this scourge of T.B. which is growing unchecked, they have decided to abolish the Entully A. G. Hospital which has about 200 beds for tubercular patients. Possibly they are contemplating to increase some beds in Kanchrapara, but everyone knows that Kanchrapara is not a place for poor people, for common people. And there have been lots of cases who were refused admission at Kanchrapara because their diseases were incurable but who were admitted in Entally A. G. Hospital and were cured of this fell disease. Now the only refuge for poor and common people who die on the streets is going to be stopped. As for other hospitals I shall cite only the case of Asansol L. M. Hospital. I brought the deplorable, pitiable plight of this hospital to the notice of the Hon'ble Minister for Health several times, but nothing doing. I shall give the details during the budget discussion. It is merely an apology of a hospital although it caters to the needs not only of the Asansol city but the entire population from Raniganj to Dishergarh, except the few hospitals which are meant for coal workers and railway workers.

About relief and rehabilitation, something like 50 crores have been spent through this department but not to the relief of the poor refugees who actually need help. Whatever trickled down to the destitute refugees was a sheer waste. They get something by way of small trade loans or house-building loans, but the loans were given at such long intervals, and cement was given at such long intervals that houses had to be abandoned half-finished. And half-finished houses are destroyed during the monsoon. Even in those cases where houses were completed they had to be abandoned for lack of occupation. The people have no means of livelihood, so the houses are now the relics and witnesses of the inefficiency and wastage of the Relief and Rehabilitation Department. And as for the construction, I have personally visited the Mahisila colony at Asansol which was constructed at huge expense. Contractors were given Rs. 60,000 for the construction of roads, drains, pipes, etc. All these under-road pipes and drains have now silted up; roads are without repairs and they are unfit for motor traffic. They remain muddy throughout more than six months of the year. I have also suggested to the Hon'ble Minister that reasonable means of livelihood should be provided for the Mahisila refugees, that a market might be started there, that small co-operative industries might be established there, so that money might be usefully spent, but nothing doing.

Then about labour, His Excellency has advised us to maintain a spirit of camaraderie between labour and employer. He does not perhaps know that about 30 and odd workers of Burnpur who were victimised are still rotting and fighting against starvation. He does not know that the order of reference for adjudication of 53 discharged workers there has not yet been issued by the Government.

[10—10-10 a.m.]

He has no knowledge that when these workers go out to collect subscriptions for relief of their victimized brethren they are arrested and beaten by the police. The police are in unholy collusion with the employers—not only the police but also the local bureaucracy. Section 144 has been clamped upon Burnpur and Asansol for over the last two years, and although the city of Asansol remains as peaceful as ever, and although there was not the slightest disturbance and not the slightest agitation, still the police go to sleep after clamping section 144 upon the city which is going to be the second city of West Bengal. Asansol is now a city of the dead and a city of graves.

I shall now cite another more glaring instance of how the employers and the police collude together to break the labour unions and deprive them of their legitimate rights; and this happens not in any mufassal area but in the heart of the city of Calcutta. Recently, Sir, on the 9th instant in the *Kasaibagan bustee* of Rajabazar area a reign of terror was let loose upon the workers. It has been going on for the last few years. Whenever the workers try to organise a union, the employers in collusion with the police run them down; they come upon them with the *goondas* of the local *bustees*. On the 9th instant when the workers were collecting the subscriptions before the union office the *goonda* element from the adjoining *bustees* came in a procession along with police constables before the nose of the thana which was within a stone's throw, and they indiscriminately assaulted the workers before the union office with iron rods and with other missiles resulting in serious injury to a number of people. The police also broke into the houses, into the private appartments, roughly handled the *purdanashin* women and kicked them. The *goondas* looted three shops in the presence of the police, and this reign of terror is still going on, and the people are beaten and

assaulted. When they go to write a diary in the thana they are put under arrest. This terrorisation is going on with the active complicity of the police.

Then there is another black record for the police and the local administration in the heart of the city of Calcutta. Perhaps it is not known to many of us that many areas of Calcutta are under perpetual *goonda raj*. In Tollygunge, the area between the tram depot and Nagtala is such an area of *goonda raj*. Women cannot move there freely. Assaults and murders are of frequent occurrence, and if the police sometimes dare to arrest some culprits, almost always they find them to be members of the Congress Sevadal and the police have to release them under intervention from above. I ask our Chief Minister to get the confidential police report about the Congress Sevadal to verify my statement.

Then about the hunger-strike of the police. Our Chief Minister gave a public statement accusing the Opposition on this side of the House that they always object to enhancement of emoluments of the police. It was a very nice stunt! I do not know that hypocrisy could go so far. Did the Opposition ever object to the increase of emoluments to the police of the lower staff; and supposing that they did, it is for the first time that we hear that Government drops a measure because of the opposition. Did not they carry their measure every day by vote? Have not they got a majority, a safe majority to carry it through? It now seems that our Chief Minister has enough consideration for the Opposition when it is a question of increasing the emoluments of the lower grade police. I do not know whether hypocrisy can go further. And then the demands are conceded as legitimate only after discipline is violated; otherwise not. Is it not an indirect incitement to indiscipline? It is the story of the last few years in West Bengal that reasonable demands are never conceded, that wrongs are never rectified, unless there is a violation of law, unless there is an agitation. So Government apparently want agitation for the rectification of wrongs, for the correction of abuses, for the concession of reasonable demands. And then if they accept this principle, why do they victimize those who had participated in the agitation and who had started the hunger-strike? This is a bewildering enigma which no brain can decipher.

Then about the case of Ramananda Tewari who was arrested when he came to Calcutta. His Excellency asked for co-operation.

**Mr. Speaker:** That is *sub judice*.

**Dr. Atindra Nath Bose:** No, Sir, he has been discharged. Here is a clear case where co-operation might have been sought and might have been obtained to some effective purpose. Ramananda Tewari is an M.L.A. from Bihar. He is the recognised President of the association of policemen and jail warders, the only recognised association. Instead of seeking the co-operation of such a man, Government immediately serve him with a notice to quit Calcutta and Hooghly, and he is asked to confine himself to Goghat. This is the type of co-operation which Government seek from us and which Government expect from us. If the Government had really any charge that he had come to incite the policemen, that he had come to break the police discipline and disturb the peace of the country, why did they not have the courage to prosecute him and start a case to substantiate the charges before an open court of law? They had not. I agree that this is one side of the picture. I agree that there is another side, the bright side. I agree that the police has some achievements to their credit too. There are officers, good officers and efficient officers in the police. They had done a yeoman's service in the suppression of *goondas* in North Calcutta, but the larger areas are outside their protection. Hooliganism rules in large parts

of the country. And what is there to brag about when the whole country is writhing in poverty, under oppression, under *zoolum*; and there is no relief for the poor men, for the common men who remain as miserable and as frustrated as ever.

**Sj. Sankar Prasad Mitra:** Mr. Speaker, Sir, I rise to support the resolution moved by my esteemed friend Sj. Bimalananda Tarkathirtha.

The main burden of the speeches delivered by our friends opposite during the last two days has been that the Governor's address is devoid of the realities of the situation in the State.

Mr. Speaker, Sir, the Government have achievements and magnificient achievements to their credit; and it is only fit and proper that the Head of the State should take this opportunity of putting those achievements on record, so that the House may know, and the people may know what their Government are doing to face and solve the manifold problems of the State.

[10-10—10-20 a.m.]

The Governor in his Address has not only spoken of the achievements of his Government which we are all proud of but at pages 16-17 of the Address he has drawn the attention of the House to the most baffling and alarming problem of the day, viz., the problem of unemployment, particularly among the educated and technically trained youth. Confining ourselves to Calcutta and the adjoining industrial areas only, we find that for every 100 persons employed in Calcutta 27·3 persons are seeking employment. For every 100 persons employed in the industrial areas adjoining Calcutta and other towns 22·5 persons are seeking employment. For every 100 middle-class people employed in Calcutta 47 persons are unemployed. The corresponding figure in Greater Bombay is only 3·62. We are glad that our Government are not only alive to the situation but are anxious to find a solution to it.

Sir, I have the fullest support for agrarian reforms on the widest possible scale but agrarian reforms alone would not solve the problems of poverty and unemployment. Mutilated, truncated West Bengal has lost her previous agricultural wealth and must depend for her prosperity on industrial expansion. There is no question that the agricultural possibilities of the State are extremely limited. Moreover, West Bengal has got no other resources but coal. It is from this point of view, I take it, that the Government of West Bengal have conceived the Durgapur project to which the Governor has referred in his Address for creating the wealth of the State and finding employment for its people. It is from this point of view, I take it, that the Government of West Bengal firmly believe that the Durgapur project is the only hope for West Bengal's economic regeneration.

This project, Sir, can be divided into two major heads, the chemical engineering industries and metallurgical engineering industries, viz., those relating to ferro-alloys, special steels, etc. The metallurgical engineering industries can come into being only when the production of coke is in excess of the market requirement. In the first phase of the project, therefore, the following plants are proposed to be installed:— (1) A 1,300-ton/day coke oven plant with by-product plants at an estimated cost of Rs. 5 crores; (2) a powdered coal and gas fired thermal power plant at an estimated cost of Rs. 4 crores, and (3) a gas grid system between Durgapur and Chittaranjan and Durgapur and Calcutta to supply gas for domestic and industrial needs at an estimated cost of Rs. 3 crores. The total is Rs. 12 crores to be spent in three to four years. Apart from these plants there are proposals for the

setting up of plants for the manufacture of pig iron, D.D.T., B.H.C. and caustic soda. There are also possibilities for setting up industries for manufacturing electrodes, carbon black, wash oil, creosote oil, sulphuric acid and soda ash. Then there would also be a number of by-products.

Personally I prefer State enterprises, joint enterprises and co-operative endeavours but in our country the private sector has yet to play a vital role and cannot be ignored. The employment possibilities of the Durgapur project are enormous. For erection of plant and accessories approximately 11,000 to 14,000 men will be employed. When the plants are in operation, approximately 1,500 men would be permanently employed as follows:—(i) Coke ovens including loading and unloading in three shifts 550 men; (ii) tar distillation and by-product plants in three shifts 100 men; (iii) power house in three shifts 500 men; (iv) gas grid (compression and transmission) in three shifts 100 men; (v) administration (general, security, account, sales, etc.) 250 men. The total is 1,500. Besides the other plants envisaged by the scheme are likely to give employment permanently to 12,500 men as follows:—(a) D.D.T., B.H.C. and caustic soda plants 500 men; (b) pig iron plant 2,000 men; (c) distribution of products, minor utilisations, supplies and services 10,000 men. The total is 12,500 men. The Governor, in his Address, has told us that this project has been submitted for the consideration of the Union Government. We know that for some time past the West Bengal Government have been trying their utmost to persuade the Government of India to agree to this proposal. I appeal, Sir, to all sections of the House to give to the State Government their unanimous support to this proposal, so that the Government of India may soon see their way to accord their sanction to it. Criticisms can always be advanced and lurid pictures drawn of ghastly distress and poverty, both real and imaginary, but much greater than that is the concentration on constructive efforts.

Sj. Jyoti Basu told us yesterday about the achievements of the Soviet Union. I would conclude this my address by quoting from a Soviet source on what the Soviet Government think of the achievements of the Indian Government. On the Fifth Anniversary of the Republic of India the Soviet governmental organ *Pravda* wrote in its editorial as follows:—"The First National Government of the Republic of India led by the outstanding statesman Jawaharlal Nehru has set itself the task of gradually eliminating the grim legacy of colonialism. In recent years the Indian Government has succeeded in raising harvest yieds of grain crops by enlarging the area under cultivation and by building a series of irrigation installations. The production of electricity has increased. India is interested in developing her national economy. A peaceful policy therefore corresponds to her very vital national interest. The Government of India refuses to join aggressive blocks and advocates peaceful co-existence of countries with different social systems. Guiding itself by peace-loving principles of foreign policy, the Indian Government have made a big contribution to the safeguarding of peace in Asia and relaxation of international tension. The five principles proclaimed by Chou-en-Lai and Nehru promote the cause of peace and international co-operation and the friendly relation between India and the People's Republic of China, between Burma and the People's Republic of China. The historical traditions of India from times immemorial attest to the fact that misanthropic ideas are foreign to the Indian people. The Soviet people take great interest in the life of the Indian people, their struggle for national independence and their culture."

[10-20—10-30 a.m.]

"The establishment of extensive cultural and business co-operation between the two countries has become possible only after India emerged in the world arena as a sovereign democratic republic. The Soviet people are

confident that the relations between India and the Soviet Union will extend and that friendly co-operation between the two countries will develop. On the Fifth Anniversary of the Republic of India, the Soviet people expressed deep-felt sympathy for the great Indian people, who are upholding their independence and working for peace in Asia and throughout the world."

Sir, with these words I support the resolution.

**Sjkta. Manikuntala Sen:**

সভাপাল মহাশয়, রাজ্যপালের বক্তৃতায় দেশের অবস্থা সম্বন্ধে যে বিশিষ্টরূপ তুলে ধরা হয়েছে তার একদিক শুধু উল্লেখ করবার জন্য আমি কতকগুলি কথা এখানে রাখছি।

বাস্তুহারাদের সম্পর্কে খুব অল্প কয়েকটি কথার মধ্য দিয়ে তিনি যে রঙীন ছবি তুলে ধরেছেন বাস্তবের সঙ্গে তার কতটুকু সম্পর্ক আছে? শুধুমাত্র সরকারী দপ্তরের রিপোর্টের অংশ উপস্থিত করলে প্রকৃত তথ্য পাওয়া যায় না। অন্ততঃ সত্যের খাতিরে রাজ্যপাল মহাশয়ের সরকারী দপ্তরের রিপোর্টটুকু উল্লেখ করা উচিত ছিল। সম্ভবতঃ সেটা চেপে দেওয়া তিনি নিরাপদ মনে করেছেন। নচেৎ তাঁর এখানে এভাবে বলার কোন সুযোগ ছিল না। তিনি এই মত প্রকাশ করেছেন যে বাস্তুহারা সমস্যা প্রায় সমাধানের মত। তিনি একটি কথা বলেছেন—

"A major development during 1954 was the report of the Committee of Ministers appointed by the Central Government for appraising the refugee problem and suggesting measures for rehabilitation."

এইটুকু বলার পর তার সাথে এটুকুও উল্লেখ করেছেন যে তার ফলে সেই রিপোর্ট অনুযায়ী "The Directorate of Rehabilitation has been reorganised". কিন্তু কেন্দ্রীয় ডিরেক্টরেট অব রিহ্যাবিলিটেশন যে রি-অর্গানাইজ করেছেন, সেকথার উল্লেখ নাই। কমিটি অব মিনিষ্টারদের রিপোর্ট যদি দেখা যায় তবে দেখি যে কি শোচনীয় ব্যর্থতার জন্য শেষ পর্যন্ত কেন্দ্রীয় দপ্তরকে ব্যবস্থা করতে হয়েছে মাত্র এই একটা ব্যাপারে। গত ডিসেম্বর মাসে যখন কেন্দ্রীয় দপ্তর এখানে উপস্থিত হয়ে মন্ত্রীদের সম্মেলনের পর নানাভাবে এই দপ্তরের সমস্যা সমাধানের পথ উপস্থিত করেন তারপরে এইরকম রঙীন চিত্র দেবার কি প্রয়োজনীয়তা থাকতে পারে, রাজ্যপালের কাছে তাই জিজ্ঞাস্য।

তিনি বলেছেন ১৫ লক্ষ রেফিউজিকে তাঁরা ইতিমধ্যে পুনর্ব্বাসন দিয়েছেন। কিভাবে এই ১৫ লক্ষ রেফিউজির পুনর্ব্বাসন দেওয়া হয়েছে সে সম্পর্কে সেই কমিটি অব মিনিষ্টারদের রিপোর্ট উপস্থাপিত করেছেন যে পুনর্ব্বাসন দেওয়া হয়েছে। তার মধ্য থেকে বেশীর ভাগ সংখ্যা যে সেখানে থেকে, সেই নির্ব্বাসন ক্ষেত্র থেকে চলে আসতে বাধ্য হচ্ছে, কমিটি অব মিনিষ্টারদের রিপোর্টে তা প্রকাশ পায়। যে সমস্ত কলোনীগুলিতে সেই সমস্ত উদ্বাস্তদের পুনর্ব্বাসন দেবার ব্যবস্থা হয়েছে কি কৃষিজীবী, কি অকৃষিজীবী, সমস্ত উদ্বাস্তর একটা বিরাট অংশ সেই কলোনী পরিত্যাগ করতে বাধ্য হয়েছে। তাঁদের রিপোর্টে প্রকাশ এই কমিটি অব মিনিষ্টাদের রিপোর্টে দেখছি যে গভর্ণমেণ্ট স্পনসর্ড কলোনী সেগুলো দেওয়া হয়েছিল কৃষিজীবী লোকদের; তাবা--এটা অবশ্য ৫২ সালের রিপোর্ট, তার পরে আর কত লোক--সেখান থেকে চলে আসতে যে বাধ্য হয়েছে সেকথা কোথাও উল্লেখ নাই। ১৯৫২ সালের রিপোর্টে বলা হয়েছে গভর্ণমেণ্ট স্পনসর্ড কলোনীতে ৫,৪৪২/ বিঘা দেওয়া হয়েছিল, সেখান থেকে চলে আসে ১,০৬৩ এবং প্রাইভেট সেটেলমেণ্টে যে সমস্ত পরিবারকে পাঠান হয়েছিল তার তরফ থেকেও ৬৮,০০০ সেখানে পাঠান হয়েছিল কিন্তু ২,০২৪টি পরিবার সেখান থেকে চলে আসতে বাধ্য হল। এই রকম ইউনিয়ন বোর্ড স্কিমের মারফৎ যে সমস্ত পরিবারকে কলোনীতে পাঠান হয়েছিল তাদের বিরাট অংশ সেই কলোনী পরিত্যাগ করতে বাধ্য হচ্ছে। শুধু কৃষিজীবী পরিবার নয়, অকৃষিজীবী পরিবারের এই উদ্বাস্তর সংখ্যা শতকরা ৪০ ভাগ, সেই পরিবারের লোকদের যেসব কলোনীতে পাঠান হয়েছিল তাদেরও একটা বিরাট সংখ্যা সেই কলোনী পরিত্যাগ করতে বাধ্য হয়। গভর্ণমেণ্ট স্পনসর্ড কলোনী, সেখানে ৬,১৬৬টি পরিবার পাঠান হয়েছিল তার মধ্যে ১,১৭৫ পরিবার চলে আসতে বাধ্য হয়েছে। এই অদ্ভুত অব্যবস্থার সম্মুখীন হওয়ায় কমিটি অব মিনিষ্টার্স বলতে বাধ্য হয়েছেন যে এইরকম আনপ্ল্যাণ্ড পরিকল্পনার ভিতর তাদের পাঠান হয়েছিল। তারা সেখানে অর্থকরী উপায় পায় নি এবং তার জন্যই এই কলোনী পরিত্যাগ করতে বাধ্য হয়েছিল। তাঁরা পরিষ্কার বলেছেন যে এই সমস্ত ক্ষেত্রে তাঁরা কোন অর্থকরী জীবিকার সন্ধান না পাওয়ায় কলোনীগুলি ছেড়ে আসতে বাধ্য হয়েছে। অর্থকরী জীবিকার কোন ব্যবস্থা না করে সেই কোলোনীতে

তাদের পাঠান হয়েছিলো। যে কৃষিজীবী পরিবারগুলোকে পাঠান হয়েছিল তাদের সম্পর্কেও যে ব্যবস্থা সেখানে করা হয়েছে, যে চাষের জমি তাদের দেওয়া হয়েছে, সেখানে তাদের জীবিকা বা ভরণপোষণের উপায় তাদের হয় না। এঁদের রিপোর্টে দেখা যায় যে যে জমি তাদের দেওয়া হয়েছিলো তার পরিমাণ অত্যন্ত কম। দুই একর জমি এক একটি পরিবারের চাই, কিন্তু এক বিঘাও দেওয়া হয়নি কোন কোন জায়গায়। সে জমি একটা পরিবারের ভরণ-পোষণের পক্ষে যথেষ্ট নয়, এবং কোন কোন ক্ষেত্রে এমন জমি তাদের দেওয়া হয়েছে যে জমি চাষের যোগ্য নয় এবং যে জমিতে কোন জলের ব্যবস্থা হয় নি। তার জন্য সেই সমস্ত লোক সেই জমি ছেড়ে আসতে বাধ্য হয়েছে। এমনও দেখা যায় যে যে জমি দেওয়া হয়েছে তার প্রায় শতকরা ৫০ ভাগ জমি চাষের যোগ্য নয়। সুতরাং এই সমস্ত পরিবার যদিও ঘরের ব্যবস্থা তাদের ছিল, জমিও তাদের দেওয়া হয়েছিল, তথাপি সেই সমস্ত কৃষিজীবী পরিবার তথায় থাকতে পারেনি। এটা ওঁদের দপ্তরের রিপোর্টেই প্রকাশ। এঁদের রিপোর্টেই প্রকাশ যে জলপাইগুড়ি ও মেদিনীপুর জেলায় যে সমস্ত কৃষিজীবী পরিবার পাঠান হয়েছিল তাদের একটা বিরাট অংশ সেই সমস্ত এলাকা থেকে চলে আসতে বাধ্য হয়েছে। শুধু তাই নয়, যে মধ্যবিত্ত কৃষিজীবী পরিবারগুলিকে সেখানে এই কলোনীতে বসাবার চেষ্টা করেছেন সেখান থেকে তারা বিরাট সংখ্যায় চলে এসেছে। তার কারণ হচ্ছে এই যে যেটুকু সাহায্য তাদের দেওয়া হয়েছে সেই সাহায্য দিয়ে কোন রকম ভরণ পোষণের উপায় তারা করতে পারে না। গৃহ নির্মাণের জন্য যে লোনটুকু দেওয়া হয়েছিল তাও পর্যাপ্ত সেখানে ব্যর্থ হয়েছে, সেই স্থান ছেড়ে চলে আসতে তারা বাধ্য হয়েছে। কমপক্ষে ৫০০৲ টাকা ব্যবসা করবার জন্য দেওয়া হয়েছিল, কিন্তু সে টাকা একসঙ্গে দেওয়া হয়নি, ইনষ্টলমেণ্টে দেওয়া হয়েছে এবং মাঝখানে এত বেশী সময় রেখে সেই ইনষ্টলমেণ্ট দেওয়া হয়েছে যার ফলে তারা সেই টাকা কোন ব্যবসার কাজে লাগাতে পারে নি। এ কথা সকলেই জানেন। গ্রাম অঞ্চল এলাকায় যে সমস্ত পরিবারকে পাঠান হয়েছিলো, সেই সমস্ত এলাকায় কুটীরশিল্প এমনই ধ্বংস হয়ে গেছে, সেখানে নূতন করে ৫০০৲ টাকা সম্বল করে তারা সে কুটীরশিল্প বা অন্য কোন রকম ব্যবসা করতে পারে না, এটা অত্যন্ত সহজ বুদ্ধিতেই বোঝা যায়, এবং সেই ৫০০৲ টাকাও তারা এককালীন হাতে পায়নি; দ্বিতীয়তঃ এই সমস্ত কুটীরশিল্প বা যে সব ব্যবসা তাঁরা করবে তার পিছনে সরকারের কোন পূর্ণাঙ্গ পরিকল্পনা বা কোন সহযোগ যদি না থাকে, অর্থাৎ বাজার দিয়ে, কাঁচা মাল দিয়ে, এই সমস্ত যদি সরকার পূরণ না করেন তাহলে পরিষ্কার বোঝা যায় যে এই সমস্ত ব্যবসার জন্য যে টাকা দেওয়া হয় তা ব্যর্থ হতে বাধ্য এবং তাদের জীবিকার সংস্থান এ দিয়ে কোন রকমে হোতে পারে না। এইভাবে দেখা যায় এই সমস্ত পরিবারগুলো কলোনী ফেলে শেষ পর্যান্ত সহরাঞ্চলেই গিয়েছে এবং পুনর্ব্বাসনের নামে তাদের ঘর এবং ব্যবসার জন্য যে টাকা দেওয়া হয়েছে তা অপচয় ছাড়া অন্য বিশেষ কিছু লাভে আসেনি।

[10-30—10-40 a.m.]

এই সমস্ত কলোনী তৈরী করবার পর এখন রিএ্যাড্‌জাষ্টমেণ্ট চলেছে। কমিটি অব মিনিষ্টার্স বলছে অনেকগুলি কলোনীতে কোন কার্য্যকরী পন্থা বা ব্যবস্থা দেওয়া যায়নি তাতে সেই কলোনী-পরিকল্পনা ব্যর্থ হয়েছে। সুতরাং তারা পরামর্শ দিচ্ছেন এই কলোনীগুলির পুনর্বাসন করার জন্য। সে সম্পর্কে বিশেষ কোন আলোকপাত পাইনি তাদের কাছ থেকে। কিন্তু এই কমিটি অব মিনিষ্টার্সের এই কথার পর ৮ মাস অতিবাহিত হয়েছে, দেখা যাচ্ছে ২।৩টি বাদে কোন কলোনীরই এ্যাডজাষ্টমেণ্ট দেখতে পাই না। এবং যেটুকুও হয়েছে সেটা প্ল্যানলেস ম্যানারএ হয়েছে গভর্ণমেণ্ট কোন ইনিশিয়েটিভ নেননি, জনগণের আন্দোলনের ফলেই হয়েছে। কিন্তু সবচেয়ে বড় কথা হচ্ছে এই যে এই যে পুনর্বাসন ব্যবস্থা সত্যসত্য শতকরা কতজনের হয়েছে, তাদের অর্থকরী পুনর্বাসনই বা কতজনের হয়েছে সে সম্পর্কে আমাদের নিকট কোন প্রকৃত হিসাব উপস্থাপিত করা হয়নি। যে ফ্যাক্ট ফাইণ্ডিং কমিটি আছে তার যে হিসাব তাতে কোন পরিষ্কার চিত্র পাওয়া যায় না। ইণ্ডিয়ান ষ্ট্যাটিষ্টিক্যাল ইনষ্টিটিউটএর যে রিপোর্ট সে হিসাব নির্ভরযোগ্য কিন্তু গভর্ণমেণ্টের তরফ থেকে তা প্রকাশ করা হয়নি। এই দুটি হিসাবে আমরা দেখতে পাচ্ছি যে ইণ্ডিয়ান ষ্ট্যাটিষ্টিক্যাল ইনষ্টিটিউটএর রিপোর্ট অনুযায়ী শতকরা ৮৬টি উদ্বাস্তু পরিবারের পুনরায় পুনর্বাসনের প্রয়োজন। এই শতকরা ৮৬টি পরিবারকে আবার যদি পুনর্ব্বাসন দিতে হয় তাহলে কি পরিমাণ অর্থের প্রয়োজন তা সহজেই বুঝা যায়। অথচ কমিটি অব মিনিষ্টার্স যে রিপোর্ট দিয়েছেন সে অনুযায়ী বাজেটেও উল্লেখ করেছেন যে ৩২ কোটি টাকার জন্য তারা সুপারিশ করেছেন এবং তাতেও মাত্র শতকরা ১৯ জনেরই পুনর্বাসন হবে। অথচ দেখা যাচ্ছে এই যে পুনরায় পুনর্বাসনের যে বিরাট অর্থের প্রয়োজন যে সম্বন্ধে কোন বরাদ্দ করা পর্য্যন্ত হয়নি। একদিকে আমরা দেখতে পাচ্ছি তাদের জন্য পুনরায় পুনর্বাসনের জন্য কোন বরাদ্দ তো

করলেনই না বরং যে ধরণের কাজ বা ট্রেনিংএর ব্যবস্থা করছেন তাতে কিছুই হবে না। সে বিষয়ে তারা নিজেরাই উল্লেখ করেছেন, এমন কি যে কারিগরি শিক্ষা দেওয়া হচ্ছে যে সমস্ত লোককে সেই শিক্ষা দেওয়া হয়েছে তাদের জীবিকার্জনের কোন ব্যবস্থা করে দিতে পারেননি। সে কথা এখানকার কমিটি অব রিপোর্টে উপস্থাপিত করেছেন অর্থাৎ তারা যে কারিগরী শিক্ষা দিয়েছিলেন ৩,৬৪৫ জনকে শিক্ষা দেবার পর তার মধ্যে কাজ পেয়েছে মাত্র ১,৩৫২ জন। অর্থাৎ অর্ধেক সংখ্যক লোককেও কাজ দিতে পারেননি। কারিগরী শিক্ষা দেবার ফলে এই দাঁড়িয়েছে। আপনারা নিজেরাই স্বীকার করেছেন এই শিক্ষা দিবার ফল অর্থের অপচয় ছাড়া আর কিছু হবে না। কারণ তাদের কাজে ঢোকান যাচ্ছে না। টাকা দেওয়া হচ্ছে অথচ সেখানে কোন ব্যবসা করতে পাচ্ছে না। কোন কুটীরশিল্পের সুযোগ তারা পাচ্ছে না। গ্রামাঞ্চল ও শহরে সর্বত্র একই অবস্থা।

কলোনীতে যে ২৫ হাজার লোক রেখেছেন সেই সম্পর্কে যে রিপোর্ট তাতে স্বীকার করেছেন যে তাদের কোন জীবনযাপনের ব্যবস্থা করতে পারা যায়নি; তাদের অত্যন্ত সঙ্কটাবস্থা। এই সঙ্কটের চিত্র সেই রিপোর্টের মধ্যে আছে। অথচ রাজ্যপালের ভাষণে তার আভাষ পর্য্যন্ত নাই। কৃষিজীবী ও অকৃষিজীবী পরিবারগুলি যারা গভর্ণমেণ্টের ভিতর দিয়ে এসেছে সেখানেই সীমাবদ্ধ নয়। যারা ক্যাম্পের ভিতর দিয়ে আসেনি এমন কৃষিজীবী উদ্বাস্তু পরিবার বহু আছে যার হিসাব নাই। এবং যেটুকু হিসাব আমরা সংগ্রহ করতে পেরেছি তাতে দেখি নদীয়া, ২৪-পরগণা, কোচবিহার প্রভৃতি জায়গায় একটা বিরাট সংখ্যক কৃষক উদ্বাস্তু পরিবার নানাভাবে সেখানে অবস্থান করবার চেষ্টা করছে। কিন্তু সেই সমস্ত কৃষক পরিবার ক্যাম্পের ভিতর দিয়ে আসেনি। তাদের জন্য উদ্বাস্তু সহায়তা বা সাহায্য দেবার কোন বন্দোবস্ত নাই। বরং তাদের সেই জমিতে জলসেচের ব্যবস্থা দেওয়া হয়নি। জল কৃষকদের সম্পদ, যদি সেচ না দেওয়া যায় কৃষিকার্য্য হতে পারে না। আজ জল না পাওয়ায় তারা এক বিরাট সমস্যার সম্মুখীন হয়ে বিপদগ্রস্ত অবস্থায় আছে। কিন্তু এই সমস্ত কৃষক পরিবারের আজ পর্য্যন্ত কোন অনুসন্ধান পর্য্যন্ত করা হয়নি যে কি অবস্থায় তারা বাস করছে। শুধু তাই নয়। যে সমস্ত উদ্বাস্তরা স্কোয়াটার্স কলোনীতে বাস করে এখন পর্য্যন্ত সেই স্কোয়াটার্স কলোনীগুলি রেগুলারাইজ করবার কোন ব্যবস্থা হয়নি। রেগুলারাইজ করবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে কিন্তু আজ পর্য্যন্ত বিভিন্ন কলোনীতে যে সমস্ত উদ্বাস্তু আছে তাদের স্বীকার করা হয়নি, মেনে নেওয়া এখন পর্য্যন্ত হয়নি। এ নিয়ে হাইকোর্ট পর্য্যন্ত হয়েছে কিন্তু জমি এখন পর্য্যন্ত দিতে পারেনি, সেজন্য রেগুলারাইজ করবার সুবিধা হয়নি। যে সমস্ত জমি সরকারের নিজস্ব বা কেন্দ্রীয় সরকারের, রেলওয়ের জমি সেই সমস্ত জমিতে যে কলোনী আছে সেই সমস্ত কলোনীগুলি রেগুলারাইজ না করবার কোন কারণ নাই। এ সম্বন্ধে কোন কিছু রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই। বেলঘরিয়া যতীন দাস নগর, বরানগর নেতাজী কলোনী এই সমস্ত কলোনী ব্যক্তিগত সম্পত্তির উপর নয়। রেল কোম্পানী এবং কেন্দ্রীয় সরকারের জমির উপর, এই সমস্ত কলোনী তাড়াতাড়ি রেগুলারাইজ করবার কোন অসুবিধা ছিল না কিন্তু আজ পর্য্যন্ত কোন ব্যবস্থা হয়নি। বরং দেখা গিয়েছে নিজেদের চেষ্টায় ও পয়সায় বাস্তুহারারা যেখানে বয়েছে সেখান থেকে তাদের সরবার ব্যবস্থা চক্রান্ত হচ্ছে। এবং রেগুলারাইজিং তো করা হয়নি বরং টেনিমেণ্ট স্কীমে যেতে তাদের বাধ্য করা হচ্ছে। এবং এতে একটা বিরাট সংখ্যক বাস্তুহারা রয়েছে। এ ছাড়া একটা বিরাট সংখ্যক বাস্তুহারা আছে যারা থাকে এবং এখন পর্য্যন্ত আছে প্রায় ৮০ হাজার পুনর্বাসনের অপেক্ষায়। এই সমস্ত ক্যাম্প অধিবাসীদের দুর্দশার কথা সমস্ত সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। বহু মানুষই এটা জানে অথচ তার সম্বন্ধে কোন উল্লেখ পর্য্যন্ত নাই। এই যে শোচনীয় অবস্থা এই পুনর্বাসন ব্যাপারে দেখা দিয়েছে যে অমানুষিক ব্যবহার করা হচ্ছে তাদের সঙ্গে সে সম্পর্কে রাজ্যপালের বক্তৃতা একবারে নির্ব্বাক।

এই সব ক্যাম্পে পুনর্বাসন হয়নি বলে এই সমস্ত মানুষদের বিভিন্ন জায়গায় ঘুরিয়ে ঘুরিয়ে মাটী কাটান হচ্ছে। হাজার হাজার মানুষ মাটি কেটে চলেছে অথচ তাদের কোন ভবিষ্যতের আশা নাই যে তারা কোনদিন জমি পাবে এবং তাদের পুনর্বাসন হবে। উদাহরণ স্বরূপ দুই একটা জায়গার কথা বলতে চাই। হাড়োয়া থানার রাণীগাছি বালডিয়া ওয়ার্কসাইট ক্যাম্পে ৮০০ পরিবার আছে। গত তিন মাস যাবৎ মাটি কাটান হচ্ছে দৈনিক ছ আনা থেকে ১৷৵০ মজুরীতে। এই মজুরীতে কেমন করে মানুষ পরিবার প্রতিপালন করবে তা সহজেই অনুমান করা যায়। অথচ এই হচ্ছে সরকারী ব্যবস্থা। ৩ জনের অতিরিক্ত পরিবারের যদি জনসংখ্যা থাকে তাহলে তার সাবসিডি মাসে ১২৲ টাকা এবং ৮ টাকা। এই বার টাকায় একটা লোক কতটা খেতে পায় বুঝতেই পারেন। দ্বিতীয় কথা হচ্ছে যে, সোনারপুর-আড়াপাঁচ নং ২ স্কীমে সেখানে উদ্বাস্তু পরিবার যারা আছে তারা বিভিন্ন জায়গায় মাটি কাটার কাজ করছে দু বছরের অধিককাল কিন্তু সেখানে কোন জমি পাবার আশা নাই।

[10-40—10-50 a.m.]

আশ্চর্য্যের বিষয় এই সমস্ত মানুষদের নিয়ে নানান জায়গায় মাটি কাটান হচ্ছে কিন্তু তাদের বলা হয়েছিল যে তাদের কৃষি-জমি দেওয়া হবে এবং তাদের ৭৫ হাজার বিঘা জমিও দেখানো হয়েছিল, কিন্তু যখন স্থানীয় অধিবাসীদের কাছে থেকে বিরোধিতা আসে, তখন সরকার থেকে তাদের বলা হয় যে তাদের পুনর্ব্বাসন দেওয়া সম্ভব নয়। এরপর যখন এই সব উদ্বাস্তুরা মাটি কাটতে অস্বীকার করে এবং তারা বলে যে আমাদের বলে দাও আমাদের কোথায় এবং কবে পুনর্ব্বাসন করা হবে তখন তাদের উপর টিয়ার গ্যাস, লাঠি চার্জ করা হয় এবং সেখানে ২৫ জন লোক আহত হয়—এটা এঁরাও স্বীকার করেছেন। বাগজোলা ক্যাম্পের লোকেরাও আজ ১।। বৎসর ধরে মাটি কেটেই চলেছে তাদের বলা হয়নি যে এর পর তারা কোথায় যাবে এবং এরাও যখন অস্বীকার করে তাদের উপরও লাঠি চার্জ করা হয়। সুতরাং দেখা যাচ্ছে যে সমস্ত বাস্তুহারা ক্যাম্পে আছে ও নানা জায়গায় আছে তাদের জন্য কোন পরিকল্পনা আমরা দেখতে পাই না। তাদের যাতে সুষ্ঠুভাবে পুনর্ব্বাসন হয় এবং অর্থকরী উপার্জন করতে পারে তার কোন পরিকল্পনা আমরা দেখি না। তাঁরা যে সমস্ত পরিকল্পনা করেছেন তার মধ্যে দিয়ে এরা ভবিষ্যতে যাতে নিশ্চিন্ত হতে পারে তার কোন আশাই নাই। তাঁরা জনসাধারণের কাছে সাহায্য চান অপোজিশনের কাছ থেকে সাহায্য চান—কিভাবে আমরা সাহায্য করবো জানি না। এই মন্ত্রীদের খেয়াল খুশী মত আমরা সাহায্য করতে পারি না। মন্ত্রীরা মাঝে মাঝে মিটিং ডাকেন বিরোধী পক্ষের সদস্যদের নিয়ে—এই মিটিংএ কি হবে তা আমরা জানতে পারি না, এর কোন এজেণ্ডা থাকে না, কেবল মন্ত্রীরা যা বক্তৃতা দেবেন আমরা তা সমর্থন করবো এটাই তারা চান। আমরা বলেছিলাম একটা এ্যাডভাইসরি কমিটি গঠন করুন যার মধ্যে দিয়ে জনসাধারণ তাদের প্রতিনিধি মারফৎ তাদের প্রত্যক্ষ অভিজ্ঞতার কথা বলতে পারে। কিন্তু আজ পর্য্যন্ত কোন ব্যবস্থা আমরা দেখতে পেলাম না। এই ভাবে তাদের কো-অপারেশন চাওয়ার অর্থ হয় না। তারপর এই কমিটি অব মিনিষ্টার্স রিপোর্টএ শ্রীযুক্তা রায় ডিসেম্বর মাসে প্রেস কনফারেন্সে একটা রঙীন চিত্র তুলে ধরেছিলেন কিন্তু আশ্চর্য্যের বিষয় তার দুই মাস আগে "যুগান্তর" পত্রিকায় একটা সংবাদ প্রকাশিত হয়—যদিও এটা নিজস্ব সংবাদদাতার সংবাদ নয়, সরকারী দপ্তরের একজন নির্ভরযোগ্য মুখপত্রের বক্তব্য যে, এই সমস্ত পুনর্ব্বাসন ব্যবস্থা সম্পূর্ণ ভাঙ্গনের মুখে এসে পরেছে। তাহলে আপনারা বুঝতে পারছেন আসল চিত্রটা কি। এদের চাকরী দেবার কোন ব্যবস্থা হচ্ছে না। ১২ হাজার কৃষক এখনও ক্যাম্পে আছে তাদের জন্য জমির কোন ব্যবস্থা হচ্ছে না। তারপর কমিটি অব মিনিষ্টার্স যা বলেছিলেন তা গ্রহণ করা হয়নি। তারা বলেছিলেন যে সমস্ত উদ্বাস্তুদের বাহিরে পাঠান হয়েছিল তাদের এখানেই পুনর্ব্বাসনের ব্যবস্থা হওয়া উচিত। তারপর আমাদের এখানে যে ওয়েষ্ট ল্যাণ্ড আছে সেই সব ওয়েষ্ট ল্যাণ্ড পুনরুদ্ধার করা উচিত—তাও তারা অগ্রাহ্য করেছেন এবং আবার তারা উদ্বাস্তুদের মাইসর পর্য্যন্ত পাঠানোর চেষ্টা করছেন। তাদের বাহিরে পাঠানোর ফল কি হয় এটা জেনেও তারা এই পরিকল্পনা গ্রহণ করেছেন। অর্থাৎ সমস্ত উদ্বাস্তুদের দায়িত্ব থেকে নিজেদের অব্যাহতি পাওয়ার চেষ্টাই এঁরা করছেন। যখন এই দপ্তরের মধ্যে দিয়ে চরম ব্যর্থতা বারবার উপস্থিত করা হয়েছিল তখন উচিত ছিল ভারপ্রাপ্ত মন্ত্রীর পদত্যাগ করা কিন্তু সে লজ্জা বা সরম এদের নাই। অথচ রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে একটা রঙীন চিত্র দেওয়া হয়েছে এর চেয়ে লজ্জা, কলঙ্কের কথা আর কি হতে পারে।

**Sj. Sasabindu Bera:**

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণে দেশের বাস্তব অবস্থাকে অস্বীকার করে একটা রঙীন চিত্র তুলে ধরা হয়েছে আমি এই সম্বন্ধে দুই একটা কথা বলবো এর একটা বিশেষ দিক উল্লেখ করে। রাজ্যপালের ভাষণে আমাদের দেশের কৃষকদের সম্বন্ধে একটু মাত্রও উল্লেখ নাই। তারা দিনের পর দিন আর্থিক দুরবস্থার মধ্যে পড়ে মৃত্যুর দিকে এগিয়ে চলেছে। সে সম্বন্ধে, তাদের আর্থিক সমস্যা সম্বন্ধে কোন স্বীকৃতিও এই ভাষণের মধ্যে নাই। বর্ত্তমানে জীবনধারণের মূল্য বেড়ে গিয়েছে এবং প্রয়োজনীয় জিনিষের মূল্য বৃদ্ধির জন্য বাংলার কৃষকদের অর্থনৈতিক সমস্যা চরম সঙ্কটের সম্মুখীন। কৃষকদিগকে এই দুরবস্থার থেকে উদ্ধারের জন্য কোন ব্যবস্থাই সরকার করছেন না। এবং কোন পরিকল্পনাও আমরা দেখতে পাচ্ছি না। বিশেষ করে আমাদের দেশে যারা নিম্ন মধ্যবিত্ত এবং দরিদ্র কৃষকশ্রেণী যাদের অল্প পরিমাণ জমি আছে বা আদৌ জমি নেই যাদের সমস্যাই দেশে সবচেয়ে বড় সমস্যা তাদের সম্বন্ধে এই ঔদাসীন্য অমার্জনীয়। আমাদের পশ্চিম বাংলায় ৫ একরের কম জমির মালিক পশ্চিম বাংলার লোক সংখ্যার শতকরা ৭৪ ভাগ, এই ৭৪ ভাগের মধ্যে মোটামুটি $\frac{১}{৩}$ অংশ ভূমিহীন কৃষক ও ভূমিহীন বর্গাদার, বাকী $\frac{২}{৩}$ অংশের ৫ একরের নীচে থেকে আরম্ভ করে অল্প কিছু মাত্র

জমি আছে। এদের কৃষিই হচ্ছে প্রধান উপজীবিকা। অথচ বর্তমান অবস্থায় কৃষির উপর নির্ভর করে এদের দিন গুজরাণের কোন উপায় নাই। দিনের পর দিন এই অবস্থা চলছে সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে উল্লেখ পর্য্যন্ত নাই। অর্থাৎ দেশের মধ্যে যারা শতকরা ৭৪ ভাগ লোক, দেশ বলতে যাদের বুঝায়, দেশের সেই বিরাট অংশ আজ সর্বক্ষেত্রে উপেক্ষিত, তাদের কথার উল্লেখ পর্য্যন্ত নাই। যাদের পয়সা আছে যাদের ক্রয় ক্ষমতা আছে সেই সব মুষ্টিমেয় লোকের সমস্যা এত তীব্র নয়—তাদের কথা আমরা শুনতে চাইনি। বর্ত্তমান বৎসরে ফসল হলো না ষ্ট্যাটিস্টিক্স দিয়ে সরকার যতই বলুন না কেন কৃষকরা ফসল পেল না, তার ফলে কি অবস্থা হবে তা আমরা বুঝতে পারছি। গত বৎসরের উদ্বৃত্ত ফসল যদি কিছু থাকে সে সরকারের গুদামে আছে, বড় বড় ব্যবসায়ী, মিল মালিকের গুদামে আছে, সাধারণ কৃষকের ঘরে নেই। কাজেই এবছর যখন ফসল হলো না, এবং কিনে খাওয়ার পয়সাও যেহেতু তার হাতে নেই, কি খেয়ে সে বাঁচবে তার পরিবারকে বাঁচিয়ে রাখবে তার কোন ঠিক নেই।

[10-50—11 a.m.]

এই সমস্ত দরিদ্র কৃষকদের সম্বন্ধে কোন কথা রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি না। তারা কি ক'রে খাবে, কি ক'রে এই সঙ্কট পার হবে তার কোন পরিকল্পনা, তার কোন উল্লেখ আমি দেখতে পেলাম না। আমাদের এই সরকারী বিবৃতির মধ্যে সামগ্রিকভাবে দেশের কৃষকদের সমস্যা সম্বন্ধে উল্লেখযোগ্য কোন কথা নেই। রাজ্যপাল মহাশয়ের ভাষণে কমিউনিটি ডেভেলপমেণ্ট স্কীম এবং ন্যাশানাল এক্সটেনসন স্কীমের কথা দেখতে পাচ্ছি। পল্লীর উন্নতির কথাও তিনি বলেছেন। কিন্তু এদের মধ্য দিয়ে দেশের সামগ্রিক কৃষকসমস্যার কোন সমাধান যে হবে না সেটা সকলেই বুঝতে পারেন। কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট কার্য্যকরী করা হচ্ছে, ন্যাশানাল এক্সটেনসন সার্ভিস কার্য্যকরী করা হচ্ছে। এই সকল খাতে সরকারের বিরাট ব্যয়ের তুলনায় যে অতি অল্প পরিমাণ কাজ হচ্ছে সেই হিসাব এখানে আলোচিত হয়েছে, আমি আর সে কথার উল্লেখ করতে চাই না। এর দ্বারা সামগ্রিকভাবে দেশের দরিদ্র কৃষকদের সমস্যার সমাধান হবে না সে কথা সকলেই বুঝতে পারেন। কাজেই সমাজের বৃহত্তম অংশ কৃষকদের কথা আমাদের সরকার বিচার বিবেচনা করেছেন বলে আমি মনে করি না।

আমাদের এস্টেটস্ এ্যাকুইজিশন এ্যাক্ট কার্য্যকরী করার জন্য সরকারী কর্ম্মচারীরা জরীপের কাজ আরম্ভ করেছেন। এই জরীপের কাজে দরিদ্র বর্গাদারদের স্বার্থ পরিপূর্ণরূপে উপেক্ষিত হচ্ছে। সরকারী কর্ম্মচারীদের দ্বারা সরকার জরীপের কাজ আরম্ভ করেছেন। বর্গাদারদের হাতে ভাগচাষের যে সমস্ত জমি ছিল সেই সমস্ত জমি জমিদার ও জমিদারের কর্মচারীরা নানা কৌশলে জমিদারের খাস জমি বলে রেকর্ড করাবার চেষ্টা করছেন; এবং সরকারী কর্ম্মচারীরা জমিদারদের পক্ষ হয়ে দেশের দরিদ্র কৃষকদের তাদের ন্যায্য দাবী থেকে বঞ্চিত করছেন। তাদের প্রমাণাদি উপেক্ষা করে বর্গার জমিকে মালিকের খাস জমি ব'লে রেকর্ড করছেন। এই যে সেটেল্‌মেণ্টের কাজ চলছে এর উপর সরকারের যথেষ্ট গুরুত্ব দেওয়া উচিৎ। কিন্তু সরকার তা দেন নি। শাসনতান্ত্রিক ব্যাপারে অন্যান্য ক্ষেত্রে যেমন দায়িত্ব বোধহীন, অবিবেচনা পূর্ণ ব্যবস্থা এই রিভিসন্যাল সেটেল্‌মেণ্টের ক্ষেত্রেও ঠিক একই রকম ব্যবস্থা দেখছি। এই রিভিসান্যাল সেটেল্‌মেণ্ট ওয়ার্কএ আমরা দেখছি এর গুরুত্বপূর্ণ পদে স্পেশাল রেভিনিউ অফিসার, ল্যাণ্ড রিফরমস্ অফিসার ইত্যাদি গুরুত্বপূর্ণ পদে ফুড ডিপার্টমেণ্টের কর্ম্মচারীদের বহাল কর হয়েছে। ফুড ডিপার্টমেণ্টের কর্ম্মচারীদের দুর্নীতি সম্বন্ধে কুখ্যাতি যথেষ্ট রয়েছে। দেশের বর্ত্তমান অবস্থায় এই সেটেল্‌মেণ্টের কাজ খুবই গুরুত্বপূর্ণ কিন্তু এই কাজ সম্বন্ধে এই সমস্ত কর্ম্মচারীদের জ্ঞান বা অভিজ্ঞতা নাই। আমরা জানি সরকার তাদের খেয়াল খুসীমত ফুড ডিপার্টমেণ্টের অনভিজ্ঞ এবং দুর্নীতিপরায়ণ কর্ম্মচারীদের সেখানে নিয়োজিত করেছেন, অথচ আমরা জানি এই ডিপার্টমেণ্টের ১২৯ জন সেটেলমেণ্ট কানুনগো যাদের পারমানেণ্ট সার্ভিস, যাদের সেটেলমেণ্ট ব্যাপারে বহুদিনের অভিজ্ঞতা রয়েছে, তাদের যোগ্যতা থাকা সত্বেও পদোন্নতির ব্যবস্থা হয়নি। এইভাবে রিভিসান্যাল সেটেল্‌মেণ্ট ব্যাপারে অযোগ্য এবং দুর্নীতিপরায়ণ সরকারী কর্মচারীদের হাতে পড়ে দেশের কৃষকদের স্বার্থ পরিপূর্ণভাবে উপেক্ষিত হচ্ছে। এর ফলে সেটেল্‌মেণ্টের কাজ ভাল ভাবে হচ্ছে না। যখন এস্টেটস্ এ্যাকুইজিশন বিল আলোচিত হয়েছিল আমাদের ভূমি সমস্যা সম্বন্ধে, কৃষকদের মধ্যে ভূমি বণ্টনের সম্বন্ধে কি ব্যবস্থা হচ্ছে জিজ্ঞাসা ক'রেছিলাম। তখন সরকার পক্ষ থেকে বলেছিলেন যে যখন ল্যাণ্ড রিফরমস্ বিল আসবে তখন সেই বিলের মারফৎ এটা করা হবে। কিন্তু ল্যাণ্ড রিফর্মস বিলের মধ্যে এমন কিছু উল্লেখ-যোগ্য জিনিষ দেখতে পেলাম না যার ভেতর কৃষকদের মধ্যে ভূমি বণ্টণের কোন ব্যবস্থা আছে। আমরা জানি

এস্টেট্স্ এ্যাকুইজিসন এ্যাক্টে জমিদারদের কাছ থেকে যে জমি নেওয়া হবে তার পরিমাণ অতি অল্প মাত্র। তাহ'লেও আশা করেছিলাম সেই জমি দরিদ্র কৃষকদের মধ্যে বণ্টনের ব্যবস্থা হবে। কিন্তু এই ল্যাণ্ড রিফর্মস বিলে সেরূপ কোন ব্যবস্থা নেই।

**Mr. Speaker:**

এটা ল্যাণ্ড রিফরমস্ এ্যাক্টের সময় বলবেন।

**Sj. Sasabindu Bera:**

হঁ্যা, স্যার, কৃষকদের অবস্থার প্রসঙ্গে এ সম্বন্ধে একটু বলা উচিত। আমাদের দেশে যে সমস্ত খাসমহলের জমি আছে তার সুষ্ঠু বণ্টন ব্যবস্থা হবে আশা ক'রেছিলাম সে সম্বন্ধে কোন উল্লেখ এই বিলের মধ্যে দেখি না। বরং নূতন দখল করা জমি খাসমহলের সামিল ক'রে কৃষকদের পীড়ন করা হবে সেইরূপ ইঙ্গিতই পেলাম এই বিলে।

তারপর দেশের বেকার বলতে আমাদের সরকার শুধু শিক্ষিত বেকারের কথা মনে করেন। শুধু কয়েকজন শিক্ষিত বেকার সমস্যার সমাধানের পরিকল্পনা করে দেশের সামগ্রিক বেকার সমস্যার সমাধান আদৌ হয় না। অবশ্য শিক্ষিত বেকার সমস্যা সমাধানের ব্যাপারে সরকারী অক্ষমতার পরিচয় যথেষ্ট পাওয়া গেছে। অল্পশিক্ষিত ও অশিক্ষিত কৃষকদের মধ্যে অকৃষক পরিবারের মধ্যে যে বেকার সমস্যা দেখা দিয়েছে তার সমাধানের কোন ব্যবস্থার ইঙ্গিত রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। দেশের বর্তমান সমাজ ব্যবস্থার ফলে তাদের মধ্যে যে বেকারী অত্যন্ত ভয়াবহ রূপ নিয়েছে এবং তাদের ধ্বংসের মধ্যে টেনে নিয়ে চ'লেছে সেই বেকারী থেকে তাদের রক্ষা করবার কোন পরিকল্পনা দেখলাম না। এইভাবে দেখছি রাজ্যপালের ভাষণে দেশের বাস্তব চিত্রকে উপেক্ষা করা হয়েছে। প্রকৃত চিত্র না দিয়ে একটা অবাস্তব চিত্র আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে।

**Sj. Sudhir Chandra Das:**

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণে পল্লী-বাংলার অতি প্রয়োজনীয় একটা সমস্যার উল্লেখ না করার জন্য আমি প্রথমত: আমার এ্যামেণ্ডমেণ্ট যোগান এনেছি। সেটা হচ্ছে পানীয় জলের সমস্যা। কংগ্রেসপক্ষের সদস্যগণ এবং বিরোধীপক্ষের সদস্যগণ একথা একবাক্যে স্বীকার করবেন যে পল্লী বাংলায় পানীয় জলের যথেষ্ট অভাব রয়েছে এবং সেই অভাবের কথা সকলে গত অধিবেশনে পুন: পুন: দাবী করা সত্বেও এবং তার জন্য বেশী টাকা মঞ্জুর করে পানীয় জলের অভাব মোচনের জন্য আবেদন জানিয়েছিলাম কিন্তু তার কোন ফল হয় নাই, অধিকন্তু আমরা লক্ষ্য করছি যে এই একটা অতি প্রয়োজনীয় সমস্যাকে চাপা দেয়ার জন্য মুখ্যমন্ত্রী মহাশয় একটা এমন ভুল রিপোর্ট প্রকাশ করেছেন যেটার ফলে সম্পূর্ণ এমন একটা বিপরীত ধারণা সৃষ্টি করবার চেষ্টা হয়েছে যে পানীয় জলের সমস্যা পল্লী অঞ্চলে আর সমাধান করবার দরকার নেই।

(A voice from Congress Bench—কোথায়?)

আমি অল-ইণ্ডিয়া কংগ্রেস কমিটির ২১শে জানুয়ারীর "ইকনমিক রিভিউ"-তে যা প্রকাশ করেছে তার উল্লেখ করছি। তাতে উল্লেখ আছে—

"There are 35,000 villages in West Bengal. On the basis of providing one well for 400 people, the total requirement would be 50,000. The total number already sunk is 40,000 and the ring-wells and masonry wells 10,000 There is a project for sinking 16,000 tube-wells in the Second Five-Year Plan".

তারপরে মন্তব্য করলে অন্যায় হবে না যে

"Then the whole rural population will have enough wells for drinking water".

আমি দেখছি যে ৫০ হাজার নলকূপ এবং রিং ওয়েলের কথা যে উল্লেখ করেছেন সেটা সর্বৈব মিথ্যা এবং বাস্তব ক্ষেত্রে দেখতে পাওয়া যায় যে পাঁচটি গ্রাম সাতটি গ্রাম চলে গেলে মাইলের পর মাইল হাঁটলেও একটা নলকূপ অথবা রিং ওয়েলের সন্ধান পাওয়া যায় না, এটাই সেখানকার প্রকৃত অবস্থা এবং এই যে রিপোর্ট প্রকাশ করেছেন সেটা মান্ধাতা আমলের বৃটিশ আমলের করে নলকূপ বসানোর রিপোর্ট, কেবল একটা লোক-দেখানো ধাঁধা সৃষ্টি করবার জন্য চেষ্টা করা হয়েছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে যদি অনুসন্ধান করে দেখা যায় তবে দেখা যাবে যে যদি ৫০ হাজার নলকূপ থাকে আর ৩৫ হাজার গ্রাম থাকে তাহলে গ্রামপ্রতি একটা বা দুইটা নলকূপ থাকবে,

কিন্তু এ-ধারণা সম্পূর্ণ বিপরীত এবং মিথ্যা। বহু নলকূপ এবং রিং ওয়েল অকেজো হয়ে পড়ে আছে এবং মেদিনীপুর জেলাতে আমি বলতে পারি যে কয়েক সহস্র নলকূপ ও কুঁয়া অব্যবহার্য্য হয়ে পড়ে রয়েছে। এইভাবে আমরা দেখতে পাই হাজার হাজার নলকূপ একেবারে অকেজো অবস্থায় পড়ে রয়েছে। এইগুলি নিয়ে হিসাব করে দেখিয়েছেন আমাদের দেশে ৫০ হাজার নলকূপ রয়েছে সুতরাং পানীয় জলের আর কোন অসুবিধা হবে না এটাই বোঝাবার চেষ্টা করা হয়েছে।

সেইজন্য আমি তীব্র প্রতিবাদ করছি এই রিপোর্টের এবং আমি দাবী করছি যাতে এই পানীয় জল সরবরাহ যেটা পল্লী অঞ্চলের একমাত্র প্রয়োজনীয় সমস্যা তার জন্য বেশী টাকা মঞ্জুর করুন এবং এই রকম ভুল ধারণা সৃষ্টির যেন চেষ্টা না করা হয়।

[11—11-10 a.m.]

দ্বিতীয় আর একটা বিষয়ের উল্লেখ করতে চাই। যেখানে অনাবৃষ্টি অঞ্চলকে তাঁরা যে ভাবে ঘোষণা করে দিলেন, এবং সেখানে টেষ্ট রিলিফ ওয়ার্ক ও লোনের যা ব্যবস্থা করেছেন, তাতে দেখা যায় যে বহু ক্ষেত্রেই লোক দেখানর ব্যবস্থা করে আমাদের ধোঁকা দেবার চেষ্টা করা হচ্ছে। বিশেষ করে মেদিনীপুর জেলার কথা আমি বলতে পারি সেখানে মাত্র কয়েকটা থানার দু-একটা ইউনিয়নে জানুয়ারী, ফেব্রুয়ারী মাসে সবেমাত্র টেষ্ট রিলিফের কাজ আরম্ভ করা হয়েছে, বাকী কোথাও কিছুই করা হয়নি। মহকুমা শাসককে জিজ্ঞাসা করলে তিনি বলেন যে দরকার মত ষ্টাফ ও ওভারসিয়ার পাওয়া যাচ্ছে না বলে এই সমস্ত ইউনিয়নে টেষ্ট রিলিফের কাজ করা যাচ্ছে না। আমি জানি এবং আপনারাও স্বীকার করেছেন অনাবৃষ্টির ফলে যে ক্ষতি হয়েছে তাতে সেখানে অচলাবস্থা সৃষ্টি হয়েছে এবং সেখানকার লোক খেটে খাবার সুযোগ পাচ্ছে না, কোন কাজ পাচ্ছে না। সেখানে একটিমাত্র ফসল হয়েছে এবং লোককে খাটাবার কোন ব্যবস্থা নাই; সেখানে টেষ্ট রিলিফের ভাল বন্দোবস্ত করা ছাড়া আর তাদের বাঁচাবার কোন উপায় নাই। অবশ্য সরকার বলেছেন টেষ্ট রিলিফ ও লোনের ব্যবস্থা করেছেন, কিন্তু আমরা দেখতে পাই সেখানে হাজার হাজার লোক মরণাপন্ন হয়ে রয়েছে, তাদের জন্য সরকার সামান্য টেষ্ট রিলিফ ওয়ার্ক ও লোনের ব্যবস্থা করে সব শেষ করবার চেষ্টা করেছেন।

আমি একটা খবর পেলাম, সেখানকার মহকুমা হাকিমকে জিজ্ঞাসা করলে তিনি এক উদ্ভট কথা বলেন। তিনি বললেন উপর থেকে তাঁর কাছে নাকি এক নির্দ্দেশ এসেছে যে এক একটি পরিকল্পনার জন্য এক একটি ওভারসিয়ার দরকার, এবং সেইজন্য টেষ্ট রিলিফের কাজ সমগ্র অঞ্চলে আরম্ভ করা সম্ভব হচ্চে না। আমরা শুনে অবাক হয়ে গিয়েছি, এই ধরণের উদ্ভট নির্দ্দেশ যদি তিনি পেয়ে থাকেন তাহলে এটা পাগলামি ছাড়া আর কি বলবো। এই রকম নির্দ্দেশ যদি সত্যই হয়ে থাকে তাহলে সেই নির্দ্দেশ বদলে ব্যাপকভাবে টেষ্ট রিলিফের কাজ আরম্ভ করা হোক। যা সামান্য টাকা মঞ্জুর করা হয়েছে সেটা সমুদ্রে বারি বিন্দুর মত। সেখানে আরও অনেক বেশী টাকা দরকার। প্রতি ইউনিয়নে ৩০।৪০ হাজার টাকার লোনের ব্যবস্থা করতে পারলে তবে সেখানকার মানুষ বাঁচতে পারে। তারা কাজ পাচ্ছে না, খেটে খাবার সুযোগ পর্য্যন্ত পাচ্ছে না। সুতরাং সরকারের এক-মাত্র কর্ত্তব্য হবে এখানে হাজার হাজার টাকা ঋণ দিয়ে কৃষককে বাঁচান। এবং যদি প্রত্যেক ইউনিয়নে ব্যাপক টেষ্ট রিলিফ ওয়ার্কের ব্যবস্থা করা হয় ও প্রতি ইউনিয়নে ৩০।৪০ হাজার টাকার ঋণ ও প্রত্যেককে কাজ দেওয়ার ব্যবস্থা করা যায় তবেই সেখানকার মানুষকে বাঁচাতে পারবেন। আপনারা হয়ত বলতে পারেন টাকা কোথা থেকে আসবে, আমি সেখানে বলবো আমাদের বড় বড় পরিকল্পনাগুলিকে এক বছরের জন্য বন্ধ রাখলে চলতে পারে। যেমন এক্সপেন্সিভ বিল্ডিং প্রভৃতি নির্ম্মাণের কাজ বন্ধ রেখে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ধার নিয়ে অন্ততঃ ১০।১২ কোটী টাকা যদি পশ্চিম বাংলার এই সমস্ত অঞ্চলে খরচ করে কাজ করতে পারেন তাহলে সেই সমস্ত অঞ্চলের লোক বাঁচতে পারে। আমি স্পীকার মহোদয়ের মাধ্যমে সরকারকে বিশেষ করে এই কথা বলছি আপনারা যদি এই অঞ্চলের লোক বাঁচাতে চান, তাদের আর্থিক দুর্গতির পথ থেকে রক্ষা করতে চান, তাহলে অন্য জায়গা হ'তে টাকা এনে তাদের দিন। কারণ, সেখানকার দেশবাসীর ঘরে একটি পয়সাও নাই, তাদের জমি বিক্রয় করলেও টাকা পাওয়ার উপায় নাই, তারা একেবারে সর্ব্বস্বান্ত হয়ে গিয়েছে। কেউ জমি বেচতে চাইলেও তা' কেনবার লোক পাওয়া যায় না, তার কারণ কোবলা খালাসী আইন ও এষ্টেটস্ এ্যাকুইজিশন বিল পাশ করে তার উপর সমাধি রচনা করে দিয়েছেন। পূর্ব্বে টাকা পাওয়ার যে পন্থা ছিল, যতটুকু সম্ভাবনা ছিল তা সমস্ত লুপ্ত হয়ে গিয়েছে। এই যে অচল অবস্থা সৃষ্টি হয়েছে কোবলা খালাসী আইন ও এষ্টেটস্ এ্যাকুইজিশন এ্যাক্টের ফলে সেই অবস্থা অবসানের জন্য সরকারের একমাত্র কর্ত্তব্য হবে সেখানে প্রচুর ঋণ ও টেষ্ট রিলিফ

ওয়ার্কের বন্দোবস্ত করা। কিন্তু দুঃখের বিষয়, এক দিক দিয়ে তাঁরা তাদের রিলিফ দেবার কল্পনা করছেন আর এক দিক দিয়ে বকেয়া ঋণ আদায়ের জন্য গরীব জনসাধারণের থালা, বাটি, জিনিসপত্র সমস্ত ক্রোক করে আনা হচ্ছে। আমি জানি মেদিনীপুর জেলার বহু গ্রামবাসীর মালপত্র এইরকম ব্যাপকভাবে ক্রোক করে কোর্টে আনা হচ্ছে। তাদের এই রকম দুরবস্থায় তাদের জন্য টেষ্ট রিলিফ বা লোনের বন্দোবস্ত না করে, তাদের বাড়ীতে পুলিশ পাঠিয়ে, কোর্টের পেয়াদা পাঠিয়ে তাদের মালপত্র টেনে বের করে আনা অত্যন্ত অন্যায় বলে মনে করি। এটা এক্ষণি বন্ধ করে দিন, এবং তারা যাতে বেশী করে টেষ্ট রিলিফ ও লোন পায় তার সত্বর ব্যবস্থা করুন।

**Sj. Priya Ranjan Sen:**

মিঃ স্পীকার স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণ সম্পর্কে যে সমস্ত বাদানুবাদ হচ্ছে সেই সমস্ত শুনে খানিকটা দ্বিধায় পড়ে গিয়েছি। রাজ্যপালের ভাষণে এমন কিছু নাই যারজন্য পুনর্বাসন মন্ত্রী লজ্জায় পদত্যাগ করবেন, আমি ত এই রকম কিছু পেলাম না। বরঞ্চ রাজ্যপালের সমস্ত কথা বলবার পর জোর দিয়ে তিনটা বিষয়ের উপর বলেছেন সেগুলি হচ্ছে—

"Refugee problem, Rural uplittment" ও "unemployment problem."

সকলে সুখে স্বচ্ছন্দে আছে একথা কোথাও তিনি বলেন নি। কোথাও তিনি একথা বলেননি আমাদের দেশের লোক গ্রামে চমৎকার, স্বচ্ছন্দে রয়েছে। বরঞ্চ বলেছেন সেখানকার রুরাল আপলিফ্টের কথা, যেটা হয়ত ইন্‌ট্রাক্টেবল প্রব্লেম। এই রুরাল আপলিফ্ট এমন একটা বড় প্রব্লেম যা সহজে সমাধান করা যাচ্ছে না। তারপর বলেছেন আনএমপ্লয়মেণ্ট প্রব্লেমের কথা, যা অলমোস্ট ইন্‌ট্রাক্টেবল। বাস্তবিক পক্ষে আজকে আমাদের সমস্যা নানা রকমের; এবং যতদিন বাঁচবো ততদিন আমাদের সমস্যা থাকবে না এমন হতে পারে না। কিন্তু, তার মধ্যে যখন আমরা চারিদিকে তাকিয়ে দেখি তখন সবচেয়ে বড় সমস্যা হয়ে উঠে এই আনএম্প্লয়মেণ্ট প্রব্লেম। বেকার সমস্যা সবচেয়ে বড় বলে মনে হচ্ছে। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে এই তিনটির উপর জোর দিয়েছেন —সকলের আগে দিয়েছেন আনএম্প্লয়মেণ্ট প্রব্লেম, তারপর রিফিউজি রিহ্যাবিলিটেশন প্রব্লেম। এই রিফিউজি রিহ্যাবিলিটেশন প্রব্লেম সলভ করা এত সহজ নয় যে কতকগুলি পরিকল্পনা খাড়া করে দিলেই হ'ল; এবং ইন্‌ট্রাক্টেবল বলেই তিনি বলতে চেয়েছেন যে আমাদের সকলকার দলীয় গণ্ডী ছেড়ে কি করে এই সমস্যার সমাধান করা যায় তার প্রতি মন দেওয়া উচিৎ। কোথাও তিনি বলেননি যে আমাদের দেশের লোক সর্বত্র সুখে স্বচ্ছন্দে দিনযাপন করছে। বরঞ্চ তিনি বলেছেন আমাদের নিজেদের দৃষ্টিভঙ্গীর পার্থক্য থাকা সত্বেও, এই উদ্দেশ্য সিদ্ধ করতে হবে, এই দিকে দৃষ্টি দিন, এই কথা তিনি বলেছেন।

[11-10—11-20 a.m.]

আমাদের দেশের বাংলা দেশের খবর বাংলা দেশ নিচ্ছে বলতে পারি না; কিন্তু সমস্ত ভারতবর্ষের মধ্যে হিসাব কোরে দেখেছেন "ন্যাশন্যাল ইন্‌কম্ কমিটি" যে ৬ কোটিরও বেশী প্রায় ৬॥ কোটি লোক রয়েছে যাদের কাজ নাই, অথচ কাজ করতে পারে, এদের কাজ দেওয়া খুব বড় সমস্যা। শুধু তাই নয়; প্রতি বৎসর ১৮ লাখ লোক এসে হাজির হবে যারা বলবে আমরা কাজের উপযুক্ত। আমাদের কোন কোন বন্ধু মনে করছেন ইণ্টেগ্রেটেড এডুকেশনাল পলিসি হ'লে সুবিধা হবে। সুবিধা যে হবে সে পরের কথা, কিন্তু আপাততঃ যারা কাজ চায়, যারা সুস্থ সমর্থ তাদের কাজ দিতে হবে। যারা কাজ জানে, পরিশ্রম কোরে খেতে পারে, তাদের কাজ দিতে হবে। এটাই বড় সমস্যা। এই বড় সমস্যার জন্য কি করা যাবে? এরজন্য রাজ্যপাল যা বলেছেন তা' নিয়ে আমাদের কোন কোন বন্ধু শ্লেষ কোরেছেন যে রাজ্যপাল পাণ্ডিত্যপূর্ণ ভাষায় বলেছেন যে গোল অব ফুল এমপ্লয়মেণ্ট পূর্ণ হ'লে পর নূতন নূতন শিল্প সৃষ্টির পথে দৃষ্টি দিতে হবে। তারমধ্যে কেবলমাত্র বড় ইণ্ডাষ্ট্রির কথা বলেন নি। এমন কি মার্কেটিংয়ের কথাও বলেছেন; কিন্তু সবচেয়ে বলেছেন—

"the cottage and small-scale industries have perhaps the greatest employment potential, for the number of workers required in these are large in proportion to the capital employed as compared to large-scale industries".

এই যে কুটিরশিল্প এই কুটিরশিল্পের মাধ্যমে আমাদের দেশের অধিকাংশ লোক কাজ পেতে পারে। তারজন্য কতকগুলি পরিকল্পনা তৈরী হয়েছে এবং পরিকল্পনা অনুসারে কাজ হচ্ছে একথাও বলেছেন। কাজ কোরে কি ফল হয়েছে সে কথার হয়ত পরীক্ষা করবার সময় এখনও আসেনি। কিন্তু যদি আমাদের দেশে এমপ্লয়মেণ্ট দিতে হয়, বেকার সমস্যার সমাধান করতে হয়, যদি সুস্থ সমর্থ লোককে কাজ দিতে হয়, তাহলে প্রয়োজনীয়

প্রশস্ত রাজপথ হচ্ছে কুটিরশিল্প এবং তারই মাধ্যমে তা' করতে হবে। এই কথা মনে কোরে তিনি যা' বলেছেন তার উপর কটাক্ষ করা হয়েছে। তিনি লেবার এণ্ড ম্যানেজমেন্টের কথায় বলেছেন যে এদের মধ্যে সমতা না হ'লে পর, তাদের মধ্যে বোঝাপড়া না হ'লে পর, যাতে ভাল কোরে কাজ হয় এবুদ্ধি না এলে পর কি কোরে আমাদের দেশে এমপ্লয়মেণ্ট হবে। লক-আউট এণ্ড ষ্ট্রাইক হলে পর, কাজ কম হলে পর এবং কারখানা বন্ধ হ'লে পর, কি আমাদের এমপ্লয়মেণ্ট আরও বেশী হবে? কোথাও ত তা' বলেননি। তিনি বলেননি যে 'লেবার'! তোমাদের যারা 'এমপ্লয়ার' তারা যা বলছে তা মেনে নাও, তোমরা শান্ত ছেলের মত থাক, ষ্ট্রাইক কোরো না একথা তিনি কোথাও বলেননি। তিনি বলেছেন—

"May I, therefore, make an earnest appeal to the employers and workers alike to avail themselves of the machinery provided in the Act and not to take the extreme step of strikes and lock-outs?"

তিনি বলেছিলেন আমাদের যে আইন রয়েছে সেই আইনের মাধ্যমে নিজেদের গোলমাল মিটিয়ে নাও। তিনি এর চেয়ে বেশী কিছুই বলেননি, যদি বলা হয় তিনি লেবারকে দাবিয়ে রাখতে চাইছেন এবং চাইছেন যে তাদের শোষণ চলতে থাক তাহলে আজকের দিনে সে কথা বলা ঠিক হবে না।

এই প্রসঙ্গে আর একটা কথা বলি। আমাদের দেশে নূতন নূতন পরিকল্পনা আরম্ভ হয়েছে। আমরা নিশ্চয়ই তার কিছু হিসাব চাইব। আমরা তাঁর ভাষণের মধ্যে দেখছি যে এক হাজার বয়স্কের শিক্ষাকেন্দ্র হয়েছে। এক হাজার কেন্দ্রে ৭৫ হাজার লোক শিক্ষা পাচ্ছে। নিশ্চয় আমরা বলবো এথেকে আরও বেশী বাড়ান দরকার। কিন্তু সেকথা বলবার ক্ষেত্র এ নয়।

রাজ্যপালের ভাষণের মধ্যে বেকার সমস্যার পর অন্যান্য বড় বড় সমস্যার কথাও বলা হয়েছে। সে-সব সমস্যাও নিশ্চয় মস্ত বড় সমস্যা, যেমন 'ইরিগেশনের' ব্যাপার। একথা ঠিক আমাদের দেশে ৪১৫১৭টা গ্রামের মধ্যেও হয়ত ভাল জলাশয় নাই যেখানে লোক স্নান করতে পারে বা নিশ্চিন্ত হয়ে জল পান করতে পারে; হয়ত এরকম প্রয়োজনীয় জলাশয় নাই। এ সমস্ত সমস্যা যে নাই তা' বলতে পারি না। কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে দেশের সমস্ত সমস্যা বোলে দেওয়া যায় কিনা জানি না। তাই আমি শুধু এই কথাই বলতে পারি যে এখানে যে যে কথা বলা হয়েছে তাতে যথাযথভাবে আমাদের বিভিন্ন সমস্যার দিকে দৃষ্টিপাত করা হয়েছে এবং সবচেয়ে কঠিন সমস্যা যেগুলি সেগুলির উল্লেখ কোরে রাজ্যপাল ঠিকই করেছেন।

**Dr. Kanailal Bhattacharya:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বিগত বছরের উপর বাঙ্গের বন্যাকে সর্বপ্রধান দুর্ঘটনা বলেছেন। কিন্তু দুঃখের বিষয় এই যে এতবড় একটা ঘটনা ঘটে গেল সেটা প্রতিরোধ করবার জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সে রকম গুরুত্বপূর্ণভাবে ও বিচক্ষণতার সঙ্গে কার্য্য করা হয় নাই। বন্যা গত জুলাই ও অগাষ্ট মাসে হয়েছে। ৬।৭ মাস হয়ে গেল কিন্তু আজ পর্য্যন্ত সেই সব রাস্তা ও সেতু প্রভৃতি যা ভেঙ্গে গেছে সেগুলি রিপেয়ার করা হয় নাই। অধিকন্তু বন্যাবিধ্বস্ত অঞ্চল যেগুলি তাদের মধ্যে যথেষ্ট পক্ষপাতিত্ব রয়েছে এবং এ-ব্যাপারেও যথেষ্ট নেপোটিজম ও করাপ্শন রয়েছে।

বন্যার ফলে কুচবিহারে অনেক চাষের জমি অনাবাদী হয়ে গেছে, সেগুলিকে চাষের যোগ্য করবার বন্দোবস্তের কাজ কিছুই অগ্রসর হয় নাই। কালপানি, ইত্যাদি গ্রামগুলিতে অজস্র বালি পড়ায় সেখানকার চাষীদের জমিগুলি অনাবাদী হয়ে গেছে। তার উপর যে সমস্ত কৃষকেরা জমিহীন হয়েছে অথবা যাদের বাড়ীঘর ভেঙ্গে গিয়েছে তাদের পুনর্বাসনের জন্য সরকার পক্ষ থেকে কিছু করা হয় নাই। জলপাইগুড়ি জেলায় যে সমস্ত উদ্বাস্তু নিজেদের চেষ্টায় পুনর্বাসনের ব্যবস্থা করে নিয়েছিল সেই সমস্ত উদ্বাস্তুরা বন্যার ফলে দারুণ দুরবস্থায় পতিত হয়েছে, তাদের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করি। বন্যার ফলে লক্ষাধিক কৃষক জমিহীন হয়েছে,—আজ তাদের পুনর্বাসন করা সত্যই একটা সমস্যা। কিন্তু সেই সমস্যা সমাধানের জন্য উপযুক্ত পরিকল্পনা সহকারে আমাদের সরকারকে এগিয়ে আসতে দেখছি না।

তারপর সেখানে কৃষি ঋণের ব্যাপারেও সরকার থেকে পক্ষপাতিত্ব হচ্ছে, এবং সঙ্গে সঙ্গে গাফিলতিও দেখা যাচ্ছে। এর একটা উদাহরণ দিতে চাই। দীনহাটা মহকুমার আড়াই হাজার দরখাস্ত পড়েছে; কিন্তু দুঃখের বিষয় এখনো পর্য্যন্ত তার মধ্যেকার প্রায় দুহাজার দরখাস্ত বিবেচনা করা হয় নাই, মাত্র ৫০০ দরখাস্ত বিবেচনা করে ৫৫ হাজার টাকা ঋণ দেয়া হয়েছে অথচ সেখানে ১,৭৫,০০০ টাকা ঋণের প্রয়োজন দেখা যায়। যারা

কংগ্রেসের সাহায্যপুষ্ট তাদেরই ঋণ দেয়া হচ্ছে, অথচ যারা অন্য দলের লোক বা নিরপেক্ষ তাদের মধ্যে সাহায্য বণ্টন করা হচ্ছে না। তারপরে যেসামান্য কৃষিঋণ দেয়া হচ্ছে তাও অগ্রহায়ণ-পৌষ মাসের মধ্যে দেওয়া উচিত ছিল তা' না দেয়ায় সে ঋণ কাজে লাগাতে পারবে না।

তারপর আর একটা জিনিষের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। দীনহাটা মহকুমার ২ হাজার দরখাস্ত যে পড়ে আছে, ৩১শে মার্চের মধ্যে ডিসপোজ অফ না করলে সেগুলি কেচে যাবে এবং সাহায্য না পাওয়ার ফলে অনেক কৃষককে অনাহারে দিন কাটাইতে হবে। তা'ছাড়া সরকারের খয়রাতি সাহায্য ও ঋণ যা দেওয়া হচ্ছে তার মধ্যেও দেখা যায় পক্ষপাতিত্ব। এবং আমি সে সম্বন্ধে ২।১টা উদাহরণ পেশ করছি।

যেমন—কালাপানি গ্রামের নিরঞ্জন রায়কে প্রথমে আড়াইশো টাকা গৃহনির্ম্মাণ ঋণ হিসাবে দেওয়া হয়েছিল তারপর হঠাৎ দেখা গেল এই ঋণ তাকে দেওয়া হ'ল না। তাঁর নাম কাটা গেছে। খবর নিয়ে জানা গেল তিনি ফরওয়ার্ড ব্লকের সমর্থক বলে তাঁকে এই ঋণ দেওয়া হয় নাই।

[11-20—11-30 a.m.]

যেমন--কালাপানি গ্রামের শ্রীমনোরঞ্জন রায়কে প্রথমেই গৃহনির্ম্মাণের জন্য ঋণ বাবদ ২৫০ টাকা মঞ্জুর করা হয়। কিন্তু তারপর হঠাৎ দেখা গেল যে সেই ঋণ দেওয়া হয়নি। কারণ সম্বন্ধে খোঁজ নিয়ে জানা গেল তার অপরাধ হচ্ছে তিনি ফরওয়ার্ড ব্লকের সমর্থক, তাই তাকে ঋণ দেওয়া হয়নি। তারপর এই সাহায্য দানের জন্য অর্থাৎ দরখাস্ত গ্রহণ করা ও তদন্তের জন্য যেসব স্থানীয় বে-সরকারী কমিটি সরকারের চেষ্টায় গঠিত হয়েছে তাতে জনসাধারণের আস্থাভাজন ব্যক্তিরাও স্থান পান নি। বামপন্থীদলের তো দূরের কথা,--গ্রামের পঞ্চায়েতদেরও পর্য্যন্ত নেওয়া হয় নি। অথচ এইসব কমিটির সদস্যদের দুর্নীতি ও স্বেচ্ছাচারমূলক কাজের বিরুদ্ধে জেলা শাসক ও মহকুমা হাকিমের নিকট লিখিতভাবে বহু অভিযোগ উত্থাপন করা হয়েছে কিন্তু দুঃখের বিষয় এ-বিষয়ে কোন ব্যবস্থাই হয়নি। অধিকন্তু সাহায্যের দাবী জানানোর অপরাধে ফরওয়ার্ড ব্লক কর্ম্মীদের উপর সরকার যথেষ্ট অত্যাচার চালাচ্ছেন। এই সাহায্যদান ব্যাপারে সরকারী কাজের গাফিলতির দিকে দৃষ্টি আকর্ষণ করবার জন্য বাণেশ্বর তালুকের কৃষকেরা কৃষি ঋণের দাবীতে কোচবিহারের ডেপুটি কমিশনারের কাছে গিয়েছিল এবং তাদের দাবী জানিয়েছিল। এবং সেই দাবী জানানোর ব্যাপারে নেতৃত্ব নিয়েছিল সেখানকার দুইজন ফরওয়ার্ড ব্লক কর্ম্মী—শ্রীদুর্গেশ নিয়োগী আর শ্রীফটিক বসু। দুঃখের বিষয় যেসব কৃষক এই দাবী নিয়ে গিয়েছিল তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে এবং সেই মামলা এখনও পর্য্যন্ত চলছে।

তারপর আর একটা কথা--অতি সামান্য সংখ্যক নরনারীকে কৃষিঋণ, গৃহনির্ম্মাণ ঋণ বা অন্য প্রকার সাহায্য দেওয়া হয়েছে। অথচ বিস্ময়ের বিষয় কোনরূপ নোটিশ না দিয়েই ঘোষণা করা হয়েছে যে দরখাস্ত গ্রহণ শেষ হয়েছে--এর মধ্য দিয়ে সরকারের হৃদয়হীনতার কথাই প্রকাশ পেয়েছে কারণ নিরক্ষর চাষীরা কোথায় দরখাস্ত পেশ করতে হবে বা কত সময় আছে কিছু জানে না তাই বহু লোকই দরখাস্ত পেশ করতে পারে নাই অথচ তাদের দরখাস্ত আর গ্রহণ করা হচ্ছে না। সুতরাং সাহায্য প্রদানের জন্য যে নীতি আছে তা পরিবর্ত্তনের প্রয়োজন এবং অবিলম্বে নূতন করে সাহায্য দানের জন্য দরখাস্ত আহ্বান করা উচিত।

বহু ক্ষেত্রে বন্যা দুর্গত নরনারীকে খয়রাতি সাহায্য দেওয়া বন্ধ করা হয়েছে। অথচ তাদের কর্ম্মসংস্থানের কোন বিকল্প ব্যবস্থা হয়নি। সেসব লোকের ড্রাই ডোল, ক্যাশ ডোল প্রভৃতি সাহায্য বন্ধ হওয়াতে যে কি দুর্দ্দশা হয়েছে তা বলার নয়। এই টেষ্ট রিলিফের কাজ আরও বাড়াতে হবে। বন্যা নিয়ন্ত্রণের জন্য এ-পর্য্যন্ত সরকার কোন ব্যাপক পরিকল্পনা এখন পর্য্যন্ত গ্রহণ করতে পারেন নি। এই অঞ্চলের জনসাধারণের মধ্যে যে ব্যাপক ভীতি ও সন্ত্রাসের সৃষ্টি হয়েছে তা' মোটেই দূর হয়নি। তোর্ষা-রিভার প্রটেক্সন এণ্ড রিলিফ কমিটি বহু পূর্ব্ব থেকেই কুচবিহার সহরের বিপদ সম্পর্কে সরকারকে সতর্ক করেছিলেন কিন্তু সরকার সেই কথায় কর্ণপাত করেন নি। তোর্ষা নদী তার গতি পরিবর্ত্তন করে কুচবিহার সহর ভেঙ্গে অগ্রসর হচ্ছে। সরকারী গাফিলতির জন্য এখন পর্য্যন্ত এই ভাঙ্গনকে রোধ করার জন্য বিশেষ কোন কার্য্যকরী পন্থা গৃহীত হয়নি। প্রতিদিনই তোর্ষা তার ধ্বংস লীলা বাড়িয়ে চলেছে। বহু লোক গৃহহীন হয়েছে। এই সম্পর্কে সরকার পক্ষ থেকে ৭ মাইল লম্বা বাঁধ করে তোর্ষা নদীকে বাঁধবার চেষ্টা হচ্ছে বটে কিন্তু এই দুর্গতদের জন্য কোন ব্যবস্থা হয়নি। এই প্রসঙ্গে আমি একটি ঘটনার উল্লেখ করবো--এই যে বাঁধ এটা যদি ধীর গতিতে কাজ চলে তা'হলে এপ্রিল মাসের মধ্যে কমপ্লিট হবে না--আর যদি তা' না হয় তাহলে

তখন হিমালয়ের বরফ এপ্রিল মাসে গলতে আরম্ভ করলে সেই বাঁধ ভেসে যাবে। এই বাঁধ বাঁধা ব্যাপারে এখনও পাথর আনতে আরম্ভ করে নি--ইতিমধ্যে মাত্র ১০ পার্সেণ্ট এসে পৌঁচেছে কিনা সন্দেহ। এটা আতঙ্কের কথা--এ-দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর আর একটা কথা বলতে চাই। বাঁধ নির্মাণ বা খাল কাটা ব্যাপারে বহু লোকের জমি দখল করা হয়েছে। সেই অঞ্চলের অধিবাসীদের একরূপ বিনা নোটিশে উৎখাত করা হয়েছে কিন্তু তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা করা হয়নি। এদের যে কি দুর্দশা তা' বলা যায় না, যদি এদের বিকল্প ব্যবস্থা না হয় তাহলে এদের দুর্গতির আর সীমা থাকবে না। গত বন্যার ফলে রাস্তাঘাট যা নষ্ট হয়ে গেছে তা মেরামত করার কোন পরিকল্পনা সরকার এখন পর্যন্ত গ্রহণ করেননি। আগামী বর্ষায় বহির্জগতের সঙ্গে আলিপুর দুয়ারের যোগাযোগ একেবারে বিচ্ছিন্ন হয়ে পড়বে এই আশঙ্কার কারণ আছে। দুয়ার্সে ধূপগুড়ি থেকে গয়েরকাটা, গয়েরকাটা থেকে বীরপাড়া, ময়নাগুড়ি থেকে রামসাই পর্যন্ত যেসব সড়ক রয়েছে বন্যায় সে-সবেরও ভীষণ ক্ষতি হয়েছে, অথচ এই সব এখনও মেরামত করা হয়নি--এ-সমস্ত বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ দেখতে পেলাম না। সরকার বলতে পারেন যে বন্যা নিরোধে যথেষ্ট টাকা খরচ হচেছ কিন্তু সেই টাকা সত্যই খরচ হচেছ কিনা এবং ঠিকভাবে খরচ হচেছ কিনা সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। আজ সরকারী গাফিলতীর বহু অভিযোগ উঠছে যাদের সাহায্য পাওয়া উচিত তা তারা পাচেছ না, কেবলমাত্র সরকারের অনুগ্রহপুষ্ট মুষ্টিমেয় লোকেরই সুবিধা হচেছ। এদিকে সরকারের দৃষ্টি নিবদ্ধ হওয়া অবিলম্বে দরকার।

**Sj. Tarapada Bandopadhyay:** Mr. Speaker, Sir, I shall concentrate my submission on one point only to avoid repetition and monotony. In the rather long speech delivered by His Excellency I am sorry I have not been able to find anywhere any reference to the appalling distress in which the depressed class Hindus are living, nor there is any indication anywhere as to any steps that His Excellency's Government proposes to take to ameliorate the wretched condition of these depressed class Hindus. By depressed class Hindus I mean, Sir, the Hindus of the so-called lower strata of the Hindu society. I mean the Muchis, I mean the Hadis, I mean the Bagdis, the Doms and the Bhangis and the people of a like position. You know very well, Sir, that they have been living in perpetual poverty, they have been living in perpetual illiteracy and naturally because they are living a life of segregation, their civilisation is not of a high order, and they are often prone to crimes by the force of circumstances. They are only day-labourers and wage-earners and they have no other means of livelihood. They have no land, they have no house to live in, they have no hope in life; they are living a life of frustration. These are the people whom Mahatma Gandhi lovingly called the Harijans, but with the demise of that great man, Sir, the Harijan Movement also has gone.

Now the worthy disciples of that Mahatma only take the name of Mahatma, and bank upon his name, whenever they are in distress and once they are extricated from that difficult situation they totally forget his name. They are using his name as something like *Muskil Asan Pir* and nothing else, they are not acting up to the ideas and ideals of that great man. These depressed classes have no status in society, they have no hope in life and naturally, therefore, they are unwilling victims to dangerous proselytising agencies and some subversive political parties. If you do not do your duty to these people, Nature will take revenge on you and ere long you will see either they have become extinct or they have turned to be anti-Indian and anti-Hindu citizens of India. Therefore, I think they should be given a status. They are sinking, they are dying; they must be kissed into life again; but who will do that? Is this Government willing to take any steps, effective steps? They are not. Therefore, I am submitting, Sir, that even in this Minister-ridden country, in this Government there is yet scope for a full-fledged Minister with a hierarchy of officers from top to botton to attend to this single matter, that is, the Harijan problem or the problem of the depressed classes, and the Government should come forward to do this. They

[11-30—11-40 a.m.]

must be given status, they must be made to feel that they are as good citizens, as good Hindus, as any of us. Unless it is so done, the result will be disastrous. Not only that, they should be given land, they should be given houses, they should be given means of livelihood they should be economically rehabilitated, they should also be morally rehabilitated and, if I may be permitted to say so, they must also be religiously rehabilitated. But Government would not do anything like that. They won't come forward to render even this legitimate help to a Hindu, as a Hindu, because the ghost of secularism has possessed them irrevocably. Now, Sir, their condition is like the patient who, although not dead, was declared dead by Ram Kabiraj. Out of deference to Ram Kabiraj the patient who was declared dead lay prostrate and did not show any sign of life. Now when his alleged dead body was being carried to the burning ghat, the carriers of the dead body were at difficulty to locate the Nimtala Ghat or the Kasi Mitter Ghat. By that time the patient, who was alleged to have been dead, who was declared by Ram Kabiraj to be dead—muttered: "I know Kasi Mitter Ghat, I know Nimtala Ghat. But how can I say that when I have been declared to be dead by Ram Kabiraj whom I respect very much?". So is the case with Government. They must individually feel that they have a great duty to do to these poor people, these depressed class people—they before their eyes are making a clossal waste of very valuable human materials, but this secularism of Ram Kabiraj has completely possessed them and they are not in a position to do their duty to them. Now, I shall say, Sir, that they must be morally rehabilitated. How can it be done? Formerly the higher class Hindu gentlemen used to come forward to render them every aid—moral, social and other aids. Now these middle-class Hindu gentlemen, these young men, are themselves in a very much difficult position, because of unemployment, because of thousand and one other difficulties. Therefore, it is not possible for them now to come forward and to render aid that is necessary for these poor people. So. Government must come forward. They must somehow or other get rid of, steer clear of this secularism and they must come forward and they must do their duty. In this connection I must say that the Government can take the help of such missions like the Ramkrishna Mission or the Bharat Sevasram Sangha which are already doing much valuable service in the fold of these depressed class Hindus. They are giving them status; they are making them feel that they are also potentially as good citizens as any of us. Therefore, Government must come forward with a good deal of help and they must seek the co-operatioon and help of these Missions, viz., Bharat Sevasram Sangha and Ramkrishna Mission and other Missions, so that there may be still time to save them, so that this humanity, this colossal waste of humanity may be saved.

This is my submission.

**Sj. Raipada Das:** Mr. Speaker, Sir, the Governor's Address has been applauded in a double superlative. They on the other side have called it "the most excellent speech" ever delivered. How, let us see how far this encomium is justified and substantiated by the prevailing conditions in the country. Is the picture really so rosy as has been painted by the Governor?

First, let us take the food position. Rice sells at Rs. 16 per maund. Contrasted with the war and post-war prices, it is a slight improvement, no doubt, but this slight improvement took seven years to come. How long, one may legitimately ask, will the Congress Government take to bring the prices to their pre-war level and make it possible for the people to have two square meals a day? If two seers and a half of rice per rupee indicates a happy state of things for the people, the word famine becomes a misnomer and should find no place in the dictionary. Has the purchasing power of

the people increased? Has unemployment been reduced to a substantial extent? The overall picture of the food position in the country is still dark and gloomy, and the people have yet little to enthuse over.

Now, let us look at the relief policy of the Government and at the manner the relief is given. Relief is distributed through agencies which have been conspicuous for their notoriety, with the result that relief is given where relief is not needed, whereas the really needy people escape the attention of the relief-givers. Relief is thus politics with the Congress Government. Then again, a large percentage of the relief money goes to fill the pockets of those who are in charge of the distribution. Officials and non-officials are in an unholy combination to defraud the Government and deprive the people. Bribery and corruption are running rampant and are practised fairly openly and under the very nose of the Government. And yet, the Governor does not speak a word about it, nor does he suggest any measure to check this ever-growing evil, threatening the very foundation of the society.

Now, I turn on to the question of education—primary, secondary and collegiate. Primary education has been given an impetus Some primary teachers have been appointed and are being appointed. But look at the manner these teachers are being interviewed and selected. At an interview, which is mainly conducted and dominated by men who have no pretension to learning, a candidate is asked if he canvassed in the last election for a particular non-Congress M.L.A. whom he cited as his referee. And the result of the interview, as you can well see, is obvious. Very often under-qualified or indifferntly qualified men are appointed to the exclusion of better qualified candidates who are penalised for their acquaintance with men not within the sacrosanct Congress fold. The District Inspector of Schools is, of course, there; but he is nothing better than a non-entity. As regards secondary and collegiate education, the less said, the better. Education in secondary schools is fast getting regimented, and the new educational system, shortly to be introduced by the Government, will inevitably result in the abolition of many of them. The introduction of the three-year degree course will, in the opinion of the University Teachers' Association, very adversely affect the collegiate education. So, in education, the Government is intent upon pursuing a downward, instead of an upward course. It looks as if it wants to have a set of "primaries" who are expected to create less trouble and whom it will be easier for the Government to rule and hoodwink. Power, not progress, is what counts with the Government. The truth is that the present Government wants to govern and not to raise and ameliorate the condition of the people.

The Community Development Project, the Governor says, is "to provide an integrated development of rural areas around small urban centres". It is at best a pious wish, and being impractical and utopian, is bound to miscarry. Huge sums of money have been expended and still continue to be spent without any appreciable improvement of the condition of the rural population.

The Deep-Sea Fishing Scheme, the State Transport Service, the Kalyani Township Scheme, the Haringhata Live-stock and Dairy Farm Scheme are yet, all of them, losing concerns and have come in for severe criticism by the people. I need not dilate on them.

Lastly, the setting up of the Development Corporation makes the way easier and smoother for the devil to step in. It will give the Chief Minister unfettered freedom to play ducks and drakes with the public money and will, at the same time, absolve his Government from the primary obligation of developing the country. The Congress, once the cynosure of the people, has thus belied the confidence placed in them and has degenerated into a

self-seeking coterie of people whose only object is to stick to power and continue its game of grabbing, being maliciously callous to the ever-increasing miseries of the people. It is time the Congress cried halt to its ruinous policy and purified itself by a thorough purge within and an over-all reorientation of its existing policy.

[11-40—11-50 a.m.]

**Sj. Sambhu Charan Mukherjee:**

মাননীয় অধ্যক্ষমহাশয়, যাঁরা মনে করেন যে রাজ্যপালের ভাষণের মধ্যে রাজ্যের বেকার সমস্যা থেকে পানীয় জলের সমস্যা পর্য্যন্ত সমস্ত জিনিষই স্থান পাবে আমার মনে হয় তাঁরা রাজ্যপালের ভাষণ দেবার যে প্রথা সেই প্রথা সম্বন্ধে সম্ভবতঃ সম্যক প্রণিধান করতে পারেন নি। আমাদের এইটা বিবেচনা করতে হবে, এইটা দেখতে হবে যে, রাজ্যপালের যে ভাষণ সেই ভাষণের মধ্যে ভবিষ্যতের কর্ম্ম পন্থার আভাষ আছে কিনা। ভবিষ্যতের কর্ম্মপন্থার আভাষ এর মধ্য দিয়ে আমাদের দেশের, আমাদের দশের, আমাদের সমাজের কোন উন্নতি হবে কিনা, উপকার হবে কিনা। আমি আমাদের মহামান্য রাজ্যপালমহাশয়ের ভাষণের মধ্যে ভবিষ্যতের কর্ম্মপন্থার যে উজ্জ্বল আলোক দেখতে পাচ্ছি সেইজন্য আমি তাঁর ভাষণকে সাদরে অভিনন্দন জানাচ্ছি। তাঁর ভাষণের মধ্যে অতীতের যে কৃতকর্ম সেই কৃতকর্মের যে ফিরিস্তি আছে তাতে আমরা দেখছি যে খাদ্য পরিস্থিতির উন্নতি হয়েছে; খাদ্য সমস্যার সমাধান হয়েছে--এ-সম্বন্ধে তিনি উল্লেখ করেছেন। এটা খুবই আনন্দের কথা যে আমাদের খাদ্য সমস্যার সমাধান হয়েছে। এবং যে সমস্ত সমস্যা আমাদের জর্জ্জরিত করছে সে সমস্ত সমস্যা সম্বন্ধে তিনি আদৌ উদাসীন নন। সেগুলি বেশ জোর দিয়ে বলেছেন যে এই সমস্যাগুলি আমাদের সমাধান করতে হবে। অবশ্য এ-কথা ঠিক যে আমাদের খাদ্য সমস্যা সমাধান হয়ে গিয়েছে বলে যে আমরা নিশ্চিন্ত হয়ে বিশ্রাম নেবো তা নয়। আমাদের মধ্যে যে বেকার সমস্যা আছে সেটা স্বীকার করতেই হবে এবং আমরাও তা স্বীকার করছি। তবে আমাদের এইটুকু দেখতে হবে যে এই বেকার সমস্যা সমাধান করার জন্য আমরা কোন চেষ্টা করেছি কি না এবং করছি কিনা। আমাদের সুবোধবাবু তিনি অনেক ষ্ট্যাটিস্টিক্যাল ফিগার দিয়ে গেলেন সেগুলি গ্রহণও করছি না বা বর্জ্জনও করতে পারি না। তবে গতকাল আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ের প্রশ্নের উত্তরে আমি একটি কথা শুনেছি সেটা হচ্ছে ১৯৫৪ সালের স্পেশাল কেডার সিস্টেমে ১৯৫৪ সালে ১,০৯০ জন শিক্ষক একমাত্র হাওড়া জেলাতেই নিযুক্ত হয়েছে--একথা মাননীয় সদস্যকে মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় জানিয়েছেন। এখানে-মাত্র একটি জেলার অঙ্ক দেওয়া হয়েছে, এছাড়া আরো অন্য জেলা আছে। সেখানেও এই কাজ চলছে। এই-গুলি দেখে আমরা মনে করতে পারি না যে বেকার সমস্যা সমাধান করবার জন্য আমাদের সরকার উদাসীন। তাঁরা চেষ্টা করছেন। এসম্বন্ধে তাঁরা আদৌ উদাসীন নন। এই গেল এক দিক। এছাড়া আরো অন্যান্য দিক আছে, ষ্টেট ট্রান্সপোর্ট এবং অন্যান্য প্রতিষ্ঠান আছে যেখানে অনেক বেকারকে কাজ দেওয়া হচ্ছে। তারপর বলবো উদ্বাস্তু এবং পুনর্বাসন সমস্যা সম্বন্ধে। এই যে সমস্যা এই সমস্যা সমাধান করার জন্য আমাদের সরকার চেষ্টা করছেন কিন্তু সেই সমস্যার সম্পূর্ণ সমাধান হয়নি। আমার মনে হয় এটা একটা কণ্টিনিউইং কোয়েশ্চেন কারণ প্রতিদিন, প্রতিমাসে উদ্বাস্তু আসছে কাজেই এই সমস্যার সম্পূর্ণ সমাধান হওয়া সম্ভব নয়। তবুও আমরা এইটা দেখবো যে আমাদের সরকার এর চেষ্টায় আগ্রহান্বিত কিনা, তাঁরা চেষ্টা করছেন কি না এবং তাতে দেখা যায় যে তাঁদের চেষ্টার কোন ত্রুটি নেই। আমি আর একটা জিনিষকে রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ-যোগ্য বলে মনে করি। সেটা হচ্ছে ভবিষ্যৎ সমাজের উন্নতির আভাষ। ভবিষ্যত সমাজ কিরকম ধরণের সোস্যালিজমের মধ্যে দিয়ে আস্তে আস্তে অগ্রসর হচ্ছে তার আভাষ তাঁর ভাষণের মধ্যে দিয়ে পাচ্ছি। তাঁর ভাষণে দুইটি জিনিষের উল্লেখ করেছেন, একটি হচ্ছে ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস বিল আর একটি হচ্ছে ওয়েষ্ট বেঙ্গল গ্রাম পঞ্চায়েত বিল। এই ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস বিলে কিরকমভাবে ল্যাণ্ড রিডিষ্ট্রিবিউট হবে কৃষকদের মধ্যে, ভূমিহীনদের মধ্যে, সেকথা বলা হয়েছে। যে সমস্ত লাটদার, জোতদার, জমিদারদের জমি আছে সেই সমস্ত জমিগুলি কি করে তাদের মধ্যে পুনর্বণ্টন করা যেতে পারে তার আভাষ আমরা পাচ্ছি। এটা খুবই সুখের কথা, এটা খুবই আনন্দের কথা। তিনি একথাও বলেছেন যে ইকুইডিষ্ট্রিবিউশান হবে। এবং আরো বলেছেন যে এটাই একমাত্র বিল নয়, এই রকম বিল আরো আসবে।

গ্রাম পঞ্চায়েৎ বিল সম্বন্ধে একটি কথা বলবো, সেটা হচ্ছে, আমাদের জাতির জনক, মহাত্মা গান্ধী যে স্বপ্ন দেখেছিলেন সেই স্বপ্ন সার্থক হ'তে চলেছে। তিনি যা বলেছিলেন, তিনি যা চিন্তা করেছিলেন, তিনি যা স্বপ্ন দেখেছিলেন যে, যে দেশে ৭০ লক্ষ গ্রাম সেই দেশে গ্রামরাজ প্রতিষ্ঠা হওয়া উচিত। আজ সেই

গ্রামরাজ প্রতিষ্ঠা হ'তে চলেছে, এইজন্য আমি আমাদের রাজ্যপালের ভাষণকে অভিনন্দন জানাচ্ছি। একথা স্বীকার করতেই হবে যে আমাদের দেশ অর্থাৎ ভারতবর্ষ রাজনৈতিক স্বাধীনতা লাভ করেছে কিন্তু অর্থনৈতিক স্বাধীনতা লাভ করেনি। এটা সত্য কথা যে আমাদের অর্থনৈতিক স্বাধীনতা লাভ করতে হবে, এই অর্থনৈতিক স্বাধীনতা অর্জন করতে হবে এবং কি উপায়ে অর্জন করতে হবে সেটা চিন্তা করতে হবে। আপনাদের আমি আমাদের মাননীয় অধ্যক্ষমহাশয়ের মাধ্যমে এই কথা বলবো যে কংগ্রেসের যে নীতি তা হচ্ছে কি করে অর্থনৈতিক স্বাধীনতা আমাদের দেশ লাভ করবে।

[11-50—12 noon.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে কংগ্রেসের নেতৃত্বে আমাদের দেশ অর্থনৈতিক স্বাধীনতা লাভ করবে
By way of evolution and not by way of revolution.
কাজেই একে একে ধীরে ধীরে আমাদের দেশ সেদিকে এগিয়ে যাচ্ছে কি না সেটা দেখতে হবে।

আমাদের বিরোধীপক্ষের বক্তৃতার মধ্যে এই জিনিষটা শুনেছিলাম যে কংগ্রেসের মধ্যে নাকি দলাদলি আছে, মতভেদ আছে। হ্যাঁ, আছে, আমি স্বীকার করি। আছে কেন? কারণ কংগ্রেস একটি গণতান্ত্রিক প্রতিষ্ঠান, তাদের মধ্যে কথা বলবার স্বাধীনতা আছে। কারও মত প্রকাশে সে বাঁধা দিতে চায় না, কারও মত সে চেপে রাখতে চায় না। কিন্তু আমাদের দেশে যে সমস্ত অগণতান্ত্রিক রাজনৈতিক প্রতিষ্ঠান তাদের মধ্যে কোন বাক্ স্বাধীনতা নাই। সেই সমস্ত অগণতান্ত্রিক রাজনৈতিক প্রতিষ্ঠানের হাতে যদি কখনো রাজ্যভার যায়, শাসন ক্ষমতা যায়, তাহলে আমাদের কথা বলবার স্বাধীনতা তখন থাকবে কিনা সেটা বিচার্য্য বিষয়। অন্ততঃ আমরা এই ধারণা পোষণ করি যে তাদের উপর যদি কোনদিন রাজ্যভার যায়, তাহলে যারা এখনো স্বাধীন মত পোষণ করতে পারে, তারা তখন কোন স্বাধীনমত পোষণও করতে পারবে না। কি করে তারা স্বাধীন রাষ্ট্র করবে? আমরা এরজন্য নিজেদের প্রতিষ্ঠানকে বলতে চাই যে আমাদের এই কংগ্রেস প্রতিষ্ঠান হচ্চে একটা গণতান্ত্রিক প্রতিষ্ঠান। এখানে সকলের মত স্বাধীনভাবে প্রকাশ করবার ও বিচার করবার সম্পূর্ণ স্বাধীনতা আছে। কিন্তু কমুনিষ্ট পার্টির তা নাই। তারা জনমতকে চাপা দেয়; এমন কি নিজেদের সভ্যদের মধ্যেও ব্যক্তিগত মত চেপে দেয়। এই কথা বলে আমি মহামান্য রাজ্যপালের ভাষণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি।

**Sj. Nepal Chandra Roy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তৃতা শুধু আমাদের চীফ্‌কনেষ্টবল অর্থাৎ আমাদের চীফ্ মিনিষ্টার তাঁর উদ্দেশ্যেই এটা বিশেষ করে বলবো। তার কারণ তিনি হাউসে নাই, আমি জানি না তাঁর কানে এটা পেঁীছবে কিনা। শুনতে পেলে ভালই।

আমার যেটা য্যামেণ্ডমেণ্ট আছে, এটা হচ্ছে এই। আজকে আমরা দেখতে পাচ্ছি বিশেষ করে আমাদের বাংলাদেশ একটা আন্দোলনের সম্মুখীন হচ্ছে। সেটা হচ্চে এই যে কিছু দিন আগে পুলিশ কনেষ্টবলদের একটা হাঙ্গার-ষ্ট্রাইক হয়ে গেল, এটার সম্বন্ধে আমি বলবো "দিস্ ইজ্ লাল্ বিফোর দি ষ্টর্ম।" ঝড় আসবার পূর্বে যেমন একটা থমথমে ভাব, বাংলাদেশেও ঠিক আজ তেমনি অবস্থা। ঝড় আসন্ন, ঝড়ের পূর্বাভাষ হয়ত আমাদের কংগ্রেসী বন্ধুরা ও তাঁদের যাঁরা চাটুকার, তাঁরা রাইটার্স বিল্ডিংসে বসে ভাবছেন আমাদের য্যাডমিনিষ্ট্রেশন বেশ শান্তভাবেই চলছে। রাজ্যপালের ভাষণে দেখতে পাচ্ছি তিনি বলেছেন অল্পসময়ের মধ্যে আমাদের য্যাডমিনিষ্ট্রেটর যাঁরা আছেন, তাঁরা জিনিষটা, শান্ত করেছেন। রাজ্যপাল মশায় অতি ভাল মানুষ এ তিনি জানেন না যে তাদের ভিতর তুষের আগুন জ্বলছে। পুলিশের মধ্যে যেভাবে অসন্তোষ ধুমায়িত হচ্ছে, সেটা সাধারণ মানুষ বাইরে থেকে বুঝতে পারে না। আমি তাদের সঙ্গে মিশেছি। আমি বহু উচ্চপদস্থ পুলিশ অফিসার থেকে নিম্নতর কনেষ্টবল পর্য্যন্ত সকলের সঙ্গে মিশেছি। তাঁদের কি মনোভাব তা আমি জানি। ডাঃ রায়ের কাছে আগে আমি এই আসন্ন ঝড়ের কথা জানাচ্ছি।

কিছুদিন আগে পর্য্যন্ত অর্থাৎ ইংরেজের আমলে বাংলার পুলিশই ছিল সারা ভারতের শ্রেষ্ঠ পুলিস, এমন কি বাংলার পুলিশ ছিল সারা পৃথিবীর কাছে আদর্শ পুলিশ। স্কটল্যাণ্ড ইয়ার্ডের পুলিসের সঙ্গে বাংলার পুলিশের তুলনা করা হতো। এ হেন যে বাংলার পুলিশ, সেই পুলিশের মধ্যে এখন ঘুন ধরেছে। (এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেঞ্চ: কোন্ পুলিশ?) আপনারা যাদের হাতে লাঠি পেটা খেয়েছেন, মনে নেই?

যাঁরা আগে ইংরেজের জন্য নিজেদের সব কিছু বিসর্জন দিত, তাঁরা আজ নিজেদের দেশের জন্য খাটতে পারছে না, কাজ করতে পারছে না। তাঁদের অনেকে আজ ভাবছেন এ তো আমাদের দেশ নয়। কেন এমন হয়? সত্যিকারের বাঙ্গালী চিরকাল দেশের জন্য দরদ দিয়ে থাকে। কিন্তু কোথায় আজ তাদের ঘুন ধরেছে? সেটা আজ চিন্তা করে দেখা দরকার। এত বড় পুলিশ য়্যাড্‌মিনিষ্ট্রেসন! আজকে দেশের য়্যাড্‌মিনিষ্ট্রেশন যাঁর হাতেই থাকুক, সে আপনারই থাকুন, বা অন্য যিনিই থাকুন, যাঁদের হাতেই পাওয়ার থাক্ না কেন, তাঁদের এই পুলিশ দিয়েই কাজ চালাতে হবে, তাদের দিয়েই য়্যাড্‌মিনিষ্ট্রেশন চালাতে হবে। আজ তাদের মধ্যে ঘুন ধরেছে সেটা প্রত্যেকের চিন্তার কথা। প্রত্যেকটা বিষয় ভালভাবে চিন্তা করতে হবে বিচার করতে হবে কোথায় গলদ রয়েছে। তাই আমি আপনাদের সামনে, হাউসের সামনে এই গলদের দু-একটা কথা পেশ করছি। কারণ বিস্তারিত বলবার সময় স্পীকার সাহেব দিবেন না। বাজেট আলোচনার সময় সে সব আমি পেশ করবো। আমার কাছে ভুরিভুরি কাগজ-পত্র রয়েছে। আমি তখন এই পুলিশ য়্যাড্‌মিনিষ্ট্রেশনকে নেকেড্ করে ছাড়বো এই হাউসের সামনে।

প্রথম ধরুন এই পুলিশ-ষ্ট্রাইক কেন হ'ল? এই নিরীহ গোবেচারী ৬০৲ টাকা মাইনের কনেষ্টবল কি কোন দিন চিন্তা করতে পেরেছে যে সে ইনকুাব জিন্দাবাদ ধ্বনি করতে করতে লড়াইয়ের ময়দানে যাবে? বিশেষ করে বাংলার পুলিশ এই জিন্দাবাদ ধ্বনি করবে? এ কেউ সহজে বিশ্বাস করবে না। অথচ সেই পুলিশ জিন্দাবাদ করতে করতে লরী লরী বোঝাই হ'য়ে গিয়ে মিটিং করলো, আর সেই মিটিং প্রিসাইড্ করেছে পুলিশেরই উচ্চপদস্থ একজন কর্মচারী আমার কাছে খবর রয়েছে। ডাঃ বিধান চন্দ্র রায় তিনি এই পুলিশ য়্যাসোসিয়েসনের মিটিংএ উপস্থিত ছিলেন, যেখানে পুলিশের দাবীগুলি পেশ করা হয়েছে। বড় বড় পুলিশের অফিসাররাও সেখানে উপস্থিত ছিলেন। সেই মিটিংএ দাবী করা হয়েছে কমপক্ষে ১০০৲ টাকা মাইনে দিতে হবে। এই মাইনেটাই তাদের একমাত্র দাবী নয়। তাদের আরও বহু দাবী রয়েছে, মাইনেটা হচ্ছে ন্যূনতম দাবী। আমি জানি ৬০৲ টাকা মাইনের একটা কনেষ্টবল, আর ৬০০০৲ টাকার মাইনের উচ্চপদস্থ কর্মচারী, অবশ্য এই ৬০০০৲ টাকা মাইনে তাদের সবটা ষ্টেট্ থেকে দেওয়া হয় না। নানা দিক থেকে তা তাঁরা পেয়ে থাকেন। নীচ থেকে উচ্চপদস্থ কর্মচারীর মাইনের এতবড় ডিফারেন্স, এত তফাৎ আর কোথাও আছে কিনা জানি না। ইউরোপের পুলিশদের অবস্থাও আমি দেখেছি। সেখানে এত ডিফারেন্স নেই, সেখানে এত অবিচার নেই। একজন ত্রিশ হাজার টাকা পাবে, আর একজন তিন হাজার টাকা পাবে এমন নাই। ছেড়ে দিলাম তাদের কথা। আমাদের যা ক্ষমতা আছে তাই তাদের দেব। আমি তার মধ্যেই সীমাবদ্ধ থাকছি।

এই ষ্ট্রাইক আর্মড্ পুলিশের মধ্যে কেন হ'ল? অন্য পুলিশের মধ্যে কেন প্রথমে হ'ল না সেটা বিচার্য্য বিষয়। অন্য কনেষ্টবলদের কথা জানি তারা ৬০৲ টাকা মাসে মাইনে পায় এবং সেই ৬০৲ টাকাই তারা দেশে পাঠায়। তারপর সারা মাসটা তারা কোন রকমে চেয়েচিন্তে কাটিয়ে দেয়। কিন্তু এই আর্মড্ পুলিশের তেমন আর কোন রকম ব্যবস্থা নাই। এই আর্মড্ পুলিশই আমাদের বিরুদ্ধে গুলী চালায়, লাঠি চালায়, আর প্রয়োজন-বোধে তাদের সত্য-মিথ্যা নানা কাজে লাগান হয়। তাহলে কি হবে—তারা একটা পয়সাও মাইনে ছাড়া উপরি পায় না। অন্যান্য বাবুরা যা পান, তা তারা পায় না। হয়ত আপনারা বলবেন এই আর্মড্ পুলিশদের যদি থানায় থানায় দিয়ে দেওয়া হয়, তাহলে আর এ জিনিষ হবে না। কিন্তু তা ও নয়। আমি সিক্রেট্ সোর্স থেকে বুঝলাম এরা ঐ ৬০৲ টাকা মাইনেতেও থাকতে পারে। কিন্তু তারা যখন দেখে তাদের চোখের সামনে তাদেরই উপরিওয়ালা অফিসাররা জীপে করে তাঁদের স্ত্রীদের সঙ্গে করে লাট সাহেবের বাড়ী কিংবা এধার ওধার ঘুরে বেড়াচ্ছেন, আর তারা তাঁদের গাড়ী পাহারা দেবার জন্য নিয়োজিত হচ্ছে, তখনই তাদের মনের মধ্যে বিদ্রোহের আগুন জলে ওঠে। একজন তার ছেলে পেলের লেখাপড়া শিখাচ্ছে, সরকারী খানাদানা অনেক কিছু পাচ্ছে; কিন্তু ঐ ৬০৲ টাকা মাইনের কনেষ্টবল যাকে বলে ডিসিপ্লিনড্ ফোর্স, তার যদি এক মিনিট দেরী হয়, তাহলে তাকে পাঁচ টাকা জরিমানা দিতে হয়।

[12—12-10 p.m.]

আমি দাব করে বলছি না স্যার, একজন অফিসার আছেন তিনি চিন্তা করেন না ৬০৲ টাকার কর্মচারী যে, তার যদি পাঁচ টাকা জরিমানা করা হয় এক মাসে, তাহলে তার ছোট বাচচার দুধ ত দূরের কথা খুদের যোগাড়ও হবে না। তাঁর ছেলে হয়ত হরিণঘাটার ডেয়ারীর দুধ খায়, পন্তসনের বাটার খায়, কিন্তু ৬০৲ টাকা মাইনের কনেষ্টবল, মাইনে সম্প্রতি তাদের বেড়েছে ভাল কথা, ডাঃ রায় কিছুদিন আগেও বলেছিলেন মাইনে তাদের বাড়ানো দরকার কিন্তু এই যে পার্থক্য ৬ হাজার টাকা ও ৬০৲ টাকার যদিও ৬ হাজার টাকা মাইনে এখানে নেই,

কিন্তু ৪ হাজার টাকার হয়ত আছে; এই পার্থক্য কোন ভাল দেশে, ভাল রাজ্যে থাকতে পারে না। এবিষয়ে আমি আরো বলতে পারতাম, কিন্তু এখানে সে সুযোগ নাই। আইন রক্ষিত হয় নিম্নস্তরের কর্মচারী কনেষ্টবল ও এ, এস, আইদের উপর দিয়ে, কিন্তু পুলিশের এ, সি, ডি, সিদের কোন আইনের বালাই নাই। কলকাতার ট্রাফিক পুলিশের অনেক কিছু আমি এই হাউসের সামনে পেশ করতে পারি, তাদের কীর্তি কাহিনীর কিছু কিছু খবর আপনারা প্রত্যেকেই জানেন। একটা তাজ্জব ঘটনা বলছি। কিছু দিন আগে দেখেছি, ট্রাফিক পুলিশ এক হুলস্থূল ব্যাপার বাধিয়েছে, একে মারছে, ওকে ধরছে। ফলে ৫০টা দুর্নীতিপরায়ণ কনেষ্টবল ও এস, আইকে ট্রান্সফার করা হয়েছে কিন্তু উপরের যারা তারা ঠিক রয়ে গেল। আমার গাড়ীর জন্য ৩ বার করে ফাইন দিতে হল, আমার গাড়ীতে লাইট জ্বালানো ছিল না বলে। অবশ্য আমার সে ফাইনের টাকা তারা নিজেদের পকেটেই পুরেছে কোর্টে দাখিল করে নি। এরকম না করে নিম্নস্তরের অফিসাররা কাজ করতে পারে না। এদিকে উপরওয়ালাদের প্রমোশন হয়ে গেল, নীচের অফিসারদের তাড়ান হল। এইযে কনেষ্টবল ষ্ট্রাইক হল, তার মূল কারণটা কি? তার মূল কারণ হচ্চে ৫০৲ টাকা হতে ৫০০৲ টাকা পর্য্যন্ত ঘুষ দিয়ে কনেষ্টবলদের চাকরী নিতে হয়। সেটার যদি প্রমাণ চান, কাগজেও বেরিয়েছিল, এবং পুলিশের একজন বড় কর্তা উপানন্দ মুখার্জি সেটার এনকোয়ারী করতে দিয়েছিলেন। ৩০০ কনেষ্টবল, চেহারা এই রকম (তর্জনী প্রদর্শন); তারা ঘুষ খায় প্রাণের দায়ে। কারণ অনেকেরই হয়ত স্ত্রীর গহনা বাঁধা দিয়ে চাকরী নেবার সময়কার ঘুষের টাকা যোগাড় করতে হয়েছে। তার পর সে যদি উপরি না পায় তাহলে সে বাঁচতে পারে না। এটা হচ্চে "ষ্ট্রাগল্ ফর একজিষ্টেন্স"-এর ব্যাপার। এইটেই হচ্চে মূল কারণ যে ঘুষ দিয়ে যদি চাকরী নিতে হয় তাহলে ঘুষ নিয়েই সে টাকা শোধ করতে হবে। তা ছাড়া এ, সি, ডি, সি-রা তাদের প্রাইভেট্ পারপাজেও ব্যবহার করে থাকেন। যদি তাঁদের তারা সন্তুষ্ট না রাখে তাহলে কনেষ্টবলকে আনফিট্ হতে হয়।

তারপর ডিটেক্টিভ্ ডিপার্টমেন্টের কথা বলি। সেখানে কর্মতৎপর, ওভার এফিসিয়েণ্ট অফিসারদের একটা পৈশাচিক কাণ্ড চলছে। এ বিষয়ে আমি বাজেট্ আলোচনার সময় বিশদভাবে আলোচনা করব বলে আশা রাখি। (জনৈক সদস্য: দুরাশা!) একটা জিনিষ সবচেয়ে আমার কাছে আশ্চর্য্য লেগেছে, আমাদের চিফ্ মিনিষ্টার শুনে রাখুন, তাঁর পিছনেও পুলিশের চর লাগানো রয়েছে, সে খবর তিনি রাখেন না। (হাস্য।) আমি একটা নম্বর দিচ্ছি, তাহলে বুঝতে পারবেন তাঁর কি সব গোপন তথ্য তারা সংগ্রহ করে। কলকাতা পুলিশের ৩০৬৬ নং যে জীপ্খানা সেই জীপ্ চিপ্ মিনিষ্টারের সেক্রেটারীয়েট্ থেকে গোপন তথ্য পুলিশের বিরুদ্ধে যা কিছু আছে সেগুলি বার করবার জন্য ব্যবহৃত হয়, চিফ মিনিষ্টারকে হুঁশিয়ার করে দিচ্চি তাঁর সোনার স্বপ্ন ভূমিসাৎ হয়ে যাবে যদি এটার প্রতিকার না হয়।

আমি আরো খবর রাখি, কলকাতার এবং বেঙ্গলের যারা নাকি পুলিশের চিফ্ তারা একজন আর একজনের পিছনে লেগেই আছে। একজন চিফ্ অফিসার আর একজন চিফ্ অফিসারকে "স্যাডো" করে। এই যদি উপরের স্তরের কাজ হয় তাহলে নিম্নস্তরের মনের অবস্থা কি হতে পারে? ইনি ভাবছেন ওঁকে কি ক'রে অপদস্থ করা যায় উনি ভাবছেন এঁকে কি করে জব্দ করা যায়। এই যদি তাদের কাজ হয় তাহলে সলিডারিটি ইন্ দি পুলিশ সার্ভিস কোথায় থাকে, এবং এটা যতদিন না বন্ধ হচ্চে সে পর্য্যন্ত বাংলায় শান্তি নাই, বাংলায় আগুন লেগেই থাকবে।

(At this stage the blue light was lit.)

আমাকে আর পাঁচ মিনিট সময় দিন, স্যার। আমি অনেকগুলি বিষয় সম্বন্ধে বলব। এমন সব কথা বলব যে আপনারা অবাক হয়ে যাবেন। বর্ত্তমান পুলিশের কার্য্যদক্ষতা দেখুন। কলকাতায় যখন ব্ল্যাক-আউট ছিল তখন চুরি ডাকাতিও হয় নাই, নরহত্যা হয় নাই। কিন্তু আজ এ অবস্থা কেন? কেউ কাউকে হত্যা করলে হত্যাকারীর ফাঁসী হচ্চে না। এ বিষয় আমি ষ্ট্যাটিষ্টিক্স্ দেব, কিন্তু সেটা সময়সাপেক্ষ, আজকে আপনাদের সামনে আমি পেশ করতে পারব না। আপনারা জানেন, কিছুদিন আগে উত্তর কলকাতায় কি ভীষণ গুণ্ডাবাজির সৃষ্টি হয়েছিল। তখন আমি একলা চিৎকার করেছি, আপনারা কেউ আমার পাশে দাঁড়ান নাই। গুণ্ডা হচ্চে আলাদা এক জাত, সে আমারও নয় আপনারও নয়—তারা নিজেরাই একটা জাত—এ ক্লাশ বাই দেম্সেল্ভস্। আমি যখন চিৎকার করেছি, আপনাদের তখন উচিত ছিল আমার কাঁধে কাঁধ মেলানোর, কিন্তু আপনারা তা মেলান নি। পুলিশ আমার বিরুদ্ধে জোর লেগেছিল, কিন্তু আপনাদের আশীর্বাদ আমার সঙ্গে ছিল, নৈলে আজকে কাঠ-গড়ায় বা জেলে পচতে হ'ত। আমি সত্যের জোরেই লড়াই করেছি। পুলিশের কাছে মাথা নীচু করি নাই, পুলিশ আমাকে বলেছিল আপনি যা চান তাই দেব, আমাদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা বন্ধ করুন। আমি সে

জেহাদ ঘোষণা বন্ধ করি নাই। এখানে একটা কথা বলে রাখি আমি এবং হেমন্ত বাবু ডাঃ রায়ের কাছে গিয়ে দাবি জানাই, তাঁর সদ্‌বুদ্ধির উদয় হল তিনি আমাদের কথা বিশ্বাস করে একজন স্পেসাল অফিসার য়্যাপয়েণ্ট করেন। আমি মনে করি ডাঃ রায় যে ষ্টেপ্ নিয়েছিলেন সেটাতে তিনি সাধারণ মানুষের উপকার করেছেন। আজ এই কলকাতার লক্ষ লক্ষ লোক তাঁকে আশীর্বাদ করছে, তিনি দীর্ঘায়ু হোন এই কামনা করছে। দুর্বৃত্তের দল যে কালো ছায়া ফেলেছিল কলকাতার উপর সেটা তিনি বন্ধ করেছেন।

আর একটা কথা বলছি এই যে এন্‌টিকরাপ্‌সন ডিপার্টমেণ্টের রায় বাহাদুর মুখার্জি রয়েছেন আমরা চাই তাঁকে এক্সটেন্‌সন দিয়ে গভর্ণমেণ্ট রাখুন কিন্তু কোন রকম কোঅপারেশন থানাগুলি তাঁর সঙ্গে করছে না। তিনি চোর গুণ্ডাদের ধরছেন, তার ফলে থানার পুলিশের পয়সা নেওয়া বন্ধ হয়েছে। কি করে কলকাতার ২৬টা থানায় মাসকাবারী কত টাকা আসে সে কথা আমি বাজেটের সময় আপনাদের সাম্‌নে উপস্থিত করব। কোন্ চোরের কাছ থেকে কত টাকা আদায় হয় সেটা আমি আপনাদের কাছে পেশ করব।

[12-10—12-20 p.m.]

এই তো হচ্ছে কলকাতার অবস্থা। দেশের লক্ষ লক্ষ টাকা দারোগা পুলিশে খরচ করছেন কিন্তু গুণ্ডা দমন হচ্ছে না। য়্যাড্‌মিনিষ্ট্রেশন কোলাপ্‌স্ করে যাবে যদি আপনারা আগে চোর ডাকাতদের সায়েস্তা না করেন।

এই যে এত বড় মুভমেণ্ট পুলিশের হয়ে গেল, সেই বিষয়ে আমরা অভিভাষণের মধ্যে কোন কিছু দেখতে পেলাম না এটা অত্যন্ত দুঃখের বিষয় বলতে হবে। কারণ কলকাতা এবং আশেপাশে যে সমস্ত ঘটনা ঘটে তা রাজ্যপালের ভাষণে উল্লেখ করা উচিত ছিল। অন্ততঃ টাচ্ করা উচিত ছিল। কিন্তু তিনি ভাল মানুষ, পুলিশ গার্ড থাকে তিনি যেখানেই যান সেলুট্ পান, সাধারণের কি অবস্থা সেদিকে নজর রেখে কিছু বলা উচিত ছিল। পুলিশের বড় চোরগুলিকে আগে তাড়াতে হবে এ হচ্ছে আবেদন, তা যদি না হয় বাংলার নিষ্কৃতি নাই।

**Dr. Krishna Chandra Satpathi:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণ পাঠ করে প্রথমেই যে কথা মনে হয়, তাতে দেখা যায় যে বর্তমান সময়ে যে সমস্যা আমাদের দেশে উপস্থিত, সে সম্বন্ধে তিনি একটি কথাও বলেন নি। সেটা হচ্ছে বর্তমান কালের সমস্যা ভূদান আর গো-দান। অবশ্য বিনোভা ভাবের ভূদান সম্পর্কে আমি এখানে বলব না। সে সম্বন্ধে ডাঃ রায় নাকি মোকাবেলা করেছেন। কিন্তু এই ষ্টেট্ থেকে, ষ্টেট্ য়্যাকুইজিসনের পর যে সব জমি গভর্ণমেণ্ট হাতে পাবেন, সেগুলি কিভাবে এবং কাকে কাকে দান বা বণ্টন করা হবে, সেটাই হচ্ছে আমার জিজ্ঞাসা। মাননীয় গভর্ণরের ভাষণের মধ্যে তার কোনই উল্লেখ নেই। সেগুলি কি ফালো ল্যাণ্ড-এ পরিণত হবে বা যারা আগের থেকে সরকারী চাকুরিতে আছে, তারা যেমন করে উদ্বাস্তুদের ঋণগুলি নিজেরা অপহরণ করেছে, সেই রকম ভাবে এই সব জমি গভর্ণমেণ্ট আশ্রিত ও সংশ্লিষ্ট লোকদের মধ্যে বিতরিত হবে কিনা, সেটাই হচ্ছে প্রধান জিজ্ঞাসা।

তারপর দ্বিতীয় জলন্ত সমস্যা গো-হত্যা। এ সম্বন্ধে যে কথা ইতিপূর্বে আমরা রিজোলিউসন এনে বলতে চেয়েছিলাম তা থেকে আমাদের বঞ্চিত করা হয়েছিল। আজকে সেই কথাই বলতে গিয়ে দেখছি সে সম্বন্ধে গভর্ণরের ভাষণের মধ্যে কোন উল্লেখ নেই। গতকাল শ্রীযুক্ত রাখহরি বাবু এ সম্পর্কে বিশেষ করে বলেছেন। আমি বিশেষ কিছু বলব না কিন্তু একথা না বলে পারি না আজকে সেই সমস্যা তারা চেপে যেতে চাইছেন, এবিষয়ের গুরুত্ব সম্বন্ধে গভর্ণমেণ্টের বিশেষ দৃষ্টি আছে বলে মনে হয় না। নানা ওজর আপত্তি দেখিয়ে কখনও এটা মুসলমান সম্প্রদায়ের ঘাড়ে চাপিয়ে দেন। কখনও বা হিন্দু সম্প্রদায়কে সাম্প্রদায়িক বলেন, কখনও কোন শ্রেণীবিশেষের একটা ষড়যন্ত্র হচ্ছে বলেন এই সব অজুহাৎ দিয়ে সেই সমস্যা উড়িয়ে দিতে চাইছেন এবং এই ভাবে বিশেষকরে বাংলাদেশের উপর যে কলঙ্ক সারা ভারতের ভিতর চাপিয়ে দিয়েছেন, তার জন্য গভর্ণমেণ্টের কাছে কৈফিয়ৎ দাবী করছি। আমি মনে করি এইভাবে বাংলাদেশের সম্মান, মর্য্যাদা একেবারে ভূ-লুন্ঠিত করা হয়েছে। বাংলাদেশকে বিশেষকরে কলিকাতা সহরকে ভারতবর্ষের কসাইখানায় পরিণত করা হয়েছে। আর তাঁরা গর্ব করে বলছেন তারা ভারতকে জগতের সামনে গৌরবের আসনে অধিষ্টিত করেছেন, এবং সে দিকে কংগ্রেস সরকার যথেষ্ট সুনাম কিনেছেন। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আপনি দেখেছেন ইণ্টারমিডিয়েট কমার্শিয়াল

জিওগ্রাফির মধ্যে লেখা আছে পৃথিবীর মধ্যে ভারতবর্ষের শ্রেষ্ঠ স্থান হচ্ছে চামড়ার ব্যবসায়। আশ্চর্য্য ব্যাপার, অন্যান্য প্রদেশ যখন গো-হত্যা বন্ধ করল, তখন বাংলাদেশ কসাইখানায় পরিণত করা হচ্ছে আমি এই কথাই বলব। সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে বিন্দুমাত্র উল্লেখ নেই।

আর একটা কথা জনমতকে উপেক্ষা করতে কংগ্রেস সরকার সিদ্ধহস্ত হয়ে উঠেছেন। গতবারেতে কংগ্রেস দলের শ্রীবসন্তলাল মুরারকা বলেছিলেন যে রাজ্যপালের ভাষণ যাতে বাংলায় হয় কিন্তু আশ্চর্য্যের বিষয়, বাংলাদেশের আশা আকাংক্ষা উপেক্ষা করে এবারেও রাজ্যপাল চিরাচরিত প্রথায় ইংরেজীতে ভাষণ দান করেছেন। বিস্ময়ের কথা—যখন অন্যান্য প্রদেশ, বিশেষ করে, আমাদের পাশের আসাম প্রদেশে অসমীয়া ভাষা ছাড়া অন্যান্য ভাষায় বক্তৃতা দিতে পারে না আবশ্যক হলে কেবল স্পীকারের অনুমতি প্রয়োজন হয়। আর সমস্ত আসামে জনসংখ্যার ২১ পার্সেণ্ট যেখানে বাঙ্গালী অসমিয়ার সংখ্যাও একই তবুও সেখানে বাংলাভাষাকে এই ভাবে দাবিয়ে তারা চলছে। তারপর বিহারে যে কলঙ্কময় অধ্যায় অনুষ্ঠিত হচ্ছে, সে সম্বন্ধে অনেক বক্তাই বলেছেন কাজেই সে বিষয়ে আমি বেশী কিছু বলতে চাই না। শুধু বলব যে বিহার আজ কংগ্রেস দ্বারাই শাসিত একই কংগ্রেস গভর্ণমেণ্ট সেণ্টারে প্রতিষ্ঠিত কিন্তু তাহলেও এই সব ব্যাপারের কোন সুমীমাংসা হচ্ছে না। এ সম্বন্ধেও রাজ্য-পালের ভাষণের মধ্যে কোন কথা আমরা খুঁজে পাই না। তাই বলছিলাম যে জনমত উপেক্ষা করাটা কংগ্রেস সরকারের বৈশিষ্ট্য হয়ে দাঁড়িয়েছে। সেই জনমতের উপর উপেক্ষা প্রদর্শণের ২।১ দৃষ্টান্ত উল্লেখ না করা ভুল হবে। কারণ সমস্ত ভারতবর্ষের, সমস্ত বাংলাদেশের সমস্ত রাজনীতিক দল যে দাবী করেছিল ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জির মৃত্যু সম্পর্কে তদন্ত ব্যাপারে সেকথা আজ এখানে বলে বাংলাদেশের মর্য্যাদা আর দ্বিতীয় বার ক্ষুণ্ন করতে চাই না।

স্যার, আর একটা কথা বলব। ভারতের সংস্কৃতি, ভারতের ঐতিহ্যের কথা আজকাল যা পণ্ডিত জহরলাল নেহেরুর মুখে প্রায়ই শোনা যায় তা ভুতের মুখে রামনামের মত শোনায়। চীন থেকে প্রত্যাবর্তনের পর বিশেষ করে তিনি এই সব কথা বলতে সুরু করেছেন।* * * * *

**Mr. Speaker:** It is absolutely irrelevant. It cannot be in the record.

**Dr. Krishna Chandra Satpathi:*** * * * *

**Mr. Speaker:** You cannot condemn the personal act of the Governor under the Constitution. You have sworn allegiance to the Constitution. Remember that.

**Dr. Krishna Chandra Satpathi:**

কিন্তু যেখানে দেশের মর্য্যাদা দেশের আশা আকাংক্ষা এইভাবে ক্ষুন্ন হয়, সেকথা আমরা এখানে বলবই।

তার পর আর একটা কথা, দেশের প্রধান সমস্যা এখন যা দাঁড়িয়েছে, বিশেষ করে খাদ্যসমস্যা, সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে একটুখানি উক্তি আছে মাত্র, একমাত্র শুধু উল্লেখ নর্থবেঙ্গল ফ্ল্যাডের কথা, কি পরিমাণ সাহায্য দেওয়া হয়েছে সে কথা বলেছেন। কিন্তু পশ্চিমবঙ্গের মধ্যে যেসব জেলা আজ দুর্ভিক্ষ অবস্থার সম্মুখীন সেই সম্বন্ধে গভর্ণর কিছু উল্লেখ করেননি। আজ মেদিনীপুর জেলা সম্বন্ধে এবং বাঁকুড়া জেলা সম্বন্ধে বিশেষ করে আমি বলব না।

[12-20—12-30 p.m.]

কিন্তু যাহাই হউক, সরকার সেই সব জায়গা সম্বন্ধে কতটুকু খবর রাখেন আমি জানি না। এবং এই সম্বন্ধে আমি সরকারের বহুবার দৃষ্টি আকর্ষণ করছি। এবং নানা ভাবে আবেদন নিবেদন করেও কোন উত্তর পাওয়া যায়নি। সেখানে এমন চরম অবস্থা হয়েছে, ভিক্ষুক সারাদিন ভিক্ষা করে চাল নিয়ে আসে তাই মাথায় লাঠি মেরে কেড়ে নেয়। তার পর টেষ্ট রিলিফে যা কাজ হচ্ছে তা অতি সামান্য এবং সীমাবদ্ধ লোকের মধ্যেই তা দেওয়া হচ্ছে। তারপর আরেকটা কথা বলবো। আজকাল যা জলের কষ্ট হয়েছে অবর্ণনীয়। গ্রামবাসীর ১ মাইল ১॥ মাইল দূর থেকে জল সংগ্রহ করতে হয়। উদাহরণ স্বরূপ বলছি বেনাপুর রেল ষ্টেশনের কাছে নরসিংহপুর গ্রামের লোক আধ মাইল দূর থেকে জল সংগ্রহ করে এবং সেখানেও জল বন্ধ করে দেওয়ায় তখন গ্রামবাসীরা নিরুপায় হয়ে ষ্টেশন থেকে জল সংগ্রহ করছে আবার কবে যে ষ্টেশন থেকে জল নিতে বারণ করবে!

---

**Note*.—Expunged by order of Mr. Speaker.

তখন যে এরা কি করবে তা জানি না। তারপর খরগপুরে নারায়ণগড় কেশিয়ারী থানা ও ঝাড়গ্রাম সাবডিভিসন প্রভৃতি অঞ্চলে এই রকম অবস্থাই চলেছে। আমি বলতে চাই মন্ত্রীদের উচিত ঐ সব অঞ্চলে নিজেরা ঘুরে বেড়িয়ে স্থানীয় লোকদের সঙ্গে দেখা করে তাদের কি দরকার তার ব্যবস্থা করা উচিত।

আরেকটা কথা আমি বলতে চাই আমাদের ওখানে দুর্ভিক্ষ হচ্ছে অনাবৃষ্টির জন্য সে কথা বহু বার বলা হয়েছে। আমাদের সরকার বড় বড় পরিকল্পনার সঙ্গে ছোট খাট পরিকল্পনা যাতে গ্রহণ করেন তার জন্য বহুবার দৃষ্টি আকর্ষণ করেছি এবং ডিষ্ট্রিক্ট কর্তাদেরও বহুবার দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু এ সম্বন্ধে সরকার একেবারে নীরব, যার জন্য আজকে দেশে চরম অবস্থার সৃষ্টি হয়েছে।

**Mr. Speaker:** The portion of the speech regarding the personal conduct of the Governor will not go into the record.

**Dr. Jatindra Nath Basu:** Mr. Speaker, Sir, in support of the resolution on the Governor's Address, I shall specially mention the social activities in his address, viz., relief work which cost the Government to the extent of Rs. 3 crores and the various flood control schemes for the different towns in North Bengal which also are estimated to cost Rs. 3½ crores and various other schemes under the Five-Pear Plan for industries, community development projects and others. I shall refer only to roads, irrigation and power.

About roads, I may say that during the British time, Calcutta, which was considered to be the second city of the British Empire, had very poor road facilities and one could not go even forty miles to the west of Calcutta by road. But when the Five-Year Plan will be completed, we will have 5,000 miles of road and thereby from Calcutta we can go in all directions by road. We can go up to Kakdwip, we can go up to Darjeeling, we can go up to Bombay or Madras *via* Khargpur and by other different major district roads and highway roads we can go from the Himalayas up to the seaside. Consequently, at the end of the Five-Year Plan, the distressful position of the road condition of West Bengal will be greatly eliminated.

With reference to irrigation, under the Five-Year Plan, you have under Power and Irrigation an amount of Rs. 15·13 crores. Of this, very peculiarly the Government of West Bengal has to spend about Rs. 14⅓ crores for one single project—I mean the Maurakshi Project leaving only Rs. 1⅓ crores or nearabout 1¼ crores to deal with all other irrigation projects as well as to meet power development cost. But in spite of the small amount of money spent during the five years, we find that in West Bengal a larger number of small places have been connected by electrical power and so we will have electrical power in small places as well as in villages. The per capita consumption of power in West Bengal is not very bad when compared to other States—it is second, the first being Delhi where the per capita consumption of electrical power is 70 whereas in West Bengal it is about 46. But still the power supply for irrigation or for villages—rural electric supply, as we call it now—is very poor. This deficiency has been also greatly removed by the North Calcutta Rural Electrification Scheme and also by the South Calcutta Electrification Project. With the help of loan from the Government of India, another 16 small towns in this State will also have electrical power. So, we are practically advancing with respect to electrical development in this country.

With respect to industries, the Governor has referred to handloom and cottage industries or small-scale industries just to meet the present unemployment. This is naturally one of the best ways that can be adopted with profit because here the employment potential is very high on which my previous speaker Professor Priya Ranjan Sen has spoken.

Regarding bigger industries that have been referred to by the Governor at Durgapur, one is coke oven plant, the second is thermal station and the third is gas grid and Durgapur has been named as the "Ruhr of West Bengal". I do not know how many of us have a very good idea of Ruhr but the Province of Ruhr was not developed in a day. It took the German nation, which was reputed to be very industrious, very efficient and well-versed in the technique of engineering and technology, good part of a century just to build up that small State. This has been called the Ruhr because they had the facilities of coal and iron together nearabout the place and this is the reason why the Ruhr State has developed a large number of industries being connected with coal or derivatives of iron and coal as their raw material. Consequently, Durgapur has been mentioned as the future Ruhr of India, but it will take not one Five-Year Plan but probably 40 or 50 years before it can be a good industrial centre of West Bengal.

Sir, I refer to the development that has been mentioned in the community projects which are practically meant for the rural uplift of our nation. This naturally means that we have much contact with the general people for the uplift of their conditions and this also meets the problem of unemployment in the rural areas and specially partial unemployment under rural conditions.

With these words, I do support the Governor's Address.

[12-30—12-40 p.m.]

**Sj. Narendra Nath Ghosh:**

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় রাজ্যপাল আমাদের দেশের যে রঙ্গীন চিত্র আমাদের দেখিয়েছেন সেটা তিনি সহরে ঘুরে যে চিত্র দেখেন তাই দেখিয়েছেন কিন্তু বাইরে যে বিরাট গ্রাম অঞ্চল পড়ে আছে সেই গ্রামগুলি সম্বন্ধে তিনি বিশেষ কিছু বলেন নি বা তাঁর ভাষণের মধ্যে খুঁজে পাই না।

প্রথমে রিভিসনাল সেটেলমেণ্টএর কথা বলছি। বিগত ১৯৩২ সালে যখন আমাদের অঞ্চলে সেটেলমেণ্ট হয় তখন এই কংগ্রেস জনসাধারণকে নির্দ্দেশ দিয়েছিল যে সেটেলমেণ্ট বর্জন কর। যার জন্য বহুভাবে তারা নির্য্যাতিত হয়েছিল। মাননীয় খাদ্য মন্ত্রীমহাশয় সে সব কথা ভালভাবেই জানেন। তখন তাদের বলা হয়েছিল যে তোমরা এই সেটেলমেণ্ট করাতে যেও না। যদি কোন গোলমাল হয় তাহলে আমরা যখন স্বাধীন হবো তখন তোমাদের এই সমস্ত গোলমাল আমরা বিনা খরচায় মিটিয়ে দেবো। সেটেলমেণ্টে সে সময় যে সমস্ত গোলমাল হয়েছিল সে সম্বন্ধে আজ তারা কিছুই করছেন না। সুতরাং এটাকে রিভিসনাল সেটেলমেণ্ট না বলে আমরা এটাকে রিগ্রেসনাল সেটেলমেণ্টই বলবো। সেটেলমেণ্ট রেকর্ডে যে সমস্ত গোলমাল হয়েছিল, অনেকেই ভেবেছিল যে এইবার সেই সব গোলমালের সংশোধন হয়ে যাবে; কংগ্রেস ইস্তাহারও ছেড়েছিল যে এই গোলমালগুলি সংশোধন করে দেওয়া হবে কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখতে পাচ্ছি যে এই গোলমালের কোন সমাধানই হয়নি। এখানে যে সব অফিসারস্ আছেন ফিল্ড ওয়ারকার্স তাদের উপরওয়ালা সার্কেল অফিসার, চার্জ্জ অফিসার ইত্যাদি তাঁদের সকলের সঙ্গে কথা বলে দেখেছি আলোচনা করেছি। তাতে তারা বলেন যে পূর্ব সেটেলমেণ্টে কোন গোলমাল হয়ে থাকলে তাতে তাঁদের আর হস্তক্ষেপ করার অধিকার নেই। তা যদি সমাধান করতে হয় তাহলে কোর্টে সিভিল সুট ফাইল করতে হবে। এই হ'ল সত্যকার অবস্থা। কংগ্রেস একদিন যে নির্দ্দেশ দিয়েছিলেন যে নির্দ্দেশের ফলে নিরীহ জনসাধারণ সেটেলমেণ্ট বর্জন করেছিল তাদের আজ কি অবস্থা হয়েছে তা আপনারা সকলেই বুঝতে পারছেন। তারপর ফুড ডিপার্টমেণ্ট থেকে ছাঁটাই অফিসারস্দের নিয়ে এসে এই সেটেলমেণ্টরে কাজ করান হচ্ছে। তাদের এ সম্বন্ধে কোন অভিজ্ঞতা নেই এবং তাদের অনেকেই এসব বুঝতেও পারে না। তাছাড়া ফুড ডিপার্টমেণ্টের লোকদের কুখ্যাতি আছে। তারা এখানেও ডান হাত বাঁ হাতের ব্যবস্থা করে পকেট ভর্ত্তি করছে। তারা ধনীকদের আশ্রয় লাভ করছে। একদিকে তারা গোলমাল সৃষ্টি করছে এবং অন্য দিকে পকেট ভর্ত্তি করছে। আমরা দেখেছি যে টাকা না দিলে ডিসপিউট্ লেখা হয় না বা লেখা হলেও তা পরে সংশোধন হয়ে যায়। সেই জন্য আমি ল্যাণ্ড রেভিনিউ মিনিষ্টারকে অনুরোধ করবো যে তিনি যেন এই সব সেটেলমেণ্টের কর্মচারীদের প্রতি সজাগ দৃষ্টি রাখেন। তিনি আড়ম্বরের সঙ্গে জিপ গাড়ীতে না গিয়ে যদি ছদ্ম বেশে ঘটনাস্থলে গিয়ে দেখেন তাহলেই বুঝতে পারবেন যে কি অবস্থা হচ্ছে। তাই আমি পুনরায় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো

যে এই সেটেলমেণ্টের প্রতি নজর দেবেন বিশেষ করে। আর এই কথাও বলবো যে, যে অঞ্চলে একদিন সেটেলমেণ্ট বর্জনের কথা কংগ্রেস নেতারা বলেছিলেন যার জন্য লোককে বহু নির্য্যাতন সহ্য করতে হয়েছে এখন তাদের প্রতি আপনারা নজর দেবেন। তারপর সেকেণ্ডারী স্কুলের কথা বলবো। মফঃস্বলে যেসমস্ত সেকেণ্ডারী স্কুলকে রেকগণিশন দেওয়া হচ্ছে সেই সঙ্গে সঙ্গে তাদের গ্র্যাণ্ট দেবারও ব্যবস্থা করা উচিত। নূতন নূতন স্কুল যেসব গড়ে উঠছে তাদের সাহায্য করবার জন্য আইন কিছুটা শিথীল করা উচিত কারণ তাদের অর্থনৈতিক অবস্থা আপনাদের জানাই আছে। আমাদের ওখানে বহু জায়গা এখনও শিক্ষার ব্যাপারে কুয়াশাচ্ছন্ন হয়ে আছে। এই সম্বন্ধে অনুসন্ধান করে সরকারকে এই সব স্কুলকে নিজের হাতে নিয়ে তাদের উন্নতি করার চেষ্টা করা উচিত।

আর একটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি। আনন্দ বাবু বলেছেন যে তিনি বাঁকুড়া, বীরভূম ঘুরে এসেছেন এবং এখন যাতায়াতের বিশেষ কোন অসুবিধা নেই। আমি তাঁকে বলবো যে বেশীদূরে নয় এই কলিকাতা থেকে ৪২ মাইল দূরে রাজা রামমোহন রায়ের জন্মস্থান রাধানগরে যদি জুলাই থেকে ডিসেম্বর মাসের মধ্যে যান তাহলে তাঁর এই ৪২ মাইল যেতে ১২ ঘণ্টার বেশী সময় লাগবে। এটা একটি স্বাধীন সরকারের পক্ষে গৌরবের কথাই বটে! আর একটি কথা যে সরকার জেলাবোর্ডের বিভিন্ন বিভাগের কাজ নিজের হাতে নিয়েছেন। রাস্তাঘাট, পাণীয় জলের ব্যবস্থা ও জনস্বাস্থ্যের ব্যবস্থা নিজের হাতে নিয়ে জেলা বোর্ডগুলি তুলে দিয়ে একটা সৎ দৃষ্টান্ত স্থাপন করবেন। এতে সরকারের অনেক টাকা বাঁচবে যা দিয়ে গ্রামের অনেক কাজ করা যাবে। এই বলে আমি রাজ্যপালের ভাষণের প্রতিবাদ করছি।

**Sj. Janardan Sahu:**

মাননীয় স্পীকার মহোদয়, আমি বিশ্বাস করি দেশে গঠনমূলক কাজে দেশের উন্নতি হবে। আমাদের মন্ত্রী-মহাশয়রা জানেন যে এই সমস্ত গঠনমূলক কাজের ভার সরকারী কর্ম্মচারীদের উপর ন্যস্ত হয় এস, ডি, ও, কালেক্টর প্রভৃতির উপর। বড় বড় ইঞ্জিনিয়াররা প্ল্যান করেন, সমস্ত কিছু তৈরী করে দেন। কিন্তু দেখতে পাওয়া যায় যখন তখন এই দায়িত্বমূলক কাজে যেসমস্ত কর্ম্মচারী থাকেন হঠাৎ ৫ মাস, ৬ মাস, ৩ মাস কাজ করার পর তাদের জায়গায় নূতন লোক আসে, সে কাজ বুঝতে না বুঝতে আর এক জন নূতন কর্ম্মচারী চলে এল। এতে কাজ করা ভয়ানক কষ্ট হয়। যে নূতন লোক আসে সে কিছু বোঝে না। হঠাৎ এই রকম পরিবর্ত্তন করার জন্য খুবই ক্ষতি হয় এবং ট্রান্সফারের জন্য বহু টাকাও সরকারের খরচ হয়। দেশের কোন ভাল কাজ করতে গেলে আগে দুর্নীতি হতে মুক্ত হতে হবে। আমাদের দেশ ইংরাজের পরাধীনতার হাত থেকে মুক্তি পেয়েছে কিন্তু দুর্নীতির হাত থেকে মুক্তি পায়নি। অবশ্য বলবেন অ্যান্টিকোরাপ্‌সন ডিপার্টমেণ্ট আছে কিন্তু এতে কি সত্যই কোরাপ্‌সন বন্ধ হয়েছে, তা হয়নি বরং উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। আগে দেখেছি রাজাদের আমলে, তারা ঘুরে ঘুরে দেখতেন, নাইটেরা ঘুরেঘুরে দেখতেন দেশের অবস্থা, প্রজাদের অবস্থা। আমাদের মন্ত্রী, উপ-মন্ত্রীরা যখন কোথাও যান তখন তাঁরা খবর দিয়ে যান ফলে অফিসাররা প্রস্তুত হয়ে থাকেন। কাজেই তাঁরা খারাপ কিছুই দেখেন না, সমস্তই সুন্দর দেখে চলে আসেন। কিন্তু যদি দেশকে ভাল করবার মতলব থাকে তাহলে ছদ্মবেশে ঘুরে ঘুরে দেখা উচিত। মহম্মদ মোহসীন—তিনিও অনেক ঘুরে ঘুরে দেখেছেন। দেশকে যদি ভাল করবার ইচ্ছা থাকে তাহলে এই জিনিষটা একান্ত দরকার।

[12-40—12-48 p.m.]

তারপর অত্যাচারিত তার অত্যাচার নিবারণের জন্য কোর্টে মামলা করতে যায়, কিন্তু সেখানেও দেখি একটার পর একটা করে বহু মামলা চার, পাঁচ বছর ধরে চলেছে; এবং এই এতদিন ধরে মামলা চলার ফলে তার মামলার পয়েণ্টস এমন হয়ে যায় যে, যেটা হল সত্য ব্যাপার সেটা উল্টে গিয়ে প্যাচে মিথ্যায় পরিণত হয়। আমার বক্তব্য এই ধরণের এই সমস্ত কেস্ কেন আরও তাড়াতাড়ি শেষ হবে না? এরজন্য কোর্টে অনেক টাকা খরচ হয়ে যায়। সুতরাং যাতে অল্প সময়ের মধ্যে বিচার শেষ হয়, তার জন্য জজের সংখ্যা আরও বাড়িয়ে দিয়ে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা উচিত, তা নাহলে এর জন্য আমাদের দেশে ভয়ানক ক্ষতি হচ্ছে; জনসাধারণ থেকে আরম্ভ করে জজ ম্যাজিষ্ট্রেট, অফিসার্স সকলেই তারা বলছে এ কি হ'ল?

তারপর শিক্ষাখাতে যেখানে ২ কোটী ৫৬ লক্ষ টাকা ছিল তাকে বাড়িয়ে সরকার ৭ কোটী টাকা করেছেন। কিন্তু আজ আমাদের বাংলাদেশে শিক্ষার মান সত্যই কি বেড়েছে, না, হ্রাস পেয়ে নীচের দিকে চলেছে? দুর্ভিক্ষ বণ্যা ঝড়ের মত একবার এসে অল্প সময়ের মধ্যে শেষ হয়ে যায়। কিন্তু বর্ত্তমানে আমাদের সম্মুখে যে বিপদ আসছে তা রাষ্ট্রের পক্ষে সামলান অসম্ভব হবে। গভর্ণরের রিপোর্ট থেকে দেখা যায় যে ১০,৮৩৪ জন

সারপ্লাস টাক বলে ছাঁটাই হল সাপ্লাই ডিপার্টমেণ্ট থেকে এবং তাদের অন্যত্র নিয়োগ করতে গিয়ে হিমসিম্ খেতে হচ্ছে। তার উপর গত বছর স্কুল ফাইনাল এক্জামিনেসন পাশ করে ২৮ হাজার ছেলে বেরিয়েছে এবং পরে এবার কম্পার্টমেণ্টেল ও সাপ্লিমেণ্টারী এক্জামিনেসন থেকে পাশ করলো আরও কয়েক হাজার ছেলে। এই যে দলে দলে ছেলেরা পাশ করে চলেছে, এদের কতগুলিকে, কি ভাবে কোথায় আপনারা প্রভাইড করবেন সে কথা আমাদের গভীর ভাবে চিন্তা করা দরকার। প্রত্যেকের শিক্ষা পাওয়া উচিত এবং শিক্ষা জ্ঞানবৃদ্ধি তা আমরা সকলেই জানি। কিন্তু কি ধরণের লেখাপড়া আমরা শিখছি? এ্যামেরিকা, ইংল্যাণ্ড বা ইউরোপের যে কোন দেশে যান, সেখানে দেখতে পাবেন সেখানকার শিক্ষিত লোকেরা রাস্তা পরিস্কারের কাজ করছে, কিন্তু আমাদের বাংলাদেশে এই সমস্ত কাজ করবার জন্য বাঙ্গালী পাওয়া যায় না, বিহার, উড়িষ্যা প্রভৃতি বাইরে থেকে লোক এনে কাজ করাতে হয়। আমাদের দেশের ছেলেরা ইউনিভার্সিটি থেকে পাশ করে বেরুলেই তাদের এমন মনোবৃত্তি হয়ে যায় যে তাঁরা কেবলমাত্র কেরাণীগিরী ছাড়া আর কোন কাজ করতে চায় না। তাদের এই মনোবৃত্তি নিয়ে কোথায় যাবে? পশ্চিম বাংলার কলকারখানায় যত লোক কাজ করে তার সবই অবাঙ্গালী ও অন্য দেশের লোক, সেখানে বাঙ্গালী পাওয়া যায় না। বাঙ্গালী ছেলেরা যায় খালি কেরাণী হতে।

আপনারা গ্রামের মধ্যে স্পেসাল কেডারের শিক্ষক দেবেন বলছেন, কিন্তু তার কি পরিণতি হয়েছে একবার দেখুন। জনসাধারণ বলছে আজ আমাদের শিক্ষার মান কোথায় গেল, শিক্ষা কোন দিকে চলেছে এই ধরণের শিক্ষায় দেশের বিপদ, এতে বাঙ্গালীর স্থান থাকবে না, সব উড়ে যাবে। অন্য সব দেশের লোক নিজেরাই সব করে নিচ্ছে আর বাঙ্গালী নিরুপায় হয়ে চুপচাপ বসে রয়েছে। খালি বাবুগিরী করলে কিছুই হবে না। এই যে এতগুলি ছেলে যারা আজ স্কুলে ও কলেজের ফার্ষ্ট, সেকেণ্ড, থার্ড বা ফোর্থ ইয়ারে অধ্যয়ন করছে তারা পাশ করে কোথায় যাবে। রোজগারের জন্য তাদের সকলেরত কোন বন্দোবস্ত করা যাবে না। সুতরাং এই ধরণের শিক্ষায় বাংলার ভীষণ বিপদ, গঠনমূলক কাজের দিকে বিশেষ নজর দেওয়া উচিত, এবং তাতে অনেক কিছু ভাল হবে।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছে নিবেদন করছি আমাদের মেদিনীপুর জেলায় পটাসপুর থানায় একটি পুলবন্দী অর্থাৎ ত কাড়ি বাঁধ আছে। তাহাদের উপর কয়েক বৎসরের অতিরিক্ত হারে পুলবন্দী কর আদায়ের জন্য সার্টিফিকেট ও মাল ক্রোক ইত্যাদি জারী হইতেছে। জমিদারী প্রথা উচ্ছেদের সময়, তাহাদের খাজনা আদায় হয় না এবং তাহাদের অন্য কোন আর উপার্জন নাই। তাহাদের এই নিরুপায় অবস্থায় ঐ টাকা তাঁহাদের ক্ষতিপূরণ টাকা হইতে ওয়াশীল লওয়ার জন্য সরকারকে পুনঃ পুনঃ অনুরোধ ও প্রার্থনা জানান হইয়াছে কিন্তু কাজ কিছু হয় নাই।

**Mr. Speaker:** You can speak about individual cases in the budget.

**Sj. Janardan Sahu:**

"আই স্যাল নট হ্যাভ টাইম দেন।" এখানে বিশেষ বিপদ উপস্থিত হয়েছে, তারা গ্রাম উন্নয়ন কাজের জন্য কোন টাকা পাচেছ না। মুখ্যমন্ত্রী মহাশয়কে এ কথা অনেকবার বলা হয়েছে, তিনি যেন সে দিকে বিশেষ দৃষ্টি দিয়ে এর ব্যবস্থা করে দেন। এইগুলি অনুগ্রহ করে সত্বর ঠিক করে দিন তা নাহলে সেখানে তাদের ভীষণ কষ্ট হবে। ভারতবর্ষকে যদি আজ বড় হতে হয় তাহলে নিজেদের একটা ভাষা সেখানে প্রচলন করতে হবে। ইংরাজরা যেমন ছোট জাতি হয়েও তাদের নিজেদের ইংরাজী ভাষাকে পৃথিবীর সর্বত্র জনপ্রিয় করে তুলেছে, তেমনি এতবড় ভারতবর্ষ, তার যে কোন একটা ভাষাকে বড় করে তুলতে হবে, এবং সেই ভাষা যেন পৃথিবীর সব দেশেই চলে। আমি বাঙ্গালী আমি বাংলা বলবো আর যে বিহারী ও উড়িয়া তারা বিহারী ভাষা বা উড়িয়া ভাষায় বলবে এ না বলে, যে কোন একটা ভারতীয় ভাষাকে বড় করে তোলা উচিত; এবং সেই ভাষার প্রতি চাপ দেওয়া উচিত ও সেইটা সর্বত্র চালাবার জন্য প্রেস করা উচিত। শুনতে পাওয়া যায় যে হিন্দী আমাদের রাষ্ট্র ভাষা হবে। কিন্তু ওয়েষ্ট বেঙ্গলে এই হিন্দী ভাষা প্রচারের জন্য মাত্র তিন হাজার টাকা দেওয়া হয়েছে, এবং হিন্দী প্রচার সমিতির প্রেসিডেণ্টএর বিরুদ্ধে প্রতিবাদ করেছে।

মেদিনীপুরে খাদ্যের অবস্থা অত্যন্ত শোচনীয় আকার ধারণ করেছে, তার প্রধান কারণ, সেখানে কেন্দ্র থেকে ধান-চাল ছাড়তে চাচ্ছে না। গত কয়েক বৎসর যাবৎ লেভী প্রথায় যে ধান-চাল গ্রামবাসীদের কাছ থেকে কেড়ে নেবার ব্যবস্থা হয়েছিল তাতে প্রতি বৎসরে বন্যার ফলে গ্রামবাসিগণ যা ক্ষতিগ্রস্ত হ'ত তার তুলনায় অনেক বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে। পল্লীগ্রাম রিলিফ বা টেষ্ট রিলিফের যা ব্যবস্থা করা হয় তা এক অদ্ভুত ধরণের

ব্যাপার, সেখানকার সাধারণে জানতেই পারে না যে সেখানে কোন রিলিফ দেওয়া হচ্ছে। সুধীরবাবু একটু আগে বলে গেলেন যে এক একটি টেষ্ট রিলিফ স্কীমের জন্য টাকা স্যাংশন হইলে একএকটি ওভারসিয়ার পাঠাবার দরকার হয়, কিন্তু তার কোনটাই ঠিক ভাবে কার্য্যকরী করা হয় না। মেদিনীপুরে ৯০টী ওভারসিয়ার এর জন্য এডভার্টাইজ করা হইয়াছিল; মাত্র ১০ জন পাওয়া গিয়াছে। কাঁথিতে ৮২টী ইউনিয়নের জন্য ৮২ জন ওভারসিয়ারএর ব্যবস্থা দরকার কিন্তু সেখানে মাত্র চার জন এসেছে। এক একটা টেষ্ট রিলিফের কাজের জন্য যদি মাত্র এক জন করে ওভারসিয়ার নিযুক্ত করা হয় তাহলে কতদিনে এই টেষ্ট রিলিফের কাজ শেষ হবে তা জানি না। তাঁরা মেদিনীপুরকে মুখে তীর্থক্ষেত্র বলেন, যে মেদিনীপুর ভারতের স্বাধীনতা আন্দোলনের পরীক্ষা ক্ষেত্র হয়েছে, সেই মেদিনীপুর আজ খেতে পাচ্ছে না, অত্যন্ত বিপন্ন; সেখানকার অধিবাসিগণ আজ অভাবের তাড়নায় পড়েছে। তাদের গহনাপত্র থেকে আরম্ভ করে ঘটি বাটি, তাদের যা কিছু সম্বল ছিল সব বিক্রয় করে দিতে বাধ্য হয়েছে, এবং সেখানে কেউ লোক খাটায় না, সুতরাং আজ তারা খাবে কি? আপনারা চলুন আমার সঙ্গে দেখিয়ে দেবো সেখানকার কি অবস্থা। আজ মেদিনীপুরের দিকে বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। আমরা আশা করেছিলাম মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে এর উল্লেখ থাকবে, কিন্তু দুঃখের বিষয় তার কিছু নাই।

আজ আমাদের দেশের সর্বত্র দুর্নীতি দেখা দিয়েছে, এই দুর্নীতি দমন করবার জন্য সরকারের বিশেষ সচেতন হওয়া উচিৎ। দুর্নীতি দমন না হলে ভারতের মুক্তি হবে না, ভারত প্রকৃত স্বাধীন হবে না।

## Adjournment.

The House was then adjourned at 12-48 p.m. till 3 p.m. on Monday, the 14th February, 1955, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 14th February, 1955, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (the Hon'ble Saila Kumar Mukherjee) in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 195 members.

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[3—3-10 p.m.]

### Setting up of a non-official Advisory Committee to advise on relief and rehabilitation of refugees.

*27. **Sj. Ambica Chakrabarty:** Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*a*) whether the United Central Refugee Council has submitted to the Government any demands containing among others a demand to the Government to form a non-official Advisory Committee to advise on all matters concerning relief and rehabilitation of the refugees;

(*b*) if so, whether the Government consider the desirability of forming immediately a non-official Advisory Committee as demanded by UCRC; and

(*c*) if not, the reason therefor?

**Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department (the Hon'ble Renuka Ray):** (*a*) Yes.

(*b*) No.

(*c*) There is already a provision for District Advisory Committees consisting mostly of non-official members to advise on relief and rehabilitation of refugees within the district. In the circumstances it is felt that a further Committee at the Centre is superfluous. The problem can be better tackled in the districts where actual field work is involved. There are also advisory committees of non-officials on particular subjects either *ad hoc* or for assisting the work of some particular section. An all Comprehensive Committee in the city would not serve in the implementation of work.

**Sj. Ganesh Ghosh:** Does the Hon'ble Minister think that it is necessary to consult non-official opinion before formulating any policy?

**Mr. Speaker:** That is a matter of opinion. "Thinking" is a matter of opinion.

**Sj. Ganesh Ghosh:** Does the Hon'ble Minister think it desirable to consult non-official opinion—does she ever consider it advisable?

**The Hon'ble Renuka Ray:** The representatives of different parties are frequently and periodically called whenever there are some new decisions as when the Ministers' Committee report came out, the Central Minister as

well as myself met them. As recently as January this year, I have again had a meeting with representatives of different political parties in the legislature and I also told them at that meeting that periodically such meetings would be called and another one will be called during this session itself.

**Sj. Ganesh Ghosh:** Who were the members who were called by the Hon'ble Minister for consultation?

**The Hon'ble Renuka Ray:** For details I cannot answer. The leader of each party is asked to bring or send or select from his own party a certain number—two or three. I do not know the exact names of the members.

**Sj. Jyoti Basu:** In view of the fact given just now that leaders of political parties in the Assembly are called centrally for their advice, what is the difficulty in constituting an Advisory Committee with those members?

**Mr. Speaker:** It is a matter of opinion.

**The Hon'ble Renuka Ray:** It is not necessary to have a committee of that nature.

## Hunger-strike by one Nanibala Bhattacharya of Cossipore Transit Camp.

*28. **Sj. Ambica Chakrabarty:** Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, কাশীপুর ট্রানজিট ক্যাম্পে শ্রীমতী ননীবালা ভট্টাচার্য নামে এক মহিলা আগষ্ট মাসের প্রথম সপ্তাহে অনশন করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, এই অনশনের কারণ কি; এবং

(গ) যে কারণে তিনি অনশন করিয়াছিলেন তাহার প্রতিকারের কি ব্যবস্থা করা হইয়াছে?

**Sjkta. Purabi Mukhopadhyay (on behalf of the Hon'ble Renuka Ray):**

(ক) হঁ্যা। তবে তিনি ৩রা আগষ্ট হইতে ভাত ব্যতীত অন্য খাদ্যদ্রব্য খাইতেন এবং ১২ই আগষ্ট হইতে ভাতও খাইতেছেন।

(খ) ক্যাম্পে দুইটি দল আছে এবং সম্প্রতি তাহাদের মধ্যে বিরোধ সৃষ্টি হইয়াছে। তিনি যে কারণ দেখাইয়াছেন তাহা দুইটি প্রধান শ্রেণীতে ভাগ করা যায়:--(১) তিনি যে দলের সমর্থক তাহার বিরোধী দলের আচরণের প্রতিবাদে এবং (২) যাহাদের worksite camp (কর্মকেন্দ্র শিবিরে) না যাওয়ার জন্য ডোল বন্ধ করা হইয়াছে তাহাদের ডোল দিতে হইবে এই দাবীতে।

(গ) বিরোধ সম্পর্কে উভয় দলের অভিযোগপত্র গ্রহণ করা হইয়াছে এবং তদন্ত চলিতেছে। যাহারা কর্মকেন্দ্রে যাইতে অনিচ্ছুক সরকার তাহাদের ডোল দেওয়া যুক্তিসঙ্গত মনে করেন না। কেবল সমর্থ বয়স্ক পুরুষদের পরিবার-সহ প্রেরণ করা হয়।

এই সঙ্গে একটা কথা বলেনি—এটা যখন লেখা হয় যা আপনাদের কাছে দেয়া হয়েছে, তার পরের যে ডেভেলপ্‌মেণ্ট সেটা তাই জানানো লেখাতে সম্ভব হয় নি তাই মুখে আপনাদের জানিয়ে দিচ্ছি, সেখানে ২৮শে জুলাই থেকে ১৭ই আগষ্ট পর্য্যন্ত ননীবালা ছিলেন, তিনি ভাত খেতেন না, আর আর জিনিষ বরাবর খেতেন।

আর যে মুহূর্তে, যারা কাজে যেত না তারা সকলে কাজে যোগ দিয়েছে তখন থেকে তাদের ডোল দেওয়া হচ্ছে।

**Sj. Lalit Kumar Sinha:**

সেখানে যে দুটো দল হয়েছিল তার একটা সরকারের সৃষ্ট একথা সত্য কিনা--মাননীয়া মন্ত্রীমহোদয়া জানাবেন কি?

**Mr. Speaker:** That is a matter of opinion.

## East Bengal Refugee Settlements in Bihar.

*29. **Sj. Jyotish Joarder:** (a) Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state if it is a fact that the West Bengal Government officials recently visited the East Bengal Refugee Settlements in Bihar for ascertaining first-hand information in respect of their condition and the cause of their return to West Bengal?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) what are the reports, if any, submitted by those officials; and

(ii) what steps Government have taken or propose to take on those reports?

**The Hon'ble Renuka Ray:** (a) No.

(b) Do not arise.

**Dr. Atindra Nath Bose:** Will the Hon'ble Minister be pleased to state when last did any West Bengal official pay any visit to the Bihar refugee settlements?

**The Hon'ble Renuka Ray:** Two of our Deputy Ministers, Sj. Bijesh Chandra Sen and the Deputy Minister for Food, Relief and Supplies, went to Bihar at the invitation of the Government of Bihar and one official, Mr. P. C. Banerji, accompanied them.

**Dr. Atindra Nath Bose:** When did they go?

**The Hon'ble Renuka Ray:** Some time last year they visited the Islampur group of colonies in Bihar.

**Dr. Atindra Nath Bose:** Did they pay any visit to the Ranchi settlement?

**The Hon'ble Renuka Ray:** No, they went where they were invited.

**Dr. Atindra Nath Bose:** Did the Hon'ble Minister get any report about the settlement in Ranchi or did she get any petition from the refugees at Ranchi?

**The Hon'ble Renuka Ray:** Petitions from the refugees of Ranchi have been forwarded to the Government of India to be dealt with by them. As for report, the report on the Islampur colony has been forwarded to the Government of India. I may also say here that at the last Ministers' conference held in Calcutta, it was decided that our Chief Minister would send social workers—he would himself take the responsibility to send social workers. He has since sent social workers who have come back with reports and arrangements are being made with the Government of India because we have no jurisdiction in another Province.

**Dr. Atindra Nath Bose:** Is the Hon'ble Minister aware that in some of the settlements, particularly in Ranchi, the refugees are left without any relief or any loan and they have to live——

**Mr. Speaker:** That question does not arise. You put a specific question about the Ranchi settlement.

**Dr. Atindra Nath Bose:** I mean particularly Ranchi as an instance. All the refugees in the settlements in Bihar are in the same plight and I am asking, is the Hon'ble Minister aware of the miserable plight of the refugee settlements all over Bihar?

**Mr. Speaker:** How does the question of refugees arise?

**Dr. Atindra Nath Bose:** Refugees are cited only as an instance—I am asking about settlements.

**Mr. Speaker:** Put supplementary questions specifically about refugee settlements.

**Dr. Atindra Nath Bose:** I want to ask about refugee settlements in general in Bihar. Is the Hon'ble Minister aware of the deplorable plight of the refugees in Bihar who are left without any relief or any loan or without any housing accommodation even?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** The whole point is that it has been decided as a matter of policy that those refugees that go to other Provinces shall be the care of the Central Government. When we get any information regarding these refugees, we send them to the Government of India for taking such steps as they can. Sometimes the Government of India asks us to find out exactly what has happened in a particular colony, but ordinarily it is the care of the Government of India.

**Dr. Atindra Nath Bose:** Yes, that is exactly what I was wanting to know. Is the Hon'ble Minister aware of or has the Hon'ble Minister done anything about such refugee settlements which are in such plight and has the Hon'ble Minister taken up their case with the Central Government?

**Mr. Speaker:** Mr. Jyotish Joarder's question is a very simple question—did the officer go and did he submit a report? Then how does the general question of the refugees all over Bihar arise out of it?

**Dr. Atindra Nath Bose:** It arises out of the Chief Minister's reply. The Chief Minister has stated that the cases are referred to the Central Government. That is why I am asking.

**Mr. Speaker:** If the Minister gives a more exhaustive reply, that does not mean that your supplementaries will go beyond the original question.

### Rehabilitation of 13 refugee families of Joynagar, 24-Parganas.

***30. Sj. Subodh Banerjee:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*i*) if it is a fact that 14 refugee families of Joynagar, 24-Parganas, were ordered on the 14th September, 1950, through letter No. R.R.S.-100(40)/25-24/49 to settle down at Chauhatti Colony, Block A, Sonarpur, and

(*ii*) if so, whether these families have been rehabilitated?

(*b*) If the answer to (*a*) (*ii*) is in the negative, will the Hon'ble Minister be pleased to state the cause of the delay in giving effect to the order of the Government, dated the 14th September, 1950?

**Sj. Bijesh Chandra Sen (on behalf of the Hon'ble Renuka Ray):** (*a*) and (*i*) Yes, 13 (and not 14) families.

(*ii*) Yes, 13 only. Of these, 11 persons did not care to take possession and 2 took possession but subsequently deserted.

(*b*) Because of the original owner's resistance to give physical possession.

**Nurses' Training Centre, Burdwan.**

***31. Sj. Saroj Roy:** Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) বর্ধমানের নার্স ট্রেনিং সেন্টার হইতে "সর্ট কোর্স"-এ যে-সব নার্স ও মিডওয়াইফ্ পাশ করিয়াছেন তাঁহাদের সার্টিফিকেট কখন দেওয়া হয়;

(খ) যে-সব নার্স পাশ করেন তাঁহাদের সার্টিফিকেট দেওয়ার বিষয়ে সরকার কোন সর্ত আরোপ করেন কিনা; এবং

(গ) করিলে, কি সর্ত আরোপ করেন?

**Minister-in-charge of the Medical and Public Health Department (the Hon'ble Dr. Amulyadhan Mukharji):**

(ক) পাশ করার পরেই দেওয়ার নিয়ম, কিন্তু কতকগুলি আইনঘটিত সমস্যার জন্য এখনও দেওয়া সম্ভব হয় নাই।

(খ) হাঁ, করেন।

(গ) দুই বৎসর সরকারী কাজ করার জন্য "বণ্ড" সহি করিতে হয়।

[3-10—3-20 p.m.]

**Sj. Saroj Roy:**

পাশ করার পর সরকারী চাকুরী করবে বলে বণ্ড দিয়েছে এবং দু' বছর সময় অতিবাহিত হবার পরেও সার্টিফিকেট দেওয়া হয়নি এরকম কেস আপনার জানা আছে কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সারটিফিকেট দেওয়া হয় না একথা ঠিক নয়। আইনগত বাধার জন্য কিছুটা অসুবিধা হয়েছে; প্রাদেশিক নার্সিং কাউন্সিল ও ইণ্ডিয়ান নার্সিং কাউন্সিলএর যে রেগুলেশন আছে সেই আইনে খানিকটা গোলমাল ছিল, সেজন্য গত ২৭শে জানুয়ারির গেজেট নোটিফিকেশনএ যে গভর্ণমেণ্ট অর্ডার ইসু হয়েছে with the concurrence of the West Bengal Nursing Council তাতে এখন থেকে সার্টিফিকেট দেওয়ার যে অসুবিধা বা বাধা তা দূর হবে বলে আমি মনে করি।

**Dr. Narayan Chandra Ray:**

সর্ট কোর্স নার্সিংএ যেসব নার্স পাশ করেছে তারা সকলেই সার্টিফিকেট পেয়েছে কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

কেহ কেহ পান নি আইনগত বাধার জন্য কিন্তু তাতে অসুবিধা হয়নি তাদের সকলকে সরকারী কাজ দেওয়া হয়েছে।

**Dr. Narayan Chandra Ray:**

সে রকম আন্দাজ কত ক্যাণ্ডিডেটকে কাজ দেওয়া হয়েছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

আন্দাজে ঠিক বলতে পারি না। নোটিস দিলে বলে দেব। যারা এসেছেন কাজের জন্য সকলেই পেয়েছেন।

**Dr. Narayan Chandra Ray:**

আন্দাজ কত ক্যাণ্ডিডেট পাশ করেছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

দু'শত ক্যাণ্ডিডেট বর্তমানে ট্রেনিং পাচ্ছে, তাদের মধ্যে কিছু কিছু পাশ করেছে কিন্তু ঠিক কতজন তা আন্দাজে বলতে পারি না।

**Dr. Narayan Chandra Ray:**

এই যে বণ্ড দেওয়া হয় সেটা রুরাল হেল্থ সেণ্টারএর জন্য না কি এখানের জন্য?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**
রুরাল হেল্‌থ সেণ্টারএর জন্য।

**Dr. Narayan Chandra Ray:**
তাদেরকে কি হসপিটাল্‌স ইন দি টাউনসএ কাজ দেওয়া হয়?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**
যাদের কাজে উপযুক্ত করার জন্য ট্রেনিং দেওয়া হচ্ছে তাদের কাজ রুরাল সেণ্টারএ অত্যন্ত প্রয়োজন। এ্যাসিষ্ট্যাণ্ট নার্স-কাম-মিডওয়াইফ্‌ এই সবের রুরাল এরিয়াতেই বেশী দরকার।

**Dr. Narayan Chandra Ray:**
এই দুয়ের মধ্যে পে এণ্ড রেমিউনারেশনসএ কোন ডিফারেনস আছে কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**
জুনিয়ার কোর্সএ যারা পড়ে তাদের স্ট্যাণ্ডার্ড হচ্ছে ক্লাস ভি-থ্রিআইএর; ৩ বছর ৯ মাস পড়াম হয়, আর সিনিয়র নার্সিং কোর্স ম্যাট্রিক পাশ করার পর দু'বছর ৯ মাস পড়ান হয় আর বর্ত্তমানে এরা দু'বছর পড়ে। সুতরাং ন্যাচুরালি পে এণ্ড রেমিউনারেশনএ কিছু তো ডিফারেনস্‌ হবে।

**Dr. Narayan Chandra Ray:**
এদের পেএর ডিফারেন্স আন্দাজ কত?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**
গভর্ণমেণ্ট তরফ থেকে আন্দাজে কিছু বলতে পারি না।

**Sj. Saroj Roy:**
এই যে বণ্ড নেওয়া হয় এটা পাশ করার পূর্ব্বে না পরে নেওয়া হয়? ২৬শে জানুয়ারিতে যে সরকারী বিবৃতি বেরিয়েছে——

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**
পাশ করার পূর্ব্বে।

## Sinking of tube-wells in Howrah district.

***32. Sj. Tarapada Dey:** Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) হাওড়া জেলার গ্রামাঞ্চলে ১৯৪৮ সাল হইতে আরম্ভ করিয়া ১৯৫৩ সালের সেপ্টেম্বর মাস পর্য্যন্ত সরকার মোট কত টিউব-ওয়েল বসাইয়াছেন,

(খ) এ সময়ের মধ্যে কোন্‌ থানায় কত এবং কোন্‌ ইউনিয়নে কত টিউব-ওয়েল বসানো হইয়াছে;

(গ) এ সময়ের মধ্যে টিউব-ওয়েল বসাইবার জন্য কোন্‌ ইউনিয়নে কত টাকা সরকার মঞ্জুর করিয়াছেন;

(ঘ) এই-সব টিউব-ওয়েল বসাইতে ১৯৪৮-৫৩ সালে কোন্‌ ইউনিয়নে কত টাকা খরচ হইয়াছে;

(ঙ) বর্তমানে কোন্‌ ইউনিয়নে কত টিউব-ওয়েল অকেজো হইয়া আছে;

(চ) এই-সব অকেজো টিউব-ওয়েল মেরামতের কি ব্যবস্থা সরকার করিয়াছেন; এবং

(ছ) আন্দুল ইউনিয়নের কোন ওয়ার্ডে ৯টি টিউব-ওয়েল বসানো হইয়াছে কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

(ক) ৪৪৪টি। (খ), (গ), (ঘ) ও (ঙ) বিবরণী এতৎসহ দেওয়া হইল।

(চ) জেলার স্বাস্থ্য সমিতি কর্ত্তৃক অনুমোদিত হইলে অর্থের বরাদ্দ অনুযায়ী প্রতি বৎসর মেরামত করা হয়।

(ছ) হাঁ, ২নং ওয়ার্ডে।

*Statement referred to in reply to clauses (ক), (খ), (গ) and (ঘ) of starred question No. 32.*

| Name of police-station and union. | | Number of tube-wells sunk and resunk from 1948 to September, 1953. | Amount of money sanctioned from 1948 to September, 1953. | Cost of labour charges paid for tube-wells in column 2. | Number of choked-up tube-wells remaining. |
|---|---|---|---|---|---|
| (1) | | (2) | (3) | (4) | (5) |
| | | | | Rs. | |
| **Jagacha** | | **18** | Rs.4,73,266. (Lump grant is sanctioned for the district. No separate fund is sanctioned on Union or Thana basis.) | | |
| Jagacha | .. | 12 | | 5,014 | 4 |
| Santragachi | .. | 6 | | 2,572 | 13 |
| **Bally** | | **23** | | | |
| Jagadishpore | .. | 9 | | 3,662 | 12 |
| Bally | .. | 7 | | 3,266 | 17 |
| Lillooah | .. | 7 | | 3,260 | 8 |
| **Domjur** | | **51** | | | |
| Uttar Jhapordah | .. | 6 | | 2,639 | 7 |
| Dakshin Jhapordah | .. | 6 | | 2,571 | 4 |
| Kolora | .. | 7 | | 2,930 | 11 |
| Begri | .. | 5 | | 2,162 | 12 |
| Domjur | .. | 8 | | 3,579 | 12 |
| Narua | .. | 5 | | 2,136 | 12 |
| Makardah | .. | 4 | | 1,891 | 12 |
| Mohiary | .. | 3 | | 1,420 | 17 |
| Bankra | .. | 7 | | 2,909 | 3 |
| **Sankrail** | | **42** | | | |
| Dhulagori | .. | 10 | | 5,148 | 11 |
| Andul | .. | 6 | | 2,054 | 16 |
| Duilya | .. | 7 | | 9,820 | 10 |
| Jorhat | .. | 5 | | 4,829 | 18 |
| Sankrail | .. | 5 | | 6,934 | 5 |
| Manikpore | .. | 3 | | 4,229 | 6 |
| Nalpore | .. | 6 | | 7,681 | Nil |

| Name of police-station and union. | | Number of tube-wells sunk and resunk from 1948 to September, 1953. | Amount of money sanctioned from 1948 to September, 1953. | Cost of labour charges paid for tube-wells in column 2. | Number of choked-up tube-wells remaining. |
|---|---|---|---|---|---|
| (1) | | (2) | (3) | (4) | (5) |
| | | | | Rs. | |
| **Jagatballavpur** | | **50** | | | |
| Jagatballavpur | .. | 4 | | 1,636 | 10 |
| Bargachia | .. | 6 | | 2,246 | 12 |
| Pathihal | .. | 4 | | 3,170 | 15 |
| Sekrahati | .. | 8 | | 9,235 | 4 |
| Maju | .. | 8 | | 11,151 | 4 |
| Hatal Anantabati | .. | 6 | | 4,302 | 4 |
| Gobindapur | .. | 6 | | 6,794 | 2 |
| Pulgustia | .. | 8 | | 9,659 | 5 |
| **Panchla** | | **33** | | | |
| Banaharishpore | .. | 4 | | 5,372 | 2 |
| Jujarshaha | .. | 7 | | 2,707 | 1 |
| Deulpore | .. | 4 | | 1,589 | 6 |
| Panchla | .. | 10 | | 12,995 | 7 |
| Beldubi | .. | 8 | | 7,521 | 3 |
| **Uluberia** | | **36** | | | |
| Joargori | .. | 3 | | 4,143 | 2 |
| Banibon | .. | 4 | | 5,837 | 2 |
| Basudevpur | .. | 4 | | 4,947 | 4 |
| Chengail | .. | 5 | | 6,746 | 2 |
| Uluberia | .. | 8 | | 10,355 | 4 |
| Chandipore | .. | 3 | | 4,152 | 1 |
| Hatgacha | .. | 4 | | 5,207 | 1 |
| Kalinagore | .. | 3 | | 4,626 | Nil |
| Dhulasimla | .. | 2 | | 2,988 | 1 |
| **Shyampore** | | **39** | | | |
| Amardah | .. | 3 | | 3,594 | Nil |
| Belari | .. | 2 | | 2,351 | 1 |
| Nabagram | .. | 3 | | 3,765 | 3 |
| Kharuberia | .. | 5 | | 6,238 | Nil |
| Kamalpore | .. | 5 | | 7,721 | 2 |
| Shyampore | .. | 6 | | 7,995 | 1 |
| Baneswarpore | .. | 2 | | 2,406 | Nil |
| Nakole | .. | 6 | | 8,199 | 3 |
| Sasati | .. | 2 | | 2,490 | 1 |
| Dihi Mandalghat | .. | 5 | | 6,955 | 1 |

| Name of police-station and union. | | Number of tube-wells sunk and resunk from 1948 to September, 1953. | Amount of money sanctioned from 1948 to September, 1953. | Cost of labour charges paid for tube-wells in column 2. | Number of choked-up tube-wells remaining. |
|---|---|---|---|---|---|
| (1) | | (2) | (3) | (4) | (5) |
| | | | | Rs. | |
| **Bagnan** | | **48** | | | |
| Kalyanpore | .. | 8 | | 9,215 | 1 |
| Bainan | .. | 3 | | 3,908 | 1 |
| Nagalpore | .. | 8 | | 10,869 | Nil |
| Bagnan | .. | 10 | | 13,998 | 4 |
| Mellock | .. | 6 | | 8,325 | 1 |
| Benapore | .. | 5 | | 5,871 | 1 |
| Bentul | .. | 5 | | 6,116 | 1 |
| Chandrabhag | .. | 3 | | 4,362 | 1 |
| **Bauria** | | **6** | | | |
| Bauria | .. | 6 | | 7,335 | 1 |
| **Amta** | | **98** | | | |
| Harishpore | .. | 6 | | 7,472 | 4 |
| Basantapur | .. | 5 | | 6,698 | 9 |
| Khosalpore | .. | 5 | | 6,739 | 1 |
| Rashpar | .. | 6 | | 7,995 | 6 |
| Thalia | .. | 9 | | 11,129 | Nil |
| Bhatora | .. | 5 | | 6,220 | 3 |
| Joypore | .. | 6 | | 7,548 | Nil |
| Jhikira | .. | 5 | | 6,208 | 2 |
| Khalna | .. | 3 | | 3,351 | 1 |
| Tajpore | .. | 5 | | 6,574 | 1 |
| Gazipore | .. | 7 | | 10,102 | Nil |
| Amta | .. | 4 | | 5,461 | 2 |
| Udong | .. | 4 | | 5,732 | Nil |
| Bhandergacha | .. | 4 | | 4,533 | 1 |
| Khardah | .. | 4 | | 5,412 | 1 |
| Dihi-Bhursit | .. | 3 | | 2,635 | 5 |
| Udoy Narayanpore | .. | 4 | | 4,161 | 4 |
| Singti | .. | 3 | | 4,442 | 3 |
| Debipore | .. | 5 | | 5,843 | 2 |
| Garbhabanipore | .. | 5 | | 6,437 | 3 |

**Sj. Tarapada Dey:**

মোট কতটা প্রয়োজন হাওড়া জেলায়?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সেরকম হিসাব আমার কাছে নাই। আমাদের হিসাব হচ্ছে প্রতি ৪০০ লোকের সোর্স অব ওয়াটার সাপ্লাইএর জন্য একটি করে টিউবওয়েল দেওয়া হবে।

**Sj. Tarapada Dey:**

কত দিনের মধ্যে সেরকম তথ্য দিতে পারবেন?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সেরকম তথ্য দেওয়া সম্ভবপর নয়, রুরাল ওয়াটার সাপ্লাই যতটা সম্ভব তা করা হচ্ছে জেলা বেসিসএ।

**Sj. Tarapada Dey:**

দুঃস্থ এলাকায় টিউব-ওয়েল এর কি রকম ব্যবস্থা করা হচ্ছে?

**Mr. Speaker:**

এটা প্রশ্নের মধ্যে নাই।

If the Minister gives an exhaustive answer, you should be fair and not put further supplementaries.

তিনি থানা বেসিস, ইউনিয়ন বেসিস এবং গ্রাম বেসিস দিয়েছেন--এত দেওয়ার পরেও আরও সাপ্লিমেণ্টারি কোশ্চেন করছেন, এত একজসটিব আনসার দেওয়ার পরেও এত করছেন?

**Sj. Bibhuti Bhushon Ghose:**

এখানে প্রশ্ন করার আছে এই সব টিউব-ওয়েলএ কি জল পাওয়া যায়?

**Mr. Speaker:** That question is not allowed.

**Sj. Tarapada Dey:**

যারা গরীব যারা টাকা দিতে পারে না তাদের কি অবস্থা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

গরীব বড় লোকের প্রশ্ন এর মধ্যে নেই। ডিষ্ট্রিক্ট কমিটিকে টাকা দেওয়া হচ্ছে। ওয়াটার সাপ্লাই কমিটির ভিতর অফিসিয়াল নন-অফিসিয়াল আছেন তাঁরা যেখানে যা দেওয়া প্রয়োজন ঠিক করেন। বহু জায়গা এমন আছে, যেখানে কোন টাকাই পাওয়া যায়নি কিন্তু সেখানে টিউব-ওয়েল দেওয়া হয়েছে because of water scarcity amongst distressed people.

**Sj. Tarapada Dey:**

এরকম যে দেওয়া হয়েছে তার দুই একটা উদাহরণ দিতে পারেন?

**Mr. Speaker:**

উদাহরণ দেবেন কি করে অকস্মাৎ।

**Sj. Tarapada Dey:**

(চ)এর উত্তরে এই যে বলেছেন অকেজো টিউব-ওয়েল সম্বন্ধে। পাঁচ বৎসরের মধ্যে এই ধরণের কি হয়েছে?

**Mr. Speaker:**

ফ্যাক্টএর ব্যাপারে বলুন, এটা ভেগ কোশ্চেন; এই রকম প্রশ্ন করলে জবাব দেওয়া যাবে কি করে?

**Sj. Tarapada Dey:**

এই যে আন্দুল ইউনিয়নে ৯টা টিউব-ওয়েল বসানো হয়েছে বলছেন সেটাও কি ধরা হয়েছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এখানে যা দিয়েছি ৪৪৪টি তার মধ্যে এটা ইনক্লুডেড তারপর ডিসেম্বর ১৯৫৪ পর্য্যন্ত ৫৫০টি হয়েছে--বোথ সিনকিং এণ্ড রিপেয়ার।

**Sj. Saroj Roy:**
এরকম কোন নিয়ম আছে কি যে অর্দ্ধেক টাকা না দিলে টিউব-ওয়েল বসানো যাবে না?

**Mr. Speaker:**
এই প্রশ্নের মধ্যে এটা উঠে না।

**Dr. Narayan Chandra Ray:**
এই লেবার চার্জেস হেডএ এই যেসব ৫ হাজার আড়াই হাজার রয়েছে এগুলি কি বাস্তবিকই শুধু লেবার চার্জ?

**Mr. Speaker:** Please don't put supplementaries on the statement. Put a separate question.

**Dr. Narayan Chandra Ray:**
এই যে ১২টা বসাতে ৫ হাজারের মত খরচা পড়ছে এটা কি লেবার চার্জেস?

**Mr. Speaker:** How can you know unless you put a separate question Don't put question on the statements.

**Dr. Narayan Chandra Ray:**
টিউবওয়েলএর খরচ আর লেবারএর খরচ একসঙ্গে দেখানো হয়েছে কিনা?
How do I understand from this headings.
যে এটা শুধু লেবার চার্জ?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**
এই যে যে টাকায় অঙ্ক লেবার চার্জ হেডএ দেখান হয়েছে তা লেবার চার্জেসএর জন্য।

**Sj. Mrigendra Bhattacharjya:**
আমাদের বাংলা দেশে পানীয় জলের স্কারসিটি ব্যাপক। এই ড্রিংকিং ওয়াটারএর জন্য——

**Mr. Speaker:** That question does not arise out of it.

**Sj. Mrigendra Bhattacharjya:**
আমি জানতে চাই পানীয় জলের অভাব আছে কিনা?

**Mr. Speaker:** No, That question does not arise.

**Sj. Biren Banerjee:**
৬এর প্রশ্নের জবাবে বলেছেন আন্দুল ইউনিয়নে দু' নম্বর ওয়ার্ডএ ৯টি টিউব-ওয়েল বসানো হয়েছে। একটি ইউনিয়নে ৯টি টিউব-ওয়েল বসানোর কি প্রয়োজনীয়তা ছিল?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**
ডিস্ট্রিক্ট কমিটি যা ঠিক করে দিয়েছেন সেই নির্দ্দেশানুযায়ী এটা হয়েছে।

There is an Act which is known as the Rent Control Act. It is there and it is being extended from year to year without any amendment whatsoever, with the result the tenants are being put to extraordinary difficulties. About four to five thousand cases are pending and the unfortunate people are being harassed like anything. The main defect about this statute is that even if the tenant had paid the rent, even if the landlord accepted the rent, but if there was a technical default in paying rent, that is, if it was paid on the 16th instead of on the 15th, the landlord has the right to eject the tenant. It was very seriously thought that our Law Minister would take necessary steps to revise the Act. But what is he doing? From year to year he is postponing any amendment of this Act. Originally this Act was to be in force up to March, 1953, but he has extended it by one year up to March, 1954, and again up to March, 1955, and there is another proposal to extend it up to March, 1956. Why? In whose interest? Would it not be for the benefit of the vested interest? Sir, particularly with regard to this matter I will give you a few sentences of a High Court judgment. My friends need not go to "Pravda". It was a Full Bench case consisting of Shri P. B. Chakravartti, Shri G. N. Das, Shri S. R. Das Gupta, Shri P. B. Mukharji and Shri A. N. Sarker. As up to May, 1953, the Minister was not taking steps to revise this Act. There was an occasion for the following judgment by his Lordship the Hon'ble Mr. Justice P. B. Mukharji:—

"To the West Bengal Premises Rent Control Act belongs the signal distinction in this age of being the most misunderstood Statute of the State. On the interpretation of all its important sections, Courts and Judges have widely and frequently disagreed. Its meaning lies in the lap of the clouds of heavens beyond the ken of the astutest judicial vision. In the struggle for construction, judicial heroism has valiantly battled in difficult situations, to produce swans out of geese. One such situation is now before this Full Bench.

Frequent Full Bench and Special Bench had to be constituted to discover and re-discover the meaning of this Act over which other learned Judges had differed. Those unfortunate enough to have to receive the impact of this Act have the unenviable task of finding their way in a perilous voyage through the ocean of bewildering and conflicting judicial opinions, Full Bench and Special Bench constructions, not to speak of the shoals of bad drafting that swim all over and across the Act.

Notwithstanding such divergence of judicial opinions on almost all its significant provisions, the Legislature in its swift wisdom has just recently ordained that this state of oppressive uncertainty shall continue for another year. In not understandably conscientious and not appreciably laborious discharge of its duties, the State Legislature by asking the people of the State to read 1954 for 1953 has chosen to continue this Act as it is, with all its manifest and repeatedly declared uncertainty for thousands of people whom this Statute affects.

The heavy pressure upon the Courts today to do what ought to be the work of Legislatures, is a growing hindrance to normal administration of justice. All normal judicial work is frequently held up to find meaning of Statutes which should have been plain, and on that ground alone today, there is a colossal waste of judicial time. Unless a much greater care, than so far evinced, is exercised by those solemnly charged by the Constitution with the responsible task of framing the Statutes of the land, the Courts will soon be reduced to become suburban adjuncts of an inadequate Legislature, for publishing commentaries on ill-drafted and immaturely expressed Statutes in the vain hope of injecting meaning into the the meaningless and of explaining the inexplicable."

This is the compliment by High Court Judges.

**Mr. Speaker:** What is the date of the High Court judgment?

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** It is a case reported in 57 Calcutta Weekly Notes, page 627. Lastly, the Governor has suggested, rather appealed that while opposing we should not forget our objective. We have not done so. I would ask my friend the Law Minister, through you, Sir, to withdraw the Bill purporting to extend the life of the present Act and to sit with us and compile an amending Bill immediately to remove the anomalies of the Rent Control Act, so that the thousands of poor tenants whom we have not been able to give accommodation, may be saved.

**Dr. Ranendra Nath Sen:**

মাননীয় সভাপাল মহাশয়, গভর্ণরের বক্তৃতায় দেশের যে উজ্জ্বল চিত্র তুলে ধরা হয়েছে আমরা তার সঙ্গে একমত হ'তে পারছি না। তিনি যেভাবে সমগ্র দেশের অবস্থা বর্ণনা করেছেন বাস্তবের সঙ্গে তার মিল নাই। এটা ঠিক যে খাদ্যের অবস্থার একটু উন্নতি হয়েছে, এটাও ঠিক হয়ত কিছু বেশী স্কুল কিম্বা হাঁসপাতালের সৃষ্টি হয়েছে, অথবা কিছু মাইল রাস্তা তৈরী হয়েছে, কিন্তু দেশের উন্নতির মাপকাঠি হচ্ছে দেশের জনসাধারণের আর্থিক কি অবস্থা দাঁড়িয়েছে, ক্রয় ক্ষমতা কি হয়েছে, বেকার সমস্যার সমাধান হয়েছে কিনা, দেশের কৃষকের হাতে পয়সা জমেছে কি না এবং দেশের শিল্প ব্যবসা-বাণিজ্য উন্নতির পথে চলছে কি না। এই কয়েকটা মাপকাঠি দিয়ে যদি বিচার করি তাহলে দেখব যে যা বলা হচ্ছে তা ঠিক নয়। খাদ্য ফসল বেড়েছে, এতে ওঁদের কোন কৃতিত্ব নেই, কৃতিত্ব হচ্ছে প্রকৃতির। কিন্তু খাদ্য ফসল বাড়লেও দেশের লোকের হাতে তা কেনবার মত পয়সা আছে কিনা। কলিকাতা সহরে ১৬ টাকা মণ চালের দাম দাঁড়িয়েছে ডি-কন্ট্রোল হওয়ার পরে, নামবার কথা নেই, বরং বর্ত্তমানে আরও বাড়ছে। কৃষকের কাছ থেকে ফড়িয়ারা কমদামে ধান চাল কিনে নিয়ে সেটা আবার সহরের লোককে বেশীদামে বেচে এবং সেই কারণেই সহরের লোককে বেশী দামে চাল কিনতে হয়।

শিল্প ব্যবসায় সম্বন্ধে বলা হচ্ছে উৎপাদন বেড়েছে, কিন্তু তার জন্য শ্রমিকদের অনেক পরিশ্রম করতে হচ্ছে। তা সত্ত্বেও বিভিন্ন শিল্পে এখনও উৎপাদন বাড়েনি। ফাইভ ইয়ার্স প্ল্যানিংএর প্রোগ্রেস রিপোর্টে তাঁরাও স্বীকার করেছেন। কয়েকটা বিশেষ বিশেষ শিল্পে যেমন—আয়রণ এণ্ড ষ্টীল, সিমেণ্ট—ইত্যাদিতে কিছু বেড়েছে বটে কিন্তু দেশের বনিয়াদী শিল্পে এখনও কোন উন্নতি দেখা যাচ্ছে না।

4—4-10 p.m.]

গভর্ণমেণ্ট থেকে যে সমস্ত শিল্পে প্রোটেক্শন দেওয়া হয়েছে—সংরক্ষণ নীতি আছে, সেখানে পর্য্যন্ত তাদের উৎপাদন বৃদ্ধি হয় নি, যেমন—

Steel, Aluminium, Iron, Machine Tools, Diesel Engine, Starch, Glucose, Calcium Chloride

এই সমস্ত হচ্ছে প্রোটেকটেড্ ইণ্ডাষ্ট্রী। সমস্ত ভারতে শিল্পের যে ক্ষমতা আছে, সেই ক্ষমতা এখনও ২৫ পারসেণ্ট কাজে নিযুক্ত হতে পারছে না। সুতরাং যদি বলা যায় ইণ্ডাষ্ট্রীর যথেষ্ট উন্নতি হয়েছে, তাহলে সত্যিকার চিত্র দেওয়া হয় না। এবং কি হচ্ছে? দুটো জিনিষ পাশাপাশি বল্‌ছি কৃষকের উৎপন্ন জিনিষের দাম কমে যাচ্ছে; কিন্তু সহরবাসী ও গ্রামবাসী তাদের নিত্যপ্রয়োজনীয় জিনিষ কম দামে পাচ্ছে না। অথচ শিল্পপতিদের মুনাফা দিনের পর দিন বেড়েই চলেছে। যেমন রাজ্যপাল বলেছেন—সুগারকেন ইণ্ডাষ্ট্রীর কথা। চিনির দাম বেড়েই চলেছে অথচ আঁখের অবস্থা কি দাঁড়িয়েছে—প্রতি মণ ১৸৵ থেকে ১৷৶৹য় নেমে গিয়েছে। সুগার একটা প্রোটেকটেড ইণ্ডাষ্ট্রী অথচ কাঁচামাল, আঁখের দাম কমা সত্ত্বেও চিনির দাম বেড়েই চলেছে। সাধারণ লোকের কি অবস্থা হচ্ছে দেখুন। কাপড় ৫ হাজার মিলিয়ন গজ প্রস্তুত হচ্ছে যা ভারতবর্ষে ইতি পূর্ব্বে কখনও হয়নি। কি মুনাফাই না কর্‌ছে এই শিল্পপতিরা! যুদ্ধের আগে মাথাপিছু কনজাম্পশান ছিল ১৬ গজ আজ বেশী উৎপাদন সত্ত্বেও কনজাম্পশান পার হেড হচ্ছে ১৪।১৫ গজ। প্ল্যানিং কমিশনের প্রগ্রেস রিপোর্টএ এটা স্বীকৃত হয়েছে। কিন্তু এই কাপড়ের ব্যবসায়ে এত লাভ হওয়া সত্ত্বেও গভর্ণমেণ্ট কি করছেন। এক্সাইজ ডিউটি তুলে দিয়েছেন, এক্সপোর্ট ডিউটি তুলে দিয়েছেন। এদিকে তুলা উৎপাদনকারী কৃষকদের তুলার দাম জোর করে শতকরা দশ ভাগ কমিয়ে দিয়েছেন।

**The Hon'ble Prafulla Chandra Sen:** Duty is not imposed by the State Government but by the Central Government.

**Dr. Ranendra Nath Sen:**

আমি দেখছি, সামগ্রিক চিত্র যা তাই এখানে উপস্থিত কর্‌ছি। কৃষকদের তুলার দাম কমে যাচ্ছে অথচ বাজারে কাপড়ের দাম বেড়ে যাচ্ছে। এদিকে কাপড় দেশের লোক পরতে পাচ্ছে না। অথচ কাপড় দেশের বাইরে চলে যাচ্ছে। আর মালিকরা সে কাপড়ে মুনাফা লুট্‌ছে। আচ্ছা, দিল্লী কটন মিল সেটা না হয় ছেড়েই দিলাম। এখানের মোহিনী মিলের কথাই বলি—১৯৫২ সালে ৯·৫৩ লক্ষ টাকা, আর ১৯৫৩ সালে, ৩৩·১৩ লক্ষ টাকা এই ২ বছরে মুনাফা করেছে ৪০ লক্ষ টাকা অথচ বাজারে কাপড়ের দাম কমছে না। কেশোরাম কটন মিল ১৯৫৩-৫৪ সালে ৩২ লক্ষ থেকে ৪০ লক্ষ টাকা মুনাফা করেছে। আর ভারতবর্ষে কাপড়ের মিলে ১৯৫২-৫৪ সালে মজুর ছাঁটাই হয়েছে ৫২ হাজার। "ইষ্টার্ণ ইকনমিষ্টের" ফিগার দিচ্ছি—হোল সেল প্রাইস কি দাঁড়াচ্ছে—

*Wholesale price index of the consumers goods.*

| | | 1953. | 1954. |
|---|---|---|---|
| Cloth | ... | 397 | 415 |
| Sugar | ... | 273 | 301 |
| Tea | ... | 423 | 696 (*i.e.*, 150 per cent. increase). |

*London Auction Market.*

| | | | | | ১৯৫২। | ১৯৫৩। | ১৯৫৪। |
|---|---|---|---|---|---|---|---|
| চা | .. | .. | .. | .. | ॥৶৹ | ১॥৶৹ | ৩॥৹ |

তাতে দেখছি যাতে মালিকরা দিনের পর দিন বেশী মুনাফা করতে পারে গভর্ণমেণ্ট সেই ব্যবস্থাই করে দিচ্ছেন।

**Mr. Speaker:** These are all Central subjects you are discussing.

**Dr. Ranendra Nath Sen:**

কেশোরাম কটন মিলস এবং মোহিনী মিলস এখানকার। সুতরাং এটা প্রভিন্সিয়াল ব্যাপারে আস্‌ছে।

তারপর রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে দেশে যে বেকার সমস্যা আছে সেটা স্বীকার করেছেন এবং সমাধান হিসাবে তাঁরা যে শিক্ষক নিযুক্ত করছেন সে কথাও বলেছেন। কিন্তু কয়েক হাজার শিক্ষক ও কিছু বাস কন্‌ডাক্টর নিলেই দেশের বেকার সমস্যা সমাধান হয়ে যাবে না। পঞ্চবার্ষিক পরিকল্পনার কথা তাঁরা প্রায়ই বলে থাকেন কিন্তু দেশে বেকারী দিন দিনই বেড়ে চলেছে। এটা সকলেই জানেন যে কলিকাতা সহরে যে ৫০০ মেয়ে টেলিফোনএ কাজ করত তাদের শীঘ্রই চাকরি যাবে বলে নোটিশ দেওয়া হয়েছে। ফুড ডিপার্টমেণ্টের কথা ত সকলেই বলেছেন। এই সভায় শিক্ষামন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরে বলেছিলেন--প্রাইমারী টিচারদের জন্য ৩২,৪৪১ জন লোক দরখাস্ত করেছিলেন, তার মধ্যে ৮,৫০০ লোকের চাকরি হয়েছে এর মধ্যে এম,-এ, এম,-এস,-সি, আছে ১৬২ জন এবং বি,-এ, বি,-এস,-সি, আছে ১,৯৪১ জন। সুতরাং দেখা যাচেছ মধ্যবিত্ত বেকারের সংখ্যা দিন দিন বেড়েই যাচেছ। এম্প্লয়মেণ্ট এক্সচেঞ্জ ফিগার থেকে বল্‌ছি ১৯৫৩ সালে রেজিস্টার্ড আনএম্প্লয়েড ছিল ৪৯৩,০০০, আর ১৯৫৪ সালের জুলাই মাসে সেটা দাঁড়াল ৫৮৯,০০০। দেখা যাচেছ ২০ পারসেণ্ট করে বাড়ে প্রতি বছরে। কলকাতায় যে সার্ভে হয়েছিল--সেখানে দেখা গেছে যে ৪০ হাজার পরিবারের মধ্যে শতকরা ৪০ জনের উপর বেকার ও কর্মক্ষম--তার মধ্যে অর্দ্ধেক অর্থাৎ ২০ পারসেণ্ট মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণী যারা ম্যাট্রিক পাশ কিম্বা তদূর্দ্ধ্বে কোয়ালিফিকেশন আছে। এই কলকাতা সহরে মধ্যবিত্ত শ্রেণীর জীবনের মান কি দাড়িয়েছে দেখাচিছ—

| | |
|---|---|
| ১৯৪৭ .. .. .. .. ... | ২৯৯ |
| ১৯৪৮ .. .. .. .. .. | ৩৩৬ |
| ১৯৫০ .. .. .. .. .. | ৩৬৯ |
| ১৯৫৩ .. .. .. .. .. | ৩৩১ |
| ১৯৫৪ (আফটার ডি-কণ্ট্রোল এণ্ড ডি-রেশনিংএ দাঁড়াল) .. .. | ৩৯৩ |

এটা আমার ফিগার নয়, "ইষ্টার্ণ একনমিষ্ট, সেন্সাস রিপোর্ট, ক্যাপিট্যাল (২১শে অক্টোবর ১৯৫৪)" এতে বেরিয়েছে। এই যখন অবস্থা তখন এই সরকার ভাবছেন ৩০ হাজার শিক্ষক নিয়োগ করে, কিছু বাস কণ্ডাক্টর নিয়োগ করে বেকার সমস্যা সমাধান করবেন। শ্রমিকদের আবও ভয়াবহ অবস্থা, যে কথা এই গভর্ণমেণ্ট ভালকরে অনুধাবন করতে পারছেন না। পঞ্চবার্ষিকী পরিকল্পনার সঙ্গে সঙ্গে ১৯৪৭ সাল থেকে ১৯৫১ সাল পর্য্যন্ত সমগ্র ভারত-বর্ষে তাদের কি অবস্থা দেখুন--

Total employment in Manufacturing Industry—

| সাল। | জন। |
|---|---|
| ১৯৪৮ .. .. .. .. .. | ১,৭০৪,২৩০ |
| ১৯৫১ .. . .. .. .. | ১,৬৩২,৭০০ |
| | ৭১,৫৩০ |

শ্রমিকের সংখ্যা কমে গেছে। তারপর পশ্চিমবঙ্গে দেখা যাচেছ--

| | |
|---|---|
| ১৯৪৮ সালে মোট সংখ্যা ছিল .. .. .. .. | ৬৮৭,৭০১ |
| ১৯৫৩ সালে (প্রথম ৬ মাস) মোট সংখ্যা ছিল .. .. .. | ৬২০,০৮২ |
| অর্থাৎ পাঁচ বছরে ছাটাই হয়েছে .. .. .. | ৬৭,৬১৯ |

এটা ইষ্টার্ণ একনমিষ্টএর ফিগার।

তারপর বাংলা দেশের সেরা শিল্প চটকল--সেখানের যদি হিসাব দেখেন, তাহলে অবাক হয়ে যাবেন। ১৯৪৮ সাল থেকে ১৯৫২ সাল পর্য্যন্ত সেখানে মজুরের সংখ্যা কমে গেছে ৪৩,২২৯। এটা "ইষ্টার্ণ একনমিষ্ট" বিড়লা কাগজের রিপোর্ট। দেখ্‌তে পাচিছ ১৯৪৮-১৯৫৪ মধ্যে চটকলে চাকরি গিয়েছে ৪৮ হাজার লোকের। আপনাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বেকার সমস্যা কতটুকু সমাধান হবে?

**Mr. Speaker:**

একথা ত অনেকবার বলেছেন।

**Dr. Ranendra Nath Sen:** They are from annual report of the Consultative Committee of the Colombo Plan.

পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৭০ কোটী টাকা ধরা হয়েছিল কিন্তু বেকারী যে বেড়েই চলেছে। তা ছাড়া পার্সিয়ালি এম্প্লয়েড যারা তাদের হিসাব ত ধরাই হয় নি। প্রতি বছর ৪·৪ মিলিয়ন জনসংখ্যা বেড়েই চলেছে। তার মানে হচ্ছে ১.৫ মিলিয়ন লোক নূতন চাকরি চাচ্ছে।

[4-10—4-20 p.m.]

সুতরাং যখন অবস্থা এমন জটীল সোসিয়াল, সোসিয়ালিষ্ট রাষ্ট্র ইত্যাদি বড় বড় কথা বলার কোন অর্থ আমরা বুঝি না। অবস্থা দিনের পর দিন খারাপ হয়ে যাচেছ। দেশের লোকের হাতে অর্থ যদি না থাকে, তাদের চাকুরী না থাকে তাহলে ইণ্ডাষ্ট্রী কি করে বাড়াবেন? কটেজ ইণ্ডাষ্ট্রী তো বন্ধ হয়ে গেল। কটেজ ইণ্ডাষ্ট্রীতে পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৯১ লক্ষ টাকা খরচ করবেন, তিন বছরে খরচ করেছেন ১৭ লক্ষ, এতে কুটিরশিল্পের উন্নতি হবে কি করে, কি করে তারা বাঁচবে? বড় বড় একচেটিয়া পুঁজিপতি গভর্ণমেণ্ট সাহায্য তাড়াতাড়ি পায়, কিন্তু ছোটরা পায় না। কুটিরশিল্প দূরের কথা ছোট ছোট কারখানা বন্ধ হয়ে যাচেছ। দৈনিক হাজার হাজার লোক বেকার হচেছ। অথচ এ দিকে বলা হয় লোকের মাইনে বেড়েছে, মধ্যবিত্তের এত মাইনে বেড়েছে। Mr. V. K. R. Rao, Principal of Delhi School of Economics, ন্যাশান্যাল ইনকাম ইনভেসটিগেশন কমিটিতে মেম্বর ছিলেন ১৯৩১-৩৯ সাল। তিনি "ক্যাপিটাল"এর ১৯৫৪ সালের বাৎসরিক সংখ্যায় বর্ত্তমান ন্যাশানাল ইনকাম ইনভেসটিগেশন কমিটির রিপোর্ট সম্বন্ধে মন্তব্য করেছেন—

"It is worth noting that contrary to popular impression the average wage for a factory worker in 1950-51 was less than that of 1931-32 in terms of constant price, the increase in the money wage being 2·70 per cent. as against the rise in the price to 310 per cent."

কি ভয়াবহ অবস্থা। শ্রমিক, মধ্যবিত্ত সকলেই এফেকটেড, ছোট, মাঝারী শিল্প ধ্বংসের পথে চলেছে, সেখানে বলা হয়েছে ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টএর উপর ভরসা কর। এর অভিজ্ঞতা যথেষ্ট আছে। ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট শ্রমিকের কোন সুবিচার দূরের কথা পক্ষপাতহীন কোন কাজ করতেও রাজী নন্। ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টএ মালিকের লাভ আছে। গভর্ণমেণ্ট জোর করে যা তাদের ভাল মনে হয়েছে তা করেছেন। কনসিলিয়েশন মাস মাস ধরে চলে, ট্রিবিউনাল মাসের পরে মাস ধরে চলে। ফেডারেশন অব ইনজিনিয়ারিং ওয়ারকার্স ইউনিয়ন ৮ মাস যাবৎ চার্টার অব ডিমাণ্ডস দিয়েছে তার শুনানী হল না। গভর্ণমেণ্ট থেকে অথচ বলা হয় টিবিউনালএর আশ্রয় নেও। ট্রামএর ঘটনা যা হয়েছে আপনারা তা জানেন। ষ্ট্রাইক তারা করেনি, তারা মালিকের কাছে, গভর্ণমেণ্টের কাছে দাবী জানিয়েছে। মালিক বা গভর্ণমেণ্ট জবাব দিচেছন না। সুতরাং তারা আজ মিছিলে বেরিয়েছে। মালিক লিখেছে শ্রমিকদের কাছে যে তোমাদের ইউনিয়ন সুবিধার নয়, তাতে মালিকের প্রতিনিধি নেই সুতরাং তোমাদের ইউনিয়নকে মানা হবে না। আজ ব্রিটিশ মালিক এই কথা আমাদের গভর্ণমেণ্টের সামনে বুক ফুলিয়ে বলছে। গভর্ণর হাউসিং স্কীমএর কথা বলেছেন—সেই কথা একটা অদ্ভুত ব্যাপার। বস্তীতে সহরের ১/৩ অংশ লোক থাকে, তার হিসাব যদি দেখেন—বস্তীর হিসাব হচেছ ৯৬৩; এতে জলের বন্দোবস্ত নেই, ৮২ হাজার লোকের পায়খানা নেই, আপনারা জানেন ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট আবার এই সকল বস্তী ভেঙ্গে দিচেছ, কোথায় তারা যাবে? গভর্ণমেণ্ট বলেছেন আমরা ১০৪টি ঘর বেঁধে দিয়েছি ইণ্টালিতে। কথা হচেছ ১২৮টা ঘর হবে কসবতলায় আর এই ৭ বছরে ১০৪টা করেছেন ওয়ান রাউণ্ড টেনিমেণ্ট। এই যদি কাজের নমুনা হয় তা আবার বলা হয় কেন? প্রধানমন্ত্রী গত বছর এখানে বলেছিলেন আমাদের ৫টি হাউসিং স্কীম আছে, বিবেচনা করা হচেছ। কিন্তু এই এক বছর ধরে তা বিবেচনাই চলছে। পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে টাকা দিতে চেয়েছেন, ১৯৫৪ সালের মার্চ্চ মাস পর্য্যন্ত ষ্টেট গভর্ণমেণ্ট এণ্ড এম্প্লয়ারসরা যে টাকা নিয়েছেন তাতে ৩,১০০ শত বাড়ীর পরিবর্ত্তে ১,৭১০টি মাত্র বাড়ী তারা তৈরী করেছেন, কত কৃতিত্ব! টাকা পেতে পারেন। কিন্তু বাড়ী তৈরী করতে পারেন না। অবস্থা দাঁড়িয়েছে সোজা কথায় কৃষকের জিনিষ আছে তার দাম পড়ে যাচেছ, তার হাতে টাকা কম, মধ্যবিত্তের মাইনে বাড়ে না, শ্রমিক ও মধ্যবিত্তের বেকার সংখ্যা বেড়ে যাচেছ

অর্থাৎ দেশের শতকরা ৯০।৯৫ লোকের অবস্থা খারাপ হতে চলেছে, কিন্তু দেশের এক চেটিয়া পুঁজিপতির দল মুনাফা বাড়িয়ে চলেছে। তারা গ্রান্ট পান, লোন পান, সাবসিডি পান। টাটা পাচ্ছেন ১০ কোটি, অমুক পাচ্ছেন ৯ কোটি, নানারকম Corporation Development Council, Industrial Development Finance Corporation মুনাফা বাড়িয়ে চলেছেন। এক ১৯৫২ সালের ১৫০ কোটি টাকা শুধু বড় বড় শিল্পেতে মুনাফা করেছে এবং রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া গত বছর যে খতিয়ান দিয়েছেন তাতে ৭৫৭টি কোম্পানির খতিয়ান দিয়েছেন--তাতে বাংলা দেশের ৩৫৪টি কোম্পানি আছে--এই হিসাবে পাই ৬৫টি জুট কোম্পানি তিন বছরে ১২ কোটি টাকা লাভ করেছে, ৪৭টি চটকল কোম্পানি ৯ কোটি ৫০ লক্ষ টাকা, ৭২টা ইনজিনিয়ারিং কোম্পানি দুই বছরে ১৩ কোটি ১৪ লক্ষ টাকা লাভ করেছে। ১০টা ম্যানেজিং এজেন্সি মাত্র দুই বছরে ২ কোটি টাকা লাভ করেছে। এদের বেশীর ভাগ বিলাতী কোম্পানি বিশেষ করে বাংলা দেশে ডাঃ রায়ের রাজত্বে।

[4-20—4-30 p.m.]

তাঁদের হাতে রাজত্ব আর দেশের যারা সাধারণ লোক সেই সাধারণ লোকের অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। প্রশ্নটা হবে তাহলে কি কোন উন্নতিই হয়নি? উন্নতি হয়নি একথা বলার কোন অর্থ নেই। উন্নতি ত বৃটিশ আমলেও হয়েছে। তারা ১৮ হাজার মাইল রেল লাইন করেছিল, হাসপাতাল করেছিল। কিন্তু সেটা তারা সাম্রাজ্যবাদীদের স্বার্থে করেছিল আর কারো স্বার্থে করেনি। আজকে যেটুকু হচ্ছে দেশের যারা ধনী তাদের স্বার্থে হচ্ছে। সুতরাং যখন পায়ের তলা থেকে জমি সরে যায় তখন ডাক্তার রায়কেও বলতে হয় জনমত আমাদের দিকে; দেখ ছয়টা বাই-ইলেকশনএ জিতেছি। হঠাৎ মনে পড়ে গেল একটা কথা। এণ্টালী বাই-ইলেকশনএ বেলেঘোরিয়া কংগ্রেস কমিটির প্রেসিডেণ্ট জাল ভোট দিতে গিয়ে ধরা পড়ে গিয়েছিলেন। এ ছাড়া ইলেকশন কমিশনারও বলেছেন যে উপনির্বাচনে কংগ্রেসের ভোটের সংখ্যা কমছে আর বিরোধী দলের বাড়ছে এবং শুধু তাই নয় যদি আপনারা দেখেন তাহলে দেখবেন যে যেখানে ৫ হাজারের তফাৎ ছিল সেখানে ৭ শত হয়েছে, যেখানে ১৬।।শতের তফাৎ ছিল সেখানে ৩ শত হয়েছে। এবং ঐ তারিখের "যুগান্তর" পড়ে দেখবেন তাঁরাও ডাক্তার রায়কে উপদেশ দিয়েছেন। তাই দেশের মাটি যখন পায়ের তলা থেকে খসে যায় তখন সঙ্গে সঙ্গে সুধীর বাবু যে কথা বলেছেন "প্রাবধা"এর কথা, তখন তাঁরা তাই করে থাকেন। যাদের এই হাউসএর মধ্যে এবং হাউসএর বাইরে দিবারাত্র ডিক্টেটরিয়াল টোটালিটারিয়ান বলে গালি দেওয়া, যাদের বিরুদ্ধে কুৎসা রটনা করা হয়, গালাগালি দেওয়া হয়, অন্ধ্র ইলেকশনএও এ জিনিষ দেখেছি। কলিকাতায়ও দেখেছি যে কুৎসা রটনা করা হয়েছিল, সে দেশ ভারতবর্ষের লোকের প্রতি বিদ্বেষ ভাবাপন্ন নয়, সে দেশ বন্ধুত্ব ও শিষ্টতার বশবর্তী রাজনৈতিক শিষ্টাচারের বশবর্তী হয়ে আপনাদের যেটুকু ভাল তারই প্রশংসা করেছে। কাজেই আপনাদের সমালোচনা করা তাদের কাজ নয়। বন্ধুভাবে আপনারা যেটুকু চেষ্টা করছেন তার উল্লেখ করছি তাই বলে আপনাদের দোষ ত্রুটি নেই এ কথা বলি না। বাবু রাজেন্দ্র প্রসাদ ৭ই নভেম্বর ভরশিলভকে তাঁর মহান সোভিয়েট বিপ্লবের জন্য তাঁকে অভিনন্দন জানিয়েছেন এবং এই বিপ্লবেরই জন্য সোভিয়েটের জনসাধারণের উন্নতি ও প্রগতির পথ উন্মুক্ত হয়ে গিয়েছে এই উক্তি করেছেন—এ পেপার কাটিং আমার কাছে আছে। তাঁকে সত্যই এই বলতে হয়েছে তার মানে এই নয় যে ভারত সরকার সোভিয়েট বিপ্লবএর নীতিকে সমর্থন করে। শ্রদ্ধানন্দ পার্কে হাততালি পাওয়ার জন্য এই রকম যুক্তি দেওয়া যেতে পারে। কিন্তু কোনরকম দায়িত্বশীল ব্যক্তির এসেম্ব্লী হাউসএ দাঁড়িয়ে বলবার অধিকার নেই। কথা প্রসঙ্গে এই কথাগুলি উঠল। অতএব শেষ কথা আমি বলতে চাই আমাদের এই ভারতবর্ষে বিশেষ করে বাংলাদেশে যে রাজত্বের সৃষ্টি হয়েছে তার চিত্র গভর্ণরএর স্পীচএ পাওয়া যায় না তার চিত্র পাওয়া যায় বাইরে। আজ কোটিপতি মুনাফা খোরদের লাভ বাড়ছে অথচ দেশের লোকের বেকারী, দারিদ্র্য, অনশন দিনের পর দিন বেড়ে চলেছে।

**Sj. Bankim Chandra Kar:** Mr. Speaker, Sir, I thank you for the kind opportunity you have given me to take part in the debate on the Governor's speech. A good deal of criticism has been levelled by the members of the Opposition and I listened to it with care and attention. Most of the points raised have been duly answered by my friends on this side. So I may be guilty of repetition for which I may be excused.

Sir, my friend, Sj. Haripada Chatterjee, first opened the debate by criticising deep-sea fishing. He expressed his doubts over the whereabouts of the fish caught in the deep sea by trawlers. He went on saying that he did not find any fish in the market. Sir, Mr. Chatterjee perhaps never goes to market as otherwise this statement would not have been made. Every one living in Calcutta and suburbs knows that the price of fish has come down and that there is abundant supply of fish in the market. If you compare the present price of fish with that of last year, you will find the price is now more or less half.

Today we heard that we always take credit in what the Government have done. Sir, we do take credit because we see with our eyes open. If people had eyes to see and ears to hear they would have agreed with us. Sir, we have done something. Everything cannot be expected to be done in a day. There is no magic wand in the hands of the Congress Government which will bring "Ramrajya" in a day.

Regarding unemployment, Sir, it is a huge problem. Many schemes have been brought into existence. We know that several thousands of young men from the middle class have been appointed as teachers in primary schools and other schools under the new scheme in different districts. Sir, is it not solving unemployment to some extent? The problem is a huge one but Government are trying to bring schemes into existence and translate into action one scheme after another to tackle this problem.

Criticism has been made against the Government that action has been taken by the State Government against certain police constables. Perhaps those friends of mine kept their eyes shut when reports after reports appeared in newspapers. In Howrah I personally know how in the precincts of the Howrah Hospital the so-called hunger-strikers attacked a sergeant. But for the fact of the action taken by the authorities there would have been bloodshed and many lives would have been lost. Sir, if those who are responsible for keeping law and order break law and become violent and incite violence, stringent measures ought to be taken against them and the State Governments have taken proper action at the right moment.

We just now heard Mr. Sen say that the price of rice is Rs. 16 per maund. I would ask him to remember the position last year this time. What was the price of rice? The price of rice has come down. Also many friends of mine were heard to criticise saying that the price of fish has gone up. It is not correct. If they go to the market they will find that people are getting fish at a lower price than before. All these things are due to the efforts of the Government. It has been also said that theft, robberies and dacoities have increased. Sir, I say that this is a perversion of truth. We are expected to read newspapers. In the newspapers for the last two years we have not seen any report of gangsterism, any bank robbery, or any dacoity.

[4-30—4-40 p.m.]

Those persons who are responsible have been kept under the prison bar and we all know who are those people. Today the number of crimes has decreased to a great extent. Sir, I had a talk with the District Police Officer and he said that the number of crimes has abnormally decreased. If statistics are necessary, they will be placed when necessary.

Sir, regarding land reforms, we have passed the Land Acquisition Act and thereby nine classes of intermediaries have been removed. Now, we are introducing another Bill for which concrete and constructive suggestions are necessary for distribution of land. It is a very difficult job. The most

striking feature of the land reforms in China is that land laws have been drafted in such a manner as to avoid the collapse of rural industry and trade. The agrarian system has not been totally abolished. The pitfalls of Soviet Union have been avoided and they have introduced a system which is suited for their country to avoid economic chaos. Sir, even the Chinese people have refused to ride the hobby-horse of equal distribution of land at the expense of agricultural efficiency. In many cases, Sir, the State ownership has been combined with private management. But, here my friends opposite want us to banish private sectors completely and follow Russia. Every country has its own problems. Here in our country small private industries are in the hands of middle class people. It is neither safe nor practical to take those away from their hands as otherwise these people would be completely out of employment and society would be thrown out of gear.

Regarding land reforms in this country, the surplus lands which we expect to have at our disposal are to be distributed. There are enormous difficulties. There is a surplus agrarian population no doubt compared with the land at our disposal. Some avenues have got to be found out. Big industries have got to be started to find employment for the surplus agrarian population and that is the reason why Dr. Roy is so much keen to start big industries in Durgapur. Therefore, it would be foolish to disturb the private sector. We have our own problems and we must tackle them in our own way. In spite of the stale and monotonous criticism that has been levelled now and then by the Opposition, we shall march on and succeed and reach our goal.

Sir, with these words, I support the motion.

**Sj. Nripendra Gopal Mitra:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন, সেটা পড়ার পরে মনে হয় বাস্তবিক আমাদের দেশের সর্বাঙ্গীন উন্নতি সব দিক দিয়ে করবার সুযোগ হয়েছে, এবং আমাদের দুঃখ করবার আর কিছু নেই। প্রথমে ধরা যাক ধান সম্বন্ধে। তাঁর মতে ধানের অবস্থা সর্বত্র খুব ভাল, এবং মহকুমার প্রত্যেক জায়গায় এমন প্রচুর ধানের ব্যবস্থা করা হয়েছে যে কোন দিক দিয়ে কোন রকম দুর্ভিক্ষ বা মহামারী হবার সম্ভাবনা নেই।

আমাদের অভিজ্ঞতা থেকে যা দেখেছি তাতে এই ধরণের কথাগুলির মধ্যে তিনি কোথা থেকে এই তথ্য সংগ্রহ করেছেন সে সম্বন্ধে স্বতঃই আমাদের মনে সন্দেহ জাগে, নিশ্চয়ই এই তথ্য তাঁকে মন্ত্রিমণ্ডলী দিয়েছেন এবং মন্ত্রিমণ্ডলীর যিনি প্রধান ডাঃ বিধান চন্দ্র রায়, তাঁর কাছে আমার জিজ্ঞাসা সত্যই কি এই তথ্য বিশেষ করে মাননীয় রাজ্যপাল মহাশয়কে তিনিই দিয়েছিলেন? আমার মনে হয় তিনি নিজে এই তথ্য বিশ্বাস করেন না, যে দেশের কোন জায়গায় দুঃখ দারিদ্র্য নাই বা হবার সম্ভবনা নাই, এবং সমস্ত কিছু ব্যবস্থা এমন সুন্দর, সুচারুরূপে চলেছে যে কোথাও কোন ত্রুটী বিচ্যুতি নাই। আমাদের মেদিনীপুর জেলায় দেখতে পাই যে সেখানে এমন কোন জায়গা নাই যেখানে টেস্ট রিলিফ বা ড্রাই ডোলএর ব্যবস্থা করবার দরকার না আছে। হয়ত তাঁরা দু-একটা জায়গা এর ব্যবস্থা করেছেন, কিন্তু সেটা অভাবের তুলনায় কিছুই করতে পারেননি। যদি বা দেশের মধ্যে দেখা যায় যে সরকার টেস্ট রিলিফ বা কিছু কিছু ড্রাই ডোল দিয়েছেন কিন্তু মধ্যবিত্ত যাঁরা আছেন তাঁরা না খেয়ে বা একবেলা খেয়ে জীবনযাত্রা করছেন তাদের জন্য কোন ব্যবস্থাই হয়নি। এ সম্পর্কে তাঁরা সরকারের কাছে আবেদন নিবেদন করেছেন, সরকার একটা কো-অপারেটিভ স্কীম তৈরী করে তাদের লোন দেবার ব্যবস্থা করতে যাচ্ছেন। জনসাধারণ জানিয়েছে কো-অপারেটিভ সোসাইটির টাকা পেতে বিশেষ অসুবিধা হয়। তারা জিজ্ঞাসা করেছে কো-অপারেটিভ সোসাইটির টাকা কিভাবে কোথায় পাওয়া যাবে এবং টাকা সেখান থেকে বের করতে কত দিন লাগবে? উচ্চ কর্মচারীরা গভর্ণমেন্টের কাছে খবর পাঠিয়েছেন যে ফাল্গুন মাসের পর থেকে সেখানে এমন অবস্থা দাঁড়াবে যে মধ্যবিত্ত সম্প্রদায়ের বাড়ীতে হাঁড়ি চড়বে না। এ অবস্থায় সরকারের এই কো-অপারেটিভ সোসাইটির লোন চার, পাঁচ মাস পরে দিলে তাতে তাদের কি সুবিধা হবে তা জানি না। কো-অপারেটিভ সোসাইটি কি জিনিষ, কেমন করে তা ফরম করতে হয়, তার ওয়ারকিং সিসটেম কি, এবং কিভাবে লোন পেতে পারে তা গ্রামবাসীর ধারণা নেই। কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড লায়বিলিটি নয়, এবং সেই

ব্যবস্থার মধ্যে যেতে তারা অত্যন্ত ভয় পায়। কাজেই সেই দিক থেকে আজ গভর্ণমেণ্টের উচিত যে কোন উপায় হোক প্রকৃত ব্যবস্থা তাদের জন্য করা। এবং তা যদি করতে তাঁরা পিছিয়ে যান তাহলে বুঝতে হবে, তাঁরা যে মধ্যবিত্ত দরদের কথা বলে থাকেন, তা মধ্যবিত্তদের প্রতি নাই, এবং তারা মরুক এই বোধ হয় সরকার চান। তারপর আমাদের দেশে দুর্ভিক্ষ প্রভৃতি দূর করবার জন্য কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্টএর কাজ সুরু করা হয়েছে, এবং আমরা সকলে আশা করেছিলাম আমাদের সকল প্রকার অভাব ভাল ভাবে, সুষ্ঠুভাবে মিটিয়ে নিতে পারবো। কিন্তু, এ পর্য্যন্ত কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্টএ যে সমস্ত কাজ কর্ম চলেছে তাতে কোন ভাল কাজ সত্যিই হতে পারে বলে লোককে বিশ্বাস করানো যায় না। এ পর্য্যন্ত ঝাড়গ্রামে তাঁরা একশোটা রিং ওয়েলও করতে পারেনি। যা দু-একটা করা হয়েছে, তাও সেগুলির কাজ ঠিক ভাবে হয়নি, লোকে তাদের দরকার মত জল পাচ্ছে না। অনেক রিং ওয়েলএর মধ্যে মোটেই জল নাই। তারপর আমাদের সোসিয়াল এডুকেশন সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। তাঁরা সোসিয়াল এডুকেশন সেণ্টার খুলেছেন এবং সেখানে হারমনিয়াম, তবলা, ডুগি থেকে আরম্ভ করে নানা রকম যন্ত্রপাতি দিয়েছিলেন। কিন্তু দেখা যায় মন্ত্রী মহাশয়রা যে বড়ই হোক আর ছোটই হোক যখন তাঁরা সেখানে যান তখন একদল লোক ঐ কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্টএর কর্মচারীরা একটা হারমনিয়াম বগলে করে নিয়ে গিয়ে এক এডুকেশন সেণ্টার থেকে আর এক সেণ্টারে গানটান করে সেখানে আসর জমিয়ে গৌরচন্দ্রিকা করে চলে আসেন। সুতরাং এই এডুকেশন সেণ্টার সত্যিকারের যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছিল তা কিছুমাত্র সফল হয় নি, খালি আসর জমান ছাড়া আর কোন সত্যকার কাজ তাদের দ্বারা হয় না। একটা প্রধান কারণ কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্টএ যে ব্যবস্থা করা হয়েছে তার সুযোগ দরিদ্র পাবে না। কারণ সরকার বলছেন যে সমস্ত জায়গায় হাসপাতাল প্রভৃতি খোলা হবে সেখানকার লোকদের এরজন্য কণ্ট্রিবিউট করতে হবে, এবং সেই সমস্ত গ্রামের লোক যারা কণ্ট্রিবিউশন দেবে তারাই শুধু এর বেনিফিট পাবে। কিন্তু, ভিলেজ টাউনশিপ যেটা সর্ব্বসাধারণের উন্নতিকল্পে ও জনকল্যাণের জন্য আরম্ভ করা হয়েছে, সেটা সত্যিকারের এভাবে কিছুই হচ্ছে না। দেশের গরীব জনসাধারণ তারা চাঁদা দিতে পারে না বা সাহায্যদান মোটেই করতে পারে না, তার ফলে সেই দরিদ্র পল্লীর ভিতর কোন উন্নতিমূলক কাজ করা সম্ভব হবে না। ফলে হচ্ছে বড়-লোক যারা নিজেরাই প্রতিষ্ঠান গড়ে তুলেছে বা পারে, চার, পাঁচ হাজার টাকা মাত্র কণ্ট্রিবিউশন দিয়ে, সেখানে তারা ২৭।২৮ হাজার টাকার গ্রাণ্ট নিয়ে যাচ্ছে, ও স্কুল ,কলেজ ও হসপিটাল প্রভৃতির নানারকম সুখ সুবিধা করে নিচ্ছেন।

কাজেই মনে হয় যে সত্যিকার এই সব খবর যদি গভর্ণরের কাছে পৌঁছাত তাহলে তিনি নিশ্চয়ই এ রকম ভাষণ দিতে পারতেন না। সেই কারণে আমার সংশোধন প্রস্তাব তাঁকে ধন্যবাদ দেবার যে প্রস্তাব, তার সঙ্গে যুক্ত করা হোক, যাতে তিনি দেশের প্রকৃত অবস্থা বুঝে কিভাবে প্রতিকারের ব্যবস্থা করতে হবে তার ব্যবস্থা করতে পারেন।

[4-40—4-50 p.m.]

**Dr. Beni Chandra Dutt:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের জন্য যে ধন্যবাদের প্রস্তাব আনা হয়েছে সেই মূল প্রস্তাবের যে সমস্ত সংশোধনী প্রস্তাব এসেছে তার অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় যে সামান্য সামান্য বিষয়ে গভর্ণরের দৃষ্টি আকর্ষণ করবার জন্য দু'একটি বিষয়ের উত্থাপন করা হয়েছে। প্রকৃতপক্ষে দেখা যাচ্ছে ধন্যবাদের প্রস্তাব-টাকে ক্ষুন্ন করার জন্যই এগুলি আনা হয়েছে। রাজ্যপালের ভাষণ সম্বন্ধে আমরা মনে করি এবং আশা করি একটা শান্ত মনোভাব নিয়ে ও ব্যাপক দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার করতে হবে। কিন্তু সেটার ব্যতিক্রম দেখে আমাদের এই সাইডে যারা আছি তারা বাস্তবিকই ক্ষুন্ন হয়েছি। গভর্ণরের স্পীচে আমরা কি আশা করি, এবং কি তাতে থাকা সম্ভব? এতে গতবৎসর সরকার যেসমস্ত কার্য্য করেছেন, উন্নয়নমূলক তার একটা ফিরিস্তি দিয়েছেন এবং আগামী বৎসরে কি কি কার্য্য করা হবে তারও ফিরিস্তি দিয়েছেন। তিনি একথা বলেননি যে তিনি দেশের সমস্ত সমস্যা এই বছরেই সমাধান করবেন; এবং তা করা সম্ভবও নয়। তারজন্য এটা বলা যায় না যে যা কিছু কার্য্য করা হয়েছে সবই ভুয়া।

আমরা রাজ্যপালের ভাষণে দেখতে পেয়েছি তিনি প্রথমেই রেশন উচ্ছেদের কথা বলেছেন, এটা সকলেই জানে যে এই রেশন প্রথাটা আমাদের বিগত মহাযুদ্ধের একটা দান বা কুফল বলা চলে। এবং এটা যতদিন চালু ছিল, দেশের লোকের ব্যক্তিগত স্বাধীনতা খর্ব করেছিল, এবং দেশের মধ্যে ইহার বিরুদ্ধে একটা ব্যাপক

প্রচারও হয়েছিল। আর দেশের বড় বড় ব্যবসায়ীরা একটা দুর্নীতির বন্যায় ভেসে চলেছিল এবং এতে সরকারে বিরুদ্ধে জনগণের একটা বিরূপ মনোভাব জেগে উঠেছিল। এবং শুধু এইজন্য সরকারকে আমাদের ধন্যব দেওয়া উচিত। এই প্রথা উচ্ছেদের একটা সুদূর প্রসারী ফল আছে। আমরা দেখেছি প্রতি বছরে প্রায় ৩০ কোটি টাকার খাদ্য বাইরে থেকে আমদানী করতে হয়েছে। সেই টাকা এখন আমরা অন্য সব জিনিষের মধ্যে দিতে পারছি। এর পিছনে সরকারের কত বড় প্রচেষ্টা রয়েছে, জলসেচের ব্যবস্থা দ্বারা এবং উন্নত ধরণে চাষের দ্বারা এই রকম নানা উপায়ে আমরা দেশকে খাদ্যে স্বয়ং-সম্পূর্ণ করতে পেরেছি। সুতরাং এই যে রেশ প্রথা উঠে গিয়েছে, এতে করে সরকারকে ধন্যবাদ দেওয়া উচিত। সরকার যে সমস্ত উন্নয়নমূলক কার্য্য করেছেন তাতে যে কোন দেশ গর্ব অনুভব করতে পারত। কিন্তু দুঃখের বিষয়, দেখতে পাই, সেই সমস্ত প্রচেষ্টাকে ছোট করে দেখাবার জন্য নানারকম কথার অবতারণা করা হয়েছে। রাস্তাঘাটের উন্নয়নের ও শিক্ষা বিস্তারের কোন কাজই সম্পন্ন হয় নাই এমন কথাও বলা হয়েছে। দিনদুপুরে মাঠে দাঁড়িয়ে কেউ যদি বলেন যে সূর্য্য ওঠেনি এটাও সেই রকমেরই কথা। ডিভেলপমেণ্ট স্কীমগুলি সম্বন্ধে কিছুই করা হয় না--এরকম কথাকে আমি বাতুলতা আখ্যা দিব। গভর্ণর কোথায় বলেছেন যে স্কীমের সব কিছুই সম্পন্ন হয়েছে?

উদ্বাস্তদের সম্বন্ধে আমাদের বিরোধীদলের বক্তা বলেছেন যে, এই হাউসে এবং হাউসের বাইরেও শুনে আসছি যে তাদের প্রতি সরকার নাকি সহানুভূতিপূর্ণ দৃষ্টি দিয়ে দেখেন না। এবং তাদের যথাসম্ভব সাহায্য সরকার করেন না। এই ভাবের কথা যাঁরা নাকি উদ্বাস্ত তাদের ভিতর থেকেও শুনে এসেছি। তিনি যে তালিকা আমাদের সামনে উপস্থিত করেছেন তা থেকে দেখতে পাচ্ছি সরকার কি পরিমাণে উদ্বাস্তদের সাহায্য করছেন। একটা কথা এই সম্পর্কে মনে আসে, প্রধানমন্ত্রী মহাশয় বলেছেন যে সেখানে একটা এজিটেশানের ফলে তারা দলে দলে আবার হঠাৎ আসতে সুরু করেছে। আমরা পশ্চিম পাকিস্থান থেকে আগত উদ্বাস্তদের দেখেছি--তারা ভারত-বর্ষের চারিদিকে ছড়িয়ে পড়ে যে যার যথাযোগ্য উপার্জনের চেষ্টা করছে। কিন্তু পূর্ববঙ্গ হতে আগত উদ্বাস্তদের একটা উৎক্ষিপ্ত ভাব দেখা যায়। এবং সরকারের বিরুদ্ধেও তাদের একটা তীব্র মনোভাব দেখতে পাই। এর পিছনে যে রাজনৈতিক দলের খেলা আছে সেটা বেশ দেখতে পাওয়া যায়। স্যার, আপনি যদি অনুমতি দেন তাহলে আমি এই হাউসের সামনে একটা যে ঘটনা হয়েছিল গত বৎসর, সেটা উল্লেখ করি। গত বৎসর এই সময় উদ্বাস্তদের একটা মিছিল এই এসেমব্লি হাউসের চারদিকে এসে জটলা করছিল। আমি তখন এই হাউস থেকে বেরিয়ে গিয়ে তাদের সঙ্গে দেখা করি। এবং জিজ্ঞাসা করি--কেন তারা সেই মিছিলটা নিয়ে এসেছে। তারা বল্লে--আমরা জমি চাই, চাকরী চাই। আমি তাদের বোঝালেম সরকার ত তার ব্যবস্থা করছেন। তখন তারা আমার দিকে তাকিয়ে বল্লে,--"আপনি কোন দলের?" আর একজন পাশে দাঁড়িয়েছিল,--সে বল্লে,--দেখছিসনা কংগ্রেসের? চলে আয়। তাদের এই সকল আন্দোলনের উৎস কোথায় এই থেকেই অনুমান করা যায়। সেইজন্য আমি বলি তাদের ভিতর এই যে একটা মনোভাব উদ্রিক্ত করা হচ্ছে বাইরে থেকে রাজনৈতিক দল বিশেষের দ্বারা, সেটা বেশ বোঝা যায়। তাই, সরকার তাদের জন্য কতটা কি করছেন এবং করবার জন্য প্রস্তুত আছেন সেটা যদি তাদের সামনে তুলে ধরা হয় তাহলে তারা বুঝতে পারবে এবং তাদের ভুলও কেটে যাবে।

এই রিফিউজিদের সম্পর্কে প্রধানমন্ত্রী তার বক্তৃতায় কি ভাবে ও কি কারণে তারা আমাদের দেশে এত অধিক সংখ্যায় সম্প্রতি চলে এসেছে তা তাঁর কথা থেকেই আপনারা ভাল বুঝতে পারবেন। তিনি বলেছেন--

> "The probable reasons for this increase of influx may be deterioration of the economic condition of minorities in East Bengal, a general feeling of insecurity and an unfounded apprehension that refugees coming here after the 31st December, 1954, would not be eligible for rehabilitation benefits".

[4-50—5 p.m.]

এ থেকে আমাদের মনে হয় ঠিক উদ্বাস্ত হওয়ার যথেষ্ট কারণ এর ভিতর নাই। আমি সেদিন একজনের কাছে একটা পত্র দেখেছিলাম--তাতে পূর্ব্বে এখানে আগত কোন উদ্বাস্ত তার দেশের বন্ধুকে লিখেছে--এই সুবর্ণ সুযোগ যত শীঘ্র পার চলে এসো। এখন যদি না আস, আর মনে হয় এইসব সুবিধা আর পাবে না। এখন এলে সরকার সব রকম সুবিধা দেবে। বাড়ীর টাকা দেবে, ছেলেমেয়েদের পড়বার টাকা দেবে। অতএব এই রকম সুবর্ণ সুযোগ হারিওনা। এই কারণে যদি এর একটা সীমারেখা টানা না হয়, যদি আবহমান কাল ধরে--সব

রকম সুবিধা পাবে--এই মনোভাব থাকে--তাহলে কোনদিনই সমস্যার সমাধান হবে না। আমাদের দেশে যেভাবে বেকার সমস্যা বেড়ে চলেছে রাজ্যপালের বক্তৃতারও সে সম্বন্ধে উল্লেখ আছে যে এক্ষেত্রেও আমরা এগুচ্ছি--২৩ হাজার উদ্বাস্তুকে আমরা চাকুরী দিতে পেরেছি। আমি গত বৎসরের বাজেট বক্তৃতায় এই প্রসঙ্গে বলেছিলাম যে উদ্বাস্তু সমস্যা শুধু পশ্চিমবঙ্গের নয়, সমস্ত ভারতবর্ষের সমস্যা। যদি আজ শুধু উদ্বাস্তুদেরই বিষয়ে ভাবা হয় তাহলে আমাদের এখানকার ছেলেরা বেকার হবে, চাকুরী পাবে না, এটা আজ পূর্ণভাবে সত্য। আজকে যে বেকার আছে এবং যে উদ্বাস্তুরা আসছে তাদের প্রত্যেককেই যদি কর্মসংস্থান আগে দিতে হয়, তাহলে আমাদের দেশের বেকার সমস্যা আরও বেড়ে যাবে। সেজন্য আমার মনে হয় আমাদের সেণ্টার থেকে বলা উচিত যে উদ্বাস্তুদের চাকুরী দেওয়ার ব্যাপারে দায়িত্ব হবে সেণ্টারের। এবং আমাদের দেশের বেকার সমস্যা কমাতে হলে যাতে এখানকার ছেলেরা চাকুরী পায় তার একটা ব্যবস্থা প্রণয়ন করতে হবে। আমরা আজ দেখি আমাদের প্রতিবেশী কোন রাজ্যে বাঙ্গালীর কোন স্থান নাই। উদ্বাস্তু যাদের বাইরে পাঠান হয়েছিল পুনরায় তারা এখানে ফিরে আসছে।

(At this stage the blue light was lit.)

আমাকে আর একটু সময় দিন। রাজ্যপাল মহাশয়ও তাঁর বক্তৃতায় স্বীকার করেছেন যে বেকার সমস্যার সমাধান অত্যন্ত কঠিন। তাতেই আমার এই বক্তব্য সমর্থিত হবে। একটা উপমার কথা এখানে বলতে হচ্ছে। পুরাণে আছে সমুদ্রমন্থন দ্বারা যে গরল উঠেছিল সেই গরল পান করেন শিব। আর অন্যান্য দেবতারা অমৃত পান করেছিলেন। স্বাধীনতা লাভের পর দেশবিভাগ হলে গরল বাংলা দেশ গলাধঃকরণ করল আর সমস্ত রাজ্য অমৃত পান করে সুখ-স্বাচ্ছন্দ্য ভোগ করছে--সেটা ঠিক নয়। আজ সেদিক থেকে বলছি যে সেণ্টারের কাছে আরও বেশী দাবী করার আছে। এবং সেজন্য আইন প্রণয়ন করার দরকার আছে। এজন্য সরকারকে অনুরোধ করবো যাতে এখানকার চাকুরী এখানকার ছেলেরা পায় তার ব্যবস্থা করা হোক। আজ আমরা দেখছি যে বিলাতী কোম্পানী উঠে যাবার ফলে সেগুলি ধনিক সম্প্রদায়ের হাতে চলে গিয়েছে। এবং সেখানে বাঙ্গালী ছেলেদের রাখতে তারা চাচ্ছেন না। সুতরাং এখানে আইন দ্বারা বাঙ্গালী ছেলেদের রাখবার যাতে ব্যবস্থা হয় তারজন্য আইন প্রণয়ন হয়, এটাই দাবী করছি।

আর একটা কথা বলেই আমি শেষ করতে চাইছি। রাজ্যপালমহাশয় লেবার সম্বন্ধে বলেছেন এবং এই মনোভাব প্রকাশ করেছেন যেন লেবার ও এমপ্লয়ারের মধ্যে হৃদ্যতার সম্পর্ক গড়ে উঠেছে। কিন্তু সেই লেবার আমাদের দেশের অধিকাংশই অশিক্ষিত এবং অর্দ্ধশিক্ষিত। এবং এদের চালনা করে কতিপয় নেতা। এই নেতাদের নেতৃত্বে শ্রমিকদের যখন দল গড়ে উঠে তখন লেবার এবং মালিকদের মধ্যে গোলমাল বেধে যায়। সুতরাং এখানেও আইন প্রণয়ন করা দরকার। শুধু এটা আমাদের এখানে নয়, রাশিয়া এবং চীনে তারা এটা করেছে। এই যে অনেক সময় ইল্লিগ্যাল ষ্ট্রাইক হয়, এবং লেবার লিডারদের নেতৃত্বে যে সব ষ্ট্রাইক হয় এবং গো স্লো মুভমেণ্ট হয়, এ সমস্ত বন্ধ করলে প্রোডাকসনের যে অন্তরায় আছে তা দূর হবে। তাই মনে করি রাজ্যপালের ভাষণের ভিতর যে সমস্ত জিনিষ আমরা পেলাম সেখানে এক বছরের মত যথেষ্ট খোরাক আছে এবং এর জন্য এই যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব তা সম্পূর্ণভাবে সমর্থন করি।

**Dr. Radhakrishna Pal:**

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণ আমি পড়ে সন্তুষ্ট হয়েছি। বৃটিশ স্টীল ফ্রেমএর আই-সি-এস, দল আগে গভর্নরের স্পীচ লিখে দিত।

**Mr. Speaker:** On those days there were no Governors' speeches.

**Dr. Radhakrishna Pal:**

তা অবশ্য ছিল না, হোম সেক্রেটারীই তাঁর বক্তব্যটা রিপ্রেজেণ্ট করতেন। আজকেও আমার মনে হয়, স্টীল ফ্রেম মহামান্য গভর্ণরের বক্তৃতা লিখে দিয়েছেন। কেন না এখানে পড়ছি বাম্পার ক্রপ হয়েছে, দেশে প্রচুর চাল উৎপন্ন হয়েছে, দুর্ভিক্ষ দেখা দেয়নি, এ-সমস্ত সাফাই গাওয়া হয়েছে।

সত্য কথা আজ কংগ্রেস বেঁচে গিয়েছে নরেশবাবুর জন্যে, সিটি কাদারের জন্যে। কিন্তু এতে উৎফুল্ল হবার কিছু নেই। কিদোয়াই সাহেব দেশকে—ভারতবর্ষকে বাঁচিয়ে গেছেন। কেন না তিনি কণ্ট্রোল তুলে দিয়েছিলেন। তাই কংগ্রেস বেঁচে গিয়েছে। তাই এখন কংগ্রেস জীবন্ত, ডানা মেলেছে। এই অবস্থায় আমার মনে

হয়, যে আমার দাদার (খাদ্যমন্ত্রীর) পাঠশালায় পাঠ নিয়ে গভর্ণর সাহেব যদি বাম্পার ক্রপের কথা উল্লেখ না, করতেন তা'হলে ভাল হ'ত। তিনি নিজে যদি দেশের দিকে তাকিয়ে দেখতেন তাহলে দেখতে পেতেন যে বর্দ্ধমান প্রেসিডেন্সী বিভাগ নিয়ে এই পশ্চিমবাংলা আমি নিজে দেখেছি, আমি পার্সোনালী ভিজিট করেছি, সেখানে দেখেছি চারিদিকে দুভিক্ষের হাহাকার। দুভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। সুতরাং এখন থেকে ক্যাশ ডোল, গ্রাচুইটাস রিলিফ, এগ্রিকালচুরাল লোন না দিলে বাংলা দেশ বাঁচবে না। আমি আরামবাগ, বিষ্ণুপুর, বর্দ্ধমান, ঘাটাল ঘুরে এসেছি--দেখেছি সেখানে দুভিক্ষ প্রায় আসন্ন। কিন্তু সে সম্বন্ধে কোন কথাই নাই গভর্ণরের বক্তৃতায়। আমার মনে হয় কয়েক জায়গায় প্রকৃতির দয়ায় বাম্পার ক্রপ হ'তে পারে কিন্তু তাহলেও যদি এক্সপোর্ট বন্ধ করা হ'ত, তাহলে সত্যিকার ডিষ্ট্রিবিউশনের মারফৎ দুভিক্ষ নিবারণ করা যেত। কিন্তু এক্সপোর্ট ঠিকই রয়েছে।

দ্বিতীয় কথা--আর একটি ব্যাপার হচ্ছে--লেভি করে মধ্যবিত্তশ্রেণী ও কৃষকদের নিঃশেষ করে, দরিদ্র জনসাধারণকে নিঃশেষ করে দিয়ে--বাঁচান তো দূরের কথা, তাদের আরও দুর্দ্দশাগ্রস্ত করা হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি এই যে দারিদ্র্যরূপ বিরাট অভিশাপ দেশের সামনে নেমে আসছে তা দূর করবার জন্য কোন পরিকল্পনা এই গভর্ণর বাহাদুরের স্পীচে পাই না। আর একটি কথা হচ্ছে আজকে পূর্ত্ত বিভাগের মন্ত্রীমহাশয় এখানে আছেন। তাঁকে বলবো যে রাস্তাঘাটের যে অবস্থা তা একটা অভিশাপ বলেই মনে হয়। আরামবাগের চারিদিকে সেটা প্রকাশ। তারপর পশ্চিমবাংলার জেলাবোর্ডগুলি তুলে দেওয়ার জন্যে আমরা স্বায়ত্তশাসন মন্ত্রীমহাশয়কে বার বার বলেছি। কিন্তু এখনও পর্য্যন্ত সেই ডিষ্ট্রিক্ট বোর্ডগুলো ফাংশন করছে। শুধু মোটরের তেল খরচ করা হচ্ছে, চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান কংগ্রেসের প্রচারের জন্য ব্যস্ত, ডিষ্ট্রিক্ট বোর্ডের কোন ফাংশনই নাই।

[5—5-10 p.m.]

আমি তাই বলছি এবলিশন অব ডিষ্ট্রিক্ট বোর্ড না করলে সেই সীতার পাতাল প্রবেশ ব্যাপার ঘটবে। গভর্ণমেণ্টের হাত দিয়ে যদি রাস্তাঘাট হয়, তাহলে আমরা উপকৃত হ'ব। এগ্রিকালচুরাল লোন আদায়ের ব্যাপারে আরামবাগে হাহাকার পড়ে গেছে--তাদের গরু ছিনিয়ে আনা হয়েছে। এটা রোধ করবার জন্য আমি অনুরোধ করছি। ডাঃ আমেদ যদি দেখেন তাহলে বুঝবেন আরামবাগে কি অবস্থা হচ্ছে--আমরা ডেষ্ট্রাকটিভ ক্রিটিসিজম করি না, কনষ্ট্রাকটিভ ক্রিটিসিজম করি। আপনারা জানেন আজকে এগ্রিকালচুরাল লোন আদায়ের জন্য আরামবাগে শুধু নয়, গোঘাটেও—আমি সেখান থেকেও নির্ব্বাচিত হয়েছিলাম—সেখানেও এই রকম জুলুম চলছে। সেখানেও আজকে মানুষের একই অবস্থা চলছে। সর্ব্বত্র দুভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। সেখানে ক্যাশ ডোলস, এগ্রিকালচুরাল লোন দেওয়া দরকার, যাতে বাংলা দেশ বাঁচে। চিফ মিনিষ্টার তো বলেছিলেন বেকার সমস্যা কিছু নেই, ৩৬ লক্ষ বেকার লোক তার মধ্যে ৩৬ জন আমার ঘরে পড়ে আছে। এদের সম্বন্ধে কিছু করুন। শুধু কিদোয়াই সাহেব হ'লে তো হয় না, তিনি বাংলাকে বাঁচিয়ে গিয়েছেন, তাঁর আত্মার সদগতি হোক। গভর্ণরের বক্তৃতায় আমি নিরাশ হয়েছি।

**Sj. Madan Mohon Khan:**

মাননীয় স্পীকার মহোদয়, আপনার মারফৎ আমি জানাতে চাই যে আমাদের দেশে জল অভাবে অজন্মা হয়েছে এ সম্বন্ধে আমি কিছু বলব। আমি দেখেছি মেদিনীপুর, বাঁকুড়া জেলাতে এবছর ফসল একেবারে হয়নি বললে চলে; এবং মেদিনীপুর জেলাতে প্রায় ৩৪ লক্ষ লোকের মধ্যে ৩০ লক্ষ চাষের উপর নির্ভরশীল। তাদের প্রত্যেক লোক না খেতে পেয়ে উপবাসে আছে। তারপরে সরকার বাহাদুর গত বছর যে সমস্ত লোন দিয়েছিলেন তা আদায় করবার জন্য তাদের গরু বাছুর ক্রোক করা হচ্ছে। আমার অনুরোধ এবছর যেন কোন লোন আদায় করা না হয় এবং প্রত্যেক লোককে পুনর্ব্বার লোন দেওয়া হয়। মধ্যবিত্ত সম্প্রদায় জমি বিক্রী করতে পারছে না। নিজেরা টেষ্ট রিলিফ আদায় করতে পারছে না, জমি বিক্রীও হচ্ছে না। জমি বন্ধক রেখে যাতে তারা বেশী লোন পেতে পারে তার ব্যবস্থা করা হোক। টেষ্ট রিলিফ সমস্ত মফঃস্বল এলাকায় করা হয়, কিন্তু মফঃস্বলে সহর যেগুলি আছে অথচ ইওাষ্ট্রী যেখানে নেই সেই সমস্ত সহরের অবস্থা দিন দিন খারাপ হচ্ছে। সেখানে প্রত্যেক ব্যবসায়ীকে টেষ্ট রিলিফ দেওয়া হোক। তারপর কুটিরশিল্পের কথা বলি। আপনারা জানেন আমাদের বাংলা দেশের $১\frac{১}{২}$ লক্ষ তাঁতী তাঁত চালিয়ে জীবিকা নির্ব্বাহ করে। আজকে হ্যাণ্ডলুম বৌ ও বেণারস ডিষ্ট্রিক্ট থেকে তাঁতের শাড়ী আমাদের বাংলাদেশে আসে। তার দাম এত সস্তা যে বাংলার শাড়ী কম্পিটিশন করে পারে না; ফলে বাংলার তাঁতীরা বেকার হয়ে যাচ্ছে। ইণ্ডিয়া গভর্ণমেণ্ট বাংলা গভর্ণমেণ্টকে প্রতি বছর তাঁতের জন্য প্রায়

১০ লক্ষ টাকা সাবসিডি দেন, কিন্তু সরকারের এমন কোন স্কিম নেই যার মারফৎ এই টাকা নিতে পারেন। ফলে এখানকার কাপড়ের দাম বেড়ে চলেছে, তাঁতীরা বেকার হচ্ছে। এবছর মেদিনীপুর বা অন্যান্য জেলার ফলের যা অবস্থা তাতে সরকার এখন থেকে কোন ব্যবস্থা না করলে দেশে দুর্ভিক্ষ দেখা দেবে। গতবার বলেছিলাম আমাদের মেদিনীপুর জেলাতে কুটিরশিল্পের জন্য সরকারী সাহায্য লোকে প্রায় পাচ্ছে না। গতবার মন্ত্রীমহাশয় বলেছিলেন কিছু ব্যবস্থা করবেন, কিন্তু দুঃখের বিষয় আজ পর্য্যন্ত কিছুই দেখতে পেলাম না। মন্ত্রীমহাশয়কে তাই অনুরোধ করব তিনি যেন এবিষয়ে যথাযথ ব্যবস্থা করেন।

[5-10—5-40 p.m.]

**Sj. Dasarathi Tah:**

মাননীয় অধ্যক্ষমহাশয়, রাজ্যপালের ভাষণ সম্বন্ধে আজ নিয়ে তিন দিন সমালোচনা হচ্ছে এবং সমালোচনা হওয়া উচিত বলেই সমালোচনা হচ্ছে; কিন্তু আমাদের সরকারী পক্ষের বন্ধুগণ তাতে একটু রুষ্ট হয়েছেন। (এ ভয়েস: হওয়ারই কথা।) আমাদের বর্ত্তমান যে সংবিধান তাতে পরিষ্কারভাবে একটা কথা বলা আছে—সেটা ১৭৬এর ১ ধারা, যে বিধানমণ্ডলীর সম্মতি জ্ঞাপন করবেন। এই তাঁর কর্ত্তব্য, এছাড়া অন্য কর্ত্তব্য নেই। পূর্ব্বেকার নিয়ম অনুযায়ী তিনি যখন তাঁর রিপোর্ট দিচ্ছেন তখন আমাদের সে সম্বন্ধে কিছু বলতেই হবে। যদিও আমাদের লাটসাহেবের বক্তৃতায় কিছুটা লাটসাহেবী থাকে তাহলেও সরকার পক্ষের যে সমস্ত গুণাগুণ দেওয়া হয়েছে তার সমালোচনা কিছু করতে আমরা বাধ্য। সত্যিকারের রাজ্যপাল তার সরকারের যে সমস্ত গলদ আছে সেগুলি যদি সমালোচনা করে বলতেন যে অতীতে যা হবার হয়ে গিয়েছে, ভবিষ্যতের জন্য প্রস্তুত থাকো, আমাদের সঙ্গে সহযোগিতা কর, সেখানে কোন তর্কের অবতারণার কারণ থাকতো না। যাহোক আমরা এই লাটসাহেবের যে অভিভাষণ সেই অভিভাষণের ভিতর যখন হিসাবের জন্য উদ্‌গ্রীব হ'য়ে থাকি তখন যে যে কাণ্ড করা হয়েছিল আগে তার একটা হিসাব থাকা উচিৎ কিন্তু সে জিনিষটা খুঁজে পাচ্ছি না। আমাদের যে ভূমিসেনা ছিল তার পাত্তা নেই, যে সব চিতাই পিঠা ছিল তার কোন পাত্তা নেই। শেষকালে অবশ্য তিনি বলেছেন যে ভাল ভাল বিল আছে। তারমধ্যে দু'একটি উল্লেখ করেছেন। একটি হচ্ছে ল্যাণ্ড রিফর্মস বিল। এই বিল যে কি আকারে আসবে তা আমরা জানি। আমরা আগেই বলেছিলাম ডিউ পার্ট কোথায়? এস্টেট একুইজিশন বিল যখন এসেছিল তখন বলেছিলাম যে জমিদাররা সব জমিগুলি পকেটে পুরে নেবে। এস্টেট একুইজিশন বিল যা হয়েছে এবং তারপর সেটেলমেণ্ট যা হচ্ছে তাতে অবাক হবার কথা নয়। একটা নমুনা দিচ্ছি, বর্দ্ধমানের রাইনার মণ্ডল, যিনি কংগ্রেস প্রেসিডেণ্ট তার ৬ শত বিঘা জমি ছিল, সেটেলমেণ্টের সময় লিখিয়ে নিলেন তার পাঁচ ছেলের নামে ও স্ত্রীর নামে সেই জমি। আমাদের রাজস্ব মন্ত্রীর এদিকে দৃষ্টি নেই। এই যে বিল আসছে—এই যে ডিউ পার্ট আসছে, এতে কি পরিবেশন করবেন? সবই ত পকেটের মধ্যে পুরে নিয়েছেন। তারপর এস্টেট একুইজিশন বিল হবার পর চারদিকে যেখানে যত জমি ছিল সেখান থেকে চাষীদের উচ্ছেদ করা হ'ল। যে সমস্ত খাস জমি ছিল সে সমস্ত জমি গোমস্তার নামে, গোমস্তার মামা-শ্বশুরের নামে লিখিয়ে নিয়ে জমিদাররা সেই সব জমি জায়গা পকেটে পুরলেন। দামোদর ভ্যালি করপোরেশন সম্বন্ধে বড় বড় কথা বলা হয়েছে। এতে সত্যই দেশের উপকার হবে। এর ফলে যে বিরাট এলাকা বন্যায় প্লাবিত হ'ত এখান থেকে চাষীদের উচ্ছেদ করা হচ্ছে। আমাদের বর্দ্ধমানের একটি বিখ্যাত জমিদার যিনি হালে কংগ্রেসী হয়েছেন সেই সিংহ রায় একাধারে ভূমিদান করছেন অন্যাধারে ভূমি লুণ্ঠন করছেন। সেখানে যে বিস্তৃত—মাইলের পর মাইল জলা জায়গা ছিল, সেখানে যারা আন্দোলন করেছিল বন্যা নিয়ন্ত্রণের জন্য তারা সেখান থেকে উচ্ছেদ হয়ে গেল। এই যে ভূমি-লুন্ঠন হচ্ছে একথা আমাদের রাজ্যপালের ভাষণের মধ্যে নেই, থাকা উচিত ছিল এবং তার প্রতিকার হওয়া উচিত এবং বিরোধীপক্ষকে "এতে সহযোগিতা কর" একথা বলা উচিত ছিল। আমরা কি এই ডাকাতি লুঠপাটে সহযোগিতা করবো? আমরা সহযোগিতা করবার পথ পাচ্ছি না। বিরোধীপক্ষ থেকে সমালোচনা করাটা ভাল বলেই করা হয় এবং বিরোধীপক্ষের তাই কর্ত্তব্য।

তারপর বেকার সমস্যা নিয়ে, রেফিউজি সমস্যা নিয়ে অনেক কথা হয়েছে। রেফিউজি সমস্যা সম্বন্ধে বেশী কিছু বলবো না। এনিয়ে পরে যখন আলোচনা হবে তখন বলবো। এখন এক লাইনে বলছি। এই রেফিউজিদের বর্দ্ধমানে এনে এমন জায়গায় ছেড়ে দেওয়া হচ্ছে যে তারা এই পশ্চিমবঙ্গের আদিবাসীদের উপর লুণ্ঠন করছে। বর্দ্ধমানের এক জায়গায় ১০ হাজার উদ্বাস্তুকে এনে মাঠে ছেড়ে দেওয়া হয়েছে। তাদের ওয়ার্কসাইট ক্যাম্পে মাটি কাটার কাজ দেওয়া হয়েছে। সেখানে তারা চূড়ান্ত ভদ্রলোক, কোদালে এক কোপ দিয়েই ছুটে যায় পাশের যে বাঁশের বন আছে তা লুঠপাট করতে। সেখানে কোন কিছুর ব্যবস্থা নেই।

স্বাস্থ্য সম্বন্ধে গভর্ণরের স্পীচে বড় বড় কথা বলা হয়েছে দেখছি। আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বড় কথা বলেন এবং লম্ফ ঝম্ফ করেন। অবশ্য তিনি "লম্ফ" ডাক্তারও বটে। তিনি তাঁর রিপোর্টে বলেছে বর্ত্তমানে খুব বি,সি,জি দেওয়া হয়েছে, এমন কি সদর সবডিভিসনেও পর্য্যন্ত। কোথা থেকে তিনি এটা পে তাঁর হাতে যে কে গল্পিকা সেবন করলো তা জানি না।

তারপর মেডিক্যাল কলেজ সম্বন্ধে। লাটসাহেব তেল মাখতে মাখতে, হুকা খেতে খেতে হুকুম দিলেন তে মেডিক্যাল কলেজ আরম্ভ কর। তারপর দুর্গা বলে আরম্ভ করা হ'ল কিন্তু দেখা গেল যে জায়গায় হওয়ার ছিল সেই জায়গায় হ'ল না।

(At this stage the red light was lit.)

আর হয়ে গিয়েছে, এখনই শেষ করে দেবো।

তারপর তিনি অন্যান্য যে সব কথা বলেছেন তার মধ্যে শিক্ষা সম্বন্ধে একটু বলে রেখে দিই। কে শিক্ষা বহু হচেছ কিন্তু বিশ্ববিদ্যালয় কেবল কলিকাতায়ই আছে এবং সব কিছু কলিকাতার মধ্যেই সীমাবদ্ধ হয়েছে। মুখেই বলা হচেছ চলি চলি পা পা--আমরা সমাজতন্ত্রের পথে এগিয়ে যাচিছ সোসিয়ালিষ্টিক প্যাট অর্থাৎ ছাগল মুখো গরু। এই সোসিয়ালিষ্টিক প্যাটার্নে বিকেন্দ্রীকরণের কোন কিছু দেখি না। এতো হা ঘোড়দৌড়ের সামিল হবে। (লাফ্টার।) তা ছাড়া আর কিছু নয়। এইজন্য বলছি যে বর্ত্তমানে একটি বি বিদ্যালয় করুন। কিছুটা পায়ের ভার কমান, মাথার ভার কমান। পরিশেষে আমি একটা কথা বলছি কংগ্রেস সরকার জনপ্রিয়তার জন্য নট নটীদের নিয়ে এসে ক্রিকেট খেলাচেছন। তাই আমাদের অনুরোধ ভবিষ্যত ইলেকসনে আমাদের বিরুদ্ধে এই সব নটীদের এনে দাঁড় করিয়ে দেবেন না। তাহলে আমরা এ ভোটও পাবো না এবং বিরোধীপক্ষের একটিও থাকবে না। তাই দোহাই ডাক্তার রায়কে যে অন্ততঃ এ সিট আমাদের জন্য রাখবেন। (লাফ্টার।)

(At this stage the House was adjourned for twenty minutes.)

*(After adjournment.)*

[5-40—5-50 p.m.]

**Sj. Kanai Lal Bhowmick:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে প্রথমেই বাংলাদেশের খাদ্য-পরিস্থিতি সম্পর্কে উ করেছেন। সেই সম্পর্কে দেখা যায় যে তিনি বলেছেন বাংলাদেশে এ-বছর যা ফসল হয়েছে, তাতে সারা ব খেয়েও ১৮ হাজার টন চাল বাড়তি থাকবে। এই যে অদ্ভুত কথা তিনি বলেছেন, এটা বাংলাদেশের খা অবস্থার সঙ্গে মেলে না। বাংলাদেশের সমস্ত জেলায় উৎপাদন যা হয়েছে তা হচেছ বিঘাপ্রতি গড়ে ২।৩ ম কোন কোন জায়গায় বিঘাপ্রতি দশ সের, পনের সের পর্য্যন্ত ফসল ফলেছে। বিশেষ করে ২৪-পরগণা, মেদি পুর, হুগলী, হাওড়া প্রভৃতি জেলায় এই জিনিসটা দেখা যায়। সরকারের তরফ থেকে যে খাদ্যের হিসেব দেও হচেছ এবং যে ফলনের হিসাব দেওয়া হচেছ, তা বিশ্লেষণ করলে দেখা যায় যে পঞ্চবার্ষিক পরিকল্পনা ক আগে যে ফসল ফলেছে, এবার তার চেয়ে ১৭ পার্সেণ্ট ভাগ কম ফলেছে। এই পঞ্চবার্ষিক পরিকল্পনা আ করার আগে প্রতি বছর গড়ে ৯ কোটি ৩১ লক্ষ ৮০ হাজার মণ চাল উৎপন্ন হয়েছে। আর এবার হয়ে ৯ কোটি ৫ লক্ষ ৩১ হাজার মণ। অর্থাৎ নর্ম্যাল প্রডাক্সন থেকেও কম ফসল ফলেছে। এই সম্পর্কে রাজ পালের ভাষণে কোন উল্লেখ নাই, এটা খুবই দুঃখের বিষয়। এই যেটুকু ফসল ফলেছে তার মধ্যে সুবৃষ্টির ফ অর্দ্ধেক ফসল বেশী হয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার রিপোর্ট থেকে বোঝা যায়।

তারপর রাজ্যপালের ভাষণের মধ্যে এ-সম্পর্কে ত কোন উচ্চবাচ্য নাই যে বাংলাদেশের লোকের ক্রয় ক্ষম কমে গেছে, চাল থাকলেও তারা তা কিনে খেতে পারছে না। বাংলায় ৬ লক্ষ ভাগচাষী, ৭ লক্ষ ক্ষেতমজ পরিবার, ৭ লক্ষ কুটিরশিল্পী পরিবার—আবার ১০ লক্ষ কৃষক পরিবার—যাদের ৫ একরের কম জমি আছে মোট এই ৩০ লক্ষ পরিবারের বেশীর ভাগকেই ধান কিনে খেতে হবে। অথচ তাদের ক্রয় করবার ক্ষম নাই। সে সব কথার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

হিসাব করলে দেখা যাবে কৃষিজাত ফসলের দাম কি রকম কমেছে। যে গুড়ের দাম গত বছর ছিল ২১।২২ টাকা, এবার তার দাম ১৮।১৯ টাকায় নেমে গিয়েছে। মেদিনীপুরের দাসপুর অঞ্চলে যেখানে সবচেয়ে বেশী আলু হয়, সেখানে গতবার দাম ছিল ৮।১০ টাকা মণ, এবার সেখানে দাম হয়ে গেছে ৫।৬ টাকা মণ। গতবার কপি কালিম্পংয়ে ১০০টার দাম ছিল ১৭ টাকা; আর এ-বছর জুলাই মাসে সেখানে দাম হয়েছে ৮।৯ টাকা। মালদহের আমেরও সেই অবস্থা। বাংলার সর্বত্র কৃষিজাত ফসলের দাম ভীষণভাবে পড়ে গেছে।

তার উপর আছে বাংলাদেশের ক্রমবর্দ্ধমান বেকার সমস্যা। সে বিষয়ে অনেক সদস্য বলেছেন এবং মাননীয় রাজ্যপালও বলেছেন। এই বেকার সমস্যা গরীব অংশের মধ্যে ভীষণভাবে দেখা যাচ্ছে। তার প্রমাণ দেখতে পাই—হাড়োয়া, সন্দেশখালী, মেদিনীপুর, ঝাড়গ্রাম, হাওড়া, তমলুক প্রভৃতি স্থান থেকে দলে দলে লোক কাজের সন্ধানে ঘুরে বেড়াচ্ছে। এছাড়া বাংলাদেশে গ্রাম্য বেকারও ভয়াবহ আকার নিচ্ছে। এই সম্পর্কে রাজ্যপালের ভাষণেও কোন উল্লেখ নাই। তিনি শুধু বলেছেন যে ফসল যা আছে তাতে ভাববার কারণ নাই। তাঁরা বাংলা-দেশের মাথাপিছু খাবারের ব্যবস্থা করেছেন। সরকারী হিসাবে ৪·২৫ মণ মাথাপিছু প্রতি বছরের জন্য অর্থাৎ প্রতিদিন গড়ে সাত ছটাক কোরে। জেলখানায় কয়েদীর জন্য যে খাদ্যের বরাদ্দ আছে তা হচ্ছে দৈনিক ১২ ছটাক। সেই ১২ ছটাক কোরেও তাঁরা বাংলাদেশের কৃষক ও মধ্যবিত্তের জন্য বরাদ্দ করেন নাই। তা যদি করতেন তাহলে বাংলাদেশে ১৫ কোটি মণ চালের দরকার হতো। তারও উল্লেখ নাই মাননীয় রাজ্যপালের ভাষণে। সরকারী হিসাবে মাথাপিছু ৭ ছটাক দৈনিক ধরলে ১৮ হাজার টন খাদ্য বাংলাদেশে বাড়বে। কিন্তু বাস্তব চিত্র অন্যরূপ। ক্রয়ক্ষমতা আরও ভয়াবহরূপে কমে যাচ্ছে। গ্রামে মজুরীর হারও কমে যাচ্ছে। গত বছর যেখানে ১ টাকা মজুরী ছিল, এবার সেই জায়গায় সাত আট আনাতেও লোক খাটাচ্ছে না। সরকার বলবেন—আমরা কিছু কিছু এখানে সেখানে টেষ্ট-রিলিফ আরম্ভ করবার চেষ্টা করছি। গড়বেতা ৩০টি ইউনিয়নের মাত্র ৩টী ইউনিয়নে টেষ্ট রিলিফের কাজ আরম্ভ করা হয়েছে। উত্তরবঙ্গে যেখানে বন্যা হয়েছে সেখানে টেষ্ট রিলিফ প্রায় বন্ধ। এই অবস্থায় যখন বেকার সমস্যা এই রকম, তখন কাজের দিক থেকে সরকারের কোন রকম চেষ্টা নাই। সেই সম্পর্কেও রাজ্যপালের ভাষণের মধ্যে বিশেষ কিছু উল্লেখ নাই। তারপর রাজ্যপাল ভাল করে বলবার চেষ্টা করেছেন—

"One of the pressing needs of the cultivator is credit."

**Minister-in-charge of the Land and Land Revenue Department (the Hon'ble Satyendra Kumar Basu):** (*a*) and (*b*)(*i*) and (*ii*) Shri Buddhadev Maity was removed from membership from 13th November, 1952, as his continuance in office was considered undesirable. Shri Prahlad Kumar Pramanik was not removed but was not reappointed on 1st April, 1953, when the Board was reconstituted.

(*iii*) Shri Maity one year and eleven months and Shri Pramanik two years.

(*iv*) Two years.

(*v*) According to the provisions of the Bargadars Act.

(*vi*) Yes.

**Sj. Sasabindu Bera:** Will the Hon'ble Minister be pleased to state what were the facts that led to the consideration that Buddhadev Maity was undesirable?

**The Hon'ble Satyendra Kumar Basu:** He was arrested in connection with the Shyampore police-station dacoity case No. 1101 of 1952 and was under police surveillance from 31st March, 1952, to 31st March, 1953. He was a proclaimed offender in regard to a number of murder cases in 1953 and is still being treated as an active criminal.

**Sj. Sasabindu Bera:** Were there any definite charges against him?

**The Hon'ble Satyendra Kumar Basu:** The answer is in the negative, so far as I know.

**Sj. Sasabindu Bera:** What were the merits or what were the considerations for which Shri Maity was made a member of that board?

**The Hon'ble Satyendra Kumar Basu:** He was thought to be a good man —subsequently it transpired that he was not a good man.

**Sj. Sasabindu Bera:** Was there any charge against Shri Maity to the effect that he failed to discharge his duty as a member of that board?

**The Hon'ble Satyendra Kumar Basu:** Not that I know of.

**Sj. Kanailal Bhattacharya:**

আপনি বলেছেন যে এর বিরুদ্ধে ক্রিমিনাল চার্জ ছিল। এই চার্জগুলি তার কি মেম্বার হবার আগে ছিল না পরে হয়েছে যার জন্য তাকে রিমুভ করেছেন?

**The Hon'ble Satyendra Kumar Basu:** While he was still a member.

**Sj. Kanailal Bhattacharya:**

এই চার্জগুলি থাকা সত্ত্বেও মেম্বার করেছিলেন কিনা?

**The Hon'ble Satyendra Kumar Basu:** The answer is in the negative.

**Complaints against the officers of Mathurapur police-station in respect of eviction of Bargadars.**

***39. Sj. Subodh Banerjee:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state whether Government is aware that—

(*i*) some of the officers of Mathurapur police-station are siding with the owners of land (jotedars and zamindars) and asking the bargadars of the area not to file petitions to the Bhag Boards, Subdivisional Officer, Diamond Harbour, and the local police-station against the owners attempting to forcibly evict the bargadars;

(*ii*) these officers are threatening the bargadars with severe punishment if they would dare to lodge petitions against the jotedars and zamindars;

(*iii*) these officers are refusing to entertain diary from the bargadars against the owners; and

(*iv*) these officers put up and take their meals at jotedars' houses at the time of making enquiries in respect of complaints against the same jotedars by the bargadars?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps Government propose to take in the matter?

**The Hon'ble Satyendra Kumar Basu:** (*a*) No.

(*b*) Does not arise.

**Sj. Subodh Banerjee:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি মথুরাপুর ভাগচাষীদের পক্ষ থেকে কোন রিপ্রেজেণ্টেশন দেওয়া হয়েছিল কিনা?

**The Hon'ble Satyendra Kumar Basu:**

অনেক রিপ্রেজেণ্টেশনই দিনের মধ্যে পেয়ে থাকি কিন্তু কি ধরণের রিপ্রেজেণ্টেশন তা না বল্লে বুঝবো কি করে?

**Sj. Subodh Banerjee:**

এমন কোন রাজ্যের মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে পেয়েছেন কিনা?

**The Hon'ble Satyendra Kumar Basu:**

তা হতে পারে, স্মরণ নাই।

**Sj. Subodh Banerjee:**

পরিষ্কার করে যে চার্জগুলি দেওয়া হয়েছে সে গুলির কোন এনকোয়ারী করেছিলেন কি?

**Mr. Speaker:**

জানি না এই বলে তিনিতো উত্তর দিয়েছেন। এই প্রশ্ন এ কোশ্চেনে এ্যারাইজ করে না।

**Sj. Subodh Banerjee:**

আমাকে ডা: রায় উত্তরে চিঠি দিয়েছেন।

**Mr. Speaker:**

তিনিতো উত্তরে বলেছেন।

## Moyna Basin Scheme and other drainage schemes in Moyna police-station, Midnapore.

***40. Sj. Kanai Lal Bhowmick:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) তমলুক মহকুমার ময়না থানার জলনিকাশীর জন্য কোন সরকারী পরিকল্পনা আছে কিনা;

(খ) উক্ত থানার জলনিকাশী সম্পর্কে ময়না বেসীন স্কীম গ্রহণ করা হইবে কিনা;

(গ) হইলে, কতদিনের মধ্যে হইবে;

(ঘ) ঐ থানার জলনিকাশীর জন্য পুরুষা ও শ্রীকণ্টিতে আরও দুইটি করিয়া জলনিকাশী গেট তৈরী করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঙ) ঐ থানার জলনিকাশীর সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Minister-in-charge of the Irrigation Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):**

(ক) হাঁ, আছে।

(খ) পরিকল্পনাটি বর্তমানে মুখ্য বাস্তুকারের বিবেচনাধীন আছে। উহা গ্রহণযোগ্য হইলে বিবেচনা করা হইবে।

(গ) বলা সম্ভব নহে।

(ঘ) না, তবে এ-সম্পর্কে তদন্ত চলিতেছে।

(ঙ) উপরোক্ত (খ) প্রশ্নের উত্তরানুযায়ী প্রশ্ন উঠে না।

এইখানে একটা কথা বলতে চাই। যেটা মুখ্য বাস্তুকারের বিবেচনাধীন ছিল (মুখ্য বাস্তুকার মানে চীফ ইঞ্জিনিয়ার) ইতিমধ্যে সেই স্কীম তৈরী শেষ হয়ে গেছে। ২৬ লক্ষ ৫৪ হাজার টাকার ঐ স্কীমটি সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানে নেওয়ার জন্য উপরে পাঠান হয়েছে।

**Improvement of Nungi Abadi, Manikhali, Mirpur, Akra Santoshpur and Bagar khals in Maheshtala police-station, 24-Parganas.**

*41. **Sj. Sudhir Chandra Bhandari:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) মহেশতলা থানা অঞ্চলের নঙ্গী আবাদী খাল, মণিখালী খাল, মীরপুর খাল, আকড়া সন্তোষপুর খাল এবং বেগর খাল সংস্কারের জন্য কত টাকা সরকার মঞ্জুর করিয়াছেন;

(খ) এই সমস্ত খাল সংস্কারের কাজ এখনও আরম্ভ হইয়াছে কিনা; না হইয়া থাকিলে, তাহার কারণ কি;

(গ) সরকার কি ইহা অবগত আছেন যে, সংস্কারের অভাবে এই সমস্ত খাল মজিয়া যাইতেছে এবং হাজার হাজার বিঘা জমিতে সেচের অভাবে ফসল হইতেছে না; এবং

(ঘ) অবগত থাকিলে, প্রতিকারের কি ব্যবস্থা সরকার করিয়াছেন?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

(ক) কেবলমাত্র নঙ্গী আবাদী খাল পুনঃসংস্কারের জন্য দুইটি পরিকল্পনায় মোট ১০,৪৪০ টাকা কৃষি বিভাগ কর্তৃক মঞ্জুর করা হইয়াছে। মণিখালী খাল সংস্কারের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। বাকী খালগুলি সরকারের নহে।

(খ) নঙ্গী আবাদী খাল সংস্কার পরিকল্পনার প্রথম অংশের কাজ আরম্ভ হইয়াছে। দ্বিতীয় অংশের কাজ বর্ষার শেষে আরম্ভ হইবে আশা করা যায়।

(গ) হ্যাঁ, জলনিকাশের অভাবে কিছু কিছু ফসল ক্ষতিগ্রস্ত হইতে পারে।

(ঘ) উপরোক্ত (ক) প্রশ্নের উত্তরানুযায়ী প্রশ্ন উঠে না।

আর একটা কথা বলে রাখি মনিখালী বেসিনের জন্য ১৭ লক্ষ টাকার একটা স্কীম সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানে নেওয়ার জন্য উপরে পাঠান হয়েছে।

**Sj. Sudhir Chandra Bhandari:**

এই যে আপনি বলেছেন বাকী খালগুলি সরকারের নহে তাহলে এগুলি কাদের?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

জমিদারদের।

**Sj. Sudhir Chandra Bhandari:**

এই যে সংবাদ এটা কতদিন আগেকার সংবাদ?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

এই প্রশ্ন হল গত বছরের সেপ্টেম্বর ও অক্টোবরএর। তারপর মণিখালী ব্যাসিন প্রজেক্ট নেওয়া হয়েছে এবং ১৭ লক্ষ টাকার পরিকল্পনা উপরে পাঠান হয়েছে।

**Sj. Sudhir Chandra Bhandari:**

বেগর খাল সম্পর্কে কোন খবর রাখেন কিনা?

**Mr. Speaker:**

এই প্রশ্নের উত্তরতো দিয়েছেন।

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

না, শুধু জানি যে ঐ খালের জন্য কৃষি বিভাগের যে কাজ তার দুইটি অংশ। একটা অংশের কাজ কম্প্লিটেড হয়েছে আর একটা অংশের কাজ আরম্ভ হয়নি, কারণ যে অর্দ্ধেক টাকা সাধারণের পক্ষে দেওয়ার কথা ছিল সেটা পাওয়া যায়নি।

**Sj. Hemanta Kumar Ghosal:**

মাননীয় মন্ত্রীমহাশয় এখানে উত্তরে বলেছেন যে জলনিকাশের অভাবে কিছু কিছু ফসল ক্ষতিগ্রস্ত হতে পারে।

তারপর তিনি বলেছেন একটা খাল বাদে বাকীগুলি সরকারের খাল নয়—জমিদারের। এখন প্রশ্ন হচ্ছে এই যে জলনিকাশের অভাবে ফসল ক্ষতিগ্রস্ত হচ্ছে স্বীকার করছেন, ফসল যাতে ভাল হয় তার জন্য ব্যবস্থা করবেন, কি ?

**Mr. Speaker:**

উনি ত বলেছেন—

**Sj. Hemanta Kumar Ghosal:**

ফসল যাতে নষ্ট না হয় সেজন্য সরকার সেদিকে মনোযোগ দিবেন কিনা জানতে চাই।

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

জমিদারদের কাল শেষ হয়ে আসছে, ১৫ই এপ্রিলের পর সবই সরকারের হয়ে যাবে।

**Sj. Hemanta Kumar Ghosal:**

তখন কি সমস্ত খাল আপনার হবে ?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

সরকারের হবে।

### Boundary embankments within Sunderban areas.

***42. Sj. Haripada Baguli:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) ২৪-পরগণা জেলার সুন্দরবনের অন্তর্গত সাগর, কাকদ্বীপ ও মথুরাপুর থানা এলাকায় খাসমহলের, Irrigation Department-এর ও লাটদারগণের বাউণ্ডারি বাঁধের দৈর্ঘ্য পৃথক্ পৃথকভাবে কত,

(খ) ইহার মধ্যে কত মাইল বাঁধ কোন্ থানায় সরকার কর্তৃক গত তিন বৎসরে মেরামত করা হইয়াছে; এবং

(গ) বর্তমানে ঐ সকল বাঁধের কি পরিমাণ মেরামতের পরিকল্পনা সরকারের আছে ?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

একটি বিবরণী নিম্নে দেওয়া গেল।

*Statement referred to in reply to starred question No. 42*

| থানার নাম। | খাসমহলের বাঁধ। | সেচ ও জলপথ বিভাগের বাঁধ। | লাটদারগণের বাঁধ। | মোট। |
|---|---|---|---|---|
| | মাইল। | | মাইল। | মাইল। |
| **(১) বিভিন্ন থানার সীমানা বাঁধের দৈর্ঘ্য** | | | | |
| সাগর .. .. .. | ৩৩½ | .. | ১৭৩ | ২০৬½ |
| কাকদ্বীপ .. .. | ৩৯ | .. | ১৯৩½ | ২৩২½ |
| মথুরাপুর ... .. | ২৭ | .. | ৪৩৪ | ৪৬১ |
| | ৯৯½ | | ৮০০½ | ৮৯৯½ |

| থানার নাম । | খাসমহলের বাঁধ । মাইল । | সেচ ও জলপথ বিভাগের বাঁধ । | লটদারগণের বাঁধ । মাইল । | মোট । মাইল । |
|---|---|---|---|---|
| **(২) ১৯৫১-৫২, ১৯৫২-৫৩ ও ১৯৫৩-৫৪ সালে বাঁধ-মেরামতি কাজের বিবরণ** | | | | |
| সাগর .. .. .. | ১৭ | .. | ৯¼ | ২৬¼ |
| কাকদ্বীপ .. .. | ২৫½ | .. | ২৮¼ | ৫৩¾ |
| মথুরাপুর .. .. | ৮ | .. | ৬৩¾ | ৭১¾ |
| | ৫০½ | .. | ১০১¼ | ১৫১¾ |
| **(৩) ১৯৫৪-৫৫ সালে বাঁধ-মেরামতি কাজের পরিকল্পনা** | | | | |
| সাগর .. .. .. | ১৮ | .. | ৫ | ২৩ |
| কাকদ্বীপ .. .. | ১৩ | .. | ১৩ | ২৬ |
| মথুরাপুর .. .. | ১০ | .. | ১৮ | ২৮ |
| | ৪১ | .. | ৩৬ | ৭৭ |

[3-10—3-20 p.m.]

**Sj. Haripada Baguli:**

২নং প্রশ্নের উত্তরে বলেছেন সাগর থানায় ৯$\frac{১}{৪}$ মাইল গত তিন বছরে মেরামত হয়েছে, এটা কোথায়?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

কোথায় বলতে পারি না, সাগর থানার মধ্যে হবে।

**Mr. Speaker:**

ষ্টেটমেণ্ট রয়েছে, আবার এসম্বন্ধে সাপ্লিমেণ্টারী কেন?

**Sj. Haripada Baguli:**

১৭৩ মাইল বাঁধের মধ্যে ১৪$\frac{১}{৪}$ মাইল বাঁধ এই তিন বছরে মেরামত হয়েছে। বাকী বাঁধগুলির কি অবস্থা?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

সবই ষ্টেটমেণ্টে আছে।

**Mr. Speaker:**

আবার সেই কথা। ষ্টেটমেণ্টে ডিটেলসতো বলেছেন।

**Sj. Haripada Chatterjee:**

আমরা বরাবর ষ্টেটমেণ্ট সম্বন্ধে করেছি।

**Mr. Speaker:**

এত বিরাট বিরাট ষ্টেটমেণ্ট রয়েছে তবুও?

**Sj. Haripada Chatterjee:**

আমরা বরাবর করে এসেছি। কেন ষ্টেটমেণ্ট পেলাম না সময়মত—লাইব্রেরীতে গিয়ে ষ্টেটমেণ্ট নিয়ে এসেছি, সঙ্গে সঙ্গে প্রশ্ন করেছি, কোন বাধা পাইনি।

**Mr. Speaker:**

কিন্তু ৪॥ মাইল ১। মাইল এরকম প্রশ্ন করলে তো মুস্কিল।

**Sj. Haripada Baguli:**

আমার কোন ষ্টেটমেণ্ট চাওয়া ছিল না। প্রশ্ন করেছিলুম।

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

থানাওয়ারী বছরওয়ারী চেয়েছেন, ষ্টেটমেণ্ট হবে না কেন?

**Sj. Haripada Baguli:**

তাহলে বলুন না বাঁধের অবস্থা কি, মেরামত হবে কি?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

১৫ই এপ্রিল থেকে সব সরকারের হাতে আসবে তারপর সরকার দেখবেন।

**Sj. Hemanta Kumar Ghosal:**

ইতিমধ্যে যদি বাঁধ ভেঙ্গে নোনা জল ঢুকে ফসল নষ্ট হয়?

**Mr. Speaker:**

কোন 'যদি' চলবে না। যদি বলে সাপ্লিমেণ্টারী করা যায় না।

**Sj. Hemanta Kumar Ghosal:**

ইতিমধ্যে জমির বাঁধ ভেঙ্গে ফসল নষ্ট হবে এ সংবাদ রাখেন কি?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

এরকম ভবিষ্যৎ গণনা কেউ করতে পারে না।

**Sj. Hemanta Kumar Ghosal:**

বাঁধ ভেঙ্গে গিয়েছে এ সংবাদ রাখেন কি?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

এরকম সংবাদ যখন যেখান থেকে এসেছে সেখানে মেরামত করতে লোক পাঠিয়েছি।

### Sinduriamal canal, Bauria, Howrah.

***43. Sj. Bibhuti Bhushon Ghose:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(*a*) whether he is aware that Sinduriamal canal of Bauria police-station, district Howrah, has been entirely silted up causing hardship to the peasants in their cultivation work in the adjacent lands;

(*b*) if so, how much land has been affected thereby; and

(*c*) what steps, if any, the Government propose to take in this matter?

**Minister-in-charge of the Agriculture Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):** (*a*) Yes.

(*b*) Approximately five to six hundred bighas.

(*c*) The matter is under examination.

**Sj. Bibhuti Bhushon Ghose:**

এই যে কোশ্চেন বি-তে বলেছেন 'এ্যাপ্রোক্সিমেটলি ফাইভ টু সিক্স হানড্রেড বিঘাস' এটা কোথা থেকে বললেন?

**The Hon'ble Dr. Rafiuddin Ahmed:** From the report of the Departmental officers in that area.

**Sj. Bibhuti Bhushon Ghose:**

এই যে আছে 'দি ম্যাটার ইজ আণ্ডার একজামিনেশন' এটা একজামিন করে কতদিনে সমাধান করবেন বলবেন কি?

**The Hon'ble Dr. Rafiuddin Ahmed:** Examination এই জন্যে হচ্ছে। Since your question was received, the possibility of the re-excavation of the canal was enquired into twice by this department last year and during this year, but the local beneficiaries were not agreeable to contribute their share of cost which was one of the pre-requisites of taking up the work within the scope of our small irrigation scheme.

**Sj. Bibhuti Bhushon Ghose:**

এটা কতদিন আগে হয়েছিল?

**The Hon'ble Dr. Rafiuddin Ahmed:** Beginning of this year.

**Sj. Bibhuti Bhushon Ghose:**

আমি বলছি এই যে কোটাটা দেওয়া হয়নি এটা কতদিন পূর্ব্বে চাওয়া হয়েছিল?

**The Hon'ble Dr. Rafiuddin Ahmed:**

এটা ১৯৫৪তে চাওয়া হয়েছিল। তাদের হাফ দি কস্ট দেবার কথা, না দেওয়ায় প্রসিড করা যায়নি।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

তারা এগ্রিয়েবল ছিল তাদের এ্যামাউণ্টটা দিতে সেটা কন্সিডার করা হয়নি জানেন কি?

**The Hon'ble Dr. Rafiuddin Ahmed:**

এগ্রিয়েবল ছিল এরকম কোন খবর আমাদের জানা নেই।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

আপনাদের কাছে আমাদের তরফ থেকে কোন মেমোরেণ্ডাম পাঠান হয়েছিল কি?

**The Hon'ble Dr. Rafiuddin Ahmed:**

কন্সিডার করেছি কিন্তু হাফ কস্ট না দিলে কাজ করতে পারিনে এটা আমাদের রুলের মধ্যে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

হাফ কস্ট আগে দিতে হবে কি?

**The Hon'ble Dr. Rafiuddin Ahmed:**

এখন যা আছে তাতে টাকাটা ট্রেজারীতে জমা করতে হবে, তারপর।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

এর ভেতরে একটা পয়েন্ট। এটা কিরকম পরিকল্পনা হবে? স্লুইস গেট করবার পরিকল্পনা আছে কি

**The Hon'ble Dr. Rafiuddin Ahmed:**

সেটা বলতে পারিনে।

### Test Relief Work within Ghatal subdivision in 1953.

***44. Sj. Jatish Ghosh (Ghatal):** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) জেলাবোর্ডের মাধ্যমে টেষ্ট রিলিফ কার্যে (Test Relief Work) রাস্তা নির্মাণ ও মেরামত, খাল, বিল ও পুষ্করিণীর সংস্কার ও খনন, জঙ্গল পরিষ্কার ও বাঁধ মেরামত ইত্যাদির জন্য সরকার ঘাটাল মহকুমায় ১৯৫৩ সালে ২০ (বিশ) হাজার টাকা মঞ্জুর করিয়াছিলেন, এবং

(২) উক্ত মঞ্জুরীকৃত টাকার মধ্যে মাত্র ১০ (দশ) হাজার টাকা খরচ করা হইয়াছিল; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) অবশিষ্ট টাকা খরচ না করার কারণ কি, এবং

(২) মঞ্জুরীকৃত টাকা খরচ না হওয়ার জন্য কে বা কাহারা দায়ী?

**Minister-in-charge of the Relief Department (the Hon'ble Prafulla Chandra Sen):**

(ক) (১) হ্যাঁ।

(২) না—১১,০২৪৷৷০ টাকা খরচ হইয়াছিল।

(খ) (১) ধানকাটা আরম্ভ হওয়ায় ১৫।১২।৫৩ হইতে "টেষ্ট রিলিফ কার্য" বন্ধ করা হয়।

(২) প্রশ্ন উঠে না।

**Sj. Jatish Ghosh:**

আপনি বলেছেন এগার হাজার সাড়ে চব্বিশ টাকা। এটা কি কি বাবদ খরচ হয়েছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I cannot give the details off-hand. I want notice.

**Sj. Jatish Ghosh:**

আপনি তারিখ দিয়েছিলেন ১৫।১২ যখন টেস্ট রিলিফের কাজ বন্ধ করা হয়। আপনি জানেন কি নভেম্বর মাসের প্রথম সপ্তাহে কতকগুলি কাজের দরখাস্ত নিয়ে যাওয়া হয় তখন টাকা নেই বলে তাদের রিফিউজ করা হয়?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I have no such information.

**Sj. Jatish Ghosh:**

এই ইনফরমেসনটা নেবেন কি? পিটিশনের তারিখ যদি দিই?

**The Hon'ble Prafulla Chandra Sen:** If the honourable member brings it to my notice in writing, I shall certainly inform him what has happened.

**Sj. Kanai Lal Bhowmick:**

যেসব বাঁধ আরম্ভ করা হয়েছিল সেই সবগুলি আরম্ভ করার পর টেস্ট রিলিফের কাজ বন্ধ করা হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:** Test relief has nothing to do with whether a particular work was completed or not. As soon as harvesting starts, the test relief goes. Wo do not want to compete with harvesting.

**Sj. Kanai Lal Bhowmick:**

সরকার কি জানেন টাকা থাকা সত্ত্বেও কতকগুলি scheme-এর কাজ আরম্ভ করা হয়নি?

**The Hon'ble Prafulla Chandra Sen:** The test relief work is undertaken whenever there is distress. It is not like work in the Works and Buildings Department that certain works are undertaken and they have got to be finished. It is not like that.

**Sj. Kanai Lal Bhowmick:**

এই distressed এলাকায় আরও অনেক scheme ছিল, বার বার তাগাদা দেওয়া সত্ত্বেও কাজ আরম্ভ করা হয়নি?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I have no such information.

### Distress of agricultural labour in Sunderban areas.

***45. Sj. Hemanta Kumar Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমান বৎসরে অনাবৃষ্টির ফলে সুন্দরবন অঞ্চলে চাষের কাজ ভীষণ ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং ফলে এই অঞ্চলে ক্ষেত-মজুরদের মধ্যে দুরবস্থা বাড়িয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, সরকার প্রতিকারের কি ব্যবস্থা করিয়াছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
বিবৃতি এতৎসহ দেওয়া হইল।

*Statement referred to in reply to starred question No. 45.*

অনাবৃষ্টির দরুন আগষ্ট মাসের শেষ পর্যন্ত শতকরা ৪০ ভাগ জমিতে চাষ করা সম্ভব হয় নাই। পরে ভাল বৃষ্টি হওয়ায় শতকরা ৮০ ভাগ জমিতে আমন চারা রোপণ করা হয়। কাজেই বর্তমান অবস্থা আশাপ্রদ বলিয়া মনে হয়। সময়োপযোগী চাষ না হওয়ায় ক্ষেত-মজুরদের মধ্যে দুর্দশা ও বেকার সমস্যা দেখা দিয়াছিল এবং তাহার প্রতিকারের জন্য নিম্নলিখিত ব্যবস্থা করা হইয়াছে:—

(১) ব্যাপকভাবে টেষ্ট রিলিফের পরিকল্পনা করা হইয়াছে এবং দুর্গত অঞ্চলগুলিতে টেষ্ট রিলিফের কাজ করা হইতেছে;
(২) প্রয়োজনমত নগদ খয়রাতি সাহায্য বিতরণ করা হইতেছে;
(৩) কৃষিঋণ ও পশুক্রয়ঋণ যথেষ্ট পরিমাণে দেওয়া হইতেছে;
(৪) প্রয়োজন হইলে অল্পমূল্যে খাদ্যবিক্রয়ের ব্যবস্থা করা হইতেছে; এবং
(৫) বিনামূল্যে খাদ্যশস্য বিতরণের ব্যবস্থা করা হইতেছে।

**Sj. Hemanta Kumar Basu:**
আমার প্রশ্ন কত লোক দুর্দশাগ্রস্ত হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
কত লোক বলতে পারব না। I want notice.

**Sj. Hemanta Kumar Basu:**
কি কি টেস্ট রিলিফের কাজ হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
মনে হচেছ প্রায় ২০০ রাস্তা হয়েছিল।

**Sj. Hemanta Kumar Basu:**
কত লোকের খয়রাতি সাহায্য হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
নোটিস চাই।

**Sj. Hemanta Kumar Basu:**
ফডারের অভাবে অনেক গরু মারা গিয়েছে খবর জানেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
না।

**Sj. Hemanta Kumar Basu:**
কৃষিঋণ আবেদনকারীর সংখ্যা কত? কত লোককে এই ঋণ দেওয়া হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I cannot give all these figures off-hand. For that the honourable member may ask separate questions.

**Sj. Hemanta Kumar Ghosal:**
মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন অনাবৃষ্টির দরুন আগষ্ট মাসের শেষ পর্যন্ত ৮০ ভাগ জমিতে চাষ সম্ভব হয়নি, তারপরে বলেছেন পরে ভাল বৃষ্টি হওয়ায় ৬০ ভাগ জমিতে আমন চারা রোপণ করা হয়। ফসলের হারটা কিরকম হয়েছে বলবেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:** So far as I am aware we have got about 70 per cent. of the last year's yield.

**Sj. Hemanta Kumar Ghosal:**

আপনি জানাবেন কি তাঁদের সরকারী দপ্তরে ক্রপ কাটিং সার্ভে অনুসারে প্রডাক্সানটা কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ক্রপ কাটিং সার্ভের রিপোর্ট অনুযায়ী প্রডাক্সান অফ-হ্যাণ্ড বলতে পারিনে.
I want notice; I cannot give you off-hand.

**Sj. Hemanta Kumar Ghosal:**

তাহলে যে হিসাব দিয়েছেন সেটা কি আন্দাজে দিয়েছেন?

**Mr. Speaker:** That does not arise. That is your inference. That is not a supplementary question of facts.

**Sj. Hemanta Kumar Ghosal:**

তিনি বলেছেন শতকরা ৮০ ভাগ ভূমিতে আমন চারা রোপণ করা হয়েছে, এই হিসাবটা কোথা থেকে পেলেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:** From the report submitted by the Agriculture Department.

**Sj. Hemanta Kumar Ghosal:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন কৃষিঋণ, ঘরবাড়ি, খাদ্য ইত্যাদি বিতরণ করা হয়েছে এবং টেস্ট রিলিফের কাজ চলছে। মন্ত্রীমহাশয় জানেন কি কালকে পর্যন্ত গোটা সুন্দরবন অঞ্চলে কোন টেস্ট রিলিফ দেওয়া হয়নি?

**The Hon'ble Prafulla Chandra Sen:** These answers relate up to 30th of August, 1954.

**Sj. Hemanta Kumar Ghosal:**

ঘরবাড়ি সাহায্যের রেটটা কি?

**Mr. Speaker:** That question does not arise.

**Mr. Prafulla Chandra Sen:** That question does not arise out of this.

**Sj. Hemanta Kumar Ghosal:**

আর এই যে টেস্ট রিলিফ ওয়ার্ক করা হয়েছিল তার মাষ্টার রোল ছিল কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:** That question does not arise out of this.

[3-20—3-30 p.m.]

**Sj. Subodh Banerjee:**

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন, এটা কি ঘটনা যে টেস্ট রিলিফে নগদ টাকা দেওয়া হচ্ছে না, তার বদলে সরকারী গুদামে যে চাল নষ্ট হয়েছে, অর্থাৎ পচা চাল দেওয়া হচ্ছে?

**Mr. Speaker:**

আপনি স্পেসিফিক কোয়েশ্চেন করুন সুন্দরবন এরিয়া সম্পর্কে।

**Sj. Subodh Banerjee:**

সুন্দরবনের কথাই বলছি। হাওড়া জেলার কথা বলছি না। এখানে যে পচা চাল দেওয়া হচ্ছে মজুরী হিসাবে—

**Mr. Speaker:**

Why are you assuming পচা চাল।

**Sj. Subodh Banerjee:**

আমি দেখিয়ে দিচ্ছি; ১নং প্রশ্নের উত্তরে বলা হয়েছে, ব্যাপকভাবে টেস্ট রিলিফের পরিকল্পনা করা হইয়াছে—

**Mr. Speaker:**

কোয়েশ্চেনটা দেখুন—সরকার কি অবগত আছেন যে বর্ত্তমান বৎসরে অনাবৃষ্টির ফলে সুন্দরবন অঞ্চলে চাষের কাজ ভীষণ ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং ফলে এই অঞ্চলে ক্ষেত-মজুরদের মধ্যে দুরবস্থা বাড়িয়াছে—অর্থাৎ গত বৎসরের ব্যাপার।

**Sj. Subodh Banerjee:**

গত বৎসরের ইফেক্টটাই চলে আসছে এই নূতন বৎসরে।

**Mr. Speaker:**

তাহলে এই পচা চালের ব্যাক্ট কোথায় পেলেন?

**Sj. Subodh Banerjee:**

এখানে একথা আসে।

**Mr. Speaker:** That is an assumption.

**Sj. Subodh Banerjee:**

আমি আপনাকে বুঝিয়ে দিচ্ছি। টেস্ট রিলিফ দুই রকমে হয়। টাকা দেওয়া হয় বা চাল দেওয়া হয়। টেস্ট রিলিফে আরো অনেক কিছু ইনক্লুড করে............

**Mr. Speaker:** You are caught by your answer. You have said that test relief includes various things. Why are you assuming a particular thing?

**Sj. Subodh Banerjee:**

এখানে একটা প্রিন্সিপল আছে, অর্থাৎ একটা নীতি গৃহীত হয়েছে এবং এই প্রিন্সিপলটা এ্যাক্সেপ্টেড হয়েছে রিসেণ্টলি বাই দি গভর্ণমেণ্ট, সেই প্রিন্সিপলটা সত্য কিনা আমি জানতে চাই।

**Mr. Speaker:**

এখানে প্রিন্সিপলএর কথা কি বলছেন? How does that arise out of this?

**Sj. Subodh Banerjee:** That arises out of giving test relief work to the agricultural labourers, in Sunderban area.

**The Hon'ble Prafulla Chandra Sen:** These replies refer to the period from January to August, 1954. We have recently introduced a scheme for payment of wages in kind. During the period referred to in the question no payment was in kind.

## UNSTARRED QUESTIONS

### (answers to which were laid on the table)

**Transfer of lands within 24-Parganas from 1943 to 1953 due to distress.**

**29. Sj. Hemanta Kumar Ghosal:** Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১৯৪৩ সালের দুর্ভিক্ষের সময় হইতে ১৯৫৩ সাল পর্য্যন্ত প্রতিবছর ২৪-পরগণা জেলার হাড়োয়া, সন্দেশখালি এবং হাসনাবাদ থানায় বহু পরিমাণ জমি দুরবস্থার দরুণ হস্তান্তর হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(১) ২৪-পরগণার ঐ তিনটি থানায় প্রতিবৎসর ১৯৪৩ সাল হইতে ১৯৫৩ সাল পর্য্যন্ত ঐ কারণে কত জমি হস্তান্তরিত হইয়াছে,

(২) এই হস্তান্তরের ফলে ১৯৪৩ সাল হইতে ১৯৫৩ সাল পর্যন্ত প্রতিবৎসরে কত চাষী উপরোক্ত তিনটি থানাতে জমি হইতে উচ্ছেদ হইয়াছেন, এবং

(৩) জমি হস্তান্তর ও উচেছদ বন্ধের জন্য সরকার অবিলম্বে কোন ব্যবস্থা করার কথা বিবেচনা করিবেন কিনা ?

**Minister-in-charge of the Land and Land Revenue Department (the Hon'ble Satyendra Kumar Basu:**

(ক) ১৯৫১ সাল থেকে ১৯৫৩ সাল পর্যন্ত কিছু পরিমাণ জমি হস্তান্তরিত হইবার সংবাদ পাওয়া গিয়াছে।

(খ) (১) ও (২) প্রশ্নে উল্লিখিত সংবাদ সংগ্রহ করা যথেষ্ট শ্রম, ব্যয় ও সময়সাপেক্ষ।

(৩) হাঁ, সরকার ১৯৫১ সালের ১লা জানুয়ারী হইতে ১৯৫৩ সালের নভেম্বর মধ্যে দুরবস্থার দরুণ হস্তান্তরিত জমি প্রত্যর্পণের জন্য একটি আইন প্রণয়ন করিয়াছেন।

**Sj. Hemanta Kumar Ghosal:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, এই যে তিনি এখানে বলেছেন এই সব জমির যে হিসাব সে হিসাব সংগ্রহ করা যথেষ্ট শ্রম, ব্যয় ও সময়সাপেক্ষ সেই জন্য দিতে পারেন নি কিন্তু তিনি এইগুলি সংগ্রহ করতে কি একটু চেষ্টা করেছিলেন।

**The Hon'ble Satyendra Kumar Basu:** The answer is in the negative.

**Sj. Hemanta Kumar Ghosal:**

মন্ত্রীমহাশয় উত্তর দেবার জন্য কোন চেষ্টা করবার প্রয়োজন মনে করেন কিনা ?

**The Hon'ble Satyendra Kumar Basu:**

মোটেই প্রয়োজন বোধ করি না। কারণ এ্যালিয়েনেসন অব ল্যাণ্ড এ্যাক্ট হয়েছে, যার যার জমি হস্তান্তরিত হয়েছে সে দরখাস্ত করতে পারে।

**Sj. Hemanta Kumar Ghosal:**

আমার প্রশ্ন ছিল, ১৯৪৩ সালে দুর্ভিক্ষের সময় থেকে ১৯৫৩ সাল পর্যন্ত কত জমি হস্তান্তরিত হয়েছে ; তার উত্তরে তিনি বললেন যে এর হিসাব করার প্রয়োজন মনে করেন না। এখন আমার প্রশ্ন হচ্ছে, তিনি যে বলেছেন ১৯৫১ সাল থেকে ১৯৫৩ সাল পর্যন্ত কিছু জমি হস্তান্তরিত হয়েছে এটা তিনি হিসাব করে উত্তর দিয়েছেন, না, না করেই উত্তর দিয়েছেন ?

**The Hon'ble Satyendra Kumar Basu:**

হিসাব করা সম্ভব নয় এই জন্য যে, যেসব জমি হস্তান্তরিত হয়েছে তারমধ্যে অনেকগুলি নর্মাল সেল ও ভলাণ্টারী সেল হয়েছে, আবার অনেকগুলি ডিস্ট্রেস সেলও হয়েছে। এবং কতগুলি ডিস্ট্রেস সেল হয়েছে তা হিসাব করতে গেলে প্রত্যেকটি ডকুমেণ্ট এক্জামিন করতে হবে যে কোনটি ভলাণ্টারী সেল আর কোনটি ডিস্ট্রেস সেল, তাছাড়া এই এ্যাক্ট পাশ হবার পর এ প্রশ্নের উত্তর দেবার প্রয়োজন আছে বলে মনে করি না।

**Sj. Hemanta Kumar Ghosal:**

এটা ফ্যাক্ট যে ১৯৫১ সাল থেকে ১৯৫৪ সাল পর্যন্ত কিছু জমি হস্তান্তরিত হয়েছে, এই উত্তরটা কি হিসাব করে দিয়েছেন, না, না করেই দিয়েছেন ?

**The Hon'ble Satyendra Kumar Basu:**

হিসাব করা সম্ভব নয়।

**Sj. Hemanta Kumar Ghosal:**

আপনি কি একটু হিসাব করে বলবেন কোন্ সাল থেকে কোন্ সাল পর্যন্ত কত জমি হস্তান্তরিত হয়েছে ?

**The Hon'ble Satyendra Kumar Basu:**

আদৌ নয়।

**Sj. Biren Banerjee:**

প্রশ্ন হচ্ছে ১৯৫১ সাল থেকে ১৯৫৩ সাল পর্যন্ত কিছু জমি হস্তান্তরিত হয়েছে এখবর পাওয়া গিয়েছে কিন্তু এটা হিসাব করে বলেছেন, না, না করেই বলেছেন ?

**The Hon'ble Satyendra Kumar Basu:**

কিছু জমি হস্তান্তরিত হয়েছে সেটা ফ্যাক্ট কিন্তু কতগুলি হয়েছে তা জানিনা।

## Acquisition of land at Joka, Diamond Harbour Road, for Training Centre of Bratachari Jana Siksha Pratisthan.

**30. Sj. Subodh Banerjee:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state if it is a fact that land was acquired at Joka on Diamond Harbour Road, South of Behala, in 1940 under Land Acquisition Act?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the amount of land so acquired;

(*ii*) whether the said land was acquired in relation to a scheme submitted by Jana Siksha Pratisthan under Bratachari Samity to Government in 1939;

(*iii*) if so, the scheme so submitted; and

(*iv*) if not acquired for the above scheme, the purpose of acquiring the said land?

**The Hon'ble Satyendra Kumar Basu:** (*a*) and (*b*) (*ii*) Yes.

(*b*) (*i*) 33·59 acres.

(*iii*) Training Centre for the Bratachari Jana Siksha Pratisthan.

(*iv*) Does not arise.

**Sj. Subodh Banerjee:**

এই যে বি(থ্রি আই)তে বলেছেন "ট্রেনিং সেণ্টার ফর দি ব্রতচারী জন শিক্ষা প্রতিষ্ঠান" এখানে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, যে উদ্দেশ্যে ল্যাণ্ড এ্যাকোয়ার করা হয়েছিল সে উদ্দেশ্য প্রতিপালিত হয়েছে কিনা?

**The Hon'ble Satyendra Kumar Basu:**

তা জানিনা।

**Sj. Subodh Banerjee:**

(বি) (থ্রি আই)তে যে স্কীমে টাকা দেওয়া হয়েছিল এই "ট্রেনিং সেণ্টার ফর দি ব্রতচারী জন শিক্ষা প্রতিষ্ঠানকে" সেখানে মোট স্কীম কি কি ছিল এ উত্তর দেওয়া সম্ভব হবে কিনা?

**The Hon'ble Satyendra Kumar Basu:** The relevant papers were taken away by the East Bengal Government. They are not available.

## Drainage congestion in Moyna police-station, Midnapore.

**31. Sj. Kanai Lal Bhowmick:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত ময়না থানার জন্য সরকার সেচের বা জলনিকাশের কি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন;

(খ) ঐ থানার জলনিকাশীর জন্য ময়না বেসীন স্কীমের কাজ আরম্ভ হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে, কাজ কতদূর অগ্রসর হইয়াছে;

(গ) ঐ থানার জলনিকাশীর জন্য পুরুষা ও শ্রীকণ্ঠির খাল সংস্কারের জন্য এই দুই যায়গায় আরও দুইটি করিয়া কালভার্ট বাড়াইবার প্রয়োজনীয়তা সরকার বিবেচনা করিয়াছেন কিনা;

(ঘ) ঐ ময়না থানার সবচেয়ে নীচু মাঠে ধান কাটার সময় অর্থাৎ নভেম্বর-ডিসেম্বরে জল জমিয়া থাকে কিনা; এবং

(ঙ) থাকিলে, কত একর আবাদী জমিতে ধান কাটার সময় জল থাকে?

**Minister-in-chrage of the Irrigation Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):**

(ক) একটি জলনিকাশের পরিকল্পনা মুখ্য বাস্তুকারের বিবেচনাধীন আছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ, করা হইতেছে।

(ঘ) হ্যাঁ, থাকে।

(ঙ) প্রায় ৪,৮০০ একর।

**Sj. Kanai Lal Bhowmick:**

(গ) প্রশ্নের উত্তরে বলা হয়েছে, হ্যাঁ করা হইতেছে। এই পরিকল্পনার এস্টিমেট হয়ে গিয়েছে কিনা?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

এর জবাব দেওয়া হয়েছে। এর জন্য ২৬ লক্ষ ১২ হাজার টাকার এস্টিমেট হয়েছে সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে।

**Sj. Kanai Lal Bhowmick:**

সেটা ত গেল ময়না বেসীন স্কীমের জন্য। আমি (গ)এ জিজ্ঞাসা করেছি পুরুষা ও শ্রীকণ্ঠির খাল সংস্কারের জন্য এস্টিমেট করা হয়েছে কিনা?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

ভেবে দেখা হচ্ছে।

**Sj. Kanai Lal Bhowmick:**

কোন এস্টিমেট করা হয়েছে কি?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

না, এস্টিমেট করা হয়নি।

**Sj. Kanai Lal Bhowmick:**

প্ল্যান করা হয়েছে কি?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

না।

**Schemes for excavation of khals in Coghat police-station.**

**32. Sj. Narendra Nath Chosh:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state if it is a fact that the following schemes have been taken up by Government to irrigate about 100 square miles of land under Goghat police-station:—

(*i*) excavation of khal from the Dwarakeswar (Kotalpore thana) to Debkhal (Goghat thana); and

(*ii*) another khal from Sulut to the Dwarakeswar near Dighra (both in Goghat thana)?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state when the schemes will be executed?

**Minister-in-charge of the Irrigation and Waterways Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):** (*a*) Investigation for preparation of these schemes was taken up by Irrigation and Waterways Department.

(*b*) Investigation shows that the schemes cannot be finalised until the preparation of the Dwarakeswar Reservoir Scheme.

**Sj. Narendra Nath Ghosh:**

এই যে বলেছেন প্রিপারেশন অব দি দ্বারকেশ্বর রিজার্ভয়ার স্কীম হচ্ছে। এই স্কীম হতে কি দেরী হবে, না, শীঘ্রই হবে?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

না, দেরী হবে। আমরা হাইড্রলিক অবজারভেশন করছি, সে সার্ভে কত দিনে হবে তা বলতে পারি না, তারপর প্ল্যান এষ্টিমেট হবে।

**Sj. Narendra Nath Ghosh:**

লাষ্ট ইয়ারে বলেছিলেন যে কাজ হচ্ছে, এই বৎসর বলছেন কবে হবে জানিনা, এর কারণ কি?

**The Hon'ble Ajoy Kumar Mukherji:**

এই দুইটি খালের সম্বন্ধে সমস্ত তথ্য সন্ধান করে প্ল্যান করে এষ্টিমেট করা হয়েছিল তাতে দেখা গেল ২১ লক্ষ ৪৬ হাজার টাকা খরচ হবে এবং এতে মাত্র ১৫ হাজার একর জমি উপকৃত হবে। এত টাকা খরচ করা আনইকনমিক হবে। তাছাড়া যে প্ল্যান হয়েছে তা জায়গায় জায়গায় আনফিজিবল হবে। সেই জন্য ঠিক হয়েছে যে এটা দ্বারকেশ্বর স্কীমের সঙ্গে হবে।

**Sj. Narendra Nath Ghosh:**

আপনারা যতগুলি স্কীম করেন সবই কি প্রফিটেবল হয়?

**Mr. Speaker:** That does not arise out of this question.

[3-30—3-40 p.m.]

## Point of order.

**Mr. Speaker:** Mr. Banerjee, you are still on your point of order. Have you finished your argument?

**Sj. Subodh Banerjee:**

স্পীকার মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার বোধ হয় কাল শুনেছেন। মোটামুটি তার সার মর্ম্ম হচ্ছে এই—কাল যে যুক্তি দিয়েছিলাম সেটা হচ্ছে কোন সংশোধনী প্রস্তাবের ফল সম্পর্কে। কোন রেজলিউশন-এর উপর সংশোধনী প্রস্তাবের ফল কি হবে বা না হবে তার উপর নির্ভর করে না সে সংশোধনী প্রস্তাবটি ইন অর্ডার কিম্বা আউট অব অর্ডার কিনা তা। সংশোধনী প্রস্তাবটি ইন অর্ডার বা আউট অব অর্ডার বিচার করবার সময় রেজলিউশনে সংশোধন যে নীতিগুলি আমার যে আইনগুলি আছে দেখতে হবে সেগুলি প্রতিপালিত হচ্ছে কিনা। যদি প্রতিপালিত হয় তাহলেই যে কোন সংশোধনী প্রস্তাব ইন অর্ডার হবে তার ফল যাই হ'ক না কেন। আমরা জানি কোন রেজলিউশন-এর সংশোধন কিভাবে এবং কতটুকু করা যেতে পারে। রেজলিউশন-এর সমস্ত ভাষা পর্য্যন্ত বদলে তার বক্তব্যের একেবারে উল্টা বক্তব্য আমরা বসাতে পারি সংশোধন হিসাবে। এবং আমার এই দাবীর সমর্থনে আমি আপনার কাছে "মে'স" পার্লিয়ামেন্টারী প্র্যাক্টিস নজির হিসাবে উপস্থাপিত করছি। সেখানে বলা হয়েছে কোন রেজলিউশনের সংশোধন প্রস্তাবের সমস্ত ভাষা ও বক্তব্য বদলে একেবারে নতুন বক্তব্য দিতে পারে। সংশোধনের বক্তব্য অরিজিনাল রেজলিউশনের বিপরীত হতেও পারে।

দ্বিতীয় নম্বর হল, আমি একটা নজির দিচ্ছি। আপনি জানেন এ্যাপ্রোপ্রিয়েশন বিলে কোন রকম এ্যামেণ্ডমেণ্ট দেওয়া যায় না কারণ নো বললে নেগেটিভ য্যামেণ্ডমেণ্ট হয়, টাকার অঙ্কও কমান বা বাড়ান যায় না। এই কারণে এ্যাপ্রোপ্রিয়েশন বিলে সংশোধন হতে পারে না। কিন্তু সে ক্ষেত্রেও দেখা গিয়েছে যে লোক সভায় মিঃ কামাথ একটা সংশোধন প্রস্তাব দিয়েছিলেন। সেখানে এই কথাগুলি ছিল সেন্সস উইথ রিগ্রেট এবং সেই সংশোধনী প্রস্তাব ইন অর্ডার বলে গৃহীত হয়েছিল। সেখানে উইথ রিগ্রেট এই কথাগুলির যোগ সংশোধনী প্রস্তাব হিসাবে লোক সভায় ইন অর্ডার বলে গৃহীত হয়েছে। আমার বর্ত্তমান সংশোধনী প্রস্তাবে উইথ রিগ্রেট কথা যোগ করতে চাওয়া হয়েছে। এবং নিঃসন্দেহে এই সংশোধনী প্রস্তাবটি ইন অর্ডার। এখন সংশোধনের ফল কি হবে বা না হবে সে প্রশ্ন এখানে তোলা অবান্তর। সংশোধনী প্রস্তাবটা ইন অর্ডার হতে হলে যা যা জিনিষ বা কণ্ডিশন ফুলফিল হওয়া দরকার সেগুলি হচ্ছে কিনা সেটাই বিচার্য্য বিষয়। সেই দিক দিয়ে আমার সমস্ত য্যামেণ্ডমেণ্টটা ইন অর্ডার বলে আমি মনে করি। অবশ্য একটা প্রশ্ন উঠতে পারে এই রেজলিউশনটা একটা স্পেশাল টাইপ অব

রেজলিউশন, সাধারণ রেজলিউশনের ক্ষেত্রে যে নিয়মগুলি এটার ক্ষেত্রে সেগুলি প্রযোজ্য নয়। যাঁরা এ কথা বলেন তাঁরা আমাদের সংবিধানের একটা আর্টিকেল ভুলে যাবেন। সেখানে বলা আছে সেভেনথ সিডিউলে: কোন আইটেম যদি বদলাতে হয় তাহলে স্টেট রেটিফাই করছে কি না করছে সেই মর্মে রাজ্য বিধান সভায় প্রস্তাব গ্রহণ করতে হবে। তার বিরুদ্ধে আমার বক্তব্য হল এই—ওয়েষ্ট বেঙ্গল এ্যাসেম্বলি প্রসিডিওর রুলস দ্বারা আমরা চালিত এবং সেই রুলসগুলি সংবিধান অনুসারে রচনা করা হয়েছে। সেই দিক থেকে আমরা দেখছি রেজলিউশনের উপর য্যামেণ্ডমেণ্ট দেওয়ার যে আইন আছে ওয়েষ্ট বেঙ্গল এসেম্বলি প্রসিডিওর রুলসএ সেই আইনগুলি আমার এই সংশোধনী প্রস্তাব সম্পূর্ণরূপে মেনে চলেছে। যেহেতু স্পেসাল রেজলিউশন বলে কিছুই বলা হয়নি এবং সাধারণ রেজলিউশন সম্পর্কে যে আইন তা এখানে খাটে না এ কথাও বলা নেই সেই হেতু আপনার তা বলবার অধিকার নেই।

আপনি স্পীকার, আপনার অনেক ক্ষমতা আছে। আইন দেখলে মনে হওয়া অস্বাভাবিক নয় যে আপনি সর্ব-শক্তিমান, স্বয়ং ব্রহ্মাও আপনার আছে হার মেনে যান। আপনি ইচ্ছা করলে নতুন আইন করতে পারেন। কিন্তু স্পীকার মহাশয়, আমার অনুরোধ এই ক্ষেত্রে আপনি এমন কোন মত দেবেন না যা অপজিসনের বিরুদ্ধে যায়। সাধারণভাবে যে নিয়ম প্রতিপালিত হয় সেগুলি স্পীকার মহাশয় সাধারণত পালন করে থাকেন বলে দেখেছি, প্রচলিত প্রথার বিরুদ্ধতা স্পীকার বিশেষ ক্ষমতা বলে করেন না। সেই দিক থেকে আমার বক্তব্য এই রেজলিউশন-কে স্পেসাল টাইপ অব রেজলিউশন বলে বিবেচনা করে এতে সংশোধনী প্রস্তাব দেওয়া যায় না এই রকম মত দেওয়া ঠিক হবে না। কারণ তা যদি বলেন তাহলে ঠিক হবে না, যেহেতু অবজেক্টিভলি তার অর্থ এই হয়ে দাঁড়ায় যে এই রেজলিউশনের উপর কোন সংশোধনী প্রস্তাব দেওয়া যায় না, অথচ ওয়েষ্ট বেঙ্গল এসেম্বলি প্রসিডিওর রুলসে কোথাও এমন কোন আইন দেখছি না যার ফলে আপনি বলতে পারেন এই রেজলিউশনের উপর কোন সংশোধনী প্রস্তাব দেওয়া যেতে পারে না। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, আমার আনা সংশোধনী প্রস্তাব সম্পূর্ণ ইন অর্ডার, এবং আপনাকে এ বিষয় মত দেবার আগে চিন্তা করবার জন্য বলছি।

**Sj. Canesh Chosh:**

মিঃ স্পীকার, স্যার, আমার এ বিষয় বিশেষ কিছু বলবার নেই। তবে যে রেজলিউশন এসেছে সেই রেজলিউশন-এর সঙ্গে আমার এ্যামেণ্ডমেণ্টটা যদি বেখাপ্পা না হয়, তাহলে পরে তার ইফেক্ট কি হবে সেটার উপর জোর না দিয়ে, আমার এ্যামেণ্ডমেণ্টটা গ্রহণ করতে পারেন।

**Sj. Jyoti Basu:** Mr. Speaker, Sir, before you give your ruling, yesterday, when this matter was being placed before you by Shri Subodh Banerjee, I remember you said that whether you pass a resolution with regret or with joy it does not matter because what the President is concerned with is whether it has been ratified by half the number of Legislatures in India, but the point is that the President also has the right, according to the Constitution, to reject any such resolution placed before him and it may be that——

**Mr. Speaker:** I think he has no power to reject it.

**Sj. Jyoti Basu:** No, he may not give assent to such a resolution when it is placed before him. Sir, it may be that if the President sees that half the number of Legislatures in India have passed a resolution with regret on a constitutional amendment he will withhold his assent and send it back to Parliament. Therefore, it is of grave moment as to whether a resolution is passed with joy or with regret Therefore, I am sure that you will think twice before giving your ruling on this very important matter.

**Mr. Speaker:** With regard to the two amendments of Shri Tarapada Bandopadhyay and Shri Ganesh Ghosh, amendments Nos. 1 and 3, these I disposed of as out of order on an entirely different ground from the ground of the amendment of Shri Subodh Banerjee. The amendments of Shri Tarapada Bandyopadhyay and Shri Ganesh Ghosh really want something to be done in this Bill. The amendment of Shri Tarapada Bandyopadhyay wants that the Bill be circulated. There is no Bill before the House. The Bill has been passed by both Houses of Parliament. So this House is not

considering any Bill at all. There is no provision for that in the Constitution. Therefore, on that ground it is out of order. Similarly, the amendment of Shri Ganesh Ghosh also wants that the Seventh Schedule of the Constitution will have effect only for five years from the 26th January, 1955. That also is really an amendment to the Bill that has been passed amending the Schedule. What should be now the form of the Seventh Schedule after the Constitution (Third Amendment) Bill has been passed by both Houses of Parliament is there. Therefore, this House also has no scope for making amendments to the Bill that has already been passed. Therefore, on those grounds I hold these motions are out of order.

With regard to the motion of Shri Subodh Banerjee, I have considered it from another point of view. Firstly, one of the main arguments of Mr. Banerjee was that since it is a resolution—and the resolutions under the rules are governed by Part VI of the Assembly Procedure Rules—there is scope for amendment. Similarly, as he himself has pointed out, so far as the Appropriation Bill is concerned, there is no scope of amendment rightly because the provision in the Statute is such that there is no scope for amendment to an Appropriation Bill. Similarly, when this resolution by Dr. Roy is before the House the language clearly follows the proviso to Article 368 of the Constitution. The proviso distinctly lays down what the functions of the Legislature are. Here the stage has been reached after the Bill has been passed by both Houses of Parliament to the effect that this proviso has to be acted upon by all the State Legislatures to enable the President simply to give his assent to the Bill.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** May I point out that the Act says "making provision for such amendment before such amendment is presented to the President". In order to present the amendment to the President this resolution is necessary.

**Mr. Speaker:** That is what I say. The amendment means the Constitution amendment which is now in the form of a Bill. Now, before the President gives assent to the Constitution (Third Amendment) Bill he has got to be satisfied as to the number of States that have ratified the Bill and the number of States that have not ratified.

[3-40 - 3-50 p.m.]

The language is very clear. "By resolution to that effect" means to be ratified. Therefore, Mr. Banerjee's argument and another aspect which Mr. Basu has said, there is a substantial point in that. The question is that if a sentimental word is expressed or regret is expressed, then as I have said there is no scope of sentiment of joy or regret. What will be the effect of the resolution? The effect of the resolution will be either a qualified assent or unqualified assent. The President is not concerned with qualified assent or unqualified assent. He is concerned with whether more than half of the States have given their assent. There is that danger. If the West Bengal Assembly passes a resolution giving a qualified assent that may have the effect of the President altogether ignoring it simply because it is not in terms of the resolution.

In that view of the matter I think I shall give my considered ruling in this way. I have considered the amendment tabled by Sj. Subodh Banerjee and I am of opinion that it is out of order. The motion of Dr. Bidhan Chandra Roy is to the effect that the House ratifies the amendment of the Constitution proposed by the Constitution (Third Amendment) Bill. Now, this Bill has been passed by the two Houses of Parliament and has to be ratified by the Legislature of not less than one-half of Parts A and B States before it can be presented to the President for his assent. The scope of the motion is therefore either to ratify or not to ratify the Bill. Although theoretically the text of the motion may be changed by the House, in fact

there is no scope for any amendment to the text of the motion which is before the House. The House may ratify or refuse to ratify the Bill. The addition of the words "with regret" will not be within the scope of the motion which is before the House; the decision and not the sentiment of the House should be taken on a motion. What the motion before the House seeks to do is to ascertain whether the House would do so cheerfully or with regret. There is no scope for any qualified ratification. If any member is sorry that any amendment should be made to the Constitution, he can express his sentiment in his speech and vote against the motion. What is desired is his opinion and not the state of his mind in coming to the opinion. Sj. Subodh Banerjee does not, it appears, object to the ratification. If that be so, it is immaterial for the purpose of the decision of the House whether he does so gladly or with regret or under compulsion. In that view of the matter, I rule that this amendment is not within the scope of the motion and is therefore out of order. But he can certainly express his view in a speech as to why he has brought in such a motion

## Resolution under proviso to Article 368 of the Constitution of India.

**Sj. Haripada Chatterjee:**

সভাপাল মহাশয়, আমি এই বিলে সম্মতি দেওয়া উচিত মনে করি না। আমার প্রথম আপত্তি নীতির দিক থেকে। কারণ আমাদের গঠনতন্ত্র বা কনস্টিটিউশন এটা লিখিত কনস্টিটিউশন। অনেক বিবেচনা কোরে, সমস্ত দেখে শুনে, সব কিছু বুঝে তবে এটা বিধিবদ্ধ হয়েছে। কনস্টিটিউশন যখন তখন বদলান—এ প্রথা পৃথিবীর কোথাও নাই। কনস্টিটিউশনের একটা পবিত্রতা আছে। আমাদের এই কনস্টিটিউশন যখন তখন বদলান আরম্ভ হয়েছে, যেমন আমরা ঐ মিউনিসিপ্যাল বিল বদলাচ্ছি, বারে বারে তৈরী করছি যেমন ক্যাটল ট্রেসপাস এ্যাক্ট ইত্যাদি—এরকম বদলান কনস্টিটিউশনের বেলা হ'তে পারে না। এটি নিয়ে পার্লামেন্টের বিল ধরলে হয় ৫ বছরের মধ্যে এই বার দিয়ে ৩ বার কনস্টিটিউশন বদল করা হচ্ছে। আমাদের কনস্টিটিউশন লিখিত কনস্টিটিউশন—এর অনেক ব্যাপারে আমাদের আপত্তিও আছে। তাই বলে যখন তখন কনস্টিটিউশন বদলান যেতে পারে না। যদি বদলাতে হয় তবে সব বিবেচনা কোরে সব ধারা দেখে এক সঙ্গে একবারে বদলানো উচিৎ। এই কনস্টিটিউশন যারা কোরেছেন তাঁদের উপর আমাদের খুব আস্থা নাই এবং এটা আমাদের মনোমত হয়নি, এই কনস্টিটিউশন জনসাধারণের মধ্যে যাকে বলে কোন প্রেরণা সৃষ্টি তা করতে পারে নি। দেশে যে প্রেরণা সৃষ্টি হতে পারে নি তার কারণ কনস্টিটিউশনের ৩১ ধারা। যদি তাঁরা ৩১ ধারার পরিবর্তন করতে পারতেন তাহলে অনেক সমস্যার সমাধান হ'ত। যে কোন সম্পত্তি দখল করতে গেলে ক্ষতিপূরণ দিতে হবে—এই যে ক্লজ বে-আইনী ভাবে অর্জিত সম্পত্তি দখল করতে গেলেও ক্ষতিপূরণ দিতে হবে এই যে ক্লজ সেটা বদল করবার ব্যবস্থা আজও হয় নি। কিন্তু এখানে যে ব্যবস্থা করা হচ্ছে সেটা আমি বলব কনস্টিটিউশনালী বলতে এটা most unconstitutional, speaking constitutionally this Bill is totally unconstitutional.

কারণ একটা কনস্টিটিউশনের দুটো প্রোভিশন থাকে, স্থায়ী এবং অস্থায়ী, যাকে ইংরাজীতে বলে "সার্টেন পার্মানেন্ট এ্যাণ্ড সার্টেন টেম্পোরারি এ্যাণ্ড ট্রানজিসনাল প্রভিশন" যেমন আমাদের প্রেসিডেন্ট তাঁকে স্টেট 'বি'এর উপরে কনস্টিটিউশনের ধারায় দশ বৎসরের জন্য সব ক্ষমতা আমরা দিলাম। ৩৭১ আর্টিক্ল অনুযায়ী তিনি সব কিছু করতে পারবেন, তত্ত্ব তদারক সব কিছু তাঁর উপর নির্ভর করে। এখন আইন করে এ্যামেণ্ডমেণ্ট এনে যদি সেটা বদল কোরে চিরস্থায়ী করতে যাওয়া যেত তাহলে কনস্টিটিউশনের অপমান করা হ'ত। কনস্টিটিউশনের এরকম বদল হ'তে পারে না। তেমনি আমাদের এখানে ৩৬৯ ধারা যেটা বদল করতে যাওয়ার পাকাপাকি ব্যবস্থা করছেন সেই ৩৬৯ ধারা অস্থায়ী এবং সেটাকে স্থায়ী করতে যাওয়া একটা ফ্রড করা হচ্ছে কনস্টিটিউশনের উপর। ৩৬৯ ধারা যখন এনেছিলেন তখন দেশে খাদ্যের অবস্থা এখন থেকে খারাপ ছিল, এবং প্ল্যানিংও আরম্ভ হয়ে গেছে। কাজে কাজেই খাদ্যের গোলমাল ও প্ল্যানিং-এর দুয়োর কথা এখন আর চলে না। এসব বিবেচনা কোরেই ৩৬৯ ধারা ৫ বৎসরের জন্য অস্থায়ী ভাবে আনা হয়েছিল। ৩৬৯ ধারার যে সব এ্যামেণ্ডমেণ্ট এসেছিল যে এটা ৫ বছরের জায়গায় ১০ বছর করা হউক তার একটিও গৃহীত হয় নি। আমাদের কনস্টিটিউশনটি ফেডারেল কনস্টিটিউশন না ইউনিটারী তা বলা শক্ত, কারণ এটা দুটোয় মিলে একটা জগাখিচুড়ি। এটা অষ্ট্রেলিয়া,

কানাডা, আমেরিকা থেকে নিয়ে জগাখিচুড়ী করা হয়েছে। একদিন কংগ্রেস ফেডারেল কনস্টিটিউশন দাবী করে ছিলেন। রেসিডুয়ারী পাওয়ার প্রদেশে রাখবার জন্য আন্দোলন করেছিলেন। এখন এই জগাখিচুড়ী কনস্টিটিউশনে সেন্টারএ রেসিডুয়ারী পাওয়ার রেখেছেন। এখন ষ্টেটএর সামান্য ক্ষমতাও নিয়ে নিতে চাচ্ছেন। প্রদেশগুলি কেমন করে তাহলে আর্থিক অবস্থার উন্নতি করবে? আমাদের ১৯৩৫এর এ্যাক্টের সেভেন্থ সিডিউল যা ছিল সেই এটা হুবহু নকল করা হয়েছে। তার মধ্যে ৩৩ ধারায় ঢুকিয়ে দেওয়া হয়েছে। কাজে কাজেই থার্ড লিষ্টে ৩৬৯ ধারায় অস্থায়ীর ক্ষমতাতে এখন পাকাপাকি ভাবে গ্রহণ করার ব্যবস্থা করছেন। যদি ৩৬৯ ধারা পাকাপাকি না করতেন তাহলে দেখতাম যে ৩৬৯ ধারার ক্ষমতা থাকবার ৫ বছরের জায়গায় ১০ বছর কি ১৫ বছরের জন্য গ্রহণ করতে যাচ্ছেন। তাহলেও না হয় বোঝা যেত, কিন্তু করছেন কি, একেবারে কনস্টিটিউশনের মধ্যে সেভেন্থ সিডিউলের থার্ড লিষ্টে ৩৩ ধারার ভিতর ঢুকিয়ে দিচ্ছেন। একেবারে পাছ দরজা দিয়ে কনস্টিটিউশনের উপর, আইনের উপর অত্যাচার করতে যাচ্ছেন যাকে ইংরাজীতে "সার্কমভেণ্ট" বলে তাই করছেন—
circumventing the provisions of Art. 369 or Art. 263 and coming in by the backdoor of the seventh schedule.

[3-50—4 p.m.]

কাজে কাজেই নীতির দিক থেকে দেখতে গেলে আপত্তির কারণ আছে—এর কোন যুক্তিই ছিল না। এরা বলেছেন—অবজেক্ট এ্যাণ্ড রিজন্সে বলেছেন-

"The position in respect of foodstuffs and cattle fodder at present is fairly comfortable, but it will not be advisable for the centre to be divested of all legal powers to control their production, supply and distribution—"

অর্থাৎ ক্ষমতা হাতে পেলে সেই ক্ষমতা ছাড়া চলবে না। এই কথা বলা কি অন্যায় হবে এখানে? খাদ্যের অবস্থা, এরা বলছেন আজ সেটা অনেক ভাল। যে সময় এটা দেওয়া হয়েছিল তখন খাদ্যের অবস্থা খুব খারাপ ছিল কিন্তু তখন খাদ্যের অবস্থার চেয়ে এখন যে ভাল তা এঁরাই বলছেন। তবে আবার ৩৬৯ ধারার ক্ষমতা পাকাপাকি করে হাতে নেবার কি দরকার। তারপর তখন যে জিনিষ ছিল না এই ৩৬৯ ধারায় সেগুলিকে ঢুকিয়েও আজ পাকাপাকি করে হাতে ক্ষমতা নিচ্ছেন। যেমন মাইকা বাদ দিলেন সেই জায়গায় র-জুট নিয়ে নিলেন—এটা ভাল করে আলোচনা করা দরকার। আমাদের পাট শিল্প বাংলা দেশের একটা প্রধান শিল্প. পাটকে আমাদের বাংলা দেশের একচেটিয়া জিনিষ বলা যায়। কারণ বিহার, আসাম ও উড়িষ্যায় যা হয় তা খুবই সামান্য। সমস্ত পাটশিল্প প্রায় একমাত্র বাংলা দেশে। আর কাঁচা পাট পশ্চিম বাংলার তুলনায় অন্য প্রদেশে অতি নগণ্য। আগে যেখানে ১৬॥ লক্ষ বেল পাট হচ্ছিল এখন সেখানে ৪৬ লক্ষ বেল হচ্ছে এটা কৃষ্ণমাচারী স্বীকার করেছেন। এই কাঁচা পাট উৎপন্নের ব্যাপার আমাদের ষ্টেটের হাতেই আছে। উৎপন্ন ষ্টেট ভালই করছিলেন, সুতরাং কি কারণ হল এই পাটকে এর মধ্যে ঢোকাবার এবং সেণ্টারএর হাতে সমস্ত ক্ষমতা নেবার। আমাদের প্রধান মন্ত্রী-মহাশয়কে এবিষয়ে একটু অবহিত হতে বলি। কারণ বোম্বাই এই এ্যামেণ্ডমেণ্ট বিলে মত দেয় নাই। খাদ্য পরিস্থিতি বোম্বাইতে ভয়ঙ্কর ছিল, বর্তমানেও আছে। বোম্বাইতে শত শত কাপড়ের কল রয়েছে। যে তুলা সেখানকার কলে দরকার হয় সেই তুলা মধ্যপ্রদেশ এবং হায়দারাবাদ থেকে আনতে হয়। তবু তারা প্রদেশের ক্ষমতার উপর কোনরূপ হস্তক্ষেপ বরদাস্ত করতে রাজী নয় যদিও অন্য ষ্টেট যদি এই তুলা আনাটা বন্ধ করে দেয় তাহলে বোম্বাইয়ের ভয়ের কারণ আছে। কিন্তু বোম্বাইয়ের আত্মসম্মান আছে, নাকাবোন আছে, তার মেরুদণ্ড ভেঙ্গে যায়নি। আমাদের প্রধান মন্ত্রীও বোম্বাইএর প্রধান মন্ত্রীর মত জবরদস্ত লোক। তিনি রাষ্ট্রের ব্যাপারে একাই সব কিন্তু তিনি দিল্লীর ব্যাপারে এত ঘাবড়ে যান কেন? তার দোষর মোরারজী দেশাইর যেখানে এত সাহস আছে তার নাই কেন? আমরা দেখছি কি সর্বনাশ বাংলা দেশের সামনে। বাংলাদেশের বাজেটে কোটি কোটি টাকা লোকসান হচ্ছে--

১৯৫২-৫৩ সালে রাজস্ব খাতে ঘাটতি ১॥ কোটি টাকা।

১৯৫৩-৫৪ সালে রাজস্ব খাতে ঘাটতি ৭ কোটি টাকা।

১৯৫৪-৫৫ সালে রাজস্ব খাতে ঘাটতি ১৪ কোটি টাকা।

১৯৫৫-৫৬ সালে রাজস্ব খাতে ঘাটতি ১৭ কোটি ১২ লক্ষ টাকা।

there is no scope for any amendment to the text of the motion which is before the House. The House may ratify or refuse to ratify the Bill. The addition of the words "with regret" will not be within the scope of the motion which is before the House; the decision and not the sentiment of the House should be taken on a motion. What the motion before the House seeks to do is to ascertain whether the House would do so cheerfully or with regret. There is no scope for any qualified ratification. If any member is sorry that any amendment should be made to the Constitution, he can express his sentiment in his speech and vote against the motion. What is desired is his opinion and not the state of his mind in coming to the opinion. Sj. Subodh Banerjee does not, it appears, object to the ratification. If that be so, it is immaterial for the purpose of the decision of the House whether he does so gladly or with regret or under compulsion. In that view of the matter, I rule that this amendment is not within the scope of the motion and is therefore out of order. But he can certainly express his view in a speech as to why he has brought in such a motion

## Resolution under proviso to Article 368 of the Constitution of India.

**Sj. Haripada Chatterjee:**

সভাপাল মহাশয়, আমি এই বিলে সম্মতি দেওয়া উচিত মনে করি না। আমার প্রথম আপত্তি নীতির দিক থেকে। কারণ আমাদের গঠনতন্ত্র বা কনস্টিটিউশন একটা লিখিত কনস্টিটিউশন। অনেক বিবেচনা কোরে, সমস্ত দেখে শুনে, সব কিছু বুঝে তবে এটা বিধিবদ্ধ হয়েছে। কনস্টিটিউশন যখন তখন বদলান—এ প্রথা পৃথিবীর কোথাও নাই। কনস্টিটিউশনের একটা পবিত্রতা আছে। আমাদের এই কনস্টিটিউশন যখন তখন বদলান আরম্ভ হয়েছে, যেমন আমরা ঐ মিউনিসিপ্যাল বিল বদলাচ্ছি, বারে বারে তৈরী করছি যেমন ক্যাটল ট্রেসপাস এ্যাক্ট ইত্যাদি—এরকম বদলান কনস্টিটিউশনের বেলা হ'তে পারে না। এটি থার্ড এ্যামেণ্ডমেণ্ট বিল মনে হয় ৫ বছরের মধ্যে এই বার দিয়ে ৩ বার কনস্টিটিউশন বদল করা হচ্ছে। আমাদের কনস্টিটিউশন লিখিত কনস্টিটিউশন—এর অনেক ব্যাপারে আমাদের আপত্তিও আছে। তাই বলে যখন তখন কনস্টিটিউশন বদলান যেতে পারে না। যদি বদলাতে হয় তবে সব বিবেচনা কোরে সব ধারা দেখে এক সঙ্গে একবারে বদলানো চাই। এই কনস্টিটিউশন যারা কোরেছেন তাঁদের উপর আমাদের খুব আস্থা নাই এবং এটা আমাদের মনোমত হয়নি, এই কনস্টিটিউশন জনসাধারণের মধ্যে যাকে বলে কোন প্রেরণা সৃষ্টি তা করতে পারে নি। দেশে যে প্রেরণা সৃষ্টি হতে পারে নি তার কারণ কনস্টিটিউশনের ৩১ ধারা। যদি তাঁরা ৩১ ধারার পরিবর্তন করতে পারতেন তাহলে অনেক সমস্যার সমাধান হ'ত। যে কোন সম্পত্তি দখল করতে গেলে ক্ষতিপূরণ দিতে হবে—এই যে কথা বে-আইনী ভাবে অর্জিত সম্পত্তি দখল করতে গেলেও ক্ষতিপূরণ দিতে হবে এই যে কথা সেটা বদল করার ব্যবস্থা আজও হয় নি। কিন্তু এখানে যে ব্যবস্থা করা হচ্ছে সেটা আমি বলব কনস্টিটিউশনালী বলা এটা most unconstitutional, speaking constitutionally this Bill is totally unconstitutional.

কারণ একটা কনস্টিটিউশনের দুটো প্রোভিশন থাকে, স্থায়ী এবং অস্থায়ী, যাকে ইংরাজীতে বলে "সার্টেন পার্মানেণ্ট এ্যাণ্ড সার্টেন টেম্পোরারি এ্যাণ্ড ট্রানজিসনাল প্রভিসন" যেমন আমাদের প্রেসিডেণ্ট তাঁকে স্টেট 'বি'এর উপরে কনস্টিটিউশনের ধারায় দশ বৎসরের জন্য সব ক্ষমতা আমরা দিলাম। ৩৭১ আর্টিকল অনুযায়ী তিনি সব কিছু করতে পারবেন, তত্ত্ব তদারক সব কিছু তাঁর উপর নির্ভর করে। এখন আইন করে এ্যামেণ্ডমেণ্ট এনে যদি সেটা বদল কোরে চিরস্থায়ী করতে যাওয়া যেত তাহলে কনস্টিটিউশনের অপমান করা হত। কনস্টিটিউশনের এরকম বদল হ'তে পারে না। তেমনি আমাদের এখানে ৩৬৯ ধারা যেটা বদল করতে যাওয়ার পাকাপাকি ব্যবস্থা করছেন সেই ৩৬৯ ধারা অস্থায়ী এবং সেটাকে স্থায়ী করতে যাওয়া একটা ফ্রড করা হচ্ছে কনস্টিটিউশনের উপর। ৩৬৯ ধারা যখন এনেছিলেন তখন দেশে খাদ্যের অবস্থা এখন থেকে খারাপ ছিল, এবং প্লানিংও আরম্ভ হয়ে গেছে। কাজে কাজেই খাদ্যের গোলমাল ও প্লানিং এর দুর্যোগ কথা এখন আর চলে না। এসব বিবেচনা কোরেই ৩৬৯ ধারা ৫ বৎসরের জন্য অস্থায়ী ভাবে আনা হয়েছিল। ৩৬৯ ধারার যে সব এ্যামেণ্ডমেণ্ট এসেছিল যে এটা ৫ বছরের জায়গায় ১০ বছর করা হউক তার একটিও গৃহীত হয় নি। আমাদের কনস্টিটিউশনটি ফেডারেল কনস্টিটিউশন না ইউনিটারী তা বলা শক্ত, কারণ এটা দুটোয় মিলে একটা জগাখিচুড়ি। এটা অষ্ট্রেলিয়া,

সংবিধান বিধিবদ্ধ হওয়ায় পর আজ আর কিছুই করবার উপায় নেই। সংবিধান বিধিবদ্ধ হবার পর আমদানীর ও রপ্তানীর উপর সেলস ট্যাক্স ধরবার নিয়ম নাই। মোরারজি দেশাই চালাক লোক তিনি সংবিধান বিধিবদ্ধ হবার পূর্বেই সেলস ট্যাক্স ধরে রেখেছেন। এখন ক্ষতিপূরণ আদায় করতে পারতেন।

[4—4-10 p.m.]

মুরারজী দেশাই বর্তমানে সেলস ট্যাক্স আদায় করেন ১৬ কোটি টাকা। পশ্চিম বাংলায় প্রায় ১৫০ কোটি পাটজাত দ্রব্য বিক্রী হয়, আর ৮০ কোটি টাকা চা বিক্রী হয়। যদি সেখানে সেলস ট্যাক্স ধরে রাখতেন তাহলে ১০$\frac{১}{৪}$ কোটি টাকা তিনি পেতে পারতেন।

এখন আবার নীতির দিকে যাই। প্রদেশের এই ক্ষমতা কেড়ে নেবার দরকারই ছিল না, সেণ্টার এত ভয় পাচ্ছেন কেন? যদি কোন ষ্টেট গোলমাল করে তাদের তো বহু আইন আছে সংবিধানে তার দ্বারা সায়েস্তা করতে পারেন। ২৪৯ নং ধারা রয়েছে, সেখানে পড়লে দেখা যায়

"Power of Parliament to legislate with respect to a matter in the State List in the national interest".

"Notwithstanding anything in the foregoing provisions of this Chapter, if the Council of States has declared by resolution supported by not less than two-thirds of the members present and voting that it is necessary or expedient in the national interest that Parliament should make laws with respect to any matter enumerated in the State List specified in the resolution, it shall be lawful for Parliament to make laws for the whole or any part of the territory of India with respect to that matter while the resolution remains in force."

ইত্যাদি ইত্যাদি। তার মানে এই ২৪৯ ধারার সুযোগে সেণ্টার যে কোন আইন প্রদেশ সম্বন্ধে করতে পারেন। কোন ষ্টেটএর ব্যাপারে যদি সেণ্টার কোন আইন করেন তবে তা চিরস্থায়ী হতে দেওয়া উচিত নয়, তাই গঠনতন্ত্র অনুযায়ী সেটা বছর বছর এসে থাকে এবং তাতে বাধিত হবার কারণ নেই। ষ্টেটের যে অধিকার তা বরাবরের জন্য কেড়ে নেবেন কেন? আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় কর্মনিষ্ঠ লোক। অবশ্য ভাল কাজের মধ্যে মন্দ আছে আবার মন্দ কাজের মধ্যে ভাল আছে। প্রধান মন্ত্রী যতদিন যা খাটেন তাতে লাভবান বড় লোকেরা হয়, গরীবেরা হয় না। শরীর তাঁর ভাল নয়, কিছুদিন অবসর নিলেই সব দিক দিয়ে ভাল হত। অনেক কাজই তিনি করে থাকেন, কিন্তু কেন্দ্রে চাপ দিয়ে আমাদের রাজস্ব বাড়ানর জন্য কিছুই করতে পারেন নি। শ্রীকৃষ্ণমাচারী এই বিলটি এনেছেন। দুর্গাপুরের সাধের 'Ruhr' তৈরী করার ব্যাপারে এবং মৌপিওকার ব্যাপারে এই কৃষ্ণমাচারী কি করেছেন তা প্রধানমন্ত্রীই বলুন। প্রধানমন্ত্রী তো দেশের ইনডাষ্ট্রী গড়বেন বলেন, কিন্তু যদি প্রদেশের হাত থেকে সব এইভাবে চলে যায় তবে কি দিয়ে কি করবেন? র-জুট এইভাবে কেন্দ্র নিয়ে গেলে, তার উপর পারচেজ ট্যাক্স তিনি বসাতে পারবেন না। গঠনতন্ত্র বিধিবদ্ধ হবার পূর্বে তিনি আমদানী রপ্তানীর উপর সেলস ট্যাক্স বসাননি। তা বসালে আজ আইন অনুযায়ী তিনি ক্ষতিপূরণ পেতে পারতেন, আবার পার্চেজ ট্যাক্স বসানর সুযোগও ছেড়ে দিচ্ছেন। বড় লোকদের উপর তাঁর যত দরদ। যদি আজকে র-জুট তাঁর হাতে থাকে তিনি সেখানে পার্চেজ ট্যাক্স বসাতে পারেন। তা না করে কেবল বলবেন এটা আমরা কি করতে পারি, ওটা কি করা যায়? এদিকে এই যে ২৪৯ ধারা তাছাড়াও ২৬৩ ধারা আছে যাতে ইচ্ছা করলে, বিভিন্ন ষ্টেটএ গোলমাল করলে প্রেসিডেণ্ট কাউন্সিল বসাতে পারেন। কিন্তু সে সব দিক দিয়ে না গিয়ে অন্যায় মত প্রদেশের ক্ষমতা কেন্দ্র কেড়ে নিতে চাচ্ছেন। এমন কি বিহার বলছে এই ৩৬৯ ধারার পাঁচ বছরের জন্য মেয়াদ বাড়িয়ে দাও। এ্যামেণ্ডমেণ্ট করতে হয় ৩৬৯ ধারার কর। বরাবরের জন্য ক্ষমতা কেন্দ্রের হাতে দিতে তারাও আপত্তি করছে। আমাদের প্রধানমন্ত্রী কিন্তু নির্বিবাদে মেনে নিচ্ছেন। কনকারেণ্ট লিষ্টের মধ্যে দেখে প্রধানমন্ত্রী ভাবছেন কেন্দ্র আমাদের রেহাই দিয়ে দেবে, তা কখনো ভাববেন না। কনকারেণ্ট লিষ্টে আছে বলে পাটের সম্বন্ধে বাংলার কখনও আর কোন কথা বলবার শক্তি থাকবে না। বাঙালী যতটা অসাম্প্রদায়িক প্রাদেশিকতা দোষশূন্য এমন আর কেউ নয়। আমরা কোন কথাই বলি না যখন দেখি আসানসোল থেকে কাঁচরাপাড়া পর্য্যন্ত কোন জায়গায় আমাদের পাত্তা নেই। আমরা সাম্প্রদায়িক নই, প্রাদেশিকতা দোষে দুষ্ট নই, কিন্তু তাই বলে 'হেড আই উইন, টেল ইউ লুজ' এ নীতি সমর্থন করা যায় না। আমাদের চাষীরা রোদে পুড়ে বৃষ্টিতে ভিজে যা করে—জুট ইণ্ডাষ্ট্রী বলতে কিন্ড টু

ফ্যাক্টরী ধরতে হবে—১৫ লক্ষ বাঙালী চাষী অমানুষিক পরিশ্রম করে যা সৃষ্টি করে তার স্বার্থ আমাদের ষ্টেটের থাকবে না এটা কোনমতে হতে পারে না। কনকারেণ্ট লিষ্টের কথা ভেবেই নিশ্চিন্ত হবার কারণ নেই। ২৫৪ ধারা দেখুন যদি কোন মতবিরুদ্ধ হয় ষ্টেট ও সেণ্টার আইনে ইনকনসিস্‌টেন্সি দেখা দেয় তা হলে সেণ্টারএর আইনই বলবৎ হবে।

"Inconsistency between laws made by Parliament and laws made by the Legislatures of States".

"If any provision of a law made by the Legislature of a State is repugnant to any provision of a law made by Parliament which Parliament is competent to enact, or to any provision of an existing law with respect to one of the matters enumerated in the Concurrent List, then, subject to the provisions of clause (2), the law made by Parliament, whether passed before or after the law made by the Legislature of such State, or, as the case may be, the existing law, shall prevail and the law made by the Legislature of the State shall, to the extent of the repugnancy, be void".

কাজেই তারা যা করবেন তাই হবে, আমাদের আর কিছু করতে দেবেন না। সুতরাং সভাপাল মহাশয়, আমার অনুরোধ তার কাছে তিনি শক্ত হয়ে দাঁড়ান এবং এ ব্যাপারে সমস্ত লেজিসলেচার তার পিছনে দাঁড়াবে। নতুবা শুধু বিরোধী দল আমরা বললাম আর শেষ হয়ে গেল এ হ'লে দেশের সর্বনাশ হবে। তিনি হয় ত নিশ্চিন্তে বসে বলবেন পণ্ডিত নেহেরু আছেন সিলেক্ট কমিটিতে সুতরাং আর কিছু বলার দরকার নেই। এটা মোটেই যুক্তিযুক্ত নয়। উনি তো দিল্লীর দরবারে ঠাঁই নেই তাই আমাদের এসে ঠ্যাঙান। যেমন শিক্ষক আন্দোলনের সময় আমাদের অনেককে ঠেঙিয়ে ছিলেন। যাই হক, আমরা বলছি যদি তিনি এই একটা ব্যাপার নিয়ে সাহস করে দাঁড়ান আমরা তাঁর পিছনে দাঁড়াব। এরকমভাবে যদি দেশের স্বার্থরক্ষার ব্যাপারে তিনি দাঁড়ান আমরা তাঁর পক্ষ নিশ্চয়ই নেব।

[4-10—4-20 p.m.]

**Sj. Tarapada Bandyopadhyay:** Mr. Speaker, Sir, I oppose this resolution on principle and on many other grounds. As has been pointed out by Haripada Babu, Sir, our Constitution is a sacred and almost sacrosanct document and there should be a convention that this sacred document should be very seldom touched or altered or changed. It must be understood by all, Sir, that this is the mooring, this is the background of all our activities, of all our ambitions and aspirations both national and individual. The individual and the nation find some safety and security in the provisions of the Constitution, and it is with reference to this position that he treads out his path, he puts in his energies and efforts in the upliftment of the individual as also of the nation and the country, but if it is the experience of the individual that this is not a sacrosanct provision, that this sacred document is not sacrosanct, and that it can be changed at any time, then certainly he will be failing to get proper initiative and he will put in his activities only half-heartedly and in a halting manner. That would certainly retard the progress of the individual as also of the nation as a whole. Therefore, my submission is that there should be a convention like this that this should not be touched, that this precious document of the Constitution should not be lightly touched. Of course it can be touched when there is a national emergency or where there is very much urgency of the situation, and at that time no State Legislature or the Central Legislature will disoblige a motion like that for the amendment of the Constitution. Is there any such urgency at the present time? Certainly not. Now, Sir, the genesis of this amendment is that certain important matters which were exclusively the subject-matter of legislation by the State are being taken over by the Central Government by putting them in or within the third list, i.e., the Concurrent List of the Seventh Schedule of the Constitution. Now it is well known that when there is a concurrent jurisdiction both of the Central Government as also of the State Legislature to legislate over a particular thing, a particular subject, then certainly, as

was pointed out by Haripada Babu and as is the provision of the Constitution and as is also the principle of jurisprudence, steps taken or legislation passed by the Central Government would get the better of the legislation passed by the State Legislature on the self-same subject. The steps taken or the legislation passed by the State Government cannot be valid to the extent of its repugnancy to the legislation passed by the Central Government. Therefore, we cannot say that it would be a solace to us to say "well, these things which were exclusively the subject-matter of State legislation are not being put in List I, but in List III, i.e., the Concurrent List"—that is no solace. Sir, the scheme of the Constitution is that, and it was the tacit understanding between the States and the Centre when this Constitution was being passed and even before the Constitution was being passed that all the States should exercise autonomy to the fullest extent, and the principle was that barring communication, barring defence, barring foreign matters and such other subjects, the States should be autonomous. Seen from another point of view, industries should be taken over exclusively by the Central Government, but agriculture and food and so on—they are to be given to the exclusive jurisdiction of the State Governments. Now, this position is being disturbed. Not only this will disturb Provincial Autonomy, but the psychological effect of this would not at all be happy on the State concerned, and the internal economy of the State would be seriously disturbed. You take over cotton, you take over jute, you take over paddy, you take over everything out of the sphere of State legislation, but those are the mainstay of the provincial economy of the State, and if these are interfered with, how can the State stand? So far as Bengal is concerned, you know very well, Sir, that we are almost on the verge of a precipice. We do not know whether we will fall or stand, whether our national economy will be completely ruined or shattered, or it will resuscitate or survive by some miracles. So, under these circumstances, would it be wise for this State Legislature to pass, to accept the resolution that has been just now moved? As was pointed out, Sir, and as we find from the proceedings of the Central Legislature, before this Bill was moved there, before this Bill was discussed there the State Legislatures or the State Governments had been consulted, and it is found that Bombay, Bihar and certain other important States did not agree to a proposal like this, but we are extremely sorry that our Government should have gone to the fullest extent to support this sinister, this ulterior move on the part of the Central Government. Certainly it is not to the credit of Dr. Roy or of his Government or of the great Bengali nation. Therefore, we hang down our head in shame when we found in the proceedings that our Government agreed to a proposal like this, when we were consulted even before the Bill was moved by the Central Government in the Central Legislature. Therefore, Sir, from all these points of view I should say that this is a wrong step. Well, Dr. Roy has said that there is no such urgency or emergency at the present moment, but it may well be that in future because of inter-State jealousy or animosity, one State may go to pass a legislation in respect of some products within that State in such a way that it may cause inconvenience to other States or it may affect the legitimate interests of other States. But I must submit that there has been no occurrence or occasion like this up to the present time. But you suppose one State becomes so foolish or so selfish or so jealous as to pass a legislation like this and the result would be serious so far as the people of other States are concerned. Sir, herein you are raising a ghost where there is none, and you are trying to shoot the ghost which you yourself are raising. Therefore, I should say that an argument like this is a slur on the good name, on the wisdom and on the fairness of all these States. This is an unfounded slur. This, I submit, is not a fit argument for any State and, for the matter of that, for Dr. Roy for an amendment like this. When

there has been no occasion like this, why should you say that certain occurrences may take place in future and the Central Government would be in a difficulty in order to adjust things when there is some inter-provincial jealousy or inter-provincial animosity? I should say, Sir, that this is not the thing and that should not be our line of argument. On the other hand, we must say that the relationship between the States up to the present moment has been fair, and no State acts in a way as to affect the legitimate interests of any other State, and I must submit that, from the nature of things, from the compulsion of things this should remain the inter-State relation. This sensible relationship should continue for all time to come. Of course, if really the inevitable happens, if there be really such an animosity, racial or inter-provincial and because of that there is some difficulty, then certainly the Government would at that time be justified in taking a step like this, but not now, not before that; because, if we do take a step like this, then certainly we will be disturbing the present internal economy of the State, we shall be disturbing the Provincial Autonomy, and that will have a very bad psychological effect on the State, on the inhabitants of the State, on the citizens of the State and on the economy of the State,

[4-20—4-30 p.m.]

and, consequently, of the whole of India. Therefore, my submission is that we should boldly and stoutly oppose this Bill. We should let the Central Government know that we are not going to be a party to a resolution like this. If they are to pass a legislation like this, they do it on their own responsibility or on the concurrence of certain other States but not at least on the concurrence of the State of Bengal. This is what I submit.

**Sj. Subodh Banerjee:**

মিষ্টার স্পীকার, স্যার, সংবিধানের পরিবর্ত্তনের জন্য যে বিল লোক সভায় গৃহীত হয়েছে এবং যার উপর একটি প্রস্তাব মুখ্যমন্ত্রীমহাশয় নিয়ে এসেছেন, সে সম্বন্ধে বলতে গেলে প্রথম কথা বলতে হয় যে এই বিলটা নিয়ে সংবিধান তিন বার পরিবর্ত্তিত হ'ল। এই পরিবর্ত্তনের ধারা যদি লক্ষ্য করেন, তাহলে দেখবেন যে, সংবিধান পরিবর্ত্তনের উদ্দেশ্য—জনসাধারণের সুখসুবিধা বৃদ্ধি, জনসাধারণকে স্বাধীনতার সুযোগ পরিপূর্ণভাবে দেওয়া নয়, রাজ্যগুলির স্বাতন্ত্র্য এবং স্বাধীনতা বাড়িয়ে দেবার ব্যবস্থা করা নয়, পক্ষান্তরে ব্যক্তিগত স্বাধীনতাকে আরো ক্ষুণ্ণ করা, তা আরও খর্ব্ব করা এবং রাজ্যগুলির স্বাধীনতাকে আরও সীমাবদ্ধ করা। সাধারণের স্বাধীনতা খর্ব্ব করা হচ্ছে পরিবর্ত্তনের উদ্দেশ্য।

প্রথমে সংবিধান পরিবর্ত্তন করে প্রিভেণ্টিভ ডিটেনশন এ্যাক্ট আনা হ'ল এবং ব্যক্তি-স্বাধীনতার গলা টিপে মেরে ফেলা হ'ল। দ্বিতীয়বার যখন সংবিধান পরিবর্ত্তিত হ'ল তখন রাজ্যগুলির স্বাধীনতা বহুলাংশ কেড়ে নেওয়া হ'ল। সংবিধানের ৩১ ধারা সমস্ত প্রগতির অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। জমিদারদের কাছ থেকে জমি কেড়ে নিয়ে গরীব প্রজা ও ক্ষেত-মজুরদের মধ্যে জমি বিলি করে দেওয়ার অন্তরায় তা হয়েছে, বাস্তুহারাদের ঠিকমত পুনর্বাসন করার পক্ষে সে ধারা অন্তরায়। অথচ সেটা অক্ষুণ্ণ রয়েছে। আর পরিবর্ত্তিত হচ্ছে অন্য ধারা। এই পরিবর্ত্তনের দ্বারা ব্যক্তি-স্বাধীনতার কণ্ঠ রোধ করা হচ্ছে, রাজ্যগুলির স্বাধীনতা হরণ করা হচ্ছে। সুতরাং পরিষ্কার করে বলতে হয় এই সংবিধান সংশোধনের একমাত্র উদ্দেশ্য হচ্ছে সমস্ত রাজ্যকে কেন্দ্রের অধীনে আনা, কেন্দ্রের হাতে বেশী ক্ষমতা দেওয়া। এই বিলের দ্বারা কি কি পরিবর্ত্তন হচ্ছে তা দেখা দরকার। আগে কি ছিল, এখন কি হচ্ছে এবং সেই পরিবর্ত্তনের ফলে কি হবে, তা আমাদের দেখা দরকার।

প্রথমে সংবিধানের ৩৬৯ ধারা দেখা দরকার। দেখা যাবে সেখানে কতকগুলি বিষয় কণ্ট্রোল করার ক্ষমতা পাঁচ বছরের জন্য কেন্দ্রীয় সরকারের হাতে দেওয়া হয়েছিল। সেগুলি কি? অন্যান্য জিনিষ ছেড়ে দিয়ে সেগুলি হচ্ছে ট্রেড এণ্ড কমার্স—

"trade and commerce within a State in, and the production, supply and distribution of, cotton and woollen textiles, raw cotton (including ginned

cotton and unginned cotton or *kapas*), cotton seed, paper (including newsprint), foodstuffs (including edible oilseeds and oil), cattle fodder (including oil-cakes and other concentrates), coal (including coke and derivatives of coal), iron, steel and mica.

(বি)তে আরও কতকগুলি আছে। সেগুলি বাদ পড়েছে; বর্ত্তমান বিলে সেগুলি নেই। তারপরেও সেভেনথ সিডিউলের ৩৩নং আইটেমের দিকে যদি দেখি তাহলে দেখবো সেভেন্থ সিডিউলের ৩৩নং আইটেমের কন্‌কারেণ্ট লিষ্টের ৩৩নং বিষয়ে যা আছে, সেগুলি তো রইল, তার সঙ্গে সংযোজিত হ'ল আর একটা বিষয়--
imported goods of the same kind as its products.

এই ৩৩ নম্বরে কি আছে? সে হচ্ছে এই—
Trade and Commerce in and the production, supply and distribution of product of industries where the control of such industry by the Union is declared by Parliament by law to be expedient in the public interest.

কেন্দ্রীয় সরকার যদি মনে করেন কোন শিল্প কণ্ট্রোল করা দরকার বা কোন শিল্পজাত দ্রব্য কণ্ট্রোল করা দরকার, বোধ হয় তাঁদের স্বার্থের জন্য, তাহলে সেই রকম তাঁরা আইন করতে পারেন এবং সেই শিল্প ও শিল্পজাত দ্রব্যের কণ্ট্রোল করবার অধিকার বা সেই সম্পর্কে আইন করবার অধিকার কেন্দ্রীয় সরকারের থেকে যাবে। এটা রাজ্য সরকারও করতে পারেন। কিন্তু কেন্দ্রীয় সরকার আইন করলে তা হবে বলবৎ, রাজ্য সরকারের আইন নয়। এই ৩৩নং বিষয়ের সঙ্গে যোগ করে দেওয়া হ'ল- ইম্‌পোর্টেড গুড্‌স। এছাড়াও ঐ ৩৬৯ নম্বর ধারার ঐ অংশটুকু যা আগে পড়লাম তাও কন্‌কারেণ্ট লিষ্টে দিয়ে দেওয়া হ'ল। ৩৬৯ নম্বর ধারায় যা পাঁচ বছরের জন্য কেন্দ্রীয় সরকারের ক্ষমতা দিল, তা তুলে দিয়ে স্থায়ীভাবে সেগুলিকে কন্‌কারেণ্ট লিষ্টের মধ্যে দিয়ে দেওয়া হ'ল। এর ফলে কি হবে এবার দেখা যাক।

আমরা জানি জাতীয় আন্দোলনের সময় থেকে আরম্ভ করে আজ পর্য্যন্ত রাজ্যগুলিকে যতখানি সম্ভব বেশী স্বাধীনতা দেওয়া যায়, তার জন্য আন্দোলন করে এসেছি। যত কম ক্ষমতা কেন্দ্রের হাতে থাকে তার জন্য আন্দোলন করেছি। এতদিন পর্য্যন্ত সংবিধানে যা ছিল সেখানেও দেখছি ষ্টেট লিষ্ট সেভেন্থ সিডিউল—২৬।২৭ আইটেম তাকিয়ে দেখুন—এই সব বিষয়ে আইন করার পূর্ণ অধিকার রাজ্য সরকারের ছিল। আজ সেই সব সম্পর্কে সমস্ত আইন করবার অধিকার কন্‌কারেণ্ট লিষ্টে চলে যাচ্ছে। ইচ্ছা করলে কেন্দ্রীয় সরকার সেই সমস্ত বিষয়ে আইন করবার অধিকার পাবেন। তারপর কি হবে? যদি কোনদিন কেন্দ্রীয় সরকার ইচ্ছা করেন সে বিষয়ে নূতন করে আইন করার, তাহলে রাজ্য সরকার কর্ত্তৃক সেই বিষয়ে করা আইন কেন্দ্রের আইনের পরিপন্থী হলে, তা নাকচ হয়ে যাবে। কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের আইনকে নাকচ করে দিয়ে আইন করতেও পারবেন। এতদিন যেগুলি রাজ্য সরকারের এক্তিয়ারে ছিল, আজ তা এই আইনের বলে কেন্দ্রীয় সরকারের হাতে চলে যাচ্ছে। আমরা জানি ডাঃ রায় বা কৃষ্ণমাচারী বক্তৃতা দিয়ে বলবেন যে কনকারেণ্ট লিষ্টের মানে এই নয় যে রাজ্য সরকারের ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে দেওয়া। কেন্দ্রীয় সরকারও আইন করতে পারবে, রাজ্য সরকারও আইন করতে পারবে। কিন্তু এটাও আমরা জানি কনকারেণ্ট লিষ্ট মানে হচ্চে কেন্দ্রীয় সরকারের যদি মত না পাওয়া যায়, তাহলে রাজ্য সরকার সে বিষয়ে আইন করতে পারবেন না। বাংলাদেশের উপর কেন্দ্রীয় সরকারের যে বিমাতৃসুলভ ব্যবহার এতদিন ধরে আমরা লক্ষ্য করছি, তাতে পরিস্কার মনে হয় যে কেন্দ্রীয় সরকার যে সেই রকম ব্যবহার করবেন না, তার কোনই নিশ্চয়তা নাই।

গত বছর ডাঃ রায় বলেছিলেন পেট্রোলের উপর সেল্‌স ট্যাক্স বাড়নোর যখন কথা হয়, তখন রাষ্ট্রপতি মত দিলেন না যাতে করে সেই ট্যাক্স বাড়ানো যেতে পারে। আমরা বুঝি এই রাজ্যের ধনীদের উপর বেশী করে ট্যাক্স চাপান দরকার। কিন্তু তারজন্য যদি কেন্দ্রীয় সরকারের মুখের দিকে তাকিয়ে থাকতে হয়, আর কেন্দ্রীয় সরকার যদি 'না' বলেন, তাহলে আমরা তা বাড়াতে পারবো না। আমরা এই ধরণের নীতি মেনে নিতে পারি না। আমাদের রাজ্যে আমাদের পূর্ণ অধিকার থাকবে। কাদের উপর ট্যাক্স বাড়াবো, কোন্ কোন্ জিনিষ কণ্ট্রোল করবো, সেই বিষয়ে আইন করার অধিকার আমাদের থাকা উচিত। এই অধিকার যদি আমাদের থেকে কেড়ে নেওয়া হয়, তাহলে আমাদের স্বাধীনতা ক্ষুন্ন হয়। তাতে আমাদের মত ঘাটতিতে ভোবা রাজ্যগুলোর বিপদ বাড়বে। বাংলাদেশে যে পাটকল আছে, তা বাংলার পাটে স্বয়ং-সম্পূর্ণ নয়। তার জন্য বাংলাকে পাট

আনতে হয় বিহার থেকে, আসাম থেকে, উড়িষ্যা থেকে। আজ যদি সেই সমস্ত রাজ্য পাটের চড়া দাম বেঁধে দেয়, তাহলে বাংলার চটকলগুলো বিপদে পড়বে। ডাঃ রায় বলেছেন—এই জিনিষটা বন্ধ করবার জন্যই এই আইন করছেন। এ বাজে কথা।

[4-30—4-40 p.m.]

উল্টো কথা জিজ্ঞাসা করি—পাট কি এডিবল গুড্স, না পাট কমার্সিয়াল গুড্স? পাট খাবার জিনিষ নয়, শিল্পের কাঁচামাল। পাট সেই কিনবে যে পাটকে কাজে লাগাতে পারে, যে পাটের ফিনিশড্ গুডস, ম্যানুফ্যাকচার্ড গুড্স তৈরী করতে পারে। সে ক্ষমতা আছে বাংলাদেশের। সুতরাং আসাম বা অন্ধ্র বা বিহার যদি পাট তৈরী করে তাদের বাজারের জন্য তাকিয়ে থাকতে হবে বাংলার দিকে; কারণ বাংলা যদি পাট না কেনে তাহলে তাদের জিনিস বিক্রী হবে না। আমি উদাহরণ দেব: পাকিস্তান বলেছিল পাট দেব না। যখন পাকিস্তান এই কথা বলেছিল এবং যে কণ্ট্রাক্ট হয়েছিল সে কণ্ট্রাক্ট তারা যখন রাখে নি, তখন ভারতবর্ষের কিছু অসুবিধা হয়েছিল। তারপর ভারতবর্ষ পাট উৎপাদন করবার চেষ্টা করতে লাগল, তাড়াতাড়ি কোরে যাতে বেশী পাট পেতে পারে। দেখা গেল পাট বেচার গরজ পাকিস্তান সরকারের বেড়ে গেছে; কারণ পাকিস্তানের পাটের মার্কেট আর কোথায় ভারতবর্ষের বাজার ছাড়া? সুতরাং হয় তাকে পাটশিল্প গড়ে তুলতে হবে, নচেৎ ভারতবর্ষের পাটের বাজারে তাকে পাট বিক্রী করতে হবে। সেই রকম অন্যান্য রাজ্যও যে পাট তৈরী করছে তার জন্য হয় সেখানে নূতন কোরে পাটশিল্প গড়তে হবে, নতুবা ঐ পাট বাংলাদেশে বিক্রী করতে হবে। সুতরাং ঐ রাজ্যগুলি পাটের একটা চড়া দাম বলে দেবে, আমরা কিনতে পারব না। তারজন্য কেন্দ্রীয় সরকারের কণ্ট্রোল দরকার—ডাঃ রায়ের এ-যুক্তি অচল। এ জিনিসটা বোঝা দরকার; কারণ তারা নিজের গরজেই বাংলাদেশের নিকট পাট বিক্রী করতে বাধ্য হবে। আমাদের যেমন কেনার গরজ, তাদেরও তেমনি বিক্রী করার গরজ আছে। সুতরাং ঐ দু'রকম গরজের মাঝখানে কেউ একটা বিরুদ্ধ মতবাদ বা হোষ্টাইল এ্যাটিচিউড নিয়ে চলতে পারে না। সুতরাং ডেফিসিট ষ্টেট- সেজন্য কণ্ট্রোল দরকার—এযুক্তি যুক্তিই নয়। তা ছাড়া আমার আর একটি বক্তব্য- আমি মনে করি না যে সংবিধান সেক্রোসেণ্ট—অপরিবর্তনীয়। আমি বলি আইনের জন্য মানুষ নয়, মানুষের জন্যই আইন। মানুষের ভালর জন্য যদি আইনকে পরিবর্তন করতে হয়, তাহলে আইনকে একবার নয় হাজার বার পরিবর্তন করতে হবে। মানুষের সুখ-সুবিধা বৃদ্ধির জন্য যদি সংবিধান বদলাবার দরকার হয়, যদি খোল নলচে বদলে নতুন সংবিধান করবার দরকার হয়, তাও করতে হবে। সুতরাং গঠনতন্ত্র বদলালেই "সব চলে গেল" এযুক্তি আমার নয়। আমার যুক্তি এই যে এই পরিবর্তনে জনসাধারণের ভাল হ'ল কিনা; রাজ্যগুলির স্বাধীনতা বৃদ্ধি পেল কিনা- -এই মাপকাঠিতেই পরিবর্তন বিচার করতে হবে। দেখতে হবে কেন্দ্রের হাতে ক্ষমতা বেশী গেল কিনা; আমাদের ক্ষমতা ক্ষুণ্ণ হ'ল কিনা। এই দিক থেকে বলব, এই যে পরিবর্তন গঠনতন্ত্রে আনার চেষ্টা হচ্ছে তাতে পশ্চিমবঙ্গ সরকার বা এই ধরণের রাজ্যগুলির হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে কেন্দ্রীভূত করা হচ্ছে। যেটা রাজ্যের ক্ষমতা, সেটা হরণ কোরে কেন্দ্রীয় সরকারের হাতে তা দেবার চেষ্টা হচ্ছে—সেইদিক থেকে আমরা এই পরিবর্তনের বিরোধিতা করি। আর সেইজন্যই আমি এই সংশোধন এনেছি "উইথ রিগ্রেট"। আমি নীতিগতভাবে এই পরিবর্তনের বিরোধী। কিন্তু একটা পরীক্ষার জন্য, যাতে এই বিধান সভায় একটা হেলদি কনভেনশান সৃষ্টি করতে পারি তারজন্য আমার সংশোধন। এইজন্য এই "উইথ রিগ্রেট" দিয়ে সংশোধন দিয়েছি। আমার বক্তব্য সংবিধান সংশোধনের এই প্রস্তাবের বিরোধিতা করা দরকার—যা অন্যান্য রাজ্যেও করেছে। যদি ডাঃ রায় মনে করেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে তাঁরা এরকম বিরোধ করতে পারেন না, তাহলে যা ৩৬৯ ধারায় যেভাবে ছিল—৫ বছর ছিল, সেইভাবেই পরিবর্তন করুন; ৫ বছর আরও ৫ বছর বাড়িয়ে দেওয়া হউক। এটাকে স্থায়ী হিসাবে কনকারেণ্ট লিষ্টে দেওয়া যেতে পারে না। এতে অসুবিধা কিছুই নাই। আমরা জানি যদি কোন দিন প্রয়োজন হয়—ধরে নিলাম এক রাজ্য অন্য রাজ্যের সঙ্গে অসদ্ব্যবহার করলে—তর্কের খাতিরে ধরলাম যদি তাই হয়, তবে কেন্দ্রীয় সরকারের হাতে পরিষ্কার ক্ষমতা থাকবে তাঁরা আইন কোরে দিতে পারবেন। তবে আগে থেকে কেন ধরে নেব যে এই রকম হবে এবং তারজন্য স্থায়ী আইন কেনই বা করতে যাব? আর একটা জিনিস-- একবার যদি এই বিষয়গুলি কনকারেণ্ট লিষ্টে চলে যায় তাকে বদলাবার অসুবিধা আছে। সুতরাং কেন আমরা পাকাপাকিভাবে বিষয়গুলি কনকারেণ্ট লিষ্টের ভিতর দিতে যাই? অল্প সময়ের জন্য কনষ্টিটিউশনের ৩৬৯ ধারাকে যদি বাড়িয়ে দেই তাহলে কোন অসুবিধা নাই বলেই মনে করি।

এদিক থেকে আমাদের দাবী যে বিলের যে সংশোধন এসেছে তাকে রিজেক্ট কোরে দেওয়া উচিত, র‍্যাটিফাই করা উচিত নয়।

**Sj. Hemanta Kumar Basu:**

স্পীকার মহাশয়, ভারতবর্ষের জনতার দুঃখ-দুর্দ্দশা দূর করার জন্য, জনতার অধিকার প্রতিষ্ঠিত করবার জন্য এবং ভারতবর্ষে বর্ত্তমানে যে সমাজ ব্যবস্থা আছে—যে শোষণের ব্যবস্থা আছে, সেই সমাজ-শোষণ থেকে জনগণকে মুক্ত করে বাস্তবিক সমাজতান্ত্রিক সরকার ও সমাজ গঠনের পরিকল্পনা নিয়ে যদি কনষ্টিটিউশনের কোন এমেণ্ডমেণ্ট হ'ত, সংশোধন করা হ'ত, তাহলে আমরা সকলেই সমর্থন করতাম। কিন্তু কনষ্টিটিউশন এমনভাবে সংশোধন করা হচ্ছে যাতে জনসাধারণের অধিকার, বিভিন্ন রাষ্ট্রের অধিকার, বিভিন্ন রাষ্ট্র যে তাদের নিজেদের বাণিজ্য নীতি স্থির করবার জন্য, উৎপাদন নীতি স্থির করবার, তাদের বণ্টন নীতি স্থির করবার যে অধিকার তাদের আছে—সে অধিকার যাতে তারা আর নিরঙ্কুশভাবে ভোগ করতে না পারে ঠিক সেইরকমভাবে এই কনষ্টিটিউশন সংশোধন করা হচ্চে।

কনষ্টিটিউশন যখন তৈরী করা হয়েছিল তখনকার জাতির তদানীন্তন যে অবস্থা সেই অবস্থা বিবেচনা করে এবং উন্নয়নমূলক পন্থা অবলম্বন করে যতখানি সম্ভব এগোবার চেষ্টা করা হয়েছিল। কিন্তু আজ এই কনষ্টিটিউশন পরিবর্ত্তন সম্বন্ধে কেন্দ্রীয় গভর্ণমেণ্টের যে নীতি দেখা যাচ্ছে তাতে এই হচ্ছে যে বিভিন্ন রাষ্ট্রের যে অধিকার আছে সে অধিকারের উপর হস্তক্ষেপ করা হবে। অশোক মেটা বলেছেন—বাজেট বিতর্কের সময় পাট প্রায় ৩০০ পার্সেণ্ট বেড়ে গেছে; তুলো প্রায় ১০০ পার্সেণ্ট বেড়ে গেছে; কাজেই এইরকমভাবে যখন বিভিন্ন রাষ্ট্র তাদের নিজেদের চেষ্টায় তারা তাদের উৎপাদন বাড়িয়ে চলেছে তখন সেই উৎপাদন কণ্ট্রোলের ক্ষমতা কেন্দ্রীয় গভর্ণমেণ্টে নেওয়ার বিশেষ কোন যুক্তিযুক্ততা পাওয়া যাচ্ছে না। যদি কোন সঙ্কটের অবস্থা সৃষ্ট হয় বা এমন অবস্থা ঘটে, যাতে বিভিন্ন রাষ্ট্রে কোন বিশেষ অসুবিধা বা অনর্থের সৃষ্টি হ'তে দেখা যায়, তাহলে পরে হয়ত এই কনষ্টিটিউশন পরিবর্ত্তন করবার যুক্তিযুক্ততা থাকতে পারে। কিন্তু এখন যেভাবে কনষ্টিটিউশন পরিবর্ত্তন করা হচ্ছে, যেভাবে বিভিন্ন রাষ্ট্রের অধিকারের উপর হাত দেওয়া হচ্ছে, তাতে আমরা এটাকে কোন মতেই সমর্থন করতে পারি না।

[4-40—4-50 p.m.]

১৯৪৭-৪৮ সালে যে মাল উৎপাদন হয়েছিল এই উৎপাদনকে কণ্ট্রোল করার মানে প্রডাকশনকে কণ্ট্রোল করা। বিভিন্ন জায়গায় যে সমস্ত চাষীরা যে সমস্ত উৎপাদন করবে সেই উৎপন্ন কমোডিটি যখন সেণ্ট্রাল গভর্ণমেণ্ট কণ্ট্রোল করবে তখন সাধারণ উৎপাদক কণ্ট্রোল ব্যাপারে কেন্দ্রীয় গভর্ণমেণ্টের হাতে গিয়ে পৌঁছচ্ছে। বিভিন্ন রাষ্ট্রের উৎপাদন ব্যাপারে কেন্দ্রের অধিকার থাকবে কি রাষ্ট্রের অধিকার থাকবে, আমার বন্ধুরা বলেছেন—কেন্দ্র ইচ্ছা করলে রাষ্ট্রের অধিকারে হস্তক্ষেপ করতে পারবে। যখন এই আইন হয়েছিল—আমি পূর্বেই বলেছি যে আইন করবার সময় দেশময় যে অবস্থা ছিল সেই অবস্থায় মাত্র ৫ বৎসরের জন্য এই আইন করা হয়েছিল—৩৬৯ ধারা। কিন্তু আজকে সেই অবস্থায় পরিবর্ত্তন হয়েছে। আজকে সেদিক থেকে এই আইনকে পরিবর্ত্তন করার যে প্রস্তাব আজ এসেছে কন্‌কারেণ্ট লিষ্ট, বিশেষ পশ্চিমবাংলায় জুট বা খাদ্য ব্যাপারে যদিও গত ২ বৎসর তারা অনেকখানি সমাধান করবার চেষ্টা করেছে বটে কিন্তু এই খাদ্য ব্যাপারে যদি পশ্চিমবাংলার কোন দায়িত্ব থাকে তাহলে পশ্চিমবাংলা যাতে খাদ্য সম্বন্ধে স্বয়ং-সম্পূর্ণ হয় সে ব্যাপারে দায়িত্ব পুরাপুরি পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টের—এ ব্যাপারে তারা যেন কেন্দ্রীয় সরকারের দিকে তাকিয়ে না থাকে। তবে যদি কোন এমার্জেন্সি বা দুরূহ ঘটনা ঘটে সেই এমার্জেন্সি ব্যাপারে কেন্দ্রীয় গভর্ণমেণ্টের সব সময় অধিকার থাকবে সেই বিশেষ ব্যাপারে হস্তক্ষেপ করবার। এবং এই হস্তক্ষেপ ব্যাপারে যাতে রাষ্ট্রের কল্যাণ হয়, মঙ্গল হয়, সেদিকে দৃষ্টি রেখে তারা কাজ করবে। কাজেই এই সব সম্বন্ধে বিবেচনা করে আমার মনে হয় যে এই যে সংশোধনী প্রস্তাব যা পার্লিয়ামেণ্টে এসেছে এবং যে প্রস্তাব সমর্থন করবার জন্য প্রধানমন্ত্রী এনেছেন, আমরা তার সম্পূর্ণ বিরোধিতা করি।

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Sir, we of the Opposition are opposing this amendment though it is already a settled fact, because it has been passed by the Parliament. Sir, we still feel that we should have our note of dissent recorded.

Before I discuss the amendments in question, I would like to know from the West Bengal Government as to why and when they had conveyed their approval to the proposed amendments. We find, Sir, from the speech of Mr. T. T. Krishnamachari that the West Bengal Government was already

a party to this amendment. He says: "To sum up, the reactions of the State Governments of Hyderabad, Mysore, Orissa, Rajasthan, Saurasta, Travencore-Cochin and West Bengal have broadly at one time or other indicated their acceptance of the provisions of the proposed measure." We would like to hear from Dr. Roy whether he is now supporting this amendment because it has been sent to him, or he, as it is stated here, was a party to this amendment being brought. If so, Sir, we would like to know how did he feel that these amendments were in the interest of West Bengal.

Sir, Article 369 of the Constitution provided that the Centre should have power over these things for a period of five years, because in the situation as was then it was necessary that the Centre should have powers. As a matter of fact, while the Centre was being given the powers over foodstuffs and other things, the makers of the Constitution were definitely of opinion that when the after-effect of war was gone, when the after-effect of partition was removed there would not be any occasion for such restrictions to justify such powers for the Centre, and the States may have these powers. We find that even the provisions of the Constitution are being given a go-by without really any tangible reason whatsoever. It only indicates that the Centre is anxious to have all powers allotted to them for all time to come. If that be so, Sir, we simply wonder how could our Government be a party to it before bringing this measure before Legislature.

**Sj. Ganesh Ghosh:**

মিঃ স্পীকার, স্যার, কনষ্টিটিউশনের ৩৬৯ ধারা পরিবর্ত্তন করা হচ্ছে। কিন্তু আশ্চর্য্যের কথা সেকথা বলা হচ্ছে না। ৩৬৯ ধারায় কেন্দ্রের যে কতকগুলি ক্ষমতা ছিল, যেগুলি পাঁচ বৎসরের জন্য কেন্দ্রকে দেওয়া হয়েছিল সংবিধানানুযায়ী, সেই পাঁচ বৎসর ফুরিয়ে যাওয়ায় ২৫শে জানুয়ারী ১৯৫৫ সালে, সেই ক্ষমতা কেন্দ্রের হাতে নেই। সেই ক্ষমতা প্রদেশের হাতে চলে এসেছে। কিন্তু আজ কেন্দ্রীয় সরকার চাইছেন সেই ক্ষমতাগুলি কেন্দ্রের হাতে থাকুক। কি তারা যুক্তি দিচ্ছেন? এখানে বলা হয়েছে ফুড পজিশন ভাল।
But it will not be useful to the Centre to deprive itself of all legal power to control, supply, production and distribution.

Trade and Commerce within a State in, and the production, supply and distribution of, cotton and woollen textiles, raw cotton (including ginned cotton and unginned cotton or *karpas*), foodstuffs (including edible oilseeds and oil), cattle fodder (including oil-cakes and other concentrates), coal (including coke and derivatives of coal), iron, steel and mica;

এইটে ৩৬৯ ধারায় ছিল—

কোন্ জিনিষগুলি? যে জিনিষগুলি ৩৬৯ ধারা অনুসারে কেন্দ্রের ছিল সেগুলি আজ পাঁচ বৎসর বাদে কেন্দ্রের থাকছে না।

[4-50—5 p.m.]

তারপর বলা হয়েছে, এখানে সর্ত্ত হিসাবে দেওয়া আছে—
"but any law made by Parliament, which Parliament would not but for the provisions of this article have been competent to make, shall, to the extent of the incompetency, cease to have effect on the expiration of the said period."
সেটার পরটা কি উপরে লিখা আছে—

"Notwithstanding anything in this Constitution, Parliament shall, during a period of five years from the commencement of this Constitution, have power to make laws with respect to the following matters ...."
সেই পাঁচ বৎসরের পাওয়ার ১৯৫৫ সালের ২৫শে জানুয়ারী শেষ হ'য়ে গিয়েছে, কিন্তু যেটা কেন্দ্রীয় সরকার মনে করেছেন,

It will not be advisable for the Centre to be divested of all legal powers to control their production——.

সেজন্যে সেই ক্ষমতা তার চাই এটা যুক্তি নয়। যদি তাঁরা বলতেন যে সারা ভারতবর্ষের মধ্যে বিশেষ করে কতকগুলি প্রদেশের

"foodstuffs including edible oilseeds and oil, cattle fodder including oil-cakes and other concentrates, raw cotton, whether ginned or unginned, and cotton seed; and raw jute"

ইত্যাদি সম্পর্কে বিভিন্ন রাষ্ট্রের মধ্যে স্বার্থের সংঘাত দেখা দিয়েছে—যেমন বাংলা এবং বিহার রাজ্যের সম্বন্ধে সত্যই দেখা দিয়েছে, তেমনি যদি এই সমস্ত বিষয়ের উপর সংঘাত দেখা দিত তাহলে কেন্দ্র যদি বলতেন যে তার ক্ষমতা হাতে থাকা দরকার তাহলে গুরুত্ব দিয়ে বলতে চেষ্টা করত; কিন্তু আজকে সেরকম পরিস্থিতি কোথায়? কেন্দ্রীয় সরকার বলেছেন,

"The position in respect of foodstuffs and cattle fodder at present is fairly comfortable", তা সত্বেও "because it is not advisable to be divested of all legal powers to control production, supply and distribution of these things."

তাই প্রদেশের হাতে এই জিনিষগুলির উৎপাদন, সরবরাহ, বিতরণ ইত্যাদি, ব্যবসাবাণিজ্য করবার ক্ষমতা থাকবে না, তাঁরা ক্ষমতা চাইছেন। শুধু যে কন্‌কারেণ্ট লিষ্টে রেখে দেবেন তা নয়। শ্রীকৃষ্ণমাচারী বলেছেন ক্ষমতা পাওয়ার দরকার। তবে যখন লোকসভায় পেশ করা হয়েছিল তখন বলেছিলেন এই ক্ষমতাগুলি কেন্দ্রের থাকা দরকার, কারণ কেন্দ্র এগুলি ব্যবহার করবে। সুতরাং কন্‌কারেণ্ট লিষ্টে থাকলে আমাদের খুসী থাকা উচিত নয়। পাট সম্বন্ধে হরিপদ বাবু বলেছেন, সেই নীতির কথাটা আমরা বলব। নীতির দিক থেকে আমরা আপত্তি করব। কেন্দ্রের হাতে ক্ষমতা ছেড়ে দেওয়া উচিত নয়। সঙ্কটজনক পরিস্থিতি যখন নেই তখন সংবিধানের পরিবর্ত্তন করার কি প্রয়োজন হ'ল? সংবিধান অবশ্য সেক্রোসেণ্ট বলে মনে করি না। একবার পরিবর্ত্তন করলে আর করা যাবে না এ মনে করি না। আমরা দাবী করেছি সারা ভারতবর্ষের স্বার্থে পরিবর্ত্তন করা হোক—জমিদারদের ক্ষতিপূরণ দেওয়ার ধারার পরিবর্ত্তন করা হোক; আমরা দাবী করেছি জনসাধারণের ব্যক্তিগত অধিকার, ব্যক্তি-স্বাধীনতা খর্ব করার ধারাগুলি পরিবর্ত্তিত করা হোক, তাহলে জনসাধারণ বুঝতে পারবে তারা স্বাধীনতা পেয়েছে। তা না করে এমনভাবে সংশোধিত করা হচ্ছে যাতে রাজ্যের ক্ষমতাগুলি সঙ্কোচিত করা হচ্ছে। যখন এই পরিবর্ত্তনের সূচনা করা হয়েছিল ৩৬৯ নং ধারা সংযোজিত করা হয়েছিল তখন এই পরিবর্ত্তনের ক্ষেত্র অর্থাৎ কনষ্টিটিউয়েণ্ট এসেম্ব্লী—তাদের ভিতরে নানাবিধ সংশোধনী প্রস্তাব এসেছিল, কিন্তু কোন যুক্তিই তাঁরা নেন্‌নি। আমি আপনাদের তা শুনিয়ে দেব। লোকসভায় যে আলোচনা হয়েছিল তা পড়ছি,

"Suggestions were put forward in the Constituent Assembly to increase the period from 5 to 10 to 15 years but these were turned down. Obviously the framers of the Indian Constitution did not want to confer such powers on Parliament for an indefinite period."

সুচিন্তভাবে তাঁরা এটা বিচার করেন নি। অনেকে বলেছিলেন শাসন নিয়ন্ত্রণ ক্ষমতা কেন্দ্রের হাতে চিরস্থায়ী ভাবে থাকা উচিত, কেউ বলেছিলেন পাঁচ বৎসরের বেশী নয়, তা তাঁরা গ্রহণ করেন নি। তাঁরা বলেছিলেন দেশের অবস্থা যা তাতে কতকগুলি জিনিষ, যেমন খাদ্যশস্য, কটন টেক্সটাইল, র-জুট, যেগুলি আজকে ৩৩ নং লিষ্টে সংযোজিত করা হয়েছে এগুলি কেন্দ্রের হাতে পাঁচ বছরের জন্যে থাকা উচিত। পাঁচ বছরে রাজ্যের অবস্থা ভাল হবে তখন এই ক্ষমতা তাঁদের হাতে দেওয়া উচিত। কিন্তু পাঁচ বৎসর শেষ হয়ে গিয়েছে, দেশের অবস্থা ভাল হয়ে গিয়েছে, এখন তাঁরা পাঁচ বছরের কথা, দশ বছরের কথা বলছেন না, বলছেন চিরকালের জন্য এটা নেওয়া দরকার। এর যুক্তিযুক্ত কারণ দেখান হয় নি। যেটা বিলে বলা হয়েছে সেটার কোন যুক্তি নেই। আশা করেছিলাম ডাঃ রায় যুক্তি দেবেন, তাও তিনি দিচ্ছেন না। আমাদের রাজ্যের ক্ষমতা সঙ্কুচিত করা হচ্ছে। যদি কোন এমার্জেন্সি দেখা দিত তাহলে সেই অবস্থায় কেন্দ্র যদি এই নিয়ন্ত্রণ-অধিকার নিতেন তাহলে বক্তব্য কিছু থাকত না। বিভিন্ন রাজ্যের মধ্যে সংঘাত দেখা দিত, তাহলে বলার কিছু থাকত না। কাউন্সিল অব ষ্টেটে এসম্বন্ধে এক বছরের জন্য আইন করা যেত যে খাদ্যশস্য, তৈল ইত্যাদি সম্পর্কে জেলাসি বিটুইন দি ষ্টেটস দেখা দিয়েছে সুতরাং আইন করা দরকার; সে পথে তাঁরা গেলেন না। এমন কি রাষ্ট্রপালের হাতে ক্ষমতা আছে, কমিশন গঠন তিনি করতে পারতেন, তা করলেন না। কিন্তু কিভাবে পরিবর্ত্তন এখানে করা হয়েছে? যেখানে পাঁচ বছরের জন্যে ছিল সেখানে যদি বলা হ'ত পাচ-এর জায়গায় ১০ বৎসর, ১২ বৎসর বা ১৫ বৎসর-এর জন্য চাইছেন তাহলে বুঝতাম।

[5—5-10 p.m.]

কিন্তু তা না করে গোপনে পিছনের দরজা দিয়ে ৭ নম্বর সিডিউলের কনকারেণ্ট লিষ্টের ভেতর এটাকে ঢুকিয়ে দেওয়া হয়েছে। এটা দেখলে মনে হবে যেন কোন পরিবর্তন হয়নি। আমাদের ভুল বোঝাবার চেষ্টা করা হচ্ছে। এর কারণ আমরা ডাক্তার বিধানচন্দ্র রায়ের কাছ থেকে শুনতে চাই। এটাকে কনকারেণ্ট লিষ্টের ভেতর ঢুকিয়ে দেওয়া হলে, আমাদের রাজ্যের আর কিছু বলবার থাকবে না। আমাদের অভিযোগ আছে যখন গেল সেপ্টেম্বর মাসে পরিবর্তন করা হ'ল, বিভিন্ন রাজ্যের মত চাওয়া হয়েছিল, আমাদের পশ্চিমবাংলারও মত চাওয়া হয়েছিল, সে সময় কেন আমাদের জিজ্ঞাসা করা হ'ল না, সেই সময় জনসাধারণের কাছে প্লেস করা হ'ল না। সংবিধানের অমুক অমুক পরিবর্তন সম্পর্কে মত দেওয়া হচ্ছে। গত বাজেট সেসনেও এটাকে রাখতে পারা যেত। সেই সময় ডাক্তার রায় সরাসরি মত দিয়ে দিলেন। অথচ আমরা জানি পশ্চিমবাংলা মত দিয়েছে কিন্তু ছোট ছোট অনেক রাষ্ট্র মত দেয়নি। আমি আপনাদের এই আলোচনা থেকে শুনিয়ে দেব যে বহু প্রদেশ মত দেয়নি।

**Mr. Speaker:**

হরিপদ বাবু ত সেকথা বলে গেছেন।

**Sj. Ganesh Ghosh:**

লোক সভার আলোচনা থেকে বলে দিচ্ছি যে কারা কারা মত দেয়নি—

The biggest Province in India, the United Provinces, has expressed no opinion. It is not listed there. Four States are opposed—Assam, Bihar, Bombay and Travancore-Cochin.

আবার বলেছেন,

No replies have been received from Madhya Pradesh, Mysore and Madras. Andhra have it under consideration. Agreement has been expressed only by Madhya Bharat, Orissa, Pepsu and Saurasthra

এবং আমাদের এই অভাগা বাংলাদেশ। আমাদের রাজ্যের ক্ষমতা আমাদের দেশে থাকবে সেকথা আমাদের দেশের সরকার ভাবেন না। আমরা জানি না এটা ক্যাবিনেটে আলোচিত হয়েছিল কিনা, আমরা জানি না এটা কংগ্রেস পার্টির অধিবেশনে প্লেস করা হয়েছিল কিনা। বাংলাদেশের যে ক্ষমতা সে ক্ষমতা বাংলাদেশেরই থাকা উচিত। সে ক্ষমতা আমাদের সরকারের বিশেষ করে ডাক্তার বিধানচন্দ্র রায়ের ইচ্ছানুযায়ী বাংলা থেকে কেন্দ্রে চলে যাচ্ছে। আমরা চাই বিভিন্ন রাষ্ট্রের যে ক্ষমতা আছে, সে ক্ষমতা তাদের থাক্ এবং থাকাও উচিত। সংবিধান আমাদের যে ক্ষমতা দিয়েছিল সে ক্ষমতা আমাদের থাকা উচিত। সেই ক্ষমতা ডাক্তার বিধানচন্দ্র রায়ের ইচ্ছায় কেন্দ্রে চলে যাচ্ছে। সেটা অত্যন্ত আপত্তিকর। এই সংবিধান পরিবর্তনে আমরা আপত্তি করছি।

**Sj. Sasabindu Bera:**

মাননীয় স্পীকার মহাশয়, কনষ্টিটিউশন এ্যামেণ্ডমেণ্ট বিল সম্বন্ধে যে প্রস্তাব এসেছে আমি তার বিরোধীতা করছি। কনষ্টিটিউশন সংশোধন করানো তাঁদের হাতে, যাঁদের হাতে রাষ্ট্র শাসন ক্ষমতা আছে। ভোটের জোরে কনষ্টিটিউশন পরিবর্তন করতে পারেন, সেটা কিছুই অসম্ভব ব্যাপার নয়, কিন্তু এটাও দেখা দরকার যে পরিবর্তনের প্রয়োজন আছে কিনা। কনষ্টিটিউসনটা সেক্রেড ডকুমেণ্ট হোক আর নাই হোক, একটা প্রিন্সিপিল হিসাবে সেটাকে রক্ষা করা উচিত। পরিবর্তন যখন করবার প্রয়োজন মনে করা যায় এবং না করলে চলবে না, শুধু সেখানেই পরিবর্তন করতে হবে। এর পূর্ব্বেকার কনষ্টিটিউসন এ্যামেণ্ডমেণ্টের ক্ষেত্রে দেখেছি পরিবর্তন নিতান্ত প্রয়োজন ছিল বলেই পরিবর্তন সাধিত হয়েছে। এই পরিবর্তন যে কেন করা হচ্ছে তা আমরা বুঝতে পারছি না। এই পরিবর্তনের মধ্যে আমরা দেখছি যে আমাদের কয়েকটি জিনিষ সেভেন্থ সিডুলের কন্কারেণ্ট লিষ্টের ভেতর ঢুকিয়ে দিয়ে সেখানে কেন্দ্রের ক্ষমতা বিস্তার করা হচ্ছে এবং ষ্টেটের ক্ষমতা নিয়ে নেয়া হচ্ছে। জিনিষটা বিচার করলে দেখা যাবে যে এমন কোন অবস্থার সৃষ্টি হয়নি যার জন্য নাকি এই পরিবর্তন প্রয়োজন। খাদ্যের অবস্থা এবং পশুখাদ্যের অবস্থা পশ্চিমবাংলার উত্তরাঞ্চলে প্লাবন বন্যা এবং দক্ষিণাঞ্চলে অত্যন্ত অনাবৃষ্টির ফলে খুব ভাল নয়। আমাদের সরকারী হিসাবে দেখতে পাচ্ছি গত বছর বাম্পার ক্রপের শতকরা ৬০ ভাগ ফসল হয়েছে এবং আমাদের সরকার অত্যন্ত স্পষ্টভাবে বলেছেন যে খাদ্যের অবস্থা ভাল। আমাদের দেশে পশুখাদ্য উৎপাদনের আলাদা কোন ব্যবস্থা নেই। পশুখাদ্য আমাদের মানুষের খাদ্যের একটা সাবসিডিয়ারী প্রোডাক্ট হিসাবে গণ্য হয়েছে। এবং পশুখাদ্যের অবস্থা যে আপত্তিজনক নয় একথা স্বীকৃত হয়েছে। তুলার অবস্থাও উদ্বেগজনক

নয় একথা কেন্দ্রীয় সরকার স্বীকার করেছেন। পাটকে কংকারেণ্ট লিষ্টের মধ্যে ঢুকানোর কোন কারণ দেখতে পাই না। পাটের সম্বন্ধে বলা হয়েছে যে পাটকে সেভেন্থ সিডুলের মধ্যে দেওয়া হয়েছে। এতে বাংলাদেশের একটা প্রধান অবলম্বনের উপর হস্তক্ষেপ করা হয়েছে। এটা আমাদের লক্ষ্য করা উচিত। যখন কন্‌ষ্টিটিউসন তৈরী হয়েছিল তখন দেশের অবস্থা এখনকার চেয়ে খারাপ ছিল এবং একটা পরিবর্ত্তিত অবস্থার আশা করে কন্‌ষ্টিটিউসনের ৩৭৯ ধারা করা হয়েছিল এতে ৫ বছর পর দেশের অবস্থা ভাল হবে। এই পরিবর্ত্তনের ফলে কেন্দ্রের ক্ষমতা প্রসারিত করা হবে। আজকে এমন কোন অবস্থার সৃষ্টি হয়নি যে সেভেন্থ সিডুলের মধ্যে এগুলোকে ঢুকিয়ে দিতে হবে এবং সংবিধান পরিবর্ত্তন বর্ত্তমানে প্রয়োজন। আমাদের কেন্দ্রীয় সরকারের ক্ষমতা রয়েছে ২৪৯ ধারার মধ্য দিয়ে। এই ধারা তারা প্রয়োগ করতে পারেন। এই রকম করার ফলে ষ্টেটের অধিকারের উপর বিশেষভাবে হস্তক্ষেপ করা হবে। এটা যখন বাংলাদেশের প্রশ্ন এবং বিশেষ করে বাংলাদেশের স্বার্থ এর সঙ্গে জড়িত আছে, তখন এই রকম পরিবর্ত্তনের আমরা বিরোধীতা করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Ranendra Nath Sen:**

মাননীয় স্পীকার মহাশয়, বিধান বাবু যে প্রস্তাব এনেছেন সেটা আসলে টি, টি, কৃষ্ণমাচারীর। এখন তিনি চলে গেছেন অথবা বিতাড়িত হয়েছেন কিনা জানি না, কিন্তু সেই পুরানো আমলের সমস্ত রীতিই বর্ত্তমান, মানে হাকিম নড়ে ত হুকুম নড়ে না, সেই প্রস্তাব আমাদের সামনে উপস্থিত হয়েছে। এটা আপনারা জানেন, আমরা কাগজের মারফৎ দেখেছি যে কৃষ্ণমাচারীর যাওয়ার পিছনে প্রধান ঝগড়া ছিল ষ্টেট ভারসাস্ পাব্লিক সেক্টারের ঝগড়া।

**Mr. Speaker:**

এটা আপনি কি করে বলছেন।

**Dr. Ranendra Nath Sen:**

কাগজে যেটা বেরিয়েছে সেই খবর বলছি। এটা প্রাইভেট সোর্সের খবর নয়, প্রত্যেক কাগজে বেরিয়েছিল। সুতরাং এটা ধরে নেয়া যেতে পারে যে এ খবর ঠিক। ভারত গভর্ণমেণ্ট এবং রাজ্য গভর্ণমেণ্টের ভেতর পলিসির ঝগড়া ছিল এবং সেই ঝগড়া আজও চলেছে। রাজ্যের যে সমস্ত ক্ষমতা থাকা দরকার, অর্থাৎ যে সমস্ত ক্ষমতা নিয়ে ভারতবর্ষে কংগ্রেস লড়াই করেছে সেই ষ্টেট অটোনমির উপর হস্তক্ষেপ করছেন। আমরা জানি, আমরা চোখের সামনে দেখেছি কংকারেণ্ট লিষ্ট থাকতে থাকতে যে তুলায় কাপড় তৈরী হয় মিলমালিকদের স্বার্থে সেই তুলার দাম শতকরা ১০ পার্সেণ্ট ভারত গভর্ণমেণ্ট কমিয়েছেন।

[5-10—5-35 p.m.]

তাঁরা যদি দিল্লীতে বসে ঐগুলি করেন তাহলে জনমতের চাপ তাদের উপর গিয়ে পড়ে না, এর দ্বারা বাংলাদেশের দেশী-বিদেশী মুনাফাখোরদের শুধু স্বার্থ রক্ষা করতে পারবেন। যদি রাজ্যের ঐ সমস্ত জিনিষগুলি অন্তর্ভুক্ত থাকে তাহলে জনসাধারণের একটা চাপ রাজ্যসরকারের পড়ার সম্ভাবনা হয় এবং তাতে মুনাফাখোর দলের অসুবিধা হতে পারে।. . . .

**Mr. Speaker:** You have got a representative there also. So that argument decries your own argument.

**Dr. Ranendra Nath Sen:**

তা হোক। কিন্তু বিরোধীদলের যা শক্তি সেখানে, সেই শক্তির তুলনায়, এখানে বিরোধীদলের শক্তি অনেক বেশী। পশ্চিমবাংলায় শুধু নয়, প্রত্যেক রাজ্যেই আছে। কোন রাজ্যের জনসাধারণের চাপ তার নিজের রাজ্যে যতখানি পড়ে, তা দিল্লীর লোকসভায় কিছুতেই ততখানি পড়ে না। শুধু যে এই এসেম্ব্লীর চাপ পড়ে তা নয়, বাইরেও জনমতের চাপ এর উপর পড়ে। সেইজন্য আমি তার উপর বিশেষ জোর দিচ্ছি। প্রতি দলের বিরোধীতার পিছনে জনমতের চাপ যতখানি তার নিজের রাজ্যে হতে পারে, বাইরের আর কোন রাজ্যে বা কেন্দ্রে তা হতে পারে না। সেই দিক দিয়ে কেন্দ্রীয় গভর্ণমেণ্ট এই সমস্ত ক্ষমতা নিজেদের স্বার্থে নেবার চেষ্টা করছেন এবং যে স্বার্থ হচ্ছে উচুতলার যে সমস্ত ধনী, বড় লোক আছে তাদের। সেইজন্য ডাঃ বিধানচন্দ্র রায় প্রত্যেকবার খুব আস্ফালন করে বলেন, "আমি এটা করবো, ওটা করবো; সেটা করবো", যেহেতু এখানে তাঁর স্বার্থ আছে তাই চট্ করে রাজী হয়ে গেলেন। একমাত্র সৌরাষ্ট্র, উড়িষ্যার অনগ্রসর রাষ্ট্র নানা কারণে রাজী হ'ল না। আর এই পশ্চিমবাংলা ক্ষুদ্র প্রদেশ, তার মুখ্যমন্ত্রী, তিনি আস্ফালন করবার পরেও নিজের দুর্ব্বলতা

ও অগৌরবের কথা, সেই জিনিষ তিনি স্বীকার করেছেন। এর থেকে লজ্জাকর ব্যাপার আর কি হতে পারে। যদি ফুড-গ্রেন্স কণ্ট্রোল করতে পারেন তাহলে তার প্রভাব কতটা সুদূরপ্রসারী তা বুঝতে হবে। যদি ফুড-গ্রেন্স কণ্ট্রোল সেণ্টারের হাতে যায়, তাহলে ক্রপ প্ল্যানিং কণ্ট্রোলও তাদের হাতে যাবে এবং এই ক্রপ প্ল্যানিং কণ্ট্রোল থেকে আরম্ভ করে এগ্রিকালচারাল কণ্ট্রোল, এ্যানিম্যাল হাজবেণ্ড্রী প্রভৃতি সমস্ত প্রকার কণ্ট্রোল তাদের হাতে চলে যাবে। এবং ষ্টেট লিষ্টের ১৪।১৫ যে ধারাগুলি আছে তাও পরিবর্ত্তন করতে হবে। কেন্দ্রে যদি একবার ক্ষমতাগুলি কেন্দ্রীভূত হতে থাকে, তাহলে রাজ্যের অন্য যে সমস্ত ক্ষমতা আছে ধীরে ধীরে সেগুলি কেন্দ্রের হাতে চলে যাবে। রাজ্য সরকারের হাতে যে ক্ষমতা আছে তা কেড়ে নেওয়ার মানে হচ্ছে দেশের জনসাধারণকে বঞ্চিত করা এবং অপর দিক দিয়ে জনসাধারণকে উপেক্ষা করা, জনমতকে পদদলিত করা এবং যাঁরা উচ্চ পদে আছেন তাঁদের স্বার্থ রক্ষা করা। সেইজন্য এখানে কৃষ্ণমাচারীর নামটা আসে। তিনি কেন্দ্রীয় সরকার থেকে বারে বারে যা চেষ্টা করেছেন, যারজন্য তিনি কুখ্যাত হয়ে এসেছেন, সেই কৃষ্ণমাচারী রচিত প্রস্তাব, যেটা আজ ষ্টেট এসেমব্লিতে উপস্থাপিত করেছেন, এটা অত্যন্ত লজ্জার কথা।

(At this stage the House was adjourned for 15 minutes.)

*(After adjournment.)*

[5-35—5-45 p.m.]

**Sj. Bankim Mukherji:**

সভাপতি মহাশয়, এই যে নূতন সংশোধন ভারতীয় বিধানের সম্বন্ধে এসেছে আমাদের সম্মতি গ্রহণ করবার জন্য, তাতে আমার মনে হয় বাংলাদেশের স্বার্থের প্রতি কিছুমাত্র বিবেচনা রাখলে পর এই সংশোধনে কোন প্রকার আমাদের সম্মতি দেওয়া চলে না।

সভাপতি মহাশয়, একটা জিনিষ বিশেষ করে লক্ষ্য করবার বিষয় যে ক্রমে ক্রমে কেন্দ্রীয় গভর্ণমেণ্টের কেন্দ্রীয়-করণ করবার খুব চেষ্টা হচ্ছে। গত কয়েক বৎসর ধরে দেখতে পাওয়া যাচ্ছে অত্যন্ত বেশী রকম সেণ্ট্রালাইজেশান হচ্ছে। এমন কি যখন বিধান তৈরী হয় কনষ্টিটিউশনে, তাতেও এই কেন্দ্রীয়করণের চেষ্টা অত্যন্ত বেশী হয়েছে। আমাদের স্বাধীনতা পাবার পূর্ব্ব পর্য্যন্ত যে প্রোগ্রাম কংগ্রেসের ছিল, যারজন্য সমস্ত দেশকে উদ্বুদ্ধ করেছিল, সেই প্রোগ্রামের ভিতর একটা জিনিষ বলা ছিল যে আমাদের যে সংবিধান হবে স্বাধীন ভারতের তা হবে ফেডারেটেড্ কনষ্টিটিউশন এবং যেখানে রেসিডুয়ারী পাওয়ারস থাকবে প্রদেশগুলিতে আর যে সমস্ত প্রভিন্সেস লিষ্ট্ তৈরী হবে না, অর্থাৎ বাকী যা কিছু ঝাড়তিপড়তি সমস্ত থাকবে ঐ ষ্টেট গভর্ণমেণ্টের হাতে। এই ছিল সেই যুগের আমাদের বক্তব্য এবং আন্দোলন। কিন্তু যখনই সংবিধান তৈরী হয় তাতে ষ্টেট লিষ্ট যথাসম্ভব সঙ্কীর্ণ করে নিয়ে আসা হয়েছে। এবং করবার পরেও সংবিধানে রয়েছে রেসিডুয়ারী পাওয়ার হবে ইউনিয়নেতে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের। এই হ'ল সংবিধান। এই সংবিধানের মারফৎ দিয়ে যে সামান্য একটা ষ্টেট গভর্ণমেণ্ট লিষ্ট আছে, তা প্রায় নগণ্য বললেই চলে। যে ষ্টেট গভর্ণমেণ্ট লিষ্ট আছে সেটা এখন পড়ে আমি এসেম্ব্লির সময় নষ্ট করতে চাই না। তবে সেগুলি বিশ্লেষণ করলে দেখা যাবে সেই সমস্ত জিনিষগুলি হচ্ছে অত্যন্ত সামান্য জমি সংক্রান্ত ব্যাপার ও ল এ্যাণ্ড অর্ডার রক্ষা করা। অর্থাৎ আমাদের আমদানী কোথা থেকে হবে, জমি থেকে খাজনা আদায়, আর লোক ঠেঙ্গান পুলিশ দিয়ে, এই হবে ষ্টেটের দায়িত্ব।

এর চেয়ে ঢের বেশী লজিক্যাল হ'ত, যুক্তিযুক্ত হ'ত, যদি ওঁরা বলতেন ফেডারেলের দরকার নাই, একটা একটা কেন্দ্রীয় পার্লামেণ্টের শাসনেই চলবে। তাতে করে এই যে খরচগুলি মন্ত্রী, উপমন্ত্রী প্রভৃতি—যেন সব বৃত্তি,—কোন কার্য্য করবার এঁদের ক্ষমতা দেয়া হয় নাই। এক একটা ষ্টেট হচ্ছে এক একটা গ্লুটেড ডিষ্ট্রিক্ট বোর্ড—কয়েকটা ডিস্পেন্সারী, কয়েকটা প্রাইমারী স্কুল, গোটা কয়েক রাস্তাঘাট, তাও বড় নয়—বড় হলে কমিউনিকেশনের আওতারে যাবে—এই সব পরিচালনার জন্য পরিচালকদের নাম দেয়া হয়েছে চিফ্ মিনিষ্টার সাহ্ এণ্ড সাহ্, ডেপুটি মিনিষ্টার সাহ্ এণ্ড সাহ্, চিফ্ হুইপ। এই সব বড় বড় নামের চাপরাশ রাখার কোনই প্রয়োজন নাই। তাও একটা লিঙ্গুইষ্টিক বেসিসের ষ্টেট থাকলে বুঝতাম,—যাহোক নিজেদের কৃষ্টির জন্য নিজের রাষ্ট্র করে রাখা চাই, সেখানেও ঘোরতর আপত্তি। প্রায়শঃই নেতাদের কাছ থেকে ধমক আসে বড়ই প্রাদেশিক সঙ্কীর্ণতা হচ্ছে। আমাদের প্ল্যানিং করতে হ'লে দেখতে হবে কী ভাবে শাসন হয়। অর্থনৈতিক দিকটা দেখা হয় না পর্য্যন্ত, শুধু য়্যাড্‌মিনিষ্ট্রেটিভ দিকটা দেখেই এগুলি নাকচ করে দেয়। না আছে মাথা, তার আবার ব্যথা। যাদের হাতে কোন ক্ষমতাই দেওয়া হয় না, তাদের আবার দায়িত্ব কি? লোকের কাছে

অনেক কিছু বলে থাকেন, "এ করতে যাব, ও করতে যাব", কিন্তু সত্য কথা বলতে গেলে ভোটারদের আমাদের বলে দিতে হয়, তোমরা আমাদের পাঠাচ্ছ বটে কিন্তু সেখানে আমাদের করবার কিছুই ক্ষমতা নাই, আমরা ঠুটো জগন্নাথ মাত্র—যা কিছু হবে দিল্লী থেকেই। সেখানে আজ কতগুলি প্রয়োজনীয় সংশোধন এই সংবিধানের ছিল, সে বিষয়ে কোন উল্লেখই নাই। আমাদের ষ্টেট লেজিস্‌লেচার থেকে যে এষ্টেট একুইজিশন এ্যাক্ট পাশ করেছি আমরা জানি ৩১'এ-তে কতকগুলি মুস্কিল আছে যারজন্য আমাদের এষ্টেট একুইজিশন একেবারে ব্যর্থ হয়ে যাবে, ল্যাণ্ড রিফর্ম ব্যর্থ হয়ে যাবে। আর্টিক্‌ল ৩১এ-র সেক্সান ২এ-তে বলা আছে এক্সিষ্টিং যে ল, টেনান্সী এ্যাক্টে যারা টেনাণ্ট তারা ইণ্টারমিডিয়ারী অর্থাৎ এই কন্‌ষ্টিটিউশন আসবার আগে এক্সিষ্টিং ল যা ছিল, টেনান্সী এ্যাক্টে যা ছিল তাতে রায়তী ল্যাণ্ড সম্বন্ধে প্রভিশান রেখেছে। কিন্তু এষ্টেট এ্যাকুইজিশনের পর ল্যাণ্ড ডিষ্ট্রী-বিউশন করতে হ'লে রায়তী ল্যাণ্ড গভর্ণমেণ্ট নিতে পারবে। সেইভাবে এ্যামেণ্ড করবার জন্য আমাদের এ্যাসেম্ব্লী থেকে আমরা রিকমেণ্ডেশন পাঠিয়েছি আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে যে তাঁরা যেন সংবিধানে সেই সমস্ত এ্যামেণ্ড করেন। সে বিষয়ে কোন উচ্চবাচ্য নাই। আমাদের ষ্টেটে, আমাদের রাষ্ট্রের দরকারে যে আইন আমরা করেছি সে আইনটা পাশ হ'য়েও আটকে রয়েছে; কোন রকমেই বাংলাদেশের ভূমি-ব্যবস্থার কোন কিছু হওয়া অসম্ভব যতক্ষণ পর্য্যন্ত রায়তী ল্যাণ্ড আমরা আয়ত্ত না করতে পারছি। কিন্তু কিছুকাল পরে মাননীয় কৃষ্ণমাচারী মহাশয় কতকগুলি বিল এনেছেন। তিনি সময় পান নাই কিন্তু সময় ছিল, বহু সময় ছিল বাংলাদেশের একটা অনুরোধ রক্ষার জন্য, যেটা একটা লেজিটিমেট অনুরোধ--এই ৩১ ধারাটা পরিবর্তনের জন্য কিন্তু সে বিষয়ে ভ্রুক্ষেপও করলেন না। হুকুম জারী করেছেন সংবিধানের এইটে বদলাতে হবে এবং আমরাও অমনি হুজুরের দরবারে জোড়হস্ত, আমরাও একেবারে রাজী হ'য়ে গেলাম। এটা নীতির দিক থেকে কতখানি অমর্য্যাদার। যখনই প্রয়োজন হবে আমাদের বলবে, এর কোন দরকার নাই; এই সংবিধানে এত আইনের প্যাঁচ কষে রাখা হ'য়েছে যে যেকোন সময় কেন্দ্রীয় গভর্ণমেণ্ট সবকিছু করতে পারেন। তাদের বাধা দেবার সাধ্য আমাদের কিছুই নাই। ত্রিবাঙ্কুর-কোচিনে দেখেছি, দেখেছি পেপসুতে, আরও হয়তো দেখবো অন্ধ্রে, সব জায়গায়-ই দেখবো কেন্দ্রীয় সরকার নিজের ইচ্ছামত সব কিছু চালাচেছন ষ্টেটকে অগ্রাহ্য করে এবং সে অধিকার তাঁরা রাখেন। তাঁদের প্রোক্লামেশন দেওয়ার ক্ষমতা আছে, তাই দিয়ে তারা করতে পারেন; পাওয়ার অফ্ পার্লামেণ্ট আছে। যে ষ্টেট লেজিস্‌লেচার্স আছে, দরকার হ'লে

article 249(1)—relations between the Union and the States

অনুসারে তা করতে পারেন অর্থাৎ ষ্টেট লিষ্ট দেবার পর ভয় হ'ন ষ্টেট তো নানা রাজনৈতিক দলের হাতে এসে যেতে পারে অতএব কতখানি সামলে রাখা চাই। অতএব

article 249(1)—notwithstanding anything in the foregoing provisions in this Chapter

অর্থাৎ যাতে করে ষ্টেট লিষ্টের সুযোগ ইচ্ছামত প্রাদেশিক সরকাররা নিতে না পারে সেইজন্য এ-কথাও রয়েছে,

"If the Council of States has declared by resolution supported by not less than two-thirds of the members present and voting that it is necessary or expedient in the national interest that Parliament should make laws with respect to any matter enumerated in the State List specified in the Resolution, it shall be lawful for Parliament to make laws for the whole or any part of the territory of India with respect to that matter while the resolution remains in force."

অর্থাৎ কাউন্সিল অব ষ্টেটের দুই-তৃতীয়াংশ হ'লেই তাঁরা এটা করতে পারেন এবং তার চেয়েও বেশী আছে, সেটা হচেছ 'ইমার্জেন্সী পাওয়ার', সেটা হচেছ—আর্টিক্‌ল ৩৫৬বি এবং সি, যাতে করে রাষ্ট্রপতি শুধু যে প্রোক্লা-মেশন করেই করতে পারেন তাই নয়, প্রেসিডেণ্ট যদি বলেন একটা সিচুয়েশন এ্যারাইজ করেছে--

"Situation arises in which the Government of the State cannot be carried on in accordance with the provisions of this Constitution the President may by proclamation......"

এটা হচেছ সমস্তটা ডিজল্‌ভ করে দিয়ে নিজে শাসনভারের সমস্ত পাওয়ার গ্রহণ করতে পারেন। বি এণ্ড সি-তে বলা হচেছ,

"That the power of the Legislature of the State shall be exercisable by or under the authority of Parliament, make such incidental and consequential provisions as appear to the President to be necessary or desirable for giving effect to the object of the proclamation, etc."

এর ভিতর দিয়ে লেজিস্‌লেচার ডুবে দিয়ে যে কোন সময় এমার্জেন্সী যাহকৎ করতে পারেন।

**Mr. Speaker:** The ballot was taken yesterday and these motions were circulated. You could have sent your amendments. I cannot allow it now. No; it would be unfair On the floor of the House only very formal amendments are accepted. This is a very substantial amendment.

**Sj. Subodh Banerjee:**

এটা আমি অত্যন্ত অন্যায় মনে করি। আপনি রুলিং দিলে আমি কি করবো?

I will have to accept your ruling with protest. I think that it is another way of gagging me.

**Mr. Speaker:** Not at all.

**Sj. Subodh Banerjee:**

আপনি কোন সময় বেঁধে দেননি যার মধ্যে সংশোধনী দিতে হবে।

**Mr. Speaker:**

এটাও ২১ দিনের নোটিশ জানাই আছে। এসব সারকুলেটেড হয়েছে যে—কি কি মোশন হবে।

**Sj. Subodh Banerjee:**

প্রত্যেকটি বিলের বেলায় দেওয়া হয় এ্যামেণ্ডমেণ্ট কত দিন পর্য্যন্ত যুক্ত করা যেতে পারে। আপনারা সময় বেঁধে দেন, আমরা সময়মত সংশোধন প্রস্তাব আনি।

**Mr. Speaker:** These are specific rules about the amendments.

(SJ. KALI MUKHARJI:
সময় নষ্ট করছেন কেন?)

**Sj. Subodh Banerjee:**
এটা সময় নষ্ট নয়।
It is about my right to move an amendment.

**Sj. Jyoti Basu:** Mr. Speaker, Sir,
এখানে একটা মুস্কিল হচ্ছে আপনার কোন নোটিশ ছিল না যে কবের মধ্যে দিতে হবে, কটার মধ্যে দিতে হবে। এখানে রিজোলিউশন অনেকগুলি আছে। কোনটা আসবে না আসবে সেটা না জেনে য়্যামেণ্ডমেণ্ট তৈরী করা যায় না। আপনার অফিস থেকে সব সময় বলে দেন যে অমুক দিন য়্যামেণ্ডমেণ্ট দেবেন ১০ টার মধ্যে কি ১১ টার মধ্যে তাহলে যদি কেউ য়্যামেণ্ডমেণ্ট দিতে চায় তা দিতে পারে। কিন্তু এখানে কোন কথা বলে দেন নি।

**Mr. Speaker:**
না, না, just the other way.

**Sj. Jyoti Basu:**
আমরা যে য়্যামেণ্ডমেণ্ট পাঠিয়েছিলাম সেটা য়্যাক্সিডেণ্টালী পাঠিয়েছিলাম। আপনি যা বলেছেন ছোট য়্যামেণ্ড-মেণ্ট সম্বন্ধে সেটা ঠিক। কিন্তু আমি দেখেছি কিছুদিন আগে গভর্ণমেণ্ট-এর পক্ষ থেকে নানা বিলে এই রকম য়্যামেণ্ডমেণ্ট হঠাৎ এনে হাজির করা হ'ত, যেমন এষ্টেট য়্যাকুইজিশন বিল-এ করেছেন।

**Mr. Speaker:** I have not shut out any speech on the floor of the House.

**Sj. Jyoti Basu:**
সে আপনি কোন দিন করেন নি। এখানে আস্তে আস্তে এটা মুভ করলে বুঝতে অসুবিধা হ'ত না।

**Mr. Speaker:** Nobody is shutting out his speech, he can speak without moving his amendment.

**Sj. Subodh Banerjee:**
এমনও তো হতে পারে যে এই হাউস আমার যুক্তিটা মেনেও নিতে পারেন। আমি সংশোধনী প্রস্তাব আস্তে আস্তে পড়ি। তাতে কারও কোনও অসুবিধা হবে না বুঝতে।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I object to that.

**Sj. Subodh Banerjee:** What right has Dr. Roy to object?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** He is talking irrelevant things.

**Sj. Subodh Banerjee:**
প্রশ্ন হচ্ছে—আমার সংশোধনী প্রস্তাব যদি না থাকে তবে কার উপর বলবো। বলতে গেলেই তো আপনি বলবেন ইরেলিভেণ্ট বলছি তখন আমি কি করে বলবো?
I do not like to talk irrelevant. What I like to say must be relevant
আমি বেকারদের আনএমপ্লয়মেণ্ট অর্থাৎ বেকার ভাতা দেওয়ার পক্ষে বলবো, র‍্যাশনালাইজেশন-এর বিরুদ্ধে বলবো; করেন কনসার্নগুলিতে মোটা মাইনের বিদেশী লোক নিয়োগ বন্ধ করার উপর বলবো।

**Mr. Speaker:**
বলুন না।

**Sj. Subodh Banerjee:** As soon as I shall try to speak on them, you will pull me up, if I have no amendment to that.
এইরকম করলে চলবে না; তাহলে আপনি এ সম্পর্কে একটা পরিষ্কার আইন করুন। আপনার অফিস থেকে যদি নোটিস না দেওয়া হয় যে ঠিক কটার মধ্যে সংশোধন প্রস্তাবের নোটিশ দিতে হবে তাহলে আমাদের ভীষণ অসুবিধা হয়।

[3-20—3-30 p.m.]

**Mr. Speaker:** Since my laxity has been otherwise construed I shall be strict. I will give you time-limit and it will be strictly applied; then please do not blame me that "you have not relaxed the rule". The rule has been relaxed always in favour of the Opposition. Since Sj. Subodh Banerjee has an extensive amendment I think it right to disallow it.

**Sj. Mangal Chandra Saren:**

মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশ মানে বঙ্গ দেশ, এটা দেবতাদের স্থান। এই বাংলাদেশ হঠাৎ যে রকম ভাবে দুর্দ্দশার মধ্যে পড়েছে, তাতে সারা ভারতের মধ্যে আর কোন জায়গায় সেরকম হয়েছে বলে মনে হয় না। আমাদের এই দু:খী দুর্দ্দশা যেভাবে ক্রমশ: বেড়ে চলেছে তা থেকে আমরা আমাদের রক্ষা করতে পারবো কি না জানি না। কাজেই আজ আমাদের যদি বাঁচতে হয় তাহলে শুধু আমাদের কৃষির উপর নির্ভর করলে চলবে না, দেশে শিল্পেরও প্রসার করতে হবে। কয়েকদিন আগে শুনেছিলাম যে বাংলাদেশের জমি কৃষকদের মধ্যে ভাগ করে দেবার ব্যবস্থা হচেছ এবং তাতে গড়পড়তা এক বিঘা উনিশ কাঠা করে এক একজনের ভাগে পড়ে। এবং এই সামান্য জমির মধ্যে নদী, নালা, পাহাড় প্রভৃতি রয়েছে, সুতরাং কি পরিমাণ ধান বা ফসল ঐ জমি থেকে উৎপন্ন হতে পারে একবার ভেবে দেখুন। আমরা সকলেই জানি বাংলা দেশের চাষীদের কি দুরবস্থা। কাজেই চাষীদের বাঁচাতে হলে কি করতে হবে? দেশে নানা রকম কৃষি, শিল্প গড়ে তুলতে হবে। পূর্ব্বে আমাদের দেশে এই সমস্ত শিল্প ছিল, কিন্তু এই দেশ যখন পরাধীন হয়, সেই সময় এই সমস্ত শিল্প ধ্বংস হয়েছে। আজ পল্লীগ্রামে যে সমস্ত চাষীরা রয়েছে তারা বর্তমানে এমন অবস্থায় পড়েছে যে তা বর্ণনা করা যায় না। বাংলা দেশে শিল্পীদের অবস্থাও শোচনীয় হয়ে উঠেছে। কাজেই আমাদের এখানে যদি পুনরায় শিল্প গড়ে তুলতে পারি তাহলে বাংলা দেশের ভবিষ্যত উজ্জ্বল হবে।

আর একটা বিষয় উল্লেখ করতে চাই। আজ বিদেশ থেকে, ইষ্ট বেঙ্গল থেকে যাঁরা এখানে এসেছেন তাদের দেখাশুনা, খাওয়াপরা প্রভৃতির ভার নেওয়া এই ষ্টেট গভর্ণমেণ্টএর কর্তব্য। মেদিনীপুর এবং ইষ্ট বেঙ্গলএর মত দেশের লোকেরা, ছেলেরা কি না করেছে, এবং এর তুলনা আর কোন দেশে আছে কি না সন্দেহ। সেই জন্য এদের যদি আজ বাঁচাতে হয়, সারা দেশের কৃষককে যদি বাঁচাতে হয় তাহলে শিল্পকে বড় করে তুলতে হবে। আমরা চারদিক থেকে খবর শুনতে পাই, অনেকে বলেন যে পাকিস্তানের লোকদের চাকরী দেওয়া হচেছ। সত্যিই তাতে আমাদের মনে দু:খ লাগে, আমাদের পশ্চিম বাংলার ছেলেরা তাহলে কি করবে? এদের যদি কাজ না দেওয়া হয় তাহলে এরা খাবে কি? বাঁচবে কি করে? সুতরাং এক্ষেত্রেও তাদের সকলকে চাকরী দিতে হবে। পশ্চিম বাংলার ছেলেদের কৃষক, চাষী প্রভৃতি সকলের অবস্থা একটু চিন্তা করলেই দেখা যাবে যে বর্তমানে শিল্পের প্রসার অত্যন্ত আবশ্যক। আমাদের দেশের শিল্প যদি গড়ে না ওঠে তাহলে আমাদের ভবিষ্যত অন্ধকার। আমরা এই পশ্চিম বাংলার হাউসে এসে দেখতে পাচিছ যে কেবল সরকারকে আক্রমণ করা ছাড়া আর কিছু হয় না। বিরোধীপক্ষের বন্ধুরা বলে থাকেন যে আমাদের ষ্টেট গভর্ণমেণ্ট উদ্বাস্তদের জন্য যা করা দরকার তা কিছুই করছেন না। কিন্তু বাইরে থেকে যাঁরা এসেছেন তাঁদের জন্য কি কেবল ষ্টেট গভর্ণমেণ্টই দায়ী? সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে অনুরোধ করতে হবে, তাঁদের কাছ থেকে সাহায্য নিতে হবে। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট যদি ইচ্ছা করেন তাহলে ইষ্ট বেঙ্গল থেকে যাঁরা এখানে এসেছেন তাদের ভালভাবে থাকবার ব্যবস্থা করতে পারেন। সুতরাং আমি সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে অনুরোধ করবো তাঁরা যেন আমাদের এখানে শিল্প গড়ে তোলেন। আমাদের পশ্চিম বাংলায় সেণ্ট্রাল গভর্ণমেণ্টএর বহু রকমের কাজ রয়েছে, যেমন তাঁদের রেলওয়ে ডিপার্টমেণ্ট, পোষ্টাল ডিপার্টমেণ্ট প্রভৃতি, সেখানেও এদের কাজ দেবার ব্যবস্থা করা উচিত। কাজেই আমাদের শুধু ষ্টেট গভর্ণমেণ্টএর দ্বারা এটা হওয়া সম্ভব নয়, এরজন্য সেণ্ট্রাল গভর্ণমেণ্টকেও অগ্রসর হতে হবে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Ranendra Nath Sen:**

মাননীয় সভাপাল মহাশয়, যে প্রস্তাব কংগ্রেস পক্ষ থেকে দেওয়া হয়েছে তার আমি বিরোধিতা করে আমি আমার সংশোধনী প্রস্তাব উপস্থিত করছি। তার কারণ এই প্রস্তাবে——

**Mr. Speaker:**

সংশোধনীটা আপনি মুভ করছেন, তাহলে আবার বিরোধিতা করা কি করে হয়? অ্যামেণ্ডমেণ্টটা মুভ করছেন, বলুন।

**Dr. Ranendra Nath Sen:**

সংশোধনী আনা মানেই বিরোধিতা করা; তা এ্যাকসেপ্ট করা হ'ল না।

কংগ্রেস পক্ষীয় প্রস্তাবে আসল দেশের শিল্প সম্পর্কে যে সমস্যা, সেই সমস্যা সম্পর্কে মূল তথ্যের ভিতর যাওয়া হয় নি বলে নিজের ঘাড়ের দোষ অপরের ঘাড়ে দেবার চেষ্টা করা হয়েছে। দ্বিতীয়তঃ যে পশ্চিমবঙ্গ সরকার এই সমস্যা সম্বন্ধে কোন কিছু করেন নি, সেই পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের কাছে গিয়ে যে কিছু বলবে তাতে যথেষ্ট সন্দেহ আছে; এবং তারই জন্য আমি এই সম্পর্কে যে মূল কথা সেটা উপস্থাপিত করেছি। যেহেতু শিল্প সমগ্র পশ্চিম বাংলার একটা বৃহৎ সমস্যা সেই হেতু এ্যাসেম্ব্লীর প্রত্যেকটি দল মিলে ভারত সরকারের কাছে পশ্চিমবঙ্গের শিল্পের উন্নতির জন্য, বেকার সমস্যা সমাধানের জন্য যাওয়া দরকার, এটা কোন বিশেষ দল বা স্টেট্ গভর্ণমেণ্টের হাতে ছেড়ে দেওয়া উচিত নয়। প্রত্যেক দেশের নরনারীর এটা প্রশ্ন।

আমাদের দেশে বর্তমানে যে বেকার সমস্যা দেখা দিয়েছে তার মূলে গোটা কয়েক কারণ রয়েছে, এবং আমি সেই জিনিষটা উপস্থিত করতে চাই। আমাদের পশ্চিম বাংলায় অত্যন্ত অনগ্রসর অর্থনীতি—এই অর্থনীতির উপর যেহেতু বিদেশী সাম্রাজ্যবাদের শোষণ আজও পুরা মাত্রায় রয়েছে। আমদানী, রপ্তানী ও বাণিজ্যের উপর এবং ব্যাঙ্ক, ইন্সুরেন্সএর মারফৎ দিয়ে সেই সমস্ত পুঁজীবাদী সাম্রাজ্যবাদী শক্তিসমূহ পশ্চিম বাংলায় বিশেষ বিশেষ যে শিল্প পণ্যদ্রব্য উৎপাদন হয় যেমন চট ইত্যাদি সেটা তাঁরাই নিয়ন্ত্রণ করেন, সেই হেতু পশ্চিম বাংলার শিল্প ও তার উৎপাদন প্রথাটা সেই সাম্রাজ্যবাদের কুক্ষিগত হয়ে আছে। এবং তারই জন্য আমাদের দেশে, এখানে এটা বিশেষ বিরাট সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই সমস্যার সঙ্গে দেশীয় এক চেটিয়া পুঁজিবাদী প্রথা দেখা দিয়েছে। সেই প্রথা বিদেশী সাম্রাজ্যবাদী পুঁজিপতিদের সঙ্গে মিলিত হয়ে আমাদের এই পশ্চিমবঙ্গের শোষণ কায়েম রেখেছে; তার ফলে, আমাদের ছোটখাট শিল্প প্রতিষ্ঠান তাঁদের আয়ত্তে রেখে শিল্পগুলিকে আজ ধ্বংসমুখ করে তুলেছে। এই সমস্ত রাঘব বোয়ালরা আমাদের দেশের ছোট ছোট শিল্পকে একেবারে শেষ করে দিচ্ছে।

[3-30—3-40 p.m.]

যেখানে কৃষকেরা এত দরিদ্র, যেখানে শতকরা ৭০জন লোকের এই রকম আর্থিক দারিদ্র্য, তাদের সেখানে বাজার না থাকার জন্য কোন রকম শিল্পের উন্নতি হ'তে পারছে না। এখানে সামান্য যে সমস্ত ছোটখাট ব্যাপার ছিল, যেমন বাংলাদেশে ৪।৫ লক্ষ দর্জি ছিল, তাদের কারবার ছিল পূর্ববঙ্গের সঙ্গে, কিন্তু ভারতবর্ষের বাহিরের বড় বড় মূলধনীর পাল্লায় পড়ে এই দর্জিরা ধ্বংসের মুখে পড়েছে। ৪।৫ লক্ষ দর্জি এই রকম দুরবস্থায় পড়েছে। এই আমাদের অর্থনৈতিক অবস্থা, এই আমাদের শিল্পের অবস্থা, এত বিষম বিপর্য্যয়ে মধ্যে পড়েছে। এখানে বাজার নাই, এবং বাজার না থাকার জন্য এখানে কোন শিল্প হ'লে পর তার কাটতি হয় না। গভর্ণমেণ্টের হিসাব থেকে দেখা যায় যে দেশলাই, সাবান ইত্যাদির যা উৎপাদন হয়েছে পশ্চিম বাংলায় তার সে পরিমাণে বিক্রী হয় নি। পশ্চিম বাংলার লোকের দারিদ্র্যের জন্য বর্তমান অবস্থা এসেছে। তার জন্য কখনও শিল্পের উন্নতি হতে পারে না। ইউরোপ ও আমেরিকায় যখন শিল্পের উন্নতি হয় তখন তারা নিজেদের বাজার সৃষ্টি করে দেশের ভিতর। দেশের বাজার সৃষ্টি করার পরে বিদেশে করে। ধনতন্ত্র সেইভাবেই অগ্রসর হয়েছে। আমাদের দেশে কিন্তু উল্টো। দেশের বাজার সঙ্কুচিত এবং যেটুকু বাজার আছে বিদেশী সাম্রাজ্যবাদী আজও তার উপর শক্ত কব্জা করে রেখেছে। আমরা জুট বিক্রী করছি, চা বিক্রী করছি, কটন বিক্রী করছি এবং উল্টো অর্থনীতির ফলে শিল্প ব্যবসায়ে উন্নতি কিছুতেই হ'তে পারছে না, এবং এই পথ নিলে পর কিছুতেই হ'তে পারবে না। আমরা জানি পশ্চিম বাংলার অনেক সম্ভাবনা আছে। এদেশের মাটির নীচে অফুরন্ত ধন-সম্পদ আছে, মাটির উপরেও ধনসম্পদ আছে। আমাদের বাংলা দেশের মিস্ত্রী কারিগর ভারতবর্ষের মধ্যে নামকরা মিস্ত্রী কারিগর। বাংলাদেশ থেকে মিস্ত্রী কারিগরকে দিল্লী পর্য্যন্ত যেতে দেখেছি। বিভিন্ন শিল্পে তারা নিযুক্ত আছে। সংখ্যায় কম হ'লেও এরা সমগ্রভাবে ভারতবর্ষের শিল্পী কারিগরদের মধ্যে যথেষ্ট নাম করা। যুদ্ধের সময় গ্রেডি কমিশন পর্য্যন্ত তাদের নামোল্লেখ করেছেন। এই রকম অবস্থায় যদি সমগ্রভাবে আমরা পশ্চিম বাংলার অবস্থা সম্বন্ধে ভারত সরকারের কাছে উপস্থিত হতে পারি তাহলে ভারত সরকারের কাছে কিভাবে শিল্পের উন্নতি হ'তে পারে তার কয়েকটা মূল কথা নিজেরা বুঝে উপস্থাপিত করতে পারি। আমাদের অর্থনীতি যদি অন্য সমাজের অর্থনীতির সঙ্গে জড়িত করি তাহলে আর্থিক উন্নতি হ'তে পারে না। শুধু শিল্পের উন্নতি হ'লেই বেকার সমস্যার সমাধান হয় না। আমেরিকায় ৭০ লক্ষের উপর লোক বছরের ৩৬৫ দিন পাকাপাকি বেকার হয়ে রয়েছে। তাদের ফেডারেশন থেকে সেই কথা ঘোষণা করেছে। সুতরাং আমাদের দেশে শুধু বিদেশের মত শিল্পের অনুকরণ ক'রলে চলবে না। দেশের মধ্যে যে দেশী আর বিদেশী পুঁজিপতি আছে তাদের মূলধন নিয়ন্ত্রণ

ক'রতে হবে। ষ্টেট সেক্টর পাবলিক সেক্টরএর উপর কণ্ট্রোল করবে, এবং শুধু পাবলিক সেক্টর কণ্ট্রোল ক'রবে তা নয়, প্রাইভেট সেক্টরএর উপরও যদি কণ্ট্রোল ক'রতে পারে তাহলে ধনতান্ত্রিক যতটুকু সম্ভাবনা আমাদের দেশে আছে সেটাকে দেশের স্বার্থে নিয়োজিত করা যাবে। তাহলে ঐ যে লেবর সেভিং মেশিনারি যাতে চটকলে ৭০ হাজার লোক ৬।৭ বছর ছাঁটাই হয়েছে সেটা বন্ধ হ'তে পারে এবং তাহলে ধনিকের অতিরিক্ত মুনাফার ক্ষুধা দমন করতে পারা যাবে। রাষ্ট্রকে সত্যকার জনসাধারণের স্বার্থের জন্য নিয়োজিত করা যাবে। সুতরাং মূল কথা হচ্ছে কণ্ট্রোল অফ ক্যাপিটাল।

দ্বিতীয় কথা হচ্ছে ছোটখাট যে সমস্ত ব্যবসা ছিল হস্ত শিল্প প্রভৃতি সে সমস্তকে কো-অপারেটিভ ভিত্তিতে অগ্রসর কোরে দিতে হবে। কো-অপারেটিভ ভিত্তিতে এবং গভর্ণমেণ্টের সাহায্য ক'রলে তারা বড় বড় পুঁজিপতিদের হামলা থেকে বাঁচতে পারবে। উদাহরণ স্বরূপ বলি, যেমন আমাদের হাতে চালান তাঁতশিল্পগুলি, অথবা অন্য নানারকম শিল্প আমাদের দেশে আছে তাদের তাহলে বাঁচান যেতে পারবে।

৩নং কাজ হবে আইন কোরে ছাঁটাই বন্ধ করতে হবে। "লক আউট"এর জন্য পশ্চিম বাংলায় যে কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে এবং ব্যবসা বাণিজ্য বন্ধ হয়ে আছে, তাদের গ্রহণ করতে হবে। পশ্চিম বাংলা সরকারকে তারজন্য উপযুক্ত আইন কোরে সেই আইন কার্য্যকরী করবার দায়িত্ব নিতে হবে। আজ "রেলি ব্রাদার্স" বন্ধ হচ্ছে, এবং সুতা কল বন্ধ হয়েছে, যার ফলে আমাদের দেশের শিক্ষিত দক্ষ কারিগর ছেলেরা সব বেকার হ'তে বসেছে। তাদের সম্বন্ধে অবিলম্বে ব্যবস্থা করবার জন্য সকলের সঙ্গে মিলে মিশে পশ্চিমবঙ্গ সরকারকে দাবী করতে হবে কেন্দ্রীয় সরকারের কাছে। "চ্যারিটি বিগিন্স য়্যাট হোম"। সেজন্য গোড়াতেই সুরু করতে হবে এই সরকারকে যে সমস্ত কর্ম্মচারীকে সারপ্লাস ডিক্লেয়ার করা হয়েছে তাদের অবিলম্বে পশ্চিমবঙ্গ সরকারের মধ্যে কাজের ব্যবস্থা কোরে দিতে হবে। বাংলা দেশের প্রায় ৮০ হাজার কর্মচারী যারা জমিদারী সেরেস্তায় কাজ করত তারা বিধান বাবুর কাছে গিয়েছিল, তাদের সুরাহা কিছু হয় নি; অথচ বিভিন্নভাবে তাদের সম্বন্ধেও আমাদের ব্যবস্থা ক'রতে হবে। আপনারা বলবেন এত ব্যবস্থা ক'রবেন কি কোরে? চোখের সামনে আমাদের প্রতিবেশী মহাচীন সে ব্যবস্থা কোরেছে। আপনি স্যার নিজের চোখে দেখে এসেছেন বোলেই বলছি। তাদের নানারকম মেশিনএর সাহায্য নেওয়ার দরকার হয় নি। ১২ লক্ষ লোককে তারা কাজে লাগিয়েছে। চৌ এন-লাই বলেছেন তাঁরা নূতন মেশিন না এনে পুরাণ মেশিন দিয়েই এখন কাজ চালাবেন। নূতন কারখানা করবার সময় নূতন মেশিন আনাবেন। "ক্যাপিট্যাল কণ্ট্রোল" কোরে, লেবর সেভিং মেশিন ইণ্ট্রোডিউস না কোরে, দেশের শ্রমশক্তিকে কাজে লাগিয়ে দেশের শিল্পের উন্নতি ক'রব এবং বেকার সমস্যার সমাধান ক'রব, এই আমার কথা।

**Sj. Ananda Gopal Mukherjee:**
মাননীয় স্পীকার মহাশয়, আমার বন্ধুর আনীত প্রস্তাব সমর্থন করতে উঠে আমি কয়েকটী কথা বলতে চাই। আমরা দেখতে পাচ্ছি আমাদের এই খণ্ডিত পশ্চিম বাংলায় জনসংখ্যার অনুপাতে জমি অতি কম, সমস্ত চাপ এসে পড়ছে জমির উপর। আমরা আজ যদি পুংখানুপুংখরূপে বিচার করি তাহলে দেখব বাংলা দেশে যদি শিল্পের উন্নতি না হয়, যদি বেসিক ইণ্ডাষ্ট্রী ডেভেলপ না করতে পারি তাহলে যে বেকার সমস্যা আজ আমাদের দেশের সর্বপ্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে সে সমস্যার কোন রকমেই সমাধান করা যাবে না। ১৯৫৩ সালে যে ষ্ট্যাটিষ্টিক্স নেওয়া হয়েছিল তা থেকে যদি শুধু কলিকাতার বেকারের সংখ্যাটা দেখি তাহলে দেখব যেখানে একশো লোক কাজ করেন সেখানে প্রায় ২৭.২ লোক বেকার হয়ে আছেন। কলকাতার আশেপাশে যে সমস্ত সহর আছে যে সমস্ত ইণ্ডাষ্ট্রীয়াল এরিয়া সেখানে যদি আমরা দেখি তাহলে দেখব সেখানে শতকরা একশো জন যেখানে কাজ পায় সেখানে ২২.৫ জন লোক বেকার হয়ে আছে। যারা মধ্যবিত্ত সমাজের লোক তাদের হিসাব যদি দেখি তাহলে দেখব যেখানে শতকরা একশো জন লোক কাজ পায়, সেখানে ৪৭ জন বেকার হয়ে আছে। আমরা অন্য কোন প্রদেশের দিকে যদি দেখি, বোম্বের দিকে যদি তাকাই তাহলে দেখব শতকরা একশো জন লোক কাজ পেয়েছে যেখানে সেখানে বেকারের সংখ্যা ২.৬২। এই পরিসংখ্যান দেখলে আমরা বুঝতে পারব যে বাংলা দেশে বেকারের সংখ্যাটা কিরূপ। ১৯৪৫ সালে যা ছিল আজ তার চেয়ে কম নয়, বরং বেড়ে এসেছে এই কথা চিন্তা করে আমরা আমাদের জাতীয় সরকারকে অনুরোধ জানাব যে বাংলা দেশের তরফ থেকে এখানে বেসিক ইণ্ডাষ্ট্রী ডেভেলপ্ করা হউক এবং কল্যাণীতে ও দুর্গাপুরে সেই ইণ্ডাষ্ট্রী ডেভেলপ্ করার জন্য অনুরোধ করছি।

আমি দুর্গাপুর অঞ্চলের লোক, সেই অঞ্চলে আমার বাড়ী, দুর্গাপুরের সঙ্গে আমার প্রত্যক্ষ পরিচয় আছে। কাজেই সেখানে শিল্প গড়ে উঠতে পারে কেন তার সম্বন্ধে দু একটা কথা আপনার সমক্ষে বলছি।

[3-40—3-50 p.m.]

সেখানে শিল্প গড়ে তোলার জন্য যে সমস্ত জিনিষের প্রয়োজন আছে, আমি মনে করি, সারা ভারতবর্ষে দুর্গাপুরের মত জায়গায় যতগুলি সুবিধা আছে, তা আর কোথাও পাওয়া যাবে না। শিল্প গড়ে তোলার জন্য কয়লা সেখানে আছে। শিল্পের একটা প্রধান উপাদান হচ্ছে লৌহ। সেটাও সেখানে আছে এবং হতে পারে। সবচেয়ে বড় কথা হচ্ছে দুর্গাপুর এমন একটা জায়গায় অবস্থিত, যেখানে যে কোন শিল্পের সব চেয়ে বড় প্রয়োজন যোগাযোগ সেটা ভাল হবে দুর্গাপুরে। দুর্গাপুরের সিচুয়েসন যারা জানেন তারা অবশ্যই অবগত আছেন পশ্চিমবঙ্গে এটা একটা বিরাট শিল্প-প্রধান জায়গা, বিশেষ করে কয়লা খনি অঞ্চল। সেখানে প্রায় ৩০০ থেকে ৩৫০টী কোলিয়ারি আছে। দুর্গাপুর অঞ্চলকে বাংলার, বিশেষতঃ বর্দ্ধমানের সমৃদ্ধি বৃদ্ধি করেছে বলতে হবে। দুর্গাপুরকে সব দিক থেকেই বাংলার কল্যাণের কাজে লাগান সম্ভব। দুর্গাপুরের উত্তর দিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখব সবুজ বনানী সেখানে আছে—বিরাট ক্ষেত্র সেখানে রয়েছে। দুর্গাপুরের পূর্বে যদি যাই, তাহলে দেখব সেখানে আছে বাংলাদেশের শস্য ভাণ্ডার। অন্য দিকে যে ক্যানাল ছিল তাতে জমির ফলনও সেখানে খুব ভাল। তারপর দুর্গাপুরের সঙ্গে গ্রাণ্ড ট্রাঙ্ক রোড দ্বারা কলকাতার সঙ্গে সংযোগ রয়েছে এবং শিল্প প্রসারের জন্য যোগাযোগ ব্যবস্থা যেটা অত্যন্ত প্রয়োজন সেটা এই বড় রাস্তা দ্বারা সাধিত হচ্ছে। ই, আই, আর মেন লাইন—দুর্গাপুর, কলিকাতা তথা ভারতে যাওয়ার জন্য ব্যবস্থা রয়েছে। শুধু তাই নয় দামোদর ভ্যালির কাজ যখন শেষ হবে, তখন সেখানে ষ্টীম ন্যাভিগেশন হবে। তাতে একদিকে স্থলপথে যোগাযোগ রাস্তা রেল লাইন, অন্য দিকে জলপথে ষ্টীম নেভিগেশন—অত্যন্ত সুবিধা থাকায় শিল্প গড়ে ওঠার পক্ষে দুর্গাপুর অত্যন্ত অনুকূল। শিল্প গড়ে ওঠার পর যে পণ্য উৎপন্ন হবে, তার জন্য ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ মার্কেট হচ্ছে এই কলিকাতা। সেই কলকাতার সঙ্গে উত্তম যোগাযোগ থাকায় একদিকে দুর্গাপুর যেমন আদর্শ জায়গা, অন্য দিক থেকে রিসোরশেসএর দিক থেকেও দুর্গাপুর অতি উৎকৃষ্ট স্থান। এই দুর্গাপুর জাতীয় সরকারের ইণ্ডাষ্ট্রী ডেভেলপমেণ্টএর পক্ষে যেমন আদর্শ জায়গা, তেমনি সেখানে বেসিক ইণ্ডাষ্ট্রী ভারী শিল্প গড়ে তুলতে হলে সেখানে যেরকম সয়েল প্রয়োজন তার জন্যও দুর্গাপুর অত্যন্ত আদর্শ জায়গা। আমি জাতীয় সরকারকে বারম্বার অনুরোধ করব তারা যেন দুর্গাপুরে শিল্প গড়ে তোলার পক্ষে সাহায্য করেন। আমি এখানে বলব এক একটা শিল্পের সঙ্গে অন্যান্য শিল্প কোন না কোন প্রকারে কিছুটা জড়িত। একদিকে দুর্গাপুরে যেমন শিল্প গড়ে তোলা প্রয়োজন, অন্যদিকে অন্যান্য শিল্পকে বাঁচিয়ে রাখবার জন্য সেখানে শিল্প প্রতিষ্ঠার প্রয়োজন আছে। আজকে যদি কয়লা শিল্পকে বাঁচিয়ে রাখতে হয়, স্যাণ্ড-ষ্টোয়িং দরকার, কারণ যেমন দুর্গাপুরে অঞ্চলে বেশী কয়লার বিরাট অঞ্চল রয়েছে সেই কয়লা কেটে আনবার পর স্যাণ্ড ষ্টোয়িংএরও একান্ত দরকার আছে। স্যাণ্ড ষ্টোয়িং যদি না করা হয়, তাহলে কয়লার জমি ধ্বসে যাবে। দামোদরের উত্তর দিকে অজয় থাকায় সেখান থেকে বালি এনে স্যাণ্ড ষ্টোয়িংএর সুবিধা রয়েছে। দুর্গাপুরে অন্যান্য ইণ্ডাষ্ট্রি—কোক্ ওভেন প্ল্যাণ্ট, থারমাল পাওয়ার স্কীম, গ্যাস এ্যাণ্ড ইলেকট্রিসিটি প্ল্যাণ্ট এই সমস্তের সুবিধা সেখানে আছে। এই সমস্ত দিক থেকে চিন্তা করে পশ্চিমবাংলাকে বাঁচাবার জন্য ইণ্ডাষ্ট্রীর উন্নতির জন্য দুর্গাপুরকে ডেভেলপ করা দরকার। আমি দুর্গাপুরের কথা বললাম। অন্যদিকে কলিকাতার উপকণ্ঠে কল্যাণী সুন্দর জায়গায় অবস্থিত। সেখানেও ইণ্ডাষ্ট্রী গড়ে তোলবার জন্য অতি প্রয়োজনীয় যোগাযোগ ব্যবস্থা আছে। সেখানে রেডিও ফ্যাক্টরি করা হয়েছে এবং অন্যান্য ছোট ছোট কটেজ ইণ্ডাষ্ট্রী গড়ে তোলার প্রচেষ্টা চলছে। দুর্গাপুর এবং কল্যাণীকে যদি ডেভেলপ করেন, তাহলে আমরা দেখব যে পরিকল্পনা নিয়েছেন ১২ কোটি টাকার সেটা যদি এই বাবদ খরচ হয়, তাহলে দুর্গাপুরে বেসিক ইণ্ডাষ্ট্রী গড়ে উঠবে এবং সেখানে ১২—১৫ হাজার লোক কাজ পাবে। এতে বেকার সমস্যা খানিকটা সমাধান হবে। আমি সব শেষে এই কথাই বলব দুর্গাপুরকে গড়ে না তুললে বাংলা দেশকে গড়ে তোলা যাবে না। আর বাংলা দেশকে গড়ে তুলতে হলে এই দুর্গাপুরকে গড়ে তুলতেই হবে।

**Sj. Rakhahari Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়, মঙ্গলদাস সারেন মহাশয় যে প্রস্তাব উপস্থাপিত করেছেন সেই প্রস্তাবের কোন কোন অংশের সঙ্গে আমার সহমত না থাকলেও তার উদ্দেশ্য যে সাধু সে সম্বন্ধে আমি একমত। বাংলা দেশের দুরবস্থা যে দিনদিনই বাড়ছে এবং এই ক্রমবর্দ্ধমান সমস্যার সমাধান যে দরকার সে বিষয়ে আমি একমত। কিন্তু সহমত নাই আমার একটি বিষয়ে—কল্যাণীর নাম এখানে উল্লেখ করা হয়েছে—কল্যাণী সম্বন্ধে আমরা এ যাবৎ বহু কথাই জেনেছি এবং সেই কল্যাণী সম্বন্ধে আর কোন কথাই শুনতে চাই না। কারণ কল্যাণীর নাম শুনলেই সন্দেহ জাগে।

তারপর দুর্গাপুর সম্বন্ধে এত বক্তৃতা করা মাননীয় আনন্দ বাবুর কোন প্রয়োজনই ছিল না। দুর্গাপুরের উন্নতি হোক এটা সকলেই চায়। কিন্তু সে সম্বন্ধে তিনি এত কথা বল্লেন কেন? আমি এই প্রস্তাব সমর্থন করছি অন্ততঃ ক্লজ ২-(এ) টাকে। সেটাই সবচেয়ে বড় সমস্যা, বাংলা দেশের সেটা হচ্ছে উদ্বাস্তু সমস্যা। বাংলা দেশে কি সরকারী, কি বেসরকারী, কি কৃষি, কি শিল্প সব ব্যাপারেই কেন হতাশার ভাবের উদ্ভব হয়েছে তার মূলীভূত কারণ হচ্ছে দেশ বিভাগের জন্য এই পশ্চিমবঙ্গে ৬০।৬৫ লক্ষ লোকের বাধ্যতামূলক আগমন সেই জন্যই এই দুরবস্থার সৃষ্টি হয়েছে। মাননীয় স্পীকার মহাশয় একথাটা গভীরভাবে চিন্তা করতে হবে। পশ্চিমবঙ্গের জন-সাধারণ যারা পূর্ববঙ্গ হতে উদ্বাস্তু হয়ে এসেছে তাদের প্রতি সহানুভূতিসম্পন্ন, কারণ তারা আমাদেরই একটা অঙ্গবিশেষ এবং যারা ভারতের স্বাধীনতা মূল্য স্বরূপ তারা গৃহহারা হয়ে এখানে এসেছে। কিন্তু দুঃখের বিষয় সারা ভারতবর্ষ যার জন্য তারা দেশত্যাগী হল সেই সারা ভারতবর্ষেরই এ বিষয়ে দায়িত্ব রয়েছে। শুধু যদি পশ্চিম বাংলার জনসাধারণের উপর এই দায়িত্ব সমগ্রভাবে দেওয়া হয়, তাহলে সর্বতোভাবে বাংলা দেশের অর্থনৈতিক বিপর্যয় হবে। একটা অতি সত্য কথা যেটা সকলেই জানেন কিন্তু প্রকাশ করেন না। সেটা স্পষ্ট করে আপনা-দের সামনে বলা আমি প্রয়োজন মনে করি। কিছুদিন যাবৎ পশ্চিমবঙ্গের একশ্রেণী যুবকের মনে এইরূপ একটা হতাশার ভাব এসেছে যে শিক্ষা সমাপ্ত হওয়ার পরেও তাদের কোন কর্ম্মসংস্থান হচ্ছে না এবং তাদের মনে যে কারণেই হোক ডিউ টু ফ্রাষ্ট্রেশন এই হতাশার ভাব বদ্ধমূল হয়েছে যে পূর্ববঙ্গের লোক এখানে আসার জন্যই আমাদের কোন ভবিষ্যৎ নাই। পূর্ববঙ্গের উদ্বাস্তুর প্রতি এরকম একটা ভাব অত্যন্ত মারাত্মক ব্যাপার। যাতে পশ্চিমবঙ্গের লোকের মনে এরকম কোন ধারণা না হয়, সেইজন্য এই প্রস্তাব অত্যন্ত যুক্তিযুক্ত মনে করি। সেই জন্য সারা ভারতের যখন এবিষয়ে পূর্ণ দায়িত্ব রয়েছে তখন যারা অন্ততঃ চাকুরির উপযুক্ত কেন্দ্রীয় সরকারের নানা বিভাগে রেল এবং অন্যান্য বিভাগে যাতে এই সমস্ত উদ্বাস্তুরা স্কোপ পায় এবং একটা কোটা ভাগ করে দেওয়া হয় তার প্রয়োজন আছে। তা যদি না হয় তাহলে বাস্তুহারা সমস্যার সমাধান হবে না।

[3-50—4 p.m.]

পশ্চিমবঙ্গের লোক শিক্ষিত হয়ে বেকার হবে এবং ভবিষ্যতে পশ্চিম বাংলা এবং পূর্ববাংলার লোকের মধ্যে মনোমালিন্যের সৃষ্টি হবে। আমার বক্তব্য এই যে প্রস্তাব এ্যাসেম্বলিতে পাস হয় এবং হচ্ছে—প্রস্তাব যখন আসে তার পিছনে ভাল উদ্দেশ্য থাকে, কিন্তু তা কার্য্যে রূপান্তরিত করা আমরা দেখতে পাই না। যাক্ আইনসভায় তার আলোচনা করব না। এখানে প্রস্তাব হয়েছিল যে ফোর্থউইথ প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হবে, বাংলার জন-সাধারণকে শিক্ষিত করা হবে। আমরা বিস্মিত হোলাম যখন ডাঃ রায় বললেন ফোর্থউইথ মানে ১০ বৎসর। এইভাবে যদি শিল্প প্রভৃতির উন্নতি হতে থাকে তাহলে সারা জীবনে পশ্চিমবাংলার কোন বিষয়ে কোন উন্নতি হবে না। সুতরাং আমাদের ডু ইট ইন আরনেষ্ট সেইভাবে করতে হবে। তাতে দেশের আবার নূতন সমৃদ্ধি লাভ হবে তাতে আমরা রাজি আছি। তা না করে শুধু প্রস্তাব এল পাস হয়ে গেল, অথচ কাজ কিছুই হল না এ আমরা চাইনা।

**Janab S. M. Fazlur Rahman:**

মাননীয় সভাপাল মহাশয়, আমি এ প্রস্তাব সমর্থন করছি। বাংলা দেশের বেকার সমস্যা যে ভয়াবহ আকার ধারণ করেছে তা কেউ অস্বীকার করবেন না। আজ বাংলা দেশের যে অবস্থা এই দেশের লোক যে দিনের পর দিন ক্ষয়ের দিকে চলেছে তা আমরা সকলেই জানি। সেদিক থেকে বেকার সমস্যা সমাধান করতে পারলে দেশ বাঁচতে পারে এ বিষয়ে সন্দেহ নেই। বাংলার বেকার সমস্যা সমাধানের জন্য যে সব প্রস্তাব হয়েছে তার মধ্যে দুর্গাপুরের কথা বলা হয়েছে, তাতে আমাদের রাখহরি বাবুর কোন আপত্তি নেই, কিন্তু কল্যাণীর কথায় তিনি চমকে উঠেছেন যেন কল্যাণীটা তার মনঃপূত নয়। কিন্তু সব দিক থেকে দেখলে মনে হবে যে কল্যাণীর প্রতিষ্ঠায় অনেকের উপার্জনের ব্যবস্থা হবে এবং বেকার সমস্যাও অনেকটা সমাধান করা যেতে পারে। কল্যাণী আজ পূর্ণরূপ পরিগ্রহ করতে চলেছে। তাতে মধ্যবিত্ত এবং অন্যান্য সমস্ত বেকার তারা এখানে শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে সুযোগ পাবে। এখানে যা অর্থ প্রয়োজন সেই অর্থ রাজ্য সরকার সরবরাহ করবেন। শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে হ'লে সমস্ত সুযোগ সুবিধা দিতে হয় এবং ডাঃ রায় যে পরিকল্পনা শুরু করেছেন তার পরিপূর্ণ রূপ দিতে গেলে শিল্প প্রতিষ্ঠান গঠন ছাড়া তা সফল হতে পারবে না। কিন্তু এ ব্যাপারে ভারত সরকারের অর্থ সাহায্য আমাদের প্রয়োজন। কলকাতার লোকসংখ্যা যেভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে ভাল করে শিল্প প্রতিষ্ঠান গঠন করতে পারলে মধ্যবিত্ত সমাজের বেকার ছেলেদের সমস্যা অনেক মিটতে পারে। তারা কর্ম্মসংস্থানের পথ খুঁজে

পারে। শিল্প সংগঠিত যদি করা যায় তাহলেই দেশের কল্যাণের রূপ দেখা যাবে। আর এই প্রসঙ্গে একথাও বলা দরকার মনে করি যে যেভাবে আমাদের বেকারের সংখ্যা বেড়ে চলেছে তাতে উপযুক্ত পরিমাণ শিল্প প্রতিষ্ঠান গঠন করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। কাজেই কেন্দ্রীয় সরকারও নানাভাবে বাংলা দেশের বেকারদের কর্মসংস্থানের চেষ্টা করলে ভাল হয়। এই বলে আমি এই প্রস্তাব সমর্থন করি।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Mr. Speaker, Sir, in my budget speech I referred to the question of unemployment and I told the members of the House that an unemployment survey conducted by the States Statistical Bureau in 1953 showed that there were 4·5 lakhs of unemployed employment-seekers in the urban areas in West Bengal, and there were 5·6 lakhs of unemployed employment-seekers in the rural areas of West Bengal. The amendment of Dr. Ranen Sen refers only to a small part of our unemployed employment-seekers. He refers merely to the question of those who were employed in the mills and who may be discharged because of various processes of rationalisation and so on. The problem of unemployment in this Province has to be looked at from a different angle altogether. When the first Five-Year Plan was framed, it was laid down that the object of the Plan was to raise the standard of living of the people and to open out to them opportunity for a richer and a more varied life. They estimated that, with the means at their disposal and with the proposals that they had put forward for improving the industrial and other concerns in India, there will be an opportunity for 93·5 lakhs of people in India for employment I cannot tell you what is the total number of employment that has been provided in the Five-Year Plan because no definite data have yet been collected, but my information is that the total number of employment that has been provided in the Five-Year Plan has been between 20 and 25 lakhs which one may say is lower than what one had expected.

[4—4-10 p.m.]

Sir, unemployment is a word which was not known in the English language before 1890. Before that there was an expression used "employment-seeker", but unemployment may be due to one of the four causes. One is the unemployment that is due to varied demand of services and goods. It has been found particularly in the industrial countries that there is always unemployment because the goods that are produced are not being sold.

Sir, yesterday evening I was told that there was some trouble with the electric lamp makers in and around Calcutta and I made enquiry and found that the total production of electric bulbs is much more than the demand Naturally it would mean sooner or later unemployment to a certain type of people.

Then, Sir, there is the second type of unemployment which is called frictional unemployment. I was reading a book called the "Soviet Plan" in which they say that between 3 and 5 per cent. of the workers generally belong to this group. This group means whenever there is a rationalisation in industrial concern, whenever there is a modernisation of machinery or whenever there is an attempt on the part of an industrial concern to change its mode of working in order to produce more and better there is always a certain amount of unemployment which is called frictional unemployment As I said before, in this book they suggested that if the frictional unemployment does not exceed 5 per cent. it is not a dangerous symptom.

The third group is due to shortage of capital and equipment and complementary resources. This is particularly the cause of unemployment in a country like India which is under-developed. In western countries

employment depends upon the total number of industrial concerns that are being developed. In our country we have man-power and we have our natural resources; we have some energy and capital but we do not possess equipments nor do we possess enough capital for utilising that equipment. The problem of this country therefore is to try and increase the volume of employment as also its productivity. Sir, I was reading the other day a report of the Statistical Institute in Baranagore. Professor Mahalanobis has been investigating this problem of unemployment from a scientific angle and and he said that the different groups of experts who are working in that Institute have reported that productivity and unemployment go more or less in different directions. If you have more productivity there must be increased mechanical arrangements for producing it which means naturally for a little while unemployment, but still we will have, if you want to reduce unemployment and increase the income of under-employed, to introduce various measures to utilise more capital and equipment in order to develop faster. The other day I met the Ambassador from Poland and he told me that after the war they have developed their industries so fast that today they have not got enough men to work the industrial concerns which they have got. I offered him some of our people to go there in order to get employment in that country. (Laughter.)

Sir, before I proceed further I want to make one observation with regard to this resolution. I repeat what I said a little while ago that the resolution is not a Government resolution. As a matter of fact I saw the resolution only a little while ago. I find there is one expression used in the resolution, sub-head (2)—Government of India should reserve certain vacancies in all Central Government offices. Sir, it is not possible under the Constitution to reserve any vacancy for any class of people. What they have done with regard to the western group of refugees is that the Government of India have given priority to the employment of people coming from West Punjab and it is possible also and it is being done now in this State that priority is given to those who come from East Bengal. If there are two persons of equal efficiency and equal merit, one of them coming from East Bengal, then we give priority to that individual. That is a qualification which I would make in this resolution because the word "reserve" is not the correct word. Having said that I make no apology for referring to a brochure which I have circulated to the members in which I have put down the problem of Bengal and what is to be done to meet unemployment problem. As I have said on several occasions here in this House, it is not merely the question of having so many posts and so many people to fill them up. You must train them to occupy the post; you must study the peculiarities of the individual unemployed so that he will be able to utilise and occupy the post with efficiency and merit. Sir, in this project, therefore, we at the present moment propose that there would be a Coke Oven Plant and a Thermal Plant next door which would employ to our estimate about 12 to 13 thousand people, but it is not merely the coke that is produced or the gas that is produced or the electricity that is generated that I am aspiring for but we want that the by-products from the Coke Oven Plant, the coal tar distillation products might be utilised also to a certain extent and for the purpose of developing small industries out of them so that our youngmen may be employed in such a manner, and secondly, if the Thermal Plant is put in we propose to utilise at least 15,000 KWT. to supply to the neighbouring areas, particularly rural areas, so that it may be possible for youngmen to take to small and cottage industry by installing power instead of employing hand. We know that our youngmen are capable workers with various types of machinery but they are not capable, because of the traditional habit and custom, to utilise their muscles similar to what is being

done by people in other parts of India, although I may say that things are changing but I want to say that it is not enough for us to find employment but employment that would suit the particular type of individuals that are unemployed today. Therefore we have the Durgapur project put before the House.

[4-10—4-20 p.m.]

**Sj. Jyoti Basu:**

আপনি যে দশ মিনিট স্থির করেছিলেন, সেটা তো থাকল না।

**Mr. Speaker:**

হাঁ।

**Sj. Mangal Chandra Saren:**

আমার স্যার আর কিছু বলবার নাই।

**Dr. Ranendra Nath Sen:**

আমাদের দুটো থেকের কেউ বলতে পারলো না।

**Sj. Ganesh Ghosh:** Sir, have you considered one thing? We started this resolution at 3-20.

**Dr. Kanailal Bhattacharya:** We started at 3-25 p.m.

**Mr. Speaker:** No, we started at 3-15 p.m. There were some other discussions.

The motion of Dr. Ranendra Nath Sen by way of amendment to resolution No. 1 standing in the name of Sj. Mangal Chandra Saren that—

(*i*) in line 2, after the word "unemployment" the words "which is getting more and more aggravated due to the policy of retrenchment pursued by the employers in many industries and to the closure of various mills and firms in the State", be inserted;

(*ii*) in lines 2 to 7, the words beginning with "with pecularíar and particular reference" and ending with "from the Union Government is needed", be omitted;

(*iii*) in line 8, after the words "should be approached" the words "by a deputation consisting of one representative each from the Parties and Groups represented in the West Bengal State Legislature" be inserted;

(*iv*) in lines 9 and 10, for the words "industrial estates in certain, for instance", the words "industries in West Bengal, particularly in areas like" be substituted;

(*v*) in line 12, for the words "those areas" the words "West Bengal" be substituted;

(*vi*) in lines 13 to 16, for the words beginning with "Government of India should reserve" and ending with "for the displaced persons from East Bengal" the following be substituted,—

"to help the Government of West Bengal to absorb the surplus staff of the Food and Supply Department and the employees of the Zemindaries which have been taken over by the Government"; and

(*vii*) the following paragraph be added to the resolution—

> "This Assembly is further of opinion that the said deputation should represent to the Government of India the need to bring suitable legislations to stop retrenchment in West Bengal and to authorise the State Government to take over closed down mills, factories and other establishments and run them for expansion of employment and prosperity of the State of West Bengal."

was then put and lost.

The motion of Sj. Mangal Chandra Saren that in view of the considerable complexity and appalling nature of the problem of unemployment with peculiar and particular reference to the State of West Bengal, and the fact that the problem is of such magnitude that it is difficult for the State Government to tackle it unaided, and that to enable the State Government to solve the problem, more help, financial or otherwise, from the Union Government is needed, this Assembly is of opinion that Government of India should be approached for taking the following specific measures:—

(1) To give special aid for creating and fostering industrial estates in certain areas, for instance, Durgapur and Kalyani, and to help in the location of basic industries essential for prosperity of those areas.

(2) Government of India should reserve certain vacancies in all Central Government offices including those in New Delhi and in Railways and other Central Government undertakings for the displaced persons from East Bengal.

was then put and agreed to.

**Mr. Speaker:** Then we shall take up resolution No. 3. Will half an hour do for this resolution?

**Sj. Ganesh Ghosh:**

অন্ততঃ আড়াই ঘন্টা সময় এই নন্-অফিসিয়াল মোশনের উপর যদি না দেওয়া হয়, তাহলে কি করে চলবে?

**Mr. Speaker:** All right.

**Sj. Ajit Kumar Basu:** Sir, I beg to move that this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith initiate necessary legislations providing for election to all Local Self-Governing institutions on the basis of universal adult suffrage.

**Sj. Jyoti Basu:**

আপনি এটার উপর আমাদের কতক্ষণ বলতে দিবেন?

**Mr. Speaker:**

আধ ঘন্টা।

**Sj. Jyoti Basu:**

এটার আধ ঘন্টা সময় দিলে কেউই কিছু বলতে পারবে না।

**Mr. Speaker:** Very well, I shall give one hour for this resolution.

**Sj. Jyoti Basu:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি এখন দেখছি, এই যে আমরা এই নন-অফিসিয়াল দিনের জন্য এবং তার অধিকার আদায় করবার জন্য এত হৈচৈ করে এই অধিকার খানিকটা আদায় করেছি এ সবই বৃথা, পণ্ডশ্রম মাত্র, মিছেমিছি লড়াই করেছি। তাতে আপনারও মন খারাপ হয়েছে, আমাদেরও মন খারাপ হয়েছে। যেভাবে টাইম ঠিক হচ্ছে, তাতে একটা প্রস্তাবও সিরিয়াসলি আলোচনা করতে প্রয়োজনীয় সময় দেওয়া হচ্ছে না। ডা: রনেন সেন একটা বক্তৃতা তৈরী করে আনলেন, তা অন্তত: পনের মিনিটও বলতে পারলেন না, দশ মিনিটেই শেষ করতে বললেন। আমাদের এখানেও অনেকে বলতে পারলেন না, আর ওদিকে ? তিনজন বলতে পারলেন না। এই সব দেখে মনে হয় এই সমস্ত প্রস্তাবের কোন মূল্য নাই। আপনার উপর রাগ করে কোন লাভ নাই। এই সমস্ত প্রস্তাবের শুধু লোক দেখান মূল্য ছাড়া আর কোন মূল্য নাই। অর্থাৎ ডেমোক্রেসি, য়্যাডাল্ট ফ্রানচাইজ ইত্যাদি কথা যা শুনি তাঁদের মুখে, এটা শুধু লোককে চুপ করিয়ে রাখার কৌশল মাত্র। দেখো, তোমাদের অনেক কথা বলবার সুযোগ আছে। এমন কি নন-অফিসিয়াল ডেতে প্রস্তাব পর্য্যন্ত আনতে পার। আর সেই প্রস্তাব গৃহীতও হয়। দেখো, অপজিসান কেমন কাজ করছে। এছাড়া আর কোন মূল্য আছে বলে মনে হচ্ছে না। সেই জন্য আজ প্রথম এসে জিজ্ঞাসা করেছিলাম যে প্রস্তাব আমরা সবাই মিলে এক সঙ্গে গতবার গ্রহণ করলাম প্রাইমারী এডুকেশন সম্বন্ধে, সেটার কি হ'ল? প্রধান মন্ত্রীমহাশয় বললেন সব ঠিক আছে। আমরা দশ বছর গ্র্যাণ্ট করে ফেলেছি। নূতন প্রস্তাবে একথা ছিল না। প্রস্তাবে ছিল ফোর্থউইথ এক্ষুণি আইন করবার জন্য। কিন্তু আমরা দেখলাম দেশে এই শিক্ষা সংক্রান্ত আইন এই বিধান সভায় এবার অন্তত: এল না এবং ডা: রায়ের কথায় যা বুঝলাম সেটা এবার আসবে না। দশ বছর উনি যদি বেঁচে থাকেন বা সরকারে থাকেন, তাহলে পরে কি হবে জানি না। তবে এটা বুঝলাম যে ওরকম কোন আইন-টাইন ততদিন আসছে না। হাউস একটা ম্যাণ্ডেট্ দিয়েছে এটা করতে হবে। আর বাংলা দেশের সরকারের প্রধানমন্ত্রী সেই ম্যাণ্ডেট মানছে না। এই হচ্ছে প্রস্তাবের মূল্য। মূল্য.টুলা দিয়ে বিশেষ কোন লাভও নাই। কাজেই এই প্রস্তাব সম্বন্ধে বক্তৃতা দিতে হয়, তাই দিচ্ছি, সময় নষ্ট করতে হয় এখানে এসে, তাই দিচ্ছি। আপনি হাফ্-ম্যান-আওয়ারই বলুন আর যাই বলুন, যখনই আপনি আলো জ্বালাবেন বসে পড়বো। এটা সর্বসম্মতিক্রমে গৃহীত হলেও কিছুই হবে না। এটা জেনেও আমি দু-একটা কথা বলছি।

আমরা এটা চাই যে স্বায়ত্তশাসনমূলক যতগুলি প্রতিষ্ঠান আছে, সমস্ত জায়গায়ই প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার দেওয়া হোক। আমি একথা বুঝতে পারি না কেন এটা বাংলা দেশে এখনো দেওয়া হচ্ছে না। অবশ্য সেদিন শ্রীজালান যে বক্তৃতা দিয়েছিলেন তাতে এটুকু বুঝলাম যে সেটা তাঁর মনে আছে। কোন দিন যে তা করবেন না তা বলছি না। ১৯৫০ সালে যাদবেন্দ্র নাথ পাজা মহাশয় ক্যালকাটা মিউনিসিপ্যাল ম্যানেজমেণ্ট বিল সম্পর্কে যে বক্তৃতা আমাদের শুনিয়েছিলেন, আমি তখন ছিলাম না, তা আমি প্রসিডিংসে দেখেছি। তিনি কংগ্রেস তরফ থেকে বক্তৃতা দিতে গিয়ে এত উৎসাহিত হয়ে গিয়েছিলেন যে সেই সময় তিনি একটা কবিতা পর্য্যন্ত বলে দিয়েছিলেন। তিনি সচরাচর কবিতা বলেন না। তবে বাইরে কবি কিনা জানি না। তখন তিনি বলেছিলেন যে "ইনভেষ্টিগেশন কমিশন অফ দি ক্যালকাটা কর্পোরেশন" যেটা হয়েছিল, তাঁরা বলেছেন এই রকম অধিকার দেওয়া উচিত। কিন্ত তিনি বললেন আমরা অনেকের মত নিয়েছি, অনেক এ্যাসোসিয়েশনএর মত নিয়েছি, তাঁরা প্রত্যেকে বলেছেন এরকম কোন অধিকার দেওয়া উচিত নয়। আমি জিজ্ঞাসা করি সেই এ্যাসোসিয়েশনগুলি কারা? তাঁর মুখ থেকে সেটা জানতে চাই।

দ্বিতীয় তিনি উৎসাহিত হয়ে বলেছেন যে ইংল্যাণ্ডের লোকেরা যেভাবে ভোট দিতে অভ্যস্ত, আমাদের দেশের কালা আদমীরা সেইভাবে ভোট দিতে অভ্যস্ত নয়। আজ আমাদের সাম্রাজ্যবাদী ইংরেজের কাছে ডেমোক্রেসি শিখতে হবে, সাম্রাজ্যবাদীদের কাছ থেকে আমাদের ভোটাধিকার শিখতে হবে। পাঁজা মহাশয় বলেছিলেন কলিকাতার মানুষ এইভাবে ভোট দিতে অভ্যস্ত নয়, এইভাবে ভোট তারা দিতে পারবে না। কাজেই এই অধিকার তাদের দেওয়া হবে না।

"Under adult franchise most persons who have little interest in the city's continuous well ordered life and who have no civic training and consciousness, and the city of Calcutta abounds in such persons who as a rule are apt to be guided in the periodical exercise of their votes by interested persons because of their personal, narrow interests and not by considerations of common good."

চমৎকার! ইংল্যাণ্ডের লোকদের কন্সাসনেস আছে, চেতনা আছে, আর আমাদের দেশের লোকের কোন চেতনা নাই। আমি মন্ত্রীদের জিজ্ঞাসা করি তাঁরা কি করে এই সমস্ত আনকন্সাস লোকের ভোটে নির্বাচিত হয়ে এসে ওখানে বসেছেন। এই য়্যাডাল্ট ফ্রানচাইজে অন্যায়টা কোথায় আছে। সরকার কিছু গঠন করবেন তারজন্য এই য়্যাডাল্ট ফ্রানচাইজ হচ্ছে। আমাদের নর্দমা কি রকম হবে, রাস্তাঘাট, পায়খানা কি রকম হবে তারজন্য যাবার আলাদা চেতনা দরকার হবে। আমি বলি আমাদের কি তাহলে সেই অবস্থা হয়েছে। শুধু ইংল্যাণ্ড ও বাম্বে য়্যাডাল্ট ফ্রানচাইজ হয়েছে তা নয়, ত্রিবাঙ্কুর কোচিনে এটা হয়েছে। এমন কি অন্ধ্রের মত ছোট একটি প্রদেশ, সেখানে পর্যান্ত এই জিনিষটা আছে। উড়িষ্যা, বিহার এই রকম দু-একটা জায়গায় হয়ত নাই, তাই বলে কি আমাদের তাদের পদাঙ্ক অনুসরণ করতে হবে? এই হচ্ছে তাদের যুক্তি। এই এক যুক্তি হ'তে পারে।

[4-20—4-30 p.m.]

অত্যন্ত লজ্জাকর, অত্যন্ত অপমানকর এই যুক্তি বাংলা দেশের পক্ষে। এরকম একটা যুক্তি হ'তে পারে না। আর দ্বিতীয়তঃ এই হ'তে পারে যে এটা একদিন দিতেই হবে। জালান সাহেব সেদিন বলেছিলেন বটে কিন্তু নিশ্চয় তাঁদের দিতে হবে। য়্যাডাল্ট ফ্রানচাইজ তাঁরা দিতে বাধ্য। আর একটু আন্দোলন হ'লে, আর একটু মানুষ যদি তাঁদের উপর চাপ সৃষ্টি করতে পারে তাহলে এই কংগ্রেস সরকার থেকে আমরা য়্যাডাল্ট ফ্রানচাইজ পেতে পারব। সমস্ত দুনিয়ায় যখন য়্যাডাল্ট ফ্রানচাইজ হ'তে চলেছে, যখন লোক্যাল বোর্ড প্রভৃতি স্থানীয় স্বায়ত্ত-শাসনমূলক প্রতিষ্ঠানেও এটা চলছে তখন আপনারা কতদিন পিছিয়ে থাকবেন? যতই প্রতিক্রিয়াশীল হউন না কেন মন্ত্রীরা পিছিয়ে থাকতে পারেন না। তবে আমরা একথা বলি না যে য়্যাডাল্ট ফ্রানচাইজ হয়ে গেলেই সব হয়ে গেল। কিন্তু সেখানে মানুষ যে কতখানি অগ্রসর হ'ল বা গণতন্ত্র অগ্রসর হ'ল তা এই য়্যাডাল্ট ফ্রানচাইজ থেকেই বোঝা যায়। কিন্তু তার পরেও অনেক রকম বিপত্তি থেকে যাবে। অনেক রকম মুস্কিল থাকবে। দেখা গেছে প্রজা যদি সংগঠিত না হয়, প্রজার সংগঠন গড়ে না উঠলে য়্যাডাল্ট ফ্রানচাইজ থাকলেও তারা ভোট দিতে যায় না; মুসলমানদের ভয় দেখান হয় যে ভোট না দিলে পাকিস্তানে পাঠিয়ে দেব, সেই ভয়েই তারা ভোট দেয়। এ জিনিষ বিভিন্ন সময়ে ও বিভিন্ন স্থানে আমরা দেখেছি। সেইজন্য আমি বলছি ভয়েতে এই রকম অনেক সময়ে হ'তে পারে য়্যাডাল্ট ফ্রানচাইজ থাকা সত্ত্বেও এবং অনেক অনগ্রসর লোক আছে তাদের সংগঠন নাই বোলে তারা হয়ত জমিদারকে ভয় করে, তারা উপরওয়ালা যারা আছে তাদের ভয় করে, এবং মনে করে সিক্রেট ব্যালট হ'লেও তারা কোন ক্রমে জেনে যাবে এবং তারা মনে করে তখন আমরা জমি কি কোরে রাখব? সেখান থেকে যে আমাদের বিতাড়িত করবে। জলপাইগুড়ীতে নির্বাচনের সময় দেখেছি যে য়্যাডাল্ট ফ্রানচাইজ থাকা সত্ত্বেও স্বর্গীয়া রাণী অশ্রুমতীর নির্বাচনের সময় প্রজাদের সঙ্গে কথা ব'লে দেখেছি তারা আমাদের বলেছে আজকে আপনারা এই কথা ব'লছেন যে আমরা রাণীমায়ের বিরুদ্ধে ভোট দিই। কিন্তু তাঁর বিরুদ্ধে ভোট দিলে যে আমাদের জমি থেকে তাড়িয়ে দেবে, তখন আমরা কোথায় যাব? তখন আপনারা কি আমাদের বাঁচাতে পারবেন?' এই সব কথা সেখানে গিয়ে শুনেছি। তবে আমি বলব যে য়্যাডাল্ট ফ্রানচাইজ হ'লে যে সুযোগ সুবিধা হয় সেই সুযোগ সুবিধা যেখানে য়্যাডাল্ট ফ্রানচাইজ নেই সেখানে হয় না। সেইজন্য য়্যাডাল্ট ফ্রানচাইজ আমরা দাবী করছি এবং বলছি যে এ জিনিষটা আপনাদের এখনই মেনে নেওয়া উচিত। এর জন্য লেজিসলেশন এখনই করা উচিত, আর দেরী করার কোন কারণ নেই। বাংলা দেশকে এভাবে আপনারা অপমানিত করবেন না। মন্ত্রীদের কাছে এই আমার বলবার কথা যে অন্য জায়গায় লোক হাসে আমাদের দিকে তাকিয়ে। দুর্গাপুর এবং আরও অনেক বড় বড় কথা আমরা শুনেছি। আমরা অনুকটা করতে পারছি না, কারণ ভারত সরকারের সাহায্য পাই না। কেন আপনারা এগুলো ক'রতে পারেন না? দুর্গাপুর ক'রতে পারেন না টাকার অভাবে? এগুলো কে বিশ্বাস ক'রবে? যেটা বলা হয় সামান্য জিনিষ, যা নিজের হাতে আছে তাই ত করতে পারেন না। এই ত বাংলা দেশের অবস্থা। একথা যদি কেউ আপনাদের বলে তখন কোথায় দাঁড়াবেন?

তাই বলি আর দেরী না কোরে সর্বসম্মতিক্রমে আমাদের প্রস্তাব গ্রহণ করুন, এবং প্রস্তাবমত আইন যাতে হয় তার ব্যবস্থাটা আপনারা পরের সেসনে কোরে দিন।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

স্যার, আমার একটা ছোট য়্যামেণ্ডমেণ্ট ছিল, য়্যামেণ্ডমেণ্ট ঠিক নয়——

**Mr. Speaker:**

আপনি বলুন।

0

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

শুধু বাই ব্যালট আর কিছু নয়।

This Assembly is of opinion that the Government of——.

**Mr. Speaker:** Please do not read it. I have not allowed Sj. Subodh Banerjee to read.

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

এই যে য়্যাডাল্ট ফ্রানচাইজ যা নিয়ে কথা উঠেছে, বর্তমানেও সেটা আছে, বেশী দূরে যেতে হবে না এই বাংলা দেশের চন্দননগরেই আছে, সেখানে লোকাল প্রতিষ্ঠানে য়্যাডাল্ট ফ্রানচাইজ দেওয়া আছে। ফরাসীরা সেই য়্যাডাল্ট ফ্রানচাইজ চালিয়ে এসেছে। এই যে চন্দননগর মিউনিসিপাল বিল আসছে তাতে চন্দননগরে য়্যাডাল্ট ফ্রানচাইজ ছিল বলেই সেখানে য়্যাডাল্ট ফ্রানচাইজ দেয়া হচেছ। সুতরাং এ দাবী কিছু নূতন নয়, এটা সঙ্গত দাবি এবং এটা ওভারডিউ। কাজে কাজেই এটা দেয়া উচিত।

তারপরে আমি যা বলেছি বাই ব্যালট—আগে যে রেজলুসন পাশ করা হয়েছে তাতে বাই ব্যালট ছিল। নৈলে সকলের সাক্ষাতে মুখে বলে ভোট দেওয়ার দুপক্ষই উপস্থিত থাকলে যেমন জ্যোতি বাবু বলেছেন যে রাণীমার সামনে কি করে আপনাকে ভোট দিই এই রকম ব্যাপারই হবে। তাতে নিরপেক্ষ ভোট হবার সম্ভাবনা কম। সেই জন্য আমি বলছি ভোট দেবার সময় বাই ব্যালট না হলে অনেক গোলমাল হয়ে যাবে। সেই জন্য আমি বলছি য়্যাডাল্ট ফ্রানচাইজ যেমন হবে সঙ্গে সঙ্গে ভোট বাই ব্যালটও হওয়া দরকার। জেলা বোর্ড, ইউনিয়ন বোর্ড এসবেও ভোট বাই ব্যালট হওয়া উচিত।

**Sj. Hemanta Kumar Basu:**

স্পীকার মহাশয়, ১৯২৩ সালে মিউনিসিপ্যাল আইন পাশ হবার পূর্বে যে নির্বাচন হত তাতে আমরা দেখেছি যে যারা ভোট দেবার অধিকারী, ঠিক মতন ভোট ব্যবহার করার মতন তাদের জ্ঞান বা চেতনা ছিল না। কিন্তু ১৯২৩ সালের পর যতই নির্বাচনের পর নির্বাচন আসতে লাগল ততই দেখা যেতে লাগল যে ভোটারদের নিজেদের জ্ঞান ও বুদ্ধি এবং চেতনা তাদের ভোট দানের মধ্য দিয়ে ক্রমশ: প্রকাশ হচেছ। ১৩২৩ সালের পূর্বে কর্পোরেশন ছিল মডারেটদের হাতে, এবং তাঁরাই নির্বাচনে দাঁড়াতেন ও নির্বাচিত হতেন এবং কর্পোরেশনকে তাঁরা পরিচালিত করতেন, বেঙ্গল কাউন্সিলেও তাঁরাই দাঁড়াতেন এবং তাঁরাই নির্বাচিত হতেন। তারপর কংগ্রেসদল কিভাবে নির্বাচিত হয়েছিল? যখন জনসাধারণ ভোট দেবার অধিকার সম্বন্ধে নিজেরা সচেতন ও সজাগ হল, এবং কংগ্রেসকে ভোট দিল। যদি জনসাধারণ তাদের ভোট দেবার অধিকার সম্বন্ধে সচেতন ও সজাগ না হত তাহলে নিশ্চয়ই কংগ্রেসদল ভোট পেত না। দেশের দু:খ দারিদ্র্য ও বেদনার বিরুদ্ধে সংগ্রাম ও দেশের স্বাধীনতার জন্য সংগ্রাম, এই সমস্ত সংগ্রামের মধ্য দিয়ে সমস্ত ভোটার ও নির্বাচকমণ্ডলী তাদের নিজেদের অধিকার সম্বন্ধে সজাগ সচেতন হয়। আমাদের নূতন কনষ্টিটিউসন যখন তৈরী হয়, তখন তাঁরা এই য়্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজের ভিত্তিতে বিভিন্ন প্রদেশের কাউন্সিল ও এসেমব্লির নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করেন। তার মানে বৃটিশ গভর্ণমেণ্ট জনসাধারণের যে স্বাভাবিক অধিকার, এসেমব্লি ও পার্লামেণ্টের নির্বাচনে ভোটদানের যে অধিকার, সেই অধিকারকে ক্ষুণ্ন করে নিজেদের হাতে ক্ষমতা রেখে তাঁরা এদেশ শাসন করত। তারা নিজেরা মুষ্টিমেয় ভোটার থাকাতে এদেশের যারা বিত্তশালী ও স্বার্থবাদী যাদের স্বার্থ রাষ্ট্রের সঙ্গে জড়িত সেই শ্রেণীর লোকদের তারা ভোটদানের অধিকারী করে দেয়, কিন্তু তারপর দেশময় যখন জাগরণ হয় এবং আন্দোলন হতে থাকে তারপরে এই য়্যাডাল্ট ফ্র্যানচাইজের যে প্রস্তাব সেই প্রস্তাব কনষ্টিটুয়েণ্ট এসেমব্লি গ্রহণ করেন।

[4-30—4-40 p.m.]

কিন্তু দেশময় যে জাগরণ হয়, যে আন্দোলন হয়, তার ফলে এই য়্যাডাল্ট ফ্রানচাইজএর প্রস্তাব কনষ্টিটিউসন য়্যাসেমব্লিতে তারা গ্রহণ করেন। কাজেই সেদিক থেকে যখন নির্বাচন হচেছ সেই নির্বাচনে কংগ্রেসী দল আছে অন্যান্য দলও আছে, প্রত্যেক দলই নিজেদের কথা বলেন ভোটারদের কাছে। তাদের আদর্শ কর্মপন্থার কথা বলেন এবং জনসাধারণ বুঝতে পারে তারা কাকে এবং কিভাবে ভোট দেবেন। অথচ এই ভোট দেবার মধ্যে নানারকমভাবে প্রভাব বিস্তার করবার চেষ্টা হয়। এবং ভোটারদের নানারকম বিভ্রান্ত করবার চেষ্টা করা হয়। তা সত্বেও যখন দেখা যাচেছ যে নির্বাচনে ভোটের ব্যাপারে যেভাবে ভোট দেওয়া হয়, তাতে দেখা যাচেছ এই নির্বাচনে ভোটারদের নিজেদের অধিকার সম্বন্ধে তারা কতকটা জেগে উঠেছে। তারা নিজেদের ভোট কি করে দিতে হয় সেই শিক্ষালাভ

করেছে এই নির্বাচনের মধ্য দিয়ে সেটা বোঝা যায়। এখন কথা হচ্ছে যেটা কনষ্টিটিউসন য়্যাসেম্বলি করে দিয়েছে সেটা বন্ধ করা যায় না কাজেই সেই বেসিসএ নির্বাচন চালাতে হয়। আজকে গভর্ণমেণ্টএর হাতে বাংলা সরকারের হাতে যে ক্ষমতা রয়েছে, সেই ক্ষমতা জনসাধারণের মধ্যে প্রসারিত করতে প্রস্তুত নন। কারণ জনসাধারণের হাতে ক্ষমতা গেলে ভোটাররা নির্বাচন মারফৎ যে ক্ষমতা কাজে লাগাবে তাতে তাদের প্রভাব প্রতিপত্তি বজায় থাকবে এই তারা মনে করে। তা মনে না করলে তারা ভোটের অধিকার সম্প্রসারিত করছেন না কেন, সেজন্য পৃথিবীর সব দেশে সর্বত্র য়্যাডাল্ট ফ্রানচাইজ হিসাবে ভোট দেওয়া হয়। অন্যান্য সব দেশে যে ভোট দেওয়া হয় তাতে যে মত ও পদ্ধতি আছে সে অনুযায়ী এখানেও হওয়া উচিত দল বা পার্টি হিসাবেই হোক বা ব্যক্তিগত মতানুসারেই হোক। সুতরাং বাংলা দেশে য়্যাডাল্ট ফ্রানচাইজ প্রবর্তন করলে এই য়্যাডাল্ট ফ্রানচাইজ অনুযায়ী ভোট দিলে তারা ঠিকভাবে ভোট দেবেন না এ যারা বলেন আমি বলবো তাতে কোন যুক্তি নাই। আমরা যারা এখানে এসেছি বিভিন্ন দলের কংগ্রেসীই হোক বা অন্য দলেরই হোক, সকলেই য়্যাডাল্ট ফ্রানচাইজ দ্বারাই নির্বাচিত হয়েছি। সুতরাং আজকে লোকাল বোর্ডই হোক আর ডিষ্ট্রিক্ট বোর্ডই হোক যে কোন সংস্থাতেই নির্বাচনে যাতে সর্বসাধারণ য়্যাডাল্ট ফ্রানচাইজে ভোট দিতে পারে সে ব্যবস্থা করা উচিত। জনসাধারণের ভোট দেবার মত চেতনা জ্ঞান হয়েছে সুতরাং পাঞ্জা মহাশয় যে বলেছেন ভোট সম্বন্ধে তারা সচেতন নয়, একথা ঠিক নয়। সুতরাং আমি মনে করি এই সমস্ত লোকাল বোর্ড, ডিষ্ট্রিক্ট বোর্ডএর নির্বাচন যাতে জনসাধারণের অধিকার থাকে, প্রতিনিধিত্ব থাকে এবং নির্বাচনের মাধ্যমে তাদের মনোভাব প্রকাশ করবার অধিকার থাকে সেদিক থেকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব আমি সম্পূর্ণভাবে সমর্থন করি।

**Sj. Natendra Nath Das:**

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫১ সালের গণভোটে আমরা আইন সভায় এসেছি। অথচ আজ ১৯৫৫ সালে অনুরোধ জানান হচ্ছে স্বায়ত্তশাসন ব্যাপারেও গণভোটের অধিকার দেওয়া হোক। এটা বড়ই আশ্চর্যের ব্যাপার। বাস্তবিক অত্যন্ত দুঃখের কথা বাংলার মত প্রগতিশীল স্থানে আজ আমাদের গভর্ণমেণ্টকে অনুরোধ করতে হচ্ছে যে স্বায়ত্তশাসনে গণভোট প্রবর্তন করা হোক আমি বলি এটা অত্যন্ত লজ্জার কথা। ১৯৪৮ সালে মেদিনীপুর ডিষ্ট্রিক্ট বোর্ড নির্বাচন হয়, আজ পাঁচ বৎসর পরে অর্থাৎ ১৯৫৩ সালে তার মেয়াদ ফুরিয়ে গেছে। আর আজ দুই বৎসরের মধ্যে নির্বাচন হ'ল না। আমরা জানান সাহেবের নিকট ডেপুটেশন দ্বারা অনুরোধ করেছিলাম যে মেদিনীপুর জেলা বোর্ড নির্বাচন করা হোক গণভোটে—আজ এক বৎসরের উপর হল এখন সেখানে গণভোট চালু হল না। আমরা গণভোট আইন সভায় আসার সময় যদি ব্যবহার করতে পারি তাহলে স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের বেলায় কেন বাধা আসছে তা বুঝতে পারি না। ইউনিয়ন বোর্ডগুলি বাস্তবিক ভালভাবে চলছে না, অথচ সেখানে কোন গণভোটের ব্যবস্থা নাই। প্রকৃত যারা ভাল লোক, যাদের জনসাধারণ চায়, তারা অনেক সময় আসতে পাচ্ছে না, জনগণের প্রতিনিধি চাষী মজদুরের প্রতিনিধি আসতে পারে না। অনেক সময় স্বার্থসংশ্লিষ্ট লোক চলে আসে যারা বাস্তবিক গরীব লোকের স্বার্থ দেখে না। গণভোট অবিলম্বে প্রবর্তন করা উচিত, যাতে প্রত্যেকটি ইউনিয়নএ, জেলা বোর্ডএ এবং স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানে দেশের প্রকৃত প্রতিনিধি পাঠান যায়। এতে ভয়ের কোন কারণ নাই। কলকাতা কর্পোরেশনএর আয়ুষ্কাল না বাড়িয়ে যদি এবারই গণভোট ইলেকশন হত তাহলে একটা এ্যাসিড টেষ্ট হত কংগ্রেসের উপর লোকের আস্থা আছে কিনা কংগ্রেস জনপ্রিয় আছে কিনা। একথা বলে গণভোট প্রবর্তনের জন্য যে প্রস্তাব এসেছে তা সমর্থন করছি।

**Sj. Madan Mohon Khan:**

মাননীয় স্পীকার মহাশয়, য়্যাডাল্ট ফ্রানচাইজ-এ পৌরসভার ভোটার তালিকা প্রস্তুত করা হয় তার জন্য প্রস্তাব করা হয়েছে। আমি বলতে চাচ্ছি যে আজকে আমাদের প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে পপুলেশন-এর তুলনায় ভোটারের সংখ্যা যে কত কম তা একটি উদাহরণ দিলে বুঝতে পারবেন। আমাদের মেদিনীপুর সহরে প্রায় ৫০ হাজার লোকের বাস। সেখানে ভোটার হচ্ছে ৯।১০ হাজার মাত্র। আজকে যদি য়্যাডাল্ট ফ্রানচাইজ হত তাহলে এই য়্যাসেম্বলি ইলেকশনএর সময় সেখানে যে ২৫ হাজার ভোটার ছিল তারা এই য়্যাডাল্ট ফ্রানচাইজএর বেসিস-এ নিজের লোক বেছে নিতে পারত।

দ্বিতীয় কথা হচ্ছে আজ আমরা মনে করি আমাদের কংগ্রেস বাংলাতে সরকার পরিচালনা করছেন। এবং গত পুণা কংগ্রেসের অধিবেশনে ও হায়দারাবাদ কংগ্রেসের অধিবেশনে এটা স্বীকার করা হয়েছিল এবং এ সম্পর্কে রেজলিউশনও পাশ করা হয়েছিল যে আমাদের দেশে য়্যাডাল্ট ফ্রানচাইজ বেসিসএ পৌরসভা ও জেলা বোর্ডের

ভোটার তালিকা প্রস্তুত করা হবে এবং সে অনুযায়ী সমস্ত ইলেক্শন হবে। প্রাপ্তবয়স্ক হিসাবে ভোটার তালিকা প্রস্তুত করা হইলে পৌরসভার ও জেলাবোর্ডের বহু অর্থ বেঁচে যাবে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্য্যন্ত সেটা গ্রহণ করেননি। তাই অনুরোধ করছি প্রধান মন্ত্রীমহাশয়কে, এই প্রস্তাব গ্রহণ করে সহরবাসীর ন্যায্য দাবী মেনে নেওয়া হউক।

[4-40—4-50 p.m.]

চন্দননগর ফ্রী সিটি হবার পর যে ইলেক্সন হয়েছিল (সেইটা হয়ত বাংলাদেশের প্রথম ইলেক্সন), সেখানে সমস্ত প্রগতিপন্থীরা চন্দননগরের পৌর শাসন অধিকার করেছিলেন। আমি ঝা কমিশনের রেকমেণ্ডেসনের কথা বলেছি। তারা বলেছেন তাঁরা রেকমেণ্ড করেছেন—তারা ভাল কাজ করেছেন। আমার মনে হয় মন্ত্রীমহোদয়ের মস্তিষ্কের পিছনে একটা মতলব আছে আমরা কোন দোষারোপ করছি না কিন্তু বলতে চাই তাঁর মতলবটা যেন এই রকম যে কাগজে কলমে অধিকার দিয়ে দিলাম, কিন্তু টাকা যদি না দেই, তাহলে তারা তিনদিনে অপদস্থ হয়ে চলে আসতে বাধ্য হবে। এই সম্ভাবনা রয়েছে বলেই আমি বলছি মৌখিক প্রতিশ্রুতি শুধু নয় এই বিলের মধ্যে তা ইনকর্পোরেট করুন—চন্দননগরের অধিবাসীরা সঙ্গতভাবে এই দাবী করতে পারেন।

[6-15—6-25 p.m.]

**Dr. Kanailal Bhattacharya:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী আমাদের পরিষদের সাম্নে অনেকগুলি বিল উত্থাপন করেছেন, তার মধ্যে গোটাকতক আইনে পরিণত হয়েছে এবং এখনো গোটাকতক আলোচনার মধ্যে আছে। এই বিলগুলির মধ্য দিয়ে তাঁর প্রতিক্রিয়াশীল দৃষ্টিভঙ্গী বেশ সুস্পষ্ট হয়ে ওঠে। কাজেই যখন এই চন্দননগর মিউনিসিপ্যাল বিলটা হাতে পেলাম তখন একটু আশ্চর্য্য ঠেকল। এবং তারপর তার বক্তৃতা শুনে ও বিলটা ভাল করে পড়ে ব্যাপারটা স্পষ্ট হয়ে গেল। এই বিলের মধ্য দিয়ে চন্দননগরবাসীদের এক হাতে তিনি যা কিছু দেবার চেষ্টা করেছেন, অপর হাত দিয়ে তিনি চোখের অন্তরালে সেটা ছিনিয়ে নেবার চেষ্টা করেছেন। যখন চন্দননগর মারজার বিল আমাদের এখানে আলোচিত হয়েছিল তখন আমরা সুস্পষ্টভাবে বলেছিলাম যে চন্দননগরবাসীরা যে সমস্ত অধিকার ভোগ করে, সে সমস্ত অধিকার যাতে না ক্ষুণ্ণ হয় সেদিকে যেন দৃষ্টি রাখা হয় এবং ঝা কমিশনও সেই নীতিটা তাঁদের রিপোর্টে প্রকাশ করেছেন, আর ওরাও বলেছেন সেই ঝা কমিশনের রিপোর্ট অনুযায়ী তাদের যে সমস্ত রাইট আছে সেগুলি প্রিজার্ভ করার চেষ্টা করা হবে। আমরা সে সময় বলেছিলাম মাধ্যমিক শিক্ষা, প্রাথমিক শিক্ষা চন্দননগরবাসীদের হাতে দেয়া হোক। তখন মন্ত্রীমহাশয় আমাদের বলেছিলেন চন্দননগরবাসীদের সম্বন্ধে কোন সংশোধনী প্রস্তাব আমরা গ্রহণ করতে পারছি না তবে যে প্রস্তাব আনা হয়েছে সেটা পার্লামেণ্টে পাঠিয়ে দেওয়া হয়েছে। কিন্তু সেখানে আমাদের প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু চন্দননগরবাসীদের সুস্পষ্ট ভাষায় জানিয়ে দিয়েছেন পার্লামেণ্টে ঘোষণা করে, যে যে সমস্ত রাইট, যে সমস্ত সুযোগসুবিধা তারা ফরাসী আমল থেকে ভোগ করে আসছে সে সমস্ত সুযোগসুবিধাও তারা পাবেই অধিকন্তু যা নাকি ঝা কমিশনের রিপোর্টে নাই, তদতিরিক্তও অনেক কিছু তাদের দেওয়া হবে। কিন্তু এই বিলটার মধ্য দিয়ে দেখা যায় যে সে সমস্ত ঘোষণা বা এস্যুরেন্সের এখানে কোন মূল্য দেয়া হয় নাই। শুধু যেগুলি না করলে নয় মাত্র সেইগুলি এই বিলের মধ্যে এসেছে আর সঙ্গে আমাদের বলে দিচেচন এ বিলটা তোমরা দেখ, দেখে বুঝতে পারবে তোমরা যা ভাব আমাদের মনোভাব ততখানি সামান্য নয়, কিন্তু আমাদের মনে রাখতে হবে যখন চন্দননগর মারজার হয় তখন সেখানকার অধিবাসীদের যে প্রতিশ্রুতি দেয়া হয়েছিল সেইজন্য এই বিলে সেই সমস্ত প্রতিশ্রুতি পালনের ব্যবস্থা কিছু কিছু করা হয়েছে, যেমন এডাল্ট ফ্রানচাইজের ভিত্তিতে নির্বাচন, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা পরিচালনের জন্য চন্দননগর মিউনিসিপ্যালিটিকে দায়িত্ব দেওয়া। কাজেই এগুলি বাংলার অন্যান্য মিউনিসিপ্যালিটিকে দেওয়া সম্ভব নয় এবং দেওয়া হবেও না। এটা এই বিলের মধ্য দিয়ে ভালভাবে দেখতে পাচ্ছি; কিছুক্ষণ আগে আমরা আমাদের স্বায়ত্তশাসনমূলক সংস্থায় এডাল্ট ফ্রানচাইজের ভিত্তিতে নির্বাচন হওয়ার যে প্রস্তাব এনেছিলাম তার সম্পর্কে আমাদের স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রীমহাশয় যে উক্তি করেছেন তারমধ্য দিয়েই তার মনোভাব সুস্পষ্ট হয়ে উঠেছে। গভর্ণমেণ্ট চন্দননগরকে সহ্য করতে পারছেন না বলেই চন্দননগর বিল এনেছেন নৈলে তাঁরা এটা আনতে বাধ্য হতেন না। কাজেই তিনি আরো যে বিলগুলি এনেছেন এবং এই বিলটাও যে এনেছেন এর মধ্যে আমরা একটা জিনিষ দেখতে পাই যে তাঁর বিভাগের কোন নীতি নাই। যখন তখন যে কোন বিল উত্থাপন করলেই

হোল, তার পেছনে থাকে একমাত্র নিজেদের দলের রাজনৈতিক কারণ, এবং দলীয় স্বার্থরক্ষার জন্য জোড়া তাড়া দিয়ে কাজ চালাবার চেষ্টা করা। বেঙ্গল মিউনিসিপ্যাল বিলের এমেণ্ডমেণ্ট করেছেন তা দেখেই মনে হয় এই যদি তাঁর দৃষ্টিভঙ্গী হয় তাহলে আমাদের দেশের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানগুলির ভবিষ্যৎ অন্ধকার। চন্দননগর' মিউনিসিপালিটির প্রতি যে উদারতার ভাবটা দেখাবার চেষ্টা করেছেন, কিন্তু একটু তলিয়ে দেখলেই বোঝা যাবে তিনি যে দায়িত্ব তাদের দিচ্ছেন সেটা কার্য্যকরী করা সম্ভব হবে না। একথা স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রীমহাশয় ভালভাবেই জানেন যে বাংলায় যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে তারা অর্থাভাবে তাদের সাধারণ কাজই আজ চালাতে পারছে না। চন্দননগরের প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলির কাজ মিউনিসিপ্যালিটির ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন, অথচ তার জন্য কোন অর্থের বন্দোবস্ত করছেন না। নৈলে বাংলার অন্যান্য মিউনিসিপ্যালিটির আর্থিক দুরবস্থার জন্য যেমন তাদের কার্য আজ ব্যাহত হচ্ছে তেমনি চন্দননগর মিউনিসিপ্যালিটির কার্য্যও ব্যাহত হবে। সেইজন্য আমি বলব—যে সমস্ত ধারা এই বিলে সন্নিবেশিত হয় নাই সেই সমস্ত ধারা যাতে সন্নিবেশিত হয় সেইটে করা হোক। এবং বিশেষ করে অর্থের ধারাটা যাতে সন্নিবেশিত হয় সেই জন্য আমি এই পরিষদকে অনুরোধ করব।

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Mr. Speaker, Sir, by the report of the Jha Committee the people of Chandernagore were promised an autonomous corporation, but from the Bill before us we find that they are being totally hoodwinked.

Firstly, Sir, in my view, this Bill should have been brought after the pending amending Bill of the Bengal Municipal Act. Sir, the Minister-in-charge has brought before this House a long Bill suggesting amendments of the existing Act which has already been gone into by the Select Committee and is scheduled to be taken up by this House in this session. Sir, when that Act is being incorporated into this Act, we cannot follow why the passage of this Bill has been given precedence unless, Sir, the Minister-in-charge wanted to confuse things and bring anomalies in the provisions of the Chandernagore Corporation Bill. Sir, a very curious suggestion has been made in this Bill and that is this. Even if the amendments of the Bengal Municipal Act were accepted by this House, the provisions thereof may or may not apply to the Chandernagore Municipal Bill and the entire thing would rest on the discretion of the Government.

[6-25—6-35 p.m.]

It has been stated here that "A law coming into force in the State of West Bengal generally after the date of commencement of this Act repealing, amending or adding to the provisions of the said Act shall apply to and come into force in Chandernagore if so directed by the State Government by notification in the Official Gazette and not otherwise." So, the application of the amendments of the Bengal Municipal Act, even if accepted by this House, won't apply to Chandernagore until it was so directed by the Government. Sir, we do not know what amendments will be accepted here, so far as the Bengal Municipal Act is concerned. That is why I am suggesting that the Hon'ble Minister should kindly withdraw this Bill and first have the passage of the amended Municipal Act and after that bring this Bill, so that we can follow what he means to do. He has adopted a very cumbrous procedure, and in my view that won't be in the interest of the people of Chandernagore.

Then, Sir, though this Bill appears to be giving some powers to the Municipal councillors of Chandernagore, in fact it does not; and it does not even conform to the settlement that was made and was recorded in the Jha Commission's Report. By the appointment of the Chief Executive Officer, the Government still wants to retain the entire Corporation in its hands. Here we find that the appointment of the Chief Executive Officer, though it will be made by the Corporation, shall be subject to the approval

of the State Government; so also his dismissal. If the Corporati dismisses its Chief Executive Officer by two-thirds of its majority, even th power has been retained by the Government, whereby the Government m not approve his dismissal. In that event, Sir, the Chief Executive Offic will not look at the city Corporation but will always look at the Governme and take orders and thereby kill the entire autonomy of the Corporatio In the Jha Commission's Report we find that there should be a Chi Executive Officer appointed by the Corporation subject to the approval the Government of West Bengal. I am drawing the attention of tl draftsmen, if they say that they have followed the Jha Commission's Repor as I maintain, Sir, that they have not done so. By the Jha Commissic Report approval of the Government of West Bengal is not necessary f the dismissal of the Chief Executive Officer. He is liable to be remove from office only by two-thirds vote of the entire Corporation for reasons be recorded in a resolution. Here the approval of the State Governme was not contemplated or agreed upon, but what do we find in this Bill We find that the Chief Executive Officer may at any time be removed fro office for reasons to be recorded in a resolution of the Corporation passe by not less than two-thirds of the whole number of councillors at a meetin specially convened for the purpose. That is all right. Up to this it is i conformity with the Jha Commission's Report. But it adds "that should be approved by the State Government". So, the final word li with the State Government. Then where is the autonomy? It is as mu a reactionary measure as the Municipal Bill that has been brought befo this House.

Now, Sir, we find that by this Bill the Government has evaded i responsibility so far as the education of Chandernagore is concerned. The is a provision in the Jha Commission's Report that institutions will l maintained by the Corporation. But the control, so far as finance concerned, must be with the Government. If the Corporation can raise th finance, well and good. But if they cannot, the Government must by la agree that they will bear the educational expenses of Chandernagore a they have been doing in other places. Why is Chandernagore being deprive of all their bounties, so far as education is concerned?

There is another thing we find, namely, that by this Bill a provision ha been made that an alderman who contested an election and lost it cannot b a candidate for aldermanship. Sir, I cannot follow what is the princip involved in it. If it is that he does not inspire the confidence of the peopl having lost in an election we cannot follow how this Government can hav two Ministers at least who had lost in the general election. Governmen should in my view practise what they are professing in this Bill. If the can afford to have Ministers who lost in the general election, we canno follow why they cannot have any alderman on the ground that he had lo in the election, though he might have special characteristics or speci qualifications to conduct the municipal affairs of Chandernagore.

Another thing is that a councillor cannot be elected as an alderman What can be more fallacious? Why not? If he had been elected a councillor and if the councillors have chosen him and made him an alderman wh can he not act as an alderman? What priciples are involved in this, I fai to follow. It is an absolutely cumbrous procedure that has been adopte in this Bill—no respect for principle; no reason is given; no care is take for spread of education in Chandernagore. It is really a reactionary Bill and I oppose it.

**Sj. Subodh Banerjee:**

মি: স্পীকার, স্যার, চন্দননগর মিউনিসিপ্যালিটি বিল যা এসেছে তার মূল ভিত্তি, ঝা কমিশনএর সুপারিশ এবং ভারতের প্রধানমন্ত্রী যে প্রতিশ্রুতি চন্দননগরবাসীদের কাছে দিয়েছিলেন তা এই কথাই প্রচার করা হচ্ছে। নি:সন্দেহে এই বিলের মধ্যে চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনকে যে ক্ষমতা দেওয়া হয়েছে তা কলকাতার কর্পোরেশন ছাড়া বাংলার অন্যান্য মিউনিসিপ্যালিটির চেয়ে যে বেশী তা অস্বীকার করবার উপায় নাই কিন্তু ঝা কমিশন যা বলেছিলেন তা দেওয়া হচ্ছে না একথা পরিষ্কারভাবে সত্য। এবং পণ্ডিত নেহেরু যা বলেছিলেন তাও দেওয়া হচ্ছে না এটাও সত্য। এ বিষয়ে সন্দেহ করার কোন উপায় নাই। ঝা কমিশনএর কথা——

[6-35—6-45 p.m.]

**Mr. Speaker:** Why do you repeat? Please avoid repetition.

**Sj. Subodh Banerjee:**

কিছু কিছু করতে হয় বৈকি। ঝা কমিশন বলেছিলেন প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ভার কর্পোরেশনএর হাতে দেওয়া হবে এবং একথাও বলেছিলেন যে, প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষার জন্য যে ব্যয় হবে সে ব্যয় আগে মিউনিসিপ্যাল কাউন্সিল পেত তার রাজস্ব আদায় থেকে এখন তা না পাওয়ায় কর্পোরেশনের হাতে তার জন্য সরকারকে একটা সাবভেনশন দিতে হবে। আগে মিউনিসিপ্যাল কাউন্সিল এক্সাইজ ডিউটি পেতেন; ডিসটিলারী প্লাণ্ট থেকে বছরে ৬ লক্ষ টাকা রোজগার হ'ত, সেটা শিক্ষা খাতে তাঁরা ব্যয় করতেন। পশ্চিমবঙ্গ সরকার যে কারখানা বন্ধ করে দিয়েছেন, বর্দ্ধমানে না কোথায় একটা চোলাই কারখানা তার স্বার্থ রক্ষার জন্যে চুক্তি হল এই যে, চন্দননগরের কারখানার মদের কোয়ালিটি ভাল। এটা একটা সোর্স অফ ইনকাম অফ দি ষ্টেট ছিল। সেই আয়ের পথ বন্ধ করার কি যুক্তি থাকতে পারে জানি না। শিক্ষা বাবদে ঝা কমিশনএর সুপারিশ দেখুন—

"that it may be considered to what extent the finances of the Corporation may be augmented by means of subvention from excise and other receipts".

একথা বিলের মধ্যে কোথাও নেই। দ্বিতীয় জিনিষ পুওর ফাণ্ডএর কথা। জালান সাহেব বলেছেন ২৫ হাজার টাকার বেশী পুওর ফাণ্ড কোনকালে পেত না। চন্দননগর মিউনিসিপ্যাল কাউন্সিল এমিউজমেণ্ট ট্যাক্সএর পুরা টাকা পুওর ফাণ্ড মারফৎ গরীবদের বিলিয়ে দিত, সেটা ৮০ হাজার টাকার কম নয়। এখানে দেখুন ঝা কমিশন বলেছেন,

"that the maintenance of the Poor Fund should be a charge on the revenues of the Corporation. As the city used in the past to receive all the proceeds from the entertainment tax amounting in 1951 to Rs. 88,000, it may be considered to what extent the West Bengal Government will remit to the Corporation the revenue derived from the entertainment tax."

১৯৫১ সালে এণ্টারটেনমেণ্ট ট্যাক্স ৮০ হাজার টাকা। তার প্রায় সব টাকাটা পুওর ফাণ্ডে দেওয়া হত। মন্ত্রীমহাশয় বলেছিলেন ২৫ হাজার টাকার বেশী পেত না। ঝা কমিশন বলেছেন ৮০ হাজার টাকা, ওরা বলে দিলেন ২৫ হাজার। মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে কমিশন পরিষ্কারভাবে বলেছেন টাকা দেওয়া দরকার। মন্ত্রীমহাশয়েরা বললেন টাকা দেব না। না দিলে কেমন করে তারা প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা সেখানে চালাবেন? আমি তাই এক সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম যে, শিক্ষা বাবদে যা দরকার হবে সরকার যা প্রয়োজন মনে করেন তা দিতে হবে। দেবার প্রস্তাব আনতে হলে সংবিধানের একটা ধারা অনুসারে রাজ্যপালের অনুমতি আগে নেওয়া দরকার। আমি তাই রাজ্যপালকে লিখেছিলাম এ বিষয়ে একটা অনুমতি দেওয়া হোক অথচ তা দেওয়া হল না। মুখ্যমন্ত্রী বললেন "মনে ঠিক করে রেখেছি যা দরকার আমরা তা দেব।" তাই যদি হয় তবে রাজ্যপালকে বলে কেন তারা মত আনালেন না। আমি টাকার সংখ্যাটা দিই নি, কারণ ৬ লক্ষ টাকার বেশী দরকার হলে বেশী দেবেন, কম হলে কম দিলে চলবে, কিন্তু কিছু তাদের দিতে হবে এ বিষয়ে সন্দেহ নাই। সেই ধারাটা যদি বিলে না দেন তাহলে সরকার যে টাকা দেবেন তার স্থিরতা কোথায়? তৃতীয় জিনিষ দেখুন, ঝা কমিশন বলছে--

"that the law courts should continue to be situated at Chandernagore the District Judge holding his court as now twice a week."

একথা বিলের মধ্যে কোথাও নেই।

**The Hon'ble Iswar Das Jalan:** It cannot be in this.

**Sj. Subodh Banerjee:**

চন্দননগরবাসীর একটা দাবী ছিল একটা মিউনিসিপ্যাল কোর্টের। বহুবার অল পার্টিজ ডেপুটেশন এ দাবী মন্ত্রীমহাশয়কে বলেছেন। সেটা এখানে ব্যবস্থা করা যেত কিন্তু তা করা হয়নি। চতুর্থ কথা যেটা সবচেয়ে বড় জিনিষ সেটা এই যে, কোন আইন জনসাধারণের সহযোগিতা ব্যতীত চালু হতে পারে না। আপনারা চন্দননগরবাসীদের যে কথা বলে দিয়েছিলেন আজ যদি সেই প্রতিশ্রুতি না রাখেন তার প্রতিক্রিয়া অন্যান্য যে সমস্ত পকেট বিদেশী শক্তির অধিকারে আছে সেগুলির উপরও দেখা দিবে। স্পীকারমহোদয়, আপনি গতবার বলেছিলেন আমার এই সব কথার ফলাফল অন্যত্র খুব খারাপ হয়। কিন্তু ঝা কমিশন যা বলেছেন, পণ্ডিত নেহেরু যা বলেছেন আজ ক্ষমতা পেয়ে যদি সেই প্রতিশ্রুতি রক্ষা না করা হয় তাহলে তার কি প্রতিক্রিয়া হয়? আপনাদের তাই আমার সংশোধনী প্রস্তাবটি গ্রহণ করা উচিত। আপনারা জানেন চন্দননগরের ইতিহাস, এই সেদিনও তার হাতেনাতে প্রমাণ পেয়েছেন। ঝা কমিশন যখন বসলেন তখন জনসাধারণের ইচ্ছার বিরুদ্ধে বলা হ'ল পূর্ব নির্দ্ধারিত দিনে নির্বাচন হবে। ৪৩টা নমিনেশন পেপার দেওয়া হ'ল কংগ্রেস ভাবল এই তো নির্বাচন হবে কিন্তু শেষদিনে নমিনেশন পেপারগুলি উইথড্রন হল। ভ্যাকুয়াম সৃষ্টি হল। কেন হ'ল? কারণ লোকের ইচ্ছার বিরুদ্ধে তাদের উপর নির্বাচন চাপান হয়েছিল। এবারও যদি আপনারা চন্দননগরের অধিবাসীদের সহযোগিতা না নেন তাহলে এই বিলেরও একই ভাগ্য হবে। এই আইনকে কি করে রোধ করতে হয় সেটা তারা ভাল করে দেখিয়ে দেবেন। তাই শেষ মুহূর্তে আপনাদের অনুরোধ করব—চিফ হুইফ সংশোধনী প্রস্তাব আনুন যাতে সিলেক্ট কমিটি গঠিত হয় এবং তার মাধ্যমে একে নূতন করে আবার ব্যবস্থা করা হয়।

**Dr. Srikumar Banerjee:** Sir, the Chandernagore Corporation Bill is on all accounts an extraordinary piece of legislation. It ought to have provided an acid test on the part of the Ministry to offer something constructive and of a superior order. It has been admitted on all hands that the standard of municipal administration at Chandernagore had been much higher than what we are acquainted within our traditional municipalities of West Bengal.

[6-45—7 p.m.]

Sir, by the free election of the people of Chandernagore that area has now come to be absorbed in West Bengal and we have been entrusted with the power of legislating for the establishment of a Corporation there. It is therefore, Sir, a matter of vital importance as to how far we shall be able to maintain and to improve upon the high standard of administration which was already prevailing in that city.

Sir, we are told that the Chandernagore Municipality had spent a lot of money on primary and secondary education and its municipal amenities and its educational activities had been of a consistently higher standard. We should therefore have thought that the occasion of introducing the Chandernagore Corporation Bill would have been utilised by the Hon'ble the Minister for bringing forward an ideal measure which could have acted as an example to all other municipalities in the State, but, Sir, unfortunately the Bill as it has been presented to us shows all the marks of hasty and ill-considered legislation. Eleventh hour amendments have been brought in by the Government Chief Whip in order to fill up the lacunae and the gaps in the original presentation of the Bill. Sir, we are not told as to how the superior standard of administration is to be maintained. We have followed the traditional pattern because we cannot think of anything better, anything more effective, anything more liberal, so that the result will be that instead of Chandernagore serving as an example to the rest of the province in the matter of ideal municipal administration, we shall be dragging down that city to the ordinary level which prevails in our own administration. A dead, dull level of uniformity is sought to be imposed upon the administration of the city.

Sir, our experience of municipal legislation has been rather unfortunate. The Minister thinks that he is like a toddling infant who can blunder and stumble and commit any number of mistakes and he can bring forward any number of amending legislations just for the purpose of covering his initial mistakes and we do not take this piece of legislation seriously because we know that within a year or two Government will come forward with another amending Bill in which they will seek remedy of these anomalies and gaps in the original Bill. That unfortunately has been the spirit in which the present Bill has been introduced. It has been following the traditional pattern, no change anywhere from the traditional pattern, and only it has been styled a Corporation and only a Mayor and a Deputy Mayor have been assigned to it, but there is one lesson which the Minister has followed consistently and that is the necessity of frequent Government interference in the affairs of the Corporation. That is the lesson of history which has not been lost upon the Ministry. Sir, may I enquire, having regard to the past history of Chandernagore, on how many occasions was the Government intervention invoked in the matter of the administration of the municipal affairs of that city? If the people of that city had enjoyed a higher type of liberty, if they had more freedom, is it really acting in accordance with the spirit of the Jha Commission report and the pronouncements made by the Prime Minister in the Parliament to bring forward a Bill which does not respect the high standards which have been followed in the municipal administration of the city?

Sir, so far as primary and secondary education are concerned, we are told, and I think the Minister will admit, that educational efficiency had been of a much higher standard than what we have in our different municipalities and yet there is no mention in the Bill that the old educational efficiency, the old civic standards of amenities would be maintained and improved upon in the new Bill which is sought to be given to that city. Therefore, Sir, I think it is an instance of a great opportunity missed. I think it is an instance of our incapacity to rise above our traditional conception of things, it is an instance of our failure to rise to the heights of the occasion, it is an instance in which we have demonstrated that we cannot think beyond the terms which we have been taught in the course of our narrow and restricted experience in the matter of municipal administration. We always look upon Government interference as the panacea for all our evils. We do not try to create objective conditions in which Government interference will not be considered to be a necessity at all, but we deliberately try to create a situation in which there will be a party conflicts, in which there will be precipitance of a crisis, in which there will be occasion for Government interference and an excuse for the Government to exercise its authority and to impose its will.

I should appeal to the Minister to consider that this is not an ordinary municipal Bill which he has drafted and which he is going to present before the House, it is not one of the hundred municipalities with which the country is studded. It has got a glorious tradition and a past history and a record of service, a record of efficient municipal administration. I hope, Sir, that the Bill would be so drafted and in course of discussion it would be so amended that it would be considered as an ideal piece of legislation and will give us an example as to how municipal administration ought to be conducted in our State. From that point of view I should press for and plead for a reconsideration of the provisions of the Bill so as to bring out the exceptional character of the background against which the Bill is going to be enacted and to make permanent those features of improved administration which had been such a credit in the history of the city of Chandernagore.

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সামনে যে বিল এসেছে চন্দননগর মিউনিসিপ্যাল বিল বলে, এ সম্পর্কে অনেক আলোচনা হয়ে গেছে। আমি ২।১টি নূতন কথা বলতে চাই। এই যে বিল এটা যখন রচনা করা হয় তার আগে একটা পটভূমিকা ছিল। সেই পটভূমিকা ছিল চন্দননগরের জনসাধারণের অটুট ঐক্য। সেখানে বিভিন্ন রাজনৈতিক দল আছে--কংগ্রেস আছে, ফরওয়ার্ড ব্লক আছে, কমুউনিষ্ট পার্টি, প্রজা সোসালিষ্ট পার্টি প্রভৃতি ভারতবর্ষের যে কয়টি রাজনৈতিক দল আছে সবগুলিই সেখানে আছে এবং তাদের মধ্যে অটুট ঐক্য এবং বিশেষ করে চন্দননগরের ৫০ হাজার অধিবাসীর অটুট ঐক্য এটা করতে বাধ্য করেছে। এই বিলের মধ্যে সবচেয়ে বড় জিনিষ এই যে আজকে চন্দননগরবাসীদের যে ঐক্য সে ঐক্যই বিভিন্ন রাজনৈতিক দলের ঐক্যকে সুদৃঢ় করেছিল। এর ফলে তাঁরা নির্বাচনে জয়লাভ করেছিলেন, ইলেকসন বয়কট করিয়ে ছেড়েছেন। তাঁদের এই ঐক্যের ভিত্তিকে ভেঙ্গে দেবার কিছুটা চেষ্টা করা হয়েছে। লেজিসলেসনে পরিষ্কার করে একথা বলা ছিল যে সমস্ত সরকারী কর্মচারী তাঁদের প্রত্যেকের আগেকার যে অধিকার ছিল সে অধিকার অক্ষুণ্ন রাখা হয়েছে। বর্তমান বিলে সরকারী কর্মচারীদের যে অধিকার দেবার প্রতিশ্রুতি দেয়া হয়েছিল সেটাকে রাখার চেষ্টা হয়েছে। কিন্তু কর্পোরেশনের যে স্বায়ত্তশাসন থাকার প্রয়োজন ছিল সেখান থেকে সে জিনিষের মোটেই গুরুত্ব দেওয়া হয়নি, তার প্রধান কারণ হচ্ছে এই যে, চন্দননগরে আমরা দেখতে পাই যে আমাদের যে সমস্ত আন্দোলন রাজনৈতিক কায়দায় হয়েছে সেই সমস্তই ইংলণ্ডের কাছে থেকে নেয়া এবং এখানে আমরা দেখতে পাই ইংলণ্ডের যে কনষ্টিটিউশন, ইংলণ্ডের যে রাজনৈতিক কৌশল, সেই কৌশল ইংলণ্ড ও ফরাসীর মধ্যে কিছুটা প্রভেদ আছে। ফরাসী বিপ্লবের একটা গৌরবময় ঐতিহ্য আছে এবং ফরাসী সাম্রাজ্যবাদের প্রভাব বিস্তার করেছিল এবং তারজন্য চন্দননগরের শাসনে আমরা দেখতে পাচ্ছি, সেখানকার জনসাধারণ সেই সমস্ত অধিকার ভোগ করতেন। সেখানকার স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলি যে অধিকার ভোগ করতেন, আমাদের কাছে, বিশেষ করে আমাদের বৃটিশ শাসিত এলাকায় আমরা যারা সম্প্রতি স্বাধীনতা পেয়েছি তা কল্পনা করতে পারি না। সেখানকার জনসাধারণের কি সুযোগ ছিল, তা আজ চন্দননগরের লোকের কাছে একটা বড় প্রশ্ন। এই ফরাসী এলাকা ভারতীয় ইউনিয়নের সঙ্গে মার্জার করা সার্থক হল না, তারা সত্যই কি স্বাধীন হ'ল, না কি হ'ল? আজকে তারা ভারতীয় ইউনিয়নের পশ্চিম বাংলার এলাকা ভুক্ত হয়ে অনুভব করতে পারছে না যে পূর্বে তারা যে সমস্ত অধিকার ভোগ করতেন, সেটা এখন পাবেন। তাঁদের মনে এ সম্পর্কে সন্দেহ উপস্থিত হচ্ছে। এ সম্পর্কে বিভিন্ন বক্তা পরিষ্কার করে অনেক কথা বলেছেন, বিশেষ করে এটা খুব তাড়াতাড়ি করা হ'ল এবং এর মধ্যে চিন্তার অভাব আছে। আমি এর আর পুনরুক্তি করতে চাই না, শুধু এইটুকু বলবো এর মধ্যে আপাততঃ একটা গভীর ভঙ্গী রাখা হয়েছে তাতে মনে হয় "সবই ত চন্দননগরবাসীকে দিলাম, কিন্তু চাবীকাটি টি আমার"।

আমি পরিষ্কার করে একটা জিনিষ দেখিয়ে দিতে চাই যে, এই বিলের দ্বারা সেখানে একটা বিরোধ উপস্থিত হতে পারে। আমার অনুরোধ সেখানকার চন্দননগরের ৫০ হাজার অধিবাসীদের মধ্যে যে বিভেদ ঘটাবার চেষ্টা এই বিলের মধ্যে রয়েছে সেটা অন্ততঃ প্রত্যাহার করুন। আমার কাছে একটা পিটিসন রয়েছে, এই পিটিশনএ কংগ্রেসএর শাসন পরিষদের, কিছু কংগ্রেস, কিছু কমুনিষ্ট, কিছু প্রজা-সোসালিষ্ট প্রভৃতি বিভিন্ন দলের মানুষের ও বিভিন্ন নাগরিকের সই রয়েছে। সুতরাং আজকে যদি তাঁরা এই জিনিষটা চন্দননগরে করেন, বিলের বিরুদ্ধে জনমত তৈরী করেন তাহলে এই পশ্চিমবাংলা সরকারের কোন শক্তি বা সাধ্য নাই যে তাদের ঐক্যকে ভেঙ্গে দেয়। আমার বিশেষ করে অনুরোধ স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রী মহাশয়ের নিকট, তিনি এ বিষয় পরিষ্কারভাবে চিন্তা করুন। তিনি এ পর্যন্ত যতগুলি বিল এনেছেন তার সবগুলির মধ্যেই গোলমাল দেখতে পাচ্ছি, এর থেকে মনে হয়, তার মাথা গোলমাল আছে, আর নয় তিনি যে সরকারের প্রতিনিধিত্ব করেন, তার গোলমাল আছে। গোলমাল যেখানেই হোক এই চন্দননগরকে নূতন করে আবার সেই গোলমালের মধ্যে নিয়ে যাবার দরকার নেই। সেইজন্য যেভাবে এই বিলটাকে একটু পরিষ্কার করা যায়, সহজ করা যায় এবং সাধারণ নাগরিক ও চন্দননগরবাসীর ঐক্য ও ঐতিহ্য অটুট ভাবে বজায় রেখে তাদের রক্ষা করা যায় তার চেষ্টা করুন। এবং সেখানকার স্কুলের জন্য যে টাকা দেওয়া প্রয়োজন আছে, তা যেন এই শেষ মুহূর্তে একটা য়্যামেণ্ডমেণ্ট এনে ব্যবস্থা করেন। সর্বশেষে আমি বলবো আজকে সংশোধন যা করা প্রয়োজন তা করে এই বিলটাকে মানুষের মত করুন।

## Adjournment.

The House was then adjourned at 7 p.m. till 9-30 a.m. on Saturday, the 19th February, 1955, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 19th February, 1955, at 9-30 a.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 188 members.

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

[9-30—9-40 a.m.]

### Rationalisation in certain industries.

***46. Dr. Ranendra Nath Sen:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) the course of action the Government of West Bengal propose to adopt with regard to the proposed rationalisation in certain industries like textile, jute, engineering and others; and

(*b*) how many workers will be affected in each industry for the proposed rationalisation?

**Minister-in-charge of the Labour Department (the Hon'ble Kali Pada Mookerjee):** (*a*) No long-term proposal for rationalisation in respect of any industry has been received. When a dispute over the question of retrenchment due to rationalisation is reported to Government, Government try to ensure that retrenchment is avoided as far as practicable by absorption of the labour rendered surplus either in other departments or sections of the establishment or in other units or in the vacancies caused by natural wastage of labour on account of superannuation, sickness or death as also by stoppage of fresh recruitment.

(*b*) No statistics are available because no long-term scheme for rationalisation has been received Actually the number of workers so far reported to have been retrenched due to rationalisation in connection with industrial disputes is small.

**Dr. Ranendra Nath Sen:** Has the Government received any memorandum from the Indian Jute Mills' Association asking the Government to help in rationalisation in the jute industry?

**The Hon'ble Kali Pada Mookerjee:** No. On the other hand I can tell my friend that we have approached the Indian Jute Mills' Association to supply us with necessary information if they contemplate to embark upon a wide scale of retrenchment due to rationalisation, but they have said that they have not got such proposal before them.

**Dr. Ranendra Nath Sen:** Is the Hon'ble Minister aware of the fact that the Jute Enquiry Commission has made definite recommendation for rationalisation in the jute industry?

**Mr. Speaker:** That supplementary does not arise out of this question.

**Dr. Ranendra Nath Sen:** You are referring to long-term plan——

**The Hon'ble Kali Pada Mookerjee:** No such long-term proposal has been placed before the Government by the Indian Jute Mills' Association.

**Dr. Ranendra Nath Sen:**

আপনি কি জানেন জুট ইনকোয়ারি কমিশন রিপোর্টএ র‌্যাসনালিজেশন সম্বন্ধে কি রেকমেনডেশন আছে ?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

জুট ইনকোয়ারি কমিশন রিপোর্ট দেখেছি তাতে কোন স্পেসিফিক প্রপোজাল আছে বলে মনে হয় না।

**Dr. Ranendra Nath Sen:**

কটন টেকস্টাইল ওয়ারকিং কমিটি recommendation to different States including the Government, of West Bengal.

তাতে ডেফিনাইটলি রেকমেণ্ড করা হয়েছে কটন টেকস্টাইল ইণ্ডাষ্ট্রী র‌্যাসনালাইজ করবার জন্য ?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Those recommendations are not before me.

**Sj. Ganesh Ghosh:** In your answer (*a*) you say, "Government try to ensure that retrenchment is avoided as far as practicable by absorption of the labour rendered surplus either in other departments or sections of the establishment or in other units". Can the Hon'ble Minister give us any concrete example hou many of such retrenched labourers have been engaged in other departments or in other units through the agency of the Government

**The Hon'ble Kali Pada Mookerjee:** If you put a specific question, I would ask for a separate notice of that question.

**Sj. Ganesh Ghosh:** Has any such labour ever been re-engaged on the initiative of the Government?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Yes.

**Sj. Ganesh Ghosh:** How many of them?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I cannot give you figures but I know of many cases.

**Dr. Ranendra Nath Sen:** What is the policy of the Government of West Bengal with regard to the report of the Kanungo Committee supplied by the Government of India?

**Mr. Speaker:** That question does not arise. The Kanungo Committee's report has not been referred to in the answer.

### Unemployment in this State.

***47. Sj. Hemanta Kumar Basu:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*i*) if he is aware of the growing unemployment amongst the people of this State; and

(*ii*) whether Government maintain any statistics of unemployment amongst the different categories of the people?

(*b*) If the answer to (*a*)(*ii*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the number amongst the middle-class;

(*ii*) the number amongst the peasants;

(*iii*) the number amongst the labour class; and

(*iv*) what steps the Government propose to take to check the growing menace of unemployment?

**The Hon'ble Kali Pada Mookerjee:** (*a*) Yes.

(*b*) (*i*) to (*iii*) A statement is placed on the Table. No separate statistics relating to peasants are maintained.

(*iv*) This Government has initiated several schemes for providing employment to the unemployed persons. The Teachers' Training Scheme will in due course provide employment for 10,000 teachers. The Industrial Housing Scheme, when in full swing, will provide employment to many. The Electricity Development Projects and the Land Reforms measures also offer ample scope for employment. Besides the above schemes, there are several other small schemes of the Commerce and Industries Department and the Education Department. A statement is placed on the Table.

*Statement referred to in reply to clauses (b) (i) to (iii) of starred question No. 47*

EMPLOYMENT SEEKERS OF DIFFERENT AREAS IN WEST BENGAL, 1953

[The figures are in thousands.]

| | Class of family | Area under Calcutta Corporation excluding Tollygunge Municipality | Calcutta Industrial Area * | Big towns ** | Other towns.† |
|---|---|---|---|---|---|
| (1) Number of persons in the age group 16–60 years having no full time employment but seeking full-time employment | Middle-class | 140·1 | 81·0 | 29·1 | 14·7 |
| | Others | 117·2 | 113·5 | 28·9 | 15·0 |
| | All classes combined. | 257·3 | 194·5 | 58·0 | 29·7 |
| (2) Number of persons having no employment, whether full-time or part time, but seeking full-time employment. | Middle-class | 126·8 | 63·2 | 27·1 | 15·2 |
| | Others | 84·0 | 70·2 | 20·8 | 12·1 |
| | All classes combined. | 210·8 | 133·4 | 47·9 | 27·3 |

NOTE.—Any employment requiring full day's work or engagement is full time employment. But any person having such full-time employment, the total duration of which does not exceed at least six months, is regarded as a person "not having full-time employment"

*Calcutta Industrial Area includes (*a*) Howrah City including Sibpur police station, (*b*) All police-stations of Barrackpore subdivision, and (*c*) Tollygunge police station, Behala police-station, Metiabruz police-station, Chinsurah police-station, Bhadreswar police station, Serampore police-station, Uttarpara police-station, Bally police-station and Chandannagar. Some rural areas are, therefore, included in this category.

**Big towns include all towns in which the number of occupied houses is 5,000 or more excluding those in Calcutta Industrial Area.

†Other towns include all other towns excluding those in Calcutta Industrial Area.

*Statement referred to in reply to clause b(iv) of starred question No. 47.*

UNEMPLOYMENT RELIEF SCHEME.

There are nine peripatetic parties which are made to function at different centres to train unemployed persons, so as to enable them to earn their living as skilled workers in existing industries or by starting their own business on cottage scale. Training in the following trades is offered:—

(1) Cutlery Works (2 units).
(2) Non-ferrous Metal Works.
(3) Umbrella Manufacture (2 units).
(4) Soap Manufacturing.
(5) Pottery Manufacturing.
(6) Boot and Shoe Making.
(7) Wool Weaving.

The training is primarily of a practical nature and the duration of the course is one year. Ten students are trained free of cost per year in each unit and each trainee is awarded a stipend of Rs. 20 per month during the first three months of training. The scheme has been working for about 20 years.

SCHEME FOR DEVELOPMENT OF POTTERY ON COTTAGE BASIS.

Under the above scheme, processed materials, glazes and colours, ceramic transfer moulds, etc., are supplied to cottage workers so that such pottery articles as are not produced in mechanised pottery works can be produced and thereby open avenues of employment for them. The processed clays, etc., are supplied from the Bengal Ceramic Institute, Calcutta, where the finished products are fired at scheduled rates. One hundred and twenty-seven workers have been working under the scheme during the current year.

SCHEME FOR TRAINING OF BENGALI YOUTHS IN THE TRADE OF BRICK MANUFACTURE.

Under this scheme, Bengali youths are being trained in brick-making by imparting practical training in brick-fields combined with theoretical instructions. The training of the first batch consisting of 138 cadets of the West Bengal Pioneer Force has already been completed. These trainees were paid a daily allowance of Rs. 3 each. The scheme was implemented in collaboration with the Bengal Brick-Fields' Owners' Association who placed brick-fields at the disposal of Government for the purpose of training. A further batch of trainees will be recruited in October.

SCHEME FOR PRODUCTION OF SPORTS GOODS.

The scheme aims at imparting training to 125 people per year in a Production-*cum*-Training Centre so that unemployed people belonging to the middle-class may take up production of sports goods of various kinds. Government of India have sanctioned Rs. 98,400 during the current year towards 50 per cent. of the cost of the implementation of scheme which provides for a stipend of Rs. 20 per month to each trainee. The scheme is on way to implementation.

### Scheme for Training in Paints and Varnish Technology.

There are two courses of training under the scheme—Technologists' Course and Artisan Course. The object of the scheme is to train educated young men in the manufacture of Paint and Varnish. The Technologists' Course imparts 2 years' training to Science Graduates. Only six students are taken each year. In the Artisan Course 12 Matriculate trainees are admitted each year. The training lasts for two years. On the completion of training almost all the boys either start business of their own or are absorbed in the industry.

### Scheme for Training in Manufacture of Ink, Adhesives, Disinfectants, Polishes, etc.

The scheme which is already in operation provides for training Matriculates and non-matriculates in the manufacture of Ink, Polishes, etc. The course lasts for six months and 16 students are taken every year. The successful candidates either start business of their own or are absorbed in the industry.

### Howrah Small-scale Engineering Scheme.

Under the scheme, the Engineering Industries in Howrah will be brought together under a central organisation with a well-equipped central workshop and their resources would be further strengthened with financial assistance. The central organisation will be responsible for supply of raw materials, giving guidance, supervising actual production and arranging for marketing of the products, etc. This will offer scope of employment to about 100 persons in the Government-managed central organisation. About 4,000 persons are also proposed to be employed in the factories when fully developed under the scheme. The scheme is proposed to be implemented this year.

### The Scheme for Appointment of Teachers

Under this scheme, the Government has decided to appoint 10,000 teachers. A number of teachers have already been appointed.

### Social Education Scheme.

Government of West Bengal, Department of Education, have undertaken to employ 1,000 social workers in the adult education centres to be opened and run by high schools, municipalities, clubs and other interested organisations provided these organisations in their turn agree to bear the cost of their maintenance up to 50 per cent. The monthly pay of a social worker under this scheme will be Rs. 70.

Up till now several municipalities and organisations have offered to run 257 Social Education Centres on condition that they would bear 50 per cent of the cost (50 per cent. being borne by Government). Number of persons likely to be employed for the present in this scheme is 257.

**Sj. Hemanta Kumar Basu:** What is the total number of unemployed in West Bengal?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

ডিটেল্ড ষ্টেটমেন্ট দেওয়া হয়েছে নিচে।

**Sj. Hemanta Kumar Basu:** Are the schemes given in the answer sufficient to cope with the big unemployment problem?

**The Hon'ble Kali Pada Mookerjee:** The position is this: the problem is stupendous and we are trying to tackle with this problem and the Government have got several schemes—the schemes have been placed before you.

**Sj. Hemanta Kumar Basu:** Is the Government thinking of any comprehensive proposal to fight out the question of unemployment as a whole?

**The Hon'ble Kali Pada Mookerjee:** That is under the consideration of Government.

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে "ল্যাণ্ড রিফর্মস্" ব্যাপারে আনএমপ্লয়মেণ্ট প্রবলেম সল্ভ করবার অনেক স্কোপ আছে। তিনি অনুগ্রহ কোরে জানাবেন কি যে জমিদারী প্রথা উচ্ছেদ হওয়ার জন্য ৫৩।৬০ হাজার লোকের চাকরী চলে যাবে কিনা?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

এখনও চাকরী চলে যায় নি ত।

**Dr. Narayan Chandra Ray:**

একটা কোশ্চেন অব পলিশি-র কথা জিজ্ঞাসা করি। এই কোয়াইট কোশ্চেন-এর কোয়াইট আনসার-এর জন্য যে ষ্টেটমেণ্ট দিয়েছেন তাতে আনএমপ্লয়মেণ্ট রিলিফ স্কীম-এ দেখছি
"earn their living as skilled workers by starting their own business on cottage scale".
এ সম্বন্ধে গভর্ণমেণ্ট তাদের এস্টাব্লিস করার জন্য কোন আর্থিক সাহায্য দিচ্ছেন?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

গভর্ণমেণ্ট তাদের ষ্টাইপেণ্ড-এর ব্যবস্থা করেছেন, এবং কোন কোন ক্ষেত্রে তাঁরা যদি মনে করেন এটা ডিজায়রেবল সে ক্ষেত্রে দেয়ার এপ্লিকেশনস আর বিইং এণ্টারটেণ্ড।

**Dr. Narayan Chandra Ray:**

ট্রেনিং যা দেওয়া হচ্ছে সেত ট্রেনিং ফর ওয়ান ইয়ার। তার জন্য দিচ্ছেন ২০৲ টাকা ফর দি ফার্ষ্ট থ্রি মান্ত্স তার পরের ৯ মাস কি হবে?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

তার পরের ৯ মাস তারা অনেক সময় পিক আপ করতে পারে; পিক আপ যদি না করতে পারে তাহলে গভর্ণমেণ্ট তাদের সাহায্য করেন।

**Dr. Narayan Chandra Ray:**

আপনি যেটা লিখছেন যে কটেজ ইন্ডাষ্ট্রীস্ মধ্যে
"the processed clays, etc., are supplied from the Bengal Ceramic Institute, Calcutta, where the finished products are fired at scheduled rates"
এই পটারী মেটিরিয়াল্স্ দেওয়ার পরে যে রেট্ দেওয়া হয় তাতে বিক্রী করেন কত?

**Mr. Speaker:**

যেখানে ডিটেলস চাইবেন সেখানে স্পেসিফিক্ কোশ্চেন ক'রতে হবে;
they are not prepared.

**Dr. Narayan Chandra Ray:**

ওদের মেটিরিয়ালস দেবার পরে,
does the Government buy from them?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

তাদের মার্কেটিং কেসিলিটি-র জন্য স্কোপ দেওয়া হয় এবং তার ব্যবস্থাও করা হয়।

[9-40—9-50 a.m.]

**Sj. Jyoti Basu:** With respect to answer (iv) where it is stated that under the Teachers' Training Scheme in due course 10,000 teachers will be provided, will the Hon'ble Minister be pleased to state what is the meaning of "due course"—how long will it take?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I think I ought to make it clear. The total arrangement with the Government of India is to employ 30,000 teachers. Now, this 10,000 is only for the first year and the arrangement is that for the first year the Government of India will give us 75 per cent. of the salary—we pay 25 per cent. Next year, they will get 50 per cent. from the Government of India and we shall pay 50 per cent. and in the fourth year we shall have the whole load on ourselves. Similarly, those who will be employed in the third year will get 25 per cent. from the Government of India and 75 per cent. from ourselves until the whole burden falls on us—altogether 30,000 teachers.

**Sj. Jyoti Basu:** With regard to the Land Reforms employment, how many people are likely to be employed in that scheme?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I cannot give you an offhand answer.

**The Hon'ble Satyendra Kumar Basu:** It is very difficult to say now without making assessment. We are receiving applications and the applications will be considered in due course.

**Sj. Subodh Banerjee:**

দি নাম্বার অব আনএমপ্লয়েড এখানে যা দেওয়া হয়েছে তা হচ্ছে ক্যালকাটা ইণ্ডাষ্ট্রিয়াল এরিয়া-র আনএমপ্লয়েড-দের এণ্ড অব বিগ টাউন্স এণ্ড আদার টাউন্স। বাংলা দেশের গ্রামের আনএমপ্লয়েড-দের হিসাব করার কি কোন স্কিম দেওয়া হচ্ছে?

**Mr. Speaker:**

উনিতো আনসার-এ বলেছেন'

**Sj. Subodh Banerjee:**

না, উনি বলেছেন পেজাণ্ট-এর কথা। পেজাণ্ট মানে গ্রাম নয়, মিডল ক্লাসও আছে।

**The Hon'ble Kali Pada Mookerjee:** Peasants constitute the bulk of the population in villages.

সেজন্যই পেজাণ্ট স্কিমের কথা এখানে বলা হয়েছে

That thing has already been stated.

**Sj. Subodh Banerjee:**

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই আনএমপ্লয়েড বলতে এই যে সংখ্যাগুলি দিয়েছেন তাতে এমপ্লয়মেণ্ট সিকার্স-দেরও আনএমপ্লয়েড বলেছেন কিনা? যারা এমপ্লয়মেণ্ট সিকার্স এবং যারা আনএমপ্লয়েড কিন্তু এমপ্লয়মেণ্ট সিকার নয়, তারাও আনএমপ্লয়েড কিনা এবং যারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর থ্রু-তে এমপ্লয়মেণ্ট খুঁজছে তাদেরকেও মিন করেছেন কিনা; কোন্ বেসিস-এ এই আনএমপ্লয়েড কথাটা বলেছেন।

**The Hon'ble Kali Pada Mookerjee:** On the basis of the random sample survey which was undertaken by the Statistical Bureau at the instance of the Government of West Bengal.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** The standard of the Statistical Bureau laid before us is that if a man has employment which gives him some return for less than six months, he is regarded as unemployed. Secondly, there may be a person who may be employed somewhere, but he

is not satisfied—he wants better employment elsewhere—that is also included in "employment-seekers". Therefore, the word "unemployed" is a very wide, elastic term and the whole figures I have taken from the report of the Statistical Bureau. I may say also that they are now engaged in getting statistics of the village areas. In the districts—I think they have done four districts—they are doing other districts also—on the rough calculation they have given, as I have said in my budget speech, there are about 4·5 lakhs in the towns including urban areas and 5· odd lakhs in the village areas. That is the general view.

**Sj. Subodh Banerjee:**

অন্যান্য দেশে ডিসগাইস্‌ড আনএমপ্লয়েড বলে একটা কথা আছে। অন্যান্য দেশে এবং সর্বত্রই সেরকম আনএমপ্লয়েড-এর সংখ্যা নির্দ্ধারণের চেষ্টা হচ্ছে। এখানেও ডিসগাইস্‌ড আনএমপ্লয়েড-এর কথা বিবেচিত হচ্ছে কিনা ?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

ডিসগাইস্‌ড আনএমপ্লয়েড বলে কিছু আছে জানি না।

**Sj. Subodh Banerjee:**

যারা সপ্তাহে এক ঘণ্টা আধ ঘণ্টা কাজ করে সেই রকম ডিসগাইস্‌ড আনএমপ্লয়েড-দের এর মধ্যে ধরা হয়েছে কিনা ?

**Mr. Speaker:**

এতো বলা হলই আবার কেন ?

**Sj. Subodh Banerjee:**

আনএমপ্লয়েড কথাটা সম্পূর্ণ পরিষ্কার হল না।

**The Hon'ble Kali Pada Mookerjee:**

এই যে নোট এখানে দেওয়া আছে, সেটা দেখলেও দেখতে পাবেন তাতে আছে ফাষ্ট, সেকেণ্ড, থার্ড এই তিন ক্যাটাগরিতে ফুল্লি এণ্ড পারসিয়ালি আনএমপ্লয়েড-দের কথা ডিল করা হয়েছে, দয়া করে সেটা পড়লেই বুঝতে পারবেন।

**Sj. Subodh Banerjee:**

কোথায় সেটা ?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

নম্বর টু (আই) তে।

**Sj. Subodh Banerjee:**

এই টু (আই) নম্বর কোথায় ?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

কোশ্চেনএর বাঁ দিকে সেটা আছে।

**Sj. Subodh Banerjee:**

হাভিং নো এমপ্লয়মেণ্ট সে কথাটাই আমি জানতে চেয়েছি।

**The Hon'ble Kali Pada Mookerjee:** Whole-time or part-time, but seek further employment.

**Dr. Srikumar Banerjee:** Is the Government satisfied about the accuracy of the figures compiled by the Statistical Bureau?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Certainly, otherwise why should we spend money over this affair?

**Dr. Srikumar Banerjee:** Have the Government exercised any independent check over the figures supplied by the Statistical Bureau?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I do not think that arises out of it.

**The Hon'ble Prafulla Chandra Sen:** The Statistical Bureau is a Government organisation.

**Sj. Subodh Banerjee:**

ডা: রায় বলেছেন এই যে এখানে রয়েছে
"having no employment whether full-time or part-time."
এর মানে কি এবসলিউটলি আনএমপ্লয়েড, আণ্ডার-এমপ্লয়েড?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

হোল টাইম, পার্ট টাইম, আণ্ডার এমপ্লয়েড--সবই বোঝাচ্ছে।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I have already mentioned that the standard they have put down is that if a person has got employment which does not employ him for more than six mouths, he is regarded as unemployed.

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই যে সাবান বলেছেন--

**Mr. Speaker:**

যা স্টেটমেণ্ট রয়েছে ওগুলি বলবেন না।

**Sj. Monoranjan Hazra:**

আমি বলছি এই সমস্ত ইণ্ডাষ্ট্রী অলরেডি সাফার করছে তা মন্ত্রীমহাশয় জানেন কি?

**Mr. Speaker:** That question does not arise out of it.

**Sj. Saroj Roy:**

এটাও আনএমপ্লয়মেণ্ট-এর কোশ্চেন--এগ্রিকালচারাল লেবার অর পেজাণ্ট এসব আনএমপ্লয়েড-দের কোন স্ট্যাটিসটিক্স রাখবার ব্যবস্থা বাংলা গভর্নমেণ্ট থেকে করা হবে কিনা, যদি করা হয় কবে হবে?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

আমি বলেছি ৪টি ডিষ্ট্রিক্ট-এ করা হয়েছে স্যাম্পল সার্ভে।

**Dr. Narayan Chandra Ray:**

হাওড়াতে স্মল স্কেল ইনজিনিয়ারিং স্কিম নেওয়া হয়েছিল। সিমিলার স্মল স্কিম্‌স্ আর কোন কটেজ ইণ্ডাষ্ট্রীর বেলায় করা হয়েছে কি?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

হাঁ, করা হয়েছে।

## Alleged hunger-strike in Ura Worksite Camp, Burdwan.

***48. Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে কতগুলি ওয়ার্কসাইট ক্যাম্প হইয়াছে এবং তাহাতে কতগুলি লোক কাজ করিতেছে;

(খ) তাহার মধ্যে বর্ধমান জেলায় কোথায় কোথায় উক্ত ক্যাম্প হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার গলসী থানার উড়া ওয়ার্কসাইট ক্যাম্পের সকলকে বাধ্যতামূলক মাটীকাটার কাজ দেওয়া হইয়াছে,

(ঘ) উক্ত ক্যাম্পে লেখাপড়া-জানা, মধ্যবিত্ত পরিবার কত আছে এবং তাহাদের মধ্যে কতজন নরনারীকে মাটীকাটার কাজ দেওয়া হয়;

(ঙ) ইহা কি সত্য যে, উহারা মাটীকাটার কাজে একান্ত অক্ষম বলিয়া উহা প্রত্যাখ্যান করিয়াছেন; এবং জোর করিয়া মাটি কাটাইতে যাওয়ার প্রতিবাদে ঐ ক্যাম্পের অনেকে অনশন সুরু করিয়াছেন; এবং

(চ) সত্য হইলে, কতজন অনশন সুরু করিয়াছিলেন?

**Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department (the Hon'ble Renuka Ray):**

(ক) ৫৪টি ক্যাম্পে ১১,৮৪৭ জন লোক কাজ করে।

(খ) গলসী থানার ৩টি ও মেমারী থানায় ১২টি।

(গ) না, তবে কেবল সুস্থ ও বয়স্ক পুরুষদের বাধ্যতামূলকভাবে মাটীকাটার কাজ দেওয়া হয়।

(ঘ) আনুমানিক ৫৮ জন লেখাপড়া-জানা এবং ৫৯টি মধ্যবিত্ত পরিবার আছেন। কোন নারীকে কখনও মাটীকাটার কাজ দেওয়া হয় নাই।

(ঙ) না, বরং সক্ষম বলিয়া স্বেচ্ছায় স্বীকৃতি দিয়াছিলেন।

না, ইহা সত্য নহে।

(চ) প্রশ্ন উঠে না।

**Sj. Ambica Chakrabarty:**

আচ্ছা, এই রকম যে কাজ করে তাদের দৈনিক বেতন কত করে দেওয়া হয়?

**The Hon'ble Renuka Ray:**

তারা ১।৶০ সাধারণতঃ উপার্জ্জন করে—এটা মোট তিন জনের জন্য, নিজের জন্য এবং আরও দুইজনের জন্য। তার বেশী সংখ্যক লোক থাকলে সে পরিবারের জন্য ২½ টাকা করে দেওয়া হয়। যদি চেষ্টা সত্ত্বেও এই ১।৶০ রোজগার করতে না পারে তাহলে সেই টাকাটাও দিয়ে দেওয়া হয়। যেমন যেখানে ৸০ চেষ্টা করে পেতে পারে, সেখানে বাকী ।৶০ আনা সাবসিডি হিসাবে দেওয়া হয়।

**Dr. Ranendra Nath Sen:**

এই যে ১।৶০ আনা বললেন এটা তিনজনের হবে?

**The Hon'ble Renuka Ray:**

না, একজন যে কাজ করে এবং পরিবারের আরও দুইজনের জন্য এটা।

**Dr. Ranendra Nath Sen:**

তাহলে মোট ১।৶০?

**The Hon'ble Renuka Ray:**

মোট ১।৶০ রোজগার করে তবে অনেকে ২৲ টাকা পর্য্যন্ত পারে।

[9-50—10 a.m.]

**Sj. Ambica Chakrabarty:**

যে সমস্ত লোক ওয়ার্কসাইট ক্যাম্প-এ কাজ করছে তাদের সংখ্যা কত?

**The Hon'ble Renuka Ray:**

আমি নোটিশ চাই। তবে আমি যেটা পেলাম সেটা রেও অব জানুয়ারী ফিগার। আজকে ওয়ার্কসাইট ক্যাম্প আরও বেড়ে গিয়েছে। ৬৩টি ক্যাম্প-এ ১৪ হাজার লোক কাজ করে। তাহলে এক একটা পরিবারের পাচজন করে গড়ে ধরতে পারি।

**Sj. Ambica Chakrabarty:**

কাজ করে না এর কোন সংখ্যা আছে?

**The Hon'ble Renuka Ray:**

আছে।

**Sj. Ambica Chakrabarty:**

সেটা বলুন তাহলে।

**The Hon'ble Renuka Ray:**

নোটিশ দিলে দিতে পারব।

**Sj. Ambica Chakrabarty:**

আচ্ছা, এই ক্যাম্পগুলি কি কি সালে কোথায় কোথায় হয়েছে জানাবেন কি?

**The Hon'ble Renuka Ray:**

সেটা নোটিশ দিয়ে কোশ্চেন করলে উত্তর দিয়ে দিব।

**Sj. Ambica Chakrabarty:**

আপনি বলেছেন যে সুস্থ এবং বয়স্ক পুরুষদের বাধ্যতামূলকভাবে মাটি কাটার কাজ দেওয়া হয়। আচ্ছা, ৬০ বছর বয়স্ক লোকদের কাজ দেওয়া হয়েছে বলে জানেন কি?

**The Hon'ble Renuka Ray:**

না। ৬০ বছরের উপরে যারা তারা পি, এল, ক্যাম্প-এ চলে যায়।

**Sj. Ambica Chakrabarty:**

আমি বলছি ৫০ থেকে ৬০ বছরের লোক কাজ করেন কি না?

**Mr. Speaker:**

আপনি জেনিরাল ভাবে কোশ্চেন করেছেন, ডিটেলস্ কি করে দেবেন?

**Sj. Ambica Chakrabarty:**

হ্যাঁ, আমি সমগ্র পশ্চিমবঙ্গের কথাই বলছি।

**Mr. Speaker:**

How does that arise?

**Sj. Ambica Chakrabarty:**

বর্দ্ধমানের ওয়ার্কসাইট ক্যাম্প-এ.....

**Mr. Speaker:**

ঠিকমত দেখুন হোল কোশ্চেন-টা হচ্ছে বর্দ্ধমান সম্বন্ধে। কেবল ফার্ষ্ট কোশ্চেনটা হচ্ছে টোটাল নম্বর সম্বন্ধে। আপনারা যে সাপ্লিমেণ্টারী করবেন, তার আনসার-টা দিতে পারবেন এমনভাবে করবেন তো? এ প্রশ্ন বর্দ্ধমান ওয়ার্কসাইট ক্যাম্প সম্বন্ধে। শুধু ফার্ষ্ট কোশ্চেন-টা টোটাল নম্বর সম্বন্ধে; তাহলে রেফিউজি-দের সম্বন্ধে যাবতীয় প্রশ্ন কি করে আসে?

**Sj. Ambica Chakrabarty:**

আমার যে প্রশ্ন তার মধ্যে বর্দ্ধমান। সেখানে যত ওয়ার্কসাইট ক্যাম্প আছে তার সম্বন্ধে জিজ্ঞাসা করেছি।

**Mr. Speaker:**

বর্দ্ধমান ওয়ার্কসাইট ক্যাম্প সম্বন্ধে করতে পারবেন।

**Sj. Ambica Chakrabarty:**

ওই ক্যাম্প-এ ছাত্র, শিক্ষক, শিক্ষিত মধ্যবিত্ত পরিবারের যারা মাটি কাটায় অনভ্যস্ত তাদের জোর করে মাটি কাটান হয়?

**The Hon'ble Renuka Ray:**

আমি এর উত্তর দিয়েছি।

**Sj. Ambica Chakrabarty:**

ওই সমস্ত ক্যাম্প-এ অনশন শুরু হবার কারণ কি ছিল?

**The Hon'ble Renuka Ray:**

বলেছি তো অনশন করে নি।

**Sj. Ambica Chakrabarty:**

অনশনে ওখানে লোক মারা গেছে?

**The Hon'ble Renuka Ray:**

ওই সমস্ত ক্যাম্প-এ অনশনে কোন লোক মারা যায়নি?

**Sj. Ambica Chakrabarty:**

লোক মারা গেছে, সেজন্যে আন্দোলন হয়েছে, তার জন্যে লোক এরেষ্ট করা হয়েছে।

**Mr. Speaker:** That is a hypothetical question. That is a conditional question.

**Sj. Ambica Chakrabarty:**

ডিসেন্ট্রী-তে একজন লোক বাগজোলা ক্যাম্প-এ মারা গেছে।

**The Hon'ble Renuka Ray:**

আপনি যে বাগজোলা ক্যাম্প-এর কথা বললেন তার সংলগ্ন ক্যানিং ক্যাম্প-এ অনশন হয়েছিল—আমি বলছি অনশনে মারা যায়নি।

**Sj. Ambica Chakrabarty:**

উনার রিপ্লাই-তে বাগজোলা বলেছেন—বাগজোলার কথা আমি জানি না। আমার প্রশ্নের সাপ্লিমেন্টারী হ'ল বাগজোলায় যে অনশনে লোক মারা গিয়েছিল—

**Mr. Speaker:**

অনশন তো করেনি, একথা বলছেন কেন?

**Sj. Ambica Chakrabarty:**

কতগুলি লোককে সেখানে এ্যারেস্ট করা হয়েছিল?

**The Hon'ble Renuka Ray:**

এ্যারেস্ট করা হয়নি।

**Sj. Subodh Chowdhury:**

মাননীয়া মন্ত্রীমহাশয়া বলবেন কি ওয়ার্কসাইট ক্যাম্প-এ, বিশেষ করে বর্দ্ধমানের সেখানে যাদের পাঠান হয় তাদের মধ্যে শিক্ষিত লোক আছে কি না?

**The Hon'ble Renuka Ray:**

উত্তর দিয়েছি, কত পরিমাণে তাও বলেছি।

**Sj. Hemanta Kumar Basu:**

মাননীয়া মন্ত্রীমহাশয়া বলবেন কি ওয়ার্কসাইট ক্যাম্প-এ কতদিন কাজ করার পরে তাকে রিহাবিলিটেশন দেওয়া হয়?

**The Hon'ble Renuka Ray:**

যত তাড়াতাড়ি জমি পাই তত তাড়াতাড়ি রিক্লেম করে কতকগুলি লোকদের দেওয়া হয়। লোকসংখ্যা ওয়ার্কসাইট ক্যাম্প-এ দিন দিন বেড়ে যাচ্ছে।

**Sj. Subodh Chowdhury:**

মন্ত্রীমহাশয়া বলবেন কি যে বর্দ্ধমান জেলায় পান্না রোড ক্যাম্প-এ অনেকে মাটিকাটার কাজে অনভ্যস্ত বলে ক্যাম্প সুপারিন্টেণ্ডেণ্ট-এর কাছে নালিশ জানান হয়েছিল?

**The Hon'ble Renuka Ray:**

আমি জানি না।

**Sj. Subodh Chowdhury:**

আপনি জানেন কি বাধ্যতামূলকভাবে কাজ করার জন্য আগে যে ক্যাস ডোল দেওয়া হচ্ছিল তা হঠাৎ এমন কি বৃদ্ধ এবং শিশুদের পর্য্যন্ত বন্ধ করে দেওয়া হয়েছিল?

**The Hon'ble Renuka Ray:**

আমার কোন ইনফরমেশন নেই।

**Sj. Ambica Chakrabarty:**

গলসী এবং মেমারী থানায় যে সমস্ত ক্যাম্প আছে সেখানে যে জমি তারা রিকুইর করছে তা বিক্রী করে দেওয়া হচ্ছে। অথচ রিহাবিলিটেশন-এর ব্যবস্থা সেখানে করা হচ্ছেনা জানেন কি?

**The Hon'ble Renuka Ray:**

আপনি আমাকে কোশ্চেন করবেন ডিটেল্স জানিয়ে দেব।

**Sj. Ambica Chakrabarty:**

মাননীয়া মন্ত্রীমহাশয়া বলবেন কি ওয়ার্কসাইট ক্যাম্প-এ একটা কাজের সময় ঠিক না করে দিলে রেফিউজি-দের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

সেটা আপনারা জানেন।

**Sj. Hemanta Kumar Basu:**

কাজের একটা টাইম অব পিরিয়ড এখানে ঠিক না করে দিলে যাতে বুঝা যায় এতদিন পরে পুনর্বাসন হবে।

**The Hon'ble Renuka Ray:**

আপনি আমাকে পুনর্বাসন সম্বন্ধে বিস্তৃত কোশ্চেন করবেন জবাব দেব।

**Sj. Ambica Chakrabarty:**

আচ্ছা, এই সমস্ত ওয়ার্কসাইট ক্যাম্প-এ যারা কাজ করছে, তারা এর আগে ২।৩ জায়গায় কাজ করে এসেছে অথচ পুনর্বাসন দেওয়া হয়নি জানেন কি?

**The Hon'ble Renuka Ray:**

সত্য নয়। ওয়ার্কসাইট ক্যাম্প-এ কাজ করে যতদিন না পুনর্বাসন জমি পেতে পারে।

**Sj. Ambica Chakrabarty:**

তাহলে তো সারাজীবন ধরে এই ১০ লক্ষ লোকের—

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** May be.

**Sj. Ambica Chakrabarty:**

এরা এর আগে তিনটি ক্যাম্প-এ মাটি কেটে এসেছে কি?

**Mr. Speaker:** That question does not arise

**Dr. Srikumar Banerjee:**

মন্ত্রী মহোদয়া বলবেন কি যে এই দুইটি ক্যাম্প-এ যে সমস্ত লোক কাজ করছে তাদের কতসংখ্যকের রিহাবিলিটেশন হয়েছে?

**The Hon'ble Renuka Ray:**

ওয়ার্কসাইট ক্যাম্প-এর বিষয়ে আমি উত্তর দিয়েছি, অন্য প্রশ্ন করলে নোটিশ দিলে জবাব দেব।

**Dr. Srikumar Banerjee:**

আমার যে প্রশ্ন তাতে নোটিশ-এর দরকার নেই। এই দুইটি ক্যাম্প-এ যত লোক কাজ করে বলেছেন, যারা করেছে তাদের মধ্যে রিহাবিলিটেশন কতলোকের হয়েছে?

**The Hon'ble Renuka Ray:** I want notice.

**Sj. Subodh Chowdhury:**
বর্দ্ধমান জেলায় যে সমস্ত ওয়ার্কসাইট ক্যাম্প—পালো রোড, মেমারি থানায় যেসমস্ত ওয়ার্কসাইট ক্যাম্প করা হয়েছে সেগুলি কিরকম বিবেচনা করে করা হয়েছে?

**The Hon'ble Renuka Ray:** That question does not arise out of this.

[10—10-10 a.m.]

**Sj. Subodh Chowdhury:**
আপনি যে বললেন তিন জনের জন্য ১।৵০ আনা করে মজুরী দেওয়া হচ্ছে। এটা কি হিসাবে দেওয়া হচ্ছে দৈনিক হিসাবে, না যে পরিমাণ মাটি কাটে সেই হিসাবে?

**Mr. Speaker:** She has already answered.

### Last Election of Midnapore District Board.

***49. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলাবোর্ডের কোন্ বৎসর শেষ নির্বাচন হইয়াছে; এবং

(খ) কতজন নির্বাচিত সদস্য এবং কতজন মনোনীত সদস্য উক্ত জেলাবোর্ডে আছেন?

**Minister-in-charge of the Local Self-Government Department (the Hon'ble Iswar Das Jalan):**

(ক) ১৯৪৮ সালে।

(খ) নির্বাচিত—৪০ জন।
মনোনীত - ১ জন।

**Sj. Madan Mohan Khan:**
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, মেদিনীপুর জেলা বোর্ডের নূতন নির্বাচন কবে হবে?

**The Hon'ble Iswar Das Jalan:**
এই বৎসরেই হবে।

**Sj. Madan Mohan Khan:**
কোন মাসে?

**The Hon'ble Iswar Das Jalan:**
শীতকালে হবে।

### Vacancies in the District Boards.

***50. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) বর্ত্তমানে পশ্চিমবঙ্গের কোন জেলার জেলাবোর্ডের সদস্যপদ শূন্য আছে কিনা; এবং

(খ) থাকিলে, কোন্ কোন্ জেলায় কয় বৎসর যাবৎ সদস্যপদ শূন্য আছে এবং কি কারণে ঐ সমস্ত শূন্য আসনে নির্বাচন করা হইতেছে না?

**The Hon'ble Iswar Das Jalan:**

(ক) হাঁা, আছে।

(খ) তালিকা এতৎসহ উপস্থাপিত হইল।

*Statement referred to in reply to clause (খ) of starred question No. 50*

| জেলাবোর্ডের নাম। | শূন্য আসনের সংখ্যা। | কয় বৎসর যাবৎ শূন্য আছে। | নির্বাচন না হইবার কারণ। |
|---|---|---|---|
| (১) মেদিনীপুর জেলাবোর্ড। | ১ | ইং ১৯৫৩ সালের মার্চ হইতে। | জেলাবোর্ডদ্বয়ের সাধারণ নির্বাচন আসন্ন বলিয়া। |
| (২) হাওড়া জেলা-বোর্ড। | ২ | একটি ইং ১৯৫৩ সালের আগষ্ট ও অপরটি ইং ১৯৫৪ সালের মার্চ হইতে। | ঐ |
| (৩) বীরভূম জেলাবোর্ড। | ১ | ইং ১৯৫৩ সালের সেপ্টেম্বর হইতে। | আসনগুলি শূন্য হওয়ার সংবাদ যথা-সময়ে জেলা-শাসককে জানান হয় নাই। যত শীঘ্র সম্ভব নির্বাচন করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। |
| (৪) নদীয়া জেলাবোর্ড। | ১ | ঐ | ঐ |

**Sj. Saroj Roy:**

১৯৫৩ সালের মার্চ মাস থেকে মেদিনীপুর জেলা বোর্ডের একটি আসন শূন্য ছিল, দুই বৎসরের মধ্যে কেন সেখানে ইলেকসন হল না?

**The Hon'ble Iswar Das Jalan:**

ডান ধারে লেখা আছে। বোর্ডের সাধারণ নির্বাচন আসন্ন বলিয়া।

**Dr. Srikumar Banerjee:**

মাননীয় মন্ত্রীমহাশয় বীরভূমের জেলা বোর্ডের কোন আসন শূন্য আছে কি?

**The Hon'ble Iswar Das Jalan:**

একটি আছে।

**Dr. Srikumar Banerjee:**

কোন কনষ্টিটিউএনসি-র কোন আসনটি শূন্য আছে?

**The Hon'ble Iswar Das Jalan:**

তা বলতে পারি না।

**Sj. Saroj Roy:**

আপনি বললেন ডান দিকে উত্তর দেওয়া আছে নির্বাচন আসন্ন বলিয়া, কিন্তু আমার প্রশ্ন হ'ল একটি আসন শূন্য ছিল কিন্তু দুই বৎসরের মধ্যে সেখানে ইলেক্সন হল না কেন?

**The Hon'ble Iswar Das Jalan:**

যে যে আসন শূন্য ছিল তার পিরিয়ড এক্সপায়ার করে গেলে ডিলিমিটেসন অব কনষ্টিটিউএনসিস হয় তারপর সব এ্যারেঞ্জমেণ্টস হয়ে গেলে ১৯৫৫ সালে সাধারণ নির্বাচন হবে। সেই জন্য বাই ইলেক্সন হ'ল না।

**Dr. Srikumar Banerjee:**

আসন্ন নির্বাচন সম্বন্ধে আপনার কোন টাইম লিমিট আছে কি না?

**The Hon'ble Iswar Das Jalan:**

না, কোন টাইম লিমিট নাই।

**Sj. Saroj Roy:**

জেলা বোর্ডের কনষ্টিটিউএনসি-র যে ডিলিমিটেশন করা হয়েছে সেটায় কি মেদিনীপুর জেলায় নূতন ভাবে কিছু করা হয়েছে?

**The Hon'ble Iswar Das Jalan:** I want notice.

## UNSTARRED QUESTIONS

### (answers to which were laid on the table)

#### Workers of Burnpur and Kulti not enrolled in the union.

**33. Dr. Atindra Nath Bose:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state in connection with the statement made by the Chief Minister on the floor of the House on 14th November, 1953, about Labour strike in Burnpur—

(*i*) whether about 8,000 workers of Burnpur and 5,000 workers of Kulti have been refused enrolment in the union by the present union officials; and

(*ii*) if so, for what reasons?

(*b*) In view of the statement made by the Chief Minister that situation in Burnpur is normal and production is normal, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) why section 144 is still kept imposed over the locality;

(*ii*) why various places of the locality are still declared as protected areas; and

(*iii*) why a concentration of armed police is still maintained there?

**Minister-in-charge of the Labour Department (the Hon'ble Kali Pada Mookerjee):** (*a*) Shri M. John, President of the Asansol Iron and Steel Workers' Union, extended the time for enrolment more than once and, finally, allowed four days' time from the 28th October, 1953, for enrolment of new workers at Burnpur. Our information is that the workers who offered themselves for enrolment on or before this day have been enrolled. It appears that most of the workers who were willing to be enrolled on payment of the union's subscriptions and applied for enrolment have been enrolled. As far as is known, it is not a fact that 8,000 workers of Burnpur and have been refused enrolment by the officials of the Asansol Iron and Steel Workers' Union.

So far as Kulti is concerned, no extension was granted and it is not known if 5,000 workers have been refused enrolment.

(*b*)(*i*) The order under section 144, Cr.P.C., expired on the 15th of November, 1953.

(*ii*) Special precautionary measures were necessary to protect the valuable plants and machinery within the protected areas in the national interest and for this purpose it was necessary to prevent the entry of unauthorised persons into those areas.

(*iii*) To ensure protection of vital installations it was decided that only persons with bona fide business who entered the "protected places" with security passes will be permitted to go there.

**Dr. Atindra Nath Bose:** Is the Hon'ble Minister aware that the answer is totally untrue?

**Mr. Speaker:** That is not a supplementary question.

**Dr. Atindra Nath Bose:** Has the Hon'ble Minister received any complaint from the workers of Kulti and Burnpur about the refusal of enrolment?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Yes.

**Dr. Atindra Nath Bose:** Did he make any enquiry?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I did hold an enquiry.

**Dr. Atindra Nath Bose:** Did he personally make an enquiry and did he interview the petitioner?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Not personally, but through my officers.

**Dr. Atindra Nath Bose:** Is he aware that complaints were made on the floor of the House?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Yes.

**Dr. Atindra Nath Bose:** Did he make enquiry from me?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I can tell my friend that it is beyond the competence of the State Government to look into that matter and to set aside an election because it comes within the purview of the Judiciary, and moreover the Trade Union Act does not give the power to the Government to supervise or control the elections of the Trade Unions.

**Dr. Atindra Nath Bose:** My question is not about elections. I asked whether there was any refusal to enrolment of the workers.

**The Hon'ble Kali Pada Mookerjee:** I have said all that I know. I have no further information to place before you.

**Dr. Atindra Nath Bose:** Has any election been held after enrolment since 1953, October?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Yes, it was held.

**Dr. Atindra Nath Bose:** How many times was it held since 1953?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Once.

**Dr. Atindra Nath Bose:** In which year?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I cannot give you the year.

**Dr. Atindra Nath Bose:** What is the Union rule about this—at what intervals?

**Mr. Speaker:** The rules are printed things. You cannot ask about them.

**Dr. Atindra Nath Bose:** Whether according to the rules election has been held every year?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Election was held but as a result of injunction the whole thing has been held up. Subsequent action has been held up as a result of the injunction preferred by the parties concerned.

**Dr. Atindra Nath Bose:** About answer *(b)(i)*, is the Hon'ble Minister aware that Burnpur has been under section 144, ever since 15th November, 1953.

**The Hon'ble Kali Pada Mookerjee:** With subsequent break—not ever since but according to the exigencies of the circumstances the local officers promulgated section 144 order to meet the situation.

**Dr. Atindra Nath Bose:** Is the Hon'ble Minister aware that section 144 was promulgated immediately on the expiry of the previous term?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I am not aware of it.

**Dr. Atindra Nath Bose:** Is the Hon'ble Minister aware that permission was refused to hold the Netaji birthday celebrations in which all sections of the workers take part jointly.

**The Hon'ble Kali Pada Mookerjee:** To this matter my attention was never drawn.

**Dr. Atindra Nath Bose:** About (*b*)(*ii*) is the Hon'ble Minister aware that certain areas outside the works are also treated as protected areas?

**The Hon'ble Kali Pada Mookerjee:** No, I am not aware of it.

**Dr. Atindra Nath Bose:** Is he not aware or is he denying?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I am not aware of the fact that it has been declared a protected area for the maintenance of the vital plant there.

**Dr. Atindra Nath Bose:** That is known, but I am asking whether any area outside the works is treated as protected or not?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I do not know.

**Dr. Atindra Nath Bose:** About (*b*)(*iii*), this is not an answer to my question. My question was "why a concentration of armed police is still maintained there?". I want an answer.

**The Hon'ble Kali Pada Mookerjee:** To ensure protection of the vital installations it was decided that only persons with bona fide business who enter the protected places with security passes will be permitted to go there; that means, to protect the plant and to see that no unauthorised persons enter into the protected area.

**Dr. Atindra Nath Bose:** That is not question (*b*)(*iii*). Question (*b*)(*iii*) is "why a concentration of armed police is still maintained there".

**Mr. Speaker:** That is the answer; you can take it at its worth.

**Dr. Atindra Nath Bose:** Whether a concentration of armed police is maintained in Burnpur town now?

**The Hon'ble Kali Pada Mookerjee:** In order to protect the vital plant and in order to discharge the obligations devolved upon the police force to protect the protected area.

**Dr. Atindra Nath Bose:** My question is whether it is maintained or not? Say yes or no.

**The Hon'ble Kali Pada Mookerjee:** I do not know.

[10-10—10-20 a.m.]

**Dr. Atindra Nath Bose:** The Hon'ble Minister says "this police picket for protection of the plants, etc."—why is this police picket kept within the city outside the protected area itself?

**The Hon'ble Kali Pada Mookerjee:** They cannot be accommodated inside the protected area—it is quite evident.

**Sj. Jyoti Basu:** With respect to answer (*a*), who was the officer who was deputed to collect the information given in (*a*)?

**The Hon'ble Kali Pada Mookerjee:** I think the Labour Commissioner.

**Sj. Jyoti Basu:** With respect to answer (*b*)(*iii*), have these vital installations ever been threatened by any outsiders?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Yes.

**Sj. Jyoti Basu:** Who threatened them?

**The Hon'ble Kali Pada Mookerjee:** That I cannot tell you.

**Dr. Ranendra Nath Sen:**

এটা কি সত্য যে মিঃ জনের বিরোধী শক্তিকে খর্ব করা যায় এই উদ্দেশ্যেই সেই এলাকাকে প্রটেকটেড এরিয়া বলে ঘোষণা করা হয়েছিল ?

**The Hon'ble Kali Pada Mookerjee:** No.

**Sj. Kali Mukherjee:** Are you aware that the Praja Socialist Party supported the workers of Mr. John's Party——

**Mr. Speaker:** Such questions are never allowed. No party question is allowed.

## List of Backward Classes of West Bengal.

**34. Sj. Probodh Dutt:** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state—

(*a*) whether any list of Backward Classes in the State has been prepared by the Government; and

(*b*) if so, what different castes of West Bengal have been included in such list?

**Minister-in-charge of the Tribal Welfare Department (the Hon'ble Radhagobinda Roy):** (*a*) Yes.

(*b*) A statement is laid on the Table.

*Statement referred to in reply to clause (b) of unstarred question No. 34*

I.—List of Scheduled Castes as specified by "The Constitution (Scheduled Castes) Order, 1950"

| | | |
|---|---|---|
| 1. Bagdi. | 9. Bhumij. | 17. Gonrhi. |
| 2. Bahelia. | 10. Bind. | 18. Hari. |
| 3. Baiti. | 11. Chamar. | 19. Jalia Kaibartta. |
| 4. Bauri. | 12. Dhoba. | 20. Jhalo Malo or Malo. |
| 5. Bediya. | 13. Doai. | 21. Kadar. |
| 6. Beldar. | 14. Dom. | 22. Kandra. |
| 7. Bhuimali. | 15. Dosadh. | 23. Kaora. |
| 8. Bhuiya. | 16. Ghasi. | 24. Karenga. |

25. Kastha.
26. Kaur.
27. Khaira.
28. Khatik.
29. Koch.
30. Konai.
31. Konwar.
32. Kora.
33. Kotal.
34. Lalbegi.
35. Lodha.
36. Lohar.
37. Mahar.
38. Mahil.
39. Mal.
40. Mallah.
41. Malpahariya.
42. Mehtor.
43. Muchi.
44. Musahar.
45. Nagesia.
46. Namasudra.
47. Nuniya.
48. Paliya.
49. Pan.
50. Pasi.
51. Patni.
52. Pod.
53. Rabha.
54. Rajbanshi.
55. Rajwar.
56. Sunri.
57. Tiyar.
58. Turi.

II.—LIST OF SCHEDULED TRIBES AS SPECIFIED BY "THE CONSTITUTION (SCHEDULED TRIBES) ORDER, 1950".

1. Bhutia.
2. Lepcha.
3. Mech.
4. Mru.
5. Santal.
6. Munda.
7. Oraon.

III.—LIST OF EDUCATIONALLY BACKWARD CLASSES (OTHER THAN SCHEDULED CASTES AND SCHEDULED TRIBES).

1. Agariya.
2. Bagals.
3. Berua.
4. Bhatiya.
5. Binjhia.
6. Buddhists.
7. Bunnas.
8. Chacks.
9. Chains.
10. Dhangar.
11. Dhasa.
12. Dhenuar.
13. Dulay.
14. Gains.
15. Garo.
16. Gonds.
17. Hadi.
18. Hajang.
19. Hakaehor.
20. Ho.
21. Jeoni.
22. Kahar.
23. Kan.
24. Kandh.
25. Kapuria.
26. Karanis.
27. Khandait.
28. Kharga.
29. Koiri.
30. Korangas.
31. Mahatos.
32. Matial.
33. Metia.
34. Mugs.
35. Nat.
36. Rohangia or Roshangia.
37. Hill Tribes of the Himalayas and of the Chittagong Hill Tracts (other than those specified in Scheduled Castes and Scheduled Tribes Order).

**Sj. Kanailal Das:**

এই যে সিডিউল্ড কাস্টস-এর লিষ্ট দিয়েছেন এর মধ্যে দেখা যায় শিক্ষাদিক্ষায় আচার ব্যবহারে বর্ণহিন্দুর মত বহু জাতি আছে যারা—

**Mr. Speaker:**

আপনি লেক্চার দিচ্ছেন কেন? প্রশ্ন করুন।

**Sj. Kanailal Das (Ausgram):**

এই লিষ্ট রিভাইজ করা দরকার কিনা? এমন বহু জাতি আছে যাঁরা পূর্ববঙ্গে বর্ণহিন্দু অথচ এখানে পশ্চিম বাংলায় তাঁরা নিজেদের সিডিউলড্ কাস্টস বলে পরিচয় দেন। সেইজন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি, তিনি কি এই লিষ্ট রিভাইজ করা যুক্তিযুক্ত বলে মনে করেন?

**The Hon'ble Radhagobinda Roy:**

বর্তমানে যে ব্যাকওয়ার্ড ক্লাশ কমিশন বসেছে তাঁরা এ সম্বন্ধে চিন্তা করছেন, তাঁদের রিপোর্ট পেলে বিবেচনা করা যাবে।

**Sj. Rakhahari Chatterjee:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই যে লিষ্ট আপনি দিয়েছেন সেটা কতদিন পূর্বে তৈরী হয়েছিল?

**Mr. Speaker:**

লিষ্ট-এ দেওয়াই আছে--in nineteen-fifty.

**Sj. Rakhahari Chatterjee:**

আমার উত্তর হল না। উনি বলছেন "একর্ডিং টু দি কনষ্টিটিউশন অর্ডার" এই সিডিউল্ড কাস্টস লিষ্ট হয়েছে। এখানে আমার প্রশ্ন হচ্ছে যে, যে লিষ্ট উনি দিলেন এই লিষ্ট কবে, কোন বছরের ফাইনাল লিষ্ট?

**The Hon'ble Radhagobinda Roy:**

এটা ফাইনাল লিষ্ট নয়। এই লিষ্ট আজকের নয়, এটা পুরাণ লিষ্ট সেটাই মেনটেন করা হচ্ছে। ব্যাকওয়ার্ড ক্লাশ কমিশন বসেছে তাঁরা এ বিষয় চিন্তা করছেন, তাঁরা এই লিষ্ট রিভাইজ করবেন। It is not the function of the Government to revise; it is the Backward Class Commission who will revise.

**Sj. Rakhahari Chatterjee:**

এই লিষ্ট তৈরী হয়েছিল কোন বৎসরে?

**The Hon'ble Radhagobinda Roy:**

পূর্বে বলাই হয়েছে এটা পুরাণ লিষ্ট। কনষ্টিটিউশন-এর ১৯৫১ সালের সেনসাস রিপোর্ট থেকে হয়নি।

**Sj. Narbahadur Gurung:** In the statement referred to in reply to (*b*), item 37 of III, the Hon'ble Minister has stated "Hill Tribes of the Himalayas". I want to know what are the classes he includes in "Hill Tribes"—what does the Hon'ble Minister mean by "Hill Tribes"?

**The Hon'ble Radhagobinda Roy:** Depressed class Hill Tribes, not the Nepalese who are well off.

**Sj. Narbahadur Gurung:** There are Scheduled Castes in the hills in Darjeeling district. What are the classes which the Hill Tribes include?

**The Hon'ble Radhagobinda Roy:** Notice is necessary; I am not in a position to give a reply offhand.

**Sj. Narbahadur Gurung:** Are Gurkhas included in the "Hill Tribes"?

**The Hon'ble Radhagobinda Roy:** Not all Gurkhas, some of the Gurkhas.

**Mr. Speaker:** Questions over.

### Point of information.

**Dr. Ranendra Nath Sen:**

মিঃ স্পীকার, স্যার, কাজ সুরু হবার আগে একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কালকে এখান থেকে আমি যখন ৫টা—৫৷৷০ টার সময় ডেল্‌হাউসি স্কোয়ার অভিমুখে যাই তখন একটা প্রচণ্ড জনতা সেখানে দেখতে পাই—বিশেষ করে আপনার দৃষ্টি এদিকে আকর্ষণ করছি, তার সঙ্গে আমাদের সমস্ত জাতির সম্মান জড়িত রয়েছে।

**Mr. Speaker:** You raise it by a proper method. You cannot speak on anything. It is not the proper forum.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Why not send your report to me and I will look into it.

**Dr. Ranendra Nath Sen:**

এই ঘটনাটি আমি এখানে একটু উপস্থিত করছি, ঘটনাটি আজকে "যুগান্তর" পত্রিকায়ও বেরিয়েছে। কয়েকজন বিদেশী আমাদের এক ভিক্ষুককে পদাঘাত করে। পুলিশ সার্জেণ্ট বিদেশীদের একটু করে নিয়ে চলে যায় এবং বিদেশীরা আমাদের লোককে পদাঘাত করেছে। এ সম্পর্কে গভর্ণমেণ্টের যদি কিছু বক্তব্য থাকে সেটা উপস্থিত করুন।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I have already stated, if you send me a report I will make a proper enquiry.

**Dr. Ranendra Nath Sen:**

যুগান্তর পত্রিকায় এটা বেরিয়েছে।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I do not depend upon "Patrika" or any other paper. I want your statement which you have seen for yourself.

**Dr. Ranendra Nath Sen:**

বেশ তাহলে আমি তাই দেবো।

**Mr. Speaker:** I have said it hundred times that parliamentary duty would be better served if instead of raising this question you send according to the rules a short-notice question for information and then draw my attention that you have sent a question to the Minister for information. It is not the procedure of the House that anything that appears in any of the hundred newspapers of the Province should be raised by way of debate. There are methods of raising it—by sending short-notice question, by tabling adjournment motion or by asking for information from the Minister in advance so that they may come prepared with the answer.

**Sj. Bibhuti Bhusan Ghose:**

স্পীকার মহাশয়, আপনি বললেন সর্ট নোটিস কোশ্চেন করবার জন্য। কিন্তু আমরা জানি সর্ট নোটিশ কোশ্চেন অর এডজর্নমেণ্ট মোশন, সেটা আপনার ডিসক্রেশন-এর উপর নির্ভর করে। এটা এ্যালাউ হবে কি ডিসএ্যালাউ হবে সেটা সম্পূর্ণ নির্ভর করছে স্পীকারের ডিসক্রেশন-এর উপর। অর্থাৎ আমরা যেটার গুরুত্ব উপলব্ধি করছি আপনি হয়ত তা না করতে পারেন।

**Mr. Speaker:**

তা হলে তো এ্যালাউ বা ডিসএ্যালাউ করার প্রশ্নই উঠে না।

**Sj. Bibhuti Bhusan Ghose:**

দেখা গিয়েছে সর্ট নোটিশ দিলেও আপনি তা রিজেক্ট করেন, এডজর্নমেণ্ট মোশন আনলেও আপনি তা অনেক সময় ডিসএ্যালাউ করেন। অবশ্য এটা আপনার পাওয়ার-এর ভিতর আছে। কিন্তু যেটার গুরুত্ব আমরা বুঝি সেটা কি করে আপনাকে বোঝাব?

**Mr. Speaker:**

এখন আপনি বসুন। সেটা পরে বোঝাবেন—আমার চেম্বারে আসবেন।

**Sj. Bibhuti Bhusan Ghose:**

তাহলেও সেটা এখন আর আপনার জানা হ'ল না?

**Sj. Ganesh Ghosh:** You say there are two ways of ventilating grievances or eliciting information. You speak about short-notice question. One week before the Entally election we submitted a short-notice question about that. It was answered about two weeks after the election. Why do you speak about short-notices? You do not allow adjournment motions. You do not force the Government to answer short-notice questions. What are we to do?

**Mr. Speaker:** You are to follow the recognised parliamentary procedure.

**Sj. Ganesh Ghosh:** That means gagging us.

**Sj. Bibhuti Bhuson Ghose:**

এটা কি রকম হল? একি কাজির বিচার হল?

## Holiday on account of "Sivaratri" festival.

**Sj. Tarapada Bandopadhyay:** Before you resume the legislative business may I point out that the Sivaratri festival comes off tomorrow——

**Mr. Speaker:** I know; there will be no Assembly on Monday. I asked the Secretary to consult all the Leaders and I have followed the precedent of the last occasion. Last time this was also a holiday.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Last time Sivaratri was on Wednesday; therefore there was a holiday on Thursday. This time it is on Sunday, but if you have already decided I have nothing to say.

[10-20—10-30 a.m.]

## GOVERNMENT BILL.

### Chandernagore Municipal Bill, 1955.

**Sj. Jogesh Chandra Gupta:** Mr. Speaker, Sir, the Chandernagore Corporation Bill has been criticised firstly, because it has gone against, it is alleged, the Jha Commission Report, secondly, that it also runs counter to the statement of Pandit Jawaharlal Nehru. But, Sir, we find that the Chandernagore Corporation Bill has proceeded on the line indicated by the Government of India and it does not really run counter, as alleged, to either the Jha Commission Report or to the statement made by Pandit Jawaharlal Nehru. You will observe, Sir, that in order to comply with the Jha Commission Report as also with the directions of the Government of India, this Bill provides for election on the basis of adult franchise. You will further observe that this Bill also recognises and gives protection to what has so far obtained in Chandernagore regarding culture, regarding education; there is a departure, unlike other municipalities and Corporation, Chandernagore Corporation is burdened with some administrative responsibilities. Sir, it has been said that no provision has been made for the purpose of financing of education which will be the responsibility of the Corporation. You are aware, Sir, that according to the principles observed by the West Bengal State Government, they are bound to make good any

deficit which is incurred by the schools imparting secondary education. If they comply with certain principles, whatever may be the deficit, Government makes it good. Therefore, the question of providing in this Bill a particular amount for the purpose of defraying the secondary education expenses cannot arise. As a matter of fact, it is much more convenient not to fix up any sum. It has also been stated that in the Poor Fund only Rs. 25,000 has been provided whereas the actual realisations are more. Sir, the minimum has been fixed at Rs. 25,000, but having regard to the amount and the collection expenses, the amount was fixed. Therefore, the criticism that Rs. 25,000 instead of more amount which usually allotted to the Poor Fund has been fixed also does not hold water. Sir, we are enacting a Bill regarding a territory which had so long been under a foreign Government. I believe it is our duty to see that the administration is brought, so far as possible subject to the recommendations of the Jha Commission and the direction of the Government of India, in line with the existing Municipal Corporation. We ought not to say that with regard to the Chandernagore Corporation there should be this and that provision without at the same time ensuring that this will be in line, as far as possible, with the other institutions in West Bengal. Sir, we want to absorb Chandernagore into West Bengal. We want the citizens of Chandernagore as also the citizens of other places in West Bengal to feel that we are becoming one and, therefore, I for one will not advocate many points of differences and we would like to have it as much as possible on the same line. On this Chandernagore question some of the Opposition speakers have made a point to attack this Government without realising why the provisions have been made and why there is wide departure from what obtain in the other institutions in West Bengal. I would plead for moderate, tolerant views on this matter. I would plead this House should pass this Bill, so that Chandernagore administration may be better, and West Bengal and Chandernagore may march ahead together.

**Sj. Rakhahari Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়, চন্দননগরের একটা অতীত ঐতিহ্য আছে, সে বিষয় কোন সন্দেহ নাই। যদিও গতকাল অনেক সদস্য বলেছিলেন অন্যান্য মিউনিসিপালিটির তুলনায় চন্দননগরকে সুযোগ কেন দেয়া হবে আমি তার প্রতিবাদ করি। চন্দননগরের কতকগুলি বৈশিষ্ট ছিল এবং এখনো আছে। বিশেষত সর্বভারতের সামগ্রিক কল্যানের দিক দিয়েও চন্দননগরের বিশেষ ব্যবস্থা থাকা উচিত বলে আমি মনে করি। তার কারণ চন্দননগরের অধিবাসীগণ ভারতভুক্তি প্রথমে গ্রহণ করবার পর আজও পর্যন্ত ভারতবর্ষের বিভিন্ন স্থানে যে বিদেশীয় পকেটগুলি রয়েছে সেখানের জনসাধারণ চন্দননগরের স্বার্থ রক্ষাকে গ্যারান্‌টি বলে মনে করবে। এবং সেই কারণেই ভারত সরকার ঝা কমিশন নিযুক্ত করে ছিলেন। এবং তাঁরা অন্যান্য স্থানের তুলনায় চন্দননগরের অধিবাসীদের জন্য বিশেষ বিশেষ বন্দোবস্ত করার জন্য সুপারিশ করেছেন, যদিও পশ্চিমবঙ্গ সরকার ঝা কমিশনের সুপারিশ কার্য্যকরী করবার ক্ষেত্রে প্রথম পদক্ষেপ করেছেন বলে মনে করি, তবুও মনে হয় যে ভাবে বিলটা এসেছে তাতে দইয়ের স্বাদ ঘোলে মেটানো বা অন্ধপুত্রের নাম পদ্মপলাশলোচন রাখলে যেমন হয় ঠিক তেমি, মাত্র নামের বিভেদ। অন্যান্য সহরের জন প্রতিষ্ঠানকে যেমন মিউনিসিপালিটি বলা হয় সেখানে মিউনিসিপালিটি না বলে কর্পোরেশন বলা হবে। চেয়ারম্যান না বলে মেয়র, ভাইস্‌চেয়ারম্যান না বলে ডেপুটি মেয়র এই সব গালভরা উপাধি দান ছাড়া আর কোন পরিবর্ত্তন হয়েছে বলে মনে করি না।

চন্দননগর কর্পোরেশন বিল যা আমাদের সাম্নে উপস্থিত করা হয়েছে এতে সবচেয়ে ত্রুটি দেখতে পাচ্ছি, শিক্ষার বিষয়ে সমস্ত দায়িত্ব, কি প্রাথমিক, কি মাধ্যমিক তা কর্পোরেশনের উপর দেওয়া হয়েছে। কিন্ত এতাবধি যে সুযোগ তারা উপভোগ করে আসছে সেই মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষার যে ব্যয় ভার তা কি করে চালান হবে সে সম্বন্ধে সরকারের আইনে কোন বিধান নাই। আজ প্রাথমিক শিক্ষা অবৈতনিকও বাধ্যতামূলক করবার যে দাবী বাংলা দেশে উঠেছে এবং সংবিধান অনুযায়ী সমস্ত ভারতবর্ষেই উঠেছে এখন চন্দননগর অধিবাসীদের প্রাথমিক শিক্ষার যা কিছু ব্যয়ভার সেটা প্রাদেশিক সরকারকেই বহন করতে হবে।

[10-30—10-40 a.m.]

অন্যান্য মফঃস্বল সহরে এবং জেলাতে শিক্ষা বাবত যা কিছু ডেফিসিট পড়ে তা প্রাদেশিক সরকারের গ্রহণ করা উচিত। সে সম্বন্ধে এই বিলের মধ্যে কোন বিধান নাই। আর একটা কথা হচ্ছে এই বিলের কোথাও নাই যে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকেরা যে সব সুযোগসুবিধা এতাবৎ কাল ভোগ করে আসছিল তা পাবেন। এখন কর্পোরেশন হলে তারা সবাই কর্পোরেশন-এর কর্ম্মচারী নিযুক্ত হবে এবং কর্পোরেশন-এর কর্ম্মচারীর মতই ব্যবহার পাবে এরকম সন্দেহ করার কারণ আছে। এর পূর্বে ছিল তারা সরকারী কর্ম্মচারী। এবং তাদের চাকুরি ছিল পেন্সনেব্‌ল এবং তারা বহু সুবিধা পাচ্ছিল কিন্তু এই আইন পাশ হওয়ার সঙ্গে সঙ্গে কর্পোরেশন-এর চাকুরিয়া বলে যখন তারা গণ্য হবে তখন তাদের পেন্সন পাবে কিনা সেটা স্পষ্ট করা দরকার। এবং যে সব সুবিধা পাওয়ার কথা আছে কিভাবে তা পাবেন তা স্পষ্ট হওয়া উচিত। তাছাড়া জনসাধারণ এতাবৎকাল একটি মাত্র ট্যাক্স দিয়ে আসছিল কিন্তু এখন থেকে তাদের বহু ট্যাক্স দিতে হবে। কারণ মিউনিসিপ্যালিটি সেখানে সংস্থাপিত হওয়ার সঙ্গে সঙ্গে অন্যান্য মিউনিসিপ্যালিটির মত লাইট ট্যাক্স, ওয়াটার ট্যাক্স প্রভৃতি যা আছে দিতে হবে। চন্দননগরে এতাবৎকাল কোন লাইট ট্যাক্স, ওয়াটার ট্যাক্স প্রভৃতি ছিল না কর্পোরেশন নাম দিয়ে যখন মিউনিসিপ্যাল এ্যাক্ট চালু হবে তখন জনসাধারণের মনে এ সন্দেহ হওয়া স্বাভাবিক যে ফ্রান্স গভর্ণমেণ্টের অধীনে থাকাকালীন আমাদের এই সমস্ত ট্যাক্স লাগেনি সুতরাং এই সমস্ত নূতন ট্যাক্স ভার যাতে সেখানকার লোকের উপর না পরে সেটা সরকারের বিবেচনা করা উচিত। অন্ততঃ কিছুদিনের জন্য—পশ্চিমবাংলা সরকারের এটা চিন্তা করা উচিত যে সেখানকার লোকেরা যেন না ভাবে যে ভারতভুক্তির জন্যই তাদের উপর এই রকম করভার চেপেছে। এবং তারা যেন সব সময় মনে করে যে ভারতের সঙ্গে এক হওয়ায় তাদের কোন অকল্যাণ হয়নি বরং কল্যাণকর হয়েছে। এ সম্বন্ধে যদি পশ্চিমবঙ্গ সরকার একটা সুদৃষ্টান্ত স্থাপন করেন এইখানে তাহলে আমার মনে হয় ভারতবর্ষে আর যে সমস্ত ফরেন পকেট আছে তারা ভারতের সঙ্গে এক হবার জন্য প্রলুব্ধ হবে এবং উৎসাহিত হবে। আর তা যদি না করা হয় তাহলে অন্যান্য স্থলেও এর প্রতিক্রিয়া দেখা দেবে। সেজন্য আমি মনে করি যারা সেখানে সরকারী কর্ম্মচারী ও শিক্ষক ছিলেন তাদের সকলকেই পশ্চিমবঙ্গের সরকারী সারভিস হোল্ডার বলে লিপিবদ্ধ করা হোক এবং পেন্সন প্রভৃতি যে সমস্ত সুবিধা তারা পেয়ে থাকে তার ব্যবস্থা করা হোক। এসব করা হলে ভাল হবে এবং পুরাণো রাইট যা তাদের ছিল যে সমস্ত সুখ-সুবিধা ভোগ করছিল সেগুলি ভারতভুক্তির ফলে যাতে ব্যাহত না হয় সেদিকে লক্ষ্য রেখে এই আইন করতে হবে। তাহলে চন্দননগরবাসীদের আর বিরোধিতা করবার বা বিক্ষোভের আর কোন কারণ থাকবে না। এবং মাননীয় স্পীকার মহাশয় এই বিধান সভায় তাদের যে অভাব-অভিযোগ জানিয়েছে এবং যে পাব্লিক পিটিশন আবেদন সদস্যদের কাছে এখানে বিলি করা হয়েছে সেই অনুসারে যেন স্বায়ত্ত্বশাসন মন্ত্রীমহাশয় সেইভাবে এ্যামেণ্ডমেণ্ট-এর দ্বারা আইনটাকে পরিবর্তন করে সকলের গ্রহণযোগ্য করে তোলেন। এটা এমন কিছু নয়। সাধারণতঃ মাননীয় মন্ত্রীমহাশয়রা বলে থাকেন আগামীবারে এটা করবেন কিন্তু আমি মনে করি কোন গোলমাল যাতে না হয় এবং সব দিকে মর্য্যাদা বজায় থাকে সেদিকে লক্ষ্য করে কাজ করুন এটাই আমার বক্তব্য।

**Sj. Sankar Prasad Mitra:** Mr. Speaker, Sir, I have listened to the criticisms of the Bill by our friends opposite. The impression sought to be created is that in this measure the Government of West Bengal have given a go-by to the promises of autonomy made to the people of Chandernagore by the Government of India and have utterly disregarded the recommendations of the Jha Commission in respect of the duties and powers of the Municipal Corporation of Chandernagore. As this kind of criticism is likely to have serious and far-reaching repercussions not only on the people of Chandernagore but also on the peoples of foreign pockets all over India, it is necessary to examine what were the promises made and how far those promises have been implemented. The Jha Commission, it is well-known, was appointed by the Central Government in the exercise of powers conferred upon it by section 3 of the Commission of Enquiry Act, 1952, to enquire into and ascertain the wishes of the citizens of Chandernagore in regard to its future administration. The Commission appointed by the Government of India made its report to that Government. The Government of India in its Ministry of External Affairs have arrived at certain basic decisions on the recommendations of the Jha Commission.

The decisions of the Central Government, I take it, are known to the honourable members of the House. These decisions of the Government of India were arrived at in the context of promises made and assurances given by the Union Government to the people of Chandernagore. The nature of the promise or assurance is contained in a Press statement issued by the Government of India on the 8th February, 1951, in which it was stated as follows: "The Government of India are also considering changes in the administrative set-up in order to make it conform more closely to the Indian practices and at the same time extend as full a measure of autonomy to Chandernagore as possible".—I repeat "as full a measure of autonomy to Chandernagore as possible". So far as the Municipal Corporation is concerned, the decisions of the Government of India are as follows: Firstly, Chandernagore should have a Municipal Corporation. The legislative measures for this purpose will be considered by the State Government. Secondly, primary education will be free and facilities will also be given for the teaching of French and Hindi. Thirdly, secondary schools maintained by the French administration will be managed and maintained by the State Government. Fourthly, the maintenance of the Poor Fund will be a charge on the revenue of the Corporation. Fifthly, arrangements will be made for a detailed study on the spot of Chandernagore's budget, *inter alia*, under local items to be administered by the Corporation. Sixthly, the Corporation will have its own finances raised by taxes. Seventhly, expenditure on the usual State services, as for example, General Administration, Education, Medical and Public Health measures and such other branches of administration will be the responsibility of the State Government.

[10-40—10-50 a.m.]

Mr. Speaker, Sir, a close examination of the different provisions of this Bill reveals that as far as possible each and every decision of the Government of India has been sought to be given effect to. Indeed, Sir, this Bill has in some respects gone beyond the recommendations of the Union Government in granting still fuller measure of autonomy to the citizens of Chandernagore. As for example, the Union Government desired that secondary schools should be maintained by the State Government; whereas this Bill expressly stipulates that the Corporation shall maintain schools imparting not only primary but secondary education as well. I asked the Hon'ble Minister-in-charge of this Bill as well as the Chief Minister as to why this deviation was necessary. I was told that representations were made to them on behalf of the citizens of Chandernagore that secondary education should be under the control of the proposed Corporation. I was also told, Sir, that the Hon'ble the Prime Minister of India had stated in Parliament in September, 1954, that the proposed Municipal Corporation of Chandernagore would be vested with wide powers exercising control over primary and secondary education.

Then, Sir, the Jha Commission has recommended that the conditions of service of the existing employees including college teachers should be maintained, but future entrants should be governed by the rules in force in the State of West Bengal. The Jha Commission has further recommended that the employees should be asked to declare in writing whether they elect to continue under the existing conditions or conform to conditions of service that are prevalent under the Government of West Bengal. I find, Sir, in clause 13, sub-clause (3) of Schedule I to this Bill, this recommendation of the Commission has been incorporated in toto.

The Jha Commission recommended further as follows:—"That the maintenance of the Poor Fund should be a charge on the revenues of the

Corporation.* As the city used in the past to receive all the proceeds from the entertainment tax (amounting in 1951 to Rs. 88,000), it may have to be considered to what extent the West Bengal Government will remit to the Corporation the revenues derived from entertainment tax." Sir, provisions for the maintenance of the Poor Fund have been made in clause 21 of Schedule I to this Bill. The State Government has also indicated that it shall pay annually to the Corporation for the maintenance of this Poor Fund a minimum sum of Rs. 25,000.

Moreover, Sir, I was told yesterday by the Leader of the House that some doctors with French degrees had made representations that they were experiencing difficulties to be registered as medical practitioners. The Government of West Bengal has already started negotiations with the Bengal Medical Council for removal of this difficulty and it is hoped that this difficulty will soon cease to exist.

It is impossible to appreciate in these circumstances, Sir, in what respect and in what manner in the matter of granting as large a measure of autonomy as possible to the people of Chandernagore this Bill has failed to fulfil the pledges given or the promises made by the Government of India. Minor alterations may be necessary to meet specific points, but it seems the manner in which Opposition criticisms have been advanced is wholly unjustifiable.

With these words I support the motion of the Hon'ble Iswar Das Jalan.

**Sj. Ganesh Ghosh:**

আমি অল্প দু-একটি পয়েণ্ট-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করব। মিউনিসিপ্যাল বিল, কর্পোরেশন বিল এসেছে। চন্দননগর কর্পোরেশন বিল এসেছে। কিন্তু শ্রীযুত জে, সি, গুপ্ত যা বল্লেন তাই যদি উদ্দেশ্য হয় তাহলে সেটা খুবই দুঃখের কথা। চন্দননগর-এর একটা বিশেষ ইতিহাস আছে যার জন্য কতকগুলি বিশেষ সুবিধা ছিল। আমরা পশ্চিম বাংলার সহিত চন্দননগরের পরিপূর্ণ মার্জার নিশ্চয়ই চাই। কিন্তু যেসব সুযোগ সুবিধা চন্দননগরের লোকেরা এতদিন পেয়ে এসেছে সেগুলি কেন কেড়ে নেওয়া হবে এটা বুঝি না। ঐতিহাসিক কারণে সেখানকার লোকেরা যদি আমাদের চেয়ে বেশী সুযোগ সুবিধা কিছু পেয়ে থাকে তাহলে সেগুলি কেড়ে নিয়ে তাদের আমাদের পর্য্যায় না এনে বরং আমাদের তাদের পর্য্যায়ে উঠাবার চেষ্টা করাটাই সংগত হত। তা না করে শ্রী জে, সি, গুপ্ত বলেছেন যে বাংলার যে মিউনিসিপ্যাল আইন আছে তাই চন্দননগরে প্রযুক্ত হোক। এটা প্রযুক্ত হলে বিশেষ সুবিধাগুলি থাকে না। ছোট ছোট সুবিধাগুলি থাকলে কিছুই আমাদের যায় আসে না। কৃষ্টির কথা বলা হয়েছে তাতে অসুবিধা কি আছে। তারা তো বাঙ্গালী, যদি ফরাসী ভাষা শিখে থাকেন তাতে তারা ফরাসী হয়ে যাবেন না, খাঁটি বাঙ্গালীই থাকবেন। কৃষ্টির উপর এখানে জোর দেওয়ার কোন অর্থ হয় না। সেখানকার শিক্ষা সম্বন্ধে ঝা কমিশন-এর রিপোর্ট-এ বলা হয়েছে যে ৫ লক্ষের বেশী টাকা সেখানে শিক্ষার বাবদ খরচ করা হ'ত। আজকে যে এই টাকাটা ব্যয় হবে, যে পরিমাণ শিক্ষার সুযোগ দেওয়া হবে একথা জালান সাহেব কোন জায়গায় বলেন নি, বা দরকার হলে এর চেয়েও বেশী টাকা খরচ করা হবে তারও উল্লেখ নেই। এবারকার বাজেটে ৩ লক্ষ টাকা মাত্র স্যাংশান করা হয়েছে। কিন্তু তারা যা খরচ করত তা যদি কমে যায় তাহলে শিক্ষা সংকুচিত হয়ে পড়বে। তাই জালান সাহেবের কাছে আবেদন করব যে টাকাটা তারা এযাবৎ খরচ করে আসছে সেটা যেন কমিয়ে দেওয়া না হয়। ঝা কমিশন-এর রিপোর্ট-এ আরও বলা আছে যে প্রাইমারী এডুকেশন যেন ফ্রী হয়। এই বিলের মধ্যে সে কথাটা যদি থাকত তাহলে বরং আমরা সুখী হ'তাম।

[10-50—11 a.m.]

যদি কোন জায়গায় লেখা থাকতো যে প্রাইমারী শিক্ষা সম্পর্কে যে যে সুযোগ সুবিধার ব্যবস্থা ছিল তা থাকবে তাহলে আমরা আনন্দিত হতাম। আর একটা ছোট সুবিধার কথা বলছি। চন্দনগরের শিক্ষকদের ছেলেপেলে হলে তারা একটা স্পেশাল এলাউন্স ছয় টাকা করে পেত যতদিন বেঁচে থাকতো এবং যতদিন নূতন সেট-আপ কিছু না আসতো এ সুবিধা তাদের দেওয়া হ'ত। মাননীয় শঙ্কর বাবু সিডিউল-এর ১৩নং ধারার ৩নং উপধারা দেখিয়ে বল্লেন সব সুযোগ সুবিধা দেওয়া রয়েছে, যেমন চাকরীর সুবিধা দেওয়া হবে। কিন্তু এই স্পেশাল

এলাউন্স দেওয়া হবে কিনা তার কোন উল্লেখ নেই। এটা যদি জালান সাহেব একটা ৪নং উপধারা করে লিখে দেন যে শিক্ষকরা যে সুবিধা পেতো তা পাবে, যা ছিল তাই থাকবে, নিয়ে নেওয়া হবে না, তার জন্য আমি আবেদন করছি। তারপর এর সঙ্গে যদি বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট-এর তুলনা করে দেখি তাহলে দেখবো যে এই বিলের ভিতর ছোট ছোট ত্রুটি বিচ্যুতি রয়েছে অবশ্য সেটা অভিজ্ঞতার ভিতর দিয়ে দূর হয়ে যাবে। এই জন্য আমি এই বিলকে অবিলম্বে পাশ করিয়ে দিতে বলছি এবং বিল যাতে অবিলম্বে চন্দননগরে প্রযুক্ত হয় তার চেষ্টা আপনারা করবেন। গভর্ণমেণ্ট অন্যান্য বিলের বেলায় যা করেন যেমন ডাক্তার রায় বল্‌লেন যে ১০ বৎসর লাগবে সারা বাংলাদেশে প্রাইমারী শিক্ষা কম্পালসারী করতে, সেরকম এখানে করবেন না। চন্দননগরের প্রতিনিধিরা এখানে আসুক দিল্লীতে যাক্‌ তাঁরা তাদের কথা বলুক। তাঁদের কথা বলার কোন রকম বাধা সৃষ্টি যাতে না হয় সেজন্য এই বিল দেরী না করে পাশ করান উচিত। এবং জালান সাহেবকে অনুরোধ করবো যে, যে যে পয়েণ্ট-এর কথা বললাম তা যদি তিনি গ্রহণ করেন তাহলে আনন্দিত হব।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Before Mr. Jalan speaks I may mention that one of the recommendations of the Jha Commission was that primary education should be free and that will be given effect to in that area. So far as secondary education is concerned, my friend Mr. Gupta has already said that if the institutions within the Corporation conform to the rules and regulations under which aid is given to the secondary schools in West Bengal, all the deficits of the secondary schools will be met by the State Government. That is the undertaking that the Government has given to every school that gets aid from the Government. Thirdly, with regard to six rupees or five rupees, I do not know the details of them, I will enquire into them, and if there is any particular convenience or amenities which a particular person was getting, we shall certainly look into that matter. That has not been put before us. The only thing that I want to clear up is that the previous Corporation is not the same as the new Corporation. The Government of India decided to separate the functions of the Corporation as it existed in Chandernagore before the merger, namely, separate the administrative functions from the municipal functions, and today you are considering the municipal functions only and not the administrative functions.

**The Hon'ble Iswar Das Jalan:** Sir, a good deal of criticism has been levelled by the members on the Opposition that we have not carried out the promises made to the people of Chandernagore by the Government from time to time. I wish to restate with all the emphasis that I can command that we have tried our utmost to carry out every promise or commitment which has been definitely made either by the Central Government or by the Government of West Bengal. If in course of our consideration in detail of the Bill which is before the House it is found that there has been any lacuna, we shall try to rectify the same while we shall discuss the Bill clause by clause. The history of Chandernagore is well-known to the members of the House. It was a French settlement, a foreign possession which under certain terms went to the Government of India, and the Government of India later on decided that it should merge in West Bengal. Formerly, Chandernagore was so to say a city State in which the Government functions and municipal functions were not clearly demarcated. Now, you know that according to the decisions which have been arrived at the two functions are being demarcated and everything which relates to the Government of Chandernagore cannot be incorporated in a Bill which deals with the Municipal Corporation. This Bill is a limited Bill which deals with the municipal Corporation, its affairs, its powers and functions. As a matter of fact, before we had drafted the Bill I had two or three conferences with a deputation of the All-Parties Conference of Chandernagore, and I think I had discussed with them for more than ten hours on each and every section of this Bill, and whatever was possible to be

accepted by the Government has been accepted in this Bill and incorporated here. To me it appears that there is a good deal of misgivings in this matter which has led to a discussion of this nature which I believe is not conducive to the welfare of our State, i.e., to charge the Government with breach of faith in this matter is a very serious charge, and I emphatically repudiate that charge.

So far as I know there are two points over which there has been a certain amount of misgiving. The first is with regard to the security of service of the teachers employed in these schools. If you refer to clause 13 of our Bill you will find that the terms and conditions of service which they had been enjoying at the date when the Bill was passed are retained and an option has been given to them to accept other conditions. Therefore, so far as terms and conditions of service are concerned, there ought to be no misgivings about them; they have been safeguarded, amply safeguarded.

So far as the question of Poor Fund was concerned, the deputation did raise a question that the Poor Fund should be statutorily safeguarded. As there is no such instance of Poor Fund in any other municipality within the State, naturally we thought that that was a proper demand and ought to be conceded. We found out that the average expenditure on Poor Fund within the last several years has not exceeded the sum of Rs. 25,000. We have, therefore, provided in this Bill that the Government will pay the minimum amount of Rs. 25,000. It has the option to pay more if it so desires, but it will pay Rs. 25,000, and there has been an additional consideration that the entertainment tax used to be paid to this Poor Fund which according to the present policy of the Government of West Bengal we cannot earmark a particular tax for a particular objective. Therefore, we have incorporated in this Bill a statutory liability so far as Poor Fund is concerned.

The next question which seems to agitate the mind of the people of Chandernagore is with regard to the expenses that they might have to meet in order to carry out their obligations for primary and secondary education.

[11—11-10 a.m.]

The question is not that the deficit will not be met. As stated by the Hon'ble Chief Minister in this House the primary education is going to be free. Naturally, that becomes an obligation of the State Government so far as finance is concerned. So far as secondary education is concerned, he has made it quite clear that if they conform to the standards of the Government school, the deficit is paid by the Government. The only question is as to whether any statutory provision can be made making it obligatory on the Government to pay a certain sum of money. We gave our best attention to that point as to whether any statutory provision can be made or not. We came to the conclusion that it will not be possible to do so. The management, control and everything, so far as these schools are concerned, vest in the Municipal Corporation. They may engage the staff which they consider necessary; they may run it as they think best. If the management is done by the Municipal Corporation, naturally by statute the burden of expense cannot be laid on the shoulders of the Government to pay a particular sum of money whatsoever it is, nor can a vague provision be made that we shall pay whatever expenses are incurred. The difficulty arises there. Therefore, there is no question of difference in substance. The substance is that, so far as education is concerned, who will pay the deficit? So far as that point is concerned, we have made it clear. The only difference is whether statutorily it can be fixed. I say that it cannot be statutorily fixed. Firstly because, the control is not in

"অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ, স্যার", আমাদের এই বাজেট সেসন ৩৭ সাল থেকে দেখছি যে এখন ঠিক আগের প্রথামত সেসন হচ্ছে না, ভিন্ন হয়ে যাচ্ছে। ১৯৩৭ সাল থেকে আমি এখানে সদস্য আছি,

বাজেটের সময় একটা পদ্ধতি আমরা অনুসরণ করে চলি, সেটা আমাদের একটা প্রিভিলেজ সেটি এখন নষ্ট হতে চলেছে। দেখুন আমি বলে যাচ্ছি—

| Budget submitted. | Date of next meeting. | Date of general discussion. |
|---|---|---|
| 29-7-1937 | 2-8-1937 | 2-8-1937 |
| 17-2-1938 | 21-2-1938 | 21-2-1938 |
| 15-2-1939 | 20-2-1939 | 20-2-1939 |
| 15-2-1940 | 16-2-1940 | 21-2-1940 |
| 15-2-1941 | 25-2-1941 | 25-2-1941 |
| 16-2-1942 | 18-2-1942 | 20-2-1942 |
| 16-2-1943 | 17-2, 18-2, 19-2, 20-2-1943 | 20-2-1943 |
| 18-2-1944 | 24-2-1944 | 24-2-1944 |
| 16-2-1945 | 20-2-1945 | 20-2-1945 |
| 24-7-1946 | 25-7, 26-2, 27-2, 30-7-1946 | 30-7-1946 |
| 17-2-1947 | 18-2, 24-2, 25-2-1947 | 25-2-1947 |
| 17-2-1948 | 18-2, 19-2, 20-2-1948 | 20 2-1948 |
| 24-2-1949 | 28-2-1949 | 28-2 1949 |
| 16-2-1950 | 21-2, 22-2-1950 | 22-2-1950 |
| 14-2-1951 | 20-2, 21-2, 22-2, 27-2-1951 | 27-2-1951 |
| 27-6-1952 | 1-7, 2-7, 3-7, 4-7, 5-7, 7-7, 8-7, 9-7, 10-7, 11-7-1952. | 11-7-1952 |
| 16-2-1953 | 17-2, 18-2, 19-2, 23-2-1953 | 23 2-1953 |
| 17-2-1954 | 18-2, 19-2, 20-2, 22-2, 23-2, 24-2-1954 | 24-2-1954 |

আমার বক্তব্য এই যে, বাজেট খুব ইম্পর্টেন্ট জিনিষ। বাজেটের সময় কোন বিল আসে না। কনভেনশন নেই। ডাক্তার বিধান চন্দ্র রায়ের আমলেই এটা দেখছি। তাতে হচ্ছে কি আমরা বাজেটও পড়তে পারছি না বিলও পড়তে পারছি না। কোন বিল বিশেষ করে এ্যামেন্ডিং বিল বাজেট সেসনএ আসাটা অত্যন্ত অন্যায়। আর একটা জিনিষ বাজেট সেসনে শনিবারের দিন বাজেট ছাড়া আর কিছু কাজ আমরা কোন দিন করতাম না, আমাদের সহযোগিতা নিয়েই গভর্ণমেণ্টকে কাজ করতে হবে। এইটে স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি কাষ্টোডিয়ান অব দি প্রিভিলেজেস অব দি হাউস, আপনার কাছে নিবেদন করছি এখানে যা করেছেন করেছেন, আপনি একটু অনুগ্রহ করে দেখবেন এটা যেন কনভেনশন হয়ে না দাঁড়ায়। আপনি জানেন যে আমি একটু পড়াশুনা করে ডিবেটএ পার্ট নিই। আমি পড়াশুনা করতে পারছি না। বাজেট সেসনে এত বিল আসার কোন মানে হয় না। আমরা বিল পড়বো না বাজেট পড়বো। আমাদের মূল্যবান অধিকার নষ্ট হচ্ছে। সেই জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Speaker:** Mr. Chatterjee, I have noted all the dates that you have given since 1941, but I find that up to 1946, i.e., from 1941 to 1946—I find from the dates given by you—the intervening period between the presentation of the Budget and the Budget discussion has never exceeded between three and five days.

**Sj. Haripada Chatterjee:**

পূর্বে আমরা ছুটী পেতাম সেইজন্য আমরা বাজেট পড়তে পারতাম কিন্তু এখন বিল পড়বো না বাজেট পড়বো। এখন বাজেট পেশ করে ত ছুটি দেওয়া হচ্ছে না জেনারেল ডিসকাসানের মাঝে বিল দেওয়া হচ্ছে।

**Mr. Speaker:** Three to five days—two, three, four, five days maximum whereas since 1947 there has been more intervening period, and thereafter came other Bills too. The question is here I find that the Budget is presented

on the 15th, and we are going to have discussion started on the 28th. Therefore 13 days are intervening. Already you have got two days' holidays. Then there is again a Sunday. What I see from the figures given by you is that they speak very much against you, i.e., the intervening days between the presentation of the Budget and the Budget discussion have been only two, three, four days previously, and here the intervening period is 13 days

**Sj. Haripada Chatterjee:**

বিল কেন আসবে বাজেট সেসনে। লম্বা ইণ্টারভেল দিয়ে আমাদের লাভ হচ্ছে কি? ইণ্টারভেল-এর মধ্যে ত বিল আসছে। বাজেট পড়ার ত ছুটি পাচ্ছি নে। আগে দেখুন বরাবর ছুটি পেয়েছি। এক ১৯৪৩ সালে যখন খাদ্য পরিস্থিতি চরম তখন আমাদেরই কথামত ফুড ডিবেট তিন দিন ধরে হয়েছিল। এ ছাড়া দেখুন বরাবর আমরা ছুটি পেয়ে এসেছি। ঐ ছুটিতে বাজেট পড়েছি। এখন ত আমাদের বিল পড়তে বাধ্য করা হচ্ছে। বাজেট পড়তে দেওয়া হচ্ছে না। লম্বা ইণ্টারভেলএ কি করবে?

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Sir, the position is that we are really in a very great difficulty. Going through the proceedings of the House we have noticed that there was the practice of presenting the Budget on one day and after a gap of certain days discussion on the Budget was held. The idea behind this practice was to give the members time to go through the Budget papers, and also to make necessary enquiries, or to visit certain places and then formulate their grievances before the House. That is why, Sir, the dates all through were so arranged as to give sufficient time between the presentation of the Budget and the discussion of the Budget. But to what objection is now taken is this: In the time intervening we have to go through rather rush through many bills,—we have to attend here from 3 p.m. to 7 p.m.—we have to prepare ourselves to have discussion on the amending Bills, and as a result we do not find any time to do justice to the Budget that has been presented to us. So, Sir, what he was suggesting was that there was time given to the members previously, but since two or three years no such time is given to the Opposition, and by that, Sir, a valuable right is being taken away from them. As a matter of privilege we want some time to read the Budget, to make necessary enquiries, and to visit the places mentioned in the Budget, if necessary.

**Mr. Speaker:** I can just tell you that about fixing the programme from the next session, this matter will receive due consideration. This time you have already got two days' holidays. There is another again before the general discussion of the Budget begins, and supposing we make sufficient progress, we may not meet on Saturday. So four days you are getting.

**Sj. Bankim Mukherji:** Sir, let us hear from the Leader of the House how he is going to take all these suggestions. Sir, to say this that we have got much intervening period does not really matter, because unless we have got all the business finished and cleared, and unless we get three or four days' time so that we can pay our attention undivided to the Budget, it becomes useless. Moreover, Sir, it is not also necessary to go by the precedent of 1941 or 1942 and so on. At present we are in a different atmosphere, and from that point of view also it should be taken into consideration that between the presentation of the Budget and consideration of it there must be some time given to the members to make a thorough study of it. Moreover, they are to go through these Bills, and in that case simply getting one Sunday or a *Sivaratri* day—that sort of holidays do not help them in any way.

**Mr. Speaker:** As I have already said, we shall give due consideration to the observations that have been made during the next session.

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Give us some time particularly this year, at least two days' time. The Opposition, I must say, Sir, is being stifled in this way. Why there should be Bills in the Budget session?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** There are so many small Bills ——.

**Sj. Haripada Chatterjee:**

আমাদের কথা হচেছ, বাজেট সেসনে বিশেষ করে এ্যামেণ্ডিং বিল একেবারে আসা উচিত নয়। সেটা আপনি কাষ্টডিয়ান অব দি রাইটস অব দি হাউস, আপনাকে বলছি।

**Mr. Speaker:** That is a matter of policy in which the Speaker cannot help. That is a matter for the Government to consider.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, so far as this session is concerned, there are many small Bills and in every Bill I find the first motion is for circulation to elicit public opinion. Sir, this reminds me of my friend Sj. Rakhahari Chatterjee—he is not here—who is always very fond of giving stories, but I can give him one story. There was one old Mr. Jackson who was a very prominent Barrister in the High Court and his usual method of cross-examinations was "say, yes or no; I shan't have any other answer". One day he asked a witness "What is your age? Say yes or no; I shan't have any other answer" The witness said to the Court "what answer to give, Sir? He said 'what is your age'?" How can I give, Sir, when he insists "say yes or no"? Similarly, Sir, here gentlemen who give notice of amendments know probably that these are not really meant for circulation to elicit public opinion about this, because after a little while discussions takes place. Sir, I am perfectly sure that you will get two Saturdays free for reading the papers.

**Sj. Bankim Mukherji:** Sir, this may be an interesting story from the Leader of the House but no reply to the points raised, particularly objection for giving motion for circulation is meaningless, because you know, Sir, as the Speaker of the House, that unless a member gives notice of such a circulation motion, there is no chance of his speaking on the first reading of the Bill.

**Mr. Speaker:** No; during the first reading everybody can speak.

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:**

আটাশ তারিখের আগে দুইটি শনিবার কি করে হল, স্যার?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I may say that the number of days you get very much depends upon you, because what I have seen is that every member wants to speak on every amendment and then there is voting on every amendment, naturally it takes time. Ultimately the issue is there.

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Let us have two Saturdays at least

**Mr. Speaker:** It depends upon the Opposition. You may get two Saturdays.

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** How can two Saturdays be available before 28th?

**Mr. Speaker:** If you can finish this business earlier, you can get more time.

**Sj. Bankim Mukherji:** You conceded that time is necessary, and even in this House you said that we would get two days, preferably two Saturdays. Now there is only one Saturday left during the intervening period. So let us have those two days.

**Mr. Speaker:** Let us see.

**Sj. Bankim Mukherji:** Even now you want to make charity at our cost. You have said if we finish the business, then perhaps we can get the intervening Saturdays. If the Opposition takes upon itself to keep quiet, not to open mouth——.

**Mr. Speaker:** I never said that. You are repeating the same thing over and over again. That argument does not hold good.

[5-45—5-55 p.m.]

**Sj. Bankim Mukherji**: Sir, it is not for the Opposition to arrange the programme; it is for the Leader of the House to do it.

**Mr. Speaker:** The Budget session programme is arranged in consultation with the Opposition.

**Sj. Bankim Mukherji:** Not in consultation with us.

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Not in consultation with us.

Sir, Bills should not come in the Budget session.

## COVERNMENT BILL.

### The Chandernagore (Assimilatation of Laws) Bill, 1955.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to introduce the Chandernagore (Assimilation of Laws) Bill, 1955.

(Secretary then read the short title of the Bill.)

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the Chandernagore (Assimilation of Laws) Bill, 1955, be taken into consideration.

Sir, on the 2nd October, 1954, Chandernagore was merged with the State of West Bengal. In consequence the Central Government passed the Chandernagore (Merger) Act, 1954, and by section 17 of that Act extended to Chandernagore all the laws passed by the Central Legislature and in force in West Bengal before the merger, namely, the laws relating to the matters enumerated in the Union List I and the Concurrent List III. Likewise the State Government also passed an Ordinance extending to Chandernagore the laws relating to the matters in List II (State list) except the Bengal Municipal Act. One of the provisions in the Central Act is that in case of any difficulty in relation to the transition the Central Government will have the power to pass suitable orders to remove the difficulty. Here a like provision in the State Ordinance. In the Central Act a period of three years has been prescribed for exercising that power. In the State Ordinance however a period of only one year has been prescribed for the exercise of such power. There should be uniformity with regard to the legislations. Therefore, in the present Bill we have provided that the power to remove any difficulty which may arise may be exercised for a period of three years, so that this Bill is in consonance with the Central Act.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the Chandernagore (Assimilation of Laws) Bill, 1955, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1 to 7.*

The question that clauses 1 to 7 do stand part of the Bill was then put and agreed to.

*Preamble.*

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the Chandernagore (Assimilation of Laws) Bill, 1955, as settled in the Assembly, be passed.

**Sj. Canesh Chosh:**

মি: স্পীকার, স্যার, চন্দননগরে বাংলাদেশের সমস্ত আইন প্রযোজ্য হচ্ছে, কিন্তু মাঝে মাঝে কতকগুলি ডিফিকালটিজ, কতগুলি অসুবিধা দেখা যাচ্ছে। বিশেষ করে কিছুদিন আগে লাইসেন্স নিয়ে,—ইলেকট্রিক্যাল বিজিনেস সেখানে যাঁরা করেন তাদের সেই লাইসেন্সএর ব্যাপার নিয়ে অনেক অসুবিধা দেখা গিয়েছিল। চন্দননগরের কতকগুলি সিষ্টেম আছে, সেই অনুসারে সেখানকার লোকে ব্যবসা বাণিজ্য করে থাকেন। ইলেকট্রিক্যাল অর্থাৎ বিদ্যুৎ বিষয়ে যারা ব্যবসা করেন এবং সেখানে তারজন্য তাদের যে লাইসেন্স দেওয়া হ'ত, বাংলা দেশের আইন যখন সেখানে প্রযোজ্য হল তখন তাদের সেই ব্যবসা বাণিজ্য চালান বন্ধ হয়ে গেল। বাংলা দেশের আইনগুলি সেখানে চালু হবার আগে থেকে যদি তাদের ব্যবসা বাণিজ্য প্রভৃতির সেফগার্ডের ব্যবস্থা করা না হয়, তাহলে ওখানকার অধিবাসীদের সামাজিক জীবনের মধ্যে একটা বিপর্যয় আসবে। এই সম্পর্কে আমি জানতে চাই সত্যেন বাবুর কাছে তিনি এই সমস্ত ব্যাপারে কি ব্যবস্থা করেছেন? আমাদের আইন এখান থেকে সেখানে গেলে পর এবং সেই আইন সেখানে নট-এ্যাপ্লিকেব্‌ল্‌ হলে যা যা অসুবিধা দেখা দেবে, তা দূর করবার জন্য তিনি কি ব্যবস্থা অবলম্বন করছেন? শুধু ইলেকট্রিক্যালএর ব্যাপারে নয় এ ছাড়া আরও অনেকগুলি ব্যাপার আছে, যা ডা: বিধান চন্দ্র রায়কে জানান হয়েছে এর ব্যবস্থার জন্য, কিন্তু তার প্রতিকারের কোন ব্যবস্থা এখনও পর্যান্ত হয় নাই। সে দিন পর্যান্ত আমি খবর পেয়েছি এখনও সেখানে সেই সমস্ত অসুবিধা চলেছে।

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, that is provided in clause 6 of the Bill which states: "If any difficulty arises in relation to the transition from any corresponding law to any law which, by virtue of section 3, shall, as from the appointed day, extend to, or come into force in, Chandernagore, the State Government may, by order notified in the *Official Gazette*, make such provisions as appear to it to be necessary or expedient for removing the difficulty." If there is any difficulty in implementing the Act, the attention of the Government may be drawn and any real difficulty will be removed.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the Chandernagore (Assimilation of Laws) Bill, 1955, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## The West Bengal Alienation of Land (Temporary Provisions) (Amendment) Bill, 1955.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to introduce the West Bengal Alienation of Land (Temporary Provisions) (Amendment) Bill, 1955.

(Secretary then read the short title of the Bill.)

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the West Bengal Alienation of Land (Temporary Provisions) (Amendment) Bill, 1955, be taken into consideration.

Sir, the Act was passed at the last session of the Legislature. Section 4 of the Act, provided that applications for restorotion of land shauld have been made by the 31st December, 1954, by the transferor. There was some delay in obtaining the assent of the President. Such assent was actually obtained in November last. Therefore an ordinance was promulgated extending the time for making applications by the transferor; time was accordingly extended up to the 14th February, 1955, giving the applicant nearly three months' time to apply. Provision has also been made to enable applications to be transferred from one officer to another for disposal, because a large number of applications have been filed in some areas and it is essential that they should be disposed of as expeditiously as possible.

**Sj. Tarapada Bandopadhyay:** Sir, I beg to move that the Chanuernagore (Assimilation of Laws) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1955.

**Sj. Gangapada Kuar:** Sir, I beg to move that the Chandernagore (Assimilation of Laws) Bill, 1955 be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1955.

**Sj. Tarapada Bandopadhyay:** Mr. Speaker, Sir, although our Chief Minister does not like such motions, still we have to table them from time to time for obvious reasons. The Chief Minister perhaps thinks that these are in the nature of delaying tactics but that is not so. We give such motions for raising a discussion about the Bill that is presented before this Legislature. Although such motions are not given, still we may raise the discussion. So the Chief Minister has nothing to gain whether such motions are tabled or not. The result will be the same.

Now, my idea behind this motion is that the agony, torture and tyranny that this mischievous original Act is capable of inflicting should not be prolonged by extending the limitation period for filing applications under this Act from the 31st December, 1954, to the 14th February, 1955. Now, Sir, I must say that this Act was a one-sided Act only. It only thought about the difficulties of the vendor but it never thought of the difficulties of the purchaser. According to this Act, it is always to be presumed that the vendor was as innocent as a dove and that he was in a peculiarly disadvantageous position. He was poor and the purchaser was always a man of very great substance and a solvent man, and it was presumed that in almost all cases the purchaser had cheated the vendor. But that is not so. More often than not the reverse is the case. In many cases we see that a man who had 50 *bighas* of land sold only one *bigha*, but the man who purchased that one *bigha* had only made that one purchase in his life and he had no other property save and except that one *bigha*.

[5-55—6-5 p.m.]

In many cases, Sir, a widow, by disposing of all her ornaments and all her properties that might have been in another place, purchased, in order to make provision for her life, one *bigha* or two *bighas* of land, but now that land goes, according to the unbounded grace of Shri Basu's law.

**Mr. Speaker:** We are not discussing the main law.

**Sj. Tarapada Bandopadhyay:** There is no reason for prolonging the time for petition—for increasing the period of limitation. I am showing that there are no reasons. As I was saying, she is losing everything although she is, in this particular case, harder hit than the vendor. Now, the Bill proposes that only in regard to sales made in places where there was prevailing economic distress this law should apply, but in the matter of practical application, it will apply to the whole of Bengal, irrespective of any consideration whether in any particular locality there was economic distress or not.

Now, Sir, the tremendous cruelty of this Bill would be perceived from one fact. Suppose a particular person, at the fag-end of his life, by disposing of all his property or by spending his entire life's savings, purchased a plot of agricultural land on which he has built a *pucca* house to live in by

spending a lot of money. But, according to the grace—the overflowing and boundless grace—and kindness of Shri Basu's Act, the man who sold the land, that is, the agricultural plot of land, would get back that plot of land and he would also get back that house which was with so much difficulty and at so much expense built by the purchaser, and that unfortunate builder or the purchaser would not even get his entire money, that he had to spend for building his house, at one time—that also would be available to him in ten instalments. Whether the Act is applicable to non-agricultural land that also cannot be clearly known—the phraseology used in the Bill in the original Act is hazy. Now, Shri Basu is now in a very much privileged position. He lets loose all sorts of Bills on us and on the people, but he has not the misfortune, as some of us have, to interpret the law in a court and to defend clients from the onslaught and tyranny of laws like this which some of us have got to do. Therefore, this Bill is a very much misconceived Bill. That Act was a cruel Act and the tyranny and agony of that Act should not at all be prolonged. There should come a Bill, properly worded and properly drafted, so that it may look to both sides—it may see the difficulty of both the vendor as well as of the purchaser. Of course, there are some Bills which are sponsored in a vote-catching spirit—it is a Bill like that to make propaganda that—"we are doing so much service to such and such persons". But it is yet to be seen whether at the practical moment—at the time of election—this would be a vote-catching Bill or a vote-scaring Bill. I must say that it will be a vote-scaring Bill.

**Sj. Gangapada Kuar:**

মিঃ স্পীকার, স্যার, গত অধিবেশনে যখন এই আইন সম্পর্কে আলোচনা করেছিলাম তখন পিরিয়ড অব ডিষ্ট্রেস এবং পিরিয়ড অব সাবমিটিং এ্যাপ্লিকেশন এবং এ্যামাউণ্ট ইত্যাদি বাড়িয়ে দেওয়ার কথা এ পক্ষ থেকে বলা হয়েছিল এবং সেই ধরণের সংশোধনী প্রস্তাব আনা হয়েছিল। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, সেই সব সংশোধনী বিরোধী পক্ষের মুখ থেকে এসেছিল বোলে মাননীয় মন্ত্রীমহাশয় সেই সব তখন গ্রহণ করেন নি। আজকে দরখাস্ত পেশ করবার সময় বাড়িয়ে দেবার জন্য এই বিলটা এখানে এসেছে এবং ১৪ই ফেব্রুয়ারী পর্য্যন্ত বাড়িয়ে দেবার কথা বলা হয়েছে। অথচ প্রসিডিংস খুলে দেখতে পাই তখন এই ধরণের প্রস্তাব আমাদের তরফ থেকে পেশ করা হয়েছে কিন্তু সেটা নেওয়া হয় নি। ওঁরা মাঝে মাঝে আমাদের বিরুদ্ধে অভিযোগ করেন যে আমরা অযথা সময় নষ্ট করি, অযথা যুক্তিতর্ক তুলে হাউসের মূল্যবান সময়ের অপচয় ঘটাই। আজকে এই বিলের আলোচনা প্রসঙ্গে আমি বলব যে বিরোধী পক্ষের যে সমস্ত মারাত্মক সমালোচনা থাকে, বা যে সমস্ত সংশোধন গ্রহণ-যোগ্য সেগুলো না নেওয়ার জন্য আজকে এই হাউসের মূল্যবান সময় নষ্ট করছেন। এ ছাড়া আমরা যখন এই বিলটা নিয়ে প্রথম আলোচনা করেছিলাম আমরা তখন বলেছিলাম যে এই ধরণের পিসমিল লেজিস্‌লেশন দ্বারা সমস্যার সমাধান হবে না। আজকে হস্তান্তর জমি ফেরত দেওয়ার যে লেজিসলেশান হয়েছে, কিন্তু দেখতে হবে যে কি কারণে এই হস্তান্তর ঘটে; সেই সমস্ত কারণগুলো যাতে সহজে খুব কম সময়ের মধ্যে খুব এমার্জেন্সী ষ্টেপ নিয়ে দূর করা যায় তা দেখা দরকার। তা নাহলে এই ধরণের পিসমিল লেজিসলেশান দ্বারা সত্যকার মানুষের দুঃখ দূর করা সম্ভব নয়। এই আইন পাশ করার ফলে নানা রকম প্রতিক্রিয়া দেখা দিচ্ছে।

(At this stage red light was lit.)

আর দু মিনিট, স্যার।

**Mr. Speaker:**

অডিন্যান্স শেষ হয়ে গেছে; আইন হচ্ছে। এ সব ডিসকাসনের স্কোপ কোথায়?

**Sj. Gangapada Kuar:**

এই আইনটা প্রথম যখন পেশ হয় তখন আমরা বলেছিলাম যে এটা একদিক দিয়ে একটা মিসচিভাস বিল, কারণ, আসল সমস্যার দিকে দৃষ্টি না দেওয়ার দরুণ তা থেকে নানা রকম জটিলতার সৃষ্টি হবে। এখন দেখা যাচ্ছে যে এই আইন হওয়ার ফলে গরীব লোক যারা জমি কিনেছিল বা যে সমস্ত উদ্বাস্তু জমি কিনেছিল সেই পিরিয়ড অব ডিষ্ট্রেসের মধ্যে তারা আজকের দিনে অত্যন্ত অসুবিধায় পড়বে। এই আইনের সুযোগ নিয়ে অনেকে

তাদের যথেষ্ট দুঃখদুর্দ্দশার মধ্যে ফেলেছে। সুতরাং এমন ধরণের আইন আনা দরকার যাতে সমগ্র লোকের সর্ব্বাঙ্গীন কল্যাণ হ'তে পারে; তা নাহলে এই ধরণের বিলের দ্বারা কৃষককে নানা বিপদের মধ্যে ফেলে দেওয়া হবে এবং এতে যখন তখন কৃষক সমাজের মধ্যেই যে সংঘর্ষ বাধবে তা নয়। এক গরীব কৃষকের সঙ্গে আর একটা গরীব কৃষকের সঙ্গে সংঘর্ষ বাধবে। আজকে এই আইন পাশ হওয়ার দুরুণ আজ অভাবের দিনে সরকারের কাছে পর্য্যাপ্ত ঋণ পাচ্ছে না; বা অন্যভাবে জমি বন্ধক ইত্যাদির দ্বারা যে ঋণ সংগ্রহ করবে, তাও পাচ্ছে না। আমি বলতে চাইছি যে এই ধরণের পিসমিল লেজিসলেসনের দ্বারা কোন স্থায়ী কল্যাণ হবে না।

**Sj. Haripada Chatterjee:**

আমি মাত্র দুটো কথা বলব। একটা বিল এনে দরিদ্র লোকের উপকার করছি এই মনোভাবে খুব আত্মপ্রসাদ লাভ করতে পারেন কিন্তু ভেবে চিন্তে বিলটি আনেন নি। এই বিলে আমি দেখছি যে গরীব লোক বড়লোকের কাছে জমি কিনেও বিপদে পড়েছে।

[6-5—6-15 p.m.]

এই বিল এনে দরিদ্র লোকের উপকার করছি বলে খুব আত্মপ্রসাদ লাভ করবার মত কিছু নাই। আমি যে অঞ্চলে আছি সেখানে কয়েকজন গরীব লোক কি রকম যে বিপদে পড়েছে তা বলা যায় না। সেখানে কয়েকজন বড়লোকের কাছে যাদের হয়ত এজমালিতে ৬০০ শত বিঘা জমি আছে এরকম লোকের কাছে তারা হয়ত জমি কিনল বহু কষ্টে। হয়ত কোন কাজের জন্য, ধরুন বিবাহ, এরকম কোন কিছু কাজের জন্য নগদ টাকার প্রয়োজন বলে বড়লোকেরা জমিটা বিক্রয় করেছিল; এখন সে জমিটা ফিরে পাবার জন্য তারা চেষ্টা করছে, সেখানে গরীব চাষীদের সেই জমিটা ফিরিয়ে দিতে হবে। তাদের দেওয়া টাকা বহু কষ্টে জমান টাকা এখন ইনষ্টলমেণ্টে নিতে হবে। এ রকম লোক অনেকে আমার কাছে এসেছিল। তাদের মোকর্দ্দমা লড়াব ক্ষমতা নেই। এদের সোস্যালিষ্টিক প্যাটার্ণ অব ষ্টেটে এ রকমই হবে, সত্যিকার দরিদ্র জনসাধারণের সঙ্গে এঁরা মেশেন না, যদি মিশতেন তাহলে বুঝতেন কোথায় দরিদ্রের কষ্ট এবং সে অসুবিধা দূর করতেন। এ বিল আনার সময় এইসব ভাল করে দেখা উচিত ছিল। তাড়াতাড়ি করে একটা বিল এনেছেন হয়ত সেটা পাশও করবেন বটে কিন্তু তাহলেই বলা চলে না যে সমাজতান্ত্রিক রাষ্ট্র তৈরী হবে। দরিদ্র চাষীলোক যারা উচ্চ মধ্যবিত্ত শ্রেণীর জমি কিনেছেন তাঁরাও যে কোন কোন ক্ষেত্রে বিপদে পড়েছেন সেইটাই বল্লাম। তাঁরা বহু কষ্টে সঞ্চয় করে এতদিন পরে যে জমি কিনেছিলেন তাও হারাবেন আবার জমি কেনার টাকাটাও এক সঙ্গে ফেরৎ পাবেন না।

**Sj. Mrigendra Bhattacharjya:**

মাননীয় স্পীকার মহাশয়, এই যে আইন হচ্ছে সেটা গরীবরা যাতে জমি ফিরে পেতে পারে তার জন্য। এই আইনের যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হতে চলেছে। কারণ কোর্টের যে রায় দেখছি যে সমস্ত বিচার হয়েছে, তাতে বলা হয়েছে বাদীদের রেজিষ্টার্ড কোবালা, সার্টিফায়েড কপি দাখিল করতে। রেকর্ড বের করতে হলে দেড় মাস দুই মাস আগে হয় না। এত দেরী হচ্ছে। এবং তাতে ১৫৲।২০৲ টাকা খরচ হয়। তাছাড়া গরীবদের পক্ষে সার্টিফায়েড কপি বের করে মামলা চালান অসম্ভব হয়ে পড়েছে। ঘাটাল মহকুমা কোর্টের ম্যাজিষ্ট্রেট যে রায় দিয়েছেন তাতে তিনি বলেছেন—

"Opposite party files objection but does not file Kobala. The petitioner to file certified copy of Kobala and come ready with witnesses by"

এই যদি অবস্থা হয়, তাহলে অধিকাংশ লোকের পক্ষে তাদের জমি ফিরে পাওয়া অসম্ভব হবে।

দ্বিতীয়তঃ যে ভাবে পার্টিদের জেরা করা হচ্ছে কোর্টে, যাতে ভয়ে তারা বলতে বাধ্য হয় যে তারা ঐ সব জমি পেটের দায়ে বিক্রি করেনি। আমার এখানে বক্তব্য হচ্ছে প্রমাণ যদি বাদীদের দিতে হয়, তবে সেটা সম্ভব নয়। আমি বলছি গভর্ণমেণ্ট পক্ষ থেকে এই কোবালা ম্যাজিষ্ট্রেট কোর্টে দাখিল যাতে করা হয় এই রকম একটা ধারা এতে যোগ করা হোক। নইলে কৃষকদের জমি ফেরৎ পাওয়া সম্ভব নয়। কোবালার সার্টিফায়েড কপি দাখিল করতে না পারলে বিচারে মামলা ডিসমিস হয়ে যাবে এবং আইনের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে।

**Sj. Subodh Banerjee:**

মিঃ স্পীকার, স্যার, আইনের-গলদ যেগুলি সেগুলি আমি দেখাব। নীতিগতভাবে এই বিলের বিরোধিতা করছি না। প্রথম কথা যখন প্রথম ল্যাণ্ড এলিয়েনেশান বিল আসে তখন আমরা বলেছিলাম কতকগুলি বিশেষ

ধারা আইনের মধ্যে সংযুক্ত করতে। কেন করেছিলাম? ১৯৪৩ সালে বাংলা দেশে যে মহা মন্বন্তর হয় তারপরে যে খাইখালাসী আইন হয়েছিল তার অভিজ্ঞতা আমাদের কাছে ছিল। জমির মালিক বা জোতদার কেমন করে ছোট ছোট চাষীদের ঠকিয়েছিল সেই অভিজ্ঞতা থাকার জন্য আমি কতকগুলি সংশোধনী প্রস্তাব এনেছিলাম। মন্ত্রী মহাশয় তা গ্রহণ করেননি। আজ আইনের সেই সব ফাঁকের সুযোগ নিয়ে বড় বড় লোকেরা ছোট ছোট জমির বিক্রেতাদের কেমন করে ঠকাচেছ এবং এই আইনকে ব্যর্থ করে দিচেছ তা আপনার কাছে তুলে ধরবো। প্রথম কথা আমরা তখন বলেছিলাম যে আইনের মেয়াদ বাড়িয়ে দেওয়া হোক। কারণ মেয়াদ না বাড়ালে গরীব বিক্রেতারা বিক্রয় দলিলের সার্টিফায়েড কপি দাখিল করতে পারবে না কিংবা সময়মত দরখাস্ত দাখিল করতে পারবে না। তখন মন্ত্রীমহাশয় বলেছিলেন——

**The Hon'ble Satyendra Kumar Basu:**

সেজন্য দেড় মাস বাড়িয়ে দিয়েছি।

**Sj. Subodh Banerjee:**

অর্থাৎ বিলে যে সময় ছিল দরখাস্ত করবার, তার চেয়ে কম সময় এখন দিয়েছেন এই দরখাস্ত করতে। তাই দরখাস্ত করার অসুবিধা। দ্বিতীয়তঃ সাব-রেজিষ্ট্রী অফিস থেকে দলিলের সার্টিফায়েড কপি পেতে কত অসুবিধা হয়! সেগুলি পাওয়ার এত অসুবিধা যে চাষীরা বেশী করে টাকা দিয়েও পাচেছ না। বহু জায়গায় ঘুষ নেওয়া হচেছ, আমি তা প্রমাণ করে দিতে পারি। তৃতীয় নং হচেছ——

**Mr. Speaker:**

প্রমাণ থাকে তো কেস করে দিন না।

**Sj. Subodh Banerjee:**

তাহলে তাড়াতাড়ি মন্ত্রীরা তাদের অফিসারদের রক্ষা করতে লেগে যাবেন। যাই হোক তৃতীয় জিনিষটা হচেছ পরিবার প্রতিপালনের জন্য জমি বিক্রয় না হলেও জমি ফেরৎ পাবে গতবারে এ জিনিষটা ছিল। হক সাহেব বুদ্ধিমান লোক। তিনি চাষীদের দুঃখ বুঝেছিলেন, তাই তিনি বলেছিলেন পরিবার প্রতিপালনের জন্য জমি বিক্রয় করেছে এ কথা বললেই ধরে নিতে হবে চাষী ঠিক কথা বলেছে এবং সে জমি ফেরৎ পাবে। কিন্তু এখানকার মন্ত্রী ব্যারিষ্টার মানুষ, তাই সাধারণের দুঃখ বোঝেন না।

**Mr. Speaker:** One is a one-section Act. You are discussing the main provisions of the Bill.

**Sj. Subodh Banerjee:**

আমার একটা সংশোধন আছে তার উপরই বলছি। আর খুব বেশী বলব না, চিন্তা করবেন না; থার্ড রিডিংএ বলব না। ১৯৪৪ সালে যখন খাইখালাসী আইন হয়েছিল তখন এই ভাষাটা ছিল বলে মালিক পক্ষ বা জোতদার এখন দলিল করবার সময় "পরিবার প্রতিপালনের জন্য জমি বিক্রয় করছি"—একথা চাষীকে লিখতে দেয় নি। তার বদলে জমি বিক্রয় করার কারণ হিসাবে লেখান হয়েছে "ঋণ পরিশোধের জন্য জমি বিক্রয় করতে বাধ্য হচিছ"। এই জন্য ২৪-পরগণার কালেক্টরএর কাছ থেকে শতকরা ৮০ ভাগ এ্যাপ্লিকেশন রিজেক্ট হয়ে যাচেছ। যেহেতু দলিলে লিখেছে ঋণ পরিশোধের জন্য জমি বিক্রয় করতে হয়েছে, পরিবার প্রতিপালনের জন্য নয়; সেই হেতু সেই বিক্রয় এই আইনের আওতা হতে বাদ পড়ে গেল। গরীব মানুষ জমি বিক্রয় বা ঋণ করে রেস খেলার জন্য নয়, পরিবার প্রতিপালনের জনই ঋণ করে। তবুও যেহেতু আইন আছে বিক্রয় পরিবার প্রতিপালনের জন্য হওয়া চাই এবং দলিলে আছে ঋণ পরিশোধের জন্য জমি বিক্রয় হয়েছিল সেই হেতু গরীব চাষীর দরখাস্ত নামঞ্জুর হয়ে যাচেছ। গত বার এটা আমি বলেছিলাম। হক সাহেবের বিলেও এর একটা ব্যবস্থা ছিল। এখানেও এটা থাকা দরকার। যদি বিক্রেতা লেখে যে পরিবার প্রতিপালনের জন্য জমি বিক্রয় হয়েছে তবে সেটা ভ্যালিড হবে। এই জিনিষটা যদি আইনে না থাকে তাহলে সমস্ত অবজেক্টস এ্যাণ্ড পার্পাসেস অব দিস বিল উইল বি ফ্রাসট্রেটেড। আমি প্রায় ৭০০ শত দলিল দেখেছি তার একটাতেও লেখা নেই পরিবার প্রতিপালনের জন্য জমি বিক্রয় করা হয়েছে। তাতে পরিষ্কার লেখা আছে ঋণ পরিশোধের জন্য জমি বিক্রয় করছি। এজন্য একটা লোকেও জমি ফেরৎ পাচেছ না।. সেজন্য এখনও সময় আছে এটা লিখে দেওয়া দরকার যদি কোন বিক্রেতা বলে থাকে সে পরিবার প্রতিপালনের জন্য তবে সেটা আইনগ্রাহ্য হবে।

**Sj. Bankim Mukherji:**

স্পীকার মহাশয়, তারাপদ ব্যানার্জির মহাশয় যা বললেন আমার বক্তব্য ঠিক তার উল্টো। আমি মনে করি যে এই প্রকারের একটা বিল নিয়ে এসে গভর্ণমেণ্ট ভাল কাজই করেছেন কিন্তু যাতে কাজটা আর একটু ভাল হয় এই উদ্দেশ্যেই আমাদের যা কিছু সংশোধনী। নতুবা ল্যাণ্ড এলিয়েনেশন সম্বন্ধে যে একটা বিল এনেছেন, যতটুকুই হোক তারজন্য গরীব কৃষকেরা কৃতজ্ঞ হবে। যেমন শ্রীযুক্ত সুবোধ ব্যানার্জি এই মাত্র দেখালেন কি কারণে অসুবিধা হতে পারে, যদি বিলের সংশোধনী না হয়।

[6-15—6-25 p.m.]

এইমাত্র ঘাটালের যে রিপোর্ট শুনলাম, দেখুন কিরকম অসুবিধা হয়েছে যে, যারা গরীব চাষী ২।১ বিঘা বিক্রী করেছে ৫০০৲ টাকার ভিতরে তাদের পক্ষে আবার সার্টিফিকেট প্রভৃতি সংগ্রহ করে কোন প্রতিকার পাওয়া কঠিন। অতএব বলছি সব ব্যাপার আইনের ব্যাপার নয়, এখানে গভর্ণমেণ্ট যদি রুলসটা অত বড় করে না দেখেন তাহলে কৃষকরা খানিকটা হয়রাণি থেকে অব্যাহতি পাবে। এই আইনে যে সব কিছু ভাল পরিবর্ত্তন হয়েছে তা নয়, যার জন্যে বহু কেস্ ডিসমিস্ড হয়ে যাচেছ। তারপরে আমার বক্তব্য সংশোধনী প্রস্তাব আরও অনেক আছে, কিন্তু যারা আর একটু টাইম চেয়েছেন বিশেষ করে সেইজন্যে কিছু বলব বলে দাঁড়িয়েছি। যখন অর্ডিন্যান্সটাকে আজ এ্যাক্ট করা হচেছ তখন অর্ডিন্যান্সে যে তারিখটা ছিল সেটা আইনে সীমাবদ্ধ রেখে আজ থেকে কিছুটা টাইম না দিলে পরে এটা সম্পূর্ণ ফ্রাস্‌ট্রেটেড্ হয়ে যাচেছ। যারা কৃষকদের মধ্যে কাজ করেন তারা জানেন কাজ করার কি অসুবিধা। যদি সেপ্টেম্বর মাসে আইনটা পেতাম, অক্টোবর নভেম্বর সময় পাওয়া যেত যখন গ্রামের মধ্যে ঘুরে কৃষকদের বলা যেত। গভর্ণমেণ্ট বলবেন যে গেজেট করেছেন, কিন্তু তবু জানি এই কৃষকদের ঘুম ভাঙ্গান অত সহজ কাজ নয়। তাদের কানের কাছে ঢোল সহরৎ করলেও কতটা ফল পাওয়া যায় তাও সন্দেহের বিষয়। কিন্তু যখন আইন হয়ে এল তখন নভেম্বর এসে গেছে, হার্ভেষ্টিং টাইম সুতরাং কৃষকদের পাওয়া অসম্ভব। এমন কি ইলেক্‌সনের সময় দেখেছি নভেম্বর, ডিসেম্বর মাসে গ্রামে মিটিং করা অসম্ভব। মাত্র জানুয়ারী মাসের শেষে তাদের কাছে গিয়ে পৌছাচেছ। তারপর তাদের বিশ্বাসই হয় না যে সরকার এমন একটা আইন করতে, এরপরে দরখাস্ত ইত্যাদি আসতে দেরী হয়ে গিয়েছে। শেষদিকে বেশী দরখাস্ত এসেছে। এখন একটা দিন সময় পেলেও আরও অনেক আসতে পারে। অবশ্য গভর্ণমেণ্ট বলতে পারেন তাদের এ্যাড্‌মিনিষ্ট্রেটিভ ডিফিকাল্টিজ আছে, তাদের ১৪ই এপ্রিলের মধ্যে নিবারকরণ করতে হবে, তবুও কিছুটা সময় এক্সটেণ্ড করলে এত বেশী কিছু এ্যাপ্লিকেশন পড়বে না যাতে ডিফিকাল্টিজ আসবে, কিন্তু অরিজিন্যাল এ্যাক্টে যে সময়টা পাচেছ, সেটা যদি তারা না পায় তাহলে অসুবিধা খুবই হবে। আমাদের কাছে ঠিক তারিখের এক দুই দিন আগে পর্য্যন্ত লোক এসেছে। ৩১শে মার্চ পর্য্যন্ত যদি না দেন, অন্ততঃ একটা সর্ট নোটিশ ম্যানেজমেণ্ট করে ৮ দিন হোক, ১০ দিন হোক বা ১৫ দিন হোক একটা টাইম দিলে লোকেরা তবুও একটু সময় পাবে। অর্ডিনান্স করা হয়েছে, আজ আইন হচেছ সেখানে আজ থেকে কি করে এটা সময় করেন? অন্ততঃ আমার অনুরোধ ১৫ দিন এক্সটেণ্ড করা হোক। আমরা ঘুরে দেখে এসেছি আমাদের অভিজ্ঞতা থেকে বলছি সময় আর একটা দরকার; অবশ্য আমাদের অভিজ্ঞতা যদি অস্বীকার করেন তাহলে কি আর করব। আমাদের আবেদন যে অর্ডিনান্স যখন আজ করতে হয়েছে এবং তাকে আইন করতে হচেছ তাই অন্ততঃ সর্ট নোটিশ ম্যানেজমেণ্ট করে টাইমটা ১৫ দিন এক্সটেণ্ড করতে পারেন।

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, any criticism of the provisions of the Act, in my view, is out of place.

In answer to my friend Sj. Tarapada Bandopadhyay I say that unles there was economic distress resulting in sale, the provisions of the Ac would not be attracted. I believe that the Bill was introduced in thi Assembly some time in August last year, so that all my friends, who are th representatives of the people, knew exactly what kind of legislation wa being passed. At the time it was expected that the assent of the Presider would be obtained promptly but there was a little delay. The Governmer considered that three months' time was quite sufficient to enable the tran ferors to apply. Therefore, the 31st December, 1954, was fixed as the dat

within which the transferors should apply. There was, however, a little unavoidable delay in giving effect to the Act. In the circumstances the Government out of its own accord, by an Ordinance, extended the time to apply up to 14th February, 1955. In other words, although everybody concerned had knowledge that such a legislation was being passed, and was in fact passed and that in the original Act provision was made for applying by the 31st December, 1954, Government extended the time till the 14th February, 1955, in order to meet a situation which had arisen by the reason of the delay I have mentioned. That gave the applicants nearly three months' time to apply, moreover they had prior knowledge of this legislation. I ought to inform my friends that already up to the 14th February, 1955, over 1 lakh 16 thousand applications were filed. If 1 lakh 16 thousand people could apply I do not see why any other person if so advised could not apply. Any further extension of time will adversely affect implementation of the Estates Acquisition Act by which a time limit has been prescribed for completing the Settlement operations. Such operations are going on throughout the State of West Bengal and in every district. We have to ascertain who are the holders of the lands, what is the quantity of the land held by each of them, and what are the transactions which have taken place since the last Settlement. We have to assess the annual interim payments, and so on and so forth. There are so many things to be done. Possession has to be taken by the Collectors begining from the 15th April, 1955. In all these matters the aid of the Settlement records is absolutely essential. Therefore, we have got to go ahead as fast as we can with the Settlement operations. If disposal of the applications is delayed, it will mean that the Settlement operations will be held up and that would stand in the way of the implementation of the land reforms. I have carefully thought over the matter and I very much regret that I cannot accede to any further extension of time particularly having regard to the fact that the people concerned had knowledge of this law and they had already put in applications numbering 1 lakh 16 thousand 189. I oppose my friends' motions.

[6-25—6-35 p.m.]

The motion of Sj. Tarapada Bandopadhyay that the Bill be circulated for eliciting opinion thereon by the 31st May, 1955, was then put and lost.

The motion of Sj Gangapada Kuar that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1955, was then put and lost.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the West Bengal Alienation of Land (Temporary Provisions) (Amendment) Bill, 1955, be taken into consideration was then put and agreed to.

*Clause 1.*

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 2.*

**Sj. Sasabindu Bera:** Sir, I beg to move that in clause 2, line 5, for the words "the 14th day of February, 1955", the words "the 31st day of December, 1955" be substituted.

**Sj. Provash Chandra Roy:** Sir, I beg to move that in clause 2, line 5, for the words "the 14th day of February, 1955", the words "the 31st day of March, 1955" be substituted.

**Sj. Mrityunjoy Pramanik:** Sir, I beg to move that in clause 2, line 5, for the word "February" the word "April" be substituted.

**Sj. Jnanendra Kumar Chaudhury:** Sir, I beg to move that in clause 2, line 5, for the word "February" the word "March" be substituted.

**Sj. Sasabindu Bera:**

এখানে টাইম এক্সটেণ্ড করার যৌক্তিকতা বিশ্লেষণ করা হয়েছে। টাইম আরো বেশী করা দরকার। এখানে মন্ত্রীমহাশয় যা বললেন সেই প্রসঙ্গে বলা যেতে পারে সেট্‌লমেণ্ট অপারেসন্স আরম্ভ হয়েছে। এবং ১৪ই ফেব্রুয়ারী পর্য্যন্ত যদিও দরখাস্ত দেবার সময়ের ব্যবস্থা রয়েছে তারজন্য সেট্‌লমেণ্ট অপারেসন্স বন্ধ রাখা হয়নি। এষ্টেস এ্যাকুইজিসন এ্যাক্ট কার্য্যকরী হবার সঙ্গে সঙ্গে প্রকৃত ট্রান্সফার বন্ধ হ'য়ে গেল এটা মনে করবার কোন কারণ নেই। আগামী বৎসরের ১লা বৈশাখের মধ্যে আমাদের ভূমির স্বত্ব সংক্রান্ত যে জটিল অবস্থা রয়েছে তা সব শেষ হয়ে যাবে, স্বত্বাদি সংক্রান্ত জটিলতার পরিপূর্ণ সমাধান হয়ে যাবে, প্রচ্ছন্নভাবে এই ভ্রান্ত যুক্তির অবতারণার কোন অর্থ হয় না। মন্ত্রীমহাশয় যে বলেছেন এই আইনের সুযোগ সকলেই নিতে পারবে অতএব আর সময় দিতে পারা যাবে না এ-যুক্তি সমর্থন করতে পারি না। সরকার পক্ষ থেকে বলা হয়েছে যে মোটামুটি তিন মাস দেওয়া হচ্ছে কিন্তু এই সময় বাই ইন্‌ষ্টলমেণ্টসে দেবার ফলে অসুবিধা হয়েছে। যে সমস্ত কৃষক দুরবস্থায় পড়ে জমি হস্তান্তর করেছে তাদের জমি ফেরৎ পেতে হ'লে তাদের তৈরী হতে হয়, প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করতে হয়, এতে সময় লাগে। তাদের প্রথমে বলা হ'ল ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত দরখাস্ত করতে পারবে। তারা সেই সময়ের মধ্যে অর্থ সংগ্রহ করা সম্ভব নয় বলে পিছিয়ে গেল। তারপর আবার ১৪ই ফেব্রুয়ারী পর্য্যন্ত সময় দেওয়া হ'ল। যখন তারা এ-খবর পেল তখনও তারা দেখলো "ইট্‌ ইজ্‌ টু লেট্‌ ফর দেম্‌।" একসঙ্গে একটা "সাফিসিয়েণ্ট লেংথ অব টাইম্‌" না দিলে তারা এর এ্যাড্‌ভাণ্টেজ নিতে পারে না। তাদের যদি এই আইনের এ্যাড্‌ভাণ্টেজ নিতে হয় তাহলে বাই ইন্‌ষ্টলমেণ্টে সময় দিলে হবে না। সেইজন্য সরকারের যদি সত্যই এই প্রিন্সিপল হয় যে বাস্তবিকই দুর্ভিক্ষের কবলে পড়ে যারা জমি হস্তান্তর করেছে তাদের জমি ফেরৎ নেওয়ার সুযোগ দেওয়া হবে তাহলে তাদের বেশী সময় দেওয়া দরকার। সেইজন্য এই সময় বাড়িয়ে ৩১শে ডিসেম্বর করতে বলছি।

**Sj. Hemanta Kumar Ghosal:**

মাননীয় স্পীকারমহাশয়, আমরা সাধারণ আলোচনার সময় যদিও আলোচনা করেছিলাম যে এই সময় বাড়িয়ে দেওয়া দরকার যদি সত্যি সত্যিই এটা কাজে লাগাতে চান; আমাদের রাজস্ব মন্ত্রীমহাশয় বলেছেন যে এক লক্ষের উপর দরখাস্ত পড়েছে এতএব ঠিকমত সময়ই লোক পেয়েছে, আর বাড়িয়ে দেবার কোন যুক্তিযুক্ত কারণ নেই। আমি জানি না তিনি জানেন কিনা কত জমি এই দুর্ভিক্ষের সময় হস্তান্তর হয়েছে। এ সংবাদ যদি তিনি সঙ্গে সঙ্গে রাখতেন তাহলে তিনি বুঝতে পারতেন যা দরখাস্ত পড়েছে তাছাড়া আরো সময় পেলে ৩-৪ গুণ বেশী দরখাস্ত পড়ার সম্ভাবনা থাকতো। এই দুর্ভিক্ষের সময় যে সব জমি হস্তান্তর হয়েছে, আমি জানি, তিনিও জানেন, স্বীকার করবেন কিনা জানি না, বিশেষ করে আদিবাসীদের দুর্ভিক্ষের সময়। আমার হিসাব আছে তিন লক্ষের উপর শুধু সুন্দরবন অঞ্চলে জমি হস্তান্তরিত হয়েছে। এবং এটা ঠিক যে আমরা সেই সময় যখন বিল উত্থাপন হয় তখন বলেছিলাম যে এই বিলকে যদি কার্য্যকরী রূপ দিতে হয় তাহলে সময় এমনভাবে দিন যাতে এই আইনের সুযোগ নিয়ে অন্তত: কিছু কৃষক জমি ফেরত পেতে পারে। এই বিল এনেছেন কিন্তু এর আগে কি ছিল? হক্‌ সাহেবের আমলে ছিল যে দরখাস্ত করার পর সেই জমির মালিক পক্ষকে দলিল প্রডিউস করতে হ'ত। এখন অবস্থা হয়েছে, যে জমি বিক্রয় করলো তাকে দলিলের নকল সমেত দরখাস্ত করতে হবে। এবং নকল যোগাড় করতে হলে কত দরজা পার হতে হয়, নকল যোগাড় করতে গেলে কত সময় লাগে তা আপনারা জানেন। আপনারা একটা বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে যদি বিচার করেন, তাহলে বুঝতে পারবেন সাধারণ মানুষের এই আইনের সুযোগ নেবার ইচ্ছা থাকলেও সময় অভাবে এই আইন কাজে পুরোপুরি লাগাতে পারেনি। আমি এর আগে যখন পূর্ব্বে এই বিল এসেছিল তখন আবেদন করেছিলাম যে একটু সময় বাড়িয়ে দিন। আজ তিনি ফিগার দিয়ে বলছেন বা অনুমান করছেন, এই আইনের সুযোগ দরিদ্র কৃষক, যারা পেটের জ্বালায় জমি বিক্রয় করেছিল, গ্রহণ করেছে। অতএব সময় বাড়িয়ে দেবার প্রয়োজন নেই, আমি বলছি অন্তত: তিনি নিজে না যান তাঁর বিশ্বস্ত লোক দিয়ে তদন্ত করে দেখতে পারেন যে সত্যই দুর্ভিক্ষের সময় কত জমি হস্তান্তর হয়েছে এবং তার পরিমাণ কত। এমন বিভিন্ন এলাকা আছে যেখানে লোকে দরখাস্ত লিখতে জানে না, দরখাস্ত লিখে

দিতে হয়। এই হচ্ছে সেখানকার বাস্তব অবস্থা। এই আইন পাশ করিয়ে তাদের জীবনে যদি কাজে লাগাতে হয় তারজন্য আলাদা ব্যবস্থা করা দরকার। তাদের দরখাস্ত লেখানর জন্যই একমাস বা দেড়মাস সময় লাগে। বিশেষ করে যে এলাকায় বেশী জমি হস্তান্তরিত হয়েছে সেই সুন্দরবন এলাকার রাস্তাঘাটের সুব্যবস্থা নেই। একটা জায়গা থেকে আর একটা জায়গায় যেতে গেলে সময় লাগে। সুতরাং এই আইন পাশ করিয়ে যদি বাস্তবক্ষেত্রে কাজে লাগাতে হয় তাহলে সময় বাড়িয়ে দেওয়া দরকার যাতে তারা এর সুযোগ নিতে পারে। এই আইনের বিরুদ্ধতা করার জন্য আমরা বলছি না। যাদের জমি দেবেন তাদের জন্যে একটু দরদী দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে হবে। তাদের এমন সময় দেবেন যাতে তারা এই আইনকে কার্য্যকরী করতে পারে। তা যদি না হয় তাহলে ফল কি হবে। এটা ঠিক যে এখানে আমরা এটা বার বার আবেদন করেছি এবং এখনও করছি। তিনি দেখিয়েছেন যে সময় বাড়ালে জমিদারী বিলে নানা গোলমাল হবে। কিন্তু লোক যদি এই আইনের সুযোগ নিতে পারে তবে তারা আপনাকে আশীর্ব্বাদ করবে। বিরোধীপক্ষের কথা শুনবেন কিনা শুনবেন সে কথা নয়।

মাননীয় স্পীকারমহাশয়, এটা অন্য পক্ষের হাসবার প্রশ্ন হতে পারে কিন্তু আমি দুঃখের সঙ্গে বলছি যে এখানে যদি একটু সময় বাড়িয়ে দেওয়া যায় তাহলে সাধারণ মানুষ এই আইনটার সুযোগ নিতে পারে। তারা যদি এই আইনের সুযোগ নিতে না পারে তাহলে তাদের আর বাঁচবার অবস্থা থাকবে না। আমি আবার আবেদন করবো আর একটু উদার দৃষ্টিভঙ্গী নিয়ে অন্ততঃ কিছুটা সময় আপনারা বাড়িয়ে দিন। তারপর আইনটা কার্য্যকরী করবেন।

[6-35—6-45 p.m.]

**Sj. Mrityunjoy Pramanik:**

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা যখন প্রথমে আনা হয়েছিল, তখন আমরা সময়টা একটু বেশী করে দেবার জন্য অনেক আবেদন নিবেদন করেছিলাম। তখন যে বিলটা সকলের শুভেচ্ছা নিয়ে পাশ করা হয় নাই, তা বর্ত্তমানে ভালভাবেই প্রমাণিত হয়েছে। একটা অর্ডিন্যান্স করে এর সময়কে বাড়িয়ে দেওয়া হয়েছে। সময় বাড়িয়ে যখন দিলেনই, তখন আর একটু সময় বাড়ালেন না কেন? এটাই হচ্ছে আমাদের প্রশ্ন। আর একটু সময় বাড়িয়ে দিলে পর অন্ততঃ গরীব চাষীদের কিছুটা উপকার হবে। এই শার্টেষ্ট টাইম চলে গেলে পর চাষীরা যাতে আবেদন করতে পারে, তার ব্যবস্থা করা উচিত। ১ লক্ষ ২৬ হাজার দরখাস্ত মোট পেয়েছেন। সারা পশ্চিমবাংলায় কত চাষী আছে, কত কোবলা হয়েছে, সে খবরটাও আপনারা রাখেন না। যদি তা রাখতেন তাহলে নিশ্চয়ই স্বীকার করতেন যে শতকরা দশভাগ লোকও যারা জমি বিক্রী করেছে, এই দরখাস্ত করার সুযোগ পেয়েছে কিনা সন্দেহ।

সুতরাং অর্ডিন্যান্স করে যখন সময়টা বাড়িয়ে দিয়াছেন, তখন দয়া করে আর একটু সময় বাড়িয়ে দিন। নতুবা আবার অর্ডিন্যান্স আনতে হবে, সময় বাড়িয়ে দিতে হবে। সৎ পরামর্শটা শুনবেন।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

স্যার, আজকে হচ্ছে ২২শে ফেব্রুয়ারী, ১৪ই ফেব্রুয়ারী গত হয়েছে। কাজে কাজেই এখন তার সম্বন্ধে একটু লিবারেল হয়ে এটা ১৪ই মার্চ পর্য্যন্ত করে দিন। তাহলে কোন ক্ষতি হয় না। কারণ এই বছর মেদিনীপুর এবং বাঁকুড়া জেলায় ধান হয় নাই। আমি জানি যেখানে লোকে বিঘাপ্রতি ১০ মণ করে ধান পায়, তারা সেখানে এবার এক মণও ধান পায় নাই। তাদের পক্ষে জমি ফেরতের জন্য দরখাস্ত করা কত কষ্টকর তা আপনারা উপলব্ধি করতে পারেন না। আজ এমন অর্থ তাদের নাই যা নিজেরা খেয়ে বাঁচতে পারে ও জমি ফেরত পাবার জন্য দরখাস্ত করতে সদরে যেতে পারে। সে খরচের টাকা তাদের নাই। যখন মহানুভবতা দেখাচেছন, তখন আর একটু বেশী মহানুভবতা দেখান। এই সময়টা বাড়িয়ে ১৪ই মার্চ করে দিন।

তারপর দলিলের নকল নিতে বহু সময় যেখানে লেগেছে, সেখানে অমনি গোজামিল দিয়ে দরখাস্ত করা হয়েছে। সেটেলমেণ্ট অপারেশন সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়কে বলবো পল্লীর এখনো অনেক জায়গায় এ্যাটেষ্টেশন হয় নাই। কাজেই যখন ১৪ই ফেব্রুয়ারী গত হয়েছে, তখন এর মেয়াদ ১৪ই মার্চ পর্য্যন্ত বাড়িয়ে দিলে আমার মনে হয় এ্যাডমিনিষ্ট্রেশনের কোন ক্ষতি হবে না।

**Sj. Hemanta Kumar Basu:**

মাননীয় স্পীকার মহোদয়, অন্যান্য বক্তারা যা বলেছেন, আমি মনে করি তার চেয়ে আর বেশী কিছু বলার নাই। বাস্তবিক দুঃস্থ দুর্দ্দশাগ্রস্ত কৃষক জনসাধারণের উপকার হয়, তাদের জমি ফেরৎ পেতে পারে গভর্ণমেণ্ট তেমন একটা ভাল আইন করেছিলেন এবং সেই আইনটা যাতে বাস্তবিক কাজে লাগে, কার্য্যকরী হয়, তাদের উপকার হয়, সেদিক থেকে এই অর্ডিন্যান্সের সময় বাড়িয়ে দেওয়া দরকার। কিন্তু এটা ঠিক যে আমাদের দেশের কৃষক সাধারণের কোন আইন পাশ হলে সেই আইন বুঝতে ও বিবেচনা করতে অনেক সময় লাগে। এই যে অর্ডিন্যান্স হলো, এর সংবাদও অনেকে জানেন না। মোটে ১ লক্ষ ১৬ হাজার লোক আবেদন করেছে, এটা খুব বেশী নয়। এই আইনটা যখন ভাল এবং কৃষকের উপকারের জন্য করা হয়েছে, তখন আর কিছুদিন এই সময়টা বাড়িয়ে দিন এবং এটা বাড়ানোই যুক্তিসঙ্গত হবে।

**Sj. Jyoti Basu:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি বিলটার সময় বাড়াবার ব্যাপারে আবেদন করছি। মুস্কিল হচেছ মাননীয় মন্ত্রীমহাশয় আমাদের এই সব কথা শুনবার আগে, আমাদের এই এ্যামেণ্ডমেণ্ট আসার আগে খুব জোর গলায় বলে বসলেন আমি সব বুঝেছি, আমি সব জানি। তিনি যে কারণটা দেখালেন সে কারণটা, স্যার, ভাল করে বুঝতে পারলাম না। যদি সরকারের সত্যি এর দ্বারা কোন ভীষণ অসুবিধা হতো, সব ওলট্-পালট্ হয়ে যেত, খুব কষ্ট হ'ত, তাহলে না হয় বুঝতাম। তাতে কোন আপত্তি হতো না। কিন্তু যখন চারদিক থেকে আপত্তি উঠেছে, অনেকে যখন বলছেন বিশেষ করে যাঁদের কৃষকদের সঙ্গে ঘনিষ্ঠ সম্বন্ধ আছে, তাঁরা দেখেছেন তাদের বহু আবেদন পড়ে আছে, এখনো অনেক আবেদন আসছে। উনি নিজেও বলেছেন ১ লক্ষ ১৬ হাজার আবেদন করে থাকতে পারে। অন্যেরা কেন করলো না। তিনি রেগে গিয়েছেন। রাগ করা যায়, কিন্তু এখানে রাগ করা উচিত নয়। আমাদের দেশে নানা রকম অসুবিধা আছে। সেটা হেমন্তবাবু বললেন--অনেকের সে আইনটা বুঝতে সময় লাগে, পড়তেও সময় লাগে, কোর্টে দৌড়াদৌড়ি করতে সময় লাগে। লেখাপড়া জানা লোককেও সাহায্য না করলে সে ঠিক বুঝতে পারে না। সেইজন্যই তাদের দেরী হয়ে যায়। আমি বলি কৃষকের উপর রাগ না করে আরো যাতে অনেকে এই আইনের সুযোগ নিতে পারে, তারজন্য আরো কয়েকদিন এর সময় বাড়িয়ে দিন তাহলে আরো বহু লোকের সুবিধা হবে। তবে ওঁদের তাতে কি অসুবিধা হবে তা আমি বুঝলাম না। উনি বলছেন ১৪ই এপ্রিলের মধ্যে একটা সেটেলমেণ্ট করতে হবে। জমিদারী তাদের হাতে আসবে। এই সমস্ত কারণ দেখালেন। এটা খুব বড় কথা নয়। তাতে কাজের খুব বেশী অসুবিধা হবে না। যে টাইম-টেবিল বেঁধেছেন হয়ত তাতে কিছুটা অসুবিধা হতে পারে। কিন্তু সবাই যখন আবেদন করছেন এবং নীতির দিক দিয়েও বড় প্রশ্ন নয়, তখন আমার মনে হয় মন্ত্রীমহাশয়ের মনটা একটু পরিবর্ত্তন করা উচিত। অন্ততঃ একটা জিনিষ আমাদের মেনে নিন্।

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, for the reasons already indicated by me, I am unable to accede to my friends' request for further extension of time. In answer to my friend Sj. Basu I point out to him that there was no break at all. Time was allowed from the 24th November right up to 14th February, 1955, without any break. The time which was extended by the Ordinance has already expired; it expired on the 14th February; and there is already a break. Any further extension of time will bring about complications not only as regards implementation of the Estates Acquisition Act but also as regards further applications sought to be filed.

**Sj. Jyoti Basu:**

একবার বিধানবাবুকে জিজ্ঞাসা করলে পারতেন।

The motion of Sj. Sasabindu Bera that in clause 2, line 5, for the words "the 14th day of February, 1955", the words "the 31st day of December, 1955" be substituted, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that in clause 2, line 5, for the words "the 14th day of February, 1955", the words "the 31st day of March, 1955" be substituted, was then put and lost.

The motion of Sj. Mrityunjoy Pramanik that in clause 2, line 5, for the word "February" the word "April" be substituted, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 2, line 5, for word "February" the word "March" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

*Clause 3.*

**Sj. Subodh Banerjee:** Sir, I beg to move that in clause 3, line 1, for the words "the following section", the words "the following sections" be substituted.

Sir, I further beg to move that in clause 3, after the proposed section 4A, the following section 4B be inserted, namely:—

> "4B. *(1)* If a transferor makes a petition that he had sold his land for the purpose of maintaining his family but it in the sale deed something else is mentioned as the ground of transfer of the land, the Collector shall examine the evidence submitted by the parties and decide the case.
>
> *(2)* No application made under clause *(a)* of sub-section *(1)* of section 4 shall be disposed of without giving the transferor an opportunity of being heard."

[6-45—6-55 p.m.]

মি: স্পীকার স্যার, বর্তমানে যে অসুবিধাগুলি জমি বিক্রেতারা অনুভব করছে, আমি সেগুলি জানাচ্ছি। ২৪-পরগণা জেলার কথা আমি জানি, আমি নিজে দেখেছি সাত শো দলিল যেভাবে নষ্ট হয়েছে, তাতে লেখা ছিল না--পরিবার প্রতিপালনের জন্য বিক্রয় করছে। এই কারণে সেগুলি সামারিলি রিজেক্টেড্ হয়েছে। কালেক্টর ও এস,ডি,ও, মহাশয়রা যখন বুঝলেন পরিবার প্রতিপালনের জন্য জমি বিক্রয় হয় নাই, দলিলে লেখা "ঋণ পরিশোধের জন্য আমি জমি বিক্রয় করছি" এই কথা দেখে অমনি সামারিলি রিজেক্ট করে দেওয়া হল জমি ফেরত পাবার দরখাস্তগুলি--১নং হ'ল এই।

দুই নম্বরে, আর একটা অসুবিধা হচ্ছে, দরখাস্ত ফাইল করা হয়েছে, কালেক্টর সাহেব বললেন--১৬ তারিখে দিন পড়বে। নোটিশ গেল অন্য পার্টির কাছে। যে ক্রেতা তার কাছে নোটিশ যাচ্ছে কিন্তু যে বিক্রেতা তার কাছে নোটিশ যাচ্ছে না। ফলে বিচারের দিনে বিক্রেতা যেতে পারছে না বলে একপার্টি ডিক্রি হয়ে যাচ্ছে মালিকের পক্ষে, এই জন্যই আমি দুইটি সংশোধনী এনেছি।

মন্ত্রীমহাশয় এক্সিকিউটিভ অফিসারদের জিজ্ঞাসা করলে ভাল বুঝতে পারবেন যে এই সংশোধনী প্রস্তাব একান্ত প্রয়োজনীয়।

"If a transferor makes a petition that he had sold his land for the purpose of maintaining his family but if in the sale deed something else is mentioned as the ground of transfer of the land, the Collector shall examine the evidence submitted by the parties and decide the case."

সাক্ষ্যপ্রমাণ নিয়ে দেখুন কিসের জন্য সে জমি বিক্রয় করছে। সাক্ষ্য নিয়ে যদি প্রমাণ হয় পরিবার প্রতি-পালনের জন্য সে জমি বিক্রয় করেছে তাহলে জমি ফেরত হবে, নাহলে হবে না। কাজেই সামারিলি রিজেক্ট করার কোন মানে হয় না।

"No application made under clause *(a)* of sub-section *(1)* of section 4 shall be disposed of without giving the transferor an opportunity of being heard."

দ্বিতীয় এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে এ সম্বন্ধে কোন কথা শোনা হচ্ছে না। যে গরীব চাষী জমি বিক্রয় করেছে তার কোন কথাই শোনা হ'ল না, যেই জমির দলিলে দেখা গেল যে ঋণ শোধের জন্য বিক্রয় আর অমনি শেষ। তার কোন কথা শোনা হ'ল না। কিন্তু ট্র্যান্সফারারকে নোটিশ দিতে হবে তার কথা শুনতে হবে আইনের মধ্যে যদি এই কথাগুলি সংযোজিত হয় তাহলে খানিকটা ভাল হবে।

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, line 1, for the words "the following section", the word "the following sections" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, after the proposed section 4A, the following section 4B be inserted, namely:—

"4B. (*1*) If a transferor makes a petition that he had sold his land for the purpose of maintaining his family but if in the sale deed something else is mentioned as the ground of transfer of the land, the Collector shall examine the evidence submitted by the parties and decide the case.

(*2*) No application made under clause (*a*) of sub-section (*1*) of section 4 shall be disposed of without giving the transferor an opportunity of being heard."

was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 4.*

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

*Preamble.*

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the West Bengal Alienation of Land (Temporary Provisions) (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed.

**Sj. Provash Chandra Roy:**

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয়রা জানছেন যে গত পাঁচ বছর ধরে ৫০, ৫১, ৫২, ৫৩ সালে আমাদের দেশের জনসাধারণের যে আর্থিক দুর্গতির সৃষ্টি হয়েছিল এবং দেশে যে দুর্ভিক্ষ হয়েছে, তার হাত থেকে বাঁচবার জন্য আমাদের দেশে যে লক্ষ লক্ষ কৃষক এমন কি গরীব মধ্যবিত্ত যারা জনসাধারণ তারা অল্প দামে জমি বিক্রয় করেছিল। আমাদের দেশের কৃষককুলকে এবং নিম্ন মধ্যবিত্ত সমাজকে চরম দুর্দ্দশার হাত থেকে যাতে রক্ষা করতে পারা যায়, তারজন্য গত কয় বৎসর ধরে সরকারকে অনুরোধ করতে আরম্ভ করেছি। তারপরে মাননীয় মন্ত্রীমহাশয় যে সমস্ত দুর্দ্দশাগ্রস্ত কৃষক ও মধ্যবিত্তরা দুর্দ্দশায় পড়ে জমি বিক্রয় করেছে তাদের জমি ফেরতের জন্য ল্যাণ্ড এলিয়েনেশন বিল এই হাউসে উপস্থিত করেন এবং সেটা গত সেসনে পাশ হয়ে যায়। সেই সময় আমরা এই কথা বলেছিলাম--গত ৫০ সাল থেকে ৫৩ সালের ডিসেম্বর মাস পর্য্যন্ত এর মেয়াদ ধরা হোক। কিন্তু তিনি ১৯৫৩ সালের নভেম্বর পর্য্যন্তই এ আইনের মেয়াদ রাখেন; ঐ পিরিয়ডে যারা দুর্দ্দশাগ্রস্ত হয়ে জমি বিক্রয় করেছে কেবল তারাই ফেরৎ পাবে--এইভাবে আইনটা পাশ করালেন। তারপরে আমরা জানি, ৫০ সালে দুর্দ্দশাগ্রস্ত হয়ে বাড়ী ও জমি বিক্রয় করতে বাধ্য হয়েছিল যে লক্ষ লক্ষ কৃষক ও মধ্যবিত্ত তারা এই আইনের কোন সুযোগ সুবিধা গ্রহণ করতে পারবে না একথা আমরা উল্লেখ করেছিলাম। তারপরে এই আইন যখন পাশ করা হয় তখন আমরা বলেছিলাম ৫৫০৲ টাকায় যারা জমি বিক্রয় করেছে তারাই যদি কেবল জমি ফেরৎ পায় তাহলে অতি অল্প লোকই এই ফেরৎ পাবার সুযোগ পাবে, এই কথা আইন যখন পাশ হয় তখন বার বার

করে বলায় উনি ৫৫০৲ টাকাকে বাড়িয়ে ৭৫০৲ টাকা করেন। আর বাদ বাকি যে লক্ষ লক্ষ দুর্দশাগ্রস্ত লোক তারা এই আইনের সুযোগ থেকে যে বঞ্চিত হয়ে রইল এটা কি ঠিক হবে? কিন্তু আমাদের সে দাবী অগ্রাহ্য করে বিলটা মন্ত্রীমহাশয় যেভাবে এনেছিলেন সেই ভাবেই পাশ করালেন।

তারপরে আমরা বলেছি, ডিস্ট্রেস্ সম্পর্কে—যে অর্থে সেটা এই আইনে ধরা হয়েছে, সে অর্থকে ফাঁকি দেবার জন্য যারা নাকি জমি কিনেছে তাঁরা এই আইনের ফাঁকে, যারা নাকি জমি বিক্রয় করেছে তাদের সেই বিক্রীত জমি ফেরৎ পাবার যে সুযোগ আছে তা থেকে তাদের বঞ্চিত করবার জন্য রেজেষ্টারী এমন ভাবে করাবে যাতে তাদের জমি ফেরৎ পাবার পথ বন্ধ হয়। সেই প্রসঙ্গে আমরা যা বলেছি——

(At this stage red light was lit.)

আমাকে স্যার, আর পাঁচ মিনিট সময় দিন। সেই সময় আমরা এই কথা বলেছিলাম--১৯৫০ সালের দুর্ভিক্ষে আমাদের দেশের লক্ষ লক্ষ মানুষ জমি বিক্রয় করতে বাধ্য হয়েছিল। সেই জমি যারা অতি অল্প দামে বিক্রয় করতে বাধ্য হয়েছিল তাদের বাঁচাবার জন্য মাননীয় প্রধান মন্ত্রীমহাশয় যখন আইন করছেন, তখন এই রকম ভাবে আইনটা করা হোক যে যারা দুর্দশাগ্রস্ত হয়ে স্ত্রীপুত্রকে বাঁচাবার জন্য জমি বিক্রয় করেছে, তাদের বেলায় এইটে যদি প্রমাণিত হয়, অর্থাৎ দলিলে অন্য রকম লেখা থাকলেও স্ত্রীপুত্র পোষণের জন্যই জমি বিক্রয় করেছে এইটে যদি তারা প্রমাণ করতে পারে তাহলে সে হস্তান্তর করা জমি ফেরৎ দেবার ব্যবস্থা আইনের মধ্যে থাক, কিন্তু মাননীয় মন্ত্রীমহাশয় আমাদের সে দাবীও অগ্রাহ্য করলেন। এবং আমরা জানি, বাংলাদেশে জোৎদার শ্রেণী যারা সব জমি কিনেছে তারা কৃষকরা ভবিষ্যতে আইন হয়ে গেলে যাতে জমি ফেরৎ না নিতে পারে সেই রকম ভাবে নিজেদের খাতাপত্র ও হস্তান্তরিত দলিলে চাষীদের দ্বারা এমন সব কথা লিখিয়ে নিয়েছে, তার ফলে দুর্দশাগ্রস্ত হয়ে যে তারা জমি বিক্রয় করছে একথা উল্লেখ মাত্রও করতে দেয় নাই, বরং তারা পূর্ব ঋণ পরিশোধ করবার জন্য বিক্রয় করছে বা সংসারের খরচপত্র চালাবার জন্য বিক্রয় করছে--এই রকম লিখিয়ে নিয়েছে। তার ফলে আমরা দেখছি--১ লক্ষ ১৬ হাজার দরখাস্ত পড়েছে, আমরা জানি আলিপুরের এস্,ডি,ওর কাছে দরখাস্ত পড়েছে যতগুলি তারমধ্যে সেখানে ৮।১০টা হস্তান্তরকারী মাত্র তাদের জমি ফেরৎ পেয়েছে। এবং সমস্ত বাকি কেস্ বাতিল হচ্ছে।

সেজন্য বলছি মন্ত্রীমহাশয় সুবোধবাবুর যে এ্যামেণ্ডমেণ্ট সেটা যেন গ্রহণ করে নেন, তাহলে প্রকৃতপক্ষে গরীব চাষীদের উপকার হবে।

[6-55—7-4 p.m.]

**Sj. Narendra Nath Ghosh:**

মি: স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় প্রথমে বললেন ১৪ই ফেব্রুয়ারী আইনের মেয়াদ শেষ হয়ে গেছে, এখন আইন করে দিতে হবে। সেজন্য আমার মনে হয়, এই সুযোগ নেবার জন্যই ১৪ই ফেব্রুয়ারীর আগে বিল আনেননি। এ যেন নলচে আড়াল দেওয়ার ব্যাপার।

দ্বিতীয় কথা হচ্ছে পূর্ববর্তী বক্তা যা বলেছেন এ্যাপ্লিকেশনের অসুবিধা সেগুলি যদি তদন্ত করে দেখেন তাহলে দেখবেন কেবলমাত্র দলিলে লেখা হয়েছে যে তাদের সংসার প্রতিপালনের জন্য নয়, ঋণ পরিশোধের জন্য; কিন্তু ঋণ কেন হয়েছিল সেটা দেখা উচিত। সেজন্য নির্দেশ দিন প্রমাণপত্র দিতে কেন ঋণ করতে হয়েছিল, কেন জমি বিক্রী করতে হয়েছিল। এভাবে এটাকে সংশোধন করুন নতুবা আর একটা নূতন বিল আনুন--আরও বেশী স্কোপ যাতে পায় তার ব্যবস্থা করুন।

**Sj. Janardan Sahu:**

মাননীয় স্পীকার মহোদয়, সরকার যে আইন এনেছেন সেটা বাস্তবিকই আমরা সকলে চেয়ে এসেছি। সুতরাং এজন্য তাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তাহলেও গরীবদের বাঁচাবার জন্য যে আইন এসেছে, গরীব চাষীরা যার সঙ্গে ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট সে সম্বন্ধে ২।১টা কথা বলতে চাই। আজকে পল্লীগ্রামে কি অবস্থা--চাষীদের যে জমি জমার দাম ছিল ২।৩ শ টাকা, সেগুলি এমন কি বাজারভাবে ৪০।৫০ টাকা বিঘা খরিদ করে চাষীদের অবস্থাপন্নেরা নিঃশেষ করে দিয়েছে। সেজন্য এই আইনটা খুব দরকার। এমন বহু চাষী আছে যাদের মোটেই

জমি নাই তারা অন্যের কাছ থেকে, যার ৫।৭ বিঘা জমি আছে তাদের কাছ থেকে এনে চাষ করে। কাজেই এদের জমির খুব দরকার হয়ে পড়েছে। এটা এই আইনের আওতায় পড়ে, তারা কিছু জমি পায় ত খুবই ভাল। কিন্তু এই আইনের ভয়ে তাহারা আর কাহাকে টাকা ধার দিবে না। তাই ২।৩ বিঘা জমিওয়ালাদেরও কষ্ট। তারপর পল্লীগ্রামে গভর্ণমেণ্টের এমন কোন ফাণ্ড নাই যা থেকে গরীবরা সাহায্য পেতে পারে। যাদের ৪।৫ বিঘা জমি আছে নানা কারণে অন্যভাবে সে জমিও বিক্রী হয়ে যাবে--এক বিঘার জায়গায় ২।৩ বিঘা চলে যাবে। সুতরাং গরীব লোককে বাঁচাতে হলে যাতে উপযুক্ত ব্যবস্থা থাকে সেদিকেও আইনে ব্যবস্থা থাকা দরকার।

**The Hon'ble Satyendra Kumar Basu**: Sir, the provisions of the principal Act are not now under review by this House and I shall, therefore, refrain from dealing with the same. Some of my friends have talked about the consideration for a transfer being limited to Rs. 550 or about the period of distress. Those matters were disposed of by the House when the principal Act was passed.

With regard to the time for making application, we thought that three months' time ending on 31st December, 1954, would be available for making the application. Government lost one month and 24 days by reason of the delay in receiving the assent of the President. Nevertheless, applicants have been allowed nearly three months' time to apply, and in fact, as I have informed the House, more than one lakh applications were filed.

One of my friends suggested that there should be discriminatory legislation, namely, all transfers in favour of zemindars should be set aside. That cannot be done having regard to the Constitution. Discriminatory legislation is not permissible The onus under the principal Act, as it should be, is on the applicant-transferor who applies for retransfer of property. Admissibility, relevancy and method of assessment of evidence are regulated by the provision of the Indian Evidence Act. All documents do not usually contain a recital as to the cause of transfer. Any recital as to the cause or purpose of a transfer may be rebutted and impugned by evidence. A recital is not an essential term of the contract and we can always lead evidence to show that the recital contained in any document is not correct and the court deciding the matter will have to decide on the weight of evidence. Therefore, I do not see any difficulty at all

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the West Bengal Alienation of Land (Temporary Provisions) (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed was then put and agreed to.

## Business for the 23rd.

**Mr. Speaker:** The remaining business, for today excepting the West Bengal Estates Acquisition (Amendment) Bill will be adjourned till tomorrow and from tomorrow's list already circulated three Bills have been postponed, viz.—

Bengal Finance (Sales Tax) Bill;

West Bengal Sales Tax (Amendment) Bill; and

Calcutta Improvement (Amendment) Bill.

They will not be taken up. Instead of these the West Bengal Land Reforms Bill will come up tomorrow. I hope the members will now co-operate and earn Saturday as holiday.

The House stands adjourned till 3 p.m. tomorrow.

## Adjournment.

The House was accordingly adjourned at 7-4 p.m. till 3 p.m. on Wednesday, the 23rd February, 1955, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 23rd February, 1955, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 180 members.

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[3—3-10 p.m.]

**Death of a State bus driver, Md. Issaque.**

***58. Dr. Narayan Chandra Ray:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state if it is a fact that on 12th June, 1954, a bus driver of the State Transport Department, named Md. Issaque, died while he was on duty?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what were the circumstances that led to the death of Md. Issaque;

(*ii*) what steps, if any, were taken by Government for medical help;

(*iii*) whether any compensation was paid to the family of the deceased; and

(*iv*) if so, the amount thereof?

**Minister-in-charge of the Medical and Public Health Department (the Hon'ble Dr. Amulyadhan Mukharji):** (*a*) Yes.

(*b*) (*i*) and (*ii*) Shri Issaque appeared to be quite normal when he came and signed for duty. He drove his vehicle to the gate and was waiting for his clearance at the gate control when he suddenly fainted. He was immediately removed to the Sagore Dutt Hospital for treatment and expired there.

(*iii*) and (*iv*) No compensation is admissible under the law. A sum of Rs.60, however, was paid to the family for funeral expenses and a nephew of the deceased has been given employment in the Directorate in order to render help to the family.

**Dr. Narayan Chandra Ray:** Could you tell me how old was Shri Issaque?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** I have not got that information with me. If you send me a notice, I will ascertain the fact and let you know.

**Dr. Narayan Chandra Ray:** Was there any history of heart attack or any blood pressure before?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** No such history was there.

**Dr. Narayan Chandra Ray:** What was the diagnosis?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** The post-mortem examination report revealed that he died of atropin poisoning. A trace of atropin was detected in his viscera.

**Dr. Narayan Chandra Ray:** Did it strike Government to be something unusual and whether any enquiry was made?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** An enquiry was held and it was revealed that he was in the habit of taking some drug because of his headache. What that drug was none of his relations could reveal. That was the information that was obtained in the enquiry.

**Dr. Narayan Chandra Ray:** Is that the reason why no compensation was paid?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** No. Under the rules no compensation is admissible and that is why compensation was not paid. He died of nothing in connection with the duty that he was carrying out.

**Dr. Narayan Chandra Ray:** Is it a fact that just because he died not because of anything in connection with his duty, nothing was paid?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** That is so.

### Lathi-charge on workers of Rampuria Cotton Mills, Mahesh.

***59. Sj. Ajit Kumar Basu:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact—

(*i*) that on 6th October, 1953, the workers of the Rampuria Cotton Mills, Mahesh, held a meeting inside the mill to demand Puja bonus from the management; and

(*ii*) that to disperse the meeting police resorted to lathi-charge and tear-gassing and some arrests were made on the spot?

(*b*) If the answers to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) by whose orders the police resorted to lathi-charge and tear-gassing on the workers;

(*ii*) what was the reason for such police action;

(*iii*) how many arrests were made in connection with this;

(*iv*) how many of them have been released since then and how many of them are still in jail; and

(*v*) how many persons, if any, are dead and how many persons wounded as a result of the said lathi-charge and tear-gassing?

(*c*) Will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether a number of workers were found missing after this incident;

(*ii*) if so, what is their number;

(*iii*) whether any departmental enquiry was made about the police action on that day; and

(*iv*) whether the Government consider the desirability of holding a judicial enquiry into the police action on that day?

**Minister-in-charge of the Labour Department (the Hon'ble Kali Pada Mookerjee):** (*a*) (*i*) There was no meeting on that day by the workers but they surrounded the office of the management demanding Puja bonus.

(*ii*) Yes, when the workers resorted to violence injuring about 50 police personnel.

(*b*) (*i*) Additional District Magistrate, Hooghly.

(*ii*) Does not arise in view of the reply given to (*a*)(*ii*) above.

(*iii*) 132.

(*iv*) 113 have been released and 19 are on bail. There is none in jail.

(*v*) None died. Seventy-one received injuries out of which 66 were discharged after first aid.

(*c*) (*i*), (*iii*) and (*iv*) No.

(*ii*) Does not arise.

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয়, বলবেন কি—যে পুলিস অফিসাররা যে ইনজিওরড্ হয়েছিল এখনো কারও কোন কনভিক্সন হয়েছিল কিনা?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

একটি কেস এখনও কোর্টেএ তদন্তাধীন আছে।

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি—ঐ কেসএ এফ, আই, আর কে ধরেছিলেন?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

তা বলতে পারব না, নোটিশ চাই।

**Sj. Monoranjan Hazra:**

আপনি বলবেন কি রামপুরিয়া কটন মিলসে ৬ই অক্টোবর তারিখে যে ঘটনা ঘটেছিল সে সময় শ্রীরামপুরএর এস, ডি, ও, শ্রীগোমেস ওখানে উপস্থিত ছিলেন?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

আমার জানা নেই।

**Sj. Monoranjan Hazra:**

একথা কি সত্য যে এস, ডি, ও শ্রীগোমেস একখানা চিঠি লিখে থানায় পাঠালে....

**Mr. Speaker:**

এ কোশ্চেন থেকে সেটা আসে না। আলাদা প্রশ্ন করলেন না কেন?

**Sj. Monoranjan Hazra:**

একথা কি সত্য যে শ্রীরামপুরএর এস, ডি, ও সেখানে উপস্থিত থাকা সত্বেও শ্রমিকরা সেখানে গোলমাল না করা সত্বেও তাদের চালান দেওয়া হয়?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

শ্রমিকরা ঘেরাও করেছিল, ইলেকট্রীক তার কাটে, টেলিফোনএর তার কাটে, বম্ ছোড়ে সে সব কি শান্তিপ্রিয় মনোভাবের লক্ষণ?

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন ঐ সব কাজ করার জন্যে কারও কনভিক্সন হয়েছে কিনা?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

এখনও বিচারাধীন আছে।

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি "আদালতে তদন্তাধীন" যে কথা বলছেন, আমি তার আসামী খালাস পেয়েছি?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

১৯ জন এখনও বিচারাধীন সেখানে আছে।

**Sj. Ambica Chakrabarty:**

সাপ্লিমেণ্টারী প্রশ্ন করবার আগে মাননীয় স্পীকার মহাশয়ের একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মন্ত্রীমহাশয় রিমার্ক করেছেন—তারা তার কেটেছিল, ইলেকট্রীক কেটেছিল সেই মামলা এখনও বিচারাধীন। এ সময় এরকম প্রেজুডিসড রিমার্ক করা কি ঠিক? আমরা করলে আপনি চেপে ধরতেন নিশ্চয়ই।

**Mr. Speaker:**

তা ঠিক, কিন্তু he has himself said *sub judice.*

**Sj. Ambica Chakrabarty:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে ৫০ জন পুলিস ইনজিওরড হয়েছিল, তার নেচার অব ইনজুরিটা কি?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

নেচার অব ইনজুরি বলতে পারব না।

**Sj. Ambica Chakrabarty:**

কতজন পুলিস বিকুইজিসন করা হয়ে ছিল?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

নোটিশ দিলে বলতে পারব।

**Sj. Monoranjan Hazra:**

বলবেন কি যে, যাদের এই সম্পর্কে ধরা হয়েছিল ইনভেষ্টিগেসন অফিসারএর সঙ্গে পরামর্শ না করে হুগলী জেল থেকে তাদের ৬২জনকে ছেড়ে দেওয়া হয়েছিল?

**Mr. Speaker:**

আপনি তো প্রেজিউম করে নিলেন, that is conditional.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

ওঁর মুস্কিল এই যে উনি আসামী ছিলেন।

**Sj. Monoranjan Hazra:**

আর এই মন্ত্রীমহাশয় আমাকে রাইটার্স বিল্ডিংসএ গ্রেপ্তার করেছিলেন।

**The Hon'ble Kali Pada Mookerjee:**

মিথ্যা কথা।

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে এই রামপুরিয়া কটন মিলসএর ব্যাপারে কোন ডিপার্টমেণ্টাল ইনকোয়ারি হয়েছিল কি না?

**The Hon'ble Kali Pada Mookerjee:** The whole case was before the Magistrate. So the question of a departmental enquiry does not arise.

**Sj. Monoranjan Hazra:**

এটা কি সত্য এ ডিপার্টমেণ্টাল ইনকোয়ারি—

**Mr. Speaker:**

উনি তো বললেন যে ডিপার্টমেণ্টাল ইনকোয়ারি হয়নি।

**Sj. Monoranjan Hazra:**

আমাদের মন্ত্রীমহাশয় অসত্য বলেছেন।

**Mr. Speaker:** You are giving information. It is not a supplementary question.

**Sj. Jyoti Basu:** Mr. Speaker, Sir,

মন্ত্রীমহাশয় অসত্য বললে আমাদের কি কোন উপায় আছে?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

আমি যা বলেছি তা সত্য।

**Mr. Speaker:**

আর কি করবার আছে, নো-কনফিডেন্স আনতে পারেন।

### Arrest of one Kalipada Dey of Howrah.

***60. Sj. Tarapada Dey:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(*a*) whether the Government is aware that Kalipada Dey of Howrah was arrested on 12th March, 1950;

(*b*) if so, for what offence;

(*c*) if it is a fact that he was not produced before the Court till 14th June, 1950;

(*d*)) is the Government aware of the judgment of the High Court of Calcutta with reference to the petition of Shri Tarapada Dey; and

(*e*) if so, what action Government has taken against the person concerned?

**The Hon'ble Kali Pada Mookerjee:** (*a*) Yes.

(*b*) For offences under sections 396/307, I.P.C. (Domjur P.S. Case No 7 of 1950).

(*c*) No He was produced before the Subdivisional Officer, Howrah, on 13th March, 1950.

(*d*) Yes, on a petition of Shri Kalipada Dey and *not* Shri Tarapada Dey

(*e*) The action taken was duly reported direct to their Lordships by the District Magistrates concerned.

[3-10—3-20 p.m.]

**Sj. Tarapada Dey:**

আপনি (সি) তে বলেছেন
"No. He was produced before the Subdivisional Officer, Howrah"
এবং (ঃ)তে বলেছেন "yes". মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি কে তাকে য্যারেষ্ট করেছিল এবং কোথায় করেছিল?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

তাকে পুলিসএ য্যারেষ্ট করে।

**Sj. Tarapada Dey:**

কোথায় য্যারেষ্ট করে?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

চণ্ডিতলায় য্যারেষ্টেড হয়।

**Sj. Tarapada Dey:**

কোন তারিখে?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

তারিখ বলতে পারিনা। নোটিশ চাই।

**Sj. Tarapada Dey:**

স্যার আমি প্রশ্ন করেছিলাম হোয়েন য়্যারেষ্টেড এ্যাণ্ড হোয়ার তাতে বলেছেন ১২ তারিখে অথচ এখন বলছেন তারিখ বলতে পারেন না।

**Mr. Speaker:**

আপনি তর্ক না করে প্রশ্ন করুন।

**The Hon'ble Kali Pada Mookerjee:** I have already stated that.

**Sj. Tarapada Dey:**

য়্যারেষ্ট হবার কতদিন পরে তাকে জেল কাষ্টডিতে পাঠান হয়েছিল।

**The Hon'ble Kali Pada Mookerjee:**

লেখা আছে।

He was produced before the Subdivisional Officer on the 13th March, 1950.

**Sj. Tarapada Dey:**

না, লেখা নেই। তিনি কি বলবেন যে কত দিন পর তাকে জেল কাষ্টডিতে পাঠান হয়েছিল?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

জেল কাষ্টডিতে কোর্ট থেকে পাঠায়। আমি জানি না।

**Sj. Tarapada Dey:**

একে কতদিন আই, বি, লক-আপএ রাখা হয়েছিল জানেন কি?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

আই, বি, অফিসএ রেখে দেয় বলে আমি জানি না।

**Sj. Tarapada Dey:**

আপনি (বি)তে বলেছেন

"for offences under sections 396/307, I.P.C. (Domjur P.S. Case."

এই কেসএর কোর্টএর রায় কি?

**The Hon'ble Kali Pada Mookerjee:** He was acquitted.

**Sj. Tarapada Dey:**

এই রকম মিথ্যা কেস কালীপদর নামে কতগুলি আনা হয়েছিল?

**Mr. Speaker:** That question does not arise out of this.

**Sj. Tarapada Dey:** How many false cases were instituted?

**Mr. Speaker:** That does not arise out of this.

**Sj. Tarapada Dey:**

তার একুইট্যালএর পরে তাকে ডেটেনিউ করে রাখা হয়েছিল কিনা?

**Mr. Speaker:** You could have put the question as to what took place after acquittal.

**Sj. Tarapada Dey:**

কালীপদ যখন জেলে গেল তখন তার বিরুদ্ধে আর কোন চার্জ আনা হয়েছিল কিনা?

**Mr. Speaker:** It is a different subject. It does not arise.

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, কালীপদ যখন জেলে ছিল তখন বাইরে অনুষ্ঠিত কোন ডাকাতীর ঘটনায় তাকে য়্যারেষ্ট করা হয়েছিল কিনা?

**The Hon'ble Kali Pada Mookerjee:**
বলতে পারি না।

**Sj. Ambica Chakraborty:**
কতদিন আণ্ডার ট্রায়ালএ ছিল দয়া করে বলবেন কি?

**The Hon'ble Kali Pada Mookerjee:**
সে আণ্ডার ট্রায়ালএ কতদিন ছিল বলতে পারি না, নোটিশ চাই।

**Sj. Tarapada Dey:**
কালীপদর নামে ডমজুর থানা থেকে কতগুলি কেস হয়েছিল?

**Mr. Speaker:**
যতগুলি কেস হয়েছে সবগুলিই এখানে বলতে হবে? আশ্চর্য।

**The Hon'ble Kali Pada Mookerjee:**
স্পেসিফিক কোশ্চেন দিলে আমি অনুসন্ধান করবো।

**Sj. Tarapada Dey:**
আপনি (বি)তে বলেছেন
"He was produced before the Subdivisional Officer, Howrah."
এবং বলেছেন "for offences under sections 396/307", আমি জিজ্ঞাসা করছি এই ধরণের আর কোন কেস কালীপদর নামে এসেছিল কিনা?

**Mr. Speaker:**
আপনি কোশ্চেন দিন তাহলে উনি উত্তর দেবেন।

**Sj. Ambica Chakraborty:**
কালীপদর একুইট্যালএর পর গভর্ণমেণ্টএর তরফ থেকে যে "ফলস্" মামলা করেছিল তার জন্য সেই অফিসার যে তাকে প্রসিকিউট করেছিল তার বিরুদ্ধে কোন তদন্ত হয়েছে কিনা?

**The Hon'ble Kali Pada Mookerjee:**
"ফলস্‌লি ইমপ্লিকেটেড" হয়েছে বলে আমার জানা নেই। ইনফরমেসনএর উপর কেস হয়েছিল এবং অনেক-সময় এভিডেন্সএর অভাবে একুইটেড হয়। "ফলস্‌লি ইমপ্লিকেটেড" হয়েছে বলে আমার জানা নেই।

**Sj. Ambica Chakraborty:**
এখানে
"Shri Kalipada Dey falsely implicated under section 396 and under section 307",
একথা জাজমেণ্টএ আছে কিনা?

**Mr. Speaker:**
তা উনি বলবেন কি করে?

**Sj. Ambica Chakraborty:**
এই কেসএ "ফলস্‌লি ইমপ্লিকেটেড" না হলেও তার একুইটালের কারণটা কি দয়া করে বলবেন কি?

**The Hon'ble Kali Pada Mookerjee:** Copy of the Judgment is not before me.

**Sj. Biren Banerjee:**

এখানে (ডি) এ্যাণ্ড (ই)তে প্রশ্ন করা হয়েছিল

Is the Government aware of the Judgment of the High Court of Calcutta with reference to the petition of Shri Tarapada Dey?"

তার আনসার হচ্ছে

"Yes, on a petition of Shri Kalipada Dey and not Shri Tarapada Dey"

তাহলে জাজমেণ্টটা কি আপনি জানেন না?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

"হেবিয়াস করপাস" পিটিসন করা হয়েছিল এবং তারপর এই পিটিসনএর উপর হাইকোট থেকে অবিলম্বে একটা অর্ডার দেওয়া হয় এবং সেই অর্ডারএর কথাই বলা হয়েছে।

**Sj. Biren Banerjee:** What is the order?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

হাইকোর্ট অর্ডার দিয়েছিল যে "হেবিয়াস করপাস"এ তাকে রিলিজ করে দেওয়া হোক।

**Sj. Tarapada Dey:**

কালিপদ কোন বিরুদ্ধ রাজনৈতিক দলের বলে....

**Mr. Speaker:** That is not allowed.

**Sj. Biren Banerjee:**

(ই) প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে

"The action taken was reported direct to the Lordships by the District Magistrates concerned."

এখানে,

What action Government has taken,

এক্সনটা কি?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

এক্সনটা হচ্ছে, যে এসিসট্যাণ্ট সব-ইনসপেক্টর এই কেসটা প্রডিউস করেছিল সে দেরী করে প্রডিউস করেছিল যার জন্য তাকে ডিগ্রেড করে দেওয়া হয়। একথা কোর্টকে জানান হয়েছিল এবং হাইকোট এটা এ্যাকসেপ্ট করেন।

**Sj. Biren Banerjee:**

মন্ত্রীমহাশয়ের জবাবের মধ্যেই আছে যে কোর্টএ প্রডিউস করা হয় ১৩ তারিখে, এবং এ্যারেষ্ট করা হয় ১ তারিখে। তাহলে মাত্র ২৪ ঘণ্টা দেরী করার জন্য সেই এ্যাসিসট্যাণ্ট সব-ইনসপেক্টর ডিগ্রেড হ'ল কেন?

**The Hon'ble Kali Pada Mookerjee:** He was degraded for certain act of omission and commission.

**Sj. Biren Banerjee:** What are they?

**Mr. Speaker:** That does not arise out of this.

### Government advertisements in "Damodar" magazine of Burdwan.

***61. Sj. Haripada Baguli:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) বর্ধমান হইতে প্রকাশিত "দামোদর" পত্রিকায় নিয়মিতভাবে স্থানীয় সরকারী বিজ্ঞাপন দেওয়া হইত এবং

(২) বর্তমানে উক্ত পত্রিকায় সরকারী বিজ্ঞাপন দেওয়া বন্ধ করা হইয়াছে।

(খ) যদি* (ক) প্রশ্নের উত্তর হাঁা হয়, তাহা হইলে মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি কারণে উক্ত বিজ্ঞাপন দেওয়া বন্ধ হইয়াছে,

(২) কাহার নির্দেশে উহা বন্ধ করা হইয়াছে,

(৩) বর্ধমানের কোন পত্রিকায় সরকারী বিজ্ঞাপন দেওয়া হয় কিনা, এবং

(৪) হইয়া থাকিলে, সেই পত্রিকার নাম কি?

**The Deputy Minister-in-charge of Publicity and Public Relations Department (Sj. Copika Bilas Sen Gupta):**

(ক) (১) হাঁা, প্রয়োজনবিশেষে।

(২) হাঁা।

(খ) (১) রাষ্ট্রের পরিপন্থী নীতি অবলম্বনের জন্য।

(২) সরকারের আদেশে।

(৩) হাঁা, দেওয়া হয়।

(৪) "বর্ধমানের কথা", "বর্ধমান বাণী", "বর্ধমান", "বর্ধমানের ডাক", "কাটোয়া বার্তা", "পল্লীবাসী" (কাটোয়া, "বঙ্গবাণী" ও "আসানসোল হিতৈষী" (আসানসোল), "আর্য্য" (বর্ধমান) এবং "শ্রী"।

**Sj. Haripada Baguli:**

আপনি (খ)(১)এ বলেছেন "রাষ্ট্রের পরিপন্থী নীতি অবলম্বনের জন্য"; এখানে এই "দামোদর" পত্রিকা রাষ্ট্রের পরিপন্থী কি কি নীতি অবলম্বন করেছিল?

**Sj. Copika Bilas Sen Cupta:**

যে সমস্ত কাগজ গভর্ণমেণ্টএর বিরুদ্ধে লেখে, যাদের লেখার দ্বারা রাষ্ট্রের মধ্যে রাষ্ট্র বিরোধী মনোভাবের সঞ্চার হয় সেই নীতিকেই রাষ্ট্রের পরিপন্থী বলা হয়।

**Dr. Atindra Nath Bose:**

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলতে চাচ্ছেন যে সরকার বিরোধী নীতি মানেই রাষ্ট্র পরিপন্থী?

**Sj. Copika Bilas Sen Cupta:**

যে নীতি রাষ্ট্র বিরোধী মনোভাব জনসাধারণের মনে সঞ্চার করে সেই নীতিই রাষ্ট্রের পরিপন্থী।

[3-20—3-30 p.m.]

**Dr. Atindra Nath Bose:**

মাননীয় মন্ত্রীমহাশয় এই "দামোদর" থেকে রাষ্ট্রীয় পরিপন্থী নীতির দু-একটা দৃষ্টান্ত দিবেন কি?

**Sj. Copika Bilas Sen Cupta:**

দৃষ্টান্ত এখানে দেওয়া যায় না।

**Dr. Atindra Nath Bose:**

"দামোদর" কি ভাবে রাষ্ট্রীয় পরিপন্থী নীতি প্রচার করেন? সরকারী নীতির বিরোধিতা এবং রাষ্ট্রীয় পরিপন্থী নীতি অবলম্বন এ দুটোর মধ্যে কোন পার্থক্য আছে মনে করেন কি না?

**Mr. Speaker:** That is a matter of opinion.

**Sj. Tarapada Bandopadhyay:**

এই রাষ্ট্রীয় পরিপন্থী নীতির জন্য "দামোদর" এর বিরুদ্ধে কোন রাষ্ট্রদ্রোহিতার মামলা আনা হয়েছিল কি?

**Sj. Copika Bilas Sen Cupta:**

না।

**Sj. Tarapada Bandopadhyay:**

কেন হয় নি?

**Sj. Gopika Bilas Sen Gupta:**

প্রয়োজন হয় নাই।

**Sj. Sudhir Chandra Das:**

সরকারের বিরুদ্ধ সমালোচনাকে তিনি রাষ্ট্রবিরোধী নীতি বলে মনে করেন কিনা?

**Sj. Gopika Bilas Sen Gupta:**

না।

**Sj. Gangapada Kuar:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি কতদিন থেকে এই "দামোদর" পত্রিকা রাষ্ট্র বিরুদ্ধ নীতি অবলম্বন করেছে?

**Sj. Gopika Bilas Sen Gupta:**

নোটিশ চাই।

**Sj. Tarapada Bandopadhyay:**

"দামোদরের" রাষ্ট্রীয় পরিপন্থী নীতি অবলম্বন করায় কোন রাষ্ট্র বিরোধী আন্দোলন বা কার্য্য অনুষ্ঠিত হয়েছে কি না?

**Sj. Gopika Bilas Sen Gupta:**

কোন আন্দোলন হয়েছে কি না, জানি না।

**Sj. Tarapada Bandopadhyay:**

কোন রাষ্ট্রীয় বিরোধী কাজ অনুষ্ঠিত হয়েছে কি না?

**Sj. Gopika Bilas Sen Gupta:**

কোন রাষ্ট্রীয় বিরোধী কাজ হতে পারে এই আশঙ্কায়।

**Sj. Tarapada Bandopadhyay:**

ম্যাকচুয়ালি তা হয়েছে কি?

**Sj. Gopika Bilas Sen Gupta:**

হয় নাই।

**Sj. Biren Banerjee:**

এটা কি মাননীয় মন্ত্রীমহাশয় জানেন যে পার্লামেণ্টে পণ্ডিত নেহেরু স্বীকৃতি দিয়েছেন,—গভর্ণমেণ্ট বিরোধী কাগজেও ম্যাডভার্টাইজমেণ্ট দেওয়া হবে?

**Mr. Speaker:**

একথা কি করে এখানে আসে? এটা একটা High question of Policy? That does not arise.

**Sj. Ambica Chakraborty:**

এই ফ্রীডম অফ প্রেস কনষ্টিটিউসনে থাকা সত্বেও এই কাগজের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

**Mr. Speaker:**

এটা তো matter of opinion. That is not a question of fact.

**Dr. Atindra Nath Bose:**

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন,—যে বিজ্ঞাপন বিলি করে পত্রিকার মারফতে সরকারী নীতি সমর্থন করবার নীতি অনুসরণ করেন কি না?

**Sj. Gopika Bilas Sen Gupta:**

না।

### Relief to victims of Cooch Behar police firing.

***62. Dr. Kanailal Bhattacharya:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state whether any person died or received injuries as a result of the Cooch Bhar firing in 1951?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether Government have given or propose to give any relief to the members of the families of deceased or to the persons injured; and

(*ii*) if so, the nature of relief?

**The Chief Minister and Minister-in-charge of the Home Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy):** (*a*) Yes. Five persons died and 32 were injured.

(*b*)(*i*) No such prayer has been received either from any member of the families of deceased or from any injured persons.

(*ii*) Does not arise.

**Sj. Hemanta Kumar Basu:** With reference to answer (*b*)(*i*), is Government prepared to give them relief if they apply for the same?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Let them apply—we shall certainly consider.

### Travelling by bus without fare by police officers of Chatal.

***63. Sj. Jatish Ghosh (Chatal):** With reference to the reply to the supplementary question arising out of the reply to the starred question No. 12, dated the 18th February, 1954, will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(ক) গত ৩০।৩।৫৩ তারিখে ও-সি, ঘাটাল, প্রাতে ৭-৩০ মি: বাসে ঘাটাল মোটর স্ট্যাণ্ড হইতে বিনা টিকিটে গিয়াছিলেন কিনা;

(খ) গত ২।৬।৫৩ তারিখে ঘাটাল থানার দ্বিতীয় অফিসার বীরপাই হইতে বিনা টিকিটে ঘাটাল আসিয়াছিলেন কিনা,

(গ) গত ১৪।৬।৫৩ তারিখে ঘাটাল থানার পূর্বতন ও-সি ও বর্তমান তমলুক মহকুমার কোন থানার অফিসার শ্রীকিরীটি মুখোপাধ্যায় মহাশয় ঘাটাল বাস এসোসিয়েসন-এর মেদিনীপুর বাস স্ট্যাণ্ড হইতে ঘাটাল বাস এসোসিয়েশন-এর গাড়ীতে প্রথম শ্রেণীর যাত্রী হিসাবে মেদিনীপুর হইতে ঘাটাল আসিয়াছিলেন কিনা; এবং

(ঘ) ২৪।৯।৫৩ তারিখে এডিসন্যাল এস-পি এবং তাঁহার সহিত এম১৪৭নং জনৈক কনেস্টেবল ঘাটাল বাস এসোসিয়েশন-এর ঘাটাল বাস স্ট্যাণ্ড হইতে প্রাতে ৭-৩০ মি: মোটর বাসে বিনা টিকিটে গিয়াছিলেন কিনা?

**Deputy Minister-in-charge of the Home (Defence) Department (Sj. Satyendra Chandra Ghosh Maulik):**

না।

**Sj. Jatish Ghosh:**

এই যে উত্তরে 'না' বলেছেন এটা কোথা থেকে জানলেন?

**Sj. Satyendra Chandra Ghosh Maulik:**

সরকারী তথ্য থেকে।

**Sj. Jatish Ghosh:**

সরকার কি কোন অনুসন্ধান এ সম্পর্কে করেছিলেন?

**Sj. Satyendra Chandra Ghosh Maulik:**

হ্যাঁ, অনুসন্ধান করার পরে এই তথ্য সংগৃহীত হয়েছে।

**Sj. Jatish Ghosh:**

আপনি কি অবগত আছেন যে ঘাটাল থেকে ঐদিনে তিনি চন্দ্রকোণা রোডে গিয়েছিলেন?

**Mr. Speaker:**

আপনি তো জানেন। আবার প্রশ্ন করেছেন কেন? উনি তো "না" বলেছেন?

**Sj. Jatish Ghosh:**

উনি তো মিথ্যা কথা বলছেন।

**Mr. Speaker:**

তা হলে আপনি নো কনফিডেন্স আনুন। প্রশ্ন করেছেন কেন?

**Sj. Ambica Chakrabarty:**

পুলিশ অফিসাররা সাধারণতঃ ট্রামেবাসে চড়ে, ভাড়া দেয় না—এর কোন কমপ্লেণ্ট মন্ত্রীমহাশয় পেয়েছেন কি না?

**Mr. Speaker:** General question, but this is a specific question.

[No reply.]

## UNSTARRED QUESTIONS

### (answers to which were laid on the table)

### Arrest of cloth dealers at Contai town by Anti-Corruption Branch police.

37. **Sj. Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) গত ২০শে জুন, ১৯৫৪ তারিখে কাঁথি শহরে তাঁত কাপড়ের লাইসেন্স আছে কি না পরীক্ষা করিবার জন্য দুর্নীতি দমন বিভাগের কর্মচারীরা স্থানীয় তাঁত কাপড় ব্যবসায়ীদের দোকান তল্লাস করিয়াছিল,

(২) ঐ তারিখে কাঁথি শহরে কাঁথি কো-অপারেটিভ ব্যাঙ্ক পরিচালিত তাঁতবস্ত্র বিক্রয়কেন্দ্র নামক দোকানেও ঐরূপ তল্লাস হইয়াছিল, এবং

(৩) লাইসেন্স থাকা সত্ত্বেও তৎক্ষণাৎ লাইসেন্স দেখাইতে না পারায় ব্যবসায়ীদের গ্রেপ্তার করা হইয়াছিল, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কত জনকে (৩)-এ বর্ণিত অপরাধে গ্রেপ্তার করা হইয়াছিল এবং কত জনকে থানায় আটক রাখা হইয়াছিল,

(২) ঐ কো-অপারেটিভ ব্যাঙ্ক চালিত দোকানের কর্মচারীরা লাইসেন্স দেখাইতে সমর্থ হইয়াছিল কি না,

(৩) ঐ ব্যাঙ্ক পরিচালিত দোকানের আদৌ লাইসেন্স আছে কি না, এবং

(৪) না থাকিলে, ঐ ব্যাঙ্কের দোকানের কোন কর্মচারীকে গ্রেপ্তার করা হইয়াছিল কি না?

**Minister-in-charge of the Co-operation Department (the Hon'ble Prafulla Chandra Sen):**

(ক) হ্যাঁ।

(খ) (১) সাত জনকে। থানায় কাহাকেও আটক রাখা হয় নাই। জামিনদার আসার সঙ্গে সঙ্গেই প্রত্যেককেই জামিনে মুক্তি দেওয়া হইয়াছিল।

(২) ও (৩) না।

(৪) হ্যাঁ, দুইজনকে।

**Sj. Sudhir Chandra Das:**

এই যে খ-(১)এর উত্তরে বলেছেন থানায় কাহাকেও আটক রাখা হয় নাই। মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই গ্রেপ্তার কখন করা হয়েছিল এবং কখনই বা তাদের জামিন দেওয়া হয়েছিল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

গ্রেপ্তার করে থানায় নিয়ে আসার পর জামিন দেওয়া হয়।

**Sj. Sudhir Chandra Das:**

একথা কি আপনি জানেন যে তাদের সকাল সন্ধ্যায় গ্রেপ্তার করে রাত্রি থানায় রেখে দেওয়া হয়?

**Mr. Speaker:**

আপনি জানেন তো আবার কনফার্মেশনের জন্য প্রশ্ন করছেন কেন?

**Sj. Sudhir Chandra Das:**

এই যে খ-(৪)এ বলেছেন দুজনকে গ্রেপ্তার করা হয়েছিল, মন্ত্রীমহাশয় জানাবেন কি তাদের গ্রেপ্তার করে থানায় আনা হয়েছিল কি না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

নিশ্চয়ই। গ্রেপ্তার করে থানায় আনা হয়।

**Sj. Sudhir Chandra Das:**

একথা আপনি জানেন কি তাদের অ্যারেষ্ট করা হয় নাই, থানায়ও আনা হয় নাই?

**Mr. Speaker:**

আপনি তো জানেন। আবার প্রশ্ন কেন?

**Sj. Sudhir Chandra Das:**

এই যে খ(৪)এ বলেছেন "হাঁ", তাদের দুজনকে কি দণ্ড দেওয়া হয়েছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

প্রশ্ন করলেন, পরে উত্তর দেব। নোটিশ চাই।

## Punitive tax imposed in police-station Daspur, Midnapore, in 1930.

**38. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state

(ক) ১৯৩০ সালে মেদিনীপুর জেলার অন্তর্গত দাসপুর থানায় চেচুয়াহাটে উক্ত থানা এলাকায় যে পিউনিটিভ ট্যাক্স ধার্য করা হইয়াছিল, সেই বাবদ কত টাকা আদায় করা হইয়াছিল, এবং

(খ) আদায়ীকৃত টাকা দ্বারা চেচুয়া শহীদদের স্মৃতিরক্ষার্থে ঐ স্থানে একটি মাতৃসদন ও শিশুমঙ্গল প্রতিষ্ঠান স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

**Minister-in-charge of the Medical and Public Health Department (the Hon'ble Dr. Amulyadhan Mukharji):**

(ক) ৩১,৩৮৭৮৬ পাই।

(খ) এই অর্থ তদানীন্তন বৃটিশ সরকার কর্তৃক আদায় হইয়া বাযিত হইয়াছে। কোনও সময়ে তখনকার বা বর্তমান গভর্ণমেণ্টের নিকট এইস্থানে মাতৃসদন ও শিশুমঙ্গল প্রতিষ্ঠান স্থাপনের অনুরোধ আসে নাই।

**Sj. Mrigendra Bhattacharjya:**

ঐস্থানে শহীদের স্মৃতি রক্ষাকল্পে এখন সরকারের কোন নিজস্ব পরিকল্পনা আছে কি না?

**Mr. Speaker:**

পিউনিটিভ ট্যাক্স-র আবার পরিকল্পনা কি?

**Sj. Mrigendra Bhattacharjya:**

তা না স্যার, ঐ শহীদদের স্মৃতি রক্ষার কোন পরিকল্পনা আছে কি না?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

ঐ অঞ্চলে একটা স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করার বিষয় বিবেচনা করা হচ্ছে।

**Dr. Narayan Chandra Ray:**

১৯৩০-৩১ সালে আদায় করা পিউনিটিভ ট্যাক্স ও অন্যান্য বাজেয়াপ্ত করা জিনিষপত্র ফেরৎ দেবার কোন নীতি সরকারের ছিল কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

তখন কি ছিল জানি না।

**Dr. Narayan Chandra Ray:**

এখন আছে কি না?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

১৯৩০ সালের নীতি আজ ১৯৫৫ সালে বিবেচনা করা দরকার করে না।

**Dr. Narayan Chandra Ray:**

ঐ আদায়ীকৃত অর্থ অনেক জায়গায় ফেরৎ দেওয়া হয়েছে সেটা জানেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এর মধ্যে ২৯ হাজার টাকার উপর ডিসবার্স করা হয়ে গেছে। আর বাকী টাকা বৃটিশ সরকার কিভাবে খরচ করেছেন তা বলতে পারি না।

**Dr. Narayan Chandra Ray:**

এই আদায় করা টাকা বোম্বে ও অন্যান্য জায়গায় ফেরৎ দেওয়া হয়েছে, এটা আপনি জানেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সে কথা আমি বলতে পারবো না। আমাদের এখানে দেওয়া হয় নাই।

## Barison Printing Works, Calcutta.

**39. Sj. Saroj Roy:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state if it is a fact that Messrs. Barison Printing Works of 285, Bowbazar Street, Calcutta, are given printing orders by the State Transport Department?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether tenders are called before giving each printing order.

(*ii*) whether each printing order is sanctioned by the Publicity Department of the Government of West Bengal; and

(*iii*) if not, the reasons for the same

**Deputy Minister-in-charge of Publicity Department (Sj. Gopika Bilas Sen Gupta):** (*a*) Yes, of small value.

(*b*)(*i*) No, because the works were urgent.

(*ii*) and (*iii*) No, because the Publicity Branch has no jurisdiction.

**Sj. Saroj Ray:**

এই যে (বি)তে আছে, এই আর্জেণ্ট ওয়ার্কের কারণ ছাড়া, আর কোন বিশেষ কারণ ছিল কি না?

**Sj. Gopika Bilas Sen Gupta:** There were emergent reasons—in view of the emergent circumstances necessitating printing of posters, etc., for notifying certain changes in service, introduction of special service, etc.

**Sj. Biren Banerjee:**

এই পার্টিকুলার একটা অর্ডার যেটা দেওয়া হয়েছিল এটা কত টাকা।

**Sj. Gopika Bilas Sen Gupta:** Since August, 1953, the firm was given orders to the total value of Rs. 1,353 only.

**Sj. Biren Banerjee:**

এটা কি একবারে দেওয়া হয়েছিল, না, বারে বারে দেওয়া হয়েছিল?

**Sj. Gopika Bilas Sen Gupta:** Several times.

**Sj. Biren Banerjee:**

প্রত্যেক বারেই কি এমার্জেন্সির জন্য দেওয়া হয়েছিল?

**Sj. Gopika Bilas Sen Gupta:** Whenever emergency arose, such orders were given. That was the order of the Government. The Director of Transportation had obtained Government orders for local printing of non-standard forms owing to irregularity and short supply from the Government of West Bengal Press.

**Sj. Subodh Banerjee:**

এই যে কোশ্চেন (এ)তে বলা হয়েছে

If it is a fact that Messrs Barison Printing Works are given printing orders.

আর আপনি এখানে উত্তর একটা দিয়েছেন

"b-a) No, because the works were urgent."

এখন আমার প্রশ্ন হচ্ছে এই কোম্পানীকে অর্ডার দেওয়া হয়ে থাকে কিনা, তার জবাবে বলেছেন "হাঁ", আর এই জায়গায় বলেছেন আর্জেন্ট ছিল। তাহলে ভবিষ্যতে বা বর্তমানে সেখানে কিভাবে চাওয়া হবে কি?

**Sj. Gopika Bilas Sen Gupta:** Whenever such emergency arises, such orders are given, if it is a small-scale order.

**Sj. Biren Banerjee:**

এমার্জেন্সীর সময় এই কোম্পানীকে ষ্টেট ট্রান্সপোর্ট কর্তৃপক্ষ অর্ডার দেন, অন্য কোন কোম্পানীকে কি সে অর্ডার দেওয়া যায় না?

**Sj. Gopika Bilas Sen Gupta:** That is for the Transport Department to decide since this particular firm is near about the Traffic office.

[3-30—3-40 p.m.]

**Sj. Biren Banerjee:**

এমার্জেন্সীর সময় শুধু বারিসন প্রিন্টিং ওয়ার্কসকে অর্ডার দেন না অন্য কোন ফার্মকেও দেন।

**Sj. Gopika Bilas Sen Gupta:** No.

**Sj. Biren Banerjee:**

এই বারিসন প্রিন্টিং ওয়ার্কসের প্রোপ্রাইটার কে?

**Sj. Gopika Bilas Sen Gupta:**

জানি না।

## Theft by breaking seal of railway wagons between Kharagpur and Danton railway stations.

**40. Sj. Surendra Nath Pramanik:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত খড়্গপুর হইতে দাঁতন স্টেশন পর্য্যন্ত পুরি রেল লাইনে গত ১৯৪৭ সাল হইতে ১৯৫৩ সাল পর্য্যন্ত প্রতিবৎসরে লুণ্ঠনকারীরা গাড়ীর শীল ভাঙ্গিয়া কতবার মাল লুণ্ঠন করিয়াছে;

(খ) ঐরূপ লুণ্ঠিত মালের মোট মূল্য কত; এবং

(গ) উক্ত লুণ্ঠনকারী দমনের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister-in-charge of the Labour Department (The Hon'ble Kali Pada Mookerjee):**

(ক) ১৭১ বার।

(খ) ৪,৫২,৭৭৩৷৶৩ আনা।

(গ) ২১ জন সন্দেহজনক ব্যক্তিকে রেল লাইন পাহারা দিবার জন্য বিশেষ আবক্কিক নিযুক্ত করা হইয়াছে। ২ জন রেলপুলিশ প্রায় প্রত্যহ দাঁতন রেল স্টেশনে পাহারা দিবার জন্য পাঠান হয়। এ ছাড়া গোপন পাহারা এবং স্থানীয় পুলিসের সহযোগিতায় বিশেষ পাহারা দিবার ব্যবস্থা করা হইয়াছে। খড়্গপুর রেলওয়ে এলাকায় কয়েকজন গোয়েন্দা পুলিসও নিযুক্ত করা হইয়াছে।

**Sj. Gangapada Kuar:**

মন্ত্রীমহাশয় (ক) উত্তরে বলেছেন "১৭১ বার।" ১৯৫৩ সালের পর থেকে ঐ বিশেষ ব্যবস্থা অবলম্বনের পর থেকে আর কোন শীল ভাঙ্গা হয়েছে কিনা?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

সংখ্যা বহু কমে গেছে, যে সংখ্যা আমার কাছে আছে তা থেকে দেখা গেছে শীল ভাঙ্গা কমেছে।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

দাঁতন রেল ষ্টেশন পাহারা দিচ্ছে এর মানে কি? রেল ষ্টেশন না রেল লাইন?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

এটার মানে রেল লাইনই পাহারা দিচ্ছে। এনি ষ্টেশন মানেই এখানে রেল লাইন। খড়্গপুরকে সেণ্টার করে এমন অবস্থা হয়েছে যে স্পেশাল ষ্টাফ এপয়েণ্ট করতে হয়েছে রেল লাইন পাহারা দেবার জন্য, এবং ২১জন লোককে রাখা হয়েছে যারা রেলওয়ে লাইন পাহারা দিচ্ছে।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

মূল্যবান জিনিষ যে যে ওয়াগনগুলিতে থাকে, সেগুলি তারা ধরতে পারে কি করে?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

চুরি যারা করে সে তারাই বলতে পারে কি করে ধরে।

**Sj. Natendra Nath Das:**

মাননীয় মন্ত্রীমহাশয় (ক) প্রশ্নের উত্তরে বলেছেন "১৭১ বার", প্রত্যেক বছরেই কি ঐ ১৭১ বার মাল লুণ্ঠন করা হয়েছে?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

সব কয় বছর মিলিয়ে ১৭১ বার।

**Sj. Natendra Nath Das:**

যারা লুণ্ঠন করেছে তাদের বিরুদ্ধে কোন কেস হয়েছিল কি? এবং কেস হয়ে থাকলে তারা সাজা পেয়েছিল কি?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

অনেকগুলি কেস হয়েছিল। রাত্রি বেলায় যারা চুরি করে তারা সাক্ষী রেখে শীল ভাঙে না, কাজেই সাক্ষীর অভাবে সাজা হয় নাই। কিন্তু তাদের দ্বারা সেই কাজ বন্ধ করার জন্য তাদের স্পেশাল কনেষ্টবল করা হয়েছে তারা আদালত থেকে খালাস পাবার পর।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

রেল লাইনের পার্শ্ববর্তী লোকদের তারা সন্ত্রস্ত করে রাখছে একথা মন্ত্রীমহাশয় জানেন কি?

**Mr. Speaker:**

এখানে এ প্রশ্ন উঠে না।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

এমন কি তাদের ঘরে আগুণ লাগিয়ে দিতে পারে, মন্ত্রীমহাশয় তার কোন প্রতিকার—

**Mr. Speaker:**

এই প্রশ্নের সম্পর্কে একথা ওঠে না—

That is a request for action.

**The Hon'ble Kali Pada Mookerjee:**

আপনার প্রশ্নটা কি? একটা স্পেসিফিক কোশ্চেন করুন।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

আমার প্রশ্নটা হচ্ছে লাইনের পাশে যাদের বাড়ী তাদের তারা এত সন্ত্রস্ত করে রেখেছে যে তারা ইচ্ছা থাকলেও কোন খবর দেয় না এটা সত্য কিনা?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

আমার একথা জানা নাই সন্ত্রস্ত করে রেখেছে কিনা। যারা সন্ত্রস্ত হয়েছে তারাও কোন আবেদন জানায় নাই। তাদের সাহায্য করার জন্য জনমত গঠন করা হয়েছে, তা জ্ঞানবাবুও জানেন, আমাকে ডেকে নিয়ে গিয়েছিলেন সেখানে জনতার মধ্যে এবং তার ফলে সে সব কেস অনেক হ্রাস পেয়েছে যে লিষ্ট পেয়েছি তা থেকে বলতে পারি একথা জ্ঞানবাবুও জানেন।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

হ্যাঁ, আমি তা জানি। কিন্তু আবার আরম্ভ হবার সুত্রপাত হয়েছে সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Speaker:**

জানিয়ে দিন—দৃষ্টি আকর্ষণ করুন, কিন্তু উত্তর চাইবেন না।

**The Hon'ble Kali Pada Mookerjee:**

সরকারের দৃষ্টি আকর্ষণের অপেক্ষা জনমত গঠনই এসব থেকে অধিকতর ফলপ্রদ।

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি স্পেশাল কনেষ্টবল যে করা হয়েছে তারপর আর কোন চুরির ঘটনা হয়েছে কি?

**Mr. Speaker:**

উনিত বলেইছেন, কমে গেছে।

**Sj. Surendra Nath Pramanik:**

মাননীয় মন্ত্রীমহাশয় ১৭১ বার লুণ্ঠন হয়েছে জানিয়েছেন, আমি জানতে চাই এর সঙ্গে স্থানীয় পুলিশের কোন যোগাযোগ ছিল এরকম কোন খবর মন্ত্রী মহাশয়ের আছে কিনা?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

না, আমার এরকম খবর নাই।

**Sj. Saroj Roy:**

সংবাদপত্রে এই রকম রিপোর্ট বেরিয়েছিল যে ওয়াগন যে লুট হয়েছে তার এক একটা ওয়াগন ভর্ত্তি সাইকেল ছিল সেগুলি পুলিসের দ্বারা ডিটেকটেড হয় নাই কেন?

**Mr. Speaker:** No supplementary question can be based on newspaper reports. Put your question on this.

**Sj. Cangapada Kuar:**

মাননীয় মন্ত্রীমহাশয় (গ) প্রশ্নের উত্তরে বলেছেন যে ২১ জন সন্দেহজনক ব্যক্তিকে রেলওয়ে লাইন পাহারা দেবার জন্য বিশেষ আরক্ষিক নিযুক্ত করা হইয়াছে। ঐ যে ২১ জন ওরা কি আগে রেলওয়ে এমপ্লয়ি ছিল?

**The Hon'ble Kali Pada Mookerjee:**

তা আমি বলতে পারব না। তারা কেসে অভিযুক্ত হয়, তারপর কেস থেকে খালাস হবার পরে তাদের স্পেশাল কনেষ্টবল নিযুক্ত করা হয়েছে।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন তাদের স্পেশাল কনেষ্টবল করেছেন, তাহলে তাদের কি হুকুম দেবেন পুলিশের ডিউটি করার জন্য?

**Mr. Speaker:** That is a request for action

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

গঙ্গাপদবাবুর রিকোয়েষ্টটা হল বিদেশীর উপর পুলিশ অফিসারদের খুব নজর রাখার সম্বন্ধে।

**Mr. Speaker:** That is a request for action. Questions over.

## GOVERNMENT BILLS.

### The West Bengal Premises Rent Control (Temporary Provisions) (Amendment) Bill, 1955.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to introduce the West Bengal Premises Rent Control (Temporary Provisions) (Amendment) Bill, 1955.

(Secretary then read the short title of the Bill.)

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the West Bengal Premises Rent Control (Temporary Provisions) (Amendment) Bill, 1955, be taken into consideration.

Sir, legislation as regards control of rent, eviction of tenants and incidental matters started from 1920 with the Calcutta Rent Act. There was a series of legislation during last war followed by the Act of 1948: and lastly, the Act of 1950 was passed. Each legislation was found to be vulnerable and gave rise to conflicting decisions. Even the last Act has shown infirmities. A tentative draft Bill has been prepared, but it is essential to study the methods and the scheme adopted in other Provinces in order finally to decide what should be the best form of legislation so as to protect both the landlords and the tenants. The question is what are the rights to be protected or which should be given to the tenants, and likewise what should be the rights of the landlords. There is great scarcity of accommodation. Houses purely for the purpose of letting them out are not being constructed on any large scale with the result that shortage of accommodation which is already acute is gradually increasing. Therefore, it is to be considered what should be done in order to give an impetus to the construction of new buildings in order to relieve the situation. It is, therefore, essential to determine what rights should be given to the tenants, the landlords and the sub-tenants, and to what extent relief should be given to each. We have to consider whether this Act should be a permanent Act or a temporary Act. We may consult other members of the House before we bring in a substantive Bill to replace the present Act.

**Sj. Tarapada Bandopadhyay:** Sir, I beg to move that the West Bengal Premises Rent Control (Temporary Provisions) (Amendment) Bill, 1955 be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1955.

**Dr. Atindra Nath Bose:** Mr. Speaker, Sir, this Bill seeks to extend the life of the existing Act by another year. According to the Government as mentioned in the Statement of Objects and Reasons there are certain grave defects in the Bill. Sj. Ray Choudhuri has quoted judicial opinion extensively during the discussion of the Governor's speech to show how badly this Bill was drafted. Particularly, the Act does not give any security whatsoever to the tenants. According to section 48, sub-section (*3*), a tenant is liable to be evicted if he has defaulted in payment of two months' rent on three occasions within a period of 18 months. Now this means that if a person has to pay the rent on the 15th January and if he pays it on the 16th he is regarded as a defaulter and is according to this section 48, sub-section (*3*), regarded as a defaulter even if he has paid rent but not in time, and he is liable to eviction for such default on three occasions in a period of 18 months.

[3-40—3-50 p.m.]

Now it should be provided at least that the defaulting tenant should be informed about every case of default by the landlord. This Act has conferred on landlords unlimited powers of ejectment. They can easily obtain ejectment orders from courts on the pretext of late payment of rent for which very often they themselves are responsible. The tenant should be given a last-minute chance as the practice is in Bombay to pay rent with interest and other costs.

**Mr. Speaker:** They are not touching any of the clauses. They are only extending the time.

**Dr. Atindra Nath Bose:** My question is why did the Government sleep over the present Act and did not bring a comprehensive Bill during this session There is still time, by the 31st March they should bring a new Bill, a substantive Bill which will remove these glaring defects in the present Bill. I appeal to them to bring the Bill during this session by the 31st March so as to rectify the great defects and so as to save the cases of thousands of tenants who are facing eviction under orders of the court. What will happen to these tenants whose cases are now pending before the court for three defaults in the course of 18 months. What are the Government going to do to save these tenants whose cases are now pending before the court? I would request the Hon'ble Minister-in-charge to withdraw this Bill and to bring a new Bill, substantive Bill, which will safeguard the rights of tenants during the course of this session.

**Sj. Tarapada Bandopadhyay:** Mr. Speaker, Sir, I say that we cannot oblige Shri S. K. Basu by accepting this motion. Shri Basu has properly admitted that this is a defective piece of legislation. Indeed it is a very ugly specimen of defective draftsmanship. It does not safeguard the ligitimate interest either of the lessee or of the lessor. Therefore, the sooner this Bill is given a complete go-by, the sooner it is given a decent burial, the better for all concerned. Shri S. K. Basu also undertook from time to time on the floor of the House to lose no time in bringing forward a consolidated, full-fledged, thoroughly recast and up-to-date Bill on this subject. I do not know why he is not keeping his word. Of course, he has narrated that there are certain difficulties and that he has to make up his mind. But he is taking too much time to come to a conclusion as to what will be the proper form of a Bill like this. Therefore, the old Act should not be given any fresh lease of life.

**Sj. Canesh Ghosh:**

এই বিলটা খুবই ছোট, কিন্তু অত্যন্ত আপত্তিজনক এই বিল, মন্ত্রীমহাশয় সত্যেনবাবুর আজও লজ্জা করছে না, এটা আশ্চর্য্যের কথা। তিনি বলেছেন এখানে—

(laughter)

হাসির কথা নয়

"As this is not likely to be passed, Government proposes shortly to introduce a comprehensive measure of legislation"

এই একই কথা ১৯৫৩ সালে শুনেছি, ১৯৫৪ সালে শুনেছি আবার ১৯৫৫ সালেও শুনছি। এ যে ভদ্রলোকের এক কথা আনবেন—বলেছেন—কিন্তু আনবেন না। এই লেজিসলেশন সম্পর্কে হাইকোর্ট জজ কি বলেছেন "ill-drafted, immature, meaningless, inexplicable"

এই একটা বিল রয়েছে হাজার হাজার লোক—

(noise)

চুপ করুন, লজ্জা করছে না, আপনাদের; এই রকম একটা প্রতিক্রিয়াশীল বিল আনছেন আর আমরা সব সয়ে যাব? হাজার হাজার লোক এই আইনের ডিফেক্ট-এর জন্য ভাড়াটিয়াদের ইজেক্ট করছে তারা প্রোটেকশন পাচ্ছে না। হাইকোর্ট সেনসর দিচ্ছে, আমাদের লজ্জায় অধোবদন হতে হচ্ছে কিন্তু ওরা নির্বিকার। এবারও শুনেছিলাম একটা বিল আসবে অথচ কি রকম যে এদের কষ্ট, এঁরা কোন খোঁজই রাখেন না। আমরা প্রতিবারই শুনছি এক বছর এক বছর বাড়িয়ে দেওয়া হচ্ছে কিন্তু এর কোন শেষ আছে? কোন শেষ নাই বলে মনে হচ্ছে। এক বৎসর করে বাড়িয়ে দিচ্ছে এবং প্রত্যেকবারই মিথ্যা কথা বলছেন। গভর্ণমেণ্ট বলছেন "Government proposes shortly to bring a comprehensive legislation" তাই ধিক্কার দিচ্ছি।

**Sj. Hemanta Kumar Basu:**

স্পীকারমহোদয় আমরা আশা করেছিলাম যে গভর্ণমেণ্ট এই সেসনএ পুরাণ বিল যা ১৯৫০ সালে পাশ হয়েছে তার জীবন (লাইফ) বাড়িয়ে না দিয়ে হাজার হাজার টেনাণ্ট যেভাবে ইজেক্ট হচ্ছে, শুধু তা নয়, অনেক সময় বাড়ীওয়ালা যে ভাড়াটেরা রেগুলার ভাড়া দেয়, তাদের কাছ থেকে রেগুলারলি ভাড়া না নিয়ে ইচ্ছা করে সময় কাটায়। অনেক সময় অশিক্ষিত টেনাণ্ট যারা এ বিষয় কিছুই জানেনা যে বাড়ীওয়ালা তাদের ভাড়া সময় মত না নিয়ে তাদের বিপদাপন্ন করে ফেলবে। এই রকম ভাবে হাজার হাজার মামলা কোর্টএ ঝুলছে এবং অনেক ইজেক্টমেণ্ট হচ্ছে। সেইদিক থেকে বার বার সেই পুরাণ আইন যে আইনের দ্বারা ভাড়াটিয়াদের অত্যধিক কষ্ট ও অসুবিধা হচ্ছে এবং নানারকম গোলমাল ঘটছে—সেই দিক থেকে বিবেচনা করে গভর্ণমেণ্টের উচিত একটা কমপ্রিহেনসিভ বিলে এই সেসনে আনা। গত সেসনেও আমরা একথাই বলেছিলাম। কিন্তু কেন আনা হয় নাই তার কোন সঙ্গত কারণ খুঁজে পাচ্ছি না। তাহলে কি গভর্ণমেণ্টের এইরকমই মনোভাব যে এই রকম একটা গণ্ডগোলের অবস্থা যেখানে হাজার হাজার জনসাধারণের স্বার্থ সংশ্লিষ্ট তারা কষ্ট পাবে? যদি তা না হয় তাহলে সত্যিকার যেন একটা ব্যবস্থা করা হয় এবং যতশীঘ্র সম্ভব একটা কমপ্রিহেনসিভ বিল আনা হয়।

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Mr. Speaker, Sir, when this Bill was circulated to us we took the earliest opportunity to tell the Minister-in-charge that he should rather withdraw it and bring a comprehensive Bill in this session of the Assembly. But we find that he is not prepared to do that and wants to rush through this Bill whereby he would be keeping the proposed Bill in abeyance. This amending Bill is, in fact, extending the life of the 1950 Bill for the same reasons which were advanced by the Minister-in-charge on previous occasions. The period of 1950 Act expired in March, 1953. From 1953 to 1954, from 1954 to 1955 and 1955 to 1956—three postponements have been taken and all on the same grounds.

[3-50—4 p.m.]

If you look to the Objects and Reasons of all the three amending Bills you will find that they do not differ at all. Sir, may we ask the learned Minister as to why he was keeping the necessary amendments of this Bill

in abeyance? If he says that he is not competent enough to do it, it is high time that he should quit, otherwise, Sir, there cannot be any question why these important changes that have been suggested not only by the Bench and the Bar but also by people outside should not be made. Then, Sir, if he is not incompetent he is not telling us the truth. He has one thing in mind and he is stating something else in the Statement of Objects and Reasons, and it is this: he does not want to give relief to the poor tenants. He is a landlord's man though he is a Congress Minister. That, Sir, he is a landlord's man would be evident by another amending Bill which would be shortly coming and taken up after the present Bill—The Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1955. There was a section in that Bill, section 47, from the very beginning of the Act, that is, 1882. So the provisions of that Act which have been successfully worked out since 1882 are being now amended by the learned Minister and evidently in the interest of the landlords. In the Statement of Objects and Reasons he states "This gives wide scope to unscrupulous tenants to unduly delay the proceedings by filing applications at a very late stage". He is very concerned about the landlords and to him all the tenants are unscrupulous. Sir, the Government having miserably failed to provide accommodation in this city to the influx of population that have since come here he cannot but accommodate the tenants until he can provide alternative accommodation for them, but he does not appear to be at all sympathetic towards these tenants and he has the guts to say that they are unscrupulous tenants because they have to fight and fight for some accommodation, otherwise they will be thrown on the streets.

My friends the speakers before me told this House that if there were six defaults in payment of rent within 18 months a tenant was liable to be ejected even if he had paid or was agreeable to pay all his dues at the last moment. That was not all. Sir, even if he had paid the rents for six months and even if the rent had been accepted by the landlord, taking advantage of the little delay in his payment the landlord can eject the tenant. Sir, to him any landlord does not appear to be unscrupulous. Sir, we think that the Hon'ble Minister has failed in his duties and is guilty of culpable negligence in not taking up the amending Bill. We offer our help, we offer our help because we were asked to do so by the Governor in his message. There is yet time for him to sit with us and to make the necessary amendments if he feels that he is not competent to do this. But he will not do it; he will pursue the present Act until another year—and I do not know for how many years—because he stands by and for the landlords.

**Sj. Ambica Chakraborty:**

মাননীয় স্পীকারমহোদয় ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস রেণ্ট কনট্রোল এ্যাক্ট সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। কলকাতার বুকের উপরে যেভাবে বাসস্থানের অভাব, সাধারণ লোকের কলকাতার উপর বাসা ভাড়া করে থাকা একটা কষ্টকর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। তবুও অত্যন্ত দুঃখকষ্টে অত্যধিক ভাড়া দিয়ে একটু স্থান করে নেয় তাও আইনের ফাঁক পেলে মালিকেরা তাদের এভিক্সন মামলায় ফেলে দিয়ে হয়রানি করছে। এই রকম মামলা হাইকোর্ট এ অনেক পড়ে আছে। জাষ্টিস পি, বি, মুখার্জী যে মন্তব্য করেছেন যে লেজিসলেচর যে সমস্ত আইন করেন তাতে যে টেনাণ্ট এবং হাউসওনার শুধু বিপদে পড়ে তা নয়, কেস এত বেড়ে যায় যে অন্যান্য মামলা মোকর্দ্দমা বিচার করবার সময় পাওয়াও মুস্কিল হয়। হিজ লর্ডসিপ মন্তব্য করেছেন

"notwithstanding such divergence of judicial opinion on almost all its significant provisions, the Legislature in its swift wisdom had just recently ordained that this state of oppressive uncertainty shall continue for another year in not understandably conscientious, and not appreciably laborious discharge of its duties. The State Legislature by asking the people of the

State to read 1954 for 1953 has chosen to continue this Act as it is with all its manifest and repeatedly declared uncertainty for thousands of people whom this Statute affects."

এই যে সেদিন ফেব্রুয়ারী মাসের তিন তারিখে অমৃত বাজার পত্রিকায় আপনারা দেখলেন যে আচার্য্য বিনোবাভাবে ষ্টেট গভর্ণমেণ্টকে অনুরোধ করে একটা চিঠি দিয়েছেন যে কলকাতার ভাড়াটিয়াদের দুঃখদুর্দ্দশার প্রতি যেন নজর দেন এবং এদের অসুবিধা যেন আইন করে দূরীভূত করা হয়। চিঠিটা পড়ে শুনাবার দরকার মনে করি না। এখানে আমার কাছে তার কাটিং রয়েছে। জনসাধারণের দুঃখ বছর বছর বেড়ে চলেছে এটা ষ্টেটএর পক্ষে কলঙ্কের কথা। দুঃখের কথা আইনের কোন পরিবর্তন করা হচেছ না। বছর বছর এত আইন আইন সভায় আসছে কিন্তু কলকাতার মত জায়গা যেখানে লক্ষ লক্ষ লোকের বাস তার বাসিন্দাদের কষ্ট দূর করবার জন্য কেন রেণ্ট কণ্ট্রোল এ্যাক্ট পরিবর্তন করা হচেছ না। কেবলই যখন কোর্ট থেকে কনডেমড হয়ে আসছে তখন তাকে নাকচ করে নতুন আইন আনার কথা মন্ত্রীসভা কেন বলেন না? তার একমাত্র কারণ কলকাতার বাড়ীওয়ালা যারা তাদের অনেকে এখানে বসে আছেন এবং কংগ্রেস বড় বড় জমিদার ও ধনী বাড়ীওলাদের প্রতিনিধিত্ব করছেন। অনেকগুলি মামলা কলকাতা হাইকোর্ট এবং রেণ্ট কণ্ট্রোল কোর্টএ দায়ের আছে। রিসেণ্টলি একটা জাজমেণ্ট হয়েছে তাতে ডিফলটার যারা হয়েছে তাদের হাইকোর্ট থেকে রুলিং দেওয়া হয়েছে

on or before the 15th of the next month rent

দেওয়া যদি না হয় সেটা যে সূর্য্যাস্ত আইনের মত ১৬ই দিবসে দেওয়া হলে চলবে না এবং ভাড়াটিয়া ডিফলটারএ পরিণত হবে। এমন কিছু থাকা উচিত নয়। হয়ত পোষ্ট অফিস থেকে মণি অর্ডার ফেরত হয়ে অথবা রিসিপ্ট নেই বলে বা গোমস্তা নেই বলে সেদিন মালিককে রেণ্ট দেওয়া সম্ভবপর হল না তারপর ওই একটা দিনের সুযোগ নিয়ে শত শত লোককে বাড়ীর মালিক এভিক্ট করে দেওয়ার নোটিশ দিয়ে দিল। আগে ছিল ভাডাটে যদি তাঁর ভাডা যেই কোন মাসে মিটিয়ে দেয় একমাস ভাড়া ডিক্রি হবার পরেও তাই নিয়ে তাকে টেনাণ্ট হিসাবে স্বীকার করতে হবে এবং এভিক্ট করা চলবে না কিন্তু এখন ডিফলটার বলে হাইকোর্ট থেকে এই জাজমেণ্ট বের হবার পর টাকা মিটিয়ে দিলেও ভাড়াটিয়া আর ঘরে থাকতে পারছেন না। এই তো অবস্থার সৃষ্টি হয়েছে।

[4—4-10 p.m.]

এইরকম মারাত্মক অবস্থার সৃষ্টি হয়েছে। এই অবস্থায় এ্যাক্টটা পবিবর্তন করে নূতনভাবে একটা এ্যাক্ট নিয়ে আসার কোথায় বাধা সৃষ্টি হচেছ তা কিছুই বুঝতে পাচিছ না। স্যার, এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। আমরা আশা করি এটা অক্টোবরএর পরিবর্তন করে এবং আর একবৎসর সময় না নিয়ে যত তাডাতাডি পারা যায় এমনকি এই সেসনেই যাতে নূতনভাবে একটা আইন নিয়ে এসে তাডাতাডি একটা ফাইনাল রূপ দিয়ে ভাড়াটিয়াদের দুঃখের হাত হতে অব্যাহতি দেওয়া যায়—আমি সেই অনুরোধ জানাচিছ।

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, we are not at present concerned with the provisions of the Act. The Act will expire on the 31st of March. Therefore, it is necessary that the life of the Act should be extended. The new Bill cannot be brought into the Assembly and proceeded with and passed in the present session, because during the Budget session a good deal of time will be taken up by the discussion on the Budget. My friends have talked loud about the tenants. Sir, I can look after myself and the tenants and the landlords. I do not require any assistance from my friend Sj. Sudhir Chandra Ray Chaudhuri (Sj. HEMANTA KUMAR GHOSAL: Because you are a landlord.) I am not a landlord, and you know it perfectly well. I know there are some members, who are champions of the class of tenants referred to by my friends, but they will deal with the matter when the new Bill is introduced. Sir, you know that a number of legislations were passed from 1942 to 1950, and it is a difficult matter, because you have got to decide finally—firstly whether you will have a permanent Act or a temporary Act from year to year or for a period of three, four or five years at a time. Then you have got to decide what you should do to improve the housing condition in the city, then you have to decide what are the rights you are going to confer on the landlords, on the tenants and on the sub-tenants. Various experiments are being tried and carried out not only in this State but in other States as well. New patterns have been

evolved and we desire to examine what is the method they have adopted in the other States as regards legislation and also the rights which have been conferred on the tenants and the landlords. I have already mentioned to my friends the difficulties. Harsh words will not improve matters. We have drafted a tentative Bill, but I do not want to bring to this House a Bill which is not an improvement on the last Bill. The whole aspect of the matter is being considered, and when the Government is satisfied that the Bill is an improvement on the present Act, it will be duly placed before this House. I can assure my friends, Sir, that not one moment will be taken more than what is actually necessary for the purpose of finalising the legislation so as to regulate the rights between the landlord and the tenant.

The motion of Sj. Tarapada Bandopadhyay that the West Bengal Premises Rent Control (Temporary Provisions) (Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1955, was then put and lost.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the West Bengal Premises Rent Control (Temporary Provisions) (Amendment) Bill, 1955, be taken into consideration, was then put and agreed to.

*Clause 1.*

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 2.*

**Sj. Mrityunjoy Pramanik:** Sir, I beg to move that in clause 2, line 4, for the word "March" the word "October" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, আমি বলছি এই যে গলদপূর্ণ বিলটি প্রত্যেক বছরে এক বছর করে সময় বাড়িয়ে বাড়িয়ে নেয়া হচ্ছে, এতে মন্ত্রীমহাশয় নিজেরই অক্ষমতার পরিচয় প্রত্যেকবারে দিচ্ছেন, তাঁর লজ্জা হচ্ছে না সেই জন্য কিন্তু আমাদের লজ্জা হচ্ছে বলে আমরা বলছি, এটা মার্চ মাস না করে অক্টোবর মাস করে নিয়ে একটা "কমপ্রিহেনসিভ বিল" পাশ করিয়ে নিন, কারণ আবার আসছে বছর বলবেন এখন বাজেট সেসন এখন কি করে হবে, আবার ১ বছর সময় বাড়িয়ে দাও। অতএব সেটা না করে এই এ্যামেণ্ডমেণ্টটা গ্রহণ করে নিন। ৬।৭ মাস অপেক্ষা করতে হয় লোক তাও করবে কিন্তু প্রতি বছরই একটি বিলের সংশোধন কেহ চাহে না। আপনি দয়া করে এটা গ্রহণ করে নিন।

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I ought to tell my friends in fairness to all of them that I propose to bring the comprehensive Bill at the next session of the Assembly.

The motion of Sj. Mrityunjoy Pramanik that in clause 2, line 4, for the word "March" the word "October" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

*Preamble.*

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the West Bengal Premises Rent Control (Temporary Provisions) (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed.

**Sj. Nepal Chandra Roy:**

মাননীয় স্পীকার মহোদয়, আমি যে কথা আজকে বলছি এটা শুধু যে আমার কথা তা নয়, সমস্ত দেশের মধ্যবিত্ত সাধারণ মানুষের কথা। আমি তাঁদের বক্তব্য আপনাদের সামনে পেশ করবো। কারণ কলিকাতায় আমরা

দেখতে পাই যে, যে সমস্ত ধনী লোকেরা বাড়ী তৈরী করে, তারা কতকগুলি এ্যাডভানটেজ নেয়। বাড়ীগুলি ৫০ হাজার টাকা দিয়ে তৈরী করে কিন্তু তার ভ্যালুয়েসন কমে চোখের সামনে হাজির করে দেয় ৩ লক্ষ টাকা এবং ঠিক সেই অনুপাতে ভাড়া ফিক্স করে। কোর্ট থেকে এসে দেখে গেল যে বাড়ীর ভাড়া ৪০৲ টাকা তার পাশে যে নূতন বাড়ী হয়েছে, তার ভাড়া ২০০৲ টাকা যদিও ঠিক একই রকম ঘর, পাশের বাড়ীতে যতখানি স্পেস্ সে বাড়ীতেও ততখানি স্পেস্। এই রকমভাবে রেণ্ট কণ্ট্রোলার কোর্টে কিভাবে অনাচার চলছে।

**Mr. Speaker:**

মূল বিল সম্বন্ধে বলবেন না, যেটা এ্যামেণ্ডমেণ্ট তার উপর বলুন।

**Sj. Nepal Chandra Roy:**

মূল বিলকেই আনতে হবে স্যার। আমি ভবিষ্যতের কথা বলে দিচ্ছি কারণ এই যে বিলটার ১ বছর এক্সটেনসন করতে যাচেছন সেটা আর কিছুই নয়, এই এক বছরে হয়ত দেখা যাবে ১০ হাজার মধ্যবিত্ত লোক এভিকটেড হয়ে গেছে এবং এই ১০ হাজার মধ্যবিত্ত লোক যাতে রাস্তায় না দাঁড়ায় তার ব্যবস্থা করুন, এটা তাড়াতাড়ি করলে ভাল হয়। স্যার, আপনি ভালভাবে জানেন আজকাল কোন ভাল ব্যবসায় বা কোন ভাল কিছুতে ইনভেষ্ট করলে ৩ পারসেণ্টের উপর কোথাও ইনটারেষ্ট পাই না, যেখারয়্যাজ এই বাড়ী ভাড়া থেকে আমি মন্ত্রী-মহাশয়কে বলবো তিনি যেভাবে এই বিলকে নেগেলক্ট্ করছেন তার ফলে প্রায় ১০ পারসেণ্ট করে বাড়ীওয়ালা ইনকাম করছে। সেইজন্য আমি কতকগুলি জিনিষ দেখছি যেটা কিছুদিন আগে আমি দিয়েছিলাম। ক্যালকাটা টেনাণ্টস এ্যাসোসিয়েসন বলে একটা এ্যাসোসিয়েসন আছে আপনারা জানেন, তারা এই নিয়ে কিছুদিন থেকে একটা আন্দোলন সুরু করেছে, বিশেষ করে কলিকাতায় তারা করছে। তারা বিনোবাজীর কাছে তাদের কাগজ পাঠিয়েছে তার ফলে তিনি বলেছেন, বিনোবাজী আমাদের লোক নয়, আপনাদেরই লোক, যে কলিকাতার টেনাণ্টস-দের উপর সত্য সত্যই জুলুম হচ্ছে এবং বাংলা সরকারের উচিত এদিকে নজর দেওয়া। এ আমার কথা নয়, আপনাদের কথা বলছি, বিনোবাজী স্পষ্টই বলেছেন।

[4-10—4-20 p.m.]

স্যার, তারপর কলিকাতা সহরে এদিকে সব জিনিষের দাম কমছে, কিন্তু জমিদারদের, বাড়ীওয়ালাদের বিষয় সম্পত্তি সম্বন্ধে কি করছেন? সবদিক দিয়ে জিনিষের দাম কমালেন, আমরা তা অস্বীকার করি না, আমরাও বলছি দাম কমান উচিত। কিন্তু রেণ্ট যে আস্তে আস্তে বেড়ে যাচেছ, পাচ টাকা, দশ টাকার জায়গায় কুড়ি টাকা হচ্ছে সেটার দিকে আপনারা নজর দিচেছন না, চুপ করে বসে আছেন।

**Mr. Speaker:**

আপনি যেন বিলএর উপর বলুন। আপনি শর্ট করুন।

**Sj. Nepal Chandra Roy:**

আমি অন্যদিকে যাচ্ছি না, রেণ্ট-এর ব্যাপারে কি কি ডিটেইলস আছে, সেইগুলি আমি বলে যাচ্ছি। যাই-হোক, এই আইনটা এক্সটেনসন পাওয়ার ফলে বহু লোকের অসুবিধা হচেছ, দশ হাজার লোককে রাস্তায় বসিয়ে দিচেছন— সেদিকে আপনাদের নজর পড়ছে না। আপনারা কেন এটার এক্সটেনসন করতে চাচেছন? যারা ভাড়াটিয়া তাদের সুখ সুবিধার কথা বিবেচনা করে ব্যবস্থা করতে হবে।

**Mr. Speaker:**

একই কথা বলবেন না, আপনি নূতন কিছু বলুন।

**Sj. Nepal Chandra Roy:**

স্যার, আমি এখানে এই এক্সটেনসন-এর কোন বিজন দেখছি না। আমাদেরই ষ্টেট-এর লোকেরা, ভোটাররা যারা বাড়ী ভাড়া করে আছেন, অর্থাৎ ভাড়াটিয়েরা এই আইনের কতকগুলি টেকনিক্যাল ডিফিকাল্টিজএর জন্য কষ্ট পাচেছ। আপনাদের এটা ইমিডিয়েটলি এ্যামেণ্ড করে ভাড়াটিয়াদের সমস্ত সুখ সুবিধার ব্যবস্থা করে দেওয়া দরকার। আমার মতে এর এক্সটেনসন আর দেওয়া উচিত নয়। তারপর আপনি একটু চিন্তা করে দেখুন যে বাড়ীটা ১৯৪১-৪২ সালে ১০০ টাকা ভাড়া ছিল, সেখানে ভাড়াটিয়া তুলে দিয়ে ৫০০৲ টাকা ভাড়া দেবার ব্যবস্থা করেছেন, অথচ গভর্ণমেণ্টকে ইনকাম ট্যাক্স ফাঁকি দিচেছন।

**Mr. Speaker:** Income-tax is a Central Government subject.
আপনি ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্টের কথা বলুন।

**Sj. Nepal Chandra Roy:**

কিন্তু, স্যার, সেণ্ট্রাল গভর্ণমেণ্টএর কোন জিনিষ যদি কেউ চুরি করে নিয়ে যায় তাহলে তা ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট দেখবেন না? আমার মতে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট থেকে যখন আমরা বেনিফিট পাচ্ছি, তখন নিশ্চয়ই দেখবো। তারপর বাড়ীওয়ালারা কর্পোরেশনকে ট্যাক্স ফাঁকি দিচ্ছেন। ১৯৪১ সালে যে বাড়ী একশো টাকা ভাড়া ছিল তাকে বাড়িয়ে ৩০০ টাকা করা হয়েছে, কিন্তু সেটা কর্পোরেশন নোটিএ আনছেন না। একদিকে ভাড়া কম দেখিয়ে কর্পোরেশন ট্যাক্স ফাঁকি দিচ্ছেন আর অপর দিকে ভাড়াটিয়াদের উচ্ছেদ করছেন। স্যার, এখানে আর একটা টেক্‌নিক তাঁরা অবলম্বন করেছেন। আমি দেখেছি অনেক বড় লোক, কোটিপতি মালিক তারা ফ্ল্যাট ভাড়া করে থাকে। তাদের জিজ্ঞাসা করলে তাঁরা বলেন বাড়ী করলে তার ইনকামএর আবার রিটার্ন দিতে হবে, তাছাড়া নানা ট্যাক্সএর গোলমাল, নানা হাঙ্গামা আছে। এইজন্য আমি বলি গরীব জনসাধারণের দিকে নজর দিন। বড় লোকের ট্যাক্স বাড়ান তাতে আমার আপত্তি নেই, কিন্তু গরীব মধ্যবিত্ত যারা বাড়ী ভাড়া করে থাকে তাদের সুবিধার জন্য কি করছেন? যারা একখানা ঘর ২০০ টাকা সেলামী দিয়ে নিচ্ছেন, তারা বড় লোক হতে পারে, কিন্তু গরীব যারা, মধ্যবিত্ত শ্রেণী তারা আজ রাস্তায় নেমে যাচ্ছে। সেইজন্য এই আইনের আর এক বছরও এক্সটেনসেন দেওয়া উচিত নয়---এই আমার বক্তব্য।

**Sj. Jyoti Basu:**

স্পীকার মহাশয়, আমি বসে বসে ভাবছিলাম আমাদের প্রধান মন্ত্রীমহাশয়ের কৃতিত্ব আছে, তিনি হাইকোর্ট থেকে একজন চমৎকার ব্যারিষ্টার খুঁজে বের করে এনেছেন, কিন্তু তিনি মন্ত্রী হিসাবে যে এইরকম একজন অপদার্থ লোক হতে পারেন সেটা আমরা কখনও কল্পনা করতে পারিনি। তিনি ব্যারিষ্টারী করে খাচ্ছিলেন, কিন্তু কেন যে আবার মন্ত্রী হলেন তা জানি না। এই মন্ত্রীত্বের গদীতে তিনি যে দিন থেকে এসেছেন সেইদিন থেকেই জানতেন এই আইনটির অবস্থা কি?

(Question from the Government bench).

আমরা ভেবেছিলাম তিনি উঠে বলবেন "আমি দুঃখিত, আগে যে কথা দিয়েছিলাম তা রাখতে পারিনি"। তিনি অনেক বাধা বিঘ্নের কথা বললেন (না পড়াশুনা করেই) কিন্তু কৈ একবারও ত সে কথা তাঁর মুখ দিয়ে বেরুল না? যখন এদিক থেকে একজন বললেন, আমাদের লজ্জা হয়, উনি বললেন কোনটা? এই রকম নির্লজ্জতা আমরা কখনও দেখিনি। ওদের এর বেশী বলে লাভ নেই। কারণ আগেই সেদিন বলেছি ওদের চামড়াটা দিন দিন পুরু হচ্ছে কাজেই কোন কিছু প্রবেশ করবে না ঐ চামড়ার মধ্যে দিয়ে। তবু একটু বলতে হয় তাই বলছি।

উনি বললেন কুড়ি সাল থেকে এই রকম সব লেজিসলেসন আছে। তারপর পঞ্চাশ সাল হল, কিন্তু এখন তিনি বলছেন এগুলি পড়ে ওঠবার সময় পাইনি। তাঁদের নানারকম এক্সপেরিমেণ্ট চলেছে অন্য প্রদেশ কি করেছেন তাই নিয়ে। কিন্তু অন্য প্রদেশ তো কখনও বলেনা যে আমরা বাংলা দেশের কাছ থেকে শিখি।

এই রেণ্ট কণ্ট্রোল সম্পর্কে আমাদের এই কথা বারে বারে বাংলা দেশের আইন সভায় বলতে হয়, এটা একটা আশ্চর্য্য বিষয়। আমি ভাবছিলাম তাহলে এতদিন আপনারা কি করছিলেন? আপনি আইনটা ভাল করে পড়েন নি? হাইকোর্ট জাজমেণ্ট যেটা সুধীর বাবু পড়ে শুনিয়েছিলেন, এই যে ১৯৫৩ জাজমেণ্ট আপনার কাছে আছে, আপনি সেটা নিশ্চয়ই জানেন। এতদিন যে আইনটা আছে তাতে আমরা নানারকম গলদ দেখছি। এই আইনের বিরুদ্ধে নানারকম মন্তব্য চারিদিকে হচ্ছে, কাগজে তার সমালোচনা করে বেরিয়েছে, এসব কিছুই দেখলেন না? আর আজকে কি বলছেন "না পারলাম না, আর এক বছর আমাকে সময় দিন।" তিনি বলেছেন আর একটা বিষয় ঠিক করতে হবে, সেটা হচ্ছে আরও চমৎকার, বলছেন
"whether a permanent Act is necessary or not"
এটা ঠিক করতে হবে, কাজেই আরও দু-তিন বছর সময় দরকার। আমরা এটাকে পারমানেণ্ট এ্যাক্ট করবো, না ইয়ার টু ইয়ার করবো। আমরা চাই এটাকে একটা পারমানেণ্ট এ্যাক্ট করে দিন, তাতে কি অসুবিধা আছে? উনি বলেছেন এমন বহু লোক আছে যারা ফ্ল্যাট বাড়ী খুঁজে পায় না থাকবার জন্য, তারা যাতে ফ্ল্যাট বাড়ী পায় তার জন্য একটু ভেবে চিন্তে একটা পারমানেণ্ট আইন করবেন। কিন্তু এটা নাকি ঠিক করবার জন্য অনেক সময় লাগবে। উনি বলেছেন পারমানেণ্ট এ্যাক্ট একটু ভেবে চিন্তে করতে হবে, ল্যাণ্ডলর্ড, টেনাণ্ট, সাব-টেনাণ্ট

সকলের স্বার্থ দেখে ঠিক করতে হবে। কিন্তু এত জানা কথা। মন্ত্রীমহাশয় সেদিন নিজে বলেছিলেন যে আমরা এইরকম একটা কমপ্রিহেনসিভ আইন আনবো; এগুলিত সব জানা কথা, আবার নূতন করে বলে এখানে আমাদের কি বোঝাতে চাচ্ছেন? পূর্বে এই কথা বলা হয়েছিল যে আপনারা এটা কনসিডার করে তারপর একটা আইন আনুন। তাতে উনি বললেন কড়া কথা বলে কোন লাভ নেই, আপনারা বধির হয়ে বসে থাকুন বিন্দুমাত্র আসে যায় না। কড়া কথা উনি বলেছেন আমাদের শুনিয়ে, তাই বলছি আপনার কি এলো-গেল তাতে আপনার তাতে কিছুই আসে যায় না, আমরা এইটুকু বলবো। আমরা দেখলাম হঠাৎ তিনি বলে বসলেন সকলের ঘর বাড়ীর অবস্থার কথা বিবেচনা করতে হবে। অর্থাৎ কত বেশী বাড়ীর দরকার, ভাড়াটিয়ারা সব বাড়ী পাচ্ছে কিনা ইত্যাদি? কিন্তু তাঁকে আমি জিজ্ঞাসা করি এটা কি তাঁর জানা নেই যে একটা ফ্লাট যদি খালি হয় তাহলে সেখানে কত লোক গিয়ে দরখাস্ত দেয়? আমি সেদিন শুনলাম ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট থেকে ৭০--৮০টা ফ্লাট ভাড়া দেওয়া হবে, এবং তার জন্য চার হাজার দরখাস্ত হয়েছে। এইগুলি আমাদের যেমন জানা আছে, তেমনি ওর ত জানা দরকার।

[4-20—4-30 p.m.]

ক হাজার টাকা উনি রোজগার করতেন হাইকোর্টে? কাজেই কথা হচ্ছে এগুলির খবর রাখা দরকার। সেই জন্য আমি বলছি বিশেষ কিছু আর বলার নেই আইন সম্বন্ধে সবাই বলেছেন, সবাই জানেন, তবু শেষকালে একটা কথা না বোলে পারছিনা। উনি আমাদের খবর দিলেন যে আর একটা আইন প্রস্তুত করেছিলাম এই ব্যাপারে, কিন্তু সেটা আনতে পারিনি; সে বিষয়ে বিবেচনা কবতে হবে। আমি কৃতজ্ঞ যে উনি সে আইন আনেন নি। সৌভাগ্য কি দুর্ভাগ্য বলতে পারিনা, আমরা সেই খসড়া দেখেছি এবং সে আইন এমন যে সে সম্বন্ধে আমরা একথা বলতে পারি যে তা এলে হাজার হাজার টেনাণ্ট এখনই উচ্ছেদ হ'তে আরম্ভ করবে। কাজেই এই আইন না এনে ভালই করেছেন। বিধান বাবু শুনিয়েছেন সুধীর বাবুর বক্তৃতার উত্তরে যে আমরা ভাবছি যে অপোজিশন-এর লোকদের ডেকে আমরা একটা আলোচনা ক'রব এই আইন আনবার আগে। সেটাতেই বা অসুবিধা কি ছিল? একটা সিলেক্ট কমিটি কোরে দিন সব পার্টির লোক থেকে । সেই সিলেক্ট কমিটিই বিবেচনা কোরে ক'রতে পারে। তাঁদের কোন যুক্তি নেই বোলে এই সব অসার যুক্তি, এই সব বাজে কথা আমাদের এখানে শোনান হয়। তাই তাঁরা এখানে যে এমেণ্ডমেণ্ট বিল এনেছেন এতে তাঁদের অপদার্থতার পরিচয়ই তাঁরা দেন, যেমন অনেক ব্যাপারে তাঁরা দিয়েছেন। কাজেই এদের ধিক্কার দেওয়া ছাড়া শেষকালে আর কিছু বলবার নেই।

**Sj. Sudhir Chandra Ray Choudhuri:** Mr. Speaker, Sir, we thought that the learned Minister would be ashamed of his conduct and would tender, apology to this House, but without doing that, he became very stubborn in his point of view by saying that, opposition or no opposition, we must not bring any amending Bill this year which might ameliorate the difficulties of the tenants. Sir, what is play to him is death to others. He must be knowing that at least 4,000 applications for ejecting tenants on the ground of technical defaults are still pending before the Rent Controller and by the time he brings the proper amending Bill—and if by that he seriously intends to accord any relief to the poor tenants—they would be already evicted.

Sir, we would not have used harsh words if we had not felt the difficulties that the poor tenants were suffering from. There is no accommodation in the city—this is common knowledge. That is due to the failure of the Government to accommodate the people. They have not been able to do it, on the one hand, while they were a party to their being thrown on the street. A responsible Minister should have taken notice of this fact long ago, at least after the judgment, that was referred to by me, was passed by the Hon'ble High Court. He did nothing because he is determined to do nothing for the poor tenants, he is determined not to come to their help or to save them from their miseries. It might be very well to say whatever he likes from a safe corner of this House, but he will be earmarked as a traitor to the cause of the tenants. He says that harsh words will not weigh with him. To some they do not weigh, but what is the alternative? It must be known to him. It is * * * * *

Note—*** Expunged by order of Mr. Speaker.

**Mr. Speaker:** This is unparliamentary.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I have nothing more to add to what I have already said. Piecemeal amendment of any Act is never satisfactory. That is why the Government thought of bringing a comprehensive Bill in the light of experience gained and having regard to the pattern which the other States have evolved and tried. That is why, although a tentative Bill is ready, it is still under consideration. The object is to avoid as much litigation in future as possible and to give as much relief to the persons concerned as possible. That is why time is being taken and, even if, any comprehensive Bill, is brought to the House during this session, it cannot be dealt with by the House because this is a Budget session and consideration of the Budget will take a considerable time and, in any case, the Bill cannot be passed before the 31st March by which date the present Act will expire.

**Mr. Speaker:** I have held the last portion of Mr. Ray Chaudhuri as unparliamentary and lacking in good taste. That would be expunged from the proceedings.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the West Bengal Premises Rent Control (Temporary Provision) (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed was then put and agreed to.

## The West Bengal Bargadars (Amendment) Bill, 1955.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to introduce the West Bengal Bargadars (Amendment) Bill, 1955.

(Secretary then read the short title of the Bill.)

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the West Bengal Bargadars (Amendment) Bill, 1955, be taken into consideration.

Sir, the Act which is now current will expire on the 31st March, 1955. Government is introducing a Bill for land reforms and in that Bill provisions have been made as regards the bargadars so that the present Act will have to be continued until that Bill is passed and the provisions contained in that Bill are put into operation.

**Sj. Tarapada Bandopadhyay:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1955.

**Sj. Cangapada Kuar:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th March, 1955.

**Sj. Saroj Roy:**

এই বিলের অবজেক্ট্স্ এ্যাণ্ড রিজন্সএ বলা হয়েছে যে প্রয়োজন হয়েছে বিলটা আর এক বছরের জন্য এক্সটেণ্ড করার। আগে যখন এই বিল এসেছিল তখন এই বিলের উদ্দেশ্য এই ছিল যে বর্গাদারেরা এর মাধ্যমে কিছু সুবিধা যেন পায়। কিন্তু এতদিন পর্য্যন্ত এই বিলের মাধ্যমে যে সমস্ত বিচার আমার হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি যে বেশীর ভাগ ক্ষেত্রে ভাগচাষ বোর্ড কোর্টে বর্গাদারদের বিশেষ সুবিধা হয়নি, বরং সেখানে যারা মালিক অর্থাৎ জোতদারেরা তারা অনেক ক্ষেত্রে অনেক বেশী সুবিধা এই বিলে পেয়েছে। এখানে প্রথমে একটা কথা বোলে রাখি যে এই বিল যখন আর এক বছরের মধ্যে এক্সটেণ্ড করা যাবে তখন আপনার মাধ্যমে কতকগুলি ঘটনা তুলে ধরতে চাই যা থেকে তাঁরা বুঝতে পারবেন যে এই বর্গাদার বিলের প্রয়োজনীয় এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করলে অন্ততঃ একটা বছর বর্গাদার এই বিলের মারফত কিছু রিলিফ পাবে। আমি ২।১টা উদাহরণ দিচ্ছি। ল্যাণ্ড একুইজিসন বিল আসবার পর প্রত্যেকটা ভাগচাষবোর্ডে বোনাফাইডি রিকোয়ারমেণ্টএর নামে বাংলা দেশের

বিভিন্ন অঞ্চলে জোতদারেরা কৃষকদের উচ্ছেদের জন্য ভাগচাষী বোর্ডে হাজার হাজার 'কেস' দায়ের কোরেছে। তার একটা হিসাব দিলে পরিষ্কার হয়ে যাবে। ১৯৫৪ সালে গড়বেতা ভাগচাষ বোর্ডে প্রায় ১ হাজার উচ্ছেদের 'কেস' দায়ের হয়েছিল, সেই ভাগচাষ বোর্ডে মাত্র দেড় মাসের ভিতর অর্থাৎ ১৯৫৫ সালের জানুয়ারী থেকে ১৭ই ফেব্রুয়ারী পর্য্যন্ত এখানে উচ্ছেদের 'কেস' দায়ের হয়েছে ১১১০টা, এবং সেখানে বেশীর ভাগ দায়ের করেছে ঐ অঞ্চলের বড় জোতদারেরা যাদের ৫০০।৫৫০ বিঘা জমি আছে এবং তাদের এই সব খাস জমি ছাড়া ব্যবসা বাণিজ্যও রয়েছে, এই রকম লোকেরাই বেশীর ভাগ 'কেস' দায়ের করেছে। এখানে কয়েকটা নাম উল্লেখ করছি।

**Mr. Speaker:**

দরকার নেই।

It is not necessary. It is absolutely irrelevant. Go on with the main provisions of the Bill.

[4-30—4-40 p.m.]

**Sj. Saroj Roy:**

স্যার দরকার আছে—যখন গড়বেতা থানার মঙ্গলা পাণ্ডে, শচীন চক্রবর্ত্তী, যশোদা বারীক, ইত্যাদি।

যে সমস্ত বড় বড় জোতদার বোনাফাইডি রিকোয়ারমেণ্ট নামে যে সমস্ত কেস দায়ের করেছে তাতে দেখা যাচেছ ভাগ চাষী বোর্ডের যে অদ্ভুত চরিত্র অর্থাৎ ৪ জন রিপ্রেজেনটেটিভএর মধ্যে ২ জন ভাগ-চাষীর প্রতিনিধি যেখানে থাকার কথা তা না থাকার ফলে—

**Mr. Speaker:** You are not speaking on the main provisions of the Bill. It is a Bill relating to extention by one year. You cannot discuss clause by clause. The object is extention and I will allow all objections to extention.

**Sj. Saroj Roy:**

বোনাফাইডি রিকোয়ারমেণ্ট নামে জোতদারদের স্বার্থই তারা দেখছে এই এক বৎসরের জন্য এক্সটেনসন ব্যাপারে মন্ত্রীমহাশয়কে একটা কথা বলি যাতে ভাগ-চাষীরা আইন সঙ্গত পূরো ভাগ পায়, সে দিকে যেন লক্ষ্য রাখা হয়। প্রকৃতপক্ষে দেখা যাচেছ ১৯৫৫ সালে ভাগবোর্ডে বেশীর ভাগ ভাগচাষীদেরই উচ্ছেদ করা হচেছ। শুধু তাই না এমন বহু চাষী আছে যারা ১৬।১৭ বৎসর ধরে মৌখিক সাজা চাষী হিসাবে জমি চাষ করছে, এবং তাদের ফসলে খাজনা দেওয়ার সাজানানের রসিদ আছে, সে সমস্ত রসিদ দায়ের করা সত্ত্বেও তাদিকে খাজনা চাষী হিসাবে অস্বীকার করে, ভাগচাষী বলে তাদের উচ্ছেদ করা হচেছ। এইভাবে বোর্ডগুলি যথেচ্ছাচার করতে সুরু করেছে। ভাগ চাষীদের ইণ্টারেষ্ট একেবারেই দেখছে না এবং বোর্ড যে জোতদারদের ইণ্টারেষ্ট দেখছে, একথা গভর্ণমেণ্ট জানা সত্ত্বেও কিছু করচেছ না। এবং তা না করার ফলে ভাগ চাষীদের ইণ্টারেষ্ট মেনটেইন হচেছ না। জোতদারদের ইণ্টারেষ্ট মেনটেইনড হচেছ। আমি একটি উদাহরণ দিচিছ। গড়বেতা থানায় ৩০টি ইউনিয়নএ মাত্র একটি ভাগ চাষ বোর্ড আছে। এই বিস্তৃত এরিয়ার জন্য একটি মাত্র ভাগ চাষ বোর্ড থাকায় বহুদূর থেকে ভাগ চাষীকে সেখানে উপস্থিত হবার অসুবিধা ভোগ করতে হয়। এমন বহু সময় দেখা গেছে যে ভাগ চাষী সময় মত উপস্থিত না হওয়ার জন্য এক তরফা বিচার হয়ে গেছে। এবং ভাগ চাষী উচ্ছেদ হয়ে গেছে। বর্ত্তমানে আর একটা জিনিষ দেখা যাচেছ—এজেন্ট-নামা। বহু গরীব ভাগ চাষী আছে যারা নিজেদের কেস নিজেরা বলতে পারে না, শিক্ষিত আত্মীয় স্বজন, বন্ধু বান্ধবের বা অন্য লোকের সাহায্য নিতে হয়, কিন্তু এই সমস্ত এজেণ্ট নামার জন্য ২৲ টাকা করে ফী চার্জ করছে এবং তা না দিলে তারা ভাগ চাষীর পক্ষে কোন কথা বলতে পারে না। অথচ গরীব চাষীর পক্ষে এ টাকা খরচ করা বহু কষ্টকর। বিশেষ করে বহু সাঁওতাল ভাগচাষী আছে যারা অশিক্ষিত, যাদের ভাগ চাষ বোর্ডে কোন রকম কথা বলা সাধ্যাতীত—সেই রকম গরীব লোকের পক্ষে কোন লোক ভাগ চাষ বোর্ডে এজেণ্ট হিসাবে কোন লোক না দেবার ফলে তাদের পক্ষে কোন সুবিচার হচেছ না। সেই জন্য মন্ত্রীমহাশয়কে বলি এই যে বিল এক্সটেনসন করতে যাচেছন তাতে সত্যিকার ভাগ চাষীদের ইণ্টারেষ্ট যাতে মেনটেণ্ড হয় সেদিকে যেন লক্ষ্য রাখেন, তা না হলে এই এক্সটেনসনএর ফলে আর যার উপকার হোক ভাগ চাষীর কোন উপকার হবে না।

**Sj. Tarapada Bandopadhyay:** Mr. Speaker, Sir, the life of the West Bengal Bargadars Act, as it stands, cannot be extended. You will be pleased to see that this West Bengal Bargadars Act has served to solve no problem arising between the *bhagchasis* and the *maliks* of the lands. The sweet relationship that existed before the operation of the West Bengal Bargadars Act Between the *bhagbhasis* and the *maliks*, that has been replaced by only a sense of embitterment between the parties. This Act, Sir, has made both the parties unnecessarily harsh, irritable and cruel. Now, Sir, the *bargadar* thinks that by this Act he has been given the full right of ownership. Therefore, he is not regularly paying *bhag* to the *malik*, and he is creating a thousand and one difficulties in the way of the *malik*, while the *malik* thinks "well, my ownership is going to be transferred to him". Therefore he is taking recourse to all sorts of wrongful practices and unnecessarily and wrongfully evicting the *bargadars* from the land. You will be pleased to see that many imposters are coming before the Board under the relevant provisions of this West Bengal Bargadars Act and moving that they are *bargadars* in respect of certain land whereas in fact they were never *bargadars* and had nothing to do with that land. You will be surprised to see, Sir, that in many cases by producing false evidence they have been restored to lands of which they falsely alleged they were the *bargadars*. Therefore, Sir, the relationship between the two parties is deteriorating all the more Therefore, Sir, there is no necessity of an Act like this. Of course the Hon'ble Minister would probably say: "Well, the life of this Act is going to expire on the 31st March or something like that, and if it is not extended then there will be no law to govern the relationship between the *maliks* and the *bargadars*" I would beg to submit, Sir, that that would be for the better You will be pleased to learn that in many parts of Bengal the *bargadars* and *maliks* are not taking recourse to any of the provisions of the West Bengal Bargadars Act. They are carrying on, on the basis of general agreement and old contract, and in this way they have been able to maintain the sweet relationship between the *bargadars* and the *maliks* So, Sir, if this Act goes and nothing remains in its place, that will be better for all concerned Therefore, Sir, I oppose this motion

**Sj. Cangapada Kuar:** মাননীয় স্পীকার মহাশয়, গত অধিবেশনে এই বর্গাদার আইনের একটি সংশোধনী করা হয়েছিল। আমরা সেই সময় সেই সংশোধনীর উপর আলোচনা প্রসঙ্গে বলেছিলাম যে মূল আইনে কতকগুলি ত্রুটি আছে। তাছাড়া যখন অর্ডিনান্স-কে আইনে পরিণত করা হল তার মধ্যে কতকগুলি ত্রুটি ছিল সেই সময় আমরা তা দেখিয়েছিলাম এবং অনুরোধ করেছিলাম মন্ত্রীমহাশয়কে এই সমস্ত ত্রুটি সংশোধন না করলে আসলে যে উদ্দেশ্যে আইন সংশোধিত করা হয়েছে সেই উদ্দেশ্য ব্যাহত হবে। আমরা দেখিয়ে দিয়েছি গতবারে যখন সংশোধন হয়েছিল তখন ব্যাপক-ভাবে ভাগচাষীদের উচ্ছেদ করবার হিড়িক পড়ে গিয়েছিল, প্রায় একুইজিশন এ্যাক্ট-এর ফলে আমরা দেখছি বহু

[4-40—4-50 p.m.]

ভাগচাষী উচ্ছেদ হয়েছে। এই অর্ডিনান্স-এ এমন কোন বিধান থাকল না যাতে চাষী বে-আইনীভাবে উচ্ছেদ হলে জমি ফেরৎ পাবে। সেজন্য আমরা এই ত্রুটি সংশোধন করার কথা বলেছিলাম। অনেক ক্ষেত্রে বে-আইনী-ভাবে উচ্ছেদের পর মালিক ফসল ফলিয়েছে এবং পরে চাষী জমি আইনতঃ ফেরৎ পেলেও ঐ জমির দখল পায়নি উৎপন্ন ফসলের কম্পেনসেশন দিতে না পারার জন্য, আমরা সে সময় আলোচনা প্রসঙ্গে বলেছিলাম বহুক্ষেত্রে জমির মালিক জোতদার এবং জমিদাররা নন-রেজিষ্টার্ড কবুলতী লিখে নিয়েছেন ফলে ভাগচাষীর পক্ষে যথাযথ প্রমান দেওয়া কঠিন হয়ে পড়ে।

**Mr. Speaker:** Please confine yourself to the extension of the Act.

**Sj. Gangapada Kuar:**

আমরা চেয়েছিলাম এমন একটা সংশোধন আনা হোক যার ফলে নন-রেজিষ্টার্ড মজদুর কবুলিয়ত-কে রিজেক্ট করে দেওয়া হয় এবং ভাগচাষী তার অধিকার ফেরৎ পায়। এসমস্ত আমরা নোতুন বিলে আশা করেছিলাম কিন্তু দুঃখের বিষয় তার কিছু নেই, কেবল ওরিজিনাল যে এ্যাক্ট, এর আয়ু বাড়িয়ে দেবার ব্যবস্থা করা আছে। আমরা অবশ্য স্বীকার করি এই আইনের প্রয়োজন আছে কিন্তু সরকার পক্ষ যেভাবে প্রয়োজনটা স্বীকার করেন আমরা সেভাবে বিশ্বাস করিনা। সরকার পক্ষের এর মধ্যে ভাওতা রয়েছে। স্বাধীন দেশের ভাগচাষী আশা করে যে-সমস্ত আইন হবে যাতে তাদের স্বার্থ রক্ষিত হবে। কিন্তু এই বিল যেভাবে আনা হয়েছে তাতে লক্ষ লক্ষ ভাগচাষী উচ্ছেদ হবে, এতে তাদের প্রতি বিশ্বাসঘাতক করা হবে। যা সংশোধন আনা হয়েছে সে কেবল এর আয়ু বাড়িয়ে দেবার জন্যে এ-ছাড়া আরও সংশোধন আনা এবার উচিত ছিল।

**Sj. Hemanta Kumar Ghoshal:**

মাননীয় স্পীকার মহোদয়, বিলের যে মেয়াদ বাড়ান হচেছ এটাকে আমরা আরও বাড়াতে সমর্থন করেছিলাম। কিন্তু গতবারে আমরা এই এ্যাক্ট-কে কার্য্যকরী করার জন্য ভাগচাষীর পক্ষে যে সমস্ত ষ্টেপ নেওয়া উচিত ছিল বলেছিলাম তা না নিয়ে আজকে এই এ্যাক্ট একবছর বাড়ালে সেই ধারা যদি চলতে থাকে তাহলে যা অবস্থা তা থেকে যাবে। প্রথম আমি বলব এই এ্যাক্ট থাকা সত্ত্বেও ভাগচাষীকে হয়রানি করার জন্য, বে আইনীভাবে আইনকে কাজে লাগানর জন্যে, ভাগচাষীর স্বার্থ নষ্ট করবার জন্য নানা চেষ্টা চলেছে এটা আমরা মাননীয় মন্ত্রীমহাশয়কে বলেছি। ব্যক্তিগতভাবে তাকে জানিয়েছি এই এ্যাক্ট আসলে কার্য্যকরী হচেছনা। যেভাবে এটা আনা উচিত ছিল তা আনা হয়নি। একে কার্য্যকরী করার জন্য বিশেষ ব্যবস্থা না হলে মেয়াদ বাড়িয়ে কিছু হবে না। প্রথমতঃ স্পীকার মহোদয়, আপনারা জানেন ২।৩ বছরের ঘটনা ।৫২।৫৩।৫৪ সালের যতগুলি মামলা এই এ্যাক্ট-এ কার্য্যকরী করার জন্য ভাগচাষ বোর্ডে হয়েছে এবং ভাগচাষীর পক্ষে যতগুলি রায় হয়েছে তার একটিও ভাগচাষীর জীবনে কার্য্যকরী করা হয়নি। মালিকেরা এমন কি সাহেব কোম্পানী হ্যামিল্টং কোম্পানি বড় বড় জমিদার, জোত-দাররা জোর করে ধান নিয়ে গেছে। ভাগচাষ বোর্ড ভাগচাষীর পক্ষে রায় দিয়েছে, সেক্সন ১৪ আছে। ৫২-৫৩ সাল পর্য্যন্ত একটা মামলার বিচার হয়নি। এর সমস্ত ডিটেল্স মন্ত্রীমহাশয়কে জানিয়েও কোন ফল হয়নি। উনি একথা বলতে পারবেন না যে, সেক্সন (১৪)-এ মামলায় ভাগচাষীর পক্ষে যতগুনি রায় হয়েছে তার একটা জায়গাতেও রায় অনুযায়ী সে তার ন্যায্য পাওনা পেয়েছে। কিন্তু জমিদার জোতদারের পক্ষে যা রায় হয়েছে তা ইম্‌প্লিমেন্ট করা হয়েছে তাতে ২৪ ঘণ্টা সময়ও লাগেনি। এই যদি অবস্থা হয়, তাহলে এ্যাক্ট-এর এক্সটেনশনটা বড় কথা নয়। তা যদি কার্য্যকরী না হয় তবে তার মূল্য কিসে? সুতরাং মেয়াদ বাড়ান হচেছ এটা আমরা সমর্থন করি, কিন্তু বাস্তবে যাতে তাকে রূপ দেওয়া হয় তার ব্যবস্থা না করলে এই মেয়াদ বাড়িয়ে কিছু লাভ হবেনা, বরং বিপদ বাড়বে। আমি বহুক্ষেত্রে জানি যেখানে ভাগচাষ বোর্ড বলেছে যে উচ্ছেদ হতে পারে না, বে-আইনী হয়েছে এবং সেই জমিতে যখন চাষী চাষ করতে গিয়েছে তার নামে ফৌজদারী হয়েছে, ক্রিমিন্যাল কেস হয়েছে। এইভাবে চাষী রায় অনুযায়ী কাজ করতে গেলে তাকে আক্রমণ করা হয়। আমার মূল বক্তব্য তাই এই যে এই এ্যাক্ট-কে কার্য্যকরী রূপ দেবার জন্যে ব্যবস্থা করা উচিত এবং যে সমস্ত মামলা ভাগচাষ বোর্ডে আছে, অবিলম্বে তার রায় দিয়ে তা কার্য্যকরী করা উচিত।

**Sj. Subodh Banerjee:** Mr. Speaker, Sir,

বর্গাদার আইনের মেয়াদ আর একবৎসরের জন্যে বাড়িয়ে দিচেছন মন্ত্রীমহাশয় এই বিলের দ্বারা। নিঃসন্দেহে বলা যায় বিলের মেয়াদ আরও একটু বাড়ালেও ক্ষতি ছিল না। মার্চ মাসের শেষ না করে আরও বাড়িয়ে দিলে ভাল হ'ত কারণ মার্চের মধ্যে সমস্ত কেস ফয়সালা হবে না। মন্ত্রীমহাশয় বলেছেন যে, ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস্ বিল তাঁরা আনছেন তার মধ্যে বর্গাদারদের সম্বন্ধে ভাল অনেক কিছু থাকবে। কিন্তু তাঁরা যে বিল আনছেন অর্থাৎ ল্যাণ্ড রিফর্মস্ এ্যাক্ট তার মধ্যে বর্গাদারদের সম্বন্ধে যে পরিচেছদটি আছে তা আমি পড়েছি। বর্ত্তমান যে বর্গাদার আইন আছে তাতেও যে সমস্ত সুখসুবিধা আছে তাও ভূমিসংস্কার বিলের মধ্যে নেই।

[4-50—5 p.m.]

বর্ত্তমান বর্গাদার আইন চালু করতে গিয়ে যে যে অসুবিধাগুলি দেখা গিয়েছে তা দূর করার পন্থাগুলি ভূমি-সংস্কার আইনের মধ্যে সংযোজিত হওয়া উচিত ছিল। আমি জানি এইরকম মেয়াদ বৃদ্ধির বিলের আলোচনায় বল

আইনের সম্বন্ধে বলা যায় না। কিন্তু কেন বিলকে সমর্থন করতে উঠেও এই সব কথা বলতে হচ্ছে সেটা বিশেষ বিবেচনার কথা, এই জন্য বলতে হয় যে বর্গাদারদের যা সংজ্ঞা দেওয়া হয়েছে বর্গাদার আইনে তার মধ্যে বিরাট একটা ফাঁক থেকে গিয়েছে।

**Mr. Speaker:** We are discussing Land Reforms Bill.

**Sj. Subodh Banerjee:**

আমি বর্গাদারের সংজ্ঞাটা দিচ্ছি, সেটা ঠিকমত না থাকায় এই আইন মোটেই লাগানো যাচ্ছে না।

**Mr. Speaker:** Yet you are referring to the main Act. Definition of bargadar, that is not within the scope of this Bill.

**Sj. Subodh Banerjee:**

এখানে মেয়াদ বৃদ্ধিকে সমর্থন করেই বলছি। এখনও সময় আছে। আরও একটা ফসল এই আইনের আওতায় আছে এবং যদি মূল আইনের মধ্যে যে অসুবিধা ও অন্যায় আছে সেগুলি দূর না করেন এবং সেইরকম সুবিধাজনক ধারাগুলি যদি ল্যাণ্ড রিফর্মস্ বিলের মধ্যে অন্তর্ভুক্ত না করেন তাহলে ভাগচাষীদের অসুবিধা হবে। তারা এখন যেমন তাদের পাওনা ফসলের অংশ পাচ্ছে না, তেমনই পাবে না। ষ্টেটমেণ্ট অব অবজেক্টস্ এ্যাণ্ড রিজেনস-এ বলা হয়েছে বর্গাদারদের উপকার করার জন্য এই বিল আনা হয়েছে। প্রায় সমস্ত বর্গাদারদের মজুর হিসাবে পরিগণিত করা হচ্ছে বে-আইনী মজুর কর্তৃনিয়মের জোরে। কোন সুবিচারই তারা পাচ্ছে না সরকারী কর্মচারী বর্গাদারদের স্বার্থ পায়ে মাড়িয়ে চলেছে। এই সব অসুবিধাগুলি ল্যাণ্ড রিফর্মস্ এ্যাক্টের মধ্যেও থেকে গিয়েছে।

**Mr. Speaker:** Do not discuss those things.

**Sj. Subodh Banerjee:**

এইসব অসুবিধা দূর করে নূতন একটা বিল আনা উচিত বলে আমরা মনে করি এবং তা যদি না আনেন তাহলে বর্গাদারদের বাঁচানো যাবে না।

আমি সুন্দরবনের কথা বলতে পারি, আমি গতবার একটা হিসাবও দিয়েছিলাম। বর্গাদারদের মোট ১/৩ কে জমিদার জোতদার সেখানে উচ্ছেদ করেছে বে-আইনীভাবে। তা রোধ করার কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নেই। সুতরাং আমি বলবো এই বিলের মেয়াদ বৃদ্ধি করে সামনের সেসনে একটা নূতন করে বিল নিয়ে আসুন যার মধ্যে বর্গাদারদের স্বার্থরক্ষার জন্য ধারা সংযোজিত থাকবে। কিংবা ল্যাণ্ড রিফর্মস্ বিল যখন সিলেক্ট কমিটিতে যাবে তখন এই সমস্ত ধারা যেন তাতে সংযোজিত করা হয়।

**Sj. Balalal Das Mahapatra:**

মাননীয় স্পীকার মহাশয়, এই বিল খুব ক্ষুদ্র, কেবল সময় বাড়াবার কথা আছে কিন্তু এই বিলের সঙ্গে ভূমি সংস্কার বিলের কিছু সম্পর্ক আছে বলে মূল আইন সম্পর্কে কিছু উল্লেখ করা দরকার। হয়ত মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন ভূমিসংস্কার বিল আনা হচ্ছে তাতে ভাগচাষীদের অভাব অভিযোগের প্রতিকারের ব্যবস্থা হয়েছে এবং তাদের যে সকল দুর্দ্দশার কথা আছে সেগুলি সমস্ত অবসান করতে পারবেন। আমি এখানে ভূমিসংস্কার বিল সম্বন্ধে কোন আলোচনা বা উল্লেখ করবোনা কিন্তু আমি এইটুকু বলতে চাই এই আইনটি পাশ হবার পর গত ৫ বৎসরের মধ্যে ভাগচাষীরা এই আইনের দ্বারা কতটুকু রিলিফ পেয়েছে। চাষীদের যে সকল অসুবিধা ছিল সেই সকল অসুবিধা ভোগ করতে হচ্ছে। দুঃখ দুর্দ্দশা ভোগ করতে হচ্ছে এ সম্পর্কে একটা তদন্ত হওয়া দরকার। আমি মনে করি যে বিধান সভার সদস্য নিয়ে, বিধান পরিষদের সদস্য নিয়ে বিভিন্ন দল থেকে মাননীয় মন্ত্রীমহাশয় যদি একটি পরামর্শ কমিটি গঠন করেন তাহলে অনেক অসুবিধা দূর হ'ত। এবং সেই তদন্ত কমিটির রিপোর্ট নিয়ে তিনি যদি ভূমি সংস্কার বিল আনতেন বা সিলেক্ট কমিটি-তে দিতে পারতেন তাহলে ভাগচাষীদের স্থায়ী প্রতিকার হতে পারতো, তাদের একটা ব্যবস্থা হতে পারতো। এই জন্য আমি মনে করি যে তদন্ত কমিটি গঠিত হবে তার কাজ হবে--

(১) প্রথম কথা হচ্ছে ভাগচাষীদের এখনও বে-আইনী আবওয়াব দিতে হয় কিনা।

(২) ভাগচাষীরা আইনের অধিকারগুলি ভোগ দখল করার সুযোগ পায় কিনা।

(৩) বিনা কারণে বা নামমাত্র কারণে ভাগচাষীদের জমি থেকে উচ্ছেদ করা হয় কিনা।

(৪) ভাগচাষ বোর্ডে এক একটি মামলা নিষ্পত্তি হতে কতদিন সময় লাগে।

(৫) কতগুলি মামলার রায় ভাগচাষীদের পক্ষে ও কতগুলি মামলার রায় ভাগচাষীদের বিপক্ষে হয়।

(৬) মামলার রায় দিতে দেরী হওয়ার ফলে চাষীদের কিরূপ হয়রানী এবং আর্থিক ক্ষতিগ্রস্থ হতে হয়।

(৭) আপিল কেসগুলি শেষ হতে কতদিন সময় লাগে।

(৮) সবশেষে বর্তমানের এই আইনটি সবদিক হতে ভাগচাষীদের কতটুকু উপকার করতে পেরেছে।

এইগুলির অন্তত: তদন্ত হওয়া উচিত একটা বোর্ড করে। এবং যদি মন্ত্রীমহাশয় সে বোর্ডের সাজেশনগুলি গ্রহণ করেন তাহলে ভালভাবে একটা আইন আনতে পারেন। যদি সত্যকারের ভাগচাষীদের উপকার করবার মন থাকে তাহলে তদন্ত কমিশন গঠন করবার যে সাজেশন দিয়েছি সেটা গ্রহণ করবেন। আর একটি কথা বলতে চাই স্পষ্ট ভাষায় এই পাঁচ বৎসরের মধ্যে বাংলার চাষীদের দু:খ দুর্দশার অবসান ঘটে নাই এবং যেখানে চাষীরা আইনের অধিকার নিয়ে জোতদারদের সম্মুখীন হয়েছে সেখানে তাদের দু:খদুর্দশা আরো বেড়ে গিয়েছে এবং বহু হয়রানী ভোগ করতে হয়েছে। আইনের দ্বারা চাষীদের যেটুকু সুবিধা দেওয়া হয়েছে তাও আইনের মারপ্যাচে তারা ভোগ করতে পারছে না। আজও তাদের বে-আইনী আবওয়াব দিতে হয়। বীজ ধানটি পর্য্যন্ত তারা পায়না। জোতদারদের খেয়াল খুসী অনুসারে তাদের চলতে হয়। তাদের নামে মিথ্যা মামলা হচেছ এবং জবরদস্তিভাবে মিথ্যা মামলার সাক্ষি দিতে দেওয়াচেছ। এটা আমাদের নিজেদের অভিজ্ঞতা থেকে বলছি। এখানে যদি সত্য সত্যই মন্ত্রীমহাশয় চাষীদের উপকার করতে চান তাহলে দু-একটি কাজ তাঁকে করতে হবে। আমার সাজেশনএ আর একটা কথা উল্লেখ করতে চাই। এই যে সেটেলমেণ্ট হচেছ—

**Mr. Speaker:**

হাউসএর দ্বারা যে বিল গৃহীত হয়ে থাকে তার কোন সমালোচনা এ্যামেনডিং বিলএ হয় না। এখানে সময় এক্সটেনশনএর কথা আছে তার উপর বলুন। এ্যাক্টএর ধারা বাই ধারা বলতে পারবেন না।

That is not allowed. It is your Bill passed by the House.

**Sj. Balalal Das Mahapatra:**

এখানে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি এই যে আমরা বহু জায়গা থেকে অভিযোগ পেয়েছি যে ঘুষ দিয়ে রেকর্ড লিখিয়ে নেওয়া হচেছ। তিনি যদি তদন্ত করেন তাহলে দেখবেন যে বহু মালিক তারা নিজে হাতে চাষ করে বলে রেকর্ড লিখিয়ে নিচেছ। সাদা কাগজে টিপ সই করিয়ে নিচেছ, জবরদস্তি মজুর কবুলিয়ত লিখিয়ে নেওয়া হচেছ। সেটেলমেণ্ট অফিসারদের দুর্নীতিপরায়ণতার জন্য অনেক ক্ষেত্রে ভাগচাষীদের রেকর্ড করান সম্ভব হচেছ না। এ সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ভাগচাষীরা যাতে রেকর্ড করাতে পারে তার ব্যবস্থা করুন কারণ এতে ল্যাণ্ড রিফরমস বিলএ চাষীদের অসুবিধা হবে। আর একটা কথা হচেছ জোতদাররা চাষীদের কাছ থেকে যে প্রাপ্য ধান পায় তার রসিদ না দেওয়ার জন্য আরো বিপদ হচেছ। এখানে অরডিনান্স করে জোতদারদের বাধ্য করান যাতে তারা প্রাপ্য ধান পাওয়ার সঙ্গে সঙ্গে রসিদ দেয়। তাহলে অনেক চাষীর উপকার হবে। এই বলে আমি শেষ করছি।

**Sj. Provash Chandra Roy:**

মাননীয় স্পীকার মহাশয়, অদ্য বাংলার আইনের সময় বাড়াবার জন্য মাননীয় মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন আমি তা সমর্থন করছি। যদিও আমি মনে করি যে এই বিল আরো কয়েকমাস বাড়াতে পারলে ভাল হত কিন্তু তা সত্বেও এই বিলটাকে বাড়াবার কোন প্রয়োজন ছিল না। আমরা জানি যে গত ৫ বছর যদিও হয়ে গেছে কিন্তু আমাদের ২৪-পরগণা জেলার এখনও বহু থানা রয়ে গেছে এখনও পর্য্যন্ত যেখানে ভাগচাষ বোর্ড স্থাপিত হয় নি। এর ফলে সে সব অঞ্চলে ভাগচাষীরা তাদের অনেক সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়ে রয়েছে। শুধু ২৪-পরগণা নয়। পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় এখনও পর্য্যন্ত বহু থানা রয়ে গেছে যেখানে যেখানে ভাগচাষ বোর্ড এখনও প্রবর্তিত হয়নি। সেইজন্য আমরা আশা করি যে আরো এক বৎসরের মত সময় যে বাড়িয়ে দেয়া হচেছ এই সময়ের মধ্যে যে সমস্ত থানায় এখনও ভাগচাষ বোর্ড গঠিত হয় নি সেই সমস্ত থানায় অবিলম্বে ভাগচাষ বোর্ড প্রবর্তন করবার ব্যবস্থা করবেন।

[5—5-10 p.m.]

মেদিনীপুর মহকুমার বিজপুর প্রভৃতি অঞ্চলে এখন পর্য্যন্ত ভাগচাষ বোর্ড স্থাপিত হয় নাই। যদিও মাননীয় মন্ত্রী মহাশয়েরকাছে গত ৩ মাস ধরে বিভিন্ন দরখাস্ত করে সেটা প্রবর্তন করবার জন্য বারবার অনুরোধ জানিয়েছি।

সেই সমস্ত অঞ্চলে এখনও ভাগচাষ বোর্ড স্থাপিত না হওয়ায় নূতন করে সেখানে আবার ভাগচাষী উচ্ছেদ ইতিমধ্যেই সুরু হয়ে গেছে। সেই সম্পর্কে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করেছিলাম কি করে সেটা বন্ধ করা যায়। তিনি তার উত্তরে জানিয়েছেন যেহেতু এই থানায় ভাগচাষ বোর্ড প্রবর্তিত হয় নাই, সেই হেতু আইনতঃ উচ্ছেদ বন্ধ করবার কোন ক্ষমতা তাঁর নাই, তিনি কিছু করতে পারবেন না। সেইজন্য অবস্থার গুরুত্ব বিবেচনা করে মাননীয় মন্ত্রী-মহাশয়কে অনুরোধ করছি এখন পর্য্যন্ত পশ্চিম বঙ্গের যে সমস্ত থানায় ভাগচাষ বোর্ড গঠিত হয় নাই, অবিলম্বে তা গঠন করবার ব্যবস্থা করুন

(At this stage blue light was lit.)

আর পাচ মিনিট টাইম চাই।

**Mr. Speaker:**

আর কি দরকার ? তিনজনে ত বলেছেন।

**Sj. Provash Chandra Roy:**

নিউ পয়েণ্ট স্যার, বলছি। যেখানে ভাগচাষ বোর্ড প্রবর্তিত হয়েছে, তার মধ্য দিয়ে আমরা যে অভিজ্ঞতা লাভ করেছি, সেই সম্পর্কে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রথম কথা হচ্ছে আইনের দ্বারা জমি বিলিয়ে দেওয়া হয়েছে।

**Mr. Speaker:**

আইনে কিছু বলা হয় নাই। That is irrelevant

**Sj. Provash Chandra Roy:**

আইনে বলা হয়েছে——

**Mr. Speaker:**

আপনি যেন সম্পর্কে কিছু বলতে পারবেন না।

Don't argue, please go on. I have given my ruling. You cannot disturb the main item by item.

**Sj. Provash Chandra Roy:**

যা চলছে সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি তার রেমিডি করতে পারবেন।

**Mr. Speaker:**

যখন বিল আনবেন, তখন বলবেন।

**Sj. Provash Chandra Roy:**

আচ্ছা, স্যার, অন্য পয়েণ্টে বলছি। আমরা জানি ইতিপূর্বে একটা আইন করা হয়েছিল ভাগচাষী উচ্ছেদ বন্ধ করবার জন্য। তাতে নির্দেশ দেওয়া হয়েছে ৩১শে ডিসেম্বরের মধ্যে যদি তারা এস, ডি, ওর কাছে দরখাস্ত করে তাহলে উচ্ছেদ বন্ধ হতে পারে, সে ক্ষমতা এস, ডি, ওর হাতে দেওয়া হয়েছিল। কিন্তু সেই ৩১শে ডিসেম্বর পেরিয়ে গেছে। আবার নূতন করে উচ্ছেদের হিড়িক সুরু হয়ে গেছে। যে সমস্ত জায়গায় ভাগচাষ বোর্ড রয়েছে তাদের হাতেও উপযুক্ত ক্ষমতা দেওয়া হয় নাই এই উচ্ছেদ বন্ধ করবার জন্য। এ বছর যেহেতু জরীপ সুরু হয়েছে এবং ভাগচাষীরা আইন অনুযায়ী তাদের নাম রেকর্ড করবার সুযোগ পেয়েছেন, সেইজন্য ইতিমধ্যে ভাগচাষী উচ্ছেদ সুরু হয়ে গেছে। সেই জন্য অনুরোধ করছি ভাগচাষীদের উচ্ছেদ যাতে বন্ধ করা যায়, তারজন্য মন্ত্রী-মহাশয় আর একটা আইন আনুন এবং জমি থেকে ভাগচাষীদের উচ্ছেদ বন্ধ করুন।

(At this stage the red light was lit.)

**Mr. Speaker:**

হয়ে গেছে বসুন।

I am trying to help your party members so that they can also speak. Don't waste the time of the House in this way. Please sit down.

[The member resumed his seat.]

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় স্পীকার মহাশয়, ভাগচাষ বোর্ডের যে মেয়াদবৃদ্ধি করা হবে আমি তার স্বপক্ষে। কোন কোন মাননীয় সদস্য অভিমত প্রকাশ করেছেন যে এর মেয়াদ বৃদ্ধি করা উচিত নয়, আবার কোন কোন সদস্য বলেছেন এর মেয়াদ বৃদ্ধি করা উচিত। অনেক সদস্য অনেক রকম আলোচনা করেছেন। আমি তার পুনরাবৃত্তি করবো না। ভাগচাষ বোর্ডের যে মেম্বার সিলেক্সন, সেটা হচ্ছে বর্গাদারদের একমাত্র সম্বল। যেভাবে ভাগচাষ বোর্ড সংগঠিত হয়েছে, সেই সম্পর্কে দু-একটা প্রস্তাব উপস্থাপিত করতে চাই। আশাকরি মাননীয় মন্ত্রীমহাশয় তা মনে রাখবেন ও ডিপার্টমেণ্ট চালাবেন। ভাগচাষ বোর্ড যেভাবে তৈরী হয়েছে, তা প্রতিনিধি নির্বাচন করে হয় নাই। ভাগচাষ বোর্ডের মেম্বার যারা ৭।৮ মাইল দূর থেকে আসে, তাদের এ্যালাউয়েন্স দেওয়া হয় না। ফলে বোর্ডের কোরাম হয় না, বিচার স্থগিত থাকে। দ্বিতীয় তাদের এটাওটা খরচ খরচা যা হয়, তারজন্য দুর্নীতি ও এসে পড়ে। এটা মাননীয় মন্ত্রীমহাশয়কে জানাই। ভাগচাষ বোর্ড বহুদিন ধরে বিচার করতে করতে এমন কয়েকটা নীতি এসে গেছে, সেটা আমি ডকুমেণ্ট সহ বলতে পারি। কোন ভাগচাষীর বিরুদ্ধে কোন রকম কেস নাই, অথচ দেখা গেল তাকে নোটীশ জারী করা হয়েছে—তুমি অমুক তারিখে বোর্ডে হাজির না হলে একতরফা কেস হয়ে যাবে। এই রকম একটা এক্স-পার্টি কেস হয়েছিল। আমি নিজে গিয়ে দেখেছি ভাগচাষীর বিরুদ্ধে কোন কেস নাই, অথচ ভাগচাষ বোর্ডের চেয়ারম্যানের সিগনেচারে নোটীশ এসেছে। এইরকম করে ভাগচাষীদের জমি হরণ করবার জন্য জমিদার সেখানে বসে আছে।

তারপর হচ্ছে ভাগচাষ বোর্ড রায় দিবেন জমি ছেড়ে দিবার জন্য।

**Mr. Speaker:**

আপনি যেন পয়েণ্টে বলুন।

**Sj. Monoranjan Hazra:**

ভাগচাষ বোর্ডের জমি ছাড়াবার উপযুক্ত কারণ নাই, অথচ দেখা যাচেছ ২০ দিনের নোটীশ দিয়ে জমি ছাড়িয়ে দেওয়া হচেছ। এখানেও তার সই আছে। তাই মন্ত্রীমহাশয়কে বলতে চাই ভাগচাষ বোর্ড যেখানেতে সৃষ্টি করেছেন সেগুলি ও ভালভাবে কাজ করছে না। যদি বোর্ডের কাজ ভালভাবে চালাতে চান, তাহলে নির্বাচিত প্রতিনিধি নিয়ে ভাগচাষ বোর্ড স্থাপন করুন। তাহলেই কাজ হবে।

তারপর বক্তব্য হচেছ যখন ভাগচাষ বোর্ডে চাষী কেস করতে যায়, তখন জমিওয়ালা উলটে থানায় গিয়ে ক্রিমিন্যাল কেস করেন। ফলে তাকে তার জমি থেকে উৎখাত হয়ে যেতে হয়। কারণ আটক থাকার দরুন সে আর কেস চালাতে পারে না। আবার ভাগচাষীদের দলগত অধিকার রক্ষা করবার জন্য কেসে সাক্ষীসাবুদ নিয়ে গেলে তাদের ও আসামী করা হয়, ১০৭ ধারা করে চালান দেওয়া হয়। এই কারণে কেউ ভয়ে সাক্ষ্য দিতে চায় না। জমিদারদের পক্ষে পুলিস সাহায্য করে। এইভাবে জমিদার, পুলিস এবং সরকারী কর্মচারী মিলে চাষীদের উচেছদ করছেন, হয়রাণি করছেন। জমিদারদের ভাগমত ফসল দিলেও কোন রসিদ দেয় না। তার ফলে উলটে ফসল দেয়না বলে জমিদাররা চাষীদের বিরুদ্ধে ক্রিমিন্যাল কেস করে। আশা করি এ সমস্ত ব্যাপার মন্ত্রীমহাশয় তদন্ত করবেন।

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I thought that the only matter which has arisen for consideration of the House is whether the life of the Act should be extended and if so by what time. Obviously, it is necessary that the life of the Act should be extended, because the Act will expire on the 31st of March, 1955, and until the Land Reforms Bill is passed, and the provisions are brought into force, the operation of the Bargadar's Act should be extended in the interest of the *bargadars*. The Land Reforms Bill is already before the House, and that Bill will be referred to a Select Committee, and after the Select Committee has examind and scrutinised it, it will be passed by the House in due course.

[5-10—5-35 p.m.]

The Land Reforms Bill, when it becomes an Act, will repeal the Bargadars' Act. Therefore, it is not necessary to extend the life of this Act beyond the time required for putting into force the Land Reforms Bill when passed by the House.

The other matters referred to, to my mind, are not quite relevant. Some of my friends have raised the question of composition of the Board of Conciliation. Each Board is composed of a Government Officer as Chairman, two representatives of *bargadars* and two of owners.

(A VOICE FROM THE OPPOSITION "not from the *bargadars*".)

I have examined as far as possible and I am satisfied that the representatives of the two categories are there. There may be one or two cases where one of the members may not be truely representing a particular category, but if there is any specific case like that I am prepared to examine it if my attention is drawn to it.

So far as the settlement operations are concerned Government have already issued instructions to every officer concerned therewith to have *bargadars* in each area properly recorded in the record-of-rights. We have gone to the length of giving instructions to the effect that even where a *bargadar* is not available, if a particular piece of land is being cultivated by a *bargadar* the fact of such cultivation should be recorded in the hope that at some future time we shall be able to trace the *bargadar*. In fact I have told the villagers, wherever I have been, and particularly the *bargadars*, that they should come forward and have their interest protected by having their names recorded and they will be entitled to have their names recorded up to the time of the attestation.

The provisions of the Act are not pertinent for the purposes of the present discussion. The Act is being implemented everywhere and whenever attention of the Government has been drawn to any defect in the working anywhere it has been investigated and such steps have been taken as the occasion called for.

With regard to forcible eviction the House is aware that during the last session a Bill was passed amending the Bargadars Act which has made ample provision for restoration of *bargadars* to possession of lands. A number of officers have been appointed in order to deal with the petitions which have been filed by the *bargadars* for restoration of land to them.

I have not at the present moment any recollection of a case under section 14. I do not remember any case being brought to my notice, but if there is a case properly coming under section 14 action must be taken by the party who is aggrieved; he has got to move the court and get appropriate relief from the court. It is a matter in which the Executive can take no action.

At the present moment we are asking for extension of the life of the Act for one year in the hope that so far as the Land Reforms Bill is concerned it will be passed into an Act by that time and we will be able to enforce the provisions of that Act in the meantime. If, however, any occasion arises in future for the extention of the life of the Act we shall certainly bring the matter up before the House. We do not desire that there should be any period during which the *bargadars* should not be protected. The provisions of this Act will continue until this Act is repealed by the Land Reforms Act—when the provisions will be replaced by the provisions contained in the Land Reforms Bill.

The motion of Sj. Tarapada Bandopadhyay that the West Bengal Bargadars (Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1955, was then put and lost.

The motion of Sj. Gangapada Kuar that the West Bengal Bargadars (Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th March, 1955. Fell through.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the West Bengal Bargadars (Amendment) Bill, 1955, be taken into consideration, was then put and agreed to.

(At this stage the House was adjourned till 5-35 p.m.)

[5-35—5-45 p.m.].

*(After adjournment.)*

**Dr. Radhakrishna Pal:** Sir, I have got a prayer to make. Tomorrow is the birthday ceremony of our Lord Ramkrishna. Will you kindly give one day's holiday?

**Mr. Speaker:** No, I am sorry.

**Dr. Radhakrishna Pal:** Why not? All the officers and other people are going there.

**Mr. Speaker:** Let us do work. Ramkrishna will be pleased if you work more.

**The West Bengal Bargadars (Amendment) Bill, 1955.**

*Clause 1.*

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 2.*

**Sj. Mrityunjoy Pramanik:** Sir, I beg to move that in clause 2, line 3, for the word "March" the word "December" be substituted.

এই বিলটিতে আমার আর কিছু বলার নেই। মার্চ্চ মাস পর্যান্ত টাইম দেওয়া আছে; সেটা মার্চ্চ মাস থেকে ডিসেম্বর মাস পর্য্যন্ত করা হউক। মার্চ মাসের মধ্যে হবে না। মার্চ মাসে হওয়া সম্ভব মনে হয় না। সুতরাং এটা ডিসেম্বর মাস কোরে দিন। এই টাইম এক্সটেনসন করার পক্ষে আমাদের সমর্থন যথেষ্ট আছে। এরপর আবার একটা কমপ্রিহেনসিভ বিল আনা উচিত। কাজেই মার্চ্চ মাস না কোরে ডিসেম্বর মাস করুন। টাইম এক্সটেণ্ড করার জন্য কোন কথা বলতে গেলে উনি যেরকম অভদ্র ভাষা ব্যবহার করেন তাতে আর কিছু বলতে যাওয়ার সাহস হয় না।

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I cannot accept the amendment. I have given my reasons.

The motion of Sj. Mrityunjoy Pramanik that in clause 2 line 3, for the word "March" the word "December" be substituted was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

*Preamble.*

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the West Bengal Bargadars (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed.

**Sj. Mrigendra Bhattacharjya:**

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫৪ সালে যে ভাবে বর্গাদার আইন থাকা সত্ত্বেও ভাগচাষী উচ্ছেদ হয়েছিল সে সম্পর্কে সরকার থেকে অর্ডিন্যান্স জারী কোরে ভাগচাষীদের রক্ষা করবার জন্য চেষ্টা করেছিলেন কিন্তু অর্ডি-ন্যান্স করা সত্ত্বেও ভাগচাষীদের মামলা শেষ হ'তে আশ্বিন কার্ত্তিক মাস পর্য্যন্ত লাগে। তাতে গত বৎসর চাষীদের

উচ্ছেদের জন্য খানিক ফসল কম হয়েছে, যদিও পশ্চিমবঙ্গে বৃষ্টি না হওয়ার জন্য চাষ কম হয়েছে, তা সত্ত্বেও ভাগচাষী উচ্ছেদের জন্য যে কিছু পরিমাণে তা হয়েছে তা ঠিক। এ বৎসর যেভাবে ব্যাপক উচ্ছেদ হ'তে আরম্ভ হয়েছে, এবং যদিও সরকার থেকে গোপন সার্কুলার হয়েছে যাতে ভাগচাষী উচ্ছেদ না হয় ও তার জন্য নির্দেশ দেওয়া আছে তা সত্ত্বেও যেভাবে মামলা রুজু হয়েছে এবং উচ্ছেদ হচ্ছে গত বৎসরের মত, তাতে আমার অনুরোধ হচ্ছে এখন থেকে সরকার এই সকল উচ্ছেদ বন্ধ করার জন্য যদি কঠোর ব্যবস্থা অবলম্বন না করেন তাহলে আরও অবস্থা খারাপ হবে।

গত বৎসর ধান্য না হওয়ায় চাষীরা চাষ কোরে যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়েছে, কোন কোন জমিতে একেবারেই ফসল হয় নি, এবারেও এ বছর যে ভাবে উচ্ছেদ হচ্ছে তার ফলে ফসলের ক্ষতি হবে। সেইজন্য আমি আবেদন জানাচ্ছি যাতে তাঁরা বিশেষ ব্যবস্থা অবলম্বন করেন, যাতে বিনা কারণে ভাগচাষী উচ্ছেদ না হয়। এরা নিজেরা চাষ করবে না, অন্যকে দিয়ে চাষ করাবে ব'লে ভয় দেখাচ্ছে এবং ভাগচাষীদের উচ্ছেদের জন্য চেষ্টা করছে সেইজন্য আবেদন জানালাম ভাগচাষী যাতে উচ্ছেদ না হয় তার জন্য যেন সরকার চেষ্টা করেন।

**Sj. Narendra Nath Ghosh:**

মিঃ স্পীকার, স্যার, এই বর্গাদার এ্যামেণ্ডমেণ্ট এ্যাক্টকে চিরস্থায়ী করার আগে এই এ্যাক্টকে কার্য্যকরী করার বিষয়ে যে সমস্ত অসুবিধা আছে তা আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি। সেটেলমেণ্টএর সময় যে সব ভাগ-চাষী তাদের স্বত্ব লিপিবদ্ধ করেছে—বহু চাষী অবশ্য করতে পারেনি—তারা বিপদে পড়েছে। তাই দেখি জমিদাররা যে সমস্ত ভাগচাষী জমি তাদের নামে রেকর্ড করিয়েছে তাদের বিরুদ্ধে উচ্ছেদের মামলা করেছে এবং আমরা দেখছি যে শতকরা ৯০টা মামলার রায় জমিদারের পক্ষে গেছে অর্থাৎ চাষীরা জমি থেকে উচ্ছেদ হচ্ছে। এর ফলে আরামবাগ অঞ্চলে এমন অবস্থা হয়েছে যারা ভাগে জমি চাষ করে তারা হাল, গরু বিক্রয় করতে বাধ্য হচ্ছে। এখনই যদি প্রতিকার না করা হয় তাহলে চরম অবস্থা দেখা দেবে। তার ফলে ভয়ানক আন্দোলন হওয়ার আশঙ্কা রয়েছে। আর একটা বিষয় মন্ত্রীমহাশয় বলেছেন—প্রত্যেক ভাগচাষ বোর্ডে জোতদার এবং বর্গাদারের পক্ষীয় লোক আছে। আমি বিশেষ করে আরামবাগ ভাগচাষ বোর্ডের কথা বলছি। সেখানে সব-রেজিস্ট্রার ছাড়া যে ৪ জন সদস্য আছেন তাঁরা হচ্ছেন (১) শ্রীশান্তি রায়, (২) শ্রীফণীন্দ্র রাণা, (৩) শ্রীকান্তি গাঙ্গুলী ও (৪) সেক আব্দুল ওহাব। তাদের মধ্যে কোন্ দুটি বর্গাদারদের প্রতিনিধি সেটা মাননীয় মন্ত্রীমহাশয়কে জানিয়ে দেবার জন্য অনুরোধ করছি। সঙ্গে সঙ্গে একথাও বলছি, এখন থেকে এই সমস্ত বর্গাদারদের রক্ষা করার যদি ব্যবস্থা না করেন তাহলে আইন করে কোন ফল হবে না। আইন কাগজ পত্রের মধ্যেই থাকবে এবং বর্গাদারদের দলে দলে ভিক্ষা করতে হবে। তার ফলে দেশে চরম অশান্তি এবং তার ফলে আন্দোলন দেখা দেবে, সে বিষয়ে সন্দেহ নাই। তার জন্য এখন থেকে তিনি যেন প্রস্তুত থাকেন।

**Sj. Hemanta Kumar Ghoshal:**

মাননীয় স্পীকার মহাশয়, এই যে আইন পাশ হচ্ছে এই সম্পর্কে বক্তৃতা প্রসঙ্গে মন্ত্রীমহাশয় বলেছেন যে তিনি ব্যক্তিগতভাবে পরীক্ষা করেছেন এবং দেখেছেন বহু ক্ষেত্রে বর্গাদারদের প্রতিনিধি আছে। বেশীর ভাগ ক্ষেত্রেই এরকম আছে একথা তিনি বলেছেন। কিন্তু আমরা সকল তথ্য দিয়ে ব্যক্তিগতভাবে ওঁর সঙ্গে আলোচনা করেছি নাম দিয়েছি বোর্ড বাই বোর্ড—দিয়ে আমরা দেখিয়েছি ঘটনা আসলে তা সত্য নয়। তা সত্ত্বেও যেহেতু ওকে ডিফেণ্ড করতে হবে সেজন্যই ওকে একথা বলতে হবে। সেজন্যই তার বক্তব্য এরূপ বলেছিলেন। তা সত্ত্বেও আমি অনুরোধ করবো এখানে তিনি যে কথাই বলুন না, আসল ঘটনা যেন তিনি আর একবার তদন্ত করে দেখেন। অধিকাংশ ক্ষেত্রে এই আইনে যে সুযোগ দিচ্ছেন, সেই সুযোগ ব্যবহার করার জন্য যাদের প্রতিনিধি রাখা নীতিগতভাবে স্বীকার করে নিলেন তাদের সেই প্রতিনিধি অধিকাংশ ক্ষেত্রে নাই এটা বাস্তব সত্য। সুতরাং ভাগচাষীদের সত্যিকার যে রাইট আছে এই এ্যাক্টএ সেই রাইট যাতে এসটাবিলিষ্ট হয় সেইদিকে চেষ্টা করবেন এটাই হল প্রথম প্রশ্ন।

দ্বিতীয়তঃ বোর্ডগুলি যে কাজ করে না তার জ্বলন্ত দৃষ্টান্ত হচ্ছে যে বহু জায়গায় বোর্ডের কাছে যে দরখাস্ত পড়েছে, ভাল করে আমি খবর নিয়ে দেখেছি ব্যক্তিগতভাবে বিভিন্ন বোর্ডে আমি নিজে এ্যাটেণ্ড করেছি এবং যে সত্য ঘটনা দেখেছি সেই কথাই বলছি—বোর্ডে এদিকে মামলা হচ্ছে কিন্তু মেম্বাররা উপস্থিত নাই। মাত্র চেয়ারম্যান হয়ত উপস্থিত। কারণ তারা মনে করেছে যেহেতু বর্গাদার এ্যাক্ট ভাগচাষীর পক্ষে ইম্‌প্লিমেনটেড হবে

তাই এই ৪ জন মেম্বার যারা অধিকাংশ মালিক পক্ষের লোক তারা উপস্থিত হলেন না। এটাই হয়েছে সম্পেশ খালি ভাগচাষ বোর্ডে। আসলে তারা ভাগচাষীদের প্রতিনিধি নয় এটা বাস্তব কথা। তাই বোর্ডগুলিকে আসল প্রতিনিধি নিয়ে যদি কার্যকরী করা না হয়, তাহলে আজকে যে অবস্থা দাঁড়িয়েছে বহু বিঘা জমিতে—৬০ হাজার বিঘা জমি ধান গাদাজাত হয়ে পড়ে আছে—বোর্ডে দরখাস্ত দেওয়া আছে কিন্তু কার্যকরী হচ্ছে না—এই অবস্থায় প্রকৃত প্রতিনিধি বোর্ডকে কার্যকরী না করলে এসমস্ত ধান নষ্ট হয়ে যাবে ভাগচাষী তার ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত হবে। সুতরাং আমার অনুরোধ আইন পাশ করলেই কাজ হবে না, আসলে যাতে সত্যিকারের কাজ হতে পারে সেদিক থেকে বোর্ডকে চালু করুন এবং সত্যিকারের ভাগচাষীদের প্রতিনিধি যাতে সেই বোর্ডে থাকে তা দেখুন।

[5-45—5-55 p.m.]

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I will assure my friends that if, in fact, there is a member on the Bhagchas Conciliation Board representing the *bargadars* who is not a *bargadar*, I shall certainly take steps. Very often it happens that although the Chairman is present, two or more of the representatives of the *bargadars* and the owners do not attend. That is one of the causes of delay. Another cause is that the parties apply for time ostensibly for settling the dispute. There are various causes for delay in the disposal of cases which have been filed.

With regard to distribution of the produce, there is no question that there should be immediate distribution of the one-third which goes to the owner and one-third which goes to the *bargadar*. With regard to the remaining one-third which covers the cost of cultivation that can only be apportioned after settlement of the dispute between the parties. We have instructed the officers concerned to see that the produce is distributed as between the *bargadar* and the owner to the extent of one-third each as quickly as possible after the harvesting. Sir, one of my friends has talked about evictions. As my friends know two Tribunals have been set up for dealing with cases of eviction of *bargadars*—one is the Bhagchas Conciliation Board and the other is to meet the cases of emergency, namely, where a *bargadar* has been evicted without an order from the Conciliation Board, the aggrieved *bargadar* can apply to the Subdivisional Officer for restoration of possession, and we have in the Act provided a summary procedure for the disposal of cases before both the Tribunals. If any party is aggrieved, there is also a provision for appeal, so that there is ample provision in the Act for the protection of the *bargadar*. If there is any difficulty in implementing the Act that is not by reason of any flaw or defect in the Act itself, but owing to practical reasons. In such cases Government have always taken the trouble—as it is the duty of the Government—to find out the cause of trouble and remove the difficulty and see that the parties concerned obtain their relief in proper time. Very often it happens that a very large number of cases is filed before a particular Board, and it becomes difficult to dispose of those cases within the time prescribed in the Act, but as far as possible steps are taken to dispose of these cases expeditiously, because it is to nobody's interest that any produce should perish. The undisputed share which goes to the *bargadar* and the undisputed share which goes to the owner should be made over to them respectively immediately after the harvesting and thrashing.

**As regards the disposal of the remaining one-third although a time limit has been prescribed in the Act for disposal of the disputes, for various reasons it is not always possible to adjudicate upon all the cases within the specified time. I have indicated some of the reasons which operate and which are responsible for the delay, but endeavour is being made as far as possible to dispose of these cases quickly because it is to the interest of all concerned that there should be no wastage of the produce.**

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the West Bengal Bargadars (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## The Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1955.

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to introduce the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1955

(The Secretary then read the short title of the Bill.)

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1955, be taken into consideration.

Sir, the proposed amendments are amendments to section 16 of the Act. One of the proposals is that in section 16(*a*) a provision is to be made for the calculation of interest in such manner as may be prescribed, and we seek to introduce a proviso in section 16(*a*), and this is the proviso which is sought to be introduced:—"Provided that no interest shall be charged if the amount of public demand is less than twelve rupees or if the period from the date of signing the certificate up to the date of realization does not exceed three months." This is to give relief to very poor debtors, and there is a consequential amendment in section 39 of the Act consequential upon the amendment of section 16. Then the Schedule is sought to be amended by providing for recovery of costs awarded to the Government by the High Court in proceedings under Article 226 of the Constitution relating to matters arising outside its Ordinary Original Civil Jurisdiction. Sir, if an application is made under Article 226 and if the costs are awarded to the Government and if the subject-matter of the case is outside the aforesaid jurisdiction of the High Court, then the order has to be transmitted to the court exercising jurisdiction at the place where the subject-matter or the property of the judgment-debtor is available and execution proceedings have to be taken to realise the costs. The process involves not only delay but also additional cost which should be avoided.

Sir, there is no provision for recovery of water rates under the Damodar Valley Corporation Act, 1948, as public demand. Therefore, Schedule I is also being amended so as to include this item as money to be recovered under the Act.

**Sj. Probodh Dutt:** Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1955.

**Sj. Ganesh Ghosh:** Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st day of March, 1956.

**Sj. Probodh Dutta:**

মাননীয় স্পীকার মহাশয়, এই বেঙ্গল পাবলিক ডিমাণ্ডস রিকভারি (এ্যামেণ্ডমেণ্ট) বিলটি জনসাধারণের মতামত গ্রহণের জন্য প্রচার করা হোক। এই যে ১২৲ টাকার কম যদি সরকারী দেনা হয় তাহলে কিছু লাগবেনা আর ওয়াশা তারিখ থেকে সার্টিফিকেট ইস্যু পর্য্যন্ত এই যে তিন মাস এতে আমার মনে হয় যদি কিছু করতে হয় তাহলে ১২৲ টাকা থেকে ৫০৲ টাকা যাতে হয় তাই আমার অনুরোধ।

**Sj. Ganesh Ghosh:**

স্যার, আর একটি জঘন্য আইন প্রতিক্রিয়াশীল আইন হতে চলেছে এবং সেটা আমাদের আইন মন্ত্রীর অতচি হাতে দিয়ে আসছে। দরিদ্র জনসাধারণের কাছ থেকে জলকর আদায় করবেন। হাইকোর্টএ দরখাস্ত করে

হয়ত যে সমস্ত মানুষ চাকুরী পেতে পারত, বিচার পেতে পারত তাদের সেখানে যাবার সুযোগ এতে থাকবে না। এরা করছেন কি যেখানে জলের প্রয়োজন নেই সেখানে জল দিচ্ছেন আবার জোর করে জলকর আদায় করা হবে। এই বিল যে কংগ্রেস সরকার আনতে পারেন তা ধারণার অতীত। শ্রদ্ধেয় প্রবোধ বাবু যা বলেছেন উপরের দিক দিয়ে তা ঠিক, কিন্তু শেষের দিকে সর্ব্বনাশা ক্লজগুলি রয়েছে। হাইকোর্ট যাবার পথ বন্ধ।

**Mr. Speaker:**

এখানে আবার হাইকার্ট কোথায় পেলেন?

**Sj. Ganesh Ghosh:**

হাই কোর্টএ যাবার পথ বন্ধ করার কথা আছে ইনডাইরেক্টলী আছে। এরকম অর্ডার থাকলে সাধারণ মানুষ যেতে সাহস পাবে না। এই দুইটি ক্লজ বদলে দিলে নিশ্চয়ই বিলের বিরুদ্ধে খুব আপত্তি থাকবে না। এই বিষয়ে জনসাধারণের মত নেওয়া উচিৎ বলে মনে করি। লঘুচিত্তে এই বিল পাশ করা উচিত নয়। তা করলে হাযোদরের জল যারা নেবে তাদের সর্ব্বনাশ হয়ে যাবে।

[5-55—6-5 p.m.]

**The Hon'ble Satyendra Kumar Basu:** Mr. Speaker, Sir, this method of calculating interest has been followed for a long time under Executive instructions. The practice is now being given statutory effect. If costs are awarded or if water rate is due, Government has to recover such costs or rate. The amendment is intended to keep down costs and to save time. Whatever costs are awarded to the Government on an application under Article 226 of the Constitution are recoverable from the other side. If the subject-matter is outside the original jurisdiction, then the practice and procedure are that the order is transmitted to the court exercising jurisdiction, over property, which means delay and unnecessary cost. There have to be fresh execution proceedings; attachment and sale; poundage has also to be paid. These will be additional costs added to the burden of the debtor. If the usual practice is followed, not only there will be delay, but an enormous amount of further cost will be added in the process of transmission of the order and execution of it, to the claim against the particular debtor. The object of this Bill is to keep down costs and to save time. In any case it does not make any difference as regards the liability of the debtor—the liability arises under order made by the High Court; the debtor has to pay, but it is intended to save trouble and also the costs which ultimately will have to be borne by the debtor.

The motion of Sj. Ganesh Ghosh that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st day of March, 1956, was then put and lost.

**Mr. Speaker:** The other amendment for circulation falls through.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1955, be taken into consideration, was then put and agreed to.

*Clause 1.*

**Mr. Speaker:** The amendment of Sj. Ganesh Ghosh is out of order.

**Sj. Ganesh Ghosh:** Why is it out of order, Sir?

**Mr. Speaker:** It is frivolous because it wants the Bill to come into force after 15 years.

**Sj. Jyoti Basu:** The other day we were told that "forthwith" meant 10 years.

**Mr. Speaker:** I did not accept that interpretation of the word "forthwith".

**The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.**

*Clause 2.*

**Sj. Mrityunjoy Pramanik:** Sir, I beg to move that in clause 2(2) in the proposed proviso to section 16(*a*) of the Act, in line 2, for the word "twelve" the words "one hundred" be substituted.

**Sj. Natendra Nath Das:** Sir, I beg to move that in clause 2(2) in the proposed proviso to section 16(*a*) of the Act, lines 3-4, for the words "signing the certificate" the words "service of notice under section 7" be substituted.

**Sj. Mrityunjoy Pramanik:** Sir, I beg to move that in clause 2(2) in the proposed proviso to clause (*a*) of section 16 of the Act, in line 5 for the word "three" the word "six" be substituted.

**Sj. Sudhir Chandra Das:** Sir, I beg to move that in clause 2(2)in the proposed proviso to section 16(*a*) of the Act, in line 5, after the word "months" the words "and no penal interest shall be charged in any case" be added.

**Sj. Natendra Nath Das:** Sir, the object of this amendment is very simple. The proviso reads "no interest shall be charged if the amount of public demand is less than twelve rupees or if the period from the date of signing the certificate, etc."—instead of the words "signing the certificate". I want to have the words "service of notice under section 7". Sir, the object is clear. The certificate may be signed in the office and may not be issued to the process-server for a month or so. Again, after it is issued to the process-server he may take a long time, say, fifteen days or a month, to serve the notice on the debtor. So, if we keep the words "the date of signing the certificate", then the mercy that we want to show by this proviso will not be shown to the debtor actually. Therefore, I want to substitute the words by the words "service of notice under section 7", because when the notice is served on the judgment-debtor he will actually know that he will have to pay the money; the warning is given to him; and if from that date the time is extended to the date of realisation and if it be three months, then he will be actually shown some consideration so far as the charging of interest is concerned. Therefore, I think the Hon'ble Minister will realise that actually "the date of signing the certificate" is a vague term and the proposed amendment for putting the words "service of notice under section 7" is a definite suggestion. If really he wants to show any consideration to the debtor, he will accept my amendment which is simple "service of notice under section 7".

**Sj. Mrityunjoy Pramanik:**

আমার স্যার দুটো এ্যামেণ্ডমেণ্ট আছে। একটা আছে ১২ টাকার কম হলে ইনটারেষ্ট চার্জ করা হবে না ও নোটিশ জারী হওয়ার ৩ মাসের মধ্যে টাকা দিলে ইনটারেষ্ট চার্জ করা হবে না। ঐটা আমি বলেছি অনুগ্রহ করে ১২৲ টাকাটা ১০০৲ টাকা পর্য্যন্ত করে দিন কারণ গরীব চাষী যারা আছে তাদের জলকর প্রভৃতি অনেক কিছু কর দিতে হয়। এটা ১২৲ টাকা না করে ১০০৲ টাকা আর ৩ মাস যেটা করেছেন সেটা ৬ মাস দিন। আমার এই দুটা এ্যামেণ্ডমেণ্ট ক্লজে দেওয়া আছে। এই দুটা আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন।

**Sj. Kanailal Bhowmick:**

কথা হল মৃত্যুঞ্জয় বাবু যে কথা বলেছেন সেটা আমি সমর্থন করছি। এই জন্য আরো যে পাবলিক ডিমাণ্ড রিকভারি এ্যাক্ট খাজনা আদায়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তখন এই খাজনা আদায়ের ব্যাপারে কোন সার্টিফিকেট জারী করলে তিন মাস দেরী হলে তার উপর আবার সুদ চেপে যাবে। এবং তাতে আরো কষ্ট হবে। সেইজন্য তিনমাসের জায়গায় ছয় মাস করা উচিত। তাহলে চাষীরা সময় পাবে এবং তার মধ্যে পরিশোধ করতে পারে।

দ্বিতীয়তঃ এই খাজনা আদায়ের ব্যাপারে সুদের রেহাই ১০০৲ টাকা পর্য্যন্ত করা উচিত,। কারণ, তাহলে অনেক ধনিক চাষী, মাঝারী চাষী, গরীব চাষী যাদের অনেকের খাজনাই জলকর ইত্যাদি দিয়ে ১০০৲ টাকা হয় তারা এই ইণ্টারেষ্ট মাফ পাবে। সেই জন্য ১২৲ টাকা না করে ১০০৲ টাকাই করা যুক্তি সঙ্গত বলে আমি মনে করি। সেইজন্য মৃত্যুঞ্জয় বাবু যে প্রস্তাব এনেছে তা আমি সমর্থন করি এবং আশা করি মন্ত্রীমহাশয় এটা গ্রহণ করবেন।

[6-5—6-15 p.m.]

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I ought to clear up the matter by reading out to my friends section 16 of the Act. It provides "There shall be recoverable in the proceedings of execution of every certificate filed under this Act (*a*) interest upon the public demand to which the certificate relates at the rate of 6¼ per cent. per annum from the date of the signing of the certificate up to the date of realisation", therefore the Act already provides that interest would run from the date of the signing of the certificate and not from the date of service of any notice.

My friends should realise the circumstances under which a certificate is issued. There is the liability on the part of the debtor to pay; if he does not pay demands are repeatedly made; even then when he does not pay, then only a certificate is signed and issued, so that before the certificate is signed he had ample time to pay up. He has been a defaulter for a long time before a certificate is issued. Even after a certificate is issued he gets three months' time free of interest to pay up the demand, so that in my view if he is a willing debtor he will have ample notice and ample opportunity of paying.

As my friends are aware, if a debtor finds himself placed in difficult circumstances the Certificate Officer exercises his discretion. He allows time to pay; he even allows payment by instalments, I therefore apprehend no difficulty at all.

The concession which is indicated in the Bill has been given so far only to very petty or poor debtors. That is why it is limited to cases of demand limited to Rs. 12; in the case of a debt of Rs. 12 the concession has up to now been given. I do not agree that the amount should be enlarged as has been suggested by my friends.

The motion of Sj. Mrityunjoy Pramanik that in clause 2(2) in the proposed proviso to section 16(*a*) of the Act, in line 2, for the word "twelve" the words "one hundred" be substituted, was then put and lost

The motion of Sj. Natendra Nath Das that in clause 2(2) in the proposed proviso to section 16(*a*) of the Act, lines 3-4, for the words "signing the certificate" the words "service of notice under section 7" be substituted, was then put and lost

The motion of Sj. Mrityunjoy Pramanik that in clause 2(2) in the proposed proviso to clause (*a*) of section 16 of the Act, in line 5, for the word "three" the word "six" be substituted, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Das that in clause 2(2) in the proposed proviso to section 16(*a*) of the Act, in line 5, after the word "months" the words "and no penal interest shall be charged in any case" be added, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 3.*

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 4.*

**Sj. Biren Banerjee:** Sir, I beg to move that in clause 4, the following proviso be added to the proposed Article 15 of Schedule I of the Act, namely:—

"Provided that nothing in this Article shall empower the State Government to realise any money awarded as cost after one month from the date of enforcing of this Act."

**Sj. Ganesh Ghosh:** Sir, I beg to move that in clause 4, the following proviso be added to the proposed Article 16 of Schedule I of the Act, namely:—

"Provided that nothing in this Article shall empower the State Government to realise any money fixed as water rate under section 14(2) of the Damodar Valley Corporation Act 1948 after 15 days from the date of enforcing of this Act."

The motions were then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

*Preamble.*

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed

**Sj. Sudhir Chandra Das:**

মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিলটি আনা হয়েছে পাবলিক ডিমাণ্ডস রিকভারি এ্যাক্টের উপর আমার যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে সে সম্পর্কে আমি কিছু বলবো। এই বিলটি ঠিক ভাবে রচিত না হলে দেশের দরিদ্র জনসাধারণের উপর টাকা আদায়ের জন্য যে জুলুম, অত্যাচার চলছে সেটা আরও মারাত্মক ভাবে চলতে থাকবে। আমি প্রত্যক্ষ ভাবে এ কুফলটা এই আইনের মধ্যে দেখেছি সেইটা দূর করবার জন্য আমার এই সংশোধনী এনেছি। আমার সংশোধনী হচ্ছে পেনাল ইন্টারেষ্ট থাকবে না।

"No penal interest shall be charged in any case"

আমি এ টুকু যোগ করতে চাই এই জন্য যে মোটামুটি এই আইনটা পড়ে দেখলাম যে পেনাল ইন্টারেষ্ট চার্জ করবার প্রকৃত বিধান এতে নাই। কেবল মাত্র ৯০ সেকশনএ দেখতে পাচ্ছি, বলা হয়েছে যে,

"subject to such limitation as may be prescribed the award of any costs of and incidental to any proceeding under this Act shall be in the discretion of the officer presiding and he shall have full power to direct by whom and to what extent such costs shall be paid"

এই ডিসক্রিশন করবার জন্য এখানে একটা ফাঁক রয়ে গিয়েছে। অর্থাৎ কস্ট করে তারপর কস্ট ঠিক করে দেবে মাত্র, কিন্তু ইন্টারেষ্ট সম্পর্কে কিছু করবার অধিকার তাতে নাই। আমাদের ওখানে একটা শুভদণ্ড বা অতিরিক্ত সুদ স্বরূপ মোটা টাকা আদায় হ'চ্ছে। লোন টাকা আদায়ের জন্য, আসল ৫০ টাকার উপর ১১।৮/০ টাকা সুদ বাদে অতিরিক্ত সুদ আদায় হয়েছে, আরও ২৪, চব্বিশ টাকা। আমার কাছে এই রকম আরও অনেক কেস আছে। দেখাতে পারি। এ ছাড়া, কস্ট বাবদ ৩।৭, টাকা আদায় হ'য়েছে এবং গরু ক্রোক করে এনে খোঁয়াড়ে রাখার জন্য ৮।১৫ টাকা আদায় করা হয়েছে। সুতরাং এই ফাঁক থাকার জন্য পেনাল ইন্টারেষ্ট নিয়ে দরিদ্র জনসাধারণের উপর যথেষ্ট অত্যাচার, জুলুম হচ্ছে, এবং এইটাকে বন্ধ করবার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের নিকট বিশেষভাবে অনুরোধ করছি। বিশেষ করে সার্টিফিকেট জারী আমাদের গ্রামে অনেক কেস হয়ে গিয়েছে। তারপর খাসমহলে যে খাজনা আদায় হয় সেখানেও এই পেনাল ইন্টারেষ্ট যোগ করে দেওয়া হয়। লোকের

আসল টাকার সঙ্গে সুদ যোগ করে দিয়ে সার্টিফিকেট জারী করে আদায় করা হয়। অন্যান্য সদস্য যাঁরা জনসাধারণের ভোটে এখানে এসেছেন তাঁদেরও আমি এ বিষয় বিশেষভাবে চিন্তা করতে অনুরোধ করবো। এই ব্যবস্থা থাকার ফলে কি ভাবে জনসাধারণের উপর অত্যাচার করে লোনএর টাকা, আদায় করা চলেছে আসল টাকা আর সুদ একেবারে সমান হয়ে গিয়েছে, তাছাড়া খোঁয়াড়ের এক্সট্রা কস্টও রয়েছে। এই যে একটা মারাত্মক ফাঁক রয়েছে, তাকে সংশোধন করবার সুযোগ এসেছে, অতএব এই টুকু যোগ করে দিন পেনাল ইণ্টারেস্ট কোন ক্ষেত্রে আদায় হবে না, তাহলে এটা বন্ধ হয়ে যেতে পারে।

আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এটা বিবেচনা করে দেখবেন।

[6-15—6-25 p.m.]

**Sj. Ganesh Ghosh:**

মি: স্পীকার মহাশয়, এই গভর্ণমেণ্টের নৈতিক চরিত্র আর একবার অত্যন্ত নগ্ন হয়ে ফুটে উঠেছে। কাদের স্বার্থ রক্ষা করছেন এই গভর্ণমেণ্ট? যারা তাঁদের মন্ত্রীত্বে রেখেছেন তাদের? এবং এই আইনের ভিতর দিয়ে আর একবার সেইটাই সুস্পষ্ট হয়ে গেল। এমন আইন করলেন, না, যারা ইনকাম ট্যাক্স ফাঁকী দেন, তাদের কাছ থেকে আদায় করা হবে। সরকারের যারা প্রাপ্য টাকা ফাঁকী দেয়, সেই প্রাপ্য টাকা আদায় করবার জন্য এই আইন আনা হল না; আইন এলো যারা গরীব কৃষক খাজনা দিতে পারছে না, তাদের পরিবার পরিজনদের ভরণ পোষণ করতে পারছে না তাদের কাছ থেকে এই পাবলিক ডিমাণ্ডস রিকভারি এ্যাক্টের দ্বারা টাকা আদায় করে নাও। আর একটা ব্যাপার এই দামোদর ভ্যালি করপোরেশন অনুসারে যাদের কাছ থেকে ট্যাক্স নেওয়া হবে যে দামোদর ভ্যালির জল নিক্ বা না নিক্ তাকে ট্যাক্স দিতেই হবে, যদি সে না দেয়, তাহলে এই পাবলিক ডিমাণ্ড রিকভারি এ্যাক্টের দ্বারা তার ঘটি-বাটি কেড়ে নিয়ে, তা বিক্রয় করে ট্যাক্স আদায় করা হবে। আপনারা খালি বড় বড় ডেভেলপমেণ্ট ও সেই সমস্ত উন্নয়নের কথা বলছেন, কিন্তু এদের বাঁচবার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করেছেন? খালি খাজনা বাড়াচেছন। ৬৪ কোটী টাকা দেশমুখ আদায় করবার জন্য ডা: বিধান চন্দ্র রায়কে বলেন, তার উত্তরে ডা: রায় তাঁকে জানান স্যাটুরেশন পয়েণ্ট এসে গিয়েছে, সুতরাং আর করা যাবে না। কিন্তু তাদের কি রকম ভাবে রেহাই দেওয়া হচেছ একবার দেখুন। তাঁরা প্রথমে এনেছেন একটা ডেভেলপমেণ্ট করপোরেশন, তারপর একটা ডেভেলপমেণ্ট লেভী এনেছেন তাদের উপর জল দেবার নাম করে, এবং এই জল কবে দেওয়া হবে তার ঠিক নেই অথচ এখন থেকেই জনসাধারণের উপর ট্যাক্স বসিয়ে দেবার ব্যবস্থা হয়েছে। এইভাবে ৬৪ কোটী টাকা আপনারা গরীব জনসাধারণের কাছ থেকে আদায় করে নেবেন, অথচ বড লোকের ট্যাক্স বাড়াচেছন না। যারা বড় লোক, যাদের হাজার হাজার টাকা ইনকাম, তাদের কাছ থেকে যদি বেশী ট্যাক্স আদায় করবার ব্যবস্থা সত্যেন বাবু করতেন তাহলে তাঁকে বলতাম সাধু, সাধু, সাধু। সুতরাং এখন বলবো তিনি অসাধু, তিনি জনসাধারণের স্বার্থের প্রতি একটুও দৃষ্টি দেন না। এটা একটা ইণ্ডাইরেক্ট মেথডএ জনসাধারণকে শোষণ করবার ব্যবস্থা হচেছ। যেমন ডাইরেক্ট ও ইণ্ডাইরেক্ট ট্যাক্সেশন রয়েছে সিগারেট, বিড়ি প্রভৃতির উপর এবং তা কিনতে গেলে জনসাধারণ বুঝতে পারে না। এই আইনও হচেছ ঠিক তেমনি যাতে করে জনসাধারণ বুঝতে পারবে না এবং বাকী খাজনা তাদের কাছ থেকে ঠিকভাবে আদায় করে নেওয়া হবে সার্টিফিকেট জারী করে। সাধারণত দেখা গিয়েছে যারা ট্যাক্স দিতে পারে না, তাদের একটু দেরী হয়, অর্থাৎ যখন আবার তার ভাল ফসল হয় তখন দেয়। কিন্তু যেবার ভাল ফসল হয় না, তখন চাষীর পক্ষে এই ট্যাক্স দেওয়া অত্যন্ত ডিফিকাল্ট হয়ে পড়ে, ফলে ট্যাক্স বাকী পড়ে। সুতরাং তখন যে ট্যাক্স দিতে পারছে না বলে তার উপর এই সার্টিফিকেট জারী করা চলতে পারে না, বলে আমার অভিমত। বড়ই দু:খের কথা আজ তিন বছরের মধ্যেও সত্যেন বাবু বাড়ী ভাড়া সম্পর্কে একটা কম্প্রিহেনসিভ আইন করতে পারলেন না। এই সরকারের চরিত্র দেখে মনে হচেছ, শুধু শুধু এই আইন আনা হয়নি। এই ১২ পারসেণ্ট সুদ তিন মাসে কত হয় সেটা কথা ওঁর বইয়ের ভিতরই আছে। এটা ভাল জিনিষ এই এ্যামেণ্ডমেণ্ট উনি সেটা বাদ দিয়ে দিলেন। আমার বন্ধুরা যে সমস্ত ভাল দরকারী কথা বলছেন সেটা তিনি এ্যাক্সেপ্ট করলেন না। ঐ টাকার পরিমাণ কমিয়ে দিয়ে, সময় বাচিয়ে দিলে ভাল হয়। তা নাহ'লে জনসাধারণের কাছ থেকে জোর করে টাকা আদায় করা হবে, এইজন্য আমি এর প্রতিবাদ করছি।

**Sj. Natendra Nath Das:**

আমি আশ্চর্য্য হয়ে যাচিছ, সামান্য এমেণ্ডমেণ্টগুলিও কেন মন্ত্রীমহাশয় নিচেছন না। একটা কনক্রীট্ কেস্ সুধীর বাবু দেখিয়েছেন যে ৬০৲ টাকা যেখানে আসল তার সুদ ৩২৲ টাকা হয়েছে। অথচ, কি চার্জ এই কথা

সেখানে মন্ত্রীমহাশয় আপত্তি করছেন, এটা আমার বুদ্ধির অগম্য। বেঙ্গল মানি লেণ্ডার্স এ্যাক্টে ১০৲ টাকা সুদের বেশী নাই, যত মর্টগেজ আছে তাতেও সুদ ৮৲ টাকার বেশী নাই, গভর্ণমেণ্ট মানি লেণ্ডার্স এ্যাক্টটা চালাচ্ছেন, কিন্তু এখানে সেই গভর্ণমেণ্টই সাইলকের মনোবৃত্তি নিয়ে সুদের দাবী করছেন। এর কি যুক্তি দেখাবেন? আমি তাঁকে আহবান করছি এসেম্ব্লির সমক্ষে সেই যুক্তি দেখান মানি ল্যাণ্ডার্স এ্যাক্ট থেকে বেশী সুদ কেন নেবেন? সেখানে ১০৲ ও মর্টগেজে ৮৲ টাকার বেশী সুদ তারা যদি না নিতে দেন, তাহলে গভর্ণমেণ্ট কোন আইন বলে এই সুদ নিচ্ছেন।

আর একটা কথা আমি যেটা দিয়েছি ডেট অফ সাইনিং দি সার্টিফিকেট, তিনি কি তার উত্তর দিলেন বুঝতে পারছি না। আমি বলছি এই ক্লজটা সেকশন সেভেনএ রাখুন যে তিন মাস পর্য্যন্ত টাকা দিলে রেহাই পাবে। তিনি বলছেন তাতে সুদ হিসাব করতে সুবিধা হবে না, এর যুক্তি কিছু দেখছি না। যদি কিছু কন্সেসন দেখাতে চান দেখান। ডে অফ সিগনেচারের তিন মাস দিয়েছেন, ২ মাস ২॥ মাস অগ্রি কেটে যাবে, তারপরে তার কাছে নোটিশ যাবে সে পর্য্যন্ত তিন মাস কেটে গেল, কাজেই যেটা দিতে যাচ্ছেন বাঁ হাতে ডান হাতে সেটা কেড়ে নিচ্ছেন। আমরা যদি বুঝতে পারতাম সামান্য সামান্য সংশোধনগুলি গ্রহণ করছেন, তাহলে বুঝতাম ওঁদের একটু আন্তরিকতা আছে, নৈলে বুঝব এ বিলের দ্বারা লোকের কোনই উপকার করা হবে না।

**Sj. Provash Chandra Roy:**
মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি, এই বিলের উপর যে সব সংশোধনী সদস্যরা এনেছেন সেগুলি গ্রহণ করার জন্য।

**Mr. Speaker:**
সেগুলি ত হয়ে গেছে।

**Sj. Provash Chandra Roy:**
তাহলে স্যার, আজকে বাংলা দেশের যা অবস্থা, সেই অবস্থার কথা বিবেচনা করে আমি তাঁকে অনুরোধ করব এই বিলটা যদি তিনি প্রত্যাহার করেন তাহলে সবচেয়ে ভাল হয়। (হাসি)। কারণ এই বিলের দ্বারা অস্থাবর ও স্থাবর সম্পত্তি ধরার যে অধিকার পাব্লিক ডিমাণ্ড রেকভারি এ্যাক্টের মধ্য দিয়ে অর্জন করা হচ্ছে সে আইনটা প্রয়োগ করলে যেখানে আজ এষ্টেট্ একুইজিসন এ্যাক্ট চালু হচ্চে তার মাধ্যমে সমস্ত বাংলায় সারটিফিকেট জারি হতে থাকবে। আজকে আমাদের কৃষক কুলের যে অবস্থা তাতে প্রায় সমস্ত কৃষকেরই দু বছর তিন বছর বা চার বছর ধরে খাজনা দেবার ক্ষমতা নাই তার ফলে, এই নিয়মের মধ্য দিয়ে যদি আবার ডিক্রি ও নিলাম জারি হয়, সে টাকা পরিশোধ করবার ক্ষমতা তাদের যে নাই একথা মাননীয় মন্ত্রীমহাশয়ও বোধ হয় জানেন, কিন্তু বাংলাদেশের জনসাধারণ ও এখানকার সদস্যরা বিশেষ রূপেই জানেন। এই সমস্ত দিক বিবেচনা করে তাঁকে অনুরোধ করছি এই বিলটা প্রত্যাহার করবার জন্য। আমরা জানি আজকে কৃষককুল নিঃস্ব হয়ে গেছে, খাজনা আদায়ের সাধারণ কোর্টের মধ্য দিয়ে যে নিয়ম আছে সেই কোর্টের নিয়ম মতই খাজনা পরিশোধের ক্ষমতা তাদের যেখানে নাই, সেখানে সারটিফিকেট জারি করে আদায় করতে গেলে তাদের আর অবশিষ্ট কিছুই থাকবে না। আর বিধান এমন হয়েছে যে চাষীর ক্ষেতের ফসল পর্য্যন্ত গভর্ণমেণ্ট এ্যাটাচ্ করতে পারবেন, সুতরাং কৃষক খাজনা দিতে না পারলে তার ফসল দখল করবার ক্ষমতা, তার স্থাবর অস্থাবর সম্পত্তি পর্য্যন্ত দখল করবার ক্ষমতা সরকার নিলেন, এবং যে প্রজা খাজনা দিতে পারবে না তাকে গ্রেপ্তার করবার অধিকার ও ক্ষমতা এই এ্যাক্টের মধ্যে রইল। তারপর তার ঘাড়ে সুদ পর্য্যন্ত চাপানোর অধিকার দেয়া হচ্চে, এমন কি সারটিফিকেট জারির খরচ পত্র পর্য্যন্ত তাকেই বহন করতে হবে এই আইনের মাধ্যমে। সুতরাং দেখা যাচ্ছে, খাজনাই পরিশোধ করবার সামর্থ্য নাই এই যেখানে কৃষকের অবস্থা সেখানে যদি কৃষকের প্রতি এইসব বিভিন্ন জুলুম করা হয় তাহলে বলব বাংলার কৃষককে ধ্বংস ও উচ্ছেদ করবার জন্যই এই আইন করা হচ্চে। আজ জমিদারী প্রথা উচ্ছেদ হতে চলেছে, জমিদারী প্রথা থাকার সময় যে সারটিফিকেট আইন জারি ছিল না, আজকে সরকার কৃষককুল নিধন করবেন সেই জন্যই তাড়াতাড়ী করে সারটিফিকেট জারির আইন করে কৃষকদের যেটুকু অস্থাবর ও স্থাবর সম্পত্তি আছে তাও কেড়ে নেবার চক্রান্ত করছেন। এবং যারা জোতদার, যারা বড় লোক, যারা চোরা কারবার করে তাদের দ্বারা কৃষকদের জমি কিনিয়ে দেবার সুযোগ এই বিলের মারফৎ সরকার করে দিচ্ছেন। সেই জন্য আমি দাবী

করছি এই বিলটা প্রত্যাহার করুন এবং সাধারণ কোর্টের মারফৎ বাকি খাজনা আদায়ের যে নিয়ম আছে জমিদারী উচ্ছেদ আইন চালু হবার পরে, বর্তমান কোর্টের সেই আইন অনুযায়ী যাদের বাকি খাজনা বাকি থাকবে তাদের খাজনা আদায় করুন, এই বলে আমি আর একবার অনুরোধ করছি মন্ত্রীমহাশয়কে এই বিলটা প্রত্যাহার করে নিতে।

[6-25—6-35 p.m.]

**Sj. Biren Banerjee:**

মিঃ স্পীকার, স্যার, আমি দুটী--

**Mr. Speaker:**

আপনাদের দিকের ৪ জন ত বলেছেন, আর কি বলবার আছে।

**Sj. Biren Banerjee:**

অন্যেরা যা বলেছেন তা যদি আমি বলি তাহলে বলবেন--যে আমার আর বলার দরকার নাই।

**Mr. Speaker:**

ও তা নয়? আচ্ছা বলুন তাহলে।

**Sj. Biren Banerjee:**

যদি কোন কথা না বলা হয়ে থাকে এবং সেটা যদি সঙ্গত কথা হয় তবে কেন বলব না। মন্ত্রীমহাশয় এই বিলটা নিশ্চয়ই ভেবে চিন্তে এনেছেন। এবং এটা রেণ্ট কণ্ট্রোল বিলের মতন নয়, সরকার ধীরভাবে স্থির মস্তিষ্কে এটা এনেছেন। সেইজন্য মন্ত্রীমহাশয়ের উত্তর দেবার আগে আমি দুটী প্রশ্ন করব। শুধু দুটী প্রশ্ন এবং তার জবাব যেন দেন।

একটা প্রশ্ন হচ্ছে কার সুবিধার্থে অর্থাৎ কাকে কাকে রিলিফ দেবার সংকল্প করে এই বিল তিনি এনেছেন এই হল ১নং প্রশ্ন।

২নং প্রশ্ন হচ্ছে এই বিলটা কবে থেকে চালু হবে। সমস্ত বিলের মধ্যে এই কথাটা নাই, সেইজন্য জিজ্ঞাসা করছি এই এমেণ্ডেড আইনটা কবে থেকে চালু করা হবে।

**The Hon'ble Satyendra Kumar Basu:** Sir, obviously the Act will come into force immediately. There is no provision either in the principal Act or in the amending Bill to enable the Government to charge penal interest. My friend has drawn the attention of the House to section 45 of the Act. That section says that the Presiding Officer can award costs incidental to the proceedings. There is nothing there in support of his argument. I can only draw the attention of my friends to section 16 of the Act which definitely says that interest will be charged at 6¼ per cent. per annum from the date of the signing of the certificate. There is no question of interest being charged at usurious rate or, at any rate, in excess of 6¼ per cent. That is the rate which has been provided by the Act itself. One of my friends has mentioned a case where the principal was Rs. 60 on which an interest of Rs. 32 was charged. But he has not condescended to say for how long after the certificate was issued the debt remained unpaid. He has conveniently omitted that. The Act applies to all, big and small; it applies to a debtor whose debt is Rs. 12 and also to a debtor whose debt is Rs. 12 crores. Therefore, there is no discrimination at all as my friends have endeavoured to suggest. I do not see why a person utilising water from Damodar should not pay water rates. An enormous amount of expenditure has been incurred in arranging for supply of irrigation water. By the use of irrigation water production in these areas has increased. There is no logic or reason why a person who is in enjoyment of benefit by the supply of irrigation water from the Damodar Valley system should not pay water rates. Sj. Natendra Nath Das says that I did not explain as to why interest

should not run from the date of service of the certificate. Let my friends coolly think and appreciate the circumstances under which a certificate is issued—a debt becomes due—it is not that immediately upon the debt becoming due a certificate is issued. The debtor has quite a reasonable time to pay up. When he does not pay demands are made. Even then if he does not pay, a certificate is issued, so that between the time the debt becomes due and the issue of the signing or issue of a certificate the debtor has had plenty of time to pay. Then he has another period of three months to pay from the date of signing the certificate, and there is no question of the debt carrying any interest for the period of three months. The original section provides that interest should run from the date of the signing of the certificate. I see no reason why a debtor who has refused or neglected to pay and has had more than enough opportunity of paying should be shown any further consideration.

[6-35—6-45 p.m.]

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed was then put and a division taken with the following result:—

**AYES—88.**

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdus Shokur, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chanra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin Janab Md.
Gupta, Sj. Jogesh Chandra
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jha, Sj. Pashu Pati
Mahammad Ishaque, Janab
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj Dhajadhari
Mondal, Sj. Sudhir
Mookerji, Sj. Naresh Nath
Mukerji, Sj. Dhirendra Narayan
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, The Hon'ble Radhagobinda
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Mahitosh
Singha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi

**NOES—48.**

Baguli, Sj. Haripada
Bandyopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Shbodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharya, Sj. Mrigendra
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chaudhury, Sj. Jnanendra Kumar
Chaudhury, Sj. Subodh
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Jogendra Narayan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Monoranjan
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Let, Sj. Panchanon
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Naskar, Sj. Gangadhar
Pal, Dr. Radhakrishna
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Dr. Ranendra Nath
Sinha, Sj. Lalit Kumar

The Ayes being 88 and the Noes 48, the motion was carried.

**Deputation of the Food Department employees.**

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Mr. Speaker, Sir, before you proceed further, I want to draw your attention to the fact that about 6,000 employees of the Food Department have gathered near the maidan with a view to have an access to the Ministers who are in charge of the Food Department including the Chief Minister. Sir, they wrote a letter to the Chief Minister for an appointment so that they could lead a deputation to place their grievances before him. He has very kindly written back to them saying that they must contact Sj. P. C. Sen and meet him. Sir, their previous experience is that on another occasion while Dr. Roy asked them to meet Mr. P. C. Sen, Mr. P. C. Sen refused to meet them. On that, Sir, I saw Mr. P. C. Sen and wanted to have a time so that the deputationists could go and meet him and, of course, without any intervention. He told me very roughly that he was not prepared to hear anybody or meet anybody and he must go on doing whatever he liked. Sir, after that I heard from my friend Sj. Jyoti Basu who also met him that his attitude was the same, but he was within the hearing of Dr. Roy and I understand Dr. Roy made the appointment on Saturday at 10 a.m., when the deputationists could go and see Mr. P. C. Sen. But, Sir, I have been given a different story by Mr. P. C. Sen. He has said, as usual with him, that, in spite of Dr. Roy telling him, he would not meet them. Sir, those people are waiting outside. If we are assured by the Chief Minister that they will be able to have an interview with Mr. P. C. Sen on Saturday at 10 a.m., they might quietly go away, othewise they will be left to their own problem.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, the position was that Mr. Sen told him "They are our employees and let them approach me and we shall certainly see them and discuss with them'. Obviously, while Mr. Ray Chaudhuri could not succeed, Mr. Basu was able to arrange that there will be a meeting between Mr. Sen and four of their representatives in the Secretariat on Saturday morning at 10 o'clock.

## GOVERNMENT BILL.

### The West Bengal Lifts and Escalators Bill, 1955.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to introduce the West Bengal Lifts and Escalators Bill, 1955.

(Secretary then read the short title of the Bill.)

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to move that the West Bengal Lifts and Escalators Bill, 1955, be taken into consideration.

The next important question to which I should like to refer is that of the *bargadars*. Admittedly it is a baffling problem. Under the existing law a *bargadar* is not a tenant unless he has been expressly admitted by his landlord or by a decree of a civil court to be a tenant. Yet it is a common knowledge that *barga* cultivation plays a considerable part in the agricultural economy of this country. The system has its advantages and disadvantages. Under it neither the owner nor the *bargadar* is prejudicially affected by the fluctuation of prices or the uncertainty of the crop. It is also of great assistance to a class of small owners, who are mainly dependent on the produce of their land, but are incapable of cultivating the land themselves for reasons of disability. In a way it is a kind of partnership in farming. In many cases, the owners supply all the stocks and equipments including manure for cultivation, the *bargadar* gives only his labour. In others, both the owner and the *bargadar* make part contribution to the cost of

cultivation. There are also cases in which the *bargadar* bears the entire cost of cultivation. The question of giving tenancy rights to the *bargadars* who cultivate any land has been considered in all its bearings. In the opinion of Government conferment of such under-tenancy rights on the *bargadars* would be no solution of the problem. If a class of inferior tenants were created by law, it would frustrate the very object of abolition of zemindaries by maintaining the tenancy system at a lower level. In terms of rights it makes little difference whether the cultivator is called a *bargadar* or an under-raiyat. Accordingly instead of conferring any such tenancy rights on the *bargadars* the Government considered it desirable to pass an enactment for regulating the *barga* system of cultivation and for adjustment of the share of the produce payable by the *bargadars* to the owners of land as well as for settlement of certain disputes between them. These provisions have been incorporated in the Bill with some necessary modifications.

The new agrarian law which will interdict sub-letting, prevent transfer of lands to non-agriculturists or accumulation of large areas in the hands of a few persons will indirectly put an effective check on further extension of any system which will result in ineffective and indifferent cultivation.

Sir, I have tried to give an outline of the policies which Government have formulated in regard to certain fundamental aspects of land refroms. The Bill has been framed in furtherance of these policies I shall now briefly refer to its more important provisions.

The Bill contemplates only one class of land-owners, namely, the raiyats, holding land directly under the State for purposes of agriculture. A raiyat shall have the right to use the land comprised in his holding in any manner consistent with the purposes of agriculture and to make any improvement on it. No raiyat shall be ejected from his holding except on the ground that he has, without any reasonable cause, not used the land for purposes of agriculture or allowed the land to lie fallow for four consecutive years, or that he has done any act in contravention of the provisions of the Act. These restrictive provisions are considered necessary in order that no one can misuse or neglect land which is a national asset or can do anything with impunity to frustrate the objects and purposes of the Act.

The holding of a raiyat or share or portion thereof shall be capable of being transferred, subject to the limitation that the State Government shall be entitled to take over on payment of compensation, the entire land transferred, if the transferee is not a *bona fide* cultivator and in case the transferee is a *bona fide* cultivator, so much of the land as is held in excess of 33 acres in the aggregate. The object of such limitations on transfer is to secure better distribution of land by preventing acquisition of land by non-agriculturists and of accumulation of land in the hands of a few big cultviators. In case, however, a portion or a share of a holding of a raiyat is transferred any other co-sharer in such holding or any other raiyat possessing land adjoining such holding shall be entitled to pre-empt such portion or share of the holding on payment of the purchase money together with a further sum of 10 percentum of that amount. The right of pre-emption has been secured in order to enable a raiyat to enlarge his holding by consolidation into a compact farming unit in the interest of better cultivation.

No raiyat shall sub-let the whole or any part of his holding. Sub-letting has been interdicted in order that the object of bringing the

actual cultivator into direct relationship with the State by eliminating the intermediaries may not be frustrated. For the same reason a provision has been made that a mortgage by a raiyat of his holding or any share thereof other than a simple mortgage or a usufructuary mortgage for a period not exceeding 15 years shall be void.

Special protection has been given to members of the Scheduled Tribes by putting restriction on alienation of lands made by them. No transfer of the holding or part of the holding of a raiyat belonging to a Scheduled Tribe shall be made except to a person belonging to a Scheduled Tribe or without the previous permission of the Revenue Officer, to a person not belonging to a Scheduled Tribe. Any land transferred in contravention of these provisions shall be forfeited to the State Government.

In case of cultivation of land by a *bargadar*, as stated below the division of the produce of the land shall be fixed. It will be in the proportion of 60:40 as between the *bargadar* and the owner. No person whose land is cultivated by a *bargadar* shall be entitled to evict the *bargadar* except in execution of an order made by the Revenue Officer on one or more of the following grounds, namely:—

(*a*) That he requires the land *bona fide* for cultivation by himself or by members of his family or by servants;

(*b*) that the *bargadar* without any reasonable cause has failed to cultivate the land during any year;

(*c*) that the land is not under the personal cultivation of the *bargadar*; and

(*d*) that the *bargadar* has contravened any provision of the Act.

[4-30—4—40 p.m.]

No *bargadar* shall be entitled to cultivate by himself or by members of his family or *benamdars* more than 33 acres of land including any land owned by him. There is a penalty of forfeiture of the produce in respect of land cultivated by a *bargadar* in excess of 33 acres. These restrictive measures are considered necessary in order that the *bargadar* himself may not be turned into an exploiter as a middle man by securing larger areas for the purpose of cultivation.

In regard to assessment of rent, a new system has been introduced. The existing rents of raiyats who hold lands under different landlords were not settled in accordance with any scientific or uniform principles; as a result, an anomalous rent structure has come into existence having no relation to the productivity of the land or its rent-bearing capacity. The principles of enhancement or reduction of rent as provided under the Bengal Tenancy Act, have tended to maintain this anomaly and disparity in rent. In applying these principles the size of the holding or any other factor for determination of economic rent is not taken into consideration. In any scheme of land reforms it is of the utmost importance that the principles to be adopted for assessment of rent should be such as would give relief to the small holders while the incidence will be progressively higher on the large owners. Accordingly, the Bill provides for a rational system of assessment of rent based more or less on the principles of income-tax. Fair and equitable rent will be determined by applying the rent rates which shall be determined for each district or part of a district in accordance with the prescribed principles. Such rent rates will not exceed one-fifth of the value of the produce of the land. For the purpose of settlement

of rent the aggregate of all lands held by a raiyat shall be deemed to constitute his holding, first 2 acres of which shall be assessed at 10 percentum of the rent rate, the next 3 acres at 25 percentum, the next 5 acres at 50 percentum, the next 5 acres at 62½ percentum, the next 10 acres at 75 percentum and the balance at cent. percentum of the rent rate. By this mode of assessment, small holders will have to pay less whereas the large holders will have to pay correspondingly higher rent. When the rent of a raiyat has been settled according to these principles, it shall not ordinarily be revised for a period of 15 years: Provided, however, that in areas where circumstances have so changed as to cause increase or decrease in the yield or price of crops, the State Government may direct a revision of the rent rates and settlement of fair and equitable rents in respect of a particular area or generally at any time before the expiry of 15 years. The rent payable by a raiyat may be reduced on the ground of decrease in area or reduction in yield for a period of not less than three years on account of failure of the facilities for irrigation or any natural cause. Every raiyat who makes payment of rent within the prescribed period shall be entitled to a rebate of 5 per cent. of the amount of rent. But an arrear of rent shall bear a simple interest at 6¼ per cent. per annum, if it remains unpaid.

Sir, so far I have referred to the questions of rights in land and the principles of assessment which ordinarily find place in the agrarian law of any country. An important and distinctive feature of the Bill is that it seeks to provide for better means of cultivation and greater production by consolidation of holdings and formation of co-operative farms of uneconomic holdings. In the agrarian reforms of various types that were undertaken in recent years in many under-developed countries of the world, no aspect of land policy was considered more important and urgent than consolidation of small fragmented holdings. In our State where the extent of fragmentation has gone to the furthest limit, the need for such measures is the greatest. Our objective should, therefore, be directed towards securing a compact home farm for every cultivator as far as possible. Accordingly, under the provisions of the Bill powers are sought to be obtained for the State Government to acquire land in any area where the holdings are not in compact block, if in the opinion of the State Government, the holding in such area should be consolidated. After acquisition, the land will be rearranged in compact blocks and distributed to the raiyats whose lands have been acquired; but no raiyat shall be allowed to hold an area in excess of the area held by him prior to acquisition. If the value of the land allotted to a raiyat after acquisition be higher than the value of the land acquired from him, the difference in value shall be recoverable from him. The Bill also provides for formation of co-operative farms of uneconomic holdings. Any fifteen or more raiyat owning uneconomic holdings with an aggregate area of not less than 30 acres of cultivable land in a compact block and desiring to start a co-operative farm may apply for registration of their farm under the Bengal Co-operative Societies Act. As an encouragement to the formation of co-operative farms, the Government may extend certain concessions and facilities to such agricultural units. The concessions and facilities may include remission or suspension of rent, supply of seed and manure, free or at concessional rates, free technical advice, financial assistance and arrangements for better marketing.

Provision has been made for perpetual maintenance of the record-of-rights by incorporating therein the changes brought about by (*a*) transfe

or inheritance; (*b*) separation, amalgamation or consolidation of holdings, or establishment of co-operative farms; (*c*) new settlement of lands or of holdings; (*d*) variation of rent; (*e*) alteration in the mode of cultivation, for example, by a *bargadar;* and (*f*) such other causes as necessitate a change in the record-of-rights.

These are the salient features of the Bill. There are also ancillary matters to which, I think, it is unnecessary to refer at this stage.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**Sj. Jnanendra Kumar Chaudhury:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1955.

**Sj. Sasabindu Bera:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1955.

**Dr. Kanailal Bhattacharya:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1955.

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

মাননীয় স্পীকার মহাশয়, আমরা এই বিলে অনেক কিছু আশা করেছিলাম যে অনেক কিছু হবে,—ল্যাণ্ডলেস যারা, যাদের জমি নাই তারা জমি পাবে; কিন্তু এখন সবাই আমরা নিরাশ হচ্ছি। প্রধান মন্ত্রীমহাশয় বলেছিলেন যাদের জমি নাই, তারা জমি পাবে, এই সব কথা তিনি ষ্টেট ল্যাণ্ড এ্যাকুইজিশন এ্যাক্টের সময় বলেছিলেন। এখন সব দেখছি ভুয়া, সব ধাপ্পা, কেউই জমি পাচ্ছে না। যে সব জমি সরকারের দখলে আসবে অন্ততঃপক্ষে কি-রকমভাবে তা বিলি হবে, কিরকমভাবে তারা বিলি করবে তার একটা বন্দোবস্ত এতে হবে। এই সূত্রে যাদের জমি নাই, বা কম জমি আছে তাদের জমি দেওয়ার একটা ব্যবস্থা হবে। কিন্তু তার কোন বিধান এর মধ্যে আমরা পেলাম না।

তারপর আবও দেখছি জমির খাজনা বেড়ে যাবে। আকবর ও টোডরমলের আমলে যে খাজনা ছিল, তা আমাদের এখন যে খাজনা তার ১.৬ অংশ ম্যাক্সিমাম্। আমরা জানি অনেক জায়গায় এখনো খাজনার রেট হচ্ছে আট আনা দশ আনা বিঘাকরা। এমন কি কোথাও বিঘাকরা চার পাঁচ আনাও আছে। আমাদের মেদিনীপুরের নয়গ্রাম থানায় এমন অনেক জমি আছে যার জাজ্‌মেণ্ট আমি আপনাকে দেখাতে পারি, সেখানে চার পাঁচ আনা বিঘাকরা রেণ্ট কোর্ট থেকে ফিক্সড্ করা হয়েছে। সে সম্পর্কে হাইকোর্টে আপীল হলেও তাই বহাল আছে। সেটেলমেণ্টের সময়ও সেই রেণ্ট প্রিভেইল আছে।

তারপর ফেয়ার এণ্ড ইকুয়িটেবল রেণ্ট ধার্য্য হবে। কিভাবে তা ধার্য্য হবে তার কোন বিধান এর মধ্যে নাই। এই ফেয়ার এণ্ড ইকুইটেবল রেণ্ট হুগলী জেলায়, হাওড়া জেলায়, এক এক সাবডিভিসনে এক রকম হবে, না, বিভিন্ন জায়গায় যে বিভিন্ন রেট্ আছে সেটাই থাকবে?

[4-40—4-50 p.m.]

পার্ট অফ এ ডিস্ট্রিক্ট বলেছেন, কিন্তু পার্ট অফ এ ডিস্ট্রিক্টও নয়, এক একটা থানায় ভিন্ন ভিন্ন রেট আছে। আমি দেখিয়ে দিতে পারি এই সব আদালতের রায় হয়ে গেছে এই আইনের বলে। এতকাল যা ল্যাণ্ড রিফর্ম হয়ে গেছে এ সমস্ত উল্টে দেবে। সমস্ত বদলে গিয়ে একটা কি আসছে, তাতে কি আছে বলতে পারি না। অন্ততঃ এতে প্রজার সুখ হ'ল না, আর জমিদার ত গেলই। প্রজার কি আসলে হ'ল? প্রজার উপরে খাজনা বৃদ্ধি হবে।

তারপরে এমনতর সুন্দর পদ্ধতি হয়েছে যে ২ একর মাত্র জমি সাঁজায় করে তার খাজনা দিতে হবে না। আর যারা নাকি নগদ খাজনা বা সাঁজা কিংবা দুইই করে তাদের ১/১০ খাজনা দিতে হবে আর বাকী হবে ২৫ পারসেণ্ট, তার পরে নেক্সট ফাইভ একর্স হলে ৬২ পারসেণ্ট। এই রকমভাবে ষ্টেপ বাই ষ্টেপ হার হবে। এটা কি আমাদের এখানে কখন পসিবেল হবে? এই কটা কথা জিজ্ঞাসা করি আপনার মাধ্যমে। আমাদের এখানে জমি অনবরত ডিভিশন হয়ে যাচ্ছে। আজ এর দুই ছেলে, কাল ওর চার ছেলে, এই ছেলেদের মধ্যে জমি অনবরত ডিভিশন হচ্ছে। তাহলে রেণ্টএর ফিক্সিটি থাকবে না। আমার যদি ধরুন ছয় ছেলে থাকে, আর ৩০ একর জমি থাকে, সেই ৩০ একর জমি ভাগ হলে আমার ছয় ছেলে প্রত্যেকে ৫ একর করে পাবে। তাহলে গভর্ণমেণ্ট আমার কাছে ৩০ একরের যে খাজনা পায়, তার পরে ৫ একর হলে তা পাবে না, তার পরে আবার তাদের ছেলে হ'লে প্রত্যেক ভাগে ২ একর জমি হলে ষ্টেট কিছুই খাজনা পাবে না। সাঁজা চাষের জন্যেও ঐরকম ক্রম দেখা যাচ্ছে। যে জমি পাশে ছিল, সব কমে আসছে। পুত্র, পৌত্র, প্র-পৌত্রক্রমে কমে আসছে। তাহলে আমাকে ধরে নিতে হবে ষ্ট্যাবিলিটি কিছুই থাকবে না। গভর্ণমেণ্টই বা কি পাবে আর ষ্ট্যাবিলিটিই বা কি থাকবে? প্রত্যেক বছরের পর কমে যাবে, কেউ হয়ত মরে যাবে, তার চার ভাই বা পাঁচ ছেলে এই রকমভাবে ভাগ হলে তাতে জমি কমে যাবে। তাহলে এই দিক দিয়ে দেখব যে এই যে প্রভিশনগুলো হয়েছে, তাতে খুব হার্ডসিপ হয়েছে। কেন না জমির খাজনা যা ছিল তাতে প্রডিউসএর সঙ্গে রেণ্টএর কোন প্রোপোর্শন ছিল না। একটা নিরিখ ছিলো। সেই নিরিখ মত হারাহারি হোত। এখন প্রোপোর্শন করতে যাবেন কে, করবেন কে? রেভিনিউ অফিসার? তারপরে এ্যাপিল হ'ত, কিন্তু ষ্টেট থেকে কোর্টকে কোন পাওয়ার দেওয়া হয়নি। যদি সিভিল কোর্টকে এই রকম রেণ্ট ধার্য্য করে দেওয়ার পাওয়ার দেওয়া হ'ত, তাহলে বুঝতাম যে টেন্যাণ্ট একটা জাষ্টিস পাবে। আমি দেখেছি অনেক সময় রেভিনিউ অফিসারের কাছে জাষ্টিস হয় না। তিনি শুধু গভর্ণমেণ্টের আয় কিভাবে করাবেন, কিভাবে খাজনা বাড়িয়ে দেবেন এবং গভর্ণমেণ্টের আয় বাড়িয়ে দেবেন তার চেষ্টা করেন। তাহলে কার সুবিধা হবে? তাঁরা প্রজার দিকে তাকান না, তাহলে ত লোক অপ্রেসড্ হবে। এই জন্যেই কি এষ্টেট এ্যাকুইজিশন আসছে। কার সুবিধার জন্য এই ল্যাণ্ড রিফর্মস সেটা আপনার মাধ্যমে আমি হাউসের কাছে প্লেস করি।

তারপর আর একটা জিনিষ আছে। জমি যে দেওয়া হবে, এটা উনি বলেছেন এক্সিকিউটিভ এ্যাক্শনএর উপর রইল। এই জমিগুলো খাস হবে, তারপর বিলি হবে এক্সিকিউটিভ এ্যাক্শনএ, লেজিসলেটিভএর কিছু নাই; রেভিনিউ অফিসারের হুইম্স্এর উপর জমিগুলো বিলি করা হবে। এই হুইম্স্এর উপর না দিয়ে, রুলস ক'রে দিলে ভাল হ'ত যে যারা ল্যাণ্ডলেস আছে তারা পাবে বা যাদের কম আছে তারা সেই জমি পাবে; তারা ফার্ষ্ট প্রেফারেন্স পাবে, তারা যদি না নেয় তাহলে অন্য লোকে পাবে, তবে টাকা দিয়ে কিনবে। তারও কোন বিধান দেখছি না। যে জমিগুলো তাদের দেওয়া হবে কিভাবে তার ভ্যালু ধার্য্য করা হবে তারও কোন বিধান নাই এই বিলে। গভর্ণমেণ্ট খুব সামান্য দামে জমি পেয়ে যাচ্ছে, কিন্তু তা পেয়েও তার বিধান রাখা উচিত ছিল যে যে জমি বিলি হবে তার মধ্যে এত কালটিভেবেল ল্যাণ্ড হল, এত আনকালটিভেবেল ল্যাণ্ড হল এবং তার এই হিসাব হবে। তার কিছুই নাই।

তারপর এই যে যেটা আমাদের আগে ছিল প্রি-এম্পশন, যে কেউ বিক্রী করলে তার যদি কেউ কো-শেয়ারার থাকে, সেই শরীক কিনে নিতে পারে; অনেক সময় আনডিজায়াবেবল্স থাকে সেই জন্যেই ওটা করা ছিল। সেই যে প্রি-এম্পশন এ্যাক্ট ছিল, সেই ২৬(এ) ধারায় এখানে দেখচি এর সঙ্গে মাহোমেডান প্রি-এম্পশন এ্যাক্ট জুড়ে দেওয়া হয়েচে। পাশাপাশি জমি যেমন কো-শেয়ারার পায় তেমনি তারাও পাবে।

বেঙ্গল টেন্যান্সি এ্যাক্টএ ছিল কোর্টে প্রজা চার মাসের ভিতর দরখাস্ত ক'রতে পারত। তাকে এতগুলো টাকা জোগাড় করতে হবে। প্রকৃত পণের ব্যবস্থা করে বিক্রি কোবালা করে দিতে বেশী টাকা দিতে হবে। এখন এগুলোর দশ টাকা ক্ষতিপূরণ দিতে হবে। মেয়াদ ছিলো যে চার মাসের মধ্যে সে দরখাস্ত করতে পারে, এখন দেখা যাচ্ছে শরীক প্রজা হলে তিন মাসের মধ্যে তাকে দরখাস্ত করতে হবে। আর শরীক প্রজা যদি না হয়, পাশাপাশি জমির প্রজা হলে চার মাসের মধ্যে করতে হবে। এরকম ভাবে পার্থক্য রাখা উচিত নয়।

তার পরে খাজনা আইনের অনেক কিছু ধারা এর ভিতর নাই।

আমরা নিজেরা দেখেছি যে খাল মহলে প্রায়ই জমি বিভাগ হয় না। সেখানে ল্যাণ্ড ডিভিশন করা খুব কষ্টকর। এই ল্যাণ্ড ডিভিশন কোন বিধানেতে নাই। যেমন আমাদের খাজনা আইনের ১৫০ ধারায় ছিল যে আদালতে দরখাস্ত করতে হবে টু ডিটারমিন ইনসিডেন্স অফ ট্যাক্স অন টেন্যাণ্টস, এখানে তার কিছুই রইল না।

তাহলে বাংলার চাষীদের যে সুখ সুবিধা ছিল এই কংগ্রেস গভর্ণমেণ্ট যে কংগ্রেস নীতির জন্য এতকাল লড়াই করেছে, যার জন্য অনেকে মৃত্যু বরণ করেছে, তাদের সেই সুখ সম্পদ এক দিক থেকে ওঁরা কেড়ে নিচ্ছেন, যে সুখভোগ তারা এতকাল করেছিলো।

আমি এই সব কারণে বলছি যে এই যে আইন এই আইনটাকে সাধারণের মধ্যে প্রচার করা হোক; আর যত বার এসোসিয়েশন আছে ওয়েষ্ট বেঙ্গলএ, এমনকি হাই কোর্ট বার এসোসিয়েশনএ, সেখানেও পাঠিয়ে দিয়ে তাঁদের ওপিনিয়ন নিন। তাঁরা ওপিনিয়ন দিলে তারপর এটা করা যেতে পারে।

[4-50—5 p.m.]

**Sj. Sasabindu Bera:**

সভাপাল মহাশয়, আমাদের কাছে যে ল্যাণ্ড রিফর্ম বিল আনা হয়েছে সেখানে আমাদের যে আশা ও আকাঙ্খা ছিল, সে সমস্ত আশা আকাঙ্খা সম্পূর্ণরূপে ধ্বংসাৎ হয়েছে। আমরা আগের বিলে আলোচনার সময় তীব্রভাবে আমাদের প্রতিপক্ষ থেকে এই কথাই বলেছিলাম যে আমাদের সরকার বাস্তবিক কৃষকদের মঙ্গলের জন্য কোন ব্যবস্থাই করছেন না। তখন আমরা সেই বিলে দেখেছিলাম এবং উল্লেখও করেছিলাম যে আমাদের দেশের কৃষকদের ভূমিতে স্বত্ববান করার ব্যবস্থা কিছু ছিল না বা আমাদের দেশের কৃষকদের মধ্যে জমি বণ্টনেরও কোন ব্যবস্থা ছিল না। তখন সরকার পক্ষ থেকে আমাদের আশ্বাস দেওয়া হয়েছিল যে সরকার ল্যাণ্ড রিফর্ম-এর জন্য শীঘ্রই ব্যবস্থা একটা করবেন। কিন্তু এই ল্যাণ্ড রিফর্ম বিল-এ এমন কোন ব্যবস্থা দেখছি না যাতে আমাদের দেশের কৃষকরা যারা বাস্তবিক জমি চাষ করে তারা জমিতে স্বত্ববান হতে পারে বা আমাদের দেশে জোতদার জমিদারদের হাতে যে বিরাট জমি আছে সেগুলি নিয়ে বণ্টনের ব্যবস্থা হতে পারে। ষ্টেট এ্যাকুইজিশন-এর ফলে জমির মালিক সরকার হবে। সরকারের বণ্টন করার মত সামান্য জমি থাকবে। এবং সেই জমি যে কৃষকদের দেওয়া হবে তারও কোন ব্যবস্থা দেখছি না কারণ কলেক্টর-এর হাতে সেই জমি যাবে এই রকম আইনের মধ্যে রয়েছে, অর্থাৎ আমাদের খাসমহলের প্রজাদের যে দুঃখ দুর্দশা পেতে হয়, তাতে আমাদের কৃষকদেরও পড়তে হবে। বিশেষ করে এই জমিগুলি চাষীরা পাবে কি না পাবে এবিষয়ে কোন ব্যবস্থা না থাকায় এই বিলটি অত্যন্ত অসম্পূর্ণ রয়ে গেছে বলে মনে হয়। আমরা আশা করেছিলাম এমন একটি ল্যাণ্ড রিফর্ম বিল আসবে যাতে এই ব্যবস্থা হবে যে কৃষকরা তাদের জমিতে স্থায়ী হবে এবং তাদের উচ্ছেদ করা যাবে না। কিন্তু এই বিলে দেখছি যে কৃষকদের উচ্ছেদ করার ব্যবস্থা থেকে গেল। আমি মনে করি——

**Mr. Speaker:** You shall make your suggestions for consideration of the members of Select Committee. They would be considered by the Select Committee. The Bill is not in final form now.

**Sj. Sasabindu Bera:** I am giving my suggestions.

এই ব্যবস্থা থাকা উচিত ছিল এই বিলের মধ্যে যে যারা অল্প জমির মালিক, অল্প জমি যারা চাষ করে তারা কিছুতে যাতে উচ্ছেদ হতে না পারে। সম্পূর্ণরূপ ক্ষমতা দেওয়া হয়েছে রেভেনিউ অফিসার-এর উপর কর ধার্য্য ব্যাপারে। এই যে অমনিবাস পাওয়ার তাদের দেওয়া হয়েছে, কিন্তু কর নির্ধারণ নীতি কি হবে তার কোন কিছুই এখানে নেই। আমরা বুঝতে পারছি না এই আইন পাশ হলে জমির কর বর্তমানের তুলনায় বাড়বে বা কমবে। উৎপন্ন ফসল প্যাডি প্রোডাক্সন বা অন্যান্য ফসল কি পরিমাণ হল না হল সেই সমস্ত বিচার করে কর ধার্য্য করা হবে কিনা সে রকম কোন ব্যবস্থা এর মধ্যে দেখলাম না। এই নীতি স্পষ্ট করে বলে দেওয়া উচিত ছিল। তারপর কর ধার্য্যের যে ব্যবস্থা হচ্ছে রায়তি হোল্ডিংস পরিমাণ দেখে কর ধার্য্যের ব্যবস্থা করা, গ্র্যাজুয়েশন করে অল্প পরিমাণ জমির জন্য কর নেবেন না, আর বেশী পরিমাণের জন্য বেশী কর নেবেন। তারপর জমির যে বিরাট হস্তান্তরের ব্যবস্থা থেকে যাচ্ছে তাতে একজনের হাত থেকে জমি অন্য হাতে চলে যাবে এই নীতি অনুসারে কর ধার্য্যের ব্যাপার ব্যাহত হবে এবং ভূমিরাজস্ব ক্ষেত্রে একটা বিপর্য্যয় সৃষ্টি হবে বলে আমি মনে করি। আমি বলব অল্প হারে সমস্ত জমির জন্য সমান কর ধার্য্য হওয়া উচিত। যাদের বেশী জমি আছে, তাদের বেশী করে কর ধার্য্য করে অর্থ সংগ্রহ করা উচিত সরকারের। আর আমার মনে হয়, প্রকৃত কৃষকদের

সামান্য যে বাসভূমি এবং তার সংশ্লিষ্ট যে জায়গা তা করমুক্ত রাখার চেষ্টা করা উচিত কিন্তু এই বিলের মধ্যে তা করা হয়নি। কর নির্ধারণের এবং জমি বণ্টন ব্যাপারে যে ব্যবস্থা হচ্ছে তাতে কোন নীতি নির্দ্ধারণ না করে কতকগুলি গভর্ণমেণ্ট অফিসার-এর উপর ভার দিলে তাতে অত্যাচার অবিচার হবে কৃষকদের উপর। এই রকম ব্যবস্থা থাকা উচিত নয়। যতটা সম্ভব এই বিলের আওতায় এনে নীতি ধার্য্য করে দেওয়া উচিত, যাতে এই সমস্ত সরকারী কর্মচারীদের হাতের মুঠার মধ্যে কৃষকরা না পড়তে পারে। এই সব বিষয় লক্ষ্য করে বিল রচিত হওয়া উচিত। এবং আমার মনে হয় বিলের মধ্যে এইরূপ এই সব ব্যাপার বিচার করা হয়নি; বিল তাড়াতাড়ি করে রচনা করার ফলে এইসব ত্রুটির সঙ্গে আরও বহু ত্রুটি থেকে গেছে। কাজেই আমরা বলছি এই বিলটি জনসাধারণের মধ্যে সার্কুলেশন হওয়া উচিত যাতে জনসাধারণ এই বিল ভালভাবে আলোচনা করে তাদের মতামত জ্ঞাপন করতে পারে। আমাদের বিধান সভায় এইসব ব্যাপারে ব্যবস্থা আছে যে অনেক ক্ষেত্রে যে সমস্ত আইন জনসাধারণের স্বার্থের উপর প্রত্যক্ষভাবে হস্তক্ষেপ করে সেই সমস্ত আইন জনসাধারণের মধ্যে প্রচার করে তাদের মতামত জানা হয়। এখানেও এই ল্যাণ্ড রিফর্মস বিলে যা দ্বারা আমাদের দেশে একটা ভূমি সংস্কার হবে বলে মনে করি এই রকম একটা আইনকে জনসাধারণের মধ্যে প্রচার করা উচিত এবং তাদের মতামত গ্রহণ করা উচিত। কারণ এমন একটা আইন আনছেন যার সঙ্গে জনগণের স্বার্থ বিশেষভাবে জড়িত। কাজেই এই আইনকে জনসাধারণের মধ্যে প্রচার করে তাদের মতামত গ্রহণ করা উচিত এই আমার বক্তব্য।

**Mr. Speaker:** Mr. Mukherji, before you begin may I draw your attention to one thing and I hope you will keep that in mind. There is a convention, so far as the Select Committee motion is concerned, that the members who are in the Select Committee only listen to the observations made in the House. In view of that convention, though I do not entirely agree with it, you will make your speech accordingly.

[5—5-10 p.m.]

**Sj. Bankim Mukherji:**

মাননীয় স্পীকার মহাশয়, সিলেক্ট কমিটিতে বিভিন্ন পার্টি নেওয়া হয়েছে, কিন্তু আমার পার্টির একটা পয়েণ্ট অফ ভিউ দিতে হবে যাতে করে সিলেক্ট কমিটির অন্যান্য মেম্বররা হেল্প পান। তাছাড়া আমার বক্তব্য এই যে এটা সিলেক্ট কমিটিতে যাওয়া উচিত। কিন্তু তাহলে পাবলিকএর কাছ থেকে ওপিনিয়ন পাবার জন্য গভর্ণমেণ্টের তরফ থেকে ব্যবস্থা করা দরকার, যাতে ওপিনিয়নগুলি সিলেক্ট কমিটির কাছে আসে। ভেরিয়াস অর্গ্যানিজেশনস্ রয়েছে সেখানে ওপিনিয়নের জন্য পাঠান হোক। যখন এষ্টেটস এ্যাকুইজিশন বিল হয় তখন গভর্ণমেণ্টের কাছ থেকে যে সমস্ত সদিচ্ছার কথা শুনেছিলাম তাতে খানিকটা আশা করেছিলাম যে সমস্ত সর্ট কামিংস সেখানে ছিল সেগুলি ল্যাণ্ড রিফর্মস বিলএর ভেতর দিয়ে দূর করবার চেষ্টা করা হবে। কিন্তু অত্যন্ত হতাশ হয়েছি ল্যাণ্ড রিফর্মস বিল যেমন এসেছে তা দেখে। তারপর মাননীয় মন্ত্রীমহাশয় যা বললেন তাতে হতাশা না কমে আশঙ্কা বেড়েছে। তা থেকে দেখতে পাচ্ছি এখনও পর্য্যন্ত ওদের কতকগুলি ভ্রান্ত ধারণা রয়েছে। ল্যাণ্ড রিফর্মস বিলএর প্রথম উদ্দেশ্য কৃষকের মধ্যে বিনামূল্যে জমি বিতরণ করা, অর্থাৎ বাংলা দেশের প্রায় শতকরা ৩০ ভাগ গ্রামের যারা কৃষিজীবী তাদের দেওয়া; শতকরা ৩০ ভাগের উপর কারও মোটেই জমি নেই, কারণ তারা ক্ষেতমজুর আর থাকলেও তা অত্যন্ত কম। এদের জমি পাবার প্রশ্ন সবচেয়ে বড় প্রশ্ন আমাদের বাংলা দেশে। আমাদের এখানে রুরাল আনএমপ্লয়মেণ্ট যে কি ভয়ানক তার কোন সমাধান হতে পারে না যতক্ষণ পর্য্যন্ত ভূমি সংস্কার সেইভাবে নেওয়া হয়েছে। সেখানে তারা বলতে চেয়েছেন যে ফিগার্স ১৯৪১ সেন্সাস থেকে দিলেন তা থেকে দেখিয়েছেন কত অল্প জমি মাত্র আছে। কিন্তু সেটা ঠিক কত জমি তা সেন্সাস থেকে পাওয়া যায়নি ঠিক কতখানি জমি বিগ হোল্ডার্সদের কাছ থেকে পাওয়া যাবে। দ্বিতীয়তঃ এষ্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট যখন এসেছিল তখন আমাদের বক্তব্য ছিল যেভাবে সেটা করা হয়েছে তাতে কোন জমিই থাকবে না বিতরণের জন্য। যখন ৩৩ একর্স সিলিং করে দিলেন এবং যখন ইণ্টারমিডিয়ারি অর্থাৎ অকৃষককে অপশন দেওয়া হয়েছে যে তারা জমি রাখবে এবং সেই জমি কতদিন না ৪ বৎসর পর্য্যন্ত রাখতে পারবে যদি তারা তাতে কাজ নাও করে তখনই আমরা বলেছিলাম এর ফলে ভূমিহীনকে দেবার মত ভূমি কিছুই মিলবে না। যাই হোক, মোট ব্যাপার হচ্ছে এষ্টেটস এ্যাকুইজিসনএর ভেতর দিয়ে যেভাবে জমিটা সিলিং করে অকৃষকের হাতে রাখবার ব্যবস্থা করেছেন তাতে কৃষকের

জন্যে জমি থাকবে কোথায়? সবচেয়ে বড় কথা যেভাবে তারা জমিদারী এবলিশন করেছেন তাতে ব্যক্তি জমিদারী এবলিশন হয়েছে বটে কিন্তু ফলে হয়েছে একজন মাত্র জমিদার অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকার—ষ্টেট ল্যাণ্ডলর্ডইজম সৃষ্টি করা হয়েছে। এঁরা বলেছেন আমরা পৃথিবীর বিভিন্ন দেশের চেয়ে নতুন কিছু করেছি, আমিও বলি নতুন কিছু করেছেন এবং তা এই যে পৃথিবীর অন্য কোথাও ষ্টেট ল্যাণ্ডলর্ডইজম নেই, পৃথিবীর অন্য কোন দেশে জমি ন্যাশনালাইজ করা হয়নি একমাত্র ভারতবর্ষে তা করা হয়েছে। সরকার এখানে জমিদার হয়েছেন। পৃথিবীর অন্যান্য দেশে যেখানে সোস্যালিজম আছে সেখানে প্রথম ন্যাশনালাইজ করার মধ্যে করা হয়েছে কী ইণ্ডাষ্ট্রিজ; তারপরে হয়েছে অন্যান্য ইণ্ডাষ্ট্রিজ এবং ইণ্ডাষ্ট্রিজ ন্যাশনালাইজ হ'বার বহু পরে জমি ন্যাশনালাইজ করবার প্রশ্ন উঠে। ভুল ধারণা মন্ত্রীমহাশয়ের আছে যে যেখানে ষ্টেট ওনারসিপ যেমন সোভিয়েট রাশিয়া সম্বন্ধে ধারণা আছে। কিন্তু সেটা ভুল, সেখানে ষ্টেট ফারম আলাদা, কালেক্টিভ ফারম আলাদা আছে। কালেক্টিভ ফারমএর জমির মালিকানা নেই আজ পর্যন্ত, কালেক্টিভ ফারমএ যারা কৃষক তাদের জমি। চায়নাতে এখনও পর্য্যন্ত ব্যাপকভাবে কালেকটিভ ফারমিংএর প্রচেষ্টা হয়নি, সেখানে এখনও ব্যক্তিগত স্বত্ব রয়ে গিয়েছে। যন্ত্রপাতি, ইম্প্লিমেণ্টস, জমি, মেসিনারী ইত্যাদি সরকার থেকে হেল্প দেওয়া হয়েছে তাতে বুঝা যায় যে ষ্টেট ফার্ম সেখানে বেশী নেই, ২১৪টা আছে। যে সমস্ত জায়গায় জমি হচ্চে কৃষকদের তাদের অধিকার থেকে উচ্ছেদ করবার কোন অধিকার কারও নেই। জমিদারী প্রথার এ্যাবলিশন মানে এপর্যন্ত এরা যা করেছেন তাতে এই হয়েছে যে ব্যক্তিগতভাবে জমিদার যেভাবে কৃষকদের উচ্ছেদ করতেন আজ ষ্টেট সেই অধিকার নিজের হাতে নিয়েছেন। সমস্ত জমির মালিক হলেন ষ্টেট এবং সেই হিসাবে কৃষক যারা তারা আজও রায়ত রয়ে গেল। আজও কোন কারণে তাদের খাজনা বৃদ্ধি পেতে পারে, তাদের জমি থেকে উচ্ছেদ করা যেতে পারে। খাজনা সম্বন্ধে রেণ্ট সম্বন্ধে আমাদের দেশে ভুল করে ট্যাক্সকে বুঝায় এবং জমির ভাড়াটিকে বুঝায়। কিন্তু ট্যাক্স এবং রেণ্টের পার্থক্য অত্যন্ত স্পষ্ট। ইংলণ্ডে দেখুন সেখানে এখনও জমিদারী প্রথার সম্পূর্ণ এ্যাবলিশন হয়নি এবং সেখানে রেণ্ট ফার্মার ল্যাণ্ডলর্ডসকে রেণ্ট দেয় গভর্ণমেণ্টকে নয় এবং সেখানে যারা স্মলহোল্ডার ইয়োমেন তারা উভয়ে ট্যাক্স দিয়ে থাকেন। আমেরিকাতে বিরাট ফার্মিং চলে এবং ব্যক্তিগত জমিদারী আছে, কিন্তু সেখানে রেণ্টের কোন ব্যাপারই নেই। সেখানে ফার্মগুলি নামপক্ষে ট্যাক্স দিয়ে থাকে। পশ্চিম ইউরোপে ট্যাক্স নামপক্ষে আছে সেখানে পরিষ্কারভাবে ব্যক্তিগত স্বত্ব কৃষকরা পায়। এখানে কিন্তু গভর্নমেণ্ট সেই রেণ্ট যখন রেখেছেন তাতে প্রচারের জন্যে যা বলা হয় যে জমিদারী প্রথা এ্যাবলিশন করা হয়েছে সেটা আসলে সত্য নয়। এখানে কৃষকদের স্বত্ব দেওয়া হচ্চে না। জমিদারী স্বত্ব মোনোপলি ষ্টেট নিয়ে নিচ্চে। যদি ষ্টেটের সদিচ্ছা থাকত তাহলে ষ্টেট দেখতেন কি করে কৃষককে জমি দেওয়া যেতে পারে এবং কি করে তার রাইট বাঁচিয়ে রাখা যেতে পারে। রায়ত হিসাবে যে স্বত্ব ছিল কৃষকের যেমন, টেনান্সি এ্যাক্টে ছিল যে তাদের কোন প্রকারে জমি থেকে উচ্ছেদ করা যায় না, সেকশন ২৫ অব দি এ্যাক্টে যা ছিল তা এখানে নেই। কিন্তু এই বিলের সেকশন ৬এ পরিষ্কার বলা আছে যদি কৃষক ৪ বছর জমি ব্যবহার না করে তাহলে তাকে উচ্ছেদ করা যাবে। যার কোনরকম প্রতিকার উপায় নেই সেই কৃষক জমি ব্যবহার করবে না এ প্রশ্ন উঠে কেন? আপনাদের এই এষ্টেটস এ্যাকুইজিশন বিলের ভেতর দিয়ে যত ভুল জিনিষ দেখান হয়েছে, যার ফলে আবার জমি অকৃষকদের হাতে ফিরে আসতে পারবে।

[5-10—5-35 p.m.]

যারা অকৃষক সে জমি পেলে পর নিশ্চয় সে জমি রাখতে পারে। এই সেকশনের ফলে বহু কৃষক তাদের সমস্ত রাইট, যে সমস্ত রাইট বহুদিন লড়াইয়ের পর টেনান্সি এ্যাক্টে লিপিবদ্ধ হয়েছিল সেই রাইট এই বিলের ভেতর দিয়ে বহু কৃষকের চলে যাচ্চে। এর ভেতর সুবিধা এবং স্বার্থের মধ্যে পড়ে গেলে পর স্বার্থের যে অবস্থা সেই অবস্থা হচ্চে আমাদের কৃষকদের। এর ভেতর দিয়ে তাদের অধিকার খর্ব করা হচ্চে। তারপর এদের বিচার করবে কে? বিচার করবে রেভিনিউ অফিসার। রেভিনিউ অফিসার বিচার করবে, সরকারী কর্মচারীরা বিচার করবে, এবং এই জমি উচ্ছেদ বহু কারণে কৃষকদের ঘাড়ের উপর পড়তে পারে, এর কোন ব্যবস্থা বিলের মধ্যে দেখতে পেলাম না। পরিষ্কারভাবে বলা আছে সাধারণ কোর্ট নয়, রেভিনিউ অফিসার উচ্ছেদ করতে পারবেন এবং তার ফলে ভয়ঙ্করভাবে কৃষকদের রাইট রেষ্ট্রিক্ট করার প্রভিশন এই বিলে আছে। এটা অত্যন্ত সাংঘাতিক। এটা যদি সিলেক্ট কমিটি বিবেচনা না করেন তাহলে পর সম্পূর্ণ ল্যাণ্ড রিফরম হবে না। বর্তমান টেনান্সি এ্যাক্ট যেটা আছে তার চেয়ে আরও শোচনীয় নিম্নস্তরে এসে পৌছাবে এবং সবচেয়ে বড় কথা যেটা সেটা রেণ্ট সম্বন্ধে। এই বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে প্রিন্সিপল নীতি কিছুই শুনলাম না। সমস্ত বিলের কোথাও দেখতে

পেলাম না যে কি প্রিন্সিপ্লএ রেণ্ট ধার্য্য করা হবে। কোথাও কোথাও ছাড় যেটুকু আছে তা অতি সামান্য, সেইটুকু বড় গলায় বলা হল, কিন্তু এই রেণ্ট যে কি হবে তা আমরা জানি না। কোন নীতি নির্দ্ধারণের কথা বলা হয়নি যে কি প্রিন্সিপ্লএ রেণ্ট নির্দ্ধারিত হবে।

সেখানে পরিস্কারভাবে দেওয়া হয়েছে যে রুল ফ্রেম করবেন গভর্ণমেণ্ট, অথচ এই হাউসে, এই লেজিসলেচারে আমরা জানতে পারব না যে কি হিসেবে রেণ্ট স্থির হবে, রেণ্টের প্রিন্সিপ্ল কি হবে তা আমারা জানতে পারলাম না। শুধু দিয়েছেন এত পারসেণ্ট, তত পারসেণ্ট, এই হল গিয়ে পারসেণ্টেজ বুঝতে পারলাম, কিন্তু কিসের পারসেণ্টেজ সেটা বোঝবার কোন উপায় এই বিলের মধ্যে নেই। সেখানে গভর্ণমেণ্ট নিজের হাতে রেখেছেন। জমিদার একচছত্র জমি রেখেছে, বাজারে কম্পিটিসন নেই সেজন্য মার্কেট ভ্যালু পাওয়া যায় না। গভর্ণমেণ্ট স্থির করবেন যে কি রেণ্ট হবে এবং যেটুকু ছাড দেওয়া হয়েছে সে ছাড় নাম মাত্র। আমরা জানি যে কৃষক আজকে ১০ বিধা জমি চাষ করে, ১৫ বিঘা দেশে ইকনমিক হোল্ডিং——

**Mr. Speaker:** Mr. Mukherji, you will speak after recess.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(*After adjournment.*)

**Mr. Speaker:** Yes, Mr. Mukherji.

**Sj. Bankim Mukherji:**

আমি যে রেণ্টের কথা বলছিলাম খাজনা যা ধার্য্য করা হয়েছে তাহল সেকসান ৩৩ (আই)এ যে সিডুল দেওয়া হয়েছে তার কোথাও প্রিনসিপ্লএর কথা কিছু বলেননি যে কি হিসেবে এই রেণ্ট ধার্য্য করা হবে এবং এটা হল সবচেয়ে বড় জানবার কথা অথচ বলা হচেচ কি না মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে শুনলাম যে প্রিন্সিপ্ল কিছু কিছু আয়ের উপর থেকে করা হবে, কিন্তু সেটা যদি পরিষ্কার বলে দেওয়া হত যে আয়ের কি অংশ এবং এ সম্বন্ধে ইণ্টারন্যাশানাল মানিটারী এড বলেছে যে পৃথিবীর যে সব জায়গায় রেণ্ট প্রভৃতি ছিল কৃষি জমির উপর তা অতি পুরাণো হয়ে গেছে, এখানে দেখা যাচেছ আধুনিক কোন জিনিষ এর মধ্যে নাই। এবং এখানে যে ট্যাক্সেসন এনকোয়ারী কমিটি আছে তাতে জানি না আর কেউ এটা করেছেন কিনা, কিন্তু সেখানে আমার বক্তব্য ছিল ল্যাণ্ড রেভিনিউএর হোল সিষ্টেম তুলে দিয়ে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সে পরিণত করা দরকার। তার থেকে দেখা গেল যে এগ্রিচারাল ইনকাম ট্যাক্সের হার অবশ্য সাধারণ ইনকাম ট্যাক্সের চেয়ে বেশী হবে কিন্তু তাতে আর যে রেভিনিউ আছে নিশ্চয় তার চেয়ে কম পড়ে যাবে এবং রেণ্ট এমনভাবে এখানে ধরা হয়েছে যে উৎপাদনের সঙ্গে তার সম্পর্ক এত পার্থক্য যার ফলে আজকে সমস্ত ভারতবর্ষে কৃষিপ্রথা ধ্বংসপ্রাপ্ত হচ্ছে এবং তাদের ইনকাম ট্যাক্স থেকে যে পারসেণ্ট রেণ্ট দিতে হয় কোন ইণ্ডাষ্ট্রিতে সেই ভাবে খাজনা চাপানো হয়নি। কোন ইণ্ডাষ্ট্রির উপর খাজনা চাপানো হোক ত দেখি, এই যে সমস্ত চটকল রয়েছে তার উপর খাজনা চাপানো হোক দেখি যে উৎপাদন হচেছ, যত মণ, যত বেল তার একটা পারসেণ্টেজ ২৫ পারসেণ্ট, ২০ পারসেণ্ট কষবার চেষ্টা করুন ত সারা দেশময় হৈচৈ পড়ে যাবে, ইণ্ডাষ্ট্রি ধ্বংস হয়ে যাবে, ফরেন এড্ আসবে না ইত্যাদি। কিন্তু যেহেতু কৃষক নিরীহ তাদের উপর দিয়ে সেই পুরাতন খাজনা প্রথা চালানো হয়েছিল এবং যে সময় চালানো হয়েছিল সেই সময় সেখানে খাজনা প্রথা অন্য সমস্ত ব্যাবসার উপর ছিল। ১০ ভাগই হোক, ১২ ভাগই হোক, আর ৮ ভাগই হোক। অন্যান্য সকলে রেহাই পেয়ে গেছে, তাদের উপরেই এসে পড়লো সেই ইণ্ডাইরেক্ট ট্যাক্স—সবই কৃষকদের দিতে হয়। আজকে যেটা খাজনা সেটা অতি বড়। এ থাকা সত্ত্বেও বলা হবে জমিদারী প্রথা উঠে গেল, কি ধারণা থেকে জমিদারী প্রথা উঠে গেল। শুধু যে রেণ্ট বাড়ছে তা নয়, সেক্সন ৩৩(আই) সিডুলে প্যাডি ল্যাণ্ড সম্বন্ধে আছে। অন্য ল্যাণ্ডের খাজনা কি হবে, নিশ্চয় যেখানে মনি ক্রপ আছে তার খাজনা বেশী হবে। তার কিন্তু কোন উচচবাচ্য নেই। যার ১৫ বিঘা প্যাডি ল্যাণ্ড আছে তার পক্ষে একটা পরিবার পালন করা খুবই শক্তের বিষয়। ষ্টেট থেকে কোথায় তাকে হেল্প দেওয়া উচিত তা নয়, উপরন্ত তার কাছ থেকে খাজনা নেওয়া হবে এবং বোধহয় আরও হাইয়ার রেণ্ট তাকে দিতে হবে। শুধু তাই নয়, এই রেণ্ট আদায় করবার যে প্রসিডিওর তা আরও সাংঘাতিক। জমিদারী প্রথার উচেছদ কোথায় গেল? সার্টি-ফিকেট জারী করে কৃষকদের বাকী খাজনা আদায় করা হবে। এই সার্টিফিকেট জারী করে ইনকাম ট্যাক্স যা

ল্যাপ্স হয়েছে তা আদায় করা হয় এবং অন্যান্য ট্যাক্স যা ল্যাপ্স হয়েছে তাও সার্টিফিকেট জারী করে আদায় করা হয়। সুতরাং এখন বেচারী গরীব কৃষকের খাজনা বাকী পড়লে তা সার্টিফিকেট জারী করে আদায় করবার ব্যবস্থা হচ্ছে। অর্থাৎ আজকে মন্ত্রী মহাশয়ের একটা মেজাজ হয়েছে, এই যে হাজার হাজার জমিদারকে উচ্ছেদ করা হল, তাঁদের দাম্ভিকতার ও সমস্ত মেজাজ আজ তাঁর মাথায় এসেছে। জমিদাররা যে ভাবে সার্টিফিকেট জারী করে কৃষকদের উচ্ছেদ করতেন আজ সরকার ঠিক সেই কাজ করতে যাবেন, অথচ বলা হচ্ছে জমিদারী প্রথা উচ্ছেদ করা হল। এর নাম কি জমিদারী প্রথা উচ্ছেদ করা? ষ্টেট তার সমগ্র শক্তি নিয়ে পুলিশ-ফোর্সের সহায়তা নিয়ে এই যে গরীব কৃষক তাকে তার জমি থেকে উচ্ছেদ করতে পারবে, তার বাকী খাজনা আদায় করতে পারবে।

[5-35—5-45 p.m.]

তারপর সেক্সন (৩৩)তে বলা হল ১৫ বছরের জন্য খাজনা নির্দ্ধারিত হচ্ছে এবং দরকার হলে এর মেয়াদ আরও বাড়াতে পারবে। প্রজাস্বত্ব বিল যা এসেছে তার ব্যবস্থাটা অন্ততঃ এরচেয়ে ভাল। তার সেক্সন (৬)এ বেশ পরিষ্কার বলে দেওয়া আছে এনহ্যান্সমেণ্টএর বিরুদ্ধে আগের এ্যাক্টএ একটা প্রিন্সিপল ছিল যে শস্য বৃদ্ধি করা যেতে পারে কিন্তু কৃষকদের উপর খাজনা বৃদ্ধি হতে পারে সেখানে সে কথা নাই। এখানে হচ্ছে গভর্ণমেণ্টের সদিচ্ছায় বা ধারণায় রেভেনিউ অফিসারেরা ঠিক করবেন, তাঁদের উপর সব কিছু নির্ভর করছে। ১৫ বছরের স্থিতি সম্বন্ধে কৃষক নিশ্চিন্ত নয়, যে কোন সময় তারা খাজনা বাড়াতে পারবে। তার খাজনা কমানর কথাও ওঠেই না। এবং এখানে সেক্সন ৭(১)এ যা রয়েছে সেটা হচ্ছে যদি বৃদ্ধি করা হয় তাহলে কি কাষ্টমারী ভাবে হবে, অর্থাৎ আশেপাশের জমিতে যে ভাবে খাজনা বৃদ্ধি করা হচ্ছে সেই ভাবে হবে। এও রয়েছে খাজনা যদি বৃদ্ধি করা হয় তাহলে সেটা কি সমগ্র পশ্চিম বাংলায় হবে, না কোন একটা জায়গা বিশেষের উপর হবে? তার কোন একটা নির্দেশ পাওয়া যাচ্ছে না। যদি এইটুকু থাকত যে সেখানে যা কাষ্টমারী রেট সেইটাই হবে তাহলে না হয় আমরা কিছুটা বুঝতে পারতাম। যা বর্তমান প্রজাস্বত্ব আইনে আছে সেখানে সেটা প্রমাণ করা যাবে না। সেখানে সেক্সন ৭(২)তে আছে যেখানে যা কাষ্টমারী রেট পাওয়া যাবে সেখানে সেইটাই এপ্লাই করবে। এইভাবে বর্তমান প্রজাস্বত্ব আইনে যা আছে রেণ্ট সম্বন্ধে দেখতে পাচ্ছি এখানে সেটা তুলে দিয়ে স্বেচ্ছাচারী গভর্ণমেণ্ট তাঁর রেভেনিউ অফিসারদের উপর কৃষকদের এ বিষয় নির্দ্ধারণ করবার ভার ও ক্ষমতা দেওয়া হচ্ছে।

তারপর আমাদের বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা হ'ল কৃষক ও বর্গাদার। সেই বর্গাদারদের সম্বন্ধে যদি এখন ল্যাণ্ড রিফর্মস বিল না আসে, তাহলে আর কবে আসবে? আজও বর্গাদার এ্যাক্ট পাশ না করে এই এ্যাক্ট পাশ হতে চলেছে। বর্গাদার এ্যাক্টটা যে কারণে চেপে দেওয়া হয়েছিল এখনও পর্যান্ত সেই ধারণার বশবর্ত্তী হয়ে বাংলার মন্ত্রিমণ্ডলী মনে করেন এটা যাই হয়েছে।

ল্যাণ্ড কমিশন পর্য্যন্ত সমগ্র বিষয় গভীরভাবে চিন্তা করবার পর মত দিয়েছিলেন যে ওটা উঠে যাওয়া উচিত কিন্তু এখনও প্রজারা তা পাচ্ছে না। অন্ততঃ এক্ষুণি নিয়ম করে দেওয়া উচিত যে প্রত্যেক প্রজা তারা টু-থার্ডস পাবে। কিন্তু আগের মুসলিম লীগ সরকার যেহেতু তাঁদের পিছনে বড় বড় জোতদার ছিল তারা করেনি, এবং তারপর কংগ্রেসী সরকার যাঁরা এসেছেন, তারা তাঁদের পদাঙ্ক অনুসরণ করছেন। (কোয়েশ্চেনস, কোয়েশ্চেনস ফ্রম কংগ্রেস বেঞ্চ।) এটা কোন প্রশ্ন নয়, বর্গাদার এ্যাক্টই তার প্রমাণ। এটা ঐতিহাসিক ব্যাপার। এখানে কোন প্রশ্ন নেই। যাঁর এ বিষয় প্রশ্ন আছে, তিনি গত দশ বছরের ইতিহাস, বর্গাদারদের যে আন্দোলন সমগ্র বাংলাকে কাঁপিয়ে দিয়েছিল তার ইতিহাস খোলা, স্পষ্ট আছে, তা দেখলেই সব জানতে পারবেন।

এই বর্গাদারদের সম্বন্ধে ল্যাণ্ড রিফর্মস বিলে, এষ্টেট্স এ্যাকুইজিশন এ্যাক্টএ যা রেখেছিলেন তা এই বিলে সংকোচ করা হবে, কিন্তু তা হয়নি। এগ্রিকালচারাল লেবারার যে সমস্ত ক্ষেতমজুর আছে তাদের একটা মিনিমাম লিভিং ওয়েজ করে দেওয়া হ'বে কিন্তু তাও হয়নি। আপনারা মুখে বড়াই করে বলে থাকেন আমাদের এটা ওয়েলফেয়ার ষ্টেট। কিন্তু প্রত্যেক ওয়েলফেয়ার ষ্টেটএর দায়িত্ব হচ্ছে তার ষ্টেটএর প্রত্যেক মানুষটিকে খাওয়ান ও কাজ দেওয়া, এ যদি না করেন তাহ'লে সে ওয়েলফেয়ার ষ্টেট নয়। ওয়েলফেয়ার ষ্টেট হ'তে গেলে খালি কতকগুলি বাড়ী বা হাসপাতাল করলেই সব হয় না, প্রজাদের সমস্ত ভার তাকে গ্রহণ করতে হয়। জনসাধারণকে খেতে যদি দিতে না পারো, তাকে বাঁচবার মত কাজ দাও। এ যে করে সেই হচ্ছে ওয়েলফেয়ার ষ্টেট। যদি আজ বাংলা দেশে এইটুকু করতেন ক্যাল আনএমপ্লয়েড্, যারা বেকার তাদের বাঁচবার মত ভাতা দিতেন এবং একটা মিনিমাম লিভিং

ওয়েজ বেঁধে দেওয়া হত তাহলে কোন জোতদার বর্গা রাখত? এদের জন্য মিনিমাম লিভিং ওয়েজ ফিক্সড করে দেওয়া হয়নি, উপরন্তু ছেড়ে দেওয়া হচ্ছে অবাধে যত খুসী নাও। তারপর কেন লোককে এই বর্গা সিষ্টেমে দিতে পারবে না? যাকে দিয়ে চাষ করো তাকে একটা মিনিমাম ওয়েজ দিতে হবে। এযদি করেন তাহলে অচিরে লোপ পেয়ে যাবে বর্তমান বর্গাদার প্রথা।

যেহেতু কৃষকরা ভারতবর্ষের বিশেষ করে বাংলা দেশের অর্দ্ধবুভুক্ষু বা সেমি-ষ্টার্ভড্, সেই হেতু এই সেমি-ষ্টার্ভেশনের উপর থেকে প্রফিট ওঠে ওয়ান-থার্ড। কিছু না দিয়েও তাঁরা বলেন অনেক সময়, বৃষ্টির জল পড়লেও আইন আছে সেই বৃষ্টির জল দুইজনে সমান ভাবে পাবে। ইরিগেশন কারও জন্য করেন নি, ম্যানিওর কাউকে দেন নি, তবু খানিকটা বখরা সে পাবে। এই যে বর্গাদার আইন করেছেন, সেই বর্গাদার আইনটা ল্যাণ্ড রিফর্মস বিলএ নাকচ হয়ে যাওয়ার প্রিন্সিপলসগুলি থাকা উচিত ছিল, কিন্তু তা নেই। এই যে বাংলা দেশের বিষাক্ত অবস্থার মধ্যে দেশের মধ্যবিত্তের কলঙ্কে সেই বর্গাদার বিলকে চিরস্থায়ী করে যাচ্ছেন এই ল্যাণ্ড রিফর্মস বিলএ। তারপরও বড় গলায় বলতে লজ্জা বোধ করে না যে আমরা জমিদারী প্রথার অবসান করছি? ভূমিদান প্রথা অর্থাৎ সার্ফ সিষ্টেমের মত উত্তরবঙ্গে দেখে আসুন, সেখানে তারা এমনভাবে দেনায় জড়িত, কৈ তাদের জন্য ত আইন করছেন না, এমনভাবে আষ্টেপৃষ্ঠে বন্ধন যে তাদের কোথাও কাজে খাটাবার উপায় নেই। কারণ যেটুকু সামান্য জমি তাদের আছে সেটাও কেড়ে নেবার অধিকার জোতদারদের রয়েছে। হাজার হাজার গৃহের উপর দিয়ে উত্তরবঙ্গে জোতদারদের এইরকম দোর্দ্দণ্ড প্রতাপ ও অত্যাচার চলেছে। যারা জোতদার তারা আজ জমিদারদের চেয়েও ভয়ঙ্কর হয়ে উঠেছে।

[5-45—5-55 p.m.]

তারপর বাংলাদেশের ভূমি সংস্কার সম্বন্ধে এই বিলে কোথাও কোনও উল্লেখ নাই।

এর ফলে আমার মনে হচ্ছে যে সংস্কার একেবারে বৃথা হয়ে যাবে যদি এ কয়েকটী জিনিষ না নেওয়া হয়। তারপরে যে কথাটা রয়েছে কোঅপারেটিভের ভিতর দিয়ে, ভাল কথা। কিন্তু কথা ভাল হলেই জিনিষটা ভাল হয় না। আমরা জানি যে কো-অপারেটিভের প্রয়োজন। এই সমস্ত ছোট ছোট জমি থেকে তো উৎপাদন বেশী হয় না। কিন্তু কো-অপারেটিভ করতে গেলে পরে আর একটা জিনিষ আছে সেটা কনসোলিডেসন অব হোল্ডিং চাই। পরেও এ সম্বন্ধে আইন আসতে পারে। প্রিন্সিপালটা হচ্ছে আজ যে ফ্র্যাগমেণ্টেসন অব হোল্ডিং আছে তার যাতে আর ফার্দার ফ্র্যাগমেণ্টেসন না হয়, এই বিলেই তা থাকা ভাল। হয়ত পরেও হতে পারবে, কিন্তু সেই প্রিন্সিপল ছাড়া ল্যাণ্ড রিফরম হয় না। একদিক থেকে ফ্র্যাগমেণ্টেসন বন্ধ করা, অন্যদিকে কো-অপারেটিভও যদি হয় এছাড়া বর্তমান অবস্থায়, বর্তমান যুগে এই এই জমি থেকে যে খাদ্য উৎপাদন করা হচ্ছে ভবিষ্যতে যদি এই পুরাণো টেকনিকই থাকে তাহলে এত লোক পোষণ করা যাবে না; ৩৬ কোটি লোককে পোষণ করবার জন্য ভারতভূমি তৈরী হয় নাই। আগে যে ভাল অবস্থা ছিল তার কারণ তখন লোকসংখ্যা ঢের কম ছিল। তারপরে আজ যে ৩৬ কোটি লোক হয়েছে, তাতে সেই আমলের চাষ প্রথায় যে শষ্য উঠবে তাতে এতগুলি লোককে বসে খাওয়ানো যায় না, সেই পুরাণো লাঙ্গল ও গরু দিয়ে তা হয় না। সেখানে কৃষককে বাঁচাতে গেলে পর, জমির উৎপাদন বৃদ্ধি করতে হলে পর, এ্যাডভান্সড টেকনিক ত দূরের কথা যে টেকনিক আছে তাকে শক্তিশালী করা উচিত; শক্তিশালী লাঙ্গল, শক্তিশালী বলীবর্দ দিতে হবে, জমির সার ও জল সেচের ব্যবস্থা করতে হবে। চিরকাল, হিন্দু আমল থেকে মোগল পাঠান সকল যুগেই এটা কাদের দায়িত্ব? বরাবর ইরিগেশনের দায়িত্ব ছিল ষ্টেটের, ষ্টেটই রেসপনসিবল ছিলেন যে জল তারা দেবেন। সেখানে কাল দেখলাম ডেভেলপমেণ্টের নামে ট্যাক্স বাড়াবেন, সেই দিকে নজর রেখেই সমস্ত জিনিষটা চলছে; বাংলাদেশের কৃষকদের ভালো করা নয়, কি করে ষ্টেট এক্সচেকারে রেভেনিউ পাওয়া যেতে পারে। এ করলে চলবে না। জমি থেকে রেভেনিউ ছেড়ে দিতে হবে, এ করলে বাংলার কৃষককে বাঁচানো যায়। এবং শুধু রেভেনিউ ছাড়াই নয়, বহু বছর ধরে তাকে যে শোষণটা করা হচ্ছে তার সেইখানে জল ঢালতে হবে। তবে, এখানে যে উৎপাদন হবে তাতে শুধু কৃষকই বাঁচবে না সমস্ত বাঙ্গালী বাঁচবে। এর জন্য সবচেয়ে বড় উপায় হচ্ছে কো-অপারেটিভ করা, কিন্তু সেটা করতে হবে ভলাণ্টারী, স্বেচ্ছাপ্রণোদিত। এবং তা থেকে বেরোনোটাও চাই স্বেচ্ছাপ্রণোদিত। যদি বেরিয়ে যাবার কোন উপায় না থাকে তাহলে আর ভলাণ্টারী কি করে হয়। এবং যাবার সময় জমি যেমন ছিল, সে জমি যদি ইনট্যাক্ট নিয়ে যেতে পারে তাহলে তার নাম ভলাণ্টারী।

দ্বিতীয় কথা, কো-অপারেটিভের ভিতর যে বড় বড় জোতদার ঢুকতে পারবে না তার বাধা কোথায়? তারা যদি ঢোকে তাহলে বাঘ আর ছাগলে একসঙ্গে হলে পর যে অবস্থা হয় আমরা ছেলেবেলায় কথামালা আর ঈসপস ফেবলে তা পড়েছি। ইকুয়াল পার্টনারশিপের কথা বলেছেন মন্ত্রীমহাশয়, কিন্তু কো-অপারেটিভের ভিতর একজন জোতদার ঢুকলে পর সে একা সমস্ত কৃষকদের ভাগিয়ে দিতে পারবে, কারণ তার কৌশলটা ভালরকমই জানা আছে, কি রকম করে মার্কেট কন্ট্রোল করতে হবে, কি করে গভর্ণমেণ্টের সাহায্য নিতে হবে ইত্যাদি। কো-অপারেটিভ করতে হলে যাদের বেশী জমি আছে তারা যাতে না ঢুকতে পারে, এবং সম্পূর্ণটাই ষ্টেটের দায়িত্বে হতে হবে। যার ইকোনমিক হোলডিং তাকে আর কো-অপারেটিভের ভিতর আনতে চেষ্টা করবেন না। আগে যারা ইকোনমিক হোলডিংএর নীচে তাদের আনতে চেষ্টা করুন, নৈলে কো-অপারেটিভ ব্যর্থ হয়ে যাবে।

(At this stage the red light was lit.)

আর তিন মিনিট, যে কথাগুলি বললাম প্রথমতঃ ল্যাণ্ড রেভেনিউ বলুন বা আর যাই বলুন, সে বিষয়ে আমি নীতির সম্বন্ধেই বলছিলাম। আশ্চর্য্যের কথা হলো ওরা আজো বলছেন জমি নাই। জমি না থাকবার কারণ ত ওঁরাই। কো-অপারেটিভএর আসল কথা হচ্ছে তারা ধারণা করেছেন যে মিডলক্লাসকে চাষী বানাবেন, এই যদি ধারণা হয় তার চেয়ে ভুল আর কিছু নাই। সমস্ত লোককে জমি দেবার মতন প্রথমতঃ জমি নাই, আর যদি অকৃষককে কৃষক করা হয় তাহলে কি বাংলাদেশের শ্রীবৃদ্ধি হয়? যদি শতকরা ৮০ পারসেণ্ট লোক চাষ করে তাহলে কি বাংলাদেশের শ্রীবৃদ্ধি হয়? দেশকে বাঁচাবার একমাত্র উপায় হচ্ছে ইণ্ডাষ্ট্রীয়ালিজেশন। কটেজ ইণ্ডাষ্ট্রীর কথা অনেক বলা হয়, যদি খানিকটাও করা যায়, কটেজ ইণ্ডাষ্ট্রীতে যদি খানি ইয়ার্ণ তৈরী করা যায় তাহলেও বাংলাদেশের তাঁতীকে বাচানো যায়। কিন্তু এখন ইয়ার্ণ তৈরী করবার কল্পনা বাংলা সরকারের নাই। কিন্তু ইণ্ডাষ্ট্রীয়ালিজেশন ছাড়া শুধু ল্যাণ্ড রিফর্মে মধ্যবিত্তকে বাঁচানো যায় না। আমরা পঞ্চবার্ষিকী প্ল্যান প্রভৃতি বহু প্ল্যানের কথা শুনি, কিন্তু সেখানে আজ এমপ্লয়মেণ্ট না বেড়ে আনএমপ্লয়মেণ্ট বেড়ে গিয়েছে, কাজেই সমস্ত জিনিষের প্ল্যান করাতে হচ্ছে এই পরিস্থিতির সঙ্গে সম্পর্ক না রেখে ইলেকট্রিক পাওয়ার বাড়িয়ে যাওয়ায় হবে কি? সেখান থেকে ইণ্ডাষ্ট্রীর প্রয়োজন। শিপবিলডিং আপনাদের নাই। এই ইণ্ডাষ্ট্রী যদি থাকত তাহলে তার ভিতর দিয়ে মধ্যবিত্তের সমস্যা মেটাবার একমাত্র উপায় হত, জমি দিয়ে নয়। জমি দিয়ে আপনারা করছেন কি, না মধ্য-বিত্তের সমস্যা মেটাচ্ছেন, না কৃষকদের সুবিধা করে দিচ্ছেন, কোন দিক দিয়েই বাংলাদেশের উন্নতি ত হয় নাই তার কোন সূচনাও পাওয়া যাচ্ছে না। ভাবছেন মধ্যবিত্তদের কিছু কিছু জমি দিয়ে ৩০ একর জমি দিয়ে বড় কৃষক বানাবেন। সেইজন্যই কি জমিদারী প্রথা তুলে দিচ্ছেন? জমিদারী প্রথা উচ্ছেদ বড় কথা নয়, বড় কথা কৃষকরা জমি চায়, কৃষকরা চায় নানাদিক দিয়ে সহায়তা এবং সেই সহায়তা দ্বারাই শস্যের উৎপাদন বাড়বে। মধ্যবিত্তকে দিতে হবে অন্য কাজ। তাকে দিতে হবে শিল্প ও ব্যবসায়। কৃষকদেরও উন্নতির জন্য এই ষ্টেপ নিতে হবে, সমস্ত সমস্যা হচ্ছে পরস্পর জড়িত; একটাকে বাদ দিয়ে আর একটার সমাধান হয় না।

অন্যদিকে মধ্যবিত্ত মজুরের জন্যও—মজুরও এক হিসেবে অন্য প্রকারের মধ্যবিত্ত, কারণ সেও জমি হারিয়ে ঐ বৃত্তিতে এসে পড়েছে, কাজেই তার জন্যও ব্যবস্থা করতে হবে। এখন কাজ হচ্ছে জমি থেকে প্রেসার সরানো। বরং শিল্পের এতটা উন্নতি করতে থাকুন যাতে করে কৃষকদেরও বেশী সংখ্যায় শিল্প ব্যবসায়ে আনা যেতে পারে। যাতে নাকি "প্রেসার আপন ল্যাণ্ড" কম থাকে। আজ আধুনিক টেকনিকের প্রয়োজন। এবং এই আধুনিক টেকনিক প্রয়োগ করবার জন্য পুরাণো যে সমস্ত অবসলিট আইন তা বর্জন করুন। কিন্তু তা আপনারা বর্জন করতে পারছেন না, যেহেতু আপনাদের আর প্ল্যান নাই। আশা করি সিলেক্ট কমিটি এই সমস্ত পরিবর্তন সাধন করে যাতে করে সঙ্গে সঙ্গে এই সমস্ত সমস্যার সমাধান হয় তা করবেন।

মাননীয় স্পীকার মহাশয়, গভর্ণমেণ্ট পক্ষ বিশেষ চিন্তা করে দেখবেন এইটুকু আমরা আশা করি।

[5-55—6-5 p.m.]

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Mr. Speaker, Sir, we have been told by the Minister-in-charge that by this Bill he will bring about a reform in the land system of Bengal and he has brought this Bill to supplement the West Bengal Estates Acquisition Act. When we read this Bill we find that not a word has been told about reforms and the word "Reforms" is a misnomer. When the Land Acquisition Bill was passed we from this side

of the House tried to convince the Minister-in-charge that unless he brought a comprehensive Bill whereby he could redistribute lands to the landless tillers, unless he had fixed a ceiling applicable to all and unless more intelligent and practicable ways and means were devised so that a tenant could live a life worth living Government had no right to acquire any land. We also then said that in place of the zemindars the Government was acquiring the lands to be a zemindar instead, and if that misfortune ever comes the tenants, the peasants and the raiyats with small holdings will have to suffer inhuman sufferings. This is exactly what has come to happen now under this Bill. There is nothing about distribution of land and without distribution of lands to the landless tillers the question of any reform cannot arise. Then, Sir, there is no ceiling fixed as yet so far as the raiyats are concerned. He is hurrying through this Bill with a view to give the raiyats, holding more lands, a permanent right so that their rights in future cannot be challenged. The members of the House may remember we from the Opposition took objection to the definition of "Intermediaries" which left out raiyats and under-raiyats or non-agricultural tenants. In view of our opposition at the last moment an amendment was brought which now finds place under section 50 of the West Bengal Estates Acquisition Act. In that section it has been stated that for the purpose of this chapter the following classes of persons not being intermediaries, that is, raiyats within the meaning of clause 1 of section 2 shall be deemed to be intermediaries within the meaning of this Act, namely, persons who hold lands which they cultivate by *bargadars* as defined under the West Bengal Bargadars Act, 1950. Now, Sir, what has happened? What is the real state of affair? These *bargadars* though they were really cultivating lands on the *bhagchasi* basis, have not been able to record their rights. Government did not take any step to see whether the poor *bhagchasi* who was cultivating the land of another has been enabled to record his rights. He has not been able to do so. On the countrary many unscrupulous big raiyats having big holdings have induced these people to give them a surrender so that they can be shown that they were working for them as labourers on wages commonly known as *majuri kabuliyat*. By ths device the raiyats have gone beyond the scope and meaning of intermediaries. They are no longer intermediaries, since they will be able to show that they were having their lands cultivated only by labourers by transforming the real *bhagchasis* to ordinary workers and labourers. Why don't you fix by this Bill a ceiling for the raiyats? The loophole is still there. The raiyats who have been holding 1,000 bighas of lands will still continue to hold such lands unless the ceiling is fixed. Up till now the Government has not fixed any ceiling and even in this Bill no ceiling has been fixed so far as raiyats are concerned. Now, Sir, as I said the Government was going to be a worst zemindar than a zemindar of the past. What Government will be doing? They will assess the lands through their officers irrespective of the question of produce. Now whatever may be the decision of these officers it will be final. It cannot be questioned in a court of law. This will breed further corruption in the already corrupt Government of yours. At every stage you have left the matter not on the people but on officers who with their subordinates will go on doing things as they please. Is not that our experience? Now, Sir, the *bhagchasis'* rights to settle the disputes through a Board have also been taken away. There was scope for public representation but now the officers will decide the fate of the *bhagchasis*. Why don't you take the people into confidence? You say that you stand for the people. Your Government is people's Government. But why do you administer all business of the Government through the police and through officers? Why can't you take the people into confidence and rely on them? Why don't you fix the rents according to the local conditions in consultation with the local people? Then, Sir, the method of payment of rent on a scale basis is very significant. It looks

very well to see that the first two acres of land are made free if the cultivator was made to pay rent in kind, but this is only a method to help realisation of income-tax from the raiyats whether they have any income or not. On the basis of that agricultural income-tax will be realised from poor peasants irrespective of the fact whether they have any produce or not.

[6-5—6-15 p.m.]

Then, Sir, we cried hoarse over the issue of remission of rent when there was no produce for a year or two. What do we find in this Bill? In this Bill even if the irrigation system, as introduced by the Government, fails and for that the *kishan* loses, still he will have to pay but his rent may, on application, be reduced. There is not a single word about the remission of the rent in this Bill even though a *kishan* may not have any crop consecutively for three or four years. This is people's Government!

Now, Sir, for the recovery of the rent a very hard measure has been adopted by this Bill—a cruel measure I should say. By this Bill recourse has been taken to Public Demands Recovery Act. If a raiyat cannot pay rent, how are you going to recover the rent? By the application of a summary procedure you will find that nothing will be taken from him except the land on which he lives—the very land which he cultivates. If he fails to pay rent, he might have money and he might have other property elsewhere, but the Government will not look to anything but that particular land and by this summary procedure the Government will retake the land that belongs to the *kishan*. This is tyrannical. "Provided that no raiyat shall be liable to be arrested or detained in civil prison or to have any movable or immovable property other than the holding to which the arrears of rent relate, attached in pursuance of any order under the said Act." The very land will be taken away. We cannot think of any such measure. Still our learned Minister says that he is bringing about a reform. If he is doing anything, he is hoodwinking the people, he is creating fields for corruption; he is bringing about discontent and disturbances and he is only laying the foundation of a revolution which will give complete land reform to the people of Bengal.

**Sj. Subodh Banerjee:**

মিঃ স্পীকার, স্যার, ভূমি সংস্কার বিল আনা হয়েছে। যখন পশ্চিমবঙ্গ সম্পত্তি দখল আইন করা হয় তখন আমাদের আশ্বাস দেওয়া হয়েছিল এই ব'লে যে, বাংলাদেশের মূল সমস্যাগুলির মধ্যে অন্যতম যে ভূমিসমস্যা তার সমাধান করা হ'বে, বাংলার চাষীকে বাঁচানর ব্যবস্থা করা হবে। বাংলাদেশের জনসংখ্যার শতকরা ৭০ জন লোক জীবিকার জন্য জমির উপর নির্ভর করে। যখন নতুন এই বহু ঢাক-পেটান ভূমিসংস্কার বিল এল তখন আমরা তাতে কি পেলাম? দেখলাম ঐ বিল আসার আগে ভূমিব্যবস্থা সম্পর্কে যে ৭টি আইন আলাদা আলাদা ভাবে ছিল সেই ৭টি আইনকে একসঙ্গে সংবদ্ধ করা ছাড়া এই নতুন আইনে অন্য বিশেষ কিছু করা হয় নি। তাহলে কি বুঝতে হবে যে লর্ড কর্ণওয়ালিশ-এর আমল থেকে আরম্ভ করে আজ পর্যান্ত বাংলাদেশের ভূমিসমস্যা সংক্রান্ত যে ৭টি আইন বিভিন্ন সময়ে হয়েছিল সেগুলিকে এক করে দিলেই আমাদের দেশের ভূমি সমস্যার সমাধান হয়ে যাবে? আসল ব্যাপারটা এত সোজা নয়। বাংলার ভূমি সম্পর্কের মধ্যে এমন কতকগুলি বিষয় ছিল যেগুলি দূর না করলে বাংলার কৃষকের উন্নতি করা যায় না, কৃষিকে উন্নত প্রণালীতে চালিত করা সম্ভব নয় এবং তাই বাংলার অর্থনীতিকে নতুন করে ঠিকভাবে গড়ে তোলা যায় না। সেজন্য দেশবাসী দাবী করেছিল ভূমি ব্যবস্থার আমূল সংস্কার। এখানে এই বিলে কিন্তু পর্য্যায়ান্তরে দেখছি যে, দি বেঙ্গল এ্যালুভিয়ান এ্যাণ্ড ডিলুভিয়ান রেগুলেশন, ১৮২৫, ওয়েষ্ট বেঙ্গল বর্গাদার্স এ্যাক্ট, ১৯৫০, ইত্যাদি যে ৭টি আইন আছে সেগুলিকে এক করে এই বিলের অন্তর্ভুক্ত করা হয়েছে। তা ছাড়া আর কিছু নতুনত্ব এই বিলে নেই এবং আমাদের বর্ত্তমান ভূমিরাজস্ব মন্ত্রীর সেটাই হল একমাত্র কেরামতি।

দ্বিতীয় কথা, পশ্চিম বাংলায় মোট কৃষিযোগ্য ভূমির পরিমাণ ১১৭ লক্ষ একর। তার মধ্যে এই বিলে ৪ লক্ষ একরের প্রতি প্রযোজ্য। ১১৭ লক্ষ একর যেখানে আবাদী জমি সেখানে মাত্র ৪ লক্ষ একরের জন্য এই বিল আনা হয়েছে বাকি ১১৩ লক্ষ একর সম্বন্ধে যে ব্যবস্থা আগে ছিল তাই রয়ে গেল। শেষোক্ত জমির বেলায় তফাৎ হবে এইটুকু যে এষ্টেট্ এ্যাকিউজিসন এ্যাক্টের ৬নং পরিচ্ছেদের জোরে সরকার যখন বর্গাদার দ্বারা কর্ষিত জমি গ্রহণ করবেন তখন তা বর্তমান বিলের আওতায় আসবে। সুতরাং গোড়ায় ভূমিসংস্কার আইনের উদ্দেশ্য সম্বন্ধে যা ঢাক পিটিয়ে বলা হয়েছিল তা কবে সম্ভব হবে? কবে জমিদার জোতদারদের জমি কেড়ে নিয়ে চাষীর মধ্যে বিলি করা হবে? কেবলমাত্র ১১৭ লক্ষ একরের মধ্যে ৪ লক্ষ একর জমি এই আইনের অধীনে আনা হচ্ছে। বাংলাদেশের ভূমি সমস্যা কি ওই ৪ লক্ষ একরের সমস্যা? বাকী ১১৩ লক্ষ একরের তো কোন উল্লেখ দেখি না এই বিলে। তা কি ভূমিসমস্যার বাইরে? এই কেরামতি দেখাবার জন্যেই কি বলা হয়েছিল বাংলাদেশের ভূমিসমস্যাকে সমাধান করে নতুন ইতিহাস সৃষ্টি করা হবে?

তৃতীয় জিনিষ দেখুন। আমরা যখন সম্পত্তি দখল বিল আলোচনা করেছিলাম তখন এই কথাটা দ্ব্যর্থহীন ভাষায় জানতে চেয়েছিলাম যে, রায়ত নামধারী যেসমস্ত রাঘব বোয়াল জোতদার জমিদার আছে যাদের খাস জমির পরিমাণ হাজার হাজার একর তাদের বাড়তি জমি নেওয়ার কি ব্যবস্থা করলেন? তখন মন্ত্রীমহাশয় বলেছিলেন যে, ভূমিসংস্কার বিল যখন আসবে তখন এই সব বাড়তি জমি অধিকার করার চেষ্টা করা হবে। কিন্তু তা করা হল না। সুতরাং চাষীর মধ্যে বণ্টনের জমি কোথা হতে আসবে? শুধু তাই নয়, যে ৪ লক্ষ একর জমি গ্রহণ করা হচ্ছে তার পুরাটাও বণ্টনের জন্য পাওয়া যাবে না। কারণ ৬নং ধারা অনুসারে মধ্যস্বত্বাধিকারীদের জমি দেবার পরে কতটুকু জমি সরকারের হাতে থাকবে চাষীর মধ্যে বিতরণ করবার জন্যে? ৪ লক্ষ একর মোট যে মধ্যস্বত্বের চাষের জমি তা থেকে প্রতি মধ্যস্বত্বাধীকারীকে ২৫ একর অর্থাৎ ৭৫ বিঘা করে ছেড়ে দিলে কতটুকু জমি সরকারের হাতে ক্ষেতমজুর ও গরীব চাষীদের মধ্যে বিলি করবার জন্যে থাকবে? সামান্যই থাকবে; কয়েক হাজার একরের মত জমি দখল করে সরকার সারা বাংলাদেশের ভূমি সংস্কারের কথা বলছেন। এটা একটা ছেলেমানুষী কথা। যারা কৃষি অর্থনীতি নিয়ে পড়াশুনা করেছেন তারা জানেন সরকারের আস্ফালন একটা ভাওতা ছাড়া আর কিছুই নয়। ১১৩ লক্ষ একর জমি যা বড় বড় রাঘববোয়ালদের হাতে রয়েছে তাদের ঘাড়ে হাত দেবার কোন ব্যবস্থা মন্ত্রীরা করতে পারেন নি। হিসাব দেখুন, পশ্চিমবাংলার জমির অবস্থা ও চাষীর দুরবস্থা কি। প্রকৃত চাষীর হাতে জমি নেই, সমস্ত জমি ওই সব রায়ত নামধারী রাঘববোয়াল জমিদার জোতদারদের হাতে। পশ্চিমবাংলায় মোট যে জনসংখ্যা তার মধ্যে চাষের উপর নির্ভরশীল যে জনসংখ্যা তার শতকরা ২১ ভাগ হচ্ছে ক্ষেতমজুর যাদের কোন জমি নেই।

[6-15—6-25 p.m.]

দ্বিতীয়তঃ শতকরা ৩৪.৫ ভাগের হাতে ৮.৮ লক্ষ একর জমি। তাহলে দেখা গেল চাষের উপর নির্ভরশীল মোট পরিবারের ২১+৩৪.৫ অর্থাৎ ৫৫.৫ ভাগের হাতে ৮.৮ লক্ষ একর জমি আছে। অর্থাৎ চাষের উপর নির্ভরশীল পরিবারের অর্দ্ধেকের বেশীর হাতে মাত্র ৮.৮ লক্ষ একর জমি আছে। আর অন্যদিকে চাষের উপর নির্ভরশীল মোট পরিবারের শতকরা ৯ এর হাতে আছে ১০.৫ লক্ষ একর। শতকরা ৫৫.৫ ভাগের হাতে আছে ৮.৮ লক্ষ একর আর শতকরা এক ভাগেরও কমের হাতে আছে ১০.৫ লক্ষ একর। রায়ত নামধারী জমিদার জোতদার রাঘববোয়াল যাদের হাতে এই বিরাট জমি আছে তাদের হাত থেকে বাড়তি জমি নেবার কি ব্যবস্থা করেছেন? উপরের দেওয়া হিসাব আমাদের হিসাব নয়, এটা সরকারী হিসাব। তার থেকে বলছি। (SJ. ANANDA GOPAL MUKHERJEE: চীনে হয়েছে সুবোধ দা?)

**Mr. Speaker:** No interruption please.

**Sj. Subodh Banerjee:**
এর জবাব দেবো। আগে আমি আমার দেশের সমস্যার কথা বলে নিই। তারপর চীনে যা দেখে এসেছি তার কথা নিশ্চয়ই বলবো। সেকথা শোনাবও দরকার আছে। সুতরাং কি দেখছি? দেখছি অর্দ্ধেকের বেশী সংখ্যক চাষীর হাতে জমি নেই। আর অল্প সংখ্যক কয়েকটা বড় বড় হাঙ্গরের হাতে লক্ষ লক্ষ বিঘা জমি

কেন্দ্রীভূত হয়ে আছে। তাদের জমি কেড়ে নিয়ে সেই জমি গরীব চাষী ও ক্ষেতমজুরের মধ্যে বিলি করে তাদের জীবন ধারণের মান উন্নত করার কোন কথা ১৩ পৃষ্ঠা এবং ৬০ ধারায় সমন্বিত এই বিরাট ভূমিসংস্কার বিলের মধ্যে নেই। তাহলে কী ভূমি সংস্কার করবেন? বলেছেন চাষীদের জমি দেওয়া হবে। কোথা থেকে জমি দেবেন? যদি সরকারের হাতে জমি আসে তবেই বিলি করতে পারেন, আর যদি বণ্টনযোগ্য জমিই না হাতে থাকে, তবে কোথা থেকে জমি বিলি করবেন? মন্ত্রীমহাশয়কে আমি চ্যালেঞ্জ করছি তিনি দেখিয়ে দিন এই বিলের কোথায় আছে এই সমস্ত বড় বড় রাঘববোয়ালদের কাছ থেকে জমি নেবার কথা। সুতরাং কী ভূমি সংস্কার সরকার করার কথা বলছেন? এতদিন যা বলে এসেছেন তারপর এই বিল আনা পর্বতের মূষিক প্রসব করার মত; মূষিক প্রসবও অনেক বাড়িয়ে বলা হ'ল। মূষিকের তবুও একটা দেহ আছে তা যতই ছোট হ'ক না কেন কিন্তু এখানে শুধু বাগবিস্তার ব্যাপার, শুধু কথার কারচুপি ছাড়া এই বিলে গরীব চাষী ও ক্ষেতমজুরদের প্রকৃত কোন উপকারই হবে না।

তারপর একটা একটা করে ধারা আলোচনা করলে দেখতে পাচ্ছি যে, রায়তরা এতদিন যে খাজনা দিয়ে এসেছে তা কমান হবে না। সরকার মধ্যস্বত্ব অধিকারীদের কাছে থেকে এই খাজনার কিছু অংশ রাজস্ব হিসাবে নিয়ে এতদিন সন্তুষ্ট থাকতেন। মধ্যস্বত্ব এবং জমিদারী প্রথার উচ্ছেদ আমরা কেন চেয়েছিলাম? চেয়েছিলাম যে কারণে তার মধ্যে একটি হল চাষীর উপর খাজনার নামে যে শোষণ এবং চাপ তা কমিয়ে দেবার জন্য। এইবার ট্যাক্স এনকোয়ারী কমিটির রিপোর্ট কি দেখুন। সেটা বলছি ——

**Mr. Speaker:** What report. Is that old report?

**Sj. Subodh Banerjee:** Yes, the old report. We are to depend on it till we get the new one.

এগ্রিকালচারাল ট্যাক্স সম্বন্ধে বিশেষজ্ঞ ডাক্তার জ্ঞান চাঁদ "প্রব্লেম অব এগ্রিকালচারাল ট্যাক্স ইনসিডেন্স" বইতে এই নিয়ে আলোচনা করেছেন। এখানে পরিষ্কার ভাবে পুঁজিবাদী অর্থনীতির কথাই বলছি মার্কসবাদীর অর্থনীতির কথা বলছি না, কারণ তা বললেই সরকার পক্ষীয়রা আৎকে উঠবেন। সেই রিপোর্ট দেখতে পাই যে মোট যে খাজনা চাষীরা জমিদারদের দিত তার শতকরা ২১ ভাগ সরকার রাজস্ব হিসাবে জমিদারদের কাছ থেকে পেতেন। অর্থাৎ ১০০৲ টাকা যদি প্রজা খাজনা হিসাবে দিত জমিদারকে তাহলে ২১ টাকা মাত্র জমিদার সরকারকে রাজস্ব হিসাবে দিত। এখন সরকার করলেন কি? মধ্যস্বত্ব তুলে দিলেন কিন্তু খাজনা কমালেন না। অর্থাৎ প্রজা যে ১০০৲ টাকা খাজনা দিত এখন সরকারকে তা দিতে হবে। তাদের খাজনা কমাবার কোন কথা এর মধ্যে নেই। সরকারের লাভ এতে বেড়ে গেল। জমিদারদের বদলে সরকারের লাভ বাড়বে——এই যে পরিবর্তন এতে চাষীর কি লাভ হবে? তাদের উৎফুল্ল হবার কি কারণ ঘটল? রামবাবু জমিদার কি শ্যাম বাবু জমিদার হলেন, কিংবা সত্যেন বাবুর ট্রেজারীতে কত টাকা বেশী জমা হল তাতে চাষীর কিছু যায় আসে না। তাদের উপর করের বোঝা কমান হল কিনা সেটাই হল আসল কথা। যদি শোষণের কথা চিন্তা করা হয় তাহলে দেখবেন যে খাজনার হার কমান হয়নি। বরং অন্য দিক থেকে অসুবিধা হবে। জমিদারের কাছে চাষীরা তিন বৎসরের জন্য খাজনা বাকী রাখতে পারতো সরকার জমি গ্রহণ করলে সূর্যাস্ত আইন চালু হবে এবং বাকি খাজনার দায়ে চাষীর জমি, যা থাকবে তা ধরে টান দেবেন। (The Hon'ble SATYENDRA KUMAR BASU: দরকার হ'লে নেবো।) বটেই তো! এই নাহলে কৃষকদরদী! তারপর বর্গাদারদের কথায় আসুন। বর্তমান বর্গাদার আইনে উৎপন্ন ফসলের যে অংশ বর্গাদারের প্রাপ্য হিসাবে ধরা হয়েছে ভূমিসংস্কার বিলে সে অংশও বর্গাদারদের দেওয়া হয়নি, তার চেয়ে কম করে দেওয়া হয়েছে। সেই দিক হতে বর্গাদার সম্পর্কে বর্তমানে যে আইন আছে তার চেয়েও খারাপ ব্যবস্থা উপস্থাপিত করেছেন ভূমিসংস্কার বিলে। বর্তমান বর্গাদার আইন দেখুন। ভাগচাষী পাবে যাকে আমরা বলি তে-ভাগা, যদি হিসাব করে দেখি তাহলে দেখা যাবে যে বীজধান যে দিয়েছে সে তা পাবে ফসল ভাগের আগে। আমাদের দেশে বর্গাদাররাই তা দিয়ে থাকে। সুতরাং বর্গাদার বীজধান পেল। তাকে তা দেবার পর বাকি উৎপন্ন ফসলের যা রইল তাকে তিনভাগ করা হয়। একভাগ পায় বর্গাদার আর একভাগ মালিক। আর একভাগ দেওয়া হচ্ছে চাষের খরচের অনুপাতে। চাষ খরচ আমাদের দেশে বর্গাদাররাই করে। তাই বর্গাদাররাই এই তৃতীয় ভাগ আইনতঃ পাবার অধিকারী যদিও কোথাও তা দেওয়া হচ্ছে না। সেদিক থেকে হিসাব করলে দেখি যে একটাকার মধ্যে ১১ আনার মত অর্থাৎ ২/৩ ভাগ তো বটেই বর্গাদাররাই ফসলের পাওনা অংশ হিসাবে পাচ্ছে; যদিও আইন অনুসারে এই হারে কোথাও দেওয়া হয় না। ভূমিসংস্কার

আইন হলে যে আইন অনুসারে দেবেন তার গ্যারান্টি কোথায়? সুতরাং আইন অনুসারে দেওয়া-না দেওয়ার প্রশ্ন এখানে তুলতে চাই না। মূল বক্তব্য, আগের চেয়ে আইন খারাপ হয়েছে। এখন তিনভাগের দুভাগ মেলে। ভূমিসংস্কার আইন হলে ভাগচাষী ও মালিক ৬০/৪০ হিসাবে পাবে। পাঁচভাগ করে তার তিনভাগ দেওয়া হবে ভাগচাষীকে আর দুই ভাগ দেওয়া হবে মালিককে। $\frac{২}{৩}$ অংশ নিঃসন্দেহে $\frac{৩}{৫}$ অংশের চেয়ে বেশী। তাহলে দেখা গেল ভূমিসংস্কার করার নামে ভাগের পরিমাণ কমিয়ে দেওয়া হল বর্গাদারের ক্ষেত্রে। তাছাড়া আরও কতকগুলি সুবিধা যা এখন ছিল তা সম্পূর্ণরূপে জলাঞ্জলি দেওয়া হচ্ছে যেমন ভাগচাষীকে খেসারৎ দেওয়া ব্যাপার ইত্যাদি। সুতরাং বলতে পারেন না যে, এখনকার বর্গাদার আইনের চেয়ে ভূমিসংস্কার বিলে প্রস্তাবিত বর্গাদার আইন ভাল। সংস্কার করার মানে কি? চাষীর অবস্থা ভাল করা, তাদের সুখ সুবিধা বেশী করে দেওয়া, তাদের স্বার্থ রক্ষা করা। এখানে তার উল্টাই করা হচ্ছে। এই বর্গা প্রথা সার্ফডম ভূমিদান ব্যবস্থার একটু উন্নততর অবস্থা। সেই হিসাবে এই বর্গাদার প্রথা উচ্ছেদ ঘটান উচিত। তা না করে সেই পুরানো আমলের প্রথাকে জিইয়ে রাখা হচ্ছে। আপনারা গলাবাজী করে বলছেন সংস্কার করছেন। যে আইন ছিল তার চেয়েও খারাপ আইন করে ভূমিসংস্কার করছেন? সুতরাং

the term, reform, is a misnomer. The step taken through the Land Reform Bill is a retrograde step in relation to the bargadars.

মন্ত্রীমহাশয় গলাবাজী করে বলছেন যে, ভাল বিল এনেছেন কিন্তু কোথায় তা?

তৃতীয়ত: যেকথা বলেছিলাম খাজনা সম্বন্ধে। আমি মানি, বর্তমানে পশ্চিমবাংলায় যে খাজনা চালু আছে তা অত্যন্ত অবৈজ্ঞানিক। কোন বৈজ্ঞানিক নীতির ভিত্তিতে খাজনা ধার্য্য করতে হলে ব'লে দেওয়া দরকার কিসের ভিত্তিতে কি হারে ভূমির খাজনা ধার্য্য করা হবে। বর্তমান বিলে সে নীতি কোথাও স্পষ্ট নেই। এখানে শুধু বলা আছে "এ্যাজ মে বি প্রেসক্রাইব্‌ড্"। এ কথার সোজা অর্থ খাজনা নির্ধারণের সমস্ত নীতি মন্ত্রীমহাশয়দের হাতে সঁপে দিলাম। বিধান সভার কিছু বলার নেই করার নেই; সবই ঠিক করবেন মন্ত্রিমণ্ডলী। এ যেন পরম ব্রহ্মের ব্যাপার। মন্ত্রী হলেন সর্বশক্তিমান ঈশ্বর, আর আমরা যেন ভক্তবৃন্দ; তাঁর শ্রীমুখের দিকে তাকিয়ে থাকা ছাড়া আমাদের আর কোন উপায় নেই। তাই বলছিলাম এই বিলে কোন নীতির উল্লেখ নেই যার উপর ভিত্তি করে খাজনার হার ধার্য্য করা হবে। এই রকম কর্তাভজা নীতির আমরা প্রতিবাদ করি। মন্ত্রিমণ্ডলী যে ৫০৲ টাকা বিঘাপ্রতি খাজনা ধার্য্য করবেন না তা কে বলতে পারে?

[6-25—6-35 p.m.]

আমরা জানি এই মন্ত্রিমণ্ডলী কি করেছেন। ধান ধরার সময় যেমন হয়েছিল, খাজনা ধার্য্যের ক্ষেত্রেও যে তা হবে না কে বলতে পারে? জমি ক্লাসিফাই করা দরকার। বিভিন্ন জায়গায় জমির প্রকৃত উৎপাদন ক্ষমতা অনুযায়ী বিভিন্ন জমিগুলিকে শ্রেণী বিভাগ করতে হবে। বিভাগের ভিত্তি হবে জমির প্রকৃত উৎপাদন। যে জমিতে বিঘাপ্রতি ৩ মণ ফসলও উৎপন্ন হয় না, সেই জমিতে ধান ধরার সময় সরকার লিখে দিলেন ১২ মন ফলেছে। এ সত্য প্রফুল্ল বাবুও স্বীকার করতে বাধ্য। আমি এইরকম ঘটনার হাজার হাজার উদাহরণ দিতে পারি। এই স্বেচ্ছাচারের বিরুদ্ধে হাজার হাজার দরখাস্ত আদালতে পড়েছিল। এ কথা কংগ্রেস তরফের এম-এল-এরাও বলবেন। এই রকম ভাবে উৎপন্ন ফসলের পরিমাণ ধার্য্য হয়েছিল। একে বলে স্বেচ্ছাচারী অত্যাচার, নীতি হল এর যেন তেন প্রকারেণ বেশী এবং আরও বেশী শোষণ। জমির খাজনা ধার্য্যের বেলায় এই রকম স্বেচ্ছাচারী উৎপাদন হার ধরলে চলবে না। প্রকৃত উৎপাদন স্থির করতে হবে কৃষক সংস্থাগুলির মতানুসারে। উৎপাদনের হার স্থির হলে তার কত অংশ খাজনা হবে তার নীতি ধার্য্য করা দরকার। সেসব এখানে কিছুই নাই। মন্ত্রিমণ্ডলী খাজনার হার সম্বন্ধে একটা প্রগ্রেসিভ রেটের কথা বলেছেন। তাঁরা বোঝাতে চেষ্টা করছেন একটা সাইন্টিফিক বেসিস--একটা বিজ্ঞানসম্মত ধারা অনুসরণ করতে তাঁরা চেষ্টা করেছেন। মন্ত্রীমহাশয়কে বলি--রেণ্ট ষাই ইটসেলফ্ ইজ ফিউড্যাল এক্সপ্লয়টেসান। পুঁজিবাদ কি চায়? পুঁজিবাদ চায় এগ্রিকালচারাল ট্যাক্স--তার ভিত্তি হল লাভ। যে জমিতে লাভ হয় না তার উপর কর থাকে না।

Marginal land pays no rent. Rent is the differential surplus of the supra-marginal over the marginal land.

মারজিন ল্যাণ্ড কি হবে? তার সঙ্গে অন্যান্য জমির প্রভেদ কি হিসাবে ঠিক করবেন? কোথায় তার ভিত্তি? এখানে সেসব কথা নেই। পুঁজিবাদ জমির জন্য খাজনা দাবী করে না জমির উৎপাদনের লাভের উপর কর ধার্য্য করে। এই কর কার উপর হতে পারে? লাভের উপর; লাভ ছাড়া কর ধার্য্য হতে পারে না। মন্ত্রীরা নিজেরাই বলছেন ৫ একর পর্য্যন্ত জমি অলাভজনক। অলাভজনক জমির উপর তাহলে কিকরে খাজনা ধার্য্য করছেন? উৎপাদনের, লাভের উপরই এগ্রিকালচারেল ট্যাক্স হওয়া দরকার। কোথায় সেসব জিনিষ? কোথাও তা নাই। কর ধার্য্যের যে নীতি এখানে সরকার প্রস্তাব করছেন তা ফিউড্যালিজম্এর অধীনে কর নির্দ্ধারণের নীতি, লাভ হোক আর নাই হোক জমির খাজনা দিতেই হবে। শিল্পপতিদের বেলায় কিন্তু লাভ না হলে আয়কর ধরা হয় না। চাষীদের বেলায় লাভ না হলে খাজনা দিতে হবে। সুতরাং মন্ত্রীরা যে কথা বড়গলায় বলে এসেছেন সে সব ধাপ্পা। যখন এই বিল সিলেক্ট কমিটি থেকে ফিরে আসবে, তখন প্রতি ধারা ধরে ধরে বিশেষভাবে আলোচনা করবো। তাই এখন বিস্তারিতভাবে বললাম না। নীতিগত কিছু কিছু কথা শুধু বললাম। কংগ্রেস পক্ষের কেউ কেউ জানতে চেয়েছেন চীনের ভূমি সংস্কার সম্বন্ধে।

**Mr. Speaker:**

চীনের কথা এখন ব'লে আর কি হবে?

**Sj. Subodh Banerjee:**

দু-চারটী কথা বলতে আপত্তি কি বিশেষ করে ওরা যখন জানতেই চাচেছন। আপনিও চীনের ভূমিসংস্কার দেখেছেন, আমিও দেখে এসেছি।

(SJ. ANANDA GOPAL MUKHERJEE:
১২ মণ রিপোর্ট কে দিয়েছিল বলুন না?)

মেসিন যখন চলে তখন সে আপন আইনেই চলে। কলকারখানাকে চালায় তার মটিভ ফোর্স চালক শক্তি। সেই রকম পুঁজিবাদ চলে তার আপন আইনে। এই আইনের সামগ্রিক রূপ হ'ল সামাজিক কাঠামো, উৎপাদন সম্পর্ক। সামাজিক কাঠামো হ'ল ছাঁচ। একটি জিনিষের ছাঁচ দিয়ে কেবল মাত্র সেই জিনিষই তৈরী করা যায়, অন্য জিনিষ তা হতে উৎপন্ন হয় না। সিংহের মুখের ছাঁচ দিয়ে দুর্গা ঠাকুরের মুখ গড়া যায় না। সিংহের মুখের ছাঁচ দিয়ে সিংহের গোঁফের বাহার অথবা ধারাল দাঁতের চাকচিক্য করা যেতে পারে, কিন্তু দুর্গা প্রতিমার মুখ সে ছাঁচ হতে বেরুবে না। ঠিক তেমনি পুঁজিবাদ যেখানে রাষ্ট্রের ভিত্তি, সেখানে শোষণ থাকবেই, তা হিটলারী কায়দায় বেপরোয়াভাবে কিংবা এটলি কায়দায় মোলায়েমভাবে হতে পারে। কিন্তু তাতে শোষণ গেল না, তা থাকবেই। এই শোষণের জন্য দায়ী পুঁজিবাদ ও তার পরিচালকবর্গ, সরকার। স্বল্প মাইনের কেরাণীর দল নয়।
They are mere cogs in the entire machinery of administration and exploitation.
ভুলে যাবেন না কাপড়ের কল দিয়ে কাপড় বেরোয়, তা দিয়ে চিনি বেরুতে পারে না। পুঁজিবাদ রেখে শোষণ মুক্ত সমাজ হতে পারে না। আপনাদের এই রাষ্ট্রের ভিত্তিই হচ্চে পুঁজিবাদ, এখানে উৎপাদনের চালক শক্তি হচ্ছে লাভ। সে আইনের পরিচালক হচ্ছে সরকার। সেজন্য তাকেই দায়ী করতে হবে। ৩ মণ ফলন হওয়া সত্বেও ১২ মণ লেখানর জন্য ফুড ডিপার্টমেন্টের কেরাণীরা নিমিত্ত মাত্র।

সর্বশেষে চীনের কথা বলব। চীনের কথা বলার আগে কেবল একটী কথা বলবো সেখানে সামন্ততন্ত্রবাদ নাই, জমিদারী প্রথার বিলোপ ঘটেছে সেখানে। সেখানে জমিদারী প্রথা কোন খেসারত দিয়ে দূর করা হয় নাই। করের মাধ্যমে চাষীর পকেট কেটে টাকা তুলে জমিদারদের পদমূলে ঢেলে দেন নি সেখানকার সরকার। এখানকার সরকার তা করেছেন। চীনের মত, ভূমি সংস্কার হ'লে দুর্গাপুরের জমিদারনন্দন আমাদের আনন্দ বাবুর গায়ে জ্বালা ধরে যেত। তা এ সরকার পারবেন না। দুটী রাষ্ট্রের স্বার্থ আলাদা। চীনে সর্বপ্রকার শোষণ বন্ধ করবার জন্য চীন লোকায়ত্ত সরকার লেগেছেন; এখানে মুমূর্ষু শোষণ ব্যবস্থাকে টিকিয়ে রাখতে সচেষ্ট হয়েছেন সরকার।

**Sj. Ananda Gopal Mukherjee:** On a point of personal explanation, you come to me and I will make you a gift. Let it be in the proceedings: Let it be in the Press.

**Sj. Subodh Banerjee:**

সে সব কথা আর আমি বলতে চাই না। আনন্দ বাবুর সম্বন্ধে আমার বলবার ইচ্ছা ছিল না। কিন্তু তাদের জানা দরকার ঢিলটা মারলে পাটকেলটা খেতে হয়।

(SJ. ANANDA GOPAL MUKHERJEE:
আপনাকে দান করে দিলাম।)

If you sow the wind, you will have to reap the whirlwind.

সুতরাং ঘাঁটালে তার জবাবটাও শোনার ধৈর্য্য রাখতে হবে। চীনে বিনা খেসারতে জমিদারী প্রথা বিলোপ হয়েছে। কর্ষণযোগ্য জমির পরিমাণের উপর নির্ভর করে মাথাপিছু হিসেবে চাষীদের মধ্যে জমি বিলি হয়েছে। একটা পয়সা তার জন্য তাদের দিতে হয়নি। চাষীর উপর করের বোঝা কমে গেছে। তাদের জীবনধারণের মানের উন্নতি হয়েছে। চাষীকে বিনা পয়সায় জমির সার দেওয়া হচ্ছে চাষের যন্ত্রপাতি দেওয়া হচ্ছে। এমন কি যন্ত্রের সাহায্যে বিনা খরচে ধান ঝেড়ে দেওয়ারও ব্যবস্থা করা হচ্ছে। কোটী কোটী বাসগৃহ তাদের জন্য করে দেওয়া হচ্ছে চীনে। চীনে যে প্রভাবিয়াল পোভার্টি,—দুর্দ্দশা ছিল, তা লোপ পেয়েছে। আমি নিজের চোখে দেখে এসেছি হাজার হাজার নূতন বাড়ী তৈরী তাঁরা করেছেন। দোকানগুলি থেকে কি ধরণের জিনিষপত্র কিনছে চাষীরা? তাদের জীবনধারণের মান বহুগুণ উন্নত হয়েছে। আপনাদেরও তা করতে পারা উচিত ছিল। কিন্তু আপনারা তা করতে পারবেন না। জনতাও তাই আপনাদের সমর্থন করে না। অন্য দেশ যা ভাল করেছে, তা থেকে আপনাদের শিক্ষা গ্রহণ করবার চেষ্টা করা উচিত। আপনারা তা পারেন না, শুধু চ্যাঁচামিচি করতে পারেন। (SJ. ANANDA GOPAL MUKHERJEE: আমরা তো আর মেয়ে পুরুষ দিয়ে লাঙ্গল টানাতে পারবো না।)

**Sj. Syama Bhattacharyya:**

মাননীয় স্পীকারমহাশয়, সুবোধবাবু তার ভাষণে অনেক কথা বললেন, চীনের খুব প্রশংসা করলেন, তা আমরাও করি। (Interruption.)

**Mr. Speaker:** Order, order. There were four speakers from the Opposition; he is the only speaker from the Government side.

**Sj. Jyoti Basu:** Mr. Speaker, when Shri Subodh Banerjee was speaking, every time there was opposition from the other side.

**Mr. Speaker:** That was parliamentary.

**Sj. Jyoti Basu:** When somebody from the Opposition makes a remark you pull us every time. There should be some fairness.

**Sj. Pravash Chandra Roy:**

ওরা পার্শাসলি—ইচ্ছা করে তখন চীৎকার করেছিল যাতে চীনের কথা কেউ না শুনতে পারে। কারণ চীনের উন্নতির কথা শুনলে তাদের ভাল লাগবে না।

**Sj. Syama Bhattacharyya:**

চীনের সঙ্গে আমরা মৈত্রীবন্ধনে আবদ্ধ বহুদিন থেকে। আমরাও চীনের প্রশংসা করি। আমি শুধু সুবোধ বাবুকে একটা প্রশ্ন করি, তিনি এই পক্ষের সে প্রশ্ন এড়িয়ে গেলেন। সেটা হচ্ছে এই যে চীনে কেউ ব্যক্তিগতভাবে যদি জমি চাষ করে, তাহলে তাকে যত খুশী জমি রাখতে দেওয়া হয় কিনা? তিনি এ প্রশ্নের উত্তর দেন নাই।

(SJ. SUBODH BANERJEE:
আমাকে তো বলেননি? আমাকে বলবার চান্স দিলে এক্ষুনি বলতে পারি।)

আমি জানি তিনি এ প্রশ্নের শুধু সম্মতিসূচক উত্তর ছাড়া আর কিছু দিতে পারবেন না।

আমি জমিদারী প্রথা উচ্ছেদ আইনের পরিপূরক বহু প্রত্যাশিত এই আইনটী আনবার জন্য মাননীয় রাজস্বমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আমি জানি আমাদের বিরোধীপক্ষ বিশেষ করে কম্যুনিষ্ট পার্টি আজকে যতই বলুন না কেন, দেশবাসী জনসাধারণ এই বিলের জন্য মাননীয় রাজস্বমন্ত্রীকে এবং এই গভর্ণমেণ্টকে আন্তরিক ধন্যবাদ জানাবে। (এ ভয়েস: সাধু, সাধু, দাদার জয়!) গতবারে জমিদারী উচ্ছেদ আইন আলোচনার সময় আমি বলেছি যে জমিদারী উচ্ছেদ আইনটাই সব কথা নয়, আমি বলেছি যে এই যে পুরাতন ভূমি ব্যবস্থা আছে, সেই পুরাতন ভূমি ব্যবস্থার পরিবর্ত্তন করে বিজ্ঞানসম্মত ভূমি ব্যবস্থা যত শীঘ্র সম্ভব আমাদের দেশে প্রবর্ত্তন করতে হবে।

[6-35—6-45 p.m.]

আমি বলেছি যে এখনও যে পুরাতন জীর্ণ ভূমি ব্যবস্থা যা আছে আমাদের দেশে তাকে বদলে আধুনিক অর্থনীতিসম্মত, বিজ্ঞানসম্মত ভূমি ব্যবস্থা যত শীঘ্র সম্ভব আমাদের দেশে প্রবর্ত্তন করতে হবে। সেই সঙ্গে আমরা একথাও জানি যে আমাদের সামনে যে দুটো লক্ষ্য সেই দুটো লক্ষ্য ভুললে চলবে না। একটি লক্ষ্য হচ্ছে বেশী উৎপাদন, এবং সেই সঙ্গে সঙ্গে উৎপাদিত সম্পদ যাতে ন্যায়সঙ্গতভাবে বণ্টিত হয় তার ব্যবস্থা করা (বিরোধী পক্ষ: সাধু, সাধু।) আমাদের প্রয়োজন আধুনিক উন্নত প্রণালীতে, বিজ্ঞানসম্মত প্রণালীতে কৃষি ব্যবস্থা প্রবর্ত্তন করা, যাতে বেশী ফসল উৎপন্ন হয়, যাতে ভূমি সর্ব্বাধিক ফলপ্রদভাবে ব্যবহার করা যায়, এবং সঙ্গে সঙ্গে জমিদারী উচ্ছেদের ফলে এবং এদেশের ভূমি ব্যবস্থার ফলে যে অধিকার থেকে কৃষকগণ এতদিন বঞ্চিত হয়েছিল সেই অধিকার যাতে প্রতিষ্ঠিত হয়, এই আমাদের প্রয়োজন। আমাদের প্রয়োজন কৃষকের সঙ্গে রাষ্ট্রের ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করা, আমাদের প্রয়োজন সমস্ত রাষ্ট্রের মধ্যে শ্রেণীব্যবস্থার বিলোপ করা, আমাদের প্রয়োজন সমস্ত শ্রেণীর কৃষকদের একই রায়ত শ্রেণীতে ব্যবস্থা কোরে এক রকম অধিকার দান করা। এসম্পর্কে মাননীয় জ্ঞান বাবু অনেক কিছু বলেছেন। তিনি বলেছেন যে আগে কত ভাল ভাল ব্যবস্থা ছিল, কত রকমারী শ্রেণীর রায়ত ছিল; আজকে সেগুলো তুলে দিয়ে সরকারপক্ষ অত্যন্ত ভুল করেছেন। কিন্তু আমি সবিনয়ে নিবেদন করতে চাই এই রকম বিভিন্ন শ্রেণীর রায়ত রাখা বা বিভিন্ন শ্রেণীর বৈষম্য রাখা নীতিসম্মত নয়—একথা আমি জোর কোরে বলতে চাই। আমরা কৃষকদের সন্তুষ্ট করতে চাই, আমরা জনসাধারণকে সন্তুষ্ট করতে চাই, আমরা শুধু মাননীয় বিরোধী মেম্বরদের সন্তুষ্ট করতে চাই না। অর্থনৈতিক ও সামাজিক ন্যায় বিচারের দিক থেকে, আমাদের কনষ্টিটিউসনে ঘোষিত নীতি অনুসারে এবং কংগ্রেস সরকারের ঘোষিত নীতি অনুসারে আমরা এটা প্রয়োজনীয় মনে করি যে কারও হাতে বেশী পরিমাণ ভূমি থাকবে না এবং ভূমি ন্যায়সঙ্গতভাবে প্রকৃত কৃষক সম্প্রদায়ের মধ্যে বণ্টিত হবে। এই ভূমি বণ্টনের মধ্যে যে বৈষম্য ছিল সে সম্পর্কে সুবোধবাবু অনেক কথা বলেছেন; কিন্তু তার আগে মাননীয় রাজস্বমন্ত্রী অনেকগুলি তথ্য আমাদের কাছে দিয়ে গেছেন। তিনি বলে গেছেন যে আমাদের দেশের সমস্ত কৃষক পরিবারের মধ্যে শতকরা ৩৪ ভাগ কৃষক পরিবার মাত্র ২ একর পর্য্যন্ত জমির মালিক। আমরা চাই না এই ভূমি বণ্টনের অসাম্য একদিনও রক্ষা করতে। এটা অবশ্য ঠিক যে প্রতি পরিবারকে ইকনমিক হোল্ডিং দেওয়া সম্ভব হবে না। একটা হিসাব আমরা পেয়েছি যে শতকরা ৭৫ ভাগ কৃষক পরিবার জীবন ধারণের সর্ব্বনিম্ন স্তরের নীচে বাস করে। একথাও ঠিক যে আজকে যে জমি পাওয়া যাবে সেটাকে যদি সকলকে সমানভাবে বণ্টিত কোরে দেওয়া যায় তাহলে সকলের ভাগে অতি সামান্য পড়বে। এই নিয়ে অনেক বাদ বিবাদ উঠবে। আমি একটা কথা বলতে চাই। অঙ্ক শাস্ত্র অনুসারে একথা ঠিক যে মাথাপিছু ধরলে অতি সামান্য হবে। কিন্তু আর একটা দিক আছে, সেটা ন্যায় নীতির কথা। যতদিন পর্য্যন্ত আমাদের দেশের বিপুল সম্পদ ভূমিহীন কৃষক পাবে না, যতদিন পর্য্যন্ত শিল্প বিস্তারের সঙ্গে সঙ্গে ভূমির উপর জনসংখ্যার চাপ কমাতে না পারা যাবে ততদিন পর্য্যন্ত আমি মনে করব যে দেশের ভূমিসঙ্কট মোচনের জন্য দেশের সামান্য পরিমাণ ভূমির কথা বিবেচনা করলেও কৃষিজীবীমাত্রকেই কিছু কিছু জমি দিয়ে আমাদের দেশের যারা ভূমিহীন কৃষককুল আছে তাদের ভূমিহীন কৃষক এই যে নাম এই নাম থেকে অব্যাহতি দিতে হবে। সেই সঙ্গে আমাদের ভাবতে হবে উৎপাদন যাতে না কমে। আমি তাই প্রস্তাব করি, আপনারা বিবেচনা কোরে দেখবেন, মাননীয় মন্ত্রীমহাশয় বিবেচনা কোরে দেখবেন যে এটা সম্ভব কিনা যে প্রত্যেক ভূমিহীন কৃষক পরিবারকে কিছু কিছু জমি দিয়ে, যাতে কৃষি উৎপাদন না কমে সেজন্য কন্সোলিডেসন অব হোল্ডিং অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডিত জমিগুলো একত্র কোরে সমবায় পদ্ধতিতে চাষ কোরে যাতে কৃষি উৎপাদন না কমে তার ব্যবস্থা করা উচিত কিনা এবং সম্ভব কিনা। মাননীয় স্পীকার মহাশয়, আশা করি, হাউস সেকথা বিবেচনা কোরে দেখবেন যথা সময়ে।

এসম্পর্কে আর একটি কথা বলতে চাই। ৩.৯ লক্ষ একর ভূমি পাওয়া যাবে আশা করা যাচ্ছে। এই সম্পর্কে বিশেষ কোরে সচেতন হতে হবে, কারণ ভূমির মালিক অনেক সময় আইনকে ফাঁকি দিয়েছেন এবং তাঁদের মধ্যে কেউ কেউ বিশেষভাবে সেবিষয়ে জ্ঞান রাখেন বলে জানা আছে। এই সম্পর্কে আমি বলতে চাই যে কৃষকের উন্নতির জন্য এই যে ভূমিসংস্কার আইন করা হয়েছে, তার একটা বিধান মাননীয় স্পীকার মহাশয়, আপনি এই হাউসে বিশেষ আনন্দের সঙ্গে লক্ষ্য করেছেন যে যিনি কৃষক নন, যিনি অকৃষক, তিনি নূতন কোরে কৃষি জমি ক্রয় করতে পারবেন না এবং সেই সঙ্গে নূতন কোরে খাজনা বিলি করা চলতে পারবে না। সে কাজ বে-আইনী করা হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়! খাজনা সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে--খাজনা রেণ্ট অথবা ট্যাক্স। জমির মালিক সরকার হবেন বা জমির মালিক কৃষক হবেন তাও আলোচনা করা হয়েছে। আমি বলতে চাই যে জমির মালিক স্বয়ং সরকার অথবা জমির মালিক কৃষক নিজে এই সূক্ষ্ম আলোচনার দ্বারা আমরা যে কিছুমাত্র লাভবান হব তা নয়। আমি বলতে চাই কৃষক কতখানি অধিকার পেয়েছে এবং সরকার কৃষককে তার ন্যায়সঙ্গত অধিকার থেকে অন্যায়ভাবে বঞ্চিত করতে পারেন কিনা, এইটাই হবে এই বিল বিচার করবার কষ্টিপাথর। বঙ্কিমবাবু বলেছেন সোস্যালিষ্ট ইকনমি'তে কৃষককে তার অধিকার থেকে কিছুতেই উচ্ছেদ করা চলবে না। আমি তাঁকে জিজ্ঞাসা করি—এখানে উচ্ছেদ সম্পর্কে যে কথা আছে, যে ধারাগুলি সন্নিবিষ্ট রয়েছে—৫ এবং ৬ নং ধারা—সেটা যদি তিনি ভাল কোরে পড়ে দেখতেন তাহলে তাঁর পক্ষে আতঙ্কিত হওয়ার কোন কারণ হ'ত না। খাজনা বা রেণ্ট সম্বন্ধে সুবোধবাবু এবং বঙ্কিমবাবু বলেছেন। সুবোধবাবু বলেছেন রেণ্ট হবে মার্জিনাল ল্যাণ্ডএর সঙ্গে অন্ ল্যাণ্ডে চাষ হবে তার ডিফারেন্সিয়াল সারপ্লাস; এসব খুব ভাল ভাল অর্থনীতির কথা। বঙ্কিমবাবু বলেছেন এটা রেণ্ট বলা অন্যায় হয়েছে--ট্যাক্স বলা উচিত ছিল। মাননীয় সুবোধবাবু বলেছেন ইনকাম ট্যাক্সের প্রিন্সিপল এই রেণ্টের ব্যাপারে প্রয়োগ করা হয়েছে।

সেক্সন ৩০ যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন সেখানে এই কথা আছে। আমি মনে করি তিনি নূতন কিছু বলেন নি। এই কথা বলে সুবোধবাবু মাননীয় বঙ্কিমবাবুর উক্তির জবাব দিয়েছেন। কারণ, বঙ্কিমবাবু বলেছিলেন, রেণ্ট থাকা উচিত নয়। খাজনা বেড়ে যাবে কিনা এ সম্বন্ধে সুবোধবাবু কোন খোঁজ করলেন না। (নয়েজ) খাজনা বেড়ে যাবে না একথাই আমি বলতে চাই। মাননীয় স্পীকার মহাশয়, আমার কথা হচ্ছে ওদিককার আমার বন্ধুরা বাইরে যে কথা বলে জনসাধারণকে বিভ্রান্ত করার চেষ্টা করেন, এই হাউসের মধ্যেও তারা সেই রকম ভ্রান্তিপূর্ণ কথা বলে বিভ্রান্তির চেষ্টা করছেন। সেক্সন ৩০তে যা দেখেন তার সঙ্গে যদি সেক্সন ২৪ আলোচনা করেন তাহলে, ওঁদের মন থেকে খাজনা বৃদ্ধির ধারণা দূর হয়ে যাবে। বেশীর ভাগ চাষী, বেশীর ভাগ যারা কৃষিক্ষেত্রে কাজ করে, তাদের উপর খাজনাবৃদ্ধির কোন রকম সম্ভাবনা নাই। যারা বেশী জমি চাষ করে, বড় বড় জোতদার, জমিদার তাদের উপর খাজনা বৃদ্ধির সম্ভাবনা নিশ্চয় আছে—আমরাও সেটা সমর্থন করব। জানি না আজ সুবোধবাবু এবং অন্যান্য বন্ধুরা অন্য রকম কথা বলছেন কেন? (নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপ্‌সন্‌স।)

বর্গাদারদের সম্বন্ধে যে কথা বলা হয়েছে তাদের স্বার্থ রক্ষা করা প্রয়োজন বলে মনে করি। আমি মনে করি এই বিল আরও পরিবর্ত্তন হবে এবং ক্রমে ক্রমে কংগ্রেস ল্যাণ্ড রিফর্মস কমিটি যে সমস্ত সুপারিশ করেছেন, আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় সে সব যথা সময়ে বিবেচনা করে দেখবেন। আমি মনে করি এই বিল সর্ব্বতোভাবে গ্রহণযোগ্য। তবে নিতান্ত দুঃখের কথা এই হাউসে মাননীয় বিরোধীপক্ষের সদস্যবৃন্দ বিশেষ করে কম্যুনিষ্ট পক্ষের মেম্বাররা এই বিলকে যেভাবে আক্রমণ করেছেন তার কোন রকম যুক্তি ছিল না। কিন্তু তাঁদের এই রূপ করার একমাত্র যুক্তি এই দেখতে পাই যে কৃষককুলের বর্ত্তমান দুর্দ্দশার সুযোগ নিয়ে কোন কোন রাজনীতিক দল যে খেলা খেলে আসছেন সেই সুযোগ তাদের আজ নষ্ট হচ্ছে। আমি জানি আমার কনষ্টিটুয়েন্সিতে কোন কোন রাজনীতিক ধুরন্ধরেরা এই কথা বলে সাধারণ কৃষককে উত্তেজিত করেছেন যে তাদের খাজনা বেড়ে যাবে। আপনি জানেন, স্যার, তা বাড়বে না, তারাও জানেন যে বাড়বে না, কিন্তু জেনেশুনেও তারা একথা বলছেন। আমি বলতে চাই বেশীর ভাগ কৃষক যারা কায়ক্লেশে জীবন ধারণ করে, তাদের অবস্থা উন্নত করাই হচ্ছে এই বিলের উদ্দেশ্য। আমি জানি বিলটা কিছুটা অসম্পূর্ণ আছে, কিন্তু আশা করি, সিলেক্ট কমিটিতে একটু একটু করে ক্রমশঃ সর্ব্বাঙ্গসুন্দর হবে। এবং এই বিলের যে উদ্দেশ্য যে প্রত্যেক কৃষককে জমি দেওয়া, এবং ভূমিহীন কৃষকের হাতে জমি বণ্টন করা এবং কৃষকদের জীবনে প্রতিষ্ঠিত করা, সেই উদ্দেশ্য বিলে সাধিত হবে।

[6-45—6-55 p.m.]

**Sj. Nalini Kanta Halder:**

সভাপাল মহাশয়, আমি বিল রচনাকারীর দৃষ্টি দুই একটি বিষয়ে আকর্ষণ করতে চাই। একটা ত্রুটি আছে বলে মনে হয়। ষ্টেটমেণ্ট অব অব্জেক্টস এ্যাণ্ড রিজনসএ আছে—

"to prevent any land being acquired by non-agriculturists."

নন এগ্রিকালচুরিষ্টদের কাছে কোন জমি বিক্রি করা হবে না। কিন্তু বাস্তু করার জন্যে যদি প্রয়োজন হয়, এবং তারা বঞ্চিত হয় তাহলে তাদের অসুবিধা হবে। এখানে বলা হচ্ছে——

"the Act will extend to the whole of West Bengal excepting the Calcutta municipal area."

কলকাতা মিউনিসিপ্যাল এরিয়ার বাইরে যেন কোন নন্ এগ্রিকালচুরিষ্ট নেই বলে ধরে নেওয়া হচ্ছে। কিন্তু সেইখানে আমার বক্তব্য এই যে কলকাতার বাইরেও নন্-এগ্রিকালচুরিষ্ট অনেক আছে। তারপর সেক্সন ৮(১)-(বি)তে বলা হয়েছে—

"when the State Government is satisfied that the transferee does not intend to cultivate the land"

সেখানে ট্রান্সফার চলবে না। কিন্তু বোনাফাইড কাল্টিভেটারের ও অপরের জমি যদি বাস্তু করার জন্যে প্রয়োজন হয় তখন এই আইনে সেই জমি সে কিনতে পারবে না। এদিকেও আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**Sj. Hemanta Kumar Basu:**

মাননীয় স্পীকার মহোদয়, আমরা ভেবেছিলাম, জমিদারী-প্রথা বিলোপ বিল যা এসেছিল এবং অনেক আন্দোলনের ফলেই সে বিল এসেছিল—তার পরেতে যখন আমরা শুনেছিলাম যে ল্যাণ্ড রিফর্মস বিল আসবে এবং সেই ল্যাণ্ড রিফর্মস বিলের দ্বারা, বাংলাদেশের ভূমি সমস্যা, কৃষকদের অর্থনৈতিক সমস্যার সমাধান হবে। কিন্তু আমরা দেখছি যে যেভাবে ল্যাণ্ড রিফর্মস বিল আনা হয়েছে, তাতে ঠিক কৃষকদের, বিশেষ করে ভূমিহীন কৃষকদের ও বর্গদার চাষীদের কোন রকম অর্থনৈতিক উন্নতির কোন পরিকল্পনা এর মধ্যে আমরা দেখতে পাচ্চি না। আমরা দেখেছি যে জমিদারদের হাত থেকে জমি নিয়ে, জমিদারী প্রথা বিলোপ করে, সেই জমিগুলি বড় বড় রাইয়ত ও জোতদারদের হাতে দেওয়া হচ্ছে। আমাদের বাংলাদেশে একদিকে জমির পরিমাণ কম, অন্যদিকে কৃষকদের সংখ্যা বেশী অথচ কৃষকদের জমি দেওয়া হচ্ছে না কিন্তু অকৃষকদের হাতে জমি রাখা হচ্ছে। আমরা শুনেছিলাম যে টিলার্স অব দি সয়েল—তারাই হবে ওনার্স অব দি ল্যাণ্ড। সেই কথাই বলা হয়েছিল জমিদারী প্রথা বিলোপের সময় কিন্তু ল্যাণ্ড রিফর্মস বিলে যদিও অ-কৃষকদের জমি দেওয়া হবে না, এই প্রভিশন রয়েছে কিন্তু বাস্তবিকপক্ষে অ-কৃষকদের হাতেই জমি বেশী রাখা হচ্ছে। কাজেই এইভাবে মাত্র ৪ লক্ষ একর জমি পাওয়া যাচ্ছে, এতে করে জমিহীনদের জমি দিবেন কি করে? কিন্তু ১১৩ লক্ষ একর জমি - বেশীর ভাগ জমিই রয়েছে অ-কৃষকদের হাতে। সেই জমিগুলি নিয়ে যদি এমনভাবে বণ্টন বা ডিষ্ট্রিবিউশন করা হ'ত—এই ল্যাণ্ড রিফর্মস বিলে, যাতে যারা কৃষক বর্গাদার, যারা ভূমিহীন চাষী, তাদিগকে একটা ইকনমিক হোল্ডিং হিসাবে সেই জমি ব্যবহার করতে দেওয়া হ'ত, তাহলে ল্যাণ্ড রিফর্মস বিলকে নিশ্চয়ই আমরা অভিনন্দন জানাতাম এবং সমর্থন করতাম। কিন্তু বাংলাদেশের যে অর্থনৈতিক চিত্র, দুঃখদারিদ্র্যময় যে অবস্থা, কৃষকদের যে দৈন্যাবস্থা ও দুরবস্থা, সেই অবস্থাই রয়ে গেল এই ল্যাণ্ড রিফর্মস বিলে। আর যাদের অবস্থা ভাল, তাদের অবস্থা সেই রকম ভালই রয়ে গেল। সেই দিক থেকে এই ল্যাণ্ড রিফর্মস বিলের দ্বারা চাষীদের বা কৃষকদের কোন রকম উন্নতি এবং জনসাধারণের কোন উন্নতি আমরা দেখতে পাচ্ছি না। তারপর বর্গাদারদের জমির উপর যে অধিকার, বর্গাদার বিলে যে ভাবে তার ব্যবস্থা করা হয়েছিল, সেটা এই আইনে—ল্যাণ্ড রিফর্মস বিলে, ঠিক সেই অবস্থায়ই রাখা হয়েছে। যে সমস্ত হাজার হাজার ভাগ-চাষী, বর্গাদার জমি থেকে উৎখাৎ হয়েছে, তাদের অবস্থা কি হবে সে সম্বন্ধে এই বিলে কোন ব্যবস্থা দেখছি না।

[6-55—7 p.m.]

এবং এই উৎখাতের বিরুদ্ধে বহু রিপ্রেজেণ্টেসন্স করা হয়েছে কিন্তু আজ পর্য্যন্ত এমন কোন রকম আইন করা হলো না যাতে বর্গাদাররা জমি থেকে সহজে উৎখাত হ'তে না পারে এবং ল্যাণ্ড রিফর্মস বিলে জোতদারদের উপরই ক্ষমতা রাখা হলো। সুতরাং বাংলাদেশের বর্গাদারদের দুঃখের অবসান ঘটবে এবং তারজন্য আপনারা

একটা নতুন পরিকল্পনা গ্রহণ করছেন সেই রকম কোন ব্যবস্থাই আমরা দেখতে পাচ্ছি না। এমনি করে বাংলাদেশে কৃষকদের মধ্যে বেকার সমস্যার কোন সমাধানই এরা করলেন না। আমি বলছি যদি কৃষকদের জমির উপর অধিকার না থাকে তাহলে বাংলার উন্নতি হতে পারে না। আজ কৃষকদের উন্নতি মানেই বাংলার উন্নতি। কৃষকদের হাতে যদি জমি দেওয়া না হয়, তাহলে যাই আইন করুন না কেন কিছুই হবে না। এবং ল্যাণ্ড রিফর্মস বিল যা হচ্ছে তাতে কৃষকদের কোন উন্নতি হবে না এবং তা কাজে আসবে না। রেণ্ট যে ভাবে ধার্য্য করা হয়েছে—২ একরের কম জমির উপর কোন রেণ্ট নেওয়া হবে না, এমন একটা মহা দয়ার ব্যাপার নয়। ২ একর জমির উপর যে চাষবাস হয় যদি তার উপর রেণ্ট ধার্য্য করা হয়, তাহলে চাষীরা মারা যাবে। কাজের উপর যে কোন রকম খাজনা বা রেণ্ট ধার্য্য করা হয়নি সেটা একটা মহা দয়ার ব্যাপার নয়। তারপর রেণ্ট যা ধরা হবে সেই রেণ্টের পরিমাণ কি হবে, কতখানি হবে এবং সেটা যদি ক্রমিক হিসাবে ধরা হয় তাহলে তার পরিমাণ অত্যধিক হবে। এবিষয়ে কোন সন্দেহ নাই। এটা যদি এগ্রিকালচুরাল ইন্‌কাম ট্যাক্স হিসেবে ধরা হয় তাহলে ভাল হয়। তারপর কো-অপারেটিভ আন্দোলন যে ভাবে চলছে—এই কো-অপারেটিভের মারফত কতকগুলি সুবিধাবাদী লোক এর সুবিধা নিচ্ছে এবং নিজের স্বার্থ সিদ্ধি করছে। বড় বড় জোতদার এই কো-অপারেটিভ সুবিধাগুলি পুরোমাত্রায় নিচ্ছে। সেইজন্য আমি বলি যাদের সামান্য জমি আছে তাদের দিয়ে এই কো-অপারেটিভ গঠন করা হউক। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker:** Before the House adjourns I would request party leaders kindly to meet me tomorrow in my chamber at 2-30 p.m. to make arrangements for allotment of budget dates—the heads of different demand items.

About cut motions I would remind members that tomorrow is the last date for submitting cut motions.

The House is adjourned till 3 p.m. tomorrow.

## Adjournment.

The House was accordingly adjourned at 7 p.m. till 3 p.m. on Friday, the 25th February, 1955, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 25th February, 1955, at 3 p.m.

## Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 186 members.

[3—3-10 p.m.]

## Message from the Governor.

**Mr. Speaker:** There is a message from the Governor which is as follows:—

"I have received with great satisfaction the respectful expression of your thanks for the speech with which I have opened the present session of the Legislature."

## Non-official Resolutions.

**Mr. Speaker:** We will take up the resolution moved by Shri Bankim Mukherji. We will have one hour for this resolution. I hope Mr Mukherji will conclude his speech in 15 minutes.

**Sj. Bankim Mukherji:**

সভাপতিমহাশয়, আমি প্রস্তাবটি গত দিনে পড়েছি, কাজেই আজকে সেটা পড়বার প্রয়োজন নেই। খাদ্যের অবস্থা সম্বন্ধে ক্যালকাটা গেজেটে ডিসেম্বর ২৩, ১৯৫৪ সালে বেরিয়েছিল যে একারেজ লাস্ট ইয়ারে হচ্ছে গিয়ে ৮ মিলিয়ান ৯ লক্ষ, দিস ইয়ারে—এ বছরে ৬৭ লক্ষ—৬ মিলিয়ান ৭ লক্ষ ৪৭ হাজার এবং যেটা বেরিয়েছিল ঐ গেজেটে। আমন গত বৎসরে ৪·৭২ মিলিয়ান টন এবং এই বৎসরে ২·৮৫ মিলিয়ান টন। অথচ আমরা গভর্ণরের স্পীচে যা হিসাব পেলাম সেটা হল গিয়ে ৩·৩৪ মিলিয়ান টন এবং গত বৎসরে ৫·২২ মিলিয়ান টন, গত বৎসরের ৫ মিলিয়ান টন আউস যোগ করলে পর ক্যালকাটা গেজেটে যা ফিগার তাতে ৫·২২ মিলিয়ান টন হয়। কিন্তু সেটা কাটিং বেরিয়েছে ৪৯ মিলিয়ান টন এক্সপেক্টেড্ আউস এ বছরে তাও যদি যোগ দেয়া যায় তাহলে ১ লক্ষ টন কম পড়ে। গভর্ণরের স্পীচের ভেতর দিয়ে যা ফিগার পাওয়া গেছে, অথাৎ এই গভর্ণমেণ্ট গভর্ণরের প্রতি এমন সম্মান রাখেন যে তাঁর মারফৎ মিথ্যা কথা বলাতেও এতটুকু দ্বিধা বোধ হয় না। আমি মনে করি এইভাবে খাদ্যমন্ত্রী মহাশয়ের একটা হ্যাপি পিক্চার করবার অভ্যাস বছরের গোড়াতে আছে। অত্যন্ত পরিস্কারভাবে ৫ লক্ষ টনের একটা সুযাচুরী হিসাব তিনি দিয়ে দিলেন যাতে করে পূর্ব্বেই বোঝা গেল যে আমাদের এবারকার মস্তবড় ডেফিসিটটা তত ভয়ঙ্কর নয়। কিন্তু ক্যালকাটা গেজেটে ডিসেম্বরের শেষে হচ্ছে গিয়ে ২·৮৫ মিলিয়ান টন। কোথা থেকে ৩·৩৫ মিলিয়ান টন হয়ে গেল এক বছরে? এই যে ব্যাপার এবং তাও শুধু নয় তার থেকে আর একটা হ্যাপি পিকচার করছেন যে গত বছর থেকে তিনি ধরছেন এ বছর ·৯ মিলিয়ান টন উদ্বৃত্ত আছে, কোথায় পেলেন তিনি ·৯ মিলিয়ান টন উদ্বৃত্ত, কোথায় পেলেন তিনি, এটা কার গোলাঘরে তিনি দেখেছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:** That is simple arithmetic.

**Sj. Bankim Mukherji:** Very complex arithmetic.
সিম্পল এরিত্‌মেটিক দিয়ে বোঝাচ্ছি যে এ্যাভারেজ গত ৫ বছরে হচ্ছে প্রায় ৩·৭ মিলিয়ান টন, এবং তার উপর গভর্ণমেণ্টকে বরাবর নিয়ে আসতে হত ৪।৫ লক্ষ টন, এরকম নিতে হত তাহলে পর দাঁড়ায় বটে ৪·১ মিলিয়ান টন এই রকম হচ্ছে, অর্থাৎ খাদ্যমন্ত্রী মহাশয়ের দাপটে বাংলাকে যখন অন্নাহারে রেখে দেওয়া হয় তখন

হচ্ছে গিয়ে বাংলাদেশের রিকোয়ারমেণ্টস ৪ মিলিয়ান টনের চেয়ে বেশ কিছু উপর, কিন্তু বাংলাদেশের, সব লোক যদি খেতে পায় তাহলে পর তার রিকোয়ারমেণ্টস হচ্ছে ৪·৫ মিলিয়ান টন এবং যদি হিসাব করেন আদার রিপোর্ট এ্যাভারেজ ১১ ছটাক ধরা হয় পার পপুলেসন ১০০ তার মধ্যে ৮৬ এডাল্ট হিসাব যদি করা হয় তাহলে তার চেয়ে ঢের বেশী পড়ে যাবে। ইতিমধ্যে ৫ বছরে পপুলেসন বেড়েছে। এ সমস্ত জিনিষ ধরলে পর দেখা যাবে গত বছরের যে ৫·২ মিলিয়ান টন তা থেকে ১০ পারসেণ্ট বাদ দেয়া হয়, বীজ প্রভৃতি অন্যান্য জিনিষে, তাহলে পর ৪·৭ মিলিয়ান টন হয়, না হয় আর বছরের রেশন ইত্যাদি না ধরলে পর ৪·৫ মিলিয়ানের কিছু কম হয়। এই অবস্থায় ৩১৪ লক্ষ টন আছে এর মধ্যে ২ লক্ষ টন গভর্ণমেণ্টের হাতে আছে আর ২ লক্ষ টন বাইরে থাকতে পারে। সে জায়গায় এবারকার যে ডেফিসিট সেটা হচ্ছে সাংঘাতিক রকমের ডেফিসিট, ডেফিসিট প্রায় ৫ লক্ষ টনের ডেফিসিট। এভারেজের চেয়েও প্রায় ৬১৭ লক্ষ টনের ডেফিসিট। না, অবশ্য আউস ধরলে পর একটু কমে যাবে এই পর্য্যন্ত। এই যে অবস্থা এই অবস্থা তিনি প্রথম থেকেই অস্বীকার করেছেন, এ অভ্যাস তাঁর আছে। আমরা ১৯৫৩ সালের গোড়াতে ঠিক এই রকম ষ্টেটমেণ্ট পড়েছি, খাদ্যের অবস্থা খুব ভাল এবং আমাদের সতর্ক করে দেওয়া সত্বেও তিনি কিছুই ব্যবস্থা করেননি এবং শেষ পর্য্যন্ত ১৯৫৩ সালের মাঝামাঝি যেভাবে রিলিফ প্রভৃতি দিতে হয়েছে এবং সেই ১৯৫৩ সালে আমরা দেখেছি বছরের গোড়ার দিকে তিনি যে ষ্টেটমেণ্ট দিয়েছেন ৩ মাস পরে এপ্রিল মাসে অন্য প্রকার ষ্টেটমেণ্ট তাঁকে দিতে হয়েছে এবং তারপর বছরের মাঝামাঝি সময়ে দারুণ চারিদিকে অভাবের সৃষ্টি হল, এই হচ্ছে গিয়ে। এ বছরের অবস্থা তার চেয়ে ভয়ঙ্কর। আর একটা জিনিষ তাঁকে লক্ষ করতে বলি যে ফুড্ প্রাইসের মুভমেণ্ট যদি লক্ষ্য করা যায় বাংলাদেশে, গত ৫ বছরের নয়, ৫০ বছরের যদি প্রাইস মুভমেণ্ট লক্ষ্য করা যায় তাহলে পর দেখা যাবে যে ফসল ভাল হোক, মন্দ হোক, ডিসেম্বর-জানুয়ারীতে ফসলের দাম কম হয়। এটা হল গিয়ে এদেশের ব্যবসায়ীদের কৌশল হোক আর যাই হোক চাল বা অন্যান্য কৃষিজাত দ্রব্য—চাল হোক, পাট হোক, অন্যান্য জিনিষের দাম কম হয়, বাংলাদেশের চালের যে প্রাইস মুভমেণ্ট তা যদি লক্ষ্য করা যায় তাহলে দেখা যাবে যে ডিসেম্বর-জানুয়ারীতে সবচেয়ে কম, এপ্রিলে একটু চড়ে, জুন-জুলাই মাসে খুব বেশী হয়, আউস যদি ভাল হয় অক্টোবরে কিছুটা কমে। কিন্তু এ বছরের শেষে অক্টোবর-নভেম্বর মাসে যে দাম ছিল, ডিসেম্বর-জানুয়ারীতে দাম বেড়ে গেল, ঠিক ফসল কাটার পর।

আমি বাংলাদেশের প্রাইস মুভমেণ্ট একবার মাত্র লক্ষ্য করেছি এবং সেটা হচ্ছে ১৯৪৩ সাল। ১৯৪৩ সালে হঠাৎ দেখা গেল যে ডিসেম্বর মাসের শেষে জানুয়ারীতে ধানের দাম ৩৷৷০ টাকা থেকে ৭৲ টাকা ৭৷৷০ টাকা হল। কৃষকরা অত্যন্ত খুশী যে বেশ দাম পাচ্ছে এবং তারপর এপ্রিল নাগাদ ১৬৷১৭ টাকা যখন হল তখন ফজলুল হকের মন্ত্রীত্ব পড়ে গেল। সারওয়ার্দী মন্ত্রী বলেছিল সব সামলে দেব এবং সেই ১৯৪৩ সালে ভয়ঙ্কর অবস্থা হয়েছিল। এ বছর ঠিক সেই জিনিষ। ব্ল্যাক মার্কেটিয়াররা যখন ১৯৪৩ সালে মার্কেট কর্ণার করতে যান তখন ডিসেম্বরের শেষে জানুয়ারীতে দাম হঠাৎ বেড়ে গেল। এ বছরে সেই জিনিষ লক্ষ্য করা যাচ্ছে, এ না হলে পর তাদের কথা ধরি যদি ৯ লক্ষ টন সারপ্লাস থাকে তারপর এই যে হারভেষ্ট হল সেখানে ডিসেম্বরের শেষে জানুয়ারীতে দাম কমে যাওয়া উচিত এবং তাঁদের আমি সন্তুষ্ট হতে বারণ করি এই জন্য যে তাঁদের সন্তুষ্টি সারা বাংলার দারুণ দুর্দ্দশার কারণ হয়।

[3-10—3-20 p.m.]

এবং এখান থেকে আর একটা জিনিষ লক্ষ করবার কথা যে তাঁদের হাতে দু লক্ষ টন চাল নিয়ে তাঁরা মস্তবড় মাতব্বরী করছেন, বলছেন ভয়ানক ষ্টক আছে। কিন্তু যদি সমস্ত বাংলা করণার্ড হয়ে যায় তাহলে এদের সকলকে খাওয়াতে গেলে পাঁচ লক্ষ টন চাল তাঁদের হাতে থাকা উচিত, তা তাঁরা সংগ্রহ করেছেন? না। তা সংগ্রহ করবার পর যদি তাঁরা আত্মসন্তুষ্ট ভাব দেখাতেন তাহলে তার মূল্য ছিল। আমাদের যেটা আশঙ্কা এই যে করণার্ড হচ্ছে এ থেকে একটা সাংঘাতিক অবস্থা হবে। যদি তাঁদের হাতে খাদ্যের ষ্টক থেকেও থাকে তাতে কি হবে? তারা যেভাবে ডিষ্ট্রিবিউটিং এজেন্সী তুলে দিয়েছেন, যেভাবে ফুড ডিপার্টমেণ্ট তুলে দেওয়া হচ্ছে, সেটা সারা ভারতের সঙ্গে বাংলার তুলনা চলে না। অতএব এইরকম ভাবে ফুড ডিপার্টমেণ্ট তুলে দেওয়ার ফলে গভর্ণমেণ্ট ষ্টক থাকা সত্ত্বেও তাঁরা দেখতে পান যে চালের দর হু হু করে বেড়ে যাচ্ছে। কেন? তার দু-তিনটা উদাহরণ দিই। গত পূজার সময় তাঁদের হাতে যথেষ্ট পরিমাণ চিনি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট থেকে এসেছিল, কিন্তু সেই চিনি কি করে উধাও হয়ে যায় এবং চিনির দাম বাড়ে কি করে? গত বৎসরের শেষ দিকে ডিসেম্বর-জানুয়ারীতে তাঁরা যথেষ্ট পরিমাণ হুইট পেয়েছিলেন কিন্তু কলিকাতা সহর থেকে সেই হুইট লোপাট হয়ে গেল কি করে? যার জন্য

তাদের ব্যর করতে হল আরও হুইট—(এ ভয়েস ফ্রম গভর্ণমেণ্ট বেঞ্চ—আপনি কি চাচ্ছেন কণ্ট্রোল?) আমি চাচ্ছি গভর্ণমেণ্ট একেবারে র‍্যাশান স্লিপ ডিপার্টমেণ্ট তুলে না দেয়, এবং যে স্টক আছে তার জন্য ডিষ্ট্রিবিউটিং এজেন্সি রাখা দরকার। কারণ যে স্টক ঐ ট্রেডসম্যানদের হাতে দেবেন, যেমন চিনি, আটা প্রভৃতি দেওয়া হয়েছিল, এবং তা যেরকম ভাবে বাজার থেকে উধাও হয়েছিল, এও তাই হবে। অর্থাৎ গভর্ণমেণ্ট সস্তাদরে দিচ্ছেন ট্রেডসম্যানকে, আর তারা সেটা নিয়ে গিয়ে বেশী দরে বিক্রয় করছে। কাজেই বর্ত্তমানে খাদ্যের অবস্থা এই হল।

এবৎসর ইতিমধ্যেই বাংলাদেশের কি ভয়ানক রকম খবর এসে পৌঁচেছে তুফানগঞ্জে হাজার হাজার নরনারী কৃষক খাদ্যমন্ত্রীর নিকট সাহায্য চেয়ে পাঠিয়েছে। যেখানে পূর্ব্বে ৬০।৭০ টাকা দেওয়া হয়েছিল এখন তাও দেওয়া হয়নি, মাত্র ১৫ টাকা দেওয়া হয়েছে। এ দিকে এখন ধানের দর ক্রমেই বৃদ্ধি পেয়ে ১০ টাকায় উঠেছে। এটা লেখা ২৯শে জানুয়ারী—কম্বল দেবার কথা ছিল সেই কম্বলও কোথায় গিয়ে পৌঁচেছে, কে পেয়েছে জানি না। এই অবস্থায় তাঁরা চাচ্ছেন লোন, সস্তাদরে জিনিষ। তারা লিখছে দু-আনা সের চাল, রেশন মঞ্জুর করিয়া প্রাণ বাঁচাইতে আজ্ঞা হয়। এরা একান্ত দুস্থ। তারা কাজ করতে রাজী আছে সবাই। এই হল তুফানগঞ্জের ব্যাপার। ঠিক এমনি করে খবর এসেছে আমার কাছে, ধুলিয়ান পোঃ, মুর্শিদাবাদ জেলা থেকে হাজার হাজার লোক টিপ সই দিয়ে পাঠিয়েছেন। তাঁরা লিখছেন, "গত ১৯৫০ সাল হইতে তিন, চার বার পদ্মার ভাঙ্গনে বিধ্বস্ত হইয়াছে এবং ১৯৫০ সালের বাণেও আমাদের ভুগিতে হইয়াছে। আমরা এখন ধুলিয়ান ষ্টেশনের পার্শ্ববর্ত্তী জায়গায় পরের জমিতে অস্থায়ীভাবে গৃহ তুলিয়া কোন প্রকারে দিন গুজরাণ করিতেছি। আমাদিগকে হাউস বিল্ডিং গ্রাণ্ট, বস্ত্র, খাদ্য, জীবনধারণোপযোগী সাহায্য করিতে সরকার যাহাতে উদ্যোগী হন, তাহার ব্যবস্থা করিতে আপনার নিকট এই দরখাস্ত পাঠাইলাম। পশ্চিমবঙ্গ মুখ্যমন্ত্রী, জেলা ম্যাজিষ্ট্রেটকেও এইরূপ দরখাস্তের নকল পাঠাইলাম।"

এই হ'ল উত্তরবঙ্গ থেকে যারা আসতে পারেনি, তারা এই রকমভাবে বহু চিঠি পাঠিয়েছেন, দরখাস্ত করেছেন। এ-ছাড়া সুন্দরবন, মেদনীপুর প্রভৃতি অঞ্চল থেকে যাঁরা এখানে যাতায়াত করছেন তাঁরা প্রতিদিন জানাচ্ছেন তাঁদের সেখানকার কি অবস্থা।

ইতিমধ্যেই সেখানে দুরবস্থা চরমে উঠেছে। যে সমস্ত রিপোর্ট আমরা পেয়েছি তাথেকে দেখতে পাচ্ছি সেখানকার লোক কাজ পাচ্ছে না, ভাগচাষী প্রভৃতি ক্ষেতমজুর তারা সেখানে কোন রকম কাজে সহায়তা পাচ্ছে না এবং তার ফলে আজকে ক্ষেতে তাদের কাজ নাই। কৃষকরা নিজেরা যা পারে করেছে, ক্ষেত-মজুর খুব কম লাগান হয়েছে। চারিদিকে কাজের জন্য দলে দলে লোক বেরিয়ে পড়েছে, কিন্তু কাজ পাওয়া দুষ্কর হয়ে উঠেছে।

ভাঙ্গড় থানায় ৮নং ইউনিয়ন জাঙ্গলগাছি, খড়গাছি ও তাঁজপুর গ্রামে ২০০ ঘর লোক বাস করে, উক্ত গ্রামে সমস্ত মানুষই ভাগচাষী ও ক্ষেত-মজুর, তারা দুর্ভিক্ষের জন্য ও কাজের জন্য গ্রাম ছাড়িয়া বিদেশে চলিয়া গিয়াছে এবং উক্ত থানায় অনাহার, অর্দ্ধাহার সুরু হয়ে গিয়েছে। এবং সোনারপুর থানায় ময়লা জল ঢুকিয়া ৩০০ হাজার বিঘা জমির চাষ নষ্ট করায়, সেখানকার শত শত চাষী দুর্ভিক্ষের জন্য অনাহারে দিন যাপন করিতে বাধ্য হইয়াছে, এবং গ্রামে গ্রামে ইতিমধ্যেই অর্দ্ধাহার, অনাহার দেখা দিয়াছে। এই রকম ভাবের সমস্ত চিঠিগুলি যদি আমি পড়তে আরম্ভ করি তাহলে অনেক সময় লেগে যাবে। মন্ত্রী মহাশয়রা যদি এই সমস্ত লেখা চিঠিগুলি দেখতে চান তাহলে আমি সমস্ত দরখাস্তগুলি আপনাদের কাছে নিয়ে যেতে প্রস্তুত আছি। এর জন্য আমার বক্তব্য হচ্ছে এক্ষণি তাঁরা ভাল করে লোন প্রভৃতি আরও লিবারেল স্কেলএ তাদের দিতে আরম্ভ করুন। তা না হয়ে, আমি উল্টা খবর পেয়েছি যে গত বছরের লোন তাঁরা সার্টিফিকেট জারী করবার হুমকী দিয়ে আদায় করবার চেষ্টা করছেন। সেখানকার সাঁওতাল, কৃষক, তারা ঘরবাড়ী ছেড়ে চলে যাচ্ছে অথচ তাদের কাছে গত বছরের লোন আদায় করবার জন্য সারটিফিকেট জারী, নোটিশ দেওয়া হয়েছে। এই রকম ভাবে আগেকার লোন কখনও আদায় হতে পারে না। এ বৎসর তাদের লিবারেল ভাবে লোন ও গ্রাণ্ট দেবার যে নীতি তা গ্রহণ করা উচিত। এবং তারা যখন বলছেন তাঁদের হাতে স্টক রয়েছে, বেশত তা দিয়ে টেষ্ট রিলিফ আরম্ভ করে দিন। এদের টেষ্ট রিলিফ দিয়ে এবং সারা জায়গায় ঘুরে যেখানে খাল প্রভৃতি কাটা দরকার তার বন্দোবস্ত করুন যাতে সেখানে একটা স্থায়ী উন্নতি হতে পারে অর্থাৎ অন্ততঃ আগামী কয়েক বৎসরের মধ্যে চাষীরা ভালভাবে চাষবাস করতে পারে। কিন্তু তাঁদের হাতে কাজ ও দুই লক্ষ টন চাল রয়েছে, অথচ লক্ষ লক্ষ লোক বেকার হয়ে ঘুরে বেড়াচ্ছে, এই অবস্থায় স্থায়ী উন্নতি করবার জন্য কোন সুযোগ তাঁরা গ্রহণ করতে চেষ্টা করছেন না। এই সমস্ত লোকগুলিকে টেষ্ট রিলিফ দিয়ে বাঁচানর সঙ্গে সঙ্গে একটা স্থায়ী উন্নতি করতে পারতেন, কিন্তু তা না করে গভর্ণরস স্পীচএর উপর যে প্রশস্তি গাহিলেন তাতে এ্যাগ্রিকালচুরাল মিনিস্টার বা ইরিগেশন মিনিস্টারএর বিশেষ কোন লাভ হয়

নাই। কারণ তাঁদের হিসাবেই এক বছরের এভারেজ ইল্ড ধরে বলছেন যে, গত বৎসর ইল্ড পার একর অত্যন্ত কম হয়েছে, অথচ এখানে তিনি বলছেন এই ইল্ড পার একর এই সমস্ত কাজের ফলেতে খুব বেড়ে গিয়েছে। এরজন্য আমার কথা হচ্ছে সেখানে এভারেজ ইল্ড বাড়া পরের কথা, এ বৎসর সেখানে ইল্ড অত্যন্ত কম হয়েছে। যাতে উৎপাদন বৃদ্ধি হয় তার জন্য চেষ্টা করুন, এবং এক্ষণি রিলিফ প্রভৃতি যে সমস্ত প্রয়োজনীয় কাজের দরকার তার জন্য এগিয়ে আসুন। এইগুলি ঠিকভাবে করলে পর সেখানকার লোকগুলিকে বাঁচান যায়।

তারপর যে সমস্ত জায়গায় এখনও মধ্যবিত্তের উপর আক্রমণ এসে পৌঁছায়নি, আর কয়েক মাস পরে হয়ত তা আমরা দেখতে পাবো। কারণ রাইসের যেভাবে প্রাইস রাইজ করছে তা থেকে একটা ইংগিত পাওয়া গিয়েছে যে ব্ল্যাক মারকেটিং অবস্থার ক্ষেত্র প্রস্তুত হচ্ছে, তার আঘাত নিশ্চয়ই পরে মধ্যবিত্তের উপর এসে পড়বে। অতএব এখন থেকেই ডোল প্রভৃতি দেওয়ার পরিকল্পনা থাকা দরকার। এখনও পর্য্যন্ত জানি না বাজেটে এ সম্বন্ধে কি প্রভিশন করা হয়েছে। আমার এখনও এই বাজেট দেখবার অবসর হয়নি, বাজেট আলোচনার সময় তা দেখা যাবে। আমার বক্তব্য হচ্ছে এ বিষয় তাঁরা অবহিত হয়ে, অন্ততঃ গত বছরের যে লোন তা আদায় করা স্থগিত রাখুন। এটা এক্ষণি আশু প্রয়োজন, কারণ তারা একেবারে সর্বস্বান্ত হয়ে পড়েছে, বাংলা দেশের এখন খুব কম স্থানই আছে যেখানে যথেষ্ট পরিমাণ ফসল হয়েছে। ভাল ভাল তিনটা জায়গা ২৪-পরগণা, মেদনীপুর, বর্দ্ধমান এব খানিকটা অঞ্চল একেবারে এ বৎসর অনাহারের সামনে রয়েছে, আরও যে সমস্ত অঞ্চল যেমন হাওড়া, হুগলী, নদীয়া, এদের কথা ছেড়েই দিলাম। অবশ্য উত্তরবঙ্গে সবচেয়ে বেশী দুরবস্থা দেখা দিয়েছে, হাজার হাজার গ্রামবাসীদের অনাহারের সম্মুখীন হতে হয়েছে। আপনারা সকলে জানেন কুচবিহার অঞ্চলে যে বাণ হয়ে গিয়েছে, যে কথা আপনাদের মুখ থেকেই শুনি যে, সেখানে যে পরিমাণ বালি পড়েছে, সেই বালি তুলে চাষ হতে আরও কয়েক বৎসর লেগে যাবে। এই অবস্থায় যদি রিলিফ সেণ্টার খোলবার জন্য অবহিত না হন, তাহলে অবাক হয়ে যাবো; অথচ কংগ্রেস পক্ষ থেকে যে এ্যামেণ্ডমেণ্ট দেখছি, তা অদ্ভুত।

[3-20—3-30 p.m.]

উত্তরবঙ্গ যেখানে সবচেয়ে বেশী ধান হয় সেখানে কুচবিহারে যে বাণ হয়ে গেছে, আপনাদের মুখে থেকেই শোনা যে গত বৎসর সেখানে জমিতে যে বালি পড়েছে সে বালি তুলে চাষ হতে কয়েক বৎসর লাগবে। এই যে অবস্থা এতে এই রিলিফ সম্বন্ধে যদি আপনারা অবহিত না হন তাহলে আমাকে অবাক হতে হবে। অথচ কংগ্রেস পক্ষ থেকে যে এমেণ্ডমেণ্ট দিয়েছেন সে এমেণ্ডমেণ্ট হচ্চে অদ্ভুত, গভর্ণমেণ্ট এ পর্য্যন্ত যা করেছেন, তার জন্য তারিফ করেছেন এবং আরো তারিফ করতে বলা হয়েছে। তারিফ করলে যদি আর একটু রিলিফ দেন তাহলে আমরাও তৈল মাখাতে প্রস্তুত আছি। (হাস্য) কিন্তু তৈলে খাদ্যমন্ত্রীর এত আগ্রহ কেন? গভর্ণমেণ্ট যা করেছেন তার জন্য তারিফ একটা কংগ্রেস পক্ষের সদস্যের কাছ থেকে শুনতে হবে না, আমি বলছি তারিফ, স্তুতি, ছেড়ে দিন, আর কিছু করবার জন্য প্রস্তুত হোন। স্তুতি পেতে হয় আমাদের কাছ থেকে পাবেন—আর বছরে। এ বছরে স্তুতি শোনবার জন্য উৎসুক হবেন না। এ বছরের অবস্থা অত্যন্ত সাংঘাতিক। এই কারণে আমি বলছি এখন বিশেষ করে আমাদের দেখা দরকার দেশের অবস্থা এবং আশু করা দরকার যা নাকি হচ্চে করণীয়। মেদিনীপুর, বাঁকুড়া এই দুটী জেলার অবস্থা এবং সুন্দরবন এলেকা বরাবর ত থাকে, এবারকার অবস্থা অত্যন্ত কাহিল, তাছাড়া উত্তর বঙ্গের যে কয়টী জেলার নাম করলাম, কুচবিহার প্রভৃতি। মুর্শিদাবাদ থেকেও রয়েছে আমাদের কাছে দরখাস্ত। এই সমস্ত জায়গাগুলিতে যা দেখে থাকি, বাংলা দেশের প্রায় সব জেলার নানা স্থান থেকে, নানা অঞ্চল থেকে এই রকম ব্যাপারই ঘটছে। অতএব এই রিলিফের জন্য এখন থেকেই চেষ্টা করুন, রিলিফ ইন কাইণ্ড, রিলিফ্ ইন্ প্যাডি, সব জায়গায় লোক যাতে টেষ্ট রিলিফ পায় তা করে দিন; ক্যাশ রিলিফ যদি ইচ্ছা হয় দিন, আজ লোকেরা টাকা রিলিফ চাইছে না। গভর্ণমেণ্টের ষ্টকে যখন চাল রয়েছে, যখন রাইস রয়েছে, আজ যদি তারা রিলিফ দিতে আরম্ভ করেন, এই যে ব্ল্যাক মার্কেটিংএর প্রারম্ভিক সূত্রপাত যা ডিসেম্বর-জানুয়ারী মাসে ছিল, সেই ব্ল্যাক মার্কেটিয়াররা ভীত হবে ব্ল্যাক মার্কেটিং অপারেশন চলবে না। এই জিনিষ হতে পারে, ১৯৪৩ সনেও হতে পারত যদি মেশিনারি হাতে থাকত। কিন্তু ১৯৪৩ সালে মেশিনারি হাতে ছিল না, মেশিনারি ঠিক করতে করতে বছর শেষ হয়ে গেল, এবছর মেশিনারি তাদের হাতে আছে।

সর্বশেষে আমার আবেদন এখনি টেষ্ট রিলিফের জন্য পপুলার কমিটির ব্যবস্থা করে খাদ্য মন্ত্রীমহাশয়ের কর্ণ আমি আকর্ষণ করছি এ দিকে [জনৈক সদস্য: কর্ণ আকর্ষণ করা কি রকম? (হাস্য)] অন্তত, তাঁর কাছে আবেদন হচ্চে এই যে এই সমস্ত রিলিফের ব্যবস্থা এখনি করুন; এবং রিলিফগুলি যাতে পপুলার কমিটির মারফতে হয়

তার চেষ্টা করুন। অনেক রিলিফ গভর্ণমেন্টের তরফ থেকে গিয়েছে আমরা জানি, কিন্তু সেখানকার সমস্ত লোক জানতে পারেনি, কখন গিয়েছে, কার মারফৎ গিয়েছে, এ সম্বন্ধের সন্ধান পাওয়া যায় নি। যদি ওঁরা পপুলার কমিটি করেন, স্থানীয় এম এল্ এ, দের নিয়েও যদি করেন তাহলে কিছুটা কাজ হবে। সর্বদল নির্বিশেষে কো-অপারেশনের কথা আমাদের কাছে বলেন তাঁরা, কিন্তু আমরা দেখেছি, সহযোগিতা তাঁরা চান না, হুকুম মানাতে চান। রেফিউজি সম্বন্ধে এড্ভাইসারি কমিটি বা পপুলার কমিটির সাহায্য তাঁরা চান না। অথচ তাঁরা সহযোগিতা চান। খাদ্য সম্বন্ধে বিভিন্ন দলের সকলকে নিয়ে পপুলার কমিটি করুন এবং তার মারফৎ রিলিফ দিন। রিলিফ দান করা প্রয়োজন, এ সম্বন্ধে দয়া করে অবহিত হোন। এ যদি না করেন অবস্থা আয়ত্বের বাইরে চলে যাবে। আজকে যে সহযোগিতা দিচ্ছি আশা করি তাঁর কাছ থেকে সন্তোষজনক উত্তর পাব।

**Sjkta. Abha Maiti:**

মিঃ স্পীকার, স্যার, আমি এই এ্যামেণ্ডমেণ্ট আনতে চাই--

Sir, I beg to move that in lines 4 to 13 for the expression beginning with "and also in view of the fact" and ending with "test works wherever possible" the following be substituted, namely:—

"This Assembly, while appreciating the measures of relief already taken by the Government of West Bengal, is of opinion that the Government should sanction more liberally agricultural and cattle purchase loans for the affected areas."

মাননীয় স্পীকার মহাশয়, যে মূল প্রস্তাব এসেছে আমি এই ছোট এ্যামেণ্ডমেণ্টটা তার সম্বন্ধে দিতে চাই।

পূর্ব রেজলিউশনে মাননীয় বঙ্কিম মুখার্জী মহাশয় বলেছেন যে তাঁর কাছে এটা অদ্ভুত মনে হয় যে এই রকম একটা এ্যামেণ্ডমেণ্ট সরকার পক্ষ থেকে এসেছে। তিনি আরো বলেছেন যে যদি করার কিছু থাকে সংসদের শেষে তাঁরা করবেন। কিন্তু এমন কোন নজীর তাঁর কাছে আমরা পাইনি যে তাঁরা এ্যাপ্রিসিয়েট করবেন। এটা তাঁদের কাছে আশাও করিনা। কিন্তু আমরা মনে করি যে যদি সরকার পক্ষ তাঁদের কর্তব্য কোরে থাকেন অর্থাৎ সরকার যে সময় দেশের বিশেষ রকম প্রয়োজন হয় সে সম্বন্ধে যদি তাঁরা তাঁদের কর্তব্য পালন করেন তাহলে আমাদের দিক থেকে সে বিষয়ে দুদিন বাদে কেন হাস্যাস্পদ হ'তে হবে বা সেটা অদ্ভুত কেন শোনাবে তা বুঝতে পারিনা। যেখানে দেখি যে প্রয়োজনের সময় সরকার তাঁর যা কর্তব্য তা করতে এগিয়ে যান তখন এ ভরসা কেন থাকবেনা যে গরীব যারা দেশে রয়েছে তারা যদি দেখতে পায় যে, যে সরকার আমাদের এখানে রয়েছে সে এসময় সাহায্য করবে কিংবা সে বিষয়ে প্রস্তুত থাকবে এ ভরসা কেন করা যাবে না' তা বুঝিনা। আমি একথা বলতে চাই যে যদি আমরা মনে করি যে এবছর শস্যহানি হয়েছে উত্তর বঙ্গের বন্যার ফলে এবং বর্দ্ধমান বিভাগের বিভিন্ন অঞ্চলে অনাবৃষ্টি হয়েছিল তার ফলে, তাহলে বলতে পারি যে সরকার বিশেষভাবে অবহিত আছেন। বিভিন্ন অঞ্চলে যে খাদ্যের অভাব দেখা দিয়েছে তা খাদ্যমন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে কয়েকদিন আগে বিভিন্ন তথ্য দিয়ে যে একটা বুলেটিন বার করেছেন তা থেকে আমরা দেখতে পাচ্ছি যে তিনি নিজেই স্বীকার করেছেন যে সরকার তাঁক্ষ্ণ দৃষ্টি রেখেছেন বিশেষ কোরে সেই সব অঞ্চলের উপর যে সব অঞ্চলে বন্যা হয়েছিল এবং যে সব অঞ্চলে অনাবৃষ্টি হয়েছিল। সুতরাং অদ্ভুত মনে হওয়ার কিছুই দেখি না। আমি বলতে চাই যত বড় সরকার যেভাবে বন্যা অঞ্চলে এবং অনাবৃষ্টি যেখানে হয়েছিল সেখানে যে সাহায্য করেছেন তাতে তাঁদের প্রশংসা করতে চাই; অবশ্য সে প্রশংসা তাঁরা করতে চান না এখন। উপরন্তু তাঁরা ১৩৫০ সালে যে দুর্ভিক্ষ হয়েছিল সেই জিনিষের কথা বলেন। যদি বঙ্কিম বাবু সেই কথার উল্লেখ না করতেন তাহলে ভাল হ'ত। ১৩৫০ সালের যে দুর্ভিক্ষ তখন ব্রিটিশ সরকারের কর্তব্যে বিচ্যুতি ঘটেছিল, কিন্তু ওঁরা সেই সরকারকে সাপোর্ট করেছিলেন; কাজেই সেই সরকারের কথা এক্ষেত্রে উদ্ধৃত না করলেই ভাল হ'ত। তিনি আক্ষেপ ক'রে দেখাতে চেয়েছেন যে তখন নাকি মেসিনারি সেট আপ করা ছিল না, সেই জন্য ঠিকমত রিলিফ করা হয়নি। সে সময় মেদিনীপুরে কি হয়েছিল তা যদি দেখি তাহলে দেখতে পাই যে ১৯৪২ সালে যে বন্যা হয়েছিল এবং তার পরে ১৯৪৩ সালে যে দুর্ভিক্ষ দেখা দিয়েছিল সেই বন্যার কথা পর্যন্ত দীর্ঘদিন পরে কলিকাতার লোক এবং বাংলা দেশের বিভিন্ন অঞ্চলের লোক জেনে ছিল, অথচ সমস্ত উপায় তখন ছিল সে খবর বাংলা দেশের কাছে যাবার। কিন্তু তাঁরা তাদের সেই ত্রুটি হালকা কোরে দেখিয়ে বলেছেন যে তখন ব্রিটিশ সরকার মেসিনারি সেট আপ কোরে দিয়েছিল, তাই

তাঁরা তাড়াতাড়ি রিলিফ দিতে পেরেছিলেন। এর চেয়ে উদারতা তাঁরা দেখাতে পারেন নি, এবং অ:দের কাছ থেকে আমরা তার বেশী আশাও করিনা। কিন্তু আমরা মনে করি কংগ্রেস সরকার এই মহা বিপদের সময় যে কাজ করেছিলেন নিশ্চয় দেশবাসী তার প্রশংসা করে এবং বিভিন্ন সময়ে যে কথা তিনি বলেছেন তার জন্য পশ্চিম বাংলার লোক খাদ্যমন্ত্রীকে আশীর্বাদ করছে।

[3-30—3-40 p.m.]

আমি মনে করি পশ্চিমবাংলার লোক খাদ্যমন্ত্রীকে আশীর্বাদ করছে। (নয়েজ।) তারা মনে করেন এভাবে যদি কাজ করেন তাহলে মানুষের দুঃখ করার কিছু থাকবে না—তাই তাদের গাত্রদাহ হচেছ। এবং তারা মনে করছে খাদ্যমন্ত্রী যদি এভাবে কাজ করেন তাহলে তাদের প্রতিপত্তি বিভিন্ন দিকে বিপন্ন হয়ে পড়বে। সুতরাং একথা বলতে কিছুমাত্র দ্বিধা নাই গত বছর উত্তর বঙ্গে, মেদিনীপুরে, বাঁকুড়ায়, হাওড়ায় এবং হুগলীতে একদম বৃষ্টি হয়নি। সেখানে লক্ষ লক্ষ টাকা গ্রাচুইসাস রিলিফ দেওয়া হয়েছিল, ড্রাই ডোল দেওয়া হয়েছিল। লক্ষ লক্ষ টাকা খয়রাতী টেষ্ট রিলিফ মারফৎ খরচ করেছিল, যে কাজের ফলে গ্রামাঞ্চলে বিভিন্ন জায়গায় বহু রাস্তাঘাট করেছিল, খাল কেটে জল নিকাশের ব্যবস্থা হয়েছিল এবং এছাড়াও লক্ষ লক্ষ টাকা দিয়েছিল এগ্রিকালচারাল লোন হিসাবে এবং গ্রামীন শিল্প, কুটির শিল্প যাতে পুনরুদ্ধার করা যায় তাব জন্য বহু টাকা লোন দেওয়া হয়েছিল, গ্রাণ্ট দেওয়া হয়েছিল। আমি এখানে লম্বা ফিরিস্তি দিতে চাইনা কিন্তু আমি একথা জোরের সঙ্গে বলতে চাই বিপদ যাতে আমাদের না আসে সে বিষয়ে কংগ্রেস সরকার যথেষ্ট সচেতন। এবং যতই তারা এই হাউসএ পড়ুন না কেন, তাতে এমন কিছু গুরুত্ব বেড়ে যাবে না যাতে সরকারের খুব একটা বেশী মাথাব্যথা হবে এবং এ বিষয়ে সরকারকে খুব বেশী বিব্রত করা যাবে বলে আমি মনে করিনা। এবং সবকার তাব কর্ত্তব্য বিষয়ে যথেষ্ট সচেতন আছেন এবং যথা সময়ে যেমন দরকাব তা তারা করবেন। আজকে এজন্য এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি যে গ্রাচুইসাস বিলিফ ও ড্রাই ডোলএর জায়গায় কৃষি ঋণ দেওয়া দবকাব। কাবণ আমরা জানি উত্তর বঙ্গেব বহু একর জমিতে বালি চাপা পড়ে আছে। এই সমস্ত জমি যদি উদ্ধার করতে হয়, সেই সব অঞ্চলে বেশী করে কৃষি ঋণ দিতে হবে। বহু গৃহপালিত পশু নষ্ট হয়ে গিয়েছে। গৃহপালিত পশু তাবা আবাব যাতে পেতে পাবে তাব জন্য অন্যান্য বছর যে গ্রুপ লোন, ক্যাটল পারচেজ লোন যা দেওয়া হয় তা আরও বেশী করে দেওয়া দরকাব। বর্দ্ধমানের বিভিন্ন অঞ্চলে গত বৎসর বৃষ্টি হয়নি, সেখানে যদি ভাল করে চাষ না করা যায় তাহলে এই বছবে কৃষকদের দুরবস্থা আছে, তার চেয়ে আগামী বছর আরও দুর্দ্দশা হবে। তাতে মনে করি যে সেখানে যে টাকা দেওয়া দরকাব নিশ্চয়ই দেবেন। যদি আরও প্রয়োজন হয় তাহলে অন্যান্য দিকে বায় সংকোচ করে কৃষি ঋণ, ক্যাটল পারচেজ লোন ইত্যাদি দিতে হবে। এই দুটো ঋণ যাতে যথা সময়ে এবং ঠিকভাবে পায় তার ব্যবস্থা করতে হবে। অনেক সময় দেখা গেছে, নানা অসুবিধার জন্য গ্রুপ লোনএর টাকা যথাসময়ে দেওয়া সম্ভব হয়না। এই বাবদ যে অর্থ বরাদ্দ করা হয় সেটা মাথাপিছু যাতে কম না হয় আরও বেশী হয় সে বিষয়ে সবকারের দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া ক্যাটল পারচেজ লোন যাতে কৃষকদের হাতে ঠিক সময়ে যেয়ে পেঁৗছে তাব ব্যবস্থা কবা দরকার। সময়-মত তা যাতে ডিষ্ট্রিবিউট করা হয় তার ব্যবস্থা করা দরকাব। কাবণ অনেক ক্ষেত্রে দেখা গেছে যে সার্কেল অফিসারই এ সমস্ত ঋণের ব্যবস্থা করে থাকেন। থানার বিভিন্ন জায়গায় যেখানে লক্ষ লক্ষ লোকের বাস সেই সব জায়গায় কৃষি ঋণ নিতে আসতে জনসাধারণ কৃষকদের অত্যন্ত কষ্ট হয়। অনেক ক্ষেত্রে ২।৪ দিন অপেক্ষা করে সার্কেল অফিসারএর অফিসের সামনে ধর্ণা দিয়ে থাকতে হয়। একটা থানার ৪।৫টি জায়গায় যাতে ছোট ছোট ডিষ্ট্রিবিউটিং সেণ্টার করা যেতে পারে এবং এটা যাতে হয় তার উপর জোর দেওয়া হয় তাহলে ভাল হয়। বছর বছর আমাদের যে তিক্ত অভিজ্ঞতা আছে তাতে বলতে চাই কৃষি ঋণ এবং ক্যাটল পারচেজ ঋণ ভালভাবে ডিষ্ট্রিবিউট করার ব্যবস্থা করা দরকার। আমি মনে করি যে যথা সময়ে যদি ক্যাটল পারচেজ ঋণ দেওয়া যায়, কৃষি ঋণ দেওয়া যায়, তাহলে আজকে কৃষকদের যে অসুবিধা আছে তা কতকটা দূর হতে পারে। সেজন্য মনে করি এ ব্যবস্থা তাড়াতাড়ি হওয়া উচিত। তা ছাড়া যে সমস্ত জায়গায় গ্রাচুইসাস লোন ও অন্যান্য সাহায্য দেওয়া দরকার সরকার নিশ্চয়ই তা দেবেন। কিন্তু আমি মনে করিনা যে আজকে ড্রাই ডোল প্রভৃতির জন্য গণ্ডগোল করতে থাকেন তাহলে ভাল করবেন। এই সমস্ত সাহায্যের জন্য যদি ক্রমাগত কেবল আন্দোলন করতে থাকেন তাহলে তাদের মন কেবল ওদিকেই থাকবে, প্রকৃত কৃষিকাজে তাদের মনসংযোগ করা সম্ভব হবে না। তাই আমি বলছি যে আজকে কৃষকদের কেবল ড্রাই ডোল এবং গ্রাচুইসাস লোন দেওয়া নীতির দিক থেকে ঠিক হবে না।

সেজন্যই আমি মনে করি আরও বেশী করে কৃষি ঋণ এবং ক্যাটল পারচেজ লোন দেওয়া দরকার। এবং যাতে যথা সময়ে তারা ঠিকমত সেটা পায় তার ব্যবস্থা করা উচিত—একথা বলে আমি যে এ্যামেণ্ডমেণ্ট আপনাদের সামনে রেখেছি আশা করি যিনি এই রেজলিউশন দিয়েছেন তিনি আমার এই এ্যামেণ্ডমেণ্ট সমর্থন করবেন।

**The Hon'ble Prafulla Chandra Sen:** Sir, Sj. Bankim Mukherji's amendment was not seconded.

**Sj. Biren Banerjee:** Sir, I beg to move that after clause 3 the following new clause be added, viz.—

"(4) Stop realisation of loans from the peasants for the year 1955-56."

সভাপালমহাশয়, আমার এ্যামেণ্ডমেণ্ট অতি সামান্য এবং সেই এ্যামেণ্ডমেণ্ট সম্পর্কে আমার ২।১টি কথা বলবার আছে। সেটা হচ্ছে এই যে বিশেষ বর্ণনা এখানে দেওয়া হয়েছে, তারপরে আমার এ্যামেণ্ডমেণ্ট যুক্ত করার আছে যে ১৯৫৫-৫৬ সালে লোন আদায় বন্ধ করা হোক। ইতিমধ্যে বহু জায়গায় সার্টিফিকেট জারী করা হয়েছে একথা আগেও শুনিয়েছি যে রিলিফ মন্ত্রীমহাশয় সেগুলি বন্ধ করুন। এই সূত্রে ২।১টি কথা বলতে চাই যে মাননীয় সদস্য যিনি এইমাত্র সরকারের প্রশস্তিমূলক একটা এ্যামেণ্ডমেণ্ট মুভ করেছেন—আমি কিছুদিন আগে কুচবিহারের ধুলিয়ানে গিয়েছিলাম যে অবস্থা সেখানে দেখেছি—সরকারের প্রশস্তি আমরাও করতাম যদি সরকার ঠিক সময়ে ঋণ দিতেন, লোন দিতেন। সেই ধুলিয়ান থেকে বহু চিঠি এসেছে, গণদরখাস্ত মন্ত্রীমহাশয়ের কাছে এসেছে, তার নকল আমাদের কাছেও পাঠিয়েছে, তারা আজ পর্যান্ত টাকা পায়নি। ৬০্ টাকা দেবার প্রতিশ্রুতি তাদের দেওয়া হয়েছিল কিন্তু সেই জায়গায় তারা ১৪।১৫ টাকা পর্যান্ত পায়নি। তারা এই বন্যায় ভাঙ্গনের ফলে অপরের জমিতে এবং গৃহে বাস করছে, এরপর তারা কোথায় যাবে তার ঠিক নাই—যেমন তুফানগঞ্জের কথা বলি—সেখানকার সোমস্ত মেয়েরা ঢেঁকি লোন চেয়েছিল ঢেঁকিতে ধান ভেনে খাবে সেজন্য লোন চেয়েছিল কিন্তু সর্ত্তের যে ব্যবস্থা আছে জামিনদার দিতে হবে নইলে বিত্ত, সম্পত্তি দেখাতে হবে। আমি অন্ততঃ ২৫ জন মেয়ের কথা জানি যারা জামিনদার ও বিত্ত সম্পত্তি দেখাতে চায় কিন্তু আজ পর্যান্ত তারা লোন পায়নি। ১২৮টি গ্রাম আছে তুফানগঞ্জ সাবডিভিসনে। আমি ৮০টি গ্রামের কথা বলছি। সেই ৮০টি গ্রামের লোকেরা বলেছে বার বার ৩ বছর বন্যার পর হল আজ আবার বন্যা, তারপর পোকা—এমন অবস্থা হয়েছে যেখানে আগে লোকে ৭০ বিঘায় ধান বুনেছে সেখানে আজ ৭০ মন ফসল পায়নি। এবং যেখানে আগে ৭ মন ধান বুনত সেখানে আজ ৭ মন খড়ও পায়নি, এই হল সেখানকার অবস্থা। এমন কি বড় বড় জোতদার যারা তারা পর্যান্ত বুনতে পারেনি। এইতো অবস্থা সেখানে। গত ১৪ই ফেব্রুয়ারী থেকে এস, ডি, ও-র কাচারিতে আবেদন নিবেদন করে হয়রাণ হয়েছে কিন্তু কিছু পায়নি।

[3-40—3-50 p.m.]

আমরা সদস্য মহোদয়াকে জিজ্ঞাসা করি এই যে লোন দেবার ব্যবস্থা, রিলিফ দেবার ব্যবস্থা এর জন্যে কি পুণ্য করতে হবে? সেখানকার মেয়েদের অবস্থা যেন সদস্য মহোদয়া নিজে গিয়ে দেখে আসেন। লোনএর জন্যে কতদিন আগে দরখাস্ত করেছে অথচ তার কোন খবর নেই। পশ্চিম দিনাজপুরের এক থানা থেকে মেমোরেনডাম পাঠিয়েছে, এমন কি প্রধান মন্ত্রীর কাছে পাঠিয়েছে, অথচ এখনও পর্যন্ত কিছুই তারা পাচ্ছে না। সুতরাং যদি মাননীয় মহাশয়ার যে বাত্তিক ফিগার নিয়ে সেই তর্ক না করে সত্যিকারের যাতে কাজ হবে, যাতে তারা রিলিফটা সময়মত পাবে তার ব্যবস্থা করা হোক। আর লোন আদায়ের ব্যাপারে যা হচ্ছে দেখুন। কাটোয়া সাবডিভিসন দেখুন, অন্যান্য জায়গা দেখুন ইতিমধ্যে সার্টিফিকেট জারী করবার ব্যবস্থা হয়েছে। তাদের ঘর নেই, বাড়ী নেই, খেতে পায় না, অথচ আবার সার্টিফিকেট জারী করা হচ্ছে। তাদের অবস্থাটা একবার দেখুন। সদস্যা মহোদয়াকে বলি তিনি নিজে একবার ঘুরে আসুন, আমার কথা যদি এক বিন্দু অতিরঞ্জিত হয় তাহলে বলবেন। আমার সঙ্গে আশা করি তিনি একমত হবেন যে রিলিফ সত্যি দেওয়া হচ্ছে না, ঠিকমত কাজ হচ্ছে না। সেই জন্য বলি আমার প্রস্তাব সমর্থন করে এই এ্যামেণ্ডমেণ্ট যোগ করে দেওয়া হোক।

**Sj. Ramhari Roy:**

মাননীয় স্পীকার মহোদয়, আমি গভর্ণমেন্টের প্রস্তাবটি এই রকম সংশোধিত আকারে সমর্থন করছি—

"That in view of the failure of crops due to flood, drought and hailstorm and consequent hardship felt by the peasants particularly among the poorer sections of the population in the rural areas of West Bengal, this Assembly,

while appreciating the measures of relief already taken by the Governmen of West Bengal, is of opinion that the Government should sanction mor liberally agricultural and cattle purchase loan for the affected area

এই যে সংশোধিত প্রস্তাবটি এতে আমরা বলেছি যে এ্যাফেক্টেড এরিয়াজ আমাদের আছে এবং সেখানে এগ্রিকাল চুরাল এণ্ড ক্যাটল পারচেজ লোন দিতে হবে। আর একটা জিনিষ বলছি সেটা আমাদের দেশের দুর্দশা কোথা কোথাও আছে তার কথা। অনাবৃষ্টি, বন্যা, শিলাবৃষ্টি ইত্যাদি নানা কারণে খাদ্যাভাবের সৃষ্টি হয়—তার জন্য এক একটা আতঙ্কের কথা এখানে অনেক সদস্য প্রচার করতে প্রয়াস পেয়েছেন যে কিছুই যেন করা হয়নি। আমি মনে করি উত্তর বঙ্গে যেরকম বন্যা হয়েছে এবং বর্দ্ধমান ডিভিশন, বীরভূম, বাঁকুড়া প্রভৃতি জায়গায় অনাবৃষ্টির জন যে দুর্দশা হয়েছিল সে সময় সরকার যেভাবে তাদের অভাব অভিযোগ মিটিয়েছেন সেটা সকল সদস্য তারিফ করবেন বাস্তবিক পক্ষে ইংরাজ আমলে এরকম ব্যাপকভাবে কাজ কখনও হয়নি। এজন্যে বর্ত্তমান সরকারকে প্রশংসা করতে হয়। সরকার জনসাধারণের সরকার হিসাবে কাজ করেছেন, প্রয়োজনের সময় এসে দাঁড়িয়েছেন, তাই আতঙ্কিত হবার কোন কারণ দেখিনা। আবার সময় হলে সরকার তাদের দরজায় দরজায় তাদের প্রয়োজনীয় জিনিষ পৌছে দেবেন এখানে আমরা দেখতে পাচ্ছি ১৯৫৪-৫৫ সালে সরকার টেষ্ট রিলিফএর মাধ্যমে ৮৪৩টা রাস্তা রিপেয়ার করেছেন এতে সতের হাজার উনসত্তর মাইল রিপেয়ার হয়েছে, নোতুন রাস্তা হয়েছে ১২৩টি এবং মাইলস কভার করেছে ১৬৩ মাইলের কিছু বেশী। (এ-ভয়েস: কোথায় পেলেন এসব?) এ্যাসেম্ব্লীতে সরকার থেকে পেশ হয়েছিল পড়েননি বলে জিজ্ঞাসা করছেন। মোট ৬৩,৫৭,২৩০ জন লোককে টেষ্ট রিলিফ দেওয়া হয়েছে এবং টোটাল য আমরা খরচ করেছি তার পরিমাণ ৫.৩৩,৫৪৮।৵৯ পাই। এ-ছাড়া রাইস এবং প্যাডি বিতরণ করা হয়েছে ৮১,৪০ মণ এবং ধান দেওয়া হয়েছে (এ-ভয়েস: বে-হাত হয়েছে কত টাকা?) গ্রাচুইসাস রিলিফ আমরা কিভাবে দিয়েছি সেটা আপনাদের কাছে পড়ি। গ্রাচুইসাস রিলিফ দেওয়া হয়েছে টেষ্ট রিলিফ দেওয়া হয়েছে ৬৩,..........

(Interruption from the Opposition benches.)

এ ছাড়া হাউস বিল্ডিং লোন, এগ্রিকালচুরাল লোন লক্ষ লক্ষ টাকা দেওয়া হয়েছে........

(Interruption from the Opposition benches.)

এইভাবে বিভিন্নভাবে টাকা খরচ করা হয়েছে; এটা মুখের কথা নয়, আসলে হয়েছে। সুতরাং বলছি আতঙ্কিত হবার কারণ নেই। এ্যাফেক্টেড এরিয়াজ আছে, সরকার সাধ্যমত সেখানে চেষ্টা করছেন।

[3-50—4 p.m.]

মালদহ জেলায় যেভাবে ব্যাপকভাবে বন্যা আসার দরুন যে অবস্থার সৃষ্টি হয়েছিল সরকার যেভাবে সাহায্য করেছিলেন তার ফলে এটা আমি লক্ষ্য করেছি যে আমাদের বিরোধী বন্ধুরা অসহায় অনুভব করেছিলেন এবং কোথাও হয় একটু ত্রুটী বিচ্যুতি হয়েছে, তাঁরা সেটাকে বড় করবার চেষ্টা করেছিলেন। মানুষের যখন ত্রুটী বিচ্যুতি আছে মানুষের সরকার তাদেরও কিছু ত্রুটী বিচ্যুতি থাকবে। সেই ত্রুটী বিচ্যুতিকে যাঁরা বড় করে ধরে তাঁরা সত্যিকারের বিজনেস্ মিন করেন না। (নয়েজ।) আমাদের যে সমস্ত ত্রুটী বিচ্যুতি আছে, আমরা কাজের মধ্য দিয়ে ত সংশোধন করে নেব এবং সকলের কল্যাণার্থে যেভাবে সরকার কাজ করছেন আমরা আশা করি আপনারা এতে সহযোগিতা করে সকলের কল্যাণ করবার চেষ্টা করবেন।

**Sj. Dasarathi Tah:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি শ্রীযুত বঙ্কিম মুখোপাধ্যায়ের প্রস্তাব সমর্থন করবার জন্য আর আমাদের ভগ্নী শ্রীমতি আভা মাইতি দো-ভাষাভাষী যে প্রস্তাব এনেছেন তার প্রতিবাদ করতে উঠেছি। এখানে বঙ্কিম বাবু যে প্রস্তাব করেছেন সে প্রস্তাবের বিরোধীতা করতে গিয়ে ঝগড়াঝাটি করা উচিত নয় কারণ নারী অবধ্যা। মেয়েছেলের সঙ্গে ঝগড়াঝাটি করা ঠিক নয়। ব্যাপার হল তিনি প্রথমে যে কথা বলতে গিয়েছেন শেষে তাঁর বক্তব্যে তিনি বঙ্কিম বাবুকেই সমর্থন করে গিয়েছেন। প্রথমে তিনি বলেছেন অভিনন্দিত করছি সরকার আজ পর্য্যন্ত দুর্ভিক্ষে যে সমস্ত কাজ করেছেন তাতে আমাদের সন্দেহ করবার কিছু নেই। কিন্তু তিনি সন্দেহ প্রকাশ করছেন যখনি তিনি বলেন যে, যে সমস্ত জিনিষ দেওয়া হয় সেগুলির পরিমাণ বাড়ান হ'ক এবং শীঘ্র দেওয়া হ'ক ইত্যাদি। অধ্যক্ষ মহোদয়, পরিষ্কার এই কথা বলতে চাই আমরা তাঁর যে সংশোধনী প্রস্তাব তাকে তো সমর্থন করতে পারিই না তার কারণ আমরা গোলা রুটি, চিতাই পিঠা, নাচিয়া নাচিয়া ফসল ফলাও, লোকের ধন লুণ্ঠন, গুলি করিয়া পক্ষ মারা দেখেছি। এইজন্য তিনি যে আমাদের অভিনন্দন যোগ্য নন এ কথা আমরা ভালভাবেই জানি। তাঁকে

অভিনন্দিত করা যেতে পারতো যদি এই প্রতিশ্রুতি শ্রীযুক্তা আভা মাইতি দিতেন যে অন্ততঃ পক্ষে প্রতিটি ইউনিয়নএ এত করে দেওয়া হবে। ৩০ হাজার টাকা কৃষি ঋণ দেওয়া হয়েছে। যে সামান্য পরিমাণ টাকা দেওয়া হয় তাও ঠিক সময় দেওয়া হয় না কারণ কোন দিন হাকিম এলেন কোন দিন এলেন না, এইভাবে ৫।৭ দিন তাদের ঘুরতে হয় এবং কৃষি ঋণ দিতে ৪।৫ মাস পার হয়ে যায়। রামহরিবাবু এখানে যে যুক্তি দেখিয়েছেন তাতে একটা কথা মনে পড়ে গেল। বহুদিন আগে পল্লীগ্রাম থেকে একজন লোক কলিকাতা দেখতে এসেছিল। তাকে জিজ্ঞাসা করা হল হাওড়ার পুল কেমন দেখলি? সে বল্‌লো, ১॥০ টাকার ত পেরেকই খরচ হয়েছে আর অন্য খরচ ত আছেই। দেশে অভাব বিরাট, চারিদিকে হাহাকার করছে অনাবৃষ্টির জন্য। সামান্য গৃহস্থের দুয়টি লাঙ্গলের জোট আছে, তার ঘরে খোরাকীর ধান নেই। আজকে সে ধান কিনতে পারছে না, খড় কেনার জন্য টাকা নেই। সেই জায়গায় আমি আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়কে এই কথা বলবো যে তিনি যে কৃষি ঋণ দেবার কথা বলছেন তা স্পষ্টভাবে এই হাউসএর সামনে বলুন—এত করে বলদ ঋণ দেবো। ২০৲ টাকা করে দেওয়া হয় বলদ ঋণ—যেখানে একটা মরা বলদের ঠ্যাংএর দামই ২০৲ টাকা, তা দিয়ে কি হবে। এখানে পরিষ্কার করে বলুন—বলদ ঋণ এত করে দেবো, এত করে কৃষি ঋণ দেবো। আর একটা কথা বলি, টেষ্ট রিলিফএর যে মজুরী দেন তাতে পেট ভরে না। যে মানুষ কোদাল পাড়বে তার কোদাল পাড়তে গেলে বেশী খোরাক লাগে। তা দেবার ব্যবস্থা করুন। এই প্রসঙ্গে অন্যান্য যেসমস্ত জেলা আছে তার কথা বলবো এবং ধানের ভাণ্ডার বর্দ্ধমানের দুর্দ্দশা সম্বন্ধে কিছু কিছু বলবো।

(At this stage the red right was lit.)

**Mr. Speaker:** We have fixed a time for this resolution. We have to finish it within one hour.

**Sj. Dasarathi Tah:**

তাহলে বসে পড়তে হয়। কিন্তু যখন সরকার পক্ষ থেকে বলেছেন তখন ঘড়তি পড়তি বলতেই কিছু সময় গেল।

(Laughter).

এখানে ভূমিবান যারা আছে তারা জমি মাথায় করে নিয়ে পালাবেনা। তাদের পর্যাপ্ত পরিমাণে ঋণ দিন। বর্দ্ধমান জেলায় ডি.ভি.সিতে যাতে স্থানীয় লেবার লাগান যায় তার জন্য ব্যবস্থা করুন। এই গেল দুই; তিন হল, আপনারা পল্লী শিল্পের ভয়ানক সমর্থক। সেইজন্য ধান ভাঙ্গার কলগুলি, অবশ্য কংগ্রেসের যারা মেম্বর তারাই ধান ভাঙ্গার কল, ঢেঁকি দিয়ে ধান ভাঙ্গার কাজ যা.তে করা যায় তার ব্যবস্থা করুন। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে সংক্ষেপে তিন মিনিটের মধ্যে যা বলার বলছি। আমার বন্ধু মাননীয় বঙ্কিম মুখোপাধ্যায় মহাশয় অনেক কথাই বলেছেন। তাঁর একটি কথা আমার খুব ভাল লেগেছে, সেটা হচ্ছে টেষ্ট রিলিফএর কাজে পয়সার বদলে চাল ও ধান দেওয়ার ব্যবস্থার কথা। আমি কিছু দিন আগে কোথায় কোথায় টেষ্ট রিলিফের কাজ কিরকমভাবে করা হচ্ছে এবং অন্যান্য কাজ কি কি করা হচ্ছে তার যে বিবরণী মাননীয় সদস্যদের কাছে দিয়েছি তাতে তাঁরা দেখবেন যে আমরা টেষ্ট রিলিফের কাজে এ পর্য্যন্ত প্রায় ৪০ হাজার মণ চাল দিয়েছি এবং হাজার হাজার মণ ধান দিয়েছি এবং আমরা চেষ্টা করছি সপ্তাহে ছয় দিন চাল বা ধান দেবো ও একদিন পয়সা দেবো। আমি আশা করি মাননীয় সদস্যরা, এদিককার এবং ওদিককার, উভয় পক্ষের সদস্যরা এই কাজে আমাদের সঙ্গে সহযোগিতা করবেন। অনেক জায়গা থেকে আমরা চিঠি পেয়েছি, যাকে গণদরখাস্ত বলা হয়, তাতে বলা হয়েছে যে "আমরা চাল নেবোনা, ধান নেবোনা, আমরা পয়সা চাই"। আমরা যখন সপ্তাহে ছয় দিন চাল ও একদিন পয়সা দিতে আরম্ভ করলাম তখন জলপাইগুড়ি জেলা থেকে আমাদের ডেপুটি কমিশনার জানালেন, যবে থেকে এই চাল, ধান, দেওয়া আরম্ভ হয়েছে তবে থেকে লোক কমে যাচ্ছে। কাজে কাজেই চাল ও ধান দিলে পরে লোকে আসবে না।

(Sj. Nepal Chandra Roy: পচা চাল।)

মাননীয় সদস্যরা জানেন যে পশ্চিম বাংলায় ধান বা চালের দাম এখন এমন কিছু বাড়েনি; সবচেয়ে বেশী দাম হচ্ছে ১৯৲ টাকা কুচবিহারে এবং জলপাইগুড়ি জেলায় ১৮।৵০। সেখানেও চাল বা ধান নিতে চায় না।

এদিকে আবার বাঁকুড়া জেলায় যেখানে বন্যা হয়নি, কিন্তু অনাবৃষ্টির জন্য ফসল খুব কম হয়েছে, এই বাঁকুড়ায়—এই যে হিসাব দিলাম ৪২ হাজার মণ চাল, সেই ৪২ হাজারের মধ্যে ২৫ হাজারই এখানে দেওয়া হয়েছে। জনৈক মাননীয় সদস্য এই সম্পর্কে বললেন চাল ভাল নয়, যদি পচা চাল হ'ত, তাহলে বাঁকুড়া জেলার লোকও নিশ্চয়ই খেতে পারতো না।

[4—4-10 p.m.]

মাননীয় সদস্যরা হয়ত জানেন বন্যায় যে পরিমাণ ক্ষতি হয়েছিল, সে এক সাংঘাতিক ব্যাপার। সমস্ত যানবাহন বন্ধ হয়ে গিয়েছিল, কমিউনিকেসন ডিসলোকেট হয়ে গিয়েছিল। লোকের দুঃখের অন্ত ছিল না। কিন্তু মাননীয় সদস্যরা জানেন যে তার চেয়েও বেশী ক্ষতি হয়েছে এই অনাবৃষ্টির জন্য। আমি হিসেব করে দেখেছি বন্যার দরুন উত্তর বঙ্গে কয়েকটি জেলায় ৮ কোটী টাকার ফসলের ক্ষতি হয়েছে। আর এই অনাবৃষ্টির জন্য ৩২ কোটী টাকার ক্ষতি হয়েছে। আমাদের এক বন্ধু বললেন যে কিছুই দেশের উন্নতি হয় নাই, আমাদের আহমেদ সাহেব যা কাজ করছেন তাও কিছু নয়। আমি তাকে বলবো অনাবৃষ্টিতে যদি এই ৩২ কোটি টাকার ফসল নষ্ট না হতো এবং বন্যার দরুন যদি এই ৮ কোটী টাকার ফসল নষ্ট না হতো, তাহলে মোট এই ৪০ কোটী টাকার ফসল আমাদের থাকতো, ফলে আরো ৫ কোটী মণ ধান আমরা পেতাম। কিন্তু তা আমরা পাই নাই। আর একটা কথা বলবো, অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের খাদ্যের অবস্থা খুবই সন্তোষজনক, স্টক যা আছে তা খুব ভাল। অবশ্য আমি দুলক্ষ টন চালের ষ্টক নিয়ে খুব বাহাদুরী করছি না। আমাদের হাতে দুলক্ষ টন চাল তো মজুত আছেই, তা বাদে ভারত গভর্ণমেণ্টের কাছে ৯ লক্ষ টনেরও বেশী চাল রয়েছে। আমি দুদিন ভারত গভর্ণমেণ্টের ডাইরেক্টর-জেনারাল অব ফুড, মিঃ জামানএর সঙ্গেও এ নিয়ে আলোচনা করেছি যে এত চাল আমাদের কাছে রয়েছে।

(এ ভয়েস: আর ওদিকে যে লোক না খেয়ে মরছে!)

বিরোধী পক্ষের মাননীয় সভ্য যে হিসাবটা দিয়েছেন তা মোটামুটি ঠিক আছে। তবে একটা ভুল করেছেন। সেটা হচ্ছে তিনি এরমধ্যে গমের হিসাবটা মোটেই ধরেন নাই। তা যদি ধরতেন, তাহলে তাঁর আর বলবার কিছু থাকতো না। আমি যে স্টেটমেণ্টটা সারকিউলেট করেছি তার মধ্যে এটা দেখিয়ে দিয়েছি। সেখানে পুঙ্খানুপুঙ্খরূপে সব বিষয়ের বর্ণনা বিশদভাবে করেছি। তা পড়ে দেখলে সব বুঝতে পারবেন। আগের হিসাবের মধ্যে গমের হিসাবটাও ধরতে হবে। আমাদের অখণ্ড বাংলা দেশে আমরা ২ লক্ষ ৪০ হাজার টন গম বা গমজাত দ্রব্য খেয়েছি এবং রেশনের সময় ৫$\frac{১}{৪}$ লক্ষ টন গম বা গমজাত দ্রব্য আমরা খেয়েছি। এখন ৩ লক্ষ টন গম ধরা হয়েছে। মাননীয় বন্ধু বলেছেন ডিকণ্ট্রোল হয়ে গেলেও গম পর্যাপ্ত ছিল। এখন এটা আর গোপন কথা নয়—মাননীয় সদস্য জানেন তখন গম কম আসতো, তার জন্যই গমের দাম বেড়েছিল। মাস দুই হয়েছে আমরা গমের সব ডিস্ট্রিবিউশনএর ভার নিয়েছি। আগে ভারত গভর্ণমেণ্ট ওটা ডিস্ট্রিবিউট করতেন। ডিকণ্ট্রোল-এর পর থেকে তাঁরা আমাদের জানান খবরের কাগজেও অভিযোগ শুনতে পাওয়া যায় গমের দাম কমে যাচ্ছে, আটার দাম কমে যাচ্ছে, ময়দার দাম কমে যাচ্ছে, কয়লার দাম কমে যাচ্ছে। তার কারণ সেগুলো আমরা পর্যাপ্ত পরিমাণে পাচ্ছি। চিনির ব্যাপারও ঠিক তাই। প্রথমে ভারত গভর্ণমেণ্ট সমস্ত কিছু ডিস্ট্রিবিউশনএর ভার নিয়েছিলেন, অবশ্য তাদের দোষ দিচ্ছি না। ব্যাপার হয়েছিল তখন চিনির যে পরিমাণ ইম্পোর্ট আসবার কথা ছিল, তা আসছিল না। আজ এখানে চিনির কথা কেউ বলেন নি। আমাদের হাতেও এর ডিস্ট্রিবিউশনএর ভার নাই এবং ভারত গভর্ণমেণ্টেরও ডিস্ট্রিবিউট করার প্রয়োজন নাই। কারণ নরমাল ট্রেড চ্যানেলএ ঠিকভাবে এখন কাজ হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের আমি বলতে চাই যে আমাদের হাতে এখন পর্যাপ্ত পরিমাণে গম রয়েছে। কোন কোন সদস্য বলেছেন আমাদের দেশের সাধারণ লোকের ক্রয় ক্ষমতা কমে গেছে। তার কারণও আছে। ধরুন যেখানে কাজ হচ্ছে যেমন পশ্চিমদিনাজপুর, জলপাইগুড়ি, বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর, ২৪-পরগণা প্রভৃতি জেলায় সমস্ত জায়গায় আমরা দেখতে পাচ্ছি বাইরে থেকে শ্রমিক এসে কাজ করছে। এক উত্তর বঙ্গে প্রায় ৪ কোটী টাকার কাজ হচ্ছে। কিন্তু আমাদের দেশের লোক গিয়ে কেন তারা সেখানে কাজ করবে না, খাটবে না? সুতরাং কেন আমরা তাদের শুধু টেষ্ট রিলিফ দেব? আমরা এই ব্যাপারে মাননীয় বন্ধুগণের সহযোগিতা প্রার্থনা করছি। তাদের গিয়ে আপনারা বোঝান যে উড়িষ্যায়ও অনাবৃষ্টি হয়েছে, সেখানের লোকের কত কষ্ট হ'ল, সেখানে তারা কত টেষ্ট রিলিফ দিতে পারতো? সেখানকার সব লোক পশ্চিম বাংলায় চলে এলো। অন্য প্রদেশের লোক আমাদের এখানে এসে কাজ পাচ্ছে আর আমাদের দেশের লোক কাজ

পাচেছ না কেন? সুতরাং আমাদের বন্ধুরা যান, দেশের লোককে গিয়ে বোঝান। আমাদের এখানে ৬৫ কোটি টাকা খরচ করা হচেছ—রাস্তা তৈরী, মাটি কাটা, পুষ্করিণী কাটা, খাল কাটা ইত্যাদি নানারকম কাজ হচেছ। সেই কাজ তারা করতে পারে।

আমাদের মাননীয়া সদস্যা আভা মাইতি যে সংশোধন প্রস্তাব এনেছেন, তা আমি সমর্থন করছি।

The motion of Sjkta. Abha Maiti that in lines 4 to 13 for the expression beginning with "and also in view of the fact" and ending with "test works wherever possible" the following be substituted, namely:—

"This Assembly, while appreciating the measures of relief already taken by the Government of West Bengal, is of opinion that the Government should sanction more liberally agricultural and cattle purchase loans for the affected areas."

was then put and a division taken with the following result:—

**AYES—106.**

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab.
Abul Hashem, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Karan, Sj. Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Mahata, Sj. Mahendra Nath
Mallbert, Sj. George
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Mitra, Sj. Keshab Chandra
Mitra, Sj. Sankar Prasad
Mohammad Hossain, Dr.
Mohammad Mumtaz, Maulana
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mookerji, Sj. Naresh Nath
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas

Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Mahitosh
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Singha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab

NOES—61.

Baguli, Sj. Haripada
Bandyopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Dr. Srikumar
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Jogendra Narayan
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Jatish (Ghatal)
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Monoranjan
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Let, Sj. Panchanon
Mahapatra, Sj. Balailal Das
Mitra, Sj. Nripendra Gopal
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Naskar, Sj. Gangadhar
Pal, Dr. Radhakrishna
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Shaw, Sj. Kripa Sindhu
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

The Ayes being 106 and the Noes 61, the motion was carried.

The resolution of Sj. Bankim Mukherji, as amended by the amendment of Sjkta. Abha Maity, that in view of the failure of crops due to flood drought and hailstorm and consequent hardship felt by the peasants, particularly among the poorer section of the population in the rural areas of West Bengal, this Assembly, while appreciating the measures of relief already taken by the Government of West Bengal, is of opinion that the Government should sanction more liberally agricultural and cattle purchase loans for the affected areas, was then put and agreed to.

[4-10—4-20 p.m.]

**Mr. Speaker:** The rest of the amendments fall through. The amended resolution has been carried.

Mr. Chatterjee, the purport of your resolution and that of the last resolution is almost the same, and I hope you will be very brief. I think one hour's discussion will be enough.

**Sj. Rakhahari Chatterjee:** Sir, I beg to move that this Assembly is of opinion that in view of the failure of crops due to drought in the districts of Midnapore and Bankura and also in view of the fact that the inhabitants are in great distress the Government of West Bengal should immediately—

(1) stop realisation of Government loans until the next crop is harvested;

(2) start test relief works;

(3) grant gratuitous relief and dry doles to those who are unable to work due to old age or infirmities, etc.;

(4) grant liberal agricultural and commercial loans; and

(5) grant loans in kind or money to the inhabitants in need.

**Sj. Khagendra Nath Bandopadhaya:** Sir, I beg to move that in lines 2 to 10, for the words beginning with "in view of" and ending with "inhabitants in need", the following be substituted, viz.,—

"In view of the failure of crops due to drought in the districts of Midnapore, Bankura and Birbhum and in view of the fact that the inhabitants are in great distress and also while appreciating the relief measures adopted by the Government of West Bengal the Government should take steps—

(1) to give accommodation as far as possible in the matter of realization of Government loans until the next crop is harvested; and

(2) to continue test relief works so long as it is necessary."

**Sj. Haripada Baguli:** Sir, I beg to move that in lines 2 and 3, for the words "Midnapore and Bankura" the words "Midnapore, Bankura and 24-Parganas specially Sunderbans" be substituted.

**Sj. Jnanendra Kumar Chaudhury:** Sir, I beg to move that in clause (1), line 1, after the words "realisation of" the words "all sorts of" be inserted.

I also move that in clause (4), line 1, the word "and" be omitted.

I further move that after clause (5), the following new clause be added, viz.,—

"and (6) give fertilisers including bonemeal on credit as required"

**Sj. Rakhahari Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়, ইতঃপূর্বে শ্রদ্ধেয় বন্ধু বঙ্কিমবাবুর উত্থাপিত প্রস্তাব ব্যাপকভাবে আলোচিত হয়েছে, এবং তা সমস্ত বাংলা দেশের উপর প্রযোজ্য। কিন্তু আমার প্রস্তাবের বিশেষত্ব হ'ল এই যে বাঁকুড়া ও মেদিনীপুর জেলা সম্বন্ধে আমার বাস্তব অভিজ্ঞতা রয়েছে; সেই জন্য সেখানকার উপরে এই প্রস্তাব আনছি। আনন্দের কথা যে সহযোগী সদস্য খগেন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় তাতে বীরভূমকেও অনুপ্রবিষ্ট করেছেন। আমার ধারণা ছিল যে বীরভূমে ময়ূরাক্ষী হওয়ার সঙ্গে সঙ্গে সব দুঃখের অবসান হয়েছে; তা হয় নি, তারপর সুন্দরবন সেও একটা সমস্যাপূর্ণ জায়গা, সেটাও এসে গেছে। খুব ভাল কথা। এক কথায় বলতে গেলে সারা বাংলা দেশের অবস্থা, একমাত্র কলিকাতার কয়েকটা মুষ্টিমেয় লোকের ছাড়া, সর্বত্রই অবস্থা যে এইরূপ তা বলা যেতে পারে। আমি খাদ্য কম না বেশী তা বলছি না। আমার প্রস্তাব তা নয়। আমার প্রস্তাবের আলোচনায় সময় ধান ভানতে শিবের গীতের মত বহু রকম আমরা শুনব। যদি বুঝি মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি প্রশস্তি দিলে তিনি আমার সেই প্রশস্তি গ্রহণ করবেন আমি সে প্রশস্তি দিতে প্রস্তুত আছি দেশের স্বার্থের খাতিরে। অবশ্য জানি আমাদের প্রশস্তি গ্রহণ করবেন না, কেন না এদেশে তারা বিদেশী লোকের প্রশস্তিরই যথেষ্ট আদর করেন, যেমন টিটো সাহেব কি বললেন বা অমুকে কি সার্টিফিকেট দিলেন, আমাদের সার্টিফিকেট তারা চান না। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে জেলার অবস্থা যদি খারাপ হয় তাহলে বাঁকুড়া জেলায় ৩৩ হাজার মণ চাউল হ'ল কি কোরে? যখন দেশের লোক না খেয়ে মরে যাচ্ছে, টেষ্ট রিলিফের কাজ চলছে, তখন জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে জয়েণ্ট সেক্রেটারী হুকুম দিলেন বাঁকুড়ায় রিলিফ ওয়ার্ক বন্ধ কর; গভর্ণমেণ্টের হুকুম জলের মত টাকা খরচ করা চলবে না। তখন কি গুরুতর অবস্থা। এর নাম টেষ্ট রিলিফ! সেই সময় হুকুম জারী হল। তারপর চাল যা পাঠালেন তা মানুষের ত দূরের কথা গরুর খাদ্যও নয়। তারা চাল নিলে না; কাজ বন্ধ; ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে খবর গেল কি ব্যাপার, লোক মারা যায়, তারা চাল নিতে চাইছে না। আমরাও দেখলাম তারা চাল যা দিচ্ছেন তা ব্যবহার করা যায় না। তারপরে কিছু কিছু ভাল চাল দেবার পরে তারা নিলে, কিন্তু ৩।৪ দিন পরে দেখা গেল ভাল চাল যাচ্ছে না। উপায় কি তখন। মানুষকে জীবন ধারণের জন্য যে চাল দিয়েছে তাই গ্রহণ করতে হয়েছে। সুতরাং চাল খুব ভাল দিয়েছে এ কথা বললে অন্যায় করা হবে। এই চাল দেবার সব চেয়ে বড় কথা হচ্ছে যে গত বৎসর যারা ঋণ নিয়েছিল তাদের অবস্থা আজ সব চেয়ে জটিল। আজ বাঁকুড়ার অবস্থা আমি জানি। সেখানে মাত্র শতকরা ৩০ ভাগ জমিতে চাষ হয়েছে। তারপরে বৃষ্টির অভাবে অক্টোবর মাসে ধান এমন মরে যায়

যে শতকরা ২০ ভাগের বেশী জমিতে ফসল হয়নি; ধান ত কম হয়েছে, তাও অধিকাংশ সব ভুয়া হয়ে গেছে। তার ফলে বড় বড় চাষীর ঘরে পর্য্যন্ত এই ত এখন ফাগুন মাসের সময় এরপর তাদের বাড়ী ধান থাকিবে কিনা সন্দেহ। তদুপরি সার্টিফিকেটের এ রকম বিভীষিকা রয়েছে যে তা বলবার নয়। আমি গত তিন দিন বাঁকুড়ায় ছিলাম, এবং যা দেখেছি সে অদ্ভুত ব্যাপার। জলকরের জন্য সমস্ত গ্রামবাসীর উপর সার্টিফিকেট চলেছে, কৃষিঋণ আদায়ের জন্য এমন ব্যবস্থা হয়েছে যে সেখানে জানান হয়েছে যে গভর্ণমেণ্টের কড়া হুকুম যে পর্য্যন্ত সমস্ত ঋণ আদায় করা না হবে সে পর্য্যন্ত ডিফল্টার লিষ্টএ নাম থাকলে তাদের কাকেও আর এক পয়সা ঋণ দেওয়া হবে না। জানি না এ নির্দেশ সরকার দিয়েছেন কিনা, তবে সরকারের নির্দেশ ব্যতীত তাঁরা যে করবেন তা মনে হয় না। সেখানে তারা এই কথা বলেছেন যে আপনারা ২ মাস ১ মাস পরে আবার ঋণ নেবেন, আগের ঋণ এখন শোধ কোরে দিন, তাহলে ত সব সমান হয়ে গেল। গত বৎসরের ঋণ তারা দিতে পারে না; এ বছর ঋণ নিয়ে গত বৎসরেরটা শোধ দেখিয়ে দিলে ফল কি হয়? আসলে জমা পড়ে জিরো। এইভাবে ঋণ আদায় করছেন আর দেখাচ্ছেন জনসাধারণের অত্যন্ত উপকার করছি, কিন্তু আমরা তা বলতে পারি না। তাই সর্বপ্রথম অনুরোধ যে সত্যই সরকারের এ ক্ষেত্রে যা করণীয় তাই করুন। তাদের বলি আপনারা ঘোষণা করুন যে সমগ্র বাঁকুড়া, মেদিনীপর, বীরভূম ও ২৪-পরগণার মধ্যে সমস্ত সার্টিফিকেট স্টে করা হউক। তাদের ভয়াবহ অবস্থা হয়েছে; এবং সে সম্বন্ধে গভর্ণমেণ্ট অনেক দরখাস্ত পেয়ে থাকতে পারেন কিন্তু এমন অবস্থাতেও তাদের কাছ থেকে ক্রোক দিয়ে আদায় আরম্ভ কোরেছেন। ঋণ দেবার সময় একটা মুরুব্বী লোককে জামীন করা হয়েছিল, সেখানে নামমাত্র ঋণের জন্য সেই জামীনদারের উপর ক্রিমিন্যাল কেস করা হয়েছে। এইভাবে আদায় করা হচ্ছে। বাড়ীতে কেউ কিছু জিনিষ করেনা। ৪৩০ ধারার মোকদ্দমায় তাদের সর্বনাশ করা হচ্ছে। এর নাম টেষ্ট রিলিফ না অপ্রেসন করা? আমরা আগেকার দিনে বলতাম মহাজন না মহাযম, কিন্তু আজকের দিনে এই পশ্চিমবঙ্গ সরকারকে মহাযমের মত মনে হচ্ছে—তাঁরা ঋণ আদায়ের জন্য এমন ব্যাপক নির্যাতনের ব্যবস্থা অবলম্বন করেছেন। এতে সত্যই দেশের লোক ব্যথিত হবে। তাই সর্ব প্রথম অনুরোধ যে টেষ্ট রিলিফ করছেন করুন, এবং করতে বাধ্য হবেন; আর করবার আবশ্যকতা যে আছে এ কথা তাঁরা নিজেরাই স্বীকার করেছেন; কাজেই অবিলম্বে ঐসকল অঞ্চলে ঋণ আদায় বন্ধ করুন। সার্টিফিকেট জারী বন্ধ না করলে কোন উপকারে আসবে না।

আর একটি কথা। মাননীয় মন্ত্রী মহাশয় বাঁকুড়া জেলার প্রতি কেন বিমাতৃসুলভ মনোভাব পোষণ করেন তা বুঝি না। সারা বাংলাদেশে টেষ্ট রিলিফের জন্য স্ট্যানডার্ড পার কুলি ১।০--১॥০ টাকা কোরে দেওয়া হয়, আর বাঁকুড়া জেলায় ॥৵০ আনা, এর দ্বারা কি প্রমাণিত হয়? যখন প্রশ্ন করা হয়েছিল বাঁকুড়ার কি অপরাধ তখন উত্তরে বললেন সেখানে ॥৵০ আনায় লোক মেলে; তার মানে দরিদ্রতম যে জেলা তার আর উপায় কি আছে? গুরুতর দারিদ্র্যক্লিষ্ট না হলে মানুষ যেকোন অর্থ নিয়ে কাজ করতে রাজী হয় না। যেখানে এই রকম নগ্নরূপ সেখানে আর্থিক দুরবস্থা কি রকম এইটাই তার সব চেয়ে বড় প্রমাণ। আর এটা কি সরকারী রিপোর্টে প্রমানিতও হয়নি?

[4-20—4-30 p.m.]

আমি খুব বেশী কথা বলতে চাই না। এটাই আমার অনুরোধ হচ্ছে যে সরকারের আত্মপ্রসাদের ভাব পোষণ করলেই চলবে না। সরকারকে নিন্দা করতে আমরা এই প্রস্তাব করিনি। সরকার যা করছেন তার জন্য আমরা অভিনন্দন জানাতে চাই কিন্তু যতটুকু করা উচিত ছিল এবং যা করা উচিত ছিল তা হয়নি। তা যদি হত তাহলে আমাদের এই প্রস্তাব আনতে হতনা। তাই আমি অনুরোধ করছি মাননীয় মন্ত্রীমহাশয় এবং সরকার পক্ষ যেন এ বিষয় দৃষ্টি দেন এবং বাঁকুড়া, মেদিনীপুর ও অন্যান্য জেলায় তিনি সমস্ত সার্টিফিকেট বন্ধ করে দেন। নতুবা সেখানে কৃষকেরা অত্যন্ত দুরবস্থায় পড়বে এবং টেষ্ট রিলিফএর কাজ আরও বাড়ান। হার অত্যন্ত কম আছে। চালের নমুনা পাল্টে ভাল চাল দিবার ব্যবস্থা করুন। মজুরী আরও বাড়াতে হবে। ॥৵০ বা ৸০ আনায় একটা লোকের কোন রকমেই চলতে পারেনা। তারপর সব চেয়ে বড় কথা হচ্ছে টেষ্ট রিলিফ। বর্তমানে কিছু কিছু লোক এই টেষ্ট রিলিফ দ্বারা কাজ পেতে পারে, কিন্তু মধ্যবিত্ত যারা সবচেয়ে বেশী বিপদের সম্মুখীন হয়েছে তারা বর্তমান বৎসরে অজন্মা হওয়ার ফলে দুর্দশার চরম সীমায় উপস্থিত হয়েছে। কারণ সেখানে চাষীরা নিজেরাই খেতে পাচ্ছে না, তারা আবার কি করে খাজনাপত্র দেবে, সুতরাং এই মধ্যবিত্তদের অবস্থা সব চেয়ে বেশী জটিল হয়েছে। আমি বলি তাদের বিভিন্ন রকম কাজ এবং লোন দিন। তা যদি না করা হয় মধ্যবিত্ত সম্প্রদায় বাংলা দেশ থেকে বিলুপ্ত হয়ে যাবে।

তারপর পল্লী অঞ্চলে কি অবস্থা দেখুন। বাঁকুড়া অঞ্চলের কথাই বলি। ৭ দিন হল আমি সেখান থেকে এসেছি; ৩ দিন আগে সেখানে দর ছিল ধানের ৮৲ টাকা, তারপরে তার দর ৮॥৵০/৮৸০ উঠেছে। এইভাবে যদি বাড়তে থাকে গ্যালপ করে তাহলে এই চৈত্র মাসেই সরকারের যে কি অবস্থা হবে সেটা সরকারের চিন্তা করার প্রয়োজন আছে। তাদের এ বিষয়ে সম্পূর্ণ দায়িত্ব রয়েছে।

আরও দুঃখের মাননীয়া শ্রীমতী আভা মাইতি বলে গেলেন খাদ্য মন্ত্রীকে ধন্যবাদ দেওয়া উচিত। ধন্যবাদ আমরাও দিচ্ছি এজন্য যে অন্ততঃ ১০ বৎসর পরে খাদ্যমন্ত্রী দপ্তরের ভূত আমাদের ঘাড় থেকে নেমে গেছে, এজন্য ধন্যবাদ দিচ্ছি। বাংলা দেশ এযাবৎকাল যে গুরুতর অবস্থার মধ্যে ছিল তা থেকে অন্ততঃ বেঁচেছে। তাই আমার অনুরোধ আমার প্রস্তাব সকলে গ্রহণ করবেন। এ সম্পর্কে এও বলে রাখি যে ধন্যবাদ যদি দিতে হয় তাহলে তা দেবে জনসাধারণ, জনসাধারণ মন্ত্রী মহোদয়ের কাজ যদি ভাল হয় নিশ্চয়ই ধন্যবাদ দেবে কিন্তু সেটা নির্ভর করে তার কার্য্যকলাপের উপর। সুতরাং এই হাউসএর বৃহিরের এম, এল, এ,রা মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিলে বা না দিলে আভা মাইতি মহাশয়ার তাতে দুঃখ করবার কিছু নাই। সূর্য্য যখন উদয় হয় তখন ডে লাইট, ইলেকট্রিক লাইট মল্ল কি না মল্ল তা কেউ দেখে না। সুতরাং সরকার যদি আজ ভাল কাজ করত তাহলে সেটা স্বাভাবিকভাবেই প্রকাশমান হত। এ্যাসেম্বলীর মধ্যে তাঁকে কোন সার্টিফিকেট দেবার দরকার থাকতনা। একথা বলে খগেনবাবুকে বলছি তিনি তার এ্যামেণ্ডমেণ্ট প্রস্তাব প্রত্যাহার করে আমার প্রস্তাবটি সমর্থন করলে সুখী হবো।

**Sj. Khagendra Nath Bandopadhaya:**

মাননীয় স্পীকার, স্যার, বাধহরি বাবুর প্রস্তাবের উপর যে সংশোধনী প্রস্তাব আমি এনেছি সেই সম্পর্কে আমি কিছু বলতে চাই। প্রথম তিনি বীরভূম সম্পর্কে কিছুই বলেননি। তাই আমি বীরভূমের ক্ষতিগ্রস্ত অঞ্চলকে যোগ করতে চাইছি। একটু আগে বক্তৃতা প্রসঙ্গে তিনি বলেছেন, তাঁর ধারণা ছিল ময়ূরাক্ষী হচ্ছে, এখন বীরভূমে আর অজন্মা হবেনা। কিন্তু বীরভূমের বেশী খবর তিনি রাখেন না বলেই মনে হয়, যে ৩৯টি ইউনিয়নএ যেখানে অজন্মা হচ্ছে তার মধ্যে ৩০টি ইউনিয়নএ ময়ূরাক্ষীর সুফল পাওয়া যাবে না বলে পরি-কল্পনায় লেখা হয়েছে এবং বাকী ৯টি ইউনিয়নএ যেখানে অজন্মা হচ্ছে সেখানে এখনও ময়ূরাক্ষীর খাল কাটা সম্পূর্ণ হয়নি। এবং এ বিষয়ে আজকে তার রেজলিউসন সম্বন্ধে বলতে গিয়ে একথা বলতে চাই—যেখানে ময়ূরাক্ষীর জল দেওয়া সম্ভব হয়েছে ইতিমধ্যে সেখানে সত্যিকার অজন্মা হয়নি। তাই একথা বলে আত্মপ্রসাদের ভার নিয়ে লাভ নাই—আমি নিজে জানি এই ৩৯টি ইউনিয়নের ৬৩ হাজার পরিবারের কি সর্বনাশ ক্ষতি হয়েছে এই অজন্মার ফলে। এবং সেজন্যই আমি বীরভূমের কথা যোগ করতে চাই। তিনি টেষ্ট রিলিফএর কথা বলেছেন। সেজন্য বিগত কয়েক মাস ধরে যে সমস্ত বীরভূমের অঞ্চলে প্রত্যক্ষ অভিজ্ঞতা রয়েছে তাতে শুধু একথাই বলতে চাই, স্পীকার মহাশয়, ইতিমধ্যে আমাদের সরকার যেভাবে টেষ্ট রিলিফএর কাজ সুষ্ঠুভাবে সেই সব এলেকায় করেছেন, শুধু বীরভূমের কথা নয়, বাঁকুড়া, মেদিনীপুরের কথাও যদি বলি, তাহলে সর্বপ্রথম আমাদের সরকারকে ধন্যবাদ দিতেই হয়। কেন না মেদিনীপুর, বাঁকুড়া এবং বীরভূম জেলায় জানুয়ারী মাস পর্য্যন্ত প্রায় ৪২ লক্ষ টাকার টেষ্ট রিলিফএর কাজ হয়েছে আমরা দেখেছি। তারমধ্যে একমাত্র বীরভূমেই আমি যতটা জানি ২৯টি রাস্তার কাজ এবং বহু রাস্তার মেরামতি কাজ এবং দুটি বাঁধ মেরামতের কাজের কথা এবং ২০টি গ্রামের ৫৩ হাজার একর জমি নদীর গ্রাস থেকে উদ্ধার হয়েছে। এই প্রসঙ্গে একটি কথা মাননীয় স্পীকার মহাশয় মারফৎ মন্ত্রীমহাশয়কে জানাতে চাই যে এই সমস্ত দুর্গত অঞ্চলে রিলিফ দেওয়ার সময় মজুরি যাতে নগদ দেওয়া হয় এবং সে বিষয়ে হার্ড এ্যাণ্ড ফাষ্ট রুল করা হয় তৎপ্রতি মন্ত্রীমহাশয় নজর দেন। এবং আজকে সেখানে যে টেষ্ট রিলিফ দেওয়া হচ্ছে—বিরোধী পক্ষের বন্ধুরা যতই বলুন না কেন—সেই মজুরী চালে দেওয়ায় এবং বাজার দরের সঙ্গে সমতা রেখে দেওয়ার ফলে মজুরদের সত্যিকার উপকার হচ্ছে। আমি জানি যে হারভেষ্ট হয়ে যাবার পরে নূতন করে টেষ্ট রিলিফএর কাজ আরম্ভ হয়েছে। আজকে বীরভূম জেলায় টেষ্ট রিলিফএর কাজ করে চলেছে কিন্তু কোন কোন জায়গায় চালের ডিলার এ্যাপয়েণ্টেড হয়নি বলে কাজ আরম্ভ হওয়া দেরী হচ্ছে। মন্ত্রীমহাশয় যেন এদিকে নজর দেন।

আমি জানি ইতিমধ্যে অনেক জায়গায় ক্যাটল পারচেজ লোন, এগ্রিকালচুরাল লোন আদায় স্থগিত করার ব্যবস্থা করেছে, সমস্ত দুর্গত এলেকায় সর্বপ্রকার লোন আদায় যাতে সাসপেণ্ড করা হয় সেদিকে মন্ত্রীমহাশয়কে নজর দেবার জন্য অনুরোধ করছি। আর যে সমস্ত কথা গ্রাচুইটাস রিলিফ, ক্যাটল পারচেজ লোন ইত্যাদি সম্বন্ধে বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন সে সম্পর্কে মাননীয় সদস্যা আভা মাইতি বিশেষ করে বলেছেন সুতরাং আমি বিশেষ

কিছু বলতে চাইনা। তবে এটুকু মাত্র বলতে চাই আমরা যদি সত্যিকার বাস্তব অবস্থার সম্মুখীন হয়ে এবং সত্যিকার সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসি এবং সত্যিকার খবর পৌঁছে দিই তাহলে সত্যিকার প্রতিনিধির কাজ হবে এবং দুর্গত অঞ্চলের লোকদের উপকার হবে। তারপর আমার এই এ্যামেণ্ডমেণ্ট আনার পর মাননীয় সদস্য হরিপদ বাগুলি মহাশয় ২৪-পরগণা জেলা সম্বন্ধে যে কথা বলেছেন, স্পীকার মহাশয়, আমি বলতে চাই আমার এই এ্যামেণ্ডমেণ্ট প্রস্তাবের সঙ্গে ২৪-পরগণার কথাটাও যোগ করে দেওয়া হোক—একথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker:** You accept the amendment?

**Sj. Khagendra Nath Bandopadhaya:** Yes, Sir.

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

মাননীয় স্পীকার মহাশয়, এইযে মাননীয় খগেন বাবু এ্যাকসেপ্ট করে নিলেন সব রকম লোন দেওয়া হোক এটা এ্যাকসেপ্ট করে এটাও যোগ করে দেওয়া হোক

"to give accommodation as far as possible in the matter of realisation of Government loans until next crop is harvested and continue test relief as long as it is necessary"

তিনি মুখে যেটা বলেছেন বক্তৃতায় বলেছেন অল সর্ট অব লোনএর কথা এটা তার এ্যামেণ্ডমেণ্টএ নেই। এটা তিনি এ্যামেণ্ডমেণ্টএ গ্রহণ করুন। আর 'স্টক রিয়ালিজেশন এ্যাজ ফার এ্যাজ পসিবল' কেটে দিন।

[4-30—4-40 p.m.]

আমি জানি সেদিনই রেভিনিউ অফিসার একজনের বলদ ক্রোক করলেন। শুনতে পেয়ে কোর্টএ চিঠি পাঠিয়ে দিলাম এই গভর্ণমেণ্টএর চিঠি, আজ তো আপনারা এটা পেয়েছেন, কি করে তাহলে ক্রোক আজ করলেন? সে বেচারা সমস্ত কিছু বিক্রী করে কোনমতে চালায়। চাষের বলদ দেওয়ানী কার্যবিধির আইন অনুসারে ক্রোক হয়না, চাষের যন্ত্রপাতি কি করে ক্রোক করেন জানিনা। সেক্সন (৬০) অনুসারে এটা মোটেই ক্রোক হয়না। তারপর বলছি আমার এ্যামেণ্ডমেণ্টটা কি। আমি খগেন ব্যানার্জী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন দেখেন সব রকম ঋণ দেওয়া হয়। চাষের জন্য ঋণ, কারবারীকে কমার্সিয়াল ঋণ কারণ তাদেরও বড় দুর্দশা। যারা গরীব কারবারী তাদের জিনিষ বিক্রী হচ্ছে না। লোকের কেনবার ক্ষমতা নেই। দুঃস্থদের সম্বন্ধে গ্রাচুইটাস রিলিফএর ব্যবস্থা না হলে তারা খাবে কি করে? লোকের ঘরে তো ভিক্ষা দেবার চালও থাকেনা। আমার মনে হয় আমার এ্যামেণ্ডমেণ্টটা এ্যাকসেপ্ট করলে ভাল হবে, তিনি যেন এগুলি নিয়ে নিন। মহাজন আইনের ব্যাপক দাপটে বাজারে তো মোটেই ধার পাওয়া যায়না। আর একটি কথা বলি—সরকার সার ধারে দিয়া থাকেন। কিন্তু হাডের গুড়ার সার ধারে দেন না। এই সার চাষের পক্ষে সবচেয়ে ভাল। এবছর যদি এটা ধারে দেন ভাল হয়, এবছর চাষীদের নগদ কিনবার শক্তি নাই। সকলকে যেন এটা ধারে দেওয়া হয়। এই অঞ্চলে এবার আউষ মোটেই হয়নি, আমন বিঘে করা একমনও হয়নি। আপনি যদি শীঘ্র সেখানে টেষ্ট রিলিফের কাজ শুরু না করেন কিম্বা ঋণ দেওয়ার ব্যবস্থা না করেন তাহলে ১৩৫০ সালে যেমন দুর্ভিক্ষ হওয়ায় কলকাতায় দলে দলে লোক এসেছিল এবারও তেমনি কলকাতা অভিযান আরম্ভ হবে।

**Sj. Haripada Baguli:**

মাননীয় স্পীকার মহোদয়, মূল প্রস্তাব এবং মূল সংশোধনী প্রস্তাব যিনি এনেছেন, তারপর সংশোধনী প্রস্তাব গ্রহণ যে করলেন এর জন্যে তাদের সকলকে আমি ধন্যবাদ জানাচিছ। এতে সুন্দরবনের দুরবস্থা সম্পর্কে তারা যে সহানুভূতিশীল এটা বুঝায়। কয়েক দিন আগে খাদ্য মন্ত্রীমহাশয় বলেছিলেন যে এ বছর ফসল গত বছরের ফসলের প্রায় ৭০ ভাগ হবে। আমার মনে হয় এ সংবাদটা সত্য নয়। আমি সুন্দরবনে থাকি, নিজেরা চাষ করি, সেখানকার অবস্থা সম্পর্কে ভালভাবেই জানি। গত কয়েক বছরের হিসাবে গড়ে একরে ২০।২১ মন ধান হয়, কেবল গত বছর একটু ধান বেশী হয়েছিল, তার কারণ বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ নয়, কারণ সার খুব বেশী করে দিয়ে চাষ করে আমরা দেখেছি বেশী ধান হয়নি। গত বৎসর সাধারণ ফসল যা হয়েছে এবার তার অর্দ্ধেকও হয়েছে বলে মনে হয় না। সাগর থানায় আমি যতদূর জানি সেখানে ৪৫ হাজার একর আবাদী জমি, তাতে ৯ লক্ষ থেকে ১০ লক্ষ মণ সাধারণতঃ বছরে জন্মায়। সেখানকার অধিবাসীরা ৪॥ লক্ষ থেকে ৫ লক্ষ মণ বিক্রী করত, অবশিষ্ট স্থানীয় খরচের জন্য ব্যয় করত। এ বছর একরে ১০ মণের বেশী উৎপন্ন হবে না। কাকদ্বীপ

প্রভৃতি অঞ্চলে তাও হবে বলে মনে হয় না। আপনারা সকলে জানেন চব্বিশ পরগণার সুন্দরবন অঞ্চলে যত সব বড় বড় জমিদার-জোতদার তারা সব বাহিরের লোক, তারা নিজেদের ধান বিক্রী করে টাকা নিয়ে অন্যত্র চলে যায় এবং স্থানীয় অধিবাসীদের নানা প্রয়োজনে যথেষ্ট ধান বিক্রী করে ফেলতে হয়। বিশেষত: গত বৎসর যদিও বেশী ফসল হয়েছিল তা সত্ত্বেও পূর্ব্বেকার দেনা শোধ করতে, কো-অপারেটিভ সোসাইটির ঋণ, কৃষি ঋণ শোধ করতে, কোন কোন থানায় ১ লক্ষ ১৷৷ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। এ বছর তবু ভাগচাষীর ঘরে খাবার নেই, অন্যান্য সব রায়ত যারা তাদের অবস্থাও খারাপ। টেষ্ট রিলিফের কাজে সহায়তা কিছু করার কথা হয়েছে। এর আগে ছিল সাগর থানাতে টেষ্ট রিলিফ ওয়ার্কে এক কোদাল এক মাথা হিসাবে দুইজন লোক ২০০ মাটি কাটলে এক টাকা করে পেত। এঁরা আবার বলেছেন স্বামী-স্ত্রী ঐভাবে কাটলে তারা প্রত্যেকে ২২৷৷ ছটাক চাল পাবে। তাহলে শুধু একজন কাটলে........

**The Hon'ble Prafulla Chandra Sen:**

তাদের বালক-বালিকাদের আলাদা আছে।

**Sj. Haripada Baguli:**

আমি সে কথা বলছি। ওখানকার আদিবাসীদের মধ্যে মেয়েরা মাটি কাটেন, কিন্তু অন্যান্য সম্প্রদায়ের মেয়েরা মাটি কাটেন না। কাজেই যেখানে এ্যাডাল্ট ডিপেনডেণ্ট লোকটির স্ত্রী সেখানে ৭৷৷ ছটাক চাল ভাগে পাচ্ছে। তার পরে আর একটা কথা বলা হয়েছে যে, যারা নাবালক ডিপেন্‌ডেণ্ট আছে তারা ৪ ছটাক করে পাবে, আর কোলের শিশু ৩ ছটাক করে পাবে। এতে এই যে ২৭ ছটাক চাল পাবে স্বামী-স্ত্রী তার দাম ৷৷৵০, ফলত: দাঁড়ায় এই যে যার ঘরে ছেলেপিলের সংখ্যা বেশী তারা কিছু কিছু বেশী চাল পাবে, কিন্তু যাদের ঘরে কম তারা কম পাবে। সারাদিন মাটি কাটার পর কেউ বেশী কেউ কম চাল নিয়ে ঘরে ফিরবে। আমি প্রস্তাব করি এক টাকা হারে যে মজুরী দেবার ব্যবস্থা আছে সেই এক টাকার—তার কত ডিপেন্‌ডেণ্ট আছে তাতে যে হারে চাল দিতে চান সেইভাবে দিন। তাতে তাদের সত্যিকারের উপকার হবে।

[4-40—4-50 p.m.]

**Sj. Nishapati Majhi:**

মাননীয় স্পীকার মহাশয়, এখানে শ্রীখগেন বন্দোপাধ্যায় যে সংশোধনী প্রস্তাব উপস্থাপিত করেছেন আমি তা সমর্থন করিতেছি। তিনি যে প্রায় ৪০টি ইউনিয়নের দুর্গতির কথা বলেছেন তা সত্যই বীরভূমের পক্ষে অত্যন্ত মর্ম্মান্তিক। কেন না সরকার বীরভূমের উন্নতির জন্য বহু অর্থ ব্যয় করছেন আর সেই জিলার মধ্যে ৪০টি ইউনিয়ন অন্নাভাবে আক্রান্ত হয়েছে। বিষয়টি খুবই মর্ম্মান্তিক। বিশেষ করে দরিদ্র পরিবারের কথা বলি। তার উপর যে সমস্ত ভদ্র পরিবার যাঁরা পর্দার আড়ালে থাকেন তাঁদের আজকে দুঃখ দৈন্য খুব ব্যাপকভাবে দেখা দিয়েছে। সুখের বিষয় যে এই বিষয়ে সরকারী কর্ম্মচারিবৃন্দ খুব ভালভাবে কাজ আরম্ভ করেছেন। আপনারা বোধ হয় জানেন যে ইতিপূর্ব্বে বীরভূমে এক জজ সাহেব ছিলেন, তিনি বীরভূমে বার বার দুর্ভিক্ষ হওয়ায় সময় স্থির থাকতে পারেন নি। তিনি বীরভূমে দুর্গতদের সেবা করতেন। আজকে ঠিক সেই রকমভাবে কতিপয় কর্ম্মচারী সেবাকার্য্যের ভার গ্রহণ করেছেন এবং দুর্গতদের সেবাকার্য্য বেশ ভালভাবে সুস্থভাবে গড়ে তুলেছেন। আমি আজ বিধানসভায় বলবো যে ছিটেফোটা উপকার করবো, কি খানিকটা লোকের বাহবা নেব, এ রকম মনোভাব না নিয়ে আমরা যদি সত্যিকারের সেবক হয়ে তাদের পায়ের তলায় বসে সেবা করছি এই মনোভাব নিয়ে সেবা-কার্য্যে অগ্রসর হই তাহলে সত্যই আমাদের দেশের একটা মস্ত উপকার করা হবে। কিন্তু অতি বড় দুঃখের কথা যে যারা আজকে এখানে চিৎকার করছেন তাদের এই ভাব নাই। আপনি হয়তো জানেন কিছুদিন পূর্ব্বে যে জেলা ম্যাজিষ্ট্রেট দুর্গতদের সেবাকার্য্যে বিশেষভাবে ব্যস্ত ছিলেন কিন্তু এই সব বিরোধীগণের প্রচারকগণ তাকে ঘেরাও করতেও কুণ্ঠিত হয় নাই। এবং আরও লজ্জার বিষয় যে ঘেরাও করার পর যখন তিনি তৃষ্ণার্ত্ত হয়ে জল পান করছিলেন তখন তার জলের গ্লাস হাত থেকে ছুঁড়ে ফেলে দিয়েছিল। এবং এই মনোভাব নিয়ে দুর্গতদের সেবা করা যায় না। আমরা জানি বীরভূম জেলায় ৭ লক্ষ ৮৪ হাজার টাকা দুর্গতদের জন্য খরচ হয়েছে, মেদিনী-পুরে ১৯ লক্ষ টাকা খরচ হয়েছে, বাঁকুড়ায় বিভিন্ন খাতে ৩০ লক্ষ টাকা খরচ হয়েছে। আজকে রাখহরি বাবু যে প্রস্তাব এনেছেন তাতে এই প্রতিপন্ন হচ্ছে যে সরকার সেবাকার্য্যে নিশ্চেষ্ট। তার কথার অর্থ বুঝতে পারছিনা। কারণ আজ দেশের লোক বুঝছে যে দিন দিন রিলিফটা বেড়েই উঠছে। কিন্তু রাজ্যে এমন যে জটিল সমস্যা দেখা দিয়েছে চারিদিকে মানুষকে ব্যতিব্যস্ত করে তুলছে তাতে মনে হয় সর্বাগ্রে মানুষ গড়ে তোলার জন্য সকলকে

তৎপর হতে হয়েছে। নতুবা দেশের লোকের আর্থিক অবস্থা ভাল হবার নয়। কিন্তু কথায় কথায় রিলিফ দাও এটা যদি কোন দলের মুখ্য কাম্য হয় এবং এ নিয়ে তারা দেশের বা রাজ্যের কল্যাণ কামনা করতে চান তাহলে সত্যিকারের রাজ্যের কল্যাণ কামনা করা হবে না। আমরা জানি বীরভুম জেলায় আজকে সংগঠনের কাজ বড় হয়ে উঠছে। বীরত্বসহকারে আজ সেখানকার লোক নানাদিক দিয়ে কৃষি শিল্পে উন্নত হয়েছে, এ জায়গাটি আজ দেশের মধ্যে একটা আদর্শস্থল হয়ে উঠছে। অতএব সেখানের ৪০টি ইউনিয়নের সাহায্যের কথা বড় নয়—আজকে মানুষের দুর্গতি মোচনের জন্য সরকার নীরব নাই। দুর্গত মানুষের অবস্থার উন্নতির জন্য আমাদের জাতীয় নানা পরিকল্পনাকে এইরূপ দরদ দিয়েই উন্নত করে তুলছেন। এখানে শুধু একটি কথা বলছি! কথায় কথায় কেউ কেউ ফিগার দিয়ে কথা বলছেন। এই ফিগার কথাটা শুনে একটু হাঁসি পায়। ইংরাজ আমাদের এই ফিগার জিনিষটা ভাল করে শিখিয়ে গেছে। আজকে সেই বুলি বিরোধিগণ ভাল করে আওড়াচেছন। স্থান বিশেষে পরিসংখ্যা প্রয়োগ করে বাস্তব জিনিষকে অবাস্তব করতে চাইছেন।

স্পীকার মহাশয়, আমি আজকে তাই বিরোধীদের লক্ষ্য করে একটা কথা বলছি। আমি যখন বন্দী হয়ে জেলে ছিলাম তখন একটা গল্প শুনেছিলাম, সেটা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। তখন অখণ্ড বাংলার চীফ্ সেক্রেটারী চিঠি পাঠিয়েছেন ডি, এম,কে যে তোমার জেলায় কত গাধা আছে সংবাদ পাঠাও। ডি, এম, খবর পেয়ে সঙ্গে সঙ্গে অফিসারদের ডাকালেন, শুধালেন গাধার সংখ্যা ঠিক করে কোন রেকর্ড আছে কি না। তারা বললেন—না। তিনি একটু রসিক ছিলেন, আরও অনেককে ডাকালেন, ডেকে জিজ্ঞাসা করলেন—কি করা যায়? তার মধ্যে ১ জন প্রস্তাব করলেন—স্যার, একটা উপায় আছে; ৬৲ টাকা করে ট্যাক্স দেয় যে সমস্ত ধোপা তাদের সংখ্যা যদি ঠিক করা যায় তাহলে তাদের বাড়ীতে নিশ্চয় একটা করে গাধা আছে, এই বলে তারা ঠিক করলেন যে ১৪০টি গাধা মোট জেলায় আছে। তখন ম্যাজিষ্ট্রেট, আগেই বলেছি তিনি একটু রসিক ছিলেন—বল্লেন, না, না ১৪০টি ঠিক হবে না, আমরা এখানে ৯ জন আছি সেটা যোগ করে ১৪৯টা ফিগার কর। আজকে সেই রকম-ভাবে যদি বিরোধীগণ ৯ লক্ষ হতেও পারে, ১০ লক্ষ হতে পারে, ১২ লক্ষও হতে পারে বলেন, তাহলে সত্যই আমরা বলতে বাধ্য হ'ব ফিগারের অপব্যবহার করা হচেছ। বাস্তব দিক দিয়ে এবং সত্যের দিক দিয়ে চলতে হলে সত্য বস্তুকে এবং সঠিক পরিসংখ্যাকে সামনে রেখে চলতে হবে। নতুবা দেশবাসী বিভ্রান্ত হবে।

খগেন বাবুর প্রস্তাবকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Sj. Hemanta Kumar Ghosal:**

মাননীয় স্পীকার মহাশয়, আমার শ্রদ্ধেয় বন্ধু হরিপদ বাগুলি মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন ২৪-পরগণাকে যোগ করে, তা আমি সমর্থন করছি। আমাদের খাদ্য মন্ত্রীমহাশয় এর আগের প্রস্তাব আলোচনার সময় বলেছিলেন যে দেশের লোক কাজ করতে চায় না, বিদেশ থেকে লোক এসে কাজ করছে কারণ চাল এবং ধান দিয়ে কাজ আরম্ভ করা হয়েছে বলে লোক পাচেছন না, বাইরে থেকে আসছে। বিদেশ বলতে ভারতবর্ষের বাইরের কোন জায়গার কথা বলেছেন কিনা জানি না।

**The Hon'ble Prafulla Chandra Sen:** তা বলিনি।

**Sj. Hemanta Kumar Ghosal:**

কিন্তু কথা হচেছ বাংলা দেশেই হক্ বা বাংলা দেশের বাইরে বিহারে বা অন্য কোন জায়গাই হক্ লোকে দুঃখে পড়েই কাজের জন্য আসে। আমাদের এখানে বেকার আছে বলে যেখানে কাজ পাচেছ সেখানে যাচেছ। আমরা জানি লোকে কাজের জন্য বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে বেড়াচেছ। উনি যা বললেন যে ধান চাল দিলে লোক পাওয়া যাবে না এ কথা সত্য নয়। কারণ আমরা জানি, এই কিছু দিন আগে ২৪-পরগণার বিভিন্ন এলাকা বিশেষ করে সুন্দরবন এলাকার বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে দেখেছি যে একটা জায়গার কথাও তিনি বলতে পারবেন না যেখানে টেষ্ট রিলিফের কাজ চালু হয়েছে। টেষ্ট রিলিফের কাজ সম্পূর্ণরূপে বন্ধ আছে। কারণ তাদের পে-মাষ্টারএর ও ওভারসিয়ারএর গলদ আছে। ব্যাপারটা কি? যে সমস্ত টেষ্ট রিলিফের কাজ চালু হয়েছিল তখন যাদের হাত দিয়ে এই কাজ চালু করা হয়েছিল তাদের দুই-এক বৎসরের মধ্যেই নগদ টাকা পাকা বাড়ী হয়ে গেল। এখন এই নগদ টাকার লেন দেন ঠিকমত হচেছ না বলে এই কাজ বন্ধ আছে। সুতরাং লোকে কাজ করতে আসছে না এটা ঠিক নয়, লোকে কাজের সন্ধানে ঘুরে ঘুরে বেড়াচেছ।

[4-50—5 p.m.]

অথচ তারা কাজ পাচেছ না। তারা জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে এসে, মহাকুমা হাকিমের কাছে এসে, কাজের সন্ধান চাচেছ—কোথায় কাজ আছে, তার সন্ধান দাও, আমরা সেখানে কাজ করবো। সেই জন্য আমাদের প্রস্তাব

হচ্ছে লোককে কাজ দিতে হবে। অবশ্য উনিও সে প্রয়োজনীয়তা স্বীকার করেছেন। ধান চাল মজুত আছে দেখিয়েছেন দু-লক্ষ আর ৬ লক্ষ টন, মোট ৮ লক্ষ টন। অথচ লোকের পেটে টান ধরেছে। লোকের ক্রয় ক্ষমতা নাই। কিনবার ক্ষমতা অত্যন্ত নীচের তলায় পড়ে গিয়েছে। কাজ নাই, বেকারের সংখ্যা বেড়ে গিয়েছে। উনি এমন পরিকল্পনা দেন, যে পরিকল্পনা চালু করতে যাবতীয় লোক কাজ করতে চাচ্ছে না। তাঁরা এমন পরিকল্পনা দেন, যাতে লোকে কাজ করতে চায়, কাজ পায়। আমি তাঁকে চ্যালেঞ্জ করে বলতে পারি, ওঁর কথা সম্পূর্ণ বাস্তব ক্ষেত্রে অসত্য বলে প্রমাণিত হবে। আসলে লোককে কাজ দেবার কোন বন্দোবস্ত নাই। বাংলা দেশের সব কিছু মিলিয়ে তাঁদের হাতে মজুত খাদ্য কতটা আছে সেটা বড় কথা নয়। আসল হচ্ছে লোকের কাছে সে খাদ্য গিয়ে পৌঁচাচ্ছে কিনা, লোকে খাদ্য খেতে পাচ্ছে কিনা।

আমরা জানি সুন্দরবনের আর একটা অংশ কাকদ্বীপ, মথুরাপুর, জয়নগর, ক্যানিং, হাড়োয়া, সন্দেশখালি, হাসনাবাদ প্রভৃতি এলাকা প্রতি বছর দুর্ভিক্ষে বিধ্বস্ত হয়ে গেছে। শুধু ছেলেরা নয়, মেয়েরাও কাজের সন্ধানে পাগল হয়ে ঘুরে ঘুরে বেড়াচ্ছে। তারা আগে ঢেঁকি ভানার কাজ করতো। কিন্তু এখন প্রত্যেক জায়গায় আপনারা কল পাঠিয়ে দিয়েছেন। সেই কলের মালিকদের দৌরাত্ম্যে সব ঢেঁকি ভানার কাজ নিঃশেষ হয়ে গেছে। দুর্ভিক্ষক্লিষ্ট হাজার হাজার লক্ষ লক্ষ অসহায় মেয়ে পুরুষ বিধবা তারা কাজের সন্ধানে ব্যাকুল হয়ে এদিক ওদিক ছুটে বেড়াচ্ছে। তাদের হাতে আর এখন কোন জমি নাই যা থেকে আগে উপায় করতো, তাদের উপায়ের সব পথ শেষ হয়ে গেছে। আপনারা বলছেন বিভিন্ন রকম কাজের ব্যবস্থা করা হয়েছে। তারাও সেই কাজের দাবী করছে। কেন তাদের সেই কাজ দিতে পারছেন না? তাদের সেই কাজ দিন, তাদের দিয়ে সেই কাজ করান যাতে তাদের কিছু রোজগার হয়। সেটা বন্ধ করে বলছেন তারা কাজ করতে চায় না। আমরা বার বার বলেছি জনসাধারণের সহযোগিতায় তাদের নির্বাচিত প্রতিনিধি দিয়ে, তাদের স্কীম দিয়ে কাজ করান, তাহলে হাজার হাজার লোক ছুটে আসবে। কাজের অভাব হবে না, লোকেরও অভাব হবে না।

আমি বিশেষ করে বলতে চাই এবার তাঁরা নিজেরাও স্বীকার করেছেন, ওঁদের নিজেদের কথা যে অনাবৃষ্টির ফলে, শিলাবৃষ্টির জন্য ঠিক সময়ে চাষের বন্দোবস্ত না হওয়ার ফলে এবার ফসল মার খেয়েছে এবং সুন্দরবনের হিসাব উনি নিজেও জানেন সেখানেও ফসল মার খেয়েছে। গতবার দুর্ভিক্ষে আক্রান্ত হয়ে এই ফসল নষ্ট হয়েছে। গত ১৯৫২ সাল থেকে আরম্ভ করে সুন্দরবনের জীবনে আজ এই চরম সংকট এসে দাঁড়িয়েছে। আমরা অনেকবার আগে থেকে সতর্ক করে দিয়েছি এ সম্পর্কে, কিন্তু তখন তাঁরা এড়িয়ে গেছেন, আমাদের সে কথা শোনেন নাই, তা চাপা পড়েছে। আজ যখন সংকট ঘরের মধ্যে এসে দেখা দিয়েছে তখন তাঁরা স্বীকার করেছেন। এমন হাত দিয়ে তাঁরা লোন বা রিলিফ দেওয়ার কাজ করিয়েছেন যে তার শতকরা ৫০ ভাগ টাকাই চুরি হয়ে গেছে, নষ্ট হয়ে গেছে। সে কথা ওঁরাও জানেন, কিন্তু তা স্বীকার করবেন না। তাঁরা সময়মত কাজের বন্দোবস্ত না করে কেবল যদি দ্রুত এগিয়ে গিয়ে টাকা দিয়ে কাজ করাবেন, তাহলে তাঁদের অধিকাংশ টাকাই মার খাবে। আসলে মানুষের জীবনে সে টাকা গিয়ে পৌঁছিবে না। কংগ্রেসের বিভিন্ন বক্তা বলেছেন যে আজ সংকটের দিনে লোন আরও বেশী করে দেওয়া প্রয়োজন আছে এবং যে সমস্ত লোন দেওয়া হয়েছিল, সেই লোন আদায় বন্ধ করবারও প্রয়োজন আছে। সবচেয়ে আশ্চর্য ঘটনা সুন্দরবনের জীবনে গিয়ে দেখবেন প্রতিদিন সেখানে সার্টিফিকেট তাঁরা জারী করছেন। হালের খালি যে জোড়া বলদ, যা দিয়ে তাঁরা ইলেকশন বৈতরণী পার হয়েছেন, তা এ্যারেস্ট করছেন, তা নয় আরও অন্যান্য জিনিষপত্র থালা-ঘটী-বাটী তাঁরা নিয়ে যাচ্ছেন। এই যদি সেখানকার অবস্থা হয়, তাহলে আগামী বৎসর চাষ করবার কোন ব্যবস্থা থাকবে না। তাই আমাদের দাবী হচ্ছে এখনই সমস্ত লোন আদায় বন্ধ করতে হবে। মধ্যবিত্ত, ক্ষেতমজুর, ভাগচাষী সব শেষ হয়ে গেছে। এবার সাধারণ মধ্যবিত্তের জীবনে মহাসংকট দেখা দিয়েছে। খাজনা, ট্যাক্স, লোন আদায়ের বোঝা এমনভাবে তাদের উপর চাপছে যে তাদের আর বাঁচবার উপায় নাই। মধ্যবিত্তদের বাঁচার জন্য, খাদ্যের জন্য, নূতন করে ভাবতে হচ্ছে। এখন থেকেই সমস্ত রেণ্ট আদায় বন্ধ করে রিলিফ দেওয়ার ব্যবস্থা করা হোক। আমি বলি না সমস্ত সেখানকার মানুষকেই রিলিফ দেন। রিলিফের নামে তাঁরা যে টাকা খরচ করবেন, তা যেন নষ্ট হয়ে না যায়। আমরা চাই মানুষকে প্রয়োজনীয় কাজ দাও। কাজের মধ্য দিয়ে তাদের সম্মান ও ইজ্জৎ বাঁচাতে পারেন। সাধারণ মানুষের সহযোগিতায় সেই কাজ দেওয়ার বন্দোবস্ত করুন, লোন দেওয়ার ব্যবস্থা করুন।

. মন্ত্রীমহাশয়ও জানেন আজ সুন্দরবনের জীবনে একটা মহাসমস্যা এসে দেখা দিয়েছে। সেখানে জিদারী করে জমিতে লোনা জল জোর করে বাঁধ ভেঙ্গে ঢুকিয়ে জমির ফসল কিভাবে নষ্ট করা হয়েছে। কুলটীতে বাঁধ ভেঙ্গে দেওয়ার ফলে সেখানকার ৩ হাজার কৃষক পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। তারা আজ অন্নের জন্য পথে পথে

ঘুরে বেড়াচ্ছে। তাদের সমস্যা তীব্র হতে তীব্রতর হচ্ছে। এখনই সাবধান হয়ে রিলিফের বন্দোবস্ত করা হোক্ ও কাজের পরিকল্পনা ঠিক করে তাদের কাজ দেওয়া হোক্ এবং সেই সঙ্গে আগের লোন আদায়ও বন্ধ করা হোক। এখন যদি সে সব কাজ না করেন বা সে সম্পর্কে যথেষ্ট সাবধান না হন, তাহলে যে ঝড়ের বন্যা আসবে, হয়ত তার সামনে নামবেন, সেই সময় যে ব্যবস্থাদি করবেন, তা তাদের কাছে পৌঁছিবে না, তার হাত থেকে নিজেরাও রক্ষা পাবেন না। এখন থেকেই তাদের বাঁচাবার ব্যবস্থা করুন।

**Sj. Koustuv Kanti Karan:**

মাননীয় সভাপতি মহাশয়, আমি মাননীয় খগেন ব্যানার্জীর সংশোধন প্রস্তাব সমর্থন করতে দাঁড়িয়েছি। রাখহরি বাবুর সম্পূর্ণ প্রস্তাবটা সমর্থন করা যায় না। এ প্রস্তাবের যে অংশটুকু প্রয়োজনীয়, তা এর মধ্যে নাই। বঙ্কিম বাবুর প্রস্তাবের উপর শ্রীযুক্তা আভা মাইতির যে সংশোধন প্রস্তাব গৃহীত হ'ল, সেখানে বলা হয়েছে—

"Sanction more liberally agricultural and cattle purchase loans for the affected areas."

এই প্রস্তাব সমগ্র বাংলার জন্য। সুতরাং এই রকমের আর একটা প্রস্তাব আসার কোন প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না।

রাখহরি বাবুর প্রস্তাব বিশেষ করে মেদিনীপুর এবং বাঁকুড়া সম্বন্ধে। এবং তার সঙ্গে বীরভূম ও ২৪-পরগণার সুন্দরবন যোগ করা হয়েছে। আমরা কয়েক বছরের অভিজ্ঞতায় দেখতে পাচ্ছি যে প্রত্যেক বছর আমাদের মাননীয় অর্থসচিব মহাশয়কে অতিরিক্ত ব্যয় বরাদ্দের বাজেট এখানে স্থাপন করতে হয়। তা করবার প্রধান কারণ হচ্ছে এই বাংলার বিভিন্ন অঞ্চলে সাহায্য দেওয়া। কাজেই সরকার যে বাংলার এই দুর্যোগের সময় সম্পূর্ণ উদাসীন আছেন অথবা তা দূর করবার জন্য কোন প্রচেষ্টা করেন না, সেটা মিথ্যা প্রতিপন্ন হয়। প্রত্যেক বছরই এই কারণে সরকারকে সাপ্লীমেণ্টারী বাজেট পেস করতে হয়। আমরা দেখেছি উত্তর বঙ্গে দুর্গতির সঙ্গে সঙ্গে আমাদের সরকার সেখানে সাহায্য দেবার প্রচেষ্টা করেছেন।

[5—5-10 p.m.]

আমরা এ বছর দুর্গতি দেখেছি উত্তর বঙ্গে; সেই দুর্গতির সঙ্গে সঙ্গে সরকারের সাহায্য প্রচেষ্টাও হয়েছে। আমরা তজ্জন্য সরকারকে প্রশংসা না কোরে পারি না। যে প্রস্তাব রাখহরি বাবু এনেছেন সে প্রস্তাব সমর্থন করা কঠিন। এ বছর অনাবৃষ্টি হওয়ার ফলে বিশেষ কোরে মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, ২৪-পরগণার অবস্থা সঙ্গীন হয়েছে। এ কথা সরকারও অস্বীকার করছেন না। এই দুর্গতি দূরীকরণের জন্য রাখহরি বাবু যে প্রস্তাব উত্থাপনের প্রয়াস পেয়েছেন সেই প্রস্তাব আর খগেন বাবু যেটা এনেছেন সেটায় যদিও কিছু অংশ নাই তথাপি অনেকাংশে প্রায় সমান। খগেন বাবু বলেছেন:—

"to continue test relief works so long as it is necessary"

কাজেই যে টেষ্ট রিলিফএর কাজ সরকার করবেন বলেছেন এটা যতদিন পর্যন্ত দরকার ততদিন চালু রাখার জন্য খগেন বাবুর প্রস্তাবে বলা হয়েছে এবং সেই সম্পর্কে খগেন বাবু বলেছেন

"in the matter of realisation of Government loans until the next crop is harvested".

এটা রাখহরি বাবুর প্রস্তাবের প্রায় সমান। তবে রাখহরি বাবু বলেছেন একসঙ্গে সমস্ত লোকের ঋণ আদায় স্থগিত রাখা হউক, কিন্তু খগেন বাবু বলেছেন যে অবস্থা অনুসারে বিচার কোরে করবেন। কাজেই আমি মনে করি যদি সরকারকে কেবল নিন্দা করবার উদ্দেশ্যে এই প্রস্তাব উত্থাপিত না হয়ে থাকে তাহলে খগেন বাবুর সংশোধন প্রস্তাব গ্রহণ করায় আপত্তি থাকা উচিত নয়।

আমি এই প্রসঙ্গে একটা বিষয়ের প্রতি আমার বন্ধুদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রতি বছর যখনই যে অঞ্চলে দুর্গতি দেখা দেয় সেই অঞ্চলে সরকারী সাহায্যের জন্য আমরা এই সভার ভিতরে ও এই সভার বাহিরে জনসাধারণের মাধ্যমে সরকারের নিকট দাবী উপস্থাপিত করি। আমি বন্ধুদের বলতে পারি যে এ বছর আমরা সরকারের নিকট যে দাবী এই হাউসে উত্থাপিত করছি এবং বাহিরেতেও করব সেই দাবীর সঙ্গে সঙ্গে আমার ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলা দরকার মনে করি। বিগত বছরের আগের বছর মেদিনীপুরে সরকার ব্যাপকভাবে টেষ্ট রিলিফ পরিকল্পনা চালু করেছিলেন। খাজুরী এবং নন্দীগ্রামে যেখানে সরকারী টেষ্ট রিলিফের কাজ হয়েছিল সেখানে আমরা স্থানীয় সঙ্গতি সম্পন্ন লোকের কাছে কিছু টাকা তুলে টেষ্ট রিলিফের কাজ কংগ্রেসের পক্ষ থেকে

করেছিলাম। অধ্যক্ষ মহাশয়, আপনাকে জানাই যে শুধু নন্দীগ্রাম থানায় আমরা স্থানীয় লোকদের কাছ থেকে ৫০ হাজার টাকা তুলেছিলাম এবং টেষ্ট রিলিফের কাজে সে টাকা খরচ করেছিলাম। যখন দুর্গতি ব্যাপকভাবে দেখা দেয় তখন সরকারের কাছে আমরা আবেদন নিবেদন জানাই এবং সরকারও সাহায্য দিয়ে থাকেন। কিন্তু সঙ্গে সঙ্গে এই প্রকার প্রতিষ্ঠানের দ্বারা যখন আমরা ব্যাপক দুর্গতি দূর করতে ও জনসাধারণের উপকার করতে পারি তখন আমাদেরও সে সম্বন্ধে অবহিত হতে হবে। আমরা সরকারকে অনুরোধ করব যে খগেন বাবুর প্রস্তাবের যে অন্তর্নিহিত উদ্দেশ্য সেই উদ্দেশ্য যাতে ব্যর্থ না হয় এবং সেই উদ্দেশ্য যাতে অবিলম্বে কার্য্যে পরিণত হয়, তার জন্য সরকার প্রাণপণ চেষ্টা করুন। আমরা যে প্রস্তাব আলোচনা করছি সে প্রস্তাব নিয়ে কেবল নিন্দার বা ঝগড়ার বা গালাগালি করার প্রয়োজন নাই। সেইজন্য আমি মনে করি অনাবৃষ্টির জন্য যে দুর্গতি সারা বাংলায় এসে গিয়েছে সেই দুর্গতির সম্মুখীন হতে হলে আমাদের সম্মিলিত শক্তি নিয়ে, বুদ্ধি নিয়ে, সরকারকে সাহায্য করতে হবে এবং আমি আশা করি সরকারও এই আবেদনে সাড়া দেবেন।

এই বোলে আমি খগেন বাবুর প্রস্তাব সমর্থন করছি

**The Hon'ble Prafulla Chandra Sen:** Sir, let us continue with this resolution on the next non-official day when I shall give my reply.

**Sj. Balailal Das Mahapatra:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি শ্রীযুক্ত রাধহরি বাবুর প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করতে দাঁড়িয়েছি। শ্রীযুক্ত কস্তুভ বাবু বলেছেন,—এ প্রস্তাবের দরকার ছিল না, কিন্তু আমরা এ দিক থেকে এর বিশেষ প্রয়োজন আছে মনে করি। অনাবৃষ্টিতে কতকগুলি জেলা আজ মহাক্ষতিগ্রস্ত হয়ে পড়ায় পৌষ মাস থেকেই খাদ্যাভাব দেখা দিয়েছে, এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন। উত্তর বঙ্গের বন্যার প্রতি গভর্ণমেণ্টের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। কিন্তু মেদিনীপুর, বাঁকুড়া, ২৪-পরগণায় যেখানে জনসাধারণের কোন অভাব ছিল না, অনাবৃষ্টি বা অতিবৃষ্টির জন্য কিভাবে শস্য হানি হয়েছে সে সম্পর্কে সরকারের অবহিত হওয়া বিশেষ প্রয়োজন। সরকার মাঝে মাঝে যে ষ্টেটমেণ্ট দেন, যেমন বলেন—আমাদের হাতে ২ লক্ষ টন আর কেন্দ্রের হাতে ৯ লক্ষ টন চাল আছে, অতএব খাদ্যাবস্থা ভাল, এই বলে যে বিভ্রান্তির সৃষ্টি করেন তাতেই আরো বেশী আশঙ্কার সৃষ্টি হয়। কারণ আমরা মনে করি প্রকৃত অবস্থা অনুভব করে যদি প্রতিকারের জন্য অগ্রসর হতেন তাহলে আমাদের ভয়ের কারণ থাকত না। তাঁরা যখন বলেন আমাদের খাদ্যাবস্থা ভাল, আমাদের হাতে দু লক্ষ টন চাল আছে, অথচ জনসাধারণ খেতে পায় না, তখন আমাদের আশঙ্কারই কারণ হয় এবং আমরা মনে করি তাঁরা প্রকৃত অবস্থা চেপে দেবার চেষ্টা করেন অথবা হালকা করেন, তাই আমরা একথা তাঁদের অনুধাবন করাতে চাই—১৯৪৩ সালেও সেভাবে খাদ্যাভাব ছিল না অথচ মনুষ্যসৃষ্ট দুর্ভিক্ষে মানুষকে কুকুর-শেয়ালের মতন মরতে হয়েছিল, আজ পশ্চিম বাংলার যা অবস্থা সে অবস্থায় যদি সরকার অবহিত না হন এবং তার প্রতিকারের ব্যবস্থা না করেন তাহলে আমরা মনে করি পুনরায় সেই ৪৩ সালের দুর্ভিক্ষ আমাদের দেখতে হবে। কারণ পৌষ মাস থেকেই খাদ্যাভাব। শতকরা ৫০ জন লোক খেতে পায় না, মধ্যবিত্ত, ভূমিহীন চাষী, ভাগচাষী সকলের ঘরেই খাদ্যাভাব। এক বড় বড় যারা জোতদার তারা যে ধান পেয়েছে কিছুদিন তাদের চলতে পারে। কাজেই সরকারের এ বিষয় দৃষ্টি দেওয়া—অবহিত হওয়া প্রয়োজন।

কিছুদিন পূর্বে আমি কাঁথি মহকুমার ম্যাজিষ্ট্রেটের সঙ্গে আলোচনা করেছি, তাঁর মনোভাব দেখেছি সরকারী-ক্রপ কাটিংএর উপর তিনি সম্পূর্ণ নির্ভর করেন। আমি সরকারকে সতর্ক করে দিতে চাই, তাঁরা যে ষ্টাটিষ্টিক্স-এর উপর নির্ভর করে থাকেন, সে সম্পর্কে আমি কাঁথি মহকুমা হাকিমের সহিত আলোচনা করবার পর সেখানকার একটা থানা দেখতে যাই, সেখানকার ইউনিয়ন বোর্ডের মেম্বার এবং স্কুল শিক্ষক প্রভৃতি দায়িত্বপূর্ণ লোকদের সাহায্য নিয়ে আমার কনষ্টিটুয়েন্সি রামনগর থানায় আমি তদন্ত করেছি। আমরা জানতে পেরেছি রামনগর থানাকে "সি" ক্যাটিগোরিভুক্ত করা হয়েছে। অর্থাৎ খাদ্যাবস্থা মোটামুটি ভাল। কিন্তু রামনগর থানার ৪২ হাজার একর জমির মধ্যে প্রায় ২ হাজার একর জমি একেবারে পতিত ছিল। ইউনিয়ন বোর্ডের বিভিন্ন প্রেসিডেণ্টের মারফৎ ষ্টাটিষ্টিক্স নিয়েছি এবং তাতে দেখেছি ৪ মণের বেশী একরপ্রতি ফসল হয় নাই। কাজেই ৪০ হাজার একরে এক লক্ষ ষাট হাজার মণ ফসল পাওয়া গিয়েছে। বেশী ধরলেও দু লক্ষ মণের উপরে হতে পারে না। সেখানে লোক সংখ্যা ১ লক্ষ ৩ হাজার। সাধারণভাবেও সেখানে দশ লক্ষ ৩০ হাজার মণ ধানের দরকার। আর গভর্ণমেণ্ট যদি বলেন, সেখানে কিছু লোক বাইরে আছে, তারজন্য ৩ হাজার লোক ছেড়ে দিচ্ছি, তাহলে বাকি ১ লক্ষ লোকের জন্য দশ লক্ষ মণ ধানের দরকার কিন্তু আমরা যা অবগত হয়েছি তাতে দু লক্ষ মণ ধান সেখানে পাওয়া

গেছে। আরও ৮ লক্ষ মণ ধানের অভাব। অথচ যে সকল গভর্ণমেণ্ট অফিসার কাজ করেন তাঁরা এইরূপ বিভ্রান্তিকর ষ্টাটিষ্টিক্যাল রিপোর্ট উপস্থিত করেন। সেটা তাঁরা অনুভব করতে পারেন না যে যেখানে ৮ লক্ষ মণ ধানের অভাব সেখানে রিপোর্ট দাখিল করার মূলে তাঁদের কত বড় দায়িত্ব রয়েছে। আমি যে তথ্য উপস্থিত করলাম একে ভুল প্রমাণ করার দায়িত্ব এক সরকারকে গ্রহণ করতে হবে অথবা আমার তথ্যের উপর ভিত্তি করে সমগ্র পশ্চিম বাংলার প্রকৃত খাদ্যাবস্থা বুঝতে হবে এবং তাঁর প্রতিকারের জন্য অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে হবে।

[5-10—5-35 p.m.]

আমরা অপোজিশন পার্টি থেকে মাননীয় মন্ত্রীমহাশয়কে ব্যবস্থা অবলম্বন করবার জন্য অনুরোধ জানিয়েছিলাম এবং কতকগুলি সাজেশনও দেওয়া হয়েছে। নিশাপতি বাবু বলে গেলেন যে গ্রাচুইটাস রিলিফ, টেষ্ট রিলিফ দিয়ে দুর্ভিক্ষ দূর করার জন্য চেষ্টা হচ্ছে। আমরা সকলের জন্য গ্রাচুইটাস রিলিফ চাই না। প্রত্যেক মানুষ কাজ করে খায় এটা চাই। সেইজন্য আমি এই বলতে চাই যে আট আনা, দশ আনা, বার আনা, চৌদ্দ আনা যে মজুরি দেওয়া হচ্ছে সে মজুরি অন্ততঃ এক টাকা হওয়া দরকার। সে সম্পর্কে সরকার পক্ষ থেকে নির্দ্দেশ দেওয়া দরকার। কারণ জেলা বোর্ডের যে রেট আছে সেই অনুসারে সেই সব অঞ্চলে মজুরি ঠিক হবে এটা ঠিক নয়। সেজন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি সর্ব্বত্র একই রকম রেট করবার ব্যবস্থা করুন।

তার পর হরিপদ বাবু এক টাকা মজুরি এবং তার পোষ্যদের জন্য চাল দেওয়া সম্বন্ধে যে প্রস্তাব করেছেন সেটা মেনে নেওয়া উচিত।

টেষ্ট রিলিফ সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে ৪২ হাজার মণ চাল খরচ করেছেন। আমি বলছি মেদিনীপুর জেলায়, বিশেষ করে কাঁথি মহকুমায় ২।৩টি ইউনিয়নএ কিছু কাজ আরম্ভ হয়েছে। কিন্তু ৮২টি ইউনিয়নে সব জায়গার অবস্থা খারাপ। সেখানে টেষ্ট রিলিফ দেবার পক্ষে কতকগুলি বাধা সৃষ্টি হয়েছে। সেখানে যে স্কীম করা হয়েছে তাতে সরকারী নির্দ্দেশ আছে প্রতি স্কীমে একজন করে ওভারসিয়ার থাকা দরকার, এই যদি অবস্থা হয়, টেষ্ট রিলিফ দেওয়া সম্ভব হবে না। এর পরিবর্ত্তন করা দরকার। কারণ সমগ্র বাংলা দেশে কত জন ওভারসিয়ার আছে?

আর একটা সর্ত্তের কথা গভর্ণমেণ্ট বলেছেন—যেখানে টেষ্ট রিলিফএর কাজ হবে সেখানকার রাস্তার দুই ধারের যে জমি তা গভর্ণমেণ্টকে স্থায়ীভাবে লিখে দিতে হবে। এটা একটা অদ্ভুত কথা। এই সমস্ত জমি স্থায়ীভাবে দিতে গেলে রেজিষ্ট্রি অফিসে গিয়ে রেজিষ্টার্ড ডিড করে দিতে হবে। তা সম্ভবপর নয়। এই সমস্ত সর্ত্ত যা দিয়েছেন তাতে কথায় যে বলে—ষাট মণ তেলও পুড়বে না, রাধাও নাচবে না। সুতরাং টেষ্ট রিলিফ যদি দিতেই হয় তবে এসব সর্ত্ত রেখে কারও কোন উপকার হবে না। বর্ষাকাল আসলে টেষ্ট রিলিফের কাজ বন্ধ হবে; সুতরাং এসব নানা অজুহাতে টেষ্ট রিলিফ কাজ যাতে ব্যাহত না হয় সেটা করার দরকার কারণ এটা মানুষের মরা-বাঁচার প্রশ্ন। তারপর লোন সম্পর্কে একটা কথা বলি। ব্যক্তিগত দায়িত্বে লোন দেবার ব্যবস্থা করুন। চাষের সময় এসে গেছে—টাকার দরকার। তাই এখনি ব্যক্তিগত দায়িত্বে লোন দিন, ফুড লোন দিন, এগ্রিকালচারাল লোন দিন, আরটিজান লোন দিন, যাতে চাষী ও শিল্পীরা হাল গরু খাদ্য ও কাঁচামাল ইত্যাদি কিনতে পারে।

**Mr. Speaker:** Your time is up.

**Sj. Balailal Das Mahapatra:**

আমি আর বিশেষ কিছুই বলব না। আমি এই বলেই শেষ করছি যে সরকার সময়মত সাবধান না হলে আবার দেশে ১৯৪৩এর ন্যায় দুর্ভিক্ষ দেখা দিবে। লোন আদায় না দিলে যে সমস্ত বিপদ—সারটিফিকেট প্রভৃতি তা বন্ধ রাখার নির্দ্দেশ দিতে হবে। এস.ডি.ও, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট প্রভৃতির নিকট আবেদন করতে করতে চাষীর গরু বাছুর নিলাম হয়ে যাবে। সুতরাং সময় থাকতে—আমরা বলি—উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হোক।

**Mr. Speaker:** As some more members have expressed their willingness to speak on this resolution, the debate will continue on the next non-official day.

**(At this stage the House was adjourned till 5-35 p.m.)**

*(After adjournment.)*

## The West Bengal Land Reforms Bill, 1955.

[5-35—5-45 p.m.]

**Sj. Tarapada Bandopadhyay:** Mr. Speaker, Sir, this Bill deals with very important matters of far-reaching consequences. So, we must very calmly and dispassionately discuss the various provisions of the Bill.

**Mr. Speaker:** Mr. Bandopadhyay, you are a member of the Select Committee.

**Sj. Tarapada Bandopadhyay:** We should do so in a scientific spirit, and, in order to be able to bring about a piece of legislation which may be of the maximum benefit to the maximum number of people, we should not be carried away by emotions, nor should we be carried away by our hobbies, nor should we allow ourselves to be guided by foreign doctrines or foreign practices because the conditions there are very much different from the conditions obtaining in our country. We are not so bankrupt of wisdom or statesmanship that we have to borrow ideas and ideals from foreign countries in order to solve our own problems. We must solve this agrarian problem of ours in the background of our own country, our history, our civilisation, our social order, our special and peculiar needs and so on and so forth. It seems to be the opinion of some sections of this House that land should be ruthlessly taken away from the middle-class population and it should be placed at the disposal of the real cultivators whom our Minister has called the "man behind the plough". I think that our Chief Minister also subscribes in some way or other to this view. I must say that this is not a good proposal. I must say that this is a dangerous proposition and it cannot be accepted and given effect to regard being had to the special conditions of the middle-class people of this country. As you know, Sir, the main economic structure of the middle-class population of Bengal is still now agricultural land. Of course, from the account that has been given by our Hon'ble Minister it is clear that by far the largest majority of the middle-class people possess very few acres of land, and in most cases their possessions do not even reach 15 *bighas* which are called the economic holding by the Government. It cannot be said that they are rolling in land so much so that they must stick leech-like to this land, and cannot transfer their energy and their efforts to other avocations. Sir, they have not found any other avocations simply because there are no other avocations open to them. You know, Sir, that the middle-class people are suffering from unemployment and if at this difficult juncture the little basis of economic structure that is still left to them, i.e., a few *bighas* of land, is taken away from them, then we will certainly be creating a problem which will be disastrous to the country and which will baffle all solution. It will not be wise to rehabilitate the cultivators out of the ruins of the middle-class people but, as it has been made clear, the Government proposes to fix a ceiling of land for possession of a particular individual; that is well and good and I must go so far as to say that the present ceiling, viz., hundred *bighas*, is thought to be uneconomic. If in carrying out the land reforms on the basis of this ceiling it is found that sufficient lands are not available to the Government for distribution among the landless peasantry, then I must say that it will be wise later on to curtail that ceiling of 33 acres. Again, I must here draw the pointed attention of the Hon'ble Minister in charge of this legislation to the lacuna that still remains in the Estates Acquisition Act to the effect that if a man wishes to cultivate his land by his own labour or by hired labour and not through *bargadars* or *bhagdars*, then he would be allowed to retain as much land as is possible. There is no question of ceiling. He can retain for himself 100 *bighas*, 200 *bighas* or thousand *bighas*. This lacuna, Sir, must be removed by bringing a suitable amendment. I have repeatedly drawn the attention of the Hon'ble Minister to this thing.

Well, Sir, a lawyer has the reputation to be thin-skulled and thick-skinned But when the lawyer takes to other jobs, the reverse follows and he becomes thick-skulled and thin-skinned. He should not be so.

Now, Sir, as has been pointed out by some gentlemen on this side, this law is silent about how, by what method and under what terms and conditions Government propose to distribute land, both agricultural and non-agricultural, that will come to their hands under the operation of the Estates Acquisition Act. I thought that was a careless omission but we found from the introductory observation of the learned Minister that he had done so wilfully, and he has admitted that the Government have not yet been able to formulate their principles and policies as regards the distribution of land. Why then bring this legislation when you have yourself not been able to make up your mind as regards the policies and principles on which you should redistribute the land? Zemindars are not our enemies but we abolish landlordism and we abolish intermediary interest for the purpose of getting into our hands some lands which may be profitably redistributed among the landless peasantry. This is the main purpose of the Bill. But, Sir, we see that this main purpose has been omitted from the Bill. There is one section—section 52—Management of estates vested in the State—"All lands and all interests therein belonging to the State shall, subject to such rules as may be made by the State Government in this behalf, be managed by the Collector of the district in which the lands are situated: Provided that the State Government may entrust the management of all lands belonging to it in any area to such authority as may be prescribed and such authority shall thereupon, manage the lands subject to the control of the State Government and in accordance with such rules as may be prescribed." This is the long and short of the proposal that is embodied in the whole of the Bill as regards how the land coming into their hands would be disposed of. Now, Sir, can it be possible that these weighty questions of principle and policy should be relegated to the rule-making power of the Government, should be relegated to the discretion of a coterie of officers in the Secretariat? This is very dangerous. You are not going to take the legislature into confidence. You will not be guided by our observations, by our submission and by our thoughts and ideas as regards this matter. This is a very dangerous thing. You know, Sir, there are so many great Acts, the Bengal Tenancy Act, the Transfer of Property Act, the Civil Procedure Code in which all substantive laws involving questions of principle and policy have been laid down in the sections themselves and the rule-making power has been relegated to only technical matters as to how a notice under section 167 will be served or how some movable property will be seized and so on and so forth. Everywhere here you see that too much has been relegated to the rule-making power of the Government. This is a very dangerous principle, and we must oppose this. All these weighty matters of substantive law should be incorporated in the body of the sections themselves.

[5-45—5-55 p.m.]

Now, Sir, how should we dispose of the lands that would come to our hands? Government have not been able to make up their mind, but we know that our Chief Minister has a hobby in this matter—he is enamoured of what he calls economic holdings, and it is his idea that instead of giving the land available to the really landless people the land should be distributed among those people who have already some land but whose land does not reach up to an economic holding; therefore, he thinks that they should be given some land which will make them reach up to the economic level or economic holding. That is not the proper policy. I must say that preference should be given to those landless peasants who are typical cultivators and selection should be made with reference to the degree of reputation of a particular cultivator as a *bona fide* and an exclusive cultivator, a good husbandman,

and so on and so forth. Whether you make economic holdings or you make the distribution much below the economic holding, in any case, Sir, this land would not solve the whole problem. The whole economic problem of the particular recipient of the land is such that he would have to take recourse to some other means, some other avocation, to keep the wolf out of his door. So by creating economic holdings also you cannot make the particular recipients of those economic holdings self-sufficient in point of economic stability. So you should not fight shy of that fact and you must begin by giving some land to the landless. Then you will stabilise the economy to some extent, and the main purpose of our zemindary abolition is that we shall do away with unemployment as much as we can and also we should push up the production from our lands.

Then, Sir, we will also have to consider whether we will give the lands *gratis* to the cultivators or we should give the lands for consideration. I must say, Sir, that we must grant land at some concessional rate and not *gratis*. It is not desirable either for the Government or for the recipients of the lands to make grants of lands or to get grants of land *gratis*. Of course they may be given long and easy instalments.

Now, as regards rent, I must submit that the relevant provisions have made confusion worse confounded, and there is also no criterion as to what should be the standard rent. From what we have learned from our Hon'ble Minister he says that it may reach up to one-fifth of the produce. This is a dangerous doctrine. I must say, Sir, that this must be much less, and the standard should be the maximum rate prevalent at the time. Unless and until you do so the price of foodstuff would rise up to a very great extent. It is the economy of our country to keep the price of food and the bare necessities of life at as low a level as possible.

(At this stage the red light was lit.)

Sir, I will take only one minute more. Sir, it is also not clear from the definition of land whether our Hon'ble Minister wants to make legislation as regards both agricultural and non-agricultural lands, and the definition of "land" is very vague. You will be pleased to see that land means "agricultural land and includes homesteads, tanks, wells and water channels". Do you mean to say that this definition of land should be interpreted on the basis of the legal doctrine *ejusdem generis*? Then, certainly most of the non-agricultural lands would go away from the scope of this legislation. But, Sir, you will get both non-agricultural and agricultural land, and it would be very much better that you bring in a much more consolidated and self-contained legislation on the point of both agricultural and non-agricultural land. Therefore, Sir, there are so many defects in the Bill and I think that it should first be circulated for eliciting public opinion. Then it may be referred to a Select Committee because the Government has not been able to make up its mind as regards the various important matters like distribution of land, incidence of rent, and so on and so forth.

**Dr. Srikumar Banerjee:** Mr. Speaker, Sir, it is natural and proper, nay almost inevitable, that our approach to a comprehensive land reform Bill should cut across the traditional pattern of the difference of opinion between the Government and the Opposition. Here is a vital matter on which "give and take" is not only necessary but also desirable in the interest of all persons concerned. Sir, land legislation of this magnitude affects the lives and fortunes of more than 70 per cent. of the people of this country and our main criterion for discussing such a question should be the maximum happiness of the maximum number and we should not balance the interests of one class as against another so as to create a feeling of angatonism which is not there, but we should try as much as possible to reconcile conflicting

claims and evolve a piece of legislation that appeals to the general body of the people consisting of the landless labourers, the lower middle class and so much of the upper middle class as will still be left as a result of the application of this principle. Sir, a land law seems to be an inappropriate instrument for the application of our extreme notions of what is right and proper and ideal, and preconceived principles do not exactly fit in with the context of land legislation. Our ideal demands that there should be absolute equality between the different classes of people. But having regard to the limited nature of the position of land and having regard to the limited means at the command of the Government it is very difficult to realise whether even the most rigid application of the principle of equality in the distribution of land can bring about that socialistic pattern of society which seems to be our cherished objective. Sir, socialization in order to be effective must be applied all along the line. You cannot exclude industries, you cannot exclude private capital, you cannot exclude huge accumulations of bank balance out of the scope of the equalizing process and make the land alone to bear the brunt of the whole process of equalization. The difference between the maximum and the minimum so far as land income is concerned is much smaller than the difference in respect of industries, the difference in respect of the bigger capitalists and the smaller workmen, and Sir, if you want to make our ideal practically effective we have got to apply socialism, the principle of equality of distribution all along the line, and not merely stop short with the distribution of land because that will not bring us appreciably nearer the goal of that equality of status and position which is the objective of a socialist ideal.

Sir, let us consider the new instalment which is proposed by the Government in implementation of their plan to make the land reform a real success. Sir, if we have cherished extravagant expectations that out of the land reforms would come the millenium of paradise we are bound to be disappointed. The second instalment does not take us very far towards the road to equalisation and I think that the progress ought to be slow and gradual. Merely by passing a law you do not change the century old habits, you do not change traditions and sentiments which have been associated with the lives of the people for countless generations, you do not increase the receptiveness of the people for this new measure, and therefore if you want to be in a great hurry, if you want to bring about the reform by a single sweep of the pen, that reform is bound to defeat itself because the mind of the people is not prepared for the reception of these changes. It is only by slow and gradual means, it is only by a gradual process of adaptation, it is only by changing the habits of the lower middle class, it is only by teaching them the dignity of labour, and it is only by giving them that sort of training that can induce them to take to the cultivation of land with their own hand, that you can bring about a state of things which may be envisaged as the ultimate objective of this Bill. Therefore, Sir, I think it is better that our progress should be slow and gradual. You have got to estimate the effects of the ceiling upon the economic stability of the country. If you think that the ceiling has been fixed too high having regard to the standard of living to which these people are accustomed and having regard to the alternative sources of income that may be thrown open to the people, it is time enough to bring down the ceiling and release more land for distribution.

[5-55—6-5 p.m.]

Sir, for the present let us accept the ceiling as it has been fixed and as an experimental measure find out how exactly that affects the economic stability of the different classes of people who are affected by this piece of legislation.

Sir, there is one point about which we entertain great misgivings. I do not find that particular point included in the provisions of the Bill but in the reported speech of the Hon'ble Minister at the time of the introduction of the Bill I find his object is to fix the maximum rent at one-fifth of the total produce. Sir, I do not know whether he wants to out-Manu Manu. Manu fixed one-sixth of the total produce at a time when the King accepted responsibility for every other business belonging to the life of the people. People were quite free from responsibility after having delivered one-sixth of the total produce to the Royal Treasury and the rest was left entirely to the discretion of the people. Sir, today in the twentieth century things are more complex and problems are very much more complicated. Over and above the rent payable to the Government for the land held there are various other cesses or taxes which have been imposed upon people—education cess, agricultural income cess, chowkidari cess, all sorts of cesses and taxes are imposed upon the people and I am quite sure that in fixing the maximum the Minister will take into account not merely the rent payable for some of the lands possessed by the tenants but also other kinds of burdens and impositions which they have got to bear on account of the multifarious and complex duties of a modern society which cannot bear any comparison with the elementary simplicity of society in the primitive days of Manu.

Sir, why were the zemindary and the intermediary rights abolished? To give some relief to the *raiyats*. If those expectations are defeated then the reaction would be a terrible one and I would respectfully warn the Minister against the consequences of the defeat of the legitimate expectations which have been aroused in the minds of the rural people by the introduction of the Estates Acquisition Act. If you impose additional burden upon the people, naturally there would be a swing of the pendulum in favour of the old state of things and moreover I fail to see what argument there may be for the enhancement of the burden upon the *raiyats*.

Sir, the Government will have some extra income on account of the abolition of the intermediary rights and that extra income ought to be sufficient to meet the normal burdens of the State. So far as the *raiyats* are concerned, they are looking forward to a relief from their burdens and not an aggravation of their burdens. In that context the veiled threat of the Minister that when the rents come to be fixed they would be fixed at a higher rate and they would amount to one-fifth of the total produce, that will have a very dangerous repercussion upon the minds of the people who will withdraw their support from the Zemindary Abolition Act and Estates Acquisition Act and would naturally feel that the older times had been better if they are called upon to pay a heavier imposition. I think this matter which is the most vital provision of the Bill would be fully thrashed out and discussed in the meeting of the Select Committee and the Select Committee would certainly set its face against any attempt on the part of the Government to increase the burden upon the *raiyats*. That is the one thing which I find to be one of the innovations of this Bill and one of the new subjects on which legislation is sought to be attempted, and if this is not tackled in the right spirit I am afraid the psychological moment will pass, the sympathies of the people will be alienated and there will be a solid opposition to the measures of land reforms which will ultimately frustrate the purpose that the Government has in view.

Then, Sir, I find a very complicated procedure laid down about the preparation of the rent roll. From what I have been able to find out from a hurried glance at the contents of the provisions I am struck with the misgiving that perhaps different rates may be fixed in different areas according to the whims and caprices of the registering officer. There is nothing here

to indicate that there would be a uniform rate subject to local variations—slight local variations so far as the whole of West Bengal is concerned. As a matter of fact the provisions relating to fixation of rate think more in terms of small local units rather than comprehensively of the Province as a whole, and there is a good deal of misgiving that the rate of rent would greatly vary from area to area, from unit to unit, according to the standards which are adopted by the Revenue Officer. I think, Sir, the Select Committee would see to it that subject to local variations where there is a great disparity in the yield or in the income there would be an attempt to fix the rate of rent at the same level in the different districts and areas of West Bengal and any discrimination in favour of or against a particular area ought to be sedulously avoided.

Then, Sir, there are several provisions about consolidation of holdings. Sir, provisions about consolidation seem to be half-hearted and lacking in stimulus. I do not know whether with that kind of stimulus operating there would be any ready response on the part of the people to the proposal for consolidation of holdings and the practical difficulties in the way of such a consolidation seem to have been minimised. I hope the Select Committee, when it goes into the qustion, will practically consider the whole situation and find out whether the measures which are proposed here will offer a sufficient inducement to the people to agree to consolidation of holdings or whether there are any additional steps which will have to be taken to overcome their natural reluctance to such a process of consolidation.

Then, Sir, as for the other proposals, they touch, as I said, the fringe of the problem and the question of redistribution and the principle and process of redistribution have again been left vague and outside the scope of the present legislation. Perhaps Government are thinking about how exactly the process of redistribution ought to be attempted and they have not been able to arrive at an acceptable principle in such a case. As things now stand Government say that only 4 lakh acres would be available for distribution because that would represent the surplus area of the land set free under the terms of the Estates Acquisition Act. Now, what is the most profitable way of distributing this surplus land should engage the serious attention of the Government. I do not think that at this stage granting land to the landless people would have an appreciable economic effect upon increasing the production. Psychologically it may be a good gesture but economically it would be ploughing the barren sands. Therefore, in the beginning an effort should be made to make up economic holdings so that the people whose holdings are just short of the economic limit might get an inducement in improving their methods of cultivation and might get a psychological inducement to increase their yield in accordance with the slight increase in their holding.

Sir, I think, as the Bill is going to the Select Committee, at any rate the provisions of the Bill will be subjected to very careful scrutiny and the method of approach ought not to be so much ideological as practical. There is an ideology behind all such reforms. We want to see the benefits of this scheme extended to as wide a field as possible but in practice there might be a limit upon the benefits of the extension of this scheme and our first efforts would be to see that this scheme justifies itself in increased yield, in having a psychological encouragement upon the minds of the rural people and in particularly inducing the *bhadralog* class, the lower middle-class who are threatened with extinction with the desire to cultivate lands with their own hands so that they do not come under the clutches of the provisions of the *Bargadars* Act. Unless you do that, unless you can stimulate the lower middle-class to take to manual labour and personally to take interest in cultivation you cannot bring about a change in the temper of the people, and a mere change of legislation without a change of the

[6-5—6-15 p.m.]

circumstances of the people, of their temper and character, of their habits and temper of the mind will not be as effective as we might have expected it to be. I should, therefore, suggest, Sir, that in the Select Committee the provisions of the Bill ought to be subjected to a searching scrutiny and every effort should be made to see that there is a positive inducement by changing the educational system in our primary schools, so that the lower middle-class people might be persuaded, might be induced to take to cultivation with their own hands and thereby ensure their economic rehabilitation which is in process of being further threatened on account of the operation of this proposed Bill.

**Sj. Janardan Sahu:**

মাননীয় স্পীকার মহাশয়! এই বিলটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বোলে মনে করি, এর মধ্যে ৩টা জিনিষ আমি বিশেষভাবে লক্ষ্য করেছি:—প্রথম জিনিষ যেটা বিলের মধ্যে আসেনি সেটা এই যে জমি কিরকমভাবে বণ্টন করা হবে, দ্বিতীয়, খাজনার হার নির্ধারণ হবে কি কোরে, আর তৃতীয় জিনিষ হচ্ছে 'কন্‌সোলিডেশান অব হোলডিং' অথবা 'কো-অপারেটিভ ফার্ম্মিং'।

